CENTRAL LIBRARY

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

শল্যপর্ব্ব

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY.

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকসূরিবন্ধ স্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৬ বঙ্গাব্দে

CENTRAL LIBRARY

BCU 3559

কলিকাতা ৪১ সংখ্যক-সূরিবর্ত্মস্থ-

সিদ্ধান্তযন্ত্রে

সহকারিসম্পাদক—শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যেণ মুদ্রিতম্।

G 17266

CENTRAL LIBRARY

নিবেদন

সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের অনুগ্রহে মহাভারতের শল্যপর্ব্ব প্রকাশিত হইল। বনপর্ব্বে কার্ত্তিকের উপাখ্যান রহিয়াছে; এই পর্ব্বেও তাহা আছে; তথাপি পুনরুক্তি দোষ ঘটিয়াছে; কিংবা উহার একটী প্রক্ষিপ্ত হইয়াছে, এরূপ বলা যায় না। কারণ, প্রসঙ্গভেদে একই কথা বার বার বলিলেও পুনরুক্তি দোষ হয় না। কোন লোক এক ব্যক্তির নিকট নিজের নাম বলিয়া, কিছু দূরে অপর ব্যক্তির জিজ্ঞাসা ক্রমে আবার নিজের নাম বলিলে, তাহাকে পুনরুক্তি দোষ বলা যায় না। প্রক্ষিপ্ত বলিবারও কোন উপযুক্ত কারণ নাই। তবে উপাখ্যানের মধ্যে যেটুকু বৈষম্য দেখা যায়, তাহা ভিন্ন ভিন্ন কল্পে ঘটিয়াছিল, এরূপ সমাধান করা ব্যতীত অন্য কোন সমাধানের উপায় আছে বলিয়া মনে হয় না।

তা'র পর অন্যান্য পর্ব্বের ন্যায় এই পর্ব্বেও অধ্যায় ও শ্লোকসংখ্যার যথেষ্ট অসামঞ্জস্য দেখিতে পাওয়া যায়; তাহার কারণ ও সমাধান পূর্ব্ব পূর্ব্ব পর্ব্বেই বলা হইয়াছে। কিন্তু একটী অসামঞ্জস্য এ যাবৎ কেবল এই পর্ব্বেই দেখা গেল। যথা—আদিপর্বের পর্বসংগ্রহ-নামক দ্বিতীয় অধ্যায়ে মহর্ষি নিজে লিখিয়া গিয়াছেন যে, "····· উরু ভগ্নৌ প্রসহ্যাজৌ গদয়া ভীমবেগয়া। নবমং পর্ব্ব নির্দ্দিষ্টমেতদদ্ভুতমর্থবৎ॥" দুর্য্যোধনের উরুভঙ্গ ও তাহার আনুষঙ্গিক ঘটনা, ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে আশ্বস্ত করিয়া, কৃষ্ণের পুনরায় পাণ্ডবগণের নিকটে আগমন ইহাই শল্যপর্বের শেষবৃত্তান্ত। আবার সেই পর্বসংগ্রহ অধ্যায়েই সৌপ্তিকপর্বের ক্রমিক বৃত্তান্ত লিখিতে আরম্ভ করিয়া মহর্ষি নিজে লিখিয়াছেন যে, "অতঃ পরং প্রবক্ষ্যামি সৌপ্তিকং পর্ব দারুণম্। ভগ্নোরুং যত্র রাজানং দুর্য্যোধনমমর্ষণম্॥ অপযাতেষু পার্থেষু ত্রয়স্তেঽভ্যাযযু রথাঃ। কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিঃ সায়াহ্নে রুধিরোক্ষিতম্॥" অর্থাৎ দুর্য্যোধনের উরুভঙ্গের পরে পাণ্ডবেরা সেস্থান হইতে চলিয়া গেলে, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামা সেই সায়াহ্নকালে দুর্য্যোধনের নিকটে আগমন করিলেন। ইহাই সৌপ্তিকপর্বের প্রথম বৃত্তান্ত। ইহাতে বুঝা যায় যে, ধৃতরাষ্ট্রের প্রশ্ন অনুসারে সঞ্জয়ের উক্তি ক্রমে কৃতবর্ম্মাদির আগমন সূচনা এবং কৃতবর্ম্মাদির দুর্য্যোধনের নিকটে আগমনপ্রভৃতি যে দুইটী অধ্যায়ে বর্ণিত আছে, তাহা সৌপ্তিকপর্বেরই প্রাথমিক দুইটী অধ্যায়। অথ চ বহুতর পুস্তকেই দেখিতে পাওয়া যায় যে, সেই দুইটী অধ্যায় শল্যপর্বের শেষে সন্নিবেশিত রহিয়াছে। ইহাতে যে কেবল মহর্ষির নিজের বাক্যের সহিতই বিরোধ ঘটিয়াছে তাহা নহে—শল্যপর্বে মহর্ষির গণনা অপেক্ষা ঐ দুইটী অধ্যায়ের ৮৬টী শ্লোক বেশী হইয়াছে এবং সৌপ্তিকপর্ব্বে ঐ ৮৬ শ্লোক কম হইয়াছে; সুতরাং ঐ দুইটী অধ্যায় শল্যপর্বের শেষে সন্নিবিষ্ট থাকাতেই এই গুরুতর অসামঞ্জস্যের আবির্ভাব হইয়াছে। কিন্তু ঐ দুইটী অধ্যায়কে সৌপ্তিকপর্বের প্রথমে সন্নিবিষ্ট করিলে, কোন দিকেই কোন অসামঞ্জস্য থাকে না। এই জন্যই আমরা ঐ দুইটী অধ্যায়কে শল্যপর্বের শেষে সন্নিবেশিত না করিয়া, সৌপ্তিকপর্বের প্রথমে সন্নিবেশিত

CENTRAL LIBRARY

করিলাম। বাস্তবিক পক্ষে নাটকপ্রভৃতি দৃশ্যকাব্যে অঙ্কাংশাবতার যেমন পূর্ব্ববর্ত্তী অঙ্কেরই অংশবিশেষ; তেমন সৌপ্তিকপর্ব্বও শল্যপর্ব্বেরই অংশবিশেষ এ বিষয়ে কোন সন্দেহ নাই। সেই জন্যই লেখকগণের প্রমাদবশতই উক্তবিধ অসামঞ্জস্য ঘটিয়াছে।

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিলিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।
বঙ্গ—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।
বর্দ্ধ—বর্দ্ধমানরাজপ্রকাশিত পশ্চিমবঙ্গদেশীয় মুদ্রিত পুস্তক।
বা—বাসুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।
সো—কলিকাতা সোসাইটীমুদ্রিত পুস্তক।
নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণদেশীয় পুস্তক।
এতদ্ভিন্ন অন্যান্য পুস্তকও প্রয়োজন অনুসারে দেখা হইয়া থাকে। ইতি—

কলিকাতা, ৪১নং হরিলেন
সিদ্ধান্তবিদ্যালয়।
১৩৪৬ সাল, ৪ঠা ফাল্গুন।

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

CENTRAL LIBRARY

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

Prabhat Prasun Modak
Library
9, Allenby Road.
Kolkata - 700 020

শল্যপর্ব্ব

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
বৈশম্পায়নের নিকট জনমেজয়ের প্রশ্ন ...	১	১-
সংক্ষেপে শল্যবধ, দুর্য্যোধনের উরুভঙ্গ ও পাণ্ডবশিবিরে অশ্বত্থামার হস্তে সমস্ত সৈন্যের বধবৃত্তান্ত কথন ...	২	৪-
পরদিন পূর্ব্বাহ্নকালে রণস্থল হইতে সঞ্জয়ের হস্তিনায় ধৃতরাষ্ট্রের নিকটে গমন	৪	১৪-
সঞ্জয়কর্ত্তৃক ধৃতরাষ্ট্রের নিকটে সংক্ষেপে শল্য ও দুর্য্যোধনপ্রভৃতি এবং ধৃষ্টদ্যুম্ন ও শিখণ্ডীপ্রভৃতি উভয়-পক্ষের সমস্ত যোদ্ধারই নিধন কথন	৬	২৪-
উভয় পক্ষে আঠার অক্ষৌহিণী যোদ্ধার মধ্যে পাণ্ডবপক্ষে পঞ্চ পাণ্ডব, কৃষ্ণ ও সাত্যকি এই সাত জন এবং কৌরবপক্ষে কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা এই তিন জন, মোট দশ জন মাত্র অবশিষ্ট ছিল ...	৮	৩৩-
উক্ত নিধনবৃত্তান্ত শ্রবণে ধৃতরাষ্ট্রপ্রভৃতির মূর্চ্ছা ...	৯	৩৭-
ধৃতরাষ্ট্রের চৈতন্য লাভ এবং গান্ধারীপ্রভৃতি সমস্ত স্ত্রীলোকের সেস্থান হইতে গমন	৯	৪১-
ধৃতরাষ্ট্রের বিলাপ ...	১৩	৩-
যুদ্ধবিষয়ে সঞ্জয়ের নিকট ধৃতরাষ্ট্রের প্রশ্ন ...	২৩	৫৫-
ভীম, অর্জ্জুন ও সাত্যকিপ্রভৃতির পরাক্রম বর্ণনা করিয়া, দুর্য্যোধনের নিকটে কৃপাচার্য্যের পুনরায় সন্ধিপ্রস্তাব	২৯	৭-
উক্ত সন্ধির প্রস্তাবে দুর্য্যোধনের অসম্মতি জ্ঞাপন ...	৩৮	৩-
অশ্বত্থামার স্বরূপবর্ণনা ...	৪৯	৭-
দুর্য্যোধনের প্রশ্নক্রমে, অশ্বত্থামার প্রস্তাবে এবং শল্যের অঙ্গীকারে সেনাপতিপদে শল্যের অভিষেক	৫১	১৭-
শল্যের প্রতিযোদ্ধা হইবার জন্য যুধিষ্ঠিরের নিকট কৃষ্ণের অনুরোধ ...	৫৮	৪৬-
কুরুপক্ষের সৈন্যসজ্জা ...	৬২	২-
সেই দিনের যুদ্ধে কুরুপক্ষে নিয়ম নির্দ্ধারণ ...	৬৩	৭-
উভয় পক্ষের যুদ্ধারম্ভ ...	৬৬	১৯-
নকুল ও চিত্রসেনের যুদ্ধ, নকুলের পরাজয় এবং নকুলকর্ত্তৃক চিত্রসেন বধ ...	৮২	৯-
নকুলকর্ত্তৃক সত্যসেন ও সুশর্ম্মার বধ	৮৪	২১-
উভয় পক্ষের সঙ্কুল যুদ্ধ ...	৯৩	১-
শল্য ও ভীমসেনের গদাযুদ্ধ	১০৪	১-
দুর্য্যোধনকর্ত্তৃক চেকিতান বধ	১০৯	৩০-
উভয় পক্ষের সঙ্কুল যুদ্ধ ...	১০৯	৩২-
যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবপক্ষের সহিত শল্যের তুমুল যুদ্ধ ...	১১৫	১-
অশ্বত্থামাদি কৌরবপক্ষের সহিত অর্জ্জুনের তুমুল যুদ্ধ	১২৪	১-
অশ্বত্থামার হস্তে পাঞ্চালবীর সুরথের মৃত্যু	১৩১	৩৫-
ধৃষ্টদ্যুম্নের সহিত দুর্য্যোধন-প্রভৃতির যুদ্ধ	১৩৩	১-

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
কৃপ ও শিখণ্ডীর যুদ্ধ ...	১৩৪	৭-
শল্যের সহিত পাণ্ডবপক্ষের যুদ্ধ এবং শল্যের হস্তে সাত্যকির পরাজয় ...	১৩৫	৯-
শল্যের সহিত পাণ্ডবপক্ষের তুমুল যুদ্ধ এবং পাণ্ডবপক্ষের কাতরতা	১৩৯	৩৩-
নকুল ও সহদেব এবং সাত্যকি ও ধৃষ্টদ্যুম্ন পার্শ্বরক্ষক, অর্জ্জুন পৃষ্ঠরক্ষক এবং ভীমসেন সম্মুখবর্ত্তী হউন এইরূপ যুধিষ্ঠিরের নির্দ্দেশ ...	১৪৫	১৯-
ভীম ও দুর্য্যোধনের যুদ্ধ এবং দুর্য্যোধনের পরাজয় ...	১৪৮	৩৭-
যুধিষ্ঠিরের বিক্রম	১৫০	৪৬-
শল্য ও যুধিষ্ঠিরের যুদ্ধ এবং শল্যের পরাজয় ...	১৫১	৫১-
শল্য ও যুধিষ্ঠিরের তুমুল যুদ্ধ এবং যুধিষ্ঠিরের পরাজয় ...	১৫৪	১-
যুধিষ্ঠিরকর্ত্তৃক শল্য বধ ...	১৬০	২৮-
যুধিষ্ঠিরকর্ত্তৃক শল্যের কনিষ্ঠ ভ্রাতার বধ ...	১৬৬	৫২-
সাত্যকি ও কৃতবর্ম্মার যুদ্ধ এবং কৃতবর্ম্মার পরাজয় ...	১৬৭	৬১-
দুর্য্যোধনের পরাক্রম ...	১৭০	৭৩-
মদ্রদেশীয় সৈন্যগণের সহিত পাণ্ডবগণের যুদ্ধ ...	১৭২	১-
শকুনি ও দুর্য্যোধনের আলাপ	১৭৫	১৭-
মদ্রদেশীয় সৈন্য বিনাশ ..	১৭৭	২৭-
কৌরবসৈন্যের পলায়ন ও পাণ্ডবসৈন্যের সহর্ষে আলাপ	১৭৯	১-
কৌরবসৈন্যের সহিত ভীমের যুদ্ধ ও কৌরবসৈন্য সংহার	১৮৬	৪০-
কৌরবসৈন্যের পলায়ন ও দুর্য্যোধনকর্ত্তৃক তাহাদের নিবারণ	১৮৯	৫৫-
বিশাল গজারোহী শাল্বের যুদ্ধ	১৯১	১-
শাল্বের সহিত ধৃষ্টদ্যুম্নের যুদ্ধ এবং ধৃষ্টদ্যুম্নের পরাজয় ...	১৯৩	৯-
ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক শাল্বের হস্তী বধ	১৯৬	২১-
সাত্যকিকর্ত্তৃক শাল্ব বধ ...	১৯৬	২৪
কৃতবর্ম্মার সহিত পাণ্ডব-সৈন্যের যুদ্ধ	১৯৭	১-
সাত্যকিকর্ত্তৃক ক্ষেমকীর্ত্তি বধ	১৯৯	৮
সাত্যকি ও কৃতবর্ম্মার যুদ্ধ এবং কৃতবর্ম্মার পরাজয় ...	১৯৯	৯-
দুর্য্যোধনের পরাক্রম ...	২০৩	৩২-
ভীম ও অশ্বত্থামার যুদ্ধ ...	২০৮	১৯-
শকুনির হস্তে যুধিষ্ঠিরের পরাজয়	২০৮	২২-
নকুল ও উলূকের যুদ্ধ ...	২০৯	২৬-
সাত্যকি ও কৃতবর্ম্মার পুনরায় যুদ্ধ	২১০	২৯
দুর্য্যোধন ও ধৃষ্টদ্যুম্নের যুদ্ধ	২১০	৩০-
দ্রৌপদীর পুত্রগণের সহিত কৃপাচার্য্যের যুদ্ধ ...	২১১	৩৩-
উভয় সৈন্যের সঙ্কুল যুদ্ধ ...	২১১	৩৭-
যুধিষ্ঠিরের নিকটে কৃতবর্ম্মার পরাজয়	২১৪	৭-
উভয় সৈন্যের সঙ্কুল যুদ্ধ ...	২১৫	৯-
দুর্য্যোধন সন্ধি না করার জন্য অর্জ্জুনের দুঃখ প্রকাশ ...	২৩৩	১৫-
অর্জ্জুনকর্ত্তৃক কৌরবসৈন্য সংহার	২৪০	৫২-
ধৃষ্টদ্যুম্ন ও দুর্য্যোধনের যুদ্ধ এবং দুর্য্যোধনের পলায়ন ...	২৪৬	১৮-
ধৃষ্টদ্যুম্নের হস্তে সঞ্জয়প্রভৃতি পঞ্চ রথীর পরাজয় ...	২৫২	৪৮
সাত্যকি ও সঞ্জয়ের যুদ্ধ এবং সাত্যকিকর্ত্তৃক সঞ্জয়ের ধারণ	২৫২	৪৯-
ভীমের সহিত অবশিষ্ট ধৃতরাষ্ট্র পুত্রগণের যুদ্ধ এবং ভীমের হস্তে তাহাদের মৃত্যু ...	২৫৪	৩-
ভীমের সহিত ধৃতরাষ্ট্রের পুত্র শ্রুতর্বার ভীষণ যুদ্ধ এবং ভীম-কর্ত্তৃক শ্রুতর্বার বধ ...	২৫৮	১৯-
ভীমকর্ত্তৃক কৌরবসৈন্য সংহার	২৬০	৩১-
তৎকালে অর্জ্জুনকর্ত্তৃক অবশিষ্ট কৌরবসৈন্যের গণনা ...	২৬৫	১৪-
অর্জ্জুনকর্ত্তৃক সত্যকর্ম্মা ও সত্যেষুর বধ	২৬৯	৩৬-
অর্জ্জুনকর্ত্তৃক সুশর্ম্মা ও তাহার পুত্রগণের বধ ...	২৭০	৩৯-
ভীমকর্ত্তৃক ধৃতরাষ্ট্রপুত্র সুদর্শনের		

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
বধ	২৭১	৪৭-
ভীম ও সহদেবের সহিত শকুনি ও উলূকের তুমুল যুদ্ধ ...	২৭৩	১-
সহদেবকর্ত্তৃক উলূক বধ ...	২৭৯	৩০
শকুনি ও সহদেবের ভীষণ যুদ্ধ এবং সহদেবকর্ত্তৃক শকুনি বধ	২৭৯	৩২-
পাণ্ডবগণকর্ত্তৃক কৌরবপক্ষের সমস্ত সৈন্য সংহার ...	২৮৬	১-
দুর্য্যোধনের পলায়নাভিপ্রায়	২৮৯	১৬-
সমস্ত কৌরবসৈন্য নিহত হইলে, পাণ্ডবসৈন্য কত অবশিষ্ট ছিল, তাহার সঙ্কলন ...	২৯০	২১-
দুর্য্যোধনের দ্বৈপায়নহ্রদাভিমুখে গমন এবং বিদুরের বাক্য স্মরণ	২৯০	২৩-
বধ করিবার জন্য সাত্যকিকর্ত্তৃক সঞ্জয়কে ধারণ এবং বেদব্যাসের উপদেশে তাহাকে মোচন	২৯৩	৩৫-
রণস্থল হইতে চলিয়া যাইবার সময় দুর্য্যোধনের সহিত সঞ্জয়ের সাক্ষাৎকার এবং পরস্পর আলাপ	২৯৩	৪০-
দুর্য্যোধনের দ্বৈপায়নহ্রদে প্রবেশ এবং জলস্তম্ভনপূর্ব্বক অবস্থান	২৯৬	৫২
কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামার সহিত সঞ্জয়ের সাক্ষাৎকার, সঞ্জয়ের সহিত তাহাদের আলাপ এবং সঞ্জয়কে লইয়া কৌরবশিবিরে গমন ...	২৯৬	৫৩-
শিবির হইতে স্ত্রীলোকদিগকে লইয়া রক্ষকদিকের হস্তিনার দিকে গমন ...	২৯৮	৬৩-
যুযুৎসুর মনে মনে তৎকালোচিত আলোচনা এবং কৃষ্ণ ও যুধিষ্ঠিরের অনুমতি লইয়া রাজভার্য্যাগণের সহিত হস্তিনায় গমন ...	৩০০	৭৫-
পথে যুযুৎসুর সহিত বিদুরের সাক্ষাৎকার, রণস্থলের বৃত্তান্ত জিজ্ঞাসা, তাহা শ্রবণ এবং ধৃতরাষ্ট্রের গৃহে গমন, আর সেই রাত্রিতে যুযুৎসুর হস্তিনায় অবস্থান	৩০২	৮৫-
পাণ্ডবগণের উল্লাস দেখিয়া, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামার দ্বৈপায়নহ্রদের নিকটে গোপনে গমন এবং দুর্য্যোধনের সহিত পরস্পর কথোপকথন ...	৩০৫	৪-
জল পানের নিমিত্ত ব্যাধগণের দ্বৈপায়নহ্রদে গমন, কৃপপ্রভৃতির সহিত দুর্য্যোধনের কথোপকথন শ্রবণ এবং ভীমের নিকট যাইয়া সেই সংবাদ প্রদান ...	৩০৯	২২-
পাণ্ডবগণের দ্বৈপায়নহ্রদের নিকটে গমন ...	৩১৪	৪৫-
পাণ্ডবপক্ষ আসিতেছে দেখিয়া, দুর্য্যোধনের অনুমতিক্রমে কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামার দ্বৈপায়নহ্রদের নিকট হইতে প্রস্থান এবং দূরবর্ত্তী কোন বটবৃক্ষের নীচে অবস্থান	৩১৬	৬০-
কর্ত্তব্যবিষয়ে যুধিষ্ঠির ও কৃষ্ণের আলোচনা ...	৩১৮	১-
দুর্য্যোধনের প্রতি যুধিষ্ঠিরের কটূক্তি ...	৩২২	১৬-
দুর্য্যোধনের উপযুক্ত উত্তর ...	৩২৬	৩৬-
যুধিষ্ঠির ও দুর্য্যোধনের উক্তি ও প্রত্যুক্তি ...	৩২৭	৪০-
"আমাদের মধ্যে একজনকে বধ করিয়াই তুমি রাজা হও" এইরূপ দুর্য্যোধনের প্রতি যুধিষ্ঠিরের উক্তি	৩৩৮	২৬
দুর্য্যোধনের সঙ্গত উক্তি শুনিয়া যুধিষ্ঠিরের পুনরায় উক্তি ...	৩৩৯	২৭-
গদা ধারণ করিয়া দুর্য্যোধনের জল হইতে উত্থান ...	৩৪০	৩৪-
পাণ্ডবগণের প্রতি দুর্য্যোধনের সদর্পোক্তি	৩৪২	৪৫
ন্যায় অনুসরণ করিবার জন্য দুর্য্যোধনের নির্দ্দেশ ...	৩৪৩	৫০-
দুর্য্যোধনের প্রতি যুধিষ্ঠিরের পুনরায় কটূক্তি ...	৩৪৪	৫৪-
যুধিষ্ঠিরকর্ত্তৃক দুর্য্যোধনকে বর্ম্ম-প্রভৃতি প্রদান ও দুর্য্যোধনের তাহা ধারণ ...	৩৪৫	৫৯-
দুর্য্যোধনের সদর্পোক্তি ...	৩৪৬	৬৫-
যুধিষ্ঠিরের প্রতি কৃষ্ণের আক্রোশোক্তি	৩৪৮	২০

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
ভীমকে বধ করিবার ইচ্ছায় তের বৎসর যাবৎ লৌহনির্ম্মিত ভীমের মূর্ত্তির উপরে দুর্য্যোধনের গদাঘাতাভ্যাস ...	৩৪৮	৪
ভীমসেনের সদর্পোক্তি ...	৩৫১	১৬-
কৃষ্ণ ও সাত্যকিকর্ত্তৃক ভীমের প্রশংসা	৩৫২	২১-
ভীমের পুনরায় সদর্পোক্তি	৩৫৪	৩০-
দুর্য্যোধনের প্রতি ভীমের কটূক্তি	৩৫৬	৪১-
ভীমের প্রতি দুর্য্যোধনের সদর্পোক্তি	৩৫৭	৫০-
বলরামের আগমন ও তাঁহাকে অন্যান্যের অভিবাদনাদি ...	৩৬০	২-
বলরামের তীর্থযাত্রায় নির্গত হওয়া হইতে নক্ষত্র অনুসারে দিন গণনা (এই স্থানের ভারতকৌমুদী টীকায় ভীষ্মপর্ব্বোক্তির সহিত সুন্দর সামঞ্জস্য দেখান হইয়াছে)	৩৬১	৬
বলরামের সহিত অন্যান্যের যথাসম্ভব শিষ্টাচার প্রদর্শন ...	৩৬২	৮-
কৃতবর্ম্মার কৌরবপক্ষাশ্রয়	৩৬৭	১৩
বলরামের তীর্থযাত্রা আরম্ভ	৩৬৭	১৫-
দক্ষিণদিক্ হইতে ক্রমিক উত্তর-দিকে সরস্বতীনদীর তীর্থসমূহে বলরামের গমন সঙ্কল্প এবং তীর্থযাত্রোপযোগী দ্রব্যসম্ভার সংগ্রহ	৩৬৮	১৭-
সংক্ষেপে বলরামের তীর্থকার্য্য সকলের উল্লেখ ...	৩৬৮	১৯-
প্রভাসতীর্থের উৎপত্তি ও উৎকর্ষ কথন	৩৭২	৩৭-
চন্দ্রের অপরাধ, তাঁহার প্রতি দক্ষের অভিশাপ, চন্দ্রের যক্ষ্মা রোগ ও তাহা হইতে তাঁহার মুক্তি	৩৭৩	৪১-
বলরামের চমসোদ্ভেদ ও উদপানতীর্থে গমন ...	৩৮১	৮০-
ত্রিতের উপাখ্যান ও উদপান-তীর্থের উৎপত্তি ...	৩৮৪	৭-
বলরামের বিনশনতীর্থে ও তথা হইতে সুভূমিকতীর্থে গমন এবং সুভূমিকতীর্থের স্বরূপবর্ণনা ...	৩৯৩	১-
বলরামের গন্ধর্ব্বতীর্থে গমন ...	৩৯৫	১০-
বলরামের গর্গস্রোততীর্থে গমন এবং গর্গমুনিকর্ত্তৃক জ্যোতিষশাস্ত্রের আবিষ্কার	৩৯৫	১৪-
বলরামের শঙ্খতীর্থে গমন ...	৩৯৬	১৯-
বলরামের পাবনতীর্থে গমন	৩৯৭	২৪
বলরামের দ্বৈতবনে ও নাগ-ধন্বানতীর্থে গমন ...	৩৯৭	২৫-
সরস্বতীনদীর পূর্ব্বদিকে গমন ও নৈমিষতীর্থ বর্ণন ...	৩৯৯	৩৪-
বলরামের মঙ্কণকতীর্থে (সপ্ত-সারস্বততীর্থে) গমন ...	৪০৫	৬৩-
সপ্তসারস্বততীর্থের বিবরণ ...	৪০৬	৩-
সুপ্রভানাম্নী সরস্বতীর বিবরণ	৪০৮	১৩-
কাঞ্চনাক্ষী সরস্বতীর বিবরণ	৪০৯	১৯
বিশালা সরস্বতীর বিবরণ ...	৪০৯	২০-
মনোরমা সরস্বতীর বিবরণ ...	৪০৯	২২-
কুরুক্ষেত্রে ওঘবতীনাম্নী সরস্বতীর বিবরণ	৪১০	২৬
সুরেণু সরস্বতীর বিবরণ ...	৪১০	২৭
বিমলোদা সরস্বতীর বিবরণ	৪১০	২৮
মঙ্কণকের চরিত্র ...	৪১১	৩১-
শিব দেবতাদের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ	৪১৪	৪৬
মঙ্কণকের উৎপত্তি	৪১৬	৫৪
বলরামের কপালমোচনতীর্থে গমন এবং তাহার উৎপত্তি ও মাহাত্ম্যকীর্ত্তন	৪১৭	৪-
বলরামের ঋষদ্গুমুনির আশ্রমে গমন	৪২১	২৩-
বলরামের ব্রহ্মতীর্থে গমন, যে তীর্থে থাকিয়া আর্ষ্টিষেণ, সিন্ধুদ্বীপ, দেবাপি ও বিশ্বামিত্র ব্রাহ্মণত্ব লাভ করেন	৪২৩	৩৪-
বিশ্বামিত্রকে রাজা করিয়া গাধির স্বর্গারোহণ, বিশ্বামিত্রের সসৈন্যে বশিষ্ঠাশ্রমে গমন, সেই আশ্রমের উপরে অত্যাচার, বশিষ্ঠের		

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
প্রভাবে তাঁহার হোমধেনু হইতে শবরসৈন্যের উৎপত্তি ও তাহাদের নিকট বিশ্বামিত্র সৈন্যের পরাজয় এবং বিশ্বামিত্রের তপস্যা ও ব্রাহ্মণত্ব লাভ ...	৪২৬	৫২-
বলরামের বকমুনির আশ্রমে গমন	৪৩০	১
বকমুনির চরিত্র বর্ণনা ...	৪৩০	২-
বলরামের যযাতিতীর্থে গমন	৪৩৬	৩০-
বলরামের বশিষ্ঠাপবাহ-তীর্থে গমন এবং সেই নামের ব্যুৎপত্তি কথনপ্রসঙ্গে বশিষ্ঠ ও বিশ্বামিত্রের চরিত্র কীর্ত্তন	৪৩৮	৩৭-
ক্ষুতদুষ্টপ্রভৃতি অন্ন রাক্ষসের খাদ্য বলিয়া মানুষের অখাদ্য	৪৫২	২৫-
অরুণানদীতে স্নান ও তাহার তীরে যজ্ঞ করিয়া ইন্দ্রের পাপ মোচন	৪৫৩	৩২-
বলরামের সোমতীর্থে গমন	৪৫৫	৪২-
কার্ত্তিকের উৎপত্তি, দেব-সেনাপতি পদে তাঁহার অভিষেক, তাঁহাকে দেবগণের অনুচর সমর্পণ এবং সেই কার্ত্তিককর্ত্তৃক তারকাসুর বধ	৪৫৮	৬-
জলাধিপত্যে বরুণের অভিষেক	৪৯২	৫-
বলরামের অগ্নিতীর্থে গমন	৪৯৪	১২-
ভৃগুর শাপের ভয়ে অগ্নির শমীগর্ভে প্রবেশ ...	৪৯৪	১৩
ভৃগুর শাপে অগ্নির সর্ব্বভুক হওয়া	৪৯৫	২০
বলরামের কুবেরতীর্থে গমন	৪৯৬	২৩
বলরামের বদরপাচনতীর্থে গমন	৪৯৭	৩১-
বদরপাচনতীর্থমাহাত্ম্যকথনপ্রসঙ্গে শ্রুবাবতী কন্যার উপাখ্যান ...	৪৯৮	১-
উক্তপ্রসঙ্গে অরুন্ধতীদেবীর চরিত্র বর্ণনা ...	৫০৪	৩২-
বলরামের শক্রতীর্থে গমন	৫১১	৬৬-
শতযজ্ঞ করায় ইন্দ্রের শতক্রতু নাম লাভ	৫১২	৪
বলরামের রামতীর্থে গমন ...	৫১২	৬-
বলরামের যমুনাতীর্থে গমন	৫১৩	১১
অদিতির পুত্র বরুণের রাজসূয়-যজ্ঞ	৫১৩	১২
সেই যজ্ঞের পরে দেবাসুরের মহাযুদ্ধ	৫১৪	১৪
বলরামের আদিত্যতীর্থে গমন	৫১৪	১৭
সেই তীর্থে বিষ্ণুর মধুকৈটভ বধ এবং দ্বৈপায়ন ও অসিতদেবলের সিদ্ধিলাভ	৫১৫	২২-
অসিতদেবলকর্ত্তৃক মহামুনি জৈগীষব্যের যোগপ্রভাব দর্শন	৫১৬	১-
বলরামের সোমতীর্থে গমন	৫২৯	৬৭
বলরামের সারস্বততীর্থে গমন	৫২৯	২
দধীচিমুনির ঔরসে সারস্বতমুনির উৎপত্তি	৫৩০	৫-
ব্রহ্মার মানসসরোবর হইতে সরস্বতীনদীর উৎপত্তি ...	৫৩৩	১৯
দেবগণ অস্থি প্রার্থনা করায় দধীচিমুনির দেহত্যাগ ও অস্থি প্রদান এবং তাহাদ্বারা ইন্দ্রের বজ্রপ্রভৃতি অস্ত্র নির্ম্মাণ ও অসুর বধ	৫৩৪	২৫-
সরস্বতীনদীপ্রদত্ত মৎস্য ভোজনে সারস্বতমুনির জীবন ধারণ ...	৫৩৬	৩৯-
শিষ্যত্ব স্বীকার ব্যতীত কাহাকেও বিদ্যা দান করা নিষিদ্ধ ...	৫৩৮	৪৬-
ব্রাহ্মণের পক্ষে বয়স অপেক্ষা অধিক জ্ঞানই জ্যেষ্ঠত্বের হেতু, এই জন্যই অধিক বয়স্ক মুনিরা অল্পবয়স্ক সারস্বতমুনির শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন ...	৫৩৮	৪৯-
বলরামের বৃদ্ধকন্যাশ্রমে গমন	৫৩৯	৫৩
বৃদ্ধকন্যার উপাখ্যান ...	৫৪০	৩-
অবিবাহিতা নারীর স্বর্গলাভ হয় না ...	৫৪২	১১
বলরামের শল্যবধ শ্রবণ, ঋষি-গণের নিকট কুরুক্ষেত্র যুদ্ধবৃত্তান্ত জিজ্ঞাসা এবং ঋষিগণের তৎ কথন ...	৫৪৫	২৫-
সমন্তপঞ্চকের অপর নাম—		

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
'উত্তরবেদি' এবং সেখানে পূর্ব্বকালে দেবতারা যজ্ঞ করিয়াছিলেন ...	৫৪৬	১
কুরুক্ষেত্রনামের কারণ কথন	৫৪৬	২
কুরুক্ষেত্রতীর্থের মাহাত্ম্যকীর্ত্তন	৫৪৬	৪-
সমন্তপঞ্চকের চতুঃসীমা নির্দ্দেশ এবং এইস্থানে যুদ্ধে নিহত ব্যক্তিরা স্বর্গলাভ করিয়া থাকেন ...	৫৫১	২৫-
বলরামের বিষ্ণুর আশ্রমে গমন	৫৫২	১-
বলরামের কারবপণতীর্থে গমন ও মিত্রাবরুণাশ্রম দর্শন ...	৫৫৪	১১-
বলরামের নিকটে নারদের আগমন এবং তাঁহার স্বরূপ ও স্বভাব বর্ণনা ...	৫৫৫	১৬-
নারদের নিকটে বলরামের কুরুক্ষেত্রযুদ্ধের পূর্ব্ববৃত্তান্ত শ্রবণ এবং ভীম ও দুর্য্যোধনের তৎকালীন গদাযুদ্ধোপক্রম শ্রবণ	৫৫৬	২৪-
সরস্বতীনদীর প্রশংসা ...	৫৫৮	৩৭-
ভীম ও দুর্য্যোধনের গদাযুদ্ধ দর্শন করিবার জন্য বলরামের সেই যুদ্ধস্থানে গমন ...	৫৫৯	৪০
বলরামের উপদেশে দুর্য্যোধন ও পাণ্ডবগণের সমন্তপঞ্চকে গমন	৫৬১	৬-
ভীম ও দুর্য্যোধন উভয়ই গদাযুদ্ধ শিক্ষায় বলরামের শিষ্য ...	৫৬৪	২২
দুর্য্যোধনের অনুরোধে গদাযুদ্ধ দর্শন করিবার জন্য অন্যান্য সকলের উপবেশন ...	৫৬৭	৩৮-
ভীম ও দুর্য্যোধনের গদাযুদ্ধের সময়ে অমাবস্যা ছিল এবং সেই যুদ্ধোপক্রমে উৎপাতাবির্ভাব	৫৭১	৮-
ভীমসেনের সগর্ব্বোক্তি	৫৭২	১৬-
দুর্য্যোধনের প্রতি ভীমের কটূক্তি	৫৭৫	২৯-
ভীমের প্রতি দুর্য্যোধনের সগর্ব্বোক্তি	৫৭৬	৩৭-
হর্ষপ্রকাশস্থলে করতালি দেওয়া পূর্ব্বেও ছিল ...	৫৭৭	৪৩
ভীম ও দুর্য্যোধনের গদাযুদ্ধ আরম্ভ	৫৭৯	২-
গদাযুদ্ধকালে ভীম ও দুর্য্যোধনের নানাপ্রকার গতি ...	৫৮১	১৭-
ভীমের পার্শ্বদেশে দুর্য্যোধনের গদাঘাত	৫৮৪	২৬
ভীমের মস্তকে দুর্য্যোধনের গদাঘাত, তথাপি ভীমের অচলভাবে স্থিতি ...	৫৮৬	৪০-
ভীমের বক্ষে দুর্য্যোধনের গদাঘাত ও ভীমের মোহ	৫৮৮	৪৭-
দুর্য্যোধনের পার্শ্বদেশে ভীমের গদাঘাত ও দুর্য্যোধনের মোহ	৫৮৯	৫৩-
ভীমের ললাটপ্রান্তভাগে দুর্য্যোধনের গদাঘাত ...	৫৯০	৫৮
দুর্য্যোধনের দেহে ভীমের গদাঘাত ও দুর্য্যোধনের মোহ	৫৯০	৬০-
ভীমের দেহে দুর্য্যোধনের গদাঘাত ও ভীমের ভূতলে পতন	৫৯১	৬৩
ভীমসেন বলে অধিক এবং দুর্য্যোধন শিক্ষায় অধিক ...	৫৯৩	৩
ভীমসেনের অন্যায় যুদ্ধ করিবার পক্ষে কৃষ্ণের অভিমত প্রকাশ এবং যুধিষ্ঠিরের অসমীচীন দর্শিতার পরিচয় প্রদান	৫৯৩	৪-
কৃষ্ণের অভিমতক্রমে ভীমকে স্মরণ করাইবার জন্য অর্জ্জুনকর্ত্তৃক স্বকীয় বাম উরুদেশে করাঘাত	৫৯৭	২১
ভীমের উপরে দুর্য্যোধনের পুনরায় গদাঘাত ...	৬০০	৩৮
ভীমের প্রহার এড়াইবার জন্য উল্লম্ফনপূর্ব্বক দুর্য্যোধনের ঊর্দ্ধে উত্থান এবং সেই অবসরে তাঁহার উরুযুগলের উপরে ভীমের ভীষণ গদাঘাত, তৎক্ষণাৎ দুর্য্যোধনের উরুদ্বয় ভঙ্গ ও ভূতলে পতন ...	৬০১	৪৩-
তৎকালে অদ্ভুত উৎপাত সকলের আবির্ভাব ...	৬০২	৪৯-

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
দুর্য্যোধনের প্রতি ভীমের কটূক্তি এবং বাম চরণদ্বারা দুর্য্যোধনের মস্তক আলোড়ন	৬০৫	৪-
পুনরায় দুর্য্যোধনের প্রতি ভীমের বহু কটূক্তি এবং দুর্য্যোধনের মস্তকে পুনরায় বাম পদাঘাত	৬০৬	৭-
যুধিষ্ঠিরকর্ত্তৃক ভীমের সেই কার্য্যে তিরস্কার, পুনরায় সেই কার্য্য করিতে নিষেধ, দুর্য্যোধনকে সান্ত্বনা দান এবং বিলাপ ...	৬০৮	১৫-
ভীমের প্রতি বলরামের ধিক্কার দান এবং লাঙ্গল ধারণ ...	৬১২	৪-
কৃষ্ণের বলরামকে ধারণ এবং প্রবোধ দান ...	৬১৩	৯-
বলরামের অসন্তোষোক্তি, পুনরায় তাঁহাকে কৃষ্ণের প্রবোধ দান এবং কলিযুগ আগতপ্রায় ইহা নিবেদন ...	৬১৫	১৮-
ভীমের নিন্দা ও দুর্য্যোধনের প্রশংসা করিয়া সেস্থান হইতে বলরামের প্রস্থান ...	৬১৭	২৪-
কৃষ্ণ ও যুধিষ্ঠিরের উক্তি ও প্রত্যুক্তি	৬১৮	৩০-
ভীম ও যুধিষ্ঠিরের সন্তোষ-পূর্ব্বক উক্তি ও প্রত্যুক্তি ...	৬২০	৪১-
দুর্য্যোধনের পতন দর্শনে পাণ্ডব-পক্ষের আনন্দপ্রকাশ ও ভীমের প্রতি স্তুতিবাদ ...	৬২২	২-
দুর্য্যোধনের প্রতি প্রকারান্তরে কৃষ্ণের কটূক্তি ...	৬২৫	১৮-
কৃষ্ণের প্রতি দুর্য্যোধনের তীব্র নিন্দাবাদ এবং যে যে অন্যায় কার্য্যদ্বারা পাণ্ডবগণের জয় হইয়াছে তাহার উল্লেখ ...	৬২৭	২৭-
দুর্য্যোধনের প্রতি কৃষ্ণের তীব্র কটূক্তি ...	৬২৯	৩৯-
দুর্য্যোধনের আত্মশ্লাঘা প্রকাশ	৬৩২	৫৬-
কৃষ্ণকর্ত্তৃক পাণ্ডবগণকে আশ্বাস দান ...	৬৩৪	৬৬-
দুর্য্যোধনের শিবিরে পাণ্ডবগণের প্রবেশ ...	৬৩৮	৪-
কৃষ্ণের উপদেশে নিজ রথ হইতে অর্জ্জুনের অস্ত্রপ্রভৃতি অপসারণ, তাঁহার অবতরণ, কৃষ্ণের অবতরণ এবং সেই রথের ভস্মীভূত হওয়া ...	৬৩৯	৯-
অর্জ্জুনের প্রশ্নে কৃষ্ণকর্ত্তৃক রথ দাহের কারণ কথন ...	৬৪০	১৬-
কৃষ্ণ ও যুধিষ্ঠিরের পূর্ব্বকথা স্মরণ, আনন্দ প্রকাশ, কৌরব-শিবির অধিকার এবং তত্রত্য নানাবিধ দ্রব্য গ্রহণ ...	৬৪১	২১-
পঞ্চ পাণ্ডব, কৃষ্ণ ও সাত্যকির কুরুক্ষেত্রের ওঘবতীনদীতীরস্থ নূতন শিবিরে গমন ...	৬৪৪	৩৭-
গান্ধারীর শাপভয়ে যুধিষ্ঠিরকর্ত্তৃক গান্ধারীকে শান্ত করিবার জন্য কৃষ্ণকে হস্তিনায় প্রেরণ ...	৬৪৭	৮-
ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে কৃষ্ণের সান্ত্বনা দান এবং তাঁহাদের কোপ নিবারণ ...	৬৫৩	৩৯-
অশ্বত্থামার অত্যাচারের আশঙ্কা করিয়া, বেদব্যাস, ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে নমস্কারপূর্ব্বক তাঁহাদের অনুমতি লইয়া কৃষ্ণের পুনরায় ওঘবতীনদীতীরস্থ পাণ্ডব শিবিরে আগমন ...	৬৫৮	৬৬-

পাঠক্রমে শল্যপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত ॥০॥

CENTRAL LIBRARY

শল্যপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

মহর্ষি মহাভারতের আদিপর্ব্ব-দ্বিতীয় অধ্যায়ে গণনা করিয়াছেন—

"একোনষষ্টিরধ্যায়াঃ পর্ব্বণ্যত্র প্রকীর্ত্তিতাঃ।
সংখ্যাতা বহুবৃত্তান্তাঃ শ্লোকসংখ্যাত্র কথ্যতে ॥২৯০॥
ত্রীণি শ্লোকসহস্রাণি দ্বে শতে বিংশতিস্তথা।
মুনিনা সংপ্রণীতানি কৌরবাণাং যশোভৃতা ॥২৯১॥"

অর্থাৎ এই শল্যপর্ব্বে ৫৯টী অধ্যায় ও ৩২২০টী শ্লোক আছে। নিম্নলিখিত তালিকাটী দেখিলেই ইহার সম্পূর্ণ মিল বুঝা যাইবে।

অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা
১	...	৫৪	২১	...	৮৯	৪১	...	৫১
২	...	৬৯	২২	...	৬২	৪২	...	১১৪
৩	...	৪৮	২৩	...	৫৬	৪৩	...	৩১
৪	...	৫০	২৪	...	৩৯	৪৪	...	৬৬
৫	...	৬৪	২৫	...	৫৪	৪৫	...	২৪
৬	...	৪৪	২৬	...	৬৪	৪৬	...	৬৭
৭	...	৪৭	২৭	...	৯৪	৪৭	...	৫৩
৮	...	৬৫	২৮	...	৬৬	৪৮	...	২৭
৯	...	৫৬	২৯	...	৭১	৪৯	...	২৭
১০	..	৬৩	৩০	...	৭০	৫০	...	৪০
১১	...	৪৫	৩১	...	৫৬	৫১	...	৪৫
১২	...	৪৬	৩২	...	১৯	৫২	...	৪৫
১৩	...	৪১	৩৩	...	৮৩	৫৩	...	৬৯
১৪	...	৬৫	৩৪	...	৫১	৫৪	...	৬২
১৫	...	৮১	৩৫	...	৬৩	৫৫	...	৩১
১৬	...	৩৭	৩৬	...	৫৪	৫৬	...	৪৬
১৭	...	৬৫	৩৭	...	৬৮	৫৭	...	৭৬
১৮	...	২৫	৩৮	...	৩৭	৫৮	...	৪১
১৯	...	৩৬	৩৯	...	৪০	৫৯	...	৭৭
২০	...	৪৬	৪০	...	৪৫			
		১০৪৭			১১৮১			৯৯২

একুন = ১০৪৭ + ১১৮১ + ৯৯২ = ৩২২০

শল্যপর্ব্বের উপপর্ব্ব।

		পৃষ্ঠাঙ্ক
১।	শল্যবধপর্ব্ব	১-
২।	হ্রদপ্রবেশপর্ব্ব	২৮৬-
৩।	গদাযুদ্ধপর্ব্ব	৩৩৪-

CENTRAL LIBRARY

মহাভারতম্

শল্যপর্ব্ব

(১। শল্যবধপর্ব।)

প্রথমোঽধ্যায়ঃ।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥

জনমেজয় উবাচ।

এবং নিপাতিতে কর্ণে সমরে সব্যসাচিনা।
অল্পাবশিষ্টাঃ কুরবঃ কিমকুর্বত বৈ দ্বিজ ! ॥১॥

ভারতকৌমুদী

অনন্তামেকান্তে বহতি শিরসো যঃ কুসুমবৎ
জটাজূটেঽনন্তঃ স ভুজগপতির্যস্য বসতি।
মহীয়ানপ্যেবং চরতি স ভবান্ যত্র হৃদয়ে
মহত্তে কীদৃক্ তদ্গিরিশ ! ভগবন্ ! ভক্তহৃদয়ম্ ॥
বিষং ধত্তেঽমৃতং দত্তে তমস্বী যঃ পরং মহঃ।
তস্মৈ বিচিত্রচারিত্র-শালিনে শূলিনে নমঃ ॥

অথ কর্ণপর্বোপান্ত্যাধ্যায়ে "অবহারং ততশ্চক্রে শল্যস্যানুমতে নৃপ !" ইতি শল্যস্যানুমত্যাবহারকরণেন তদানীং তস্যৈব প্রাধান্যসূচনাত্তৎসৈনাপত্যসূচনয়া সূচিতং শল্যপর্বারভতে জনমেজয় উবাচেতি।

(১) ··অল্পাবশেষাঃ কুরবঃ···পি।

বিদীর্য্যমাণঞ্চ বলং দৃষ্ট্বা রাজা সুযোধনঃ।
পাণ্ডবৈঃ প্রাপ্তকালঞ্চ কিং প্রাপদ্যত কৌরবঃ ॥২॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তদাচক্ষ্ব দ্বিজোত্তম!।
ন হি তৃপ্যামি পূর্ব্বেষাং শৃণ্বানশ্চরিতং মহৎ ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণে হতে রাজন্! ধার্ত্তরাষ্ট্রঃ সুযোধনঃ।
ভৃশং শোকার্ণবে মগ্নো নিরাশঃ সর্ব্বতোঽভবৎ ॥৪॥
হা কর্ণ! হা কর্ণ! ইতি শোচমানো মুহুর্মুহুঃ।
কৃচ্ছ্রাৎ স্বশিবিরং প্রায়াদ্ধতশিষ্টৈর্নৃপৈঃ সহ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। হে দ্বিজ! বৈশম্পায়ন! সব্যসাচিনা অর্জ্জুনেন, সমরে, এবমুক্তেন প্রকারেণ, কর্ণে নিপাতিতে সতি, পূর্ব্বমেব বহূনাং নিপাতাদল্পাবশিষ্টাঃ কুরবঃ কিমকুর্বত ॥১॥

বিদীর্য্যেতি। পাণ্ডবৈর্বিদীর্য্যমাণং ভজ্যমানম্। প্রাপ্তকালং তৎকালোচিতম্, প্রাপদ্যতাকরোৎ ॥২॥

এতদিতি। আচক্ষ্ব ব্রূহি। হি যস্মাৎ, পূর্ব্বেষাং নিজপূর্ব্বপুরুষাণাম্ ॥৩॥

আচার্য্যনিয়মাৎ প্রাক্ সংক্ষেপেণ শল্যাদিবধমভিধত্তে। তত ইতি। সর্ব্বতঃ সর্ব্বত্র রাজ্যে ধনজনাদৌ জীবনে চেত্যর্থঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

শ্রীগণেশায় নমঃ। উক্তা সঙ্গতিঃ কর্ণপর্ব্বাদৌ এবং নিপাতিত ইতি। উদ্যমং পলায়নং বা চক্রুরিতি প্রষ্টুরভিপ্রায়ঃ। অল্পাঃ অবশিষ্টা ইতি চ্ছেদঃ। অত্রাকারলোপ আর্ষঃ ॥১॥ তত্র দ্বিতীয়মেব মন্যাহ—উদীর্য্যমাণমিতি। পাণ্ডববলস্যোৎকর্ষং দৃষ্ট্বা কিং প্রাপদ্যত পলায়নমেবাস্য শ্রেয় ইতি ভাবঃ ॥২—৩॥ কৃৎস্নসৈন্যবধেন দুর্য্যোধনঃ পলায়নমেব কৃতবা-

জনমেজয় বলিলেন—'মহর্ষি বৈশম্পায়ন! অর্জ্জুন যুদ্ধে এইভাবে কর্ণকে নিপাতিত করিলে, অল্পাবশিষ্ট কৌরবেরা তখন কি করিলেন? ॥১॥

পাণ্ডবেরা কৌরবসৈন্য বিদীর্ণ করিতেছেন দেখিয়া কৌরবনন্দন রাজা দুর্য্যোধন তৎকালোচিত কি কার্য্য করিলেন? ॥২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! ইহা আমি শুনিতে ইচ্ছা করি, আপনি তাহা বলুন। কারণ, আমি পূর্ব্বপুরুষগণের মহনীয় চরিত্র শুনিতে থাকিয়া তৃপ্তিলাভ করিতে পারিতেছি না' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—'রাজা! কর্ণ নিহত হইলে, ধৃতরাষ্ট্রনন্দন দুর্য্যোধন অত্যন্ত শোকসাগরে নিমগ্ন হইয়া সকল বিষয়েই নিরাশ হইয়া পড়িলেন ॥৪॥

(২) উদীর্য্যমাণঞ্চ বলম্ ··পি বা সো।

স সমাশ্বাস্যমানোঽপি হেতুভিঃ শাস্ত্রনিশ্চিতৈঃ।
রাজভির্নালভচ্ছর্ম্ম সূতপুত্রবধং স্মরন্ ॥৬॥
স দৈবং বলবন্মত্বা প্রভাতে বিমলে সতি।
সংগ্রামে নিশ্চয়ং কৃত্বা পুনর্যুদ্ধায় নির্যযৌ ॥৭॥
শল্যং সেনাপতিং কৃত্বা বিধিবদ্রাজসত্তমম্।
রণায় নির্যযৌ রাজা হতশিষ্টৈর্নৃপৈঃ সহ ॥৮॥
ততঃ সুতুমুলং যুদ্ধং কুরুপাণ্ডবসেনয়োঃ।
বভূব ভরতশ্রেষ্ঠ! দেবাসুররণোপমম্ ॥৯॥
ততঃ শল্যো মহারাজ! কৃত্বা কদনমাহবে।
পাণ্ডুসৈন্যেঽথ মধ্যাহ্নে ধর্ম্মরাজেন পাতিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

হেতি। হতশিষ্টৈঃ পাণ্ডবনিহতাবশিষ্টৈঃ ॥৫॥
স ইতি। হেতুভির্যুক্তিভিঃ। শর্ম্ম সুখং শান্তিমিত্যর্থঃ ॥৬॥
স ইতি। দৈবং প্রতিকূলম্। বিমলে নিরন্ধকারে ॥৭॥
শল্যমিতি। রাজসু সত্তমঃ প্রশস্ততমস্তম্। রাজা দুর্য্যোধনঃ ॥৮॥
তত ইতি। দেবাসুরয়ো রণ উপমা যস্য তৎ ॥৯॥
তত ইতি। কদনং মহামারীম্, আহবে যুদ্ধে। পাণ্ডুসৈন্যে পাণ্ডবসৈন্যস্য ॥১০॥

'হা কর্ণ! হা কর্ণ!' এইভাবে অনবরত শোক প্রকাশ করিতে থাকিয়া তিনি হতাবশিষ্ট রাজগণের সহিত অতিকষ্টে আপন শিবিরে যাইতে লাগিলেন ॥৫॥

তখন রাজারা শাস্ত্রনির্দ্দিষ্ট যুক্তি দেখাইয়া আশ্বস্ত করিতে থাকিলেও তিনি কর্ণবধ স্মরণ করিয়া শান্তিই পাইতে থাকিলেন না ॥৬॥

ক্রমে দুর্য্যোধন, দৈব প্রবল প্রতিকূল মনে করিয়া নির্ম্মল প্রভাতকাল হইলে, যুদ্ধেই কৃতনিশ্চয় হইয়া পুনরায় শিবির হইতে নির্গত হইলেন ॥৭॥

পরে দুর্য্যোধন যথাবিধানে রাজশ্রেষ্ঠ শল্যকে সেনাপতি করিয়া হতাবশিষ্ট রাজগণের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার জন্য নির্গত হইলেন ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর দেবাসুরযুদ্ধের তুল্য কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যের অতি-তুমুল যুদ্ধ হইল ॥৯॥

(৬) সম্যগাশ্বাস্যমানোঽপি···পি,···রাজন্! বিভুতিমিচ্ছদ্ভিঃ সূতপুত্রমনুস্মরন্—নি। (৭) স দৈবং বলবন্মত্বা ভবিতব্যঞ্চ পার্থিবঃ··পি বা সো। (৮)···বিধিবদ্রাজপুঙ্গবঃ··· হতশেষৈঃ···পি বা সো। (৯) অভবদ্ভরতশ্রেষ্ঠ!···পি বা সো। (১০)···হতসৈন্যোঽথ মধ্যাহ্নে···পি বা সো।

CENTRAL LIBRARY

ততো দুর্য্যোধনো রাজা হতবন্ধূ রণাজিরাৎ।
অপসৃত্য হ্রদং ঘোরং বিবেশ রিপুজাদ্ভয়াৎ ॥১১॥
অথাপরাহ্ণে তস্যাহ্নঃ পরিবার্য্য মহারথৈঃ।
হ্রদাদাহূয় যুদ্ধায় ভীমসেনেন পাতিতঃ ॥১২॥
তস্মিংস্তু নিহতে বীরে মহেষ্বাসাস্ত্রয়ো রণে।
কৃতবর্ম্মা কৃপো দ্রৌণির্জঘ্নুঃ পাণ্ডবসৈনিকান্ ॥১৩॥
ততঃ পূর্বাহ্ণসময়ে শিবিরাদেত্য সঞ্জয়ঃ।
প্রবিবেশ পুরীং দীনো দুঃখশোকসমন্বিতঃ ॥১৪॥
প্রবিশ্য চ পুরং সূতো ভুজাবুচ্ছ্রিত্য দুঃখিতঃ।
বেপমানস্ততো রাজ্ঞঃ প্রবিবেশ নিবেশনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা বন্ধবো যস্য সঃ, রণাজিরাৎ সমরস্থলাৎ ॥১১॥
অথেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। পাতিতঃ দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ ॥১২॥
তস্মিন্নিতি। নিহতে উরুভঙ্গেন নিহতপ্রায়ে, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১৩॥
তত ইতি। পুরীং হস্তিনাম্, দীনো বিষাদকাতরঃ ॥১৪॥
প্রবিশ্যেতি। সূত সঞ্জয়ঃ, উচ্ছ্রিত্য উত্তোল্য। রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য ॥১৫॥

ভারতভাবদীপঃ

নিত্যাহ—ততঃ কর্ণে হতে ইত্যাদিনা প্রাঙ্মুখঃ প্রাদ্রবদ্বয়াদিত্যন্তেন গ্রন্থেন ॥৪—১১॥ এবং সর্ব্বান্ ঘাতয়িত্বা পলায়নে দুর্যশো লব্ধাপি মরণমেব প্রাপেত্যাহ—অথেতি। অপরাহ্ণে

মহারাজ! তাহার পর শল্য যুদ্ধে পাণ্ডবসৈন্যের মহামারী ঘটাইয়া মধ্যাহ্ন-কালে যুধিষ্ঠিরকর্ত্তৃক নিপাতিত হইলেন ॥১০॥

তৎপরে হতবন্ধু রাজা দুর্য্যোধন শত্রুর ভয়ে রণস্থল হইতে অপসৃত হইয়া ভয়ঙ্কর দ্বৈপায়নহ্রদে যাইয়া প্রবেশ করিলেন ॥১১॥

পরে ভীমসেন সেই দিনেরই অপরাহ্ণকালে মহারথগণদ্বারা পরিবেষ্টন করাইয়া যুদ্ধ করিবার জন্য আহ্বান করিয়া দুর্য্যোধনকে নিপাতিত করিলেন ॥১২॥

উরুভঙ্গ করায় মহাবীর দুর্য্যোধন নিহতপ্রায় হইলে, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামা এই তিন জন মহাধনুর্দ্ধর পাণ্ডবসৈন্যগণকে সংহার করিলেন ॥১৩॥

তদনন্তর সঞ্জয় বিষণ্ণ এবং দুঃখ ও শোকসমন্বিত হইয়া পরদিন পূর্বাহ্ণকালে শিবির হইতে আসিয়া হস্তিনাপুরে প্রবেশ করিলেন ॥১৪॥

---

(১৩) তস্মিন্ হতে মহেষ্বাসে হতশিষ্টাস্ত্রয়ো রথাঃ। সংবভূবুর্নিশি রাজেন্দ্র! জঘ্নুঃ পাঞ্চালসৈনিকান্—পি বা সো।

রুরোদ স নরব্যাঘ্র! হা রাজন্নিতি দুঃখিতঃ।
অহোবত বিনষ্টাঃ স্মো নিধনেন মহাত্মনঃ ॥১৬॥
অহো সুবলবান্ কালো গতিশ্চ বিষমা তথা।
শক্রতুল্যবলাঃ সর্বে যত্রাহন্যন্ত পার্থিবাঃ ॥১৭॥
দৃষ্ট্বৈব তু পুরো রাজন্! জনঃ সর্বঃ স সঞ্জয়ম্।
প্ররুরোদ ভয়োদ্বিগ্নো হা রাজন্নিতি সুস্বরম্ ॥১৮॥
আকুমারং নরব্যাঘ্র! তৎপুরং বৈ সমন্ততঃ।
আর্ত্তনাদং মহচ্চক্রে শ্রুত্বা বিনিহতং নৃপম্ ॥১৯॥
তথা স বিহ্বলঃ সূতঃ প্রবিশ্য নৃপতিক্ষয়ম্।
দদর্শ নৃপতিশ্রেষ্ঠং প্রজ্ঞাচক্ষুষমীশ্বরম্ ॥২০॥

ভারতকৌমুদী

রুরোদেতি। অহোবতেত্যেকমেবাব্যয়ং মহাখেদে। মহাত্মনো দুর্য্যোধনস্য ॥১৬॥
অহো ইতি। গতিরবস্থা, বিষমা অতিকষ্টজনিকা প্রাপ্তেতি শেষঃ ॥১৭॥
দৃষ্ট্বেতি। ভয়েন উদ্বিগ্নঃ অস্থিরঃ। সুস্বরম্ উচ্চকণ্ঠম্ ॥১৮॥
আকুমারমিতি। আকুমারং শিশুপ্রভৃতি। মহদিতি ক্রিয়াবিশেষণম্ ॥১৯॥
তথেতি। নৃপতের্ধৃতরাষ্ট্রস্য ক্ষয়ং ভবনম্। ঈশ্বরং কুরুরাজং ধৃতরাষ্ট্রম্ ॥২০॥

অতিদুঃখিতচিত্ত সঞ্জয় হস্তিনানগরে প্রবেশ করিয়া বাহুযুগল উত্তোলনপূর্ব্বক কাঁপিতে কাঁপিতে ধৃতরাষ্ট্রের ভবনে প্রবেশ করিলেন ॥১৫॥

নরশ্রেষ্ঠ! দুঃখার্ত্ত সঞ্জয় 'হা রাজা!' বলিয়া রোদন করিলেন এবং বলিতে লাগিলেন—'হায়! মহাত্মা দুর্য্যোধনের নিধনে আমরা সকলেই বিনষ্ট হইয়াছি ॥১৬॥

হায়! অত্যন্ত প্রবল কাল আসিয়াছে এবং বিষম অবস্থা উপস্থিত হইয়াছে। যে হেতু ইন্দ্রের তুল্য বলবান্ রাজারা সকলে নিহত হইয়াছেন' ॥১৭॥

রাজা! (জনমেজয়!) হস্তিনানগরের সমস্ত লোক সঞ্জয়কে দেখিয়াই উদ্বেগে অস্থির হইয়া 'হা রাজা!' বলিয়া উচ্চস্বরে রোদন করিতে লাগিল ॥১৮॥

নরশ্রেষ্ঠ! হস্তিনানগরের শিশুপ্রভৃতি সমস্ত লোকই রাজা দুর্য্যোধনকে নিহত শুনিয়া সকল দিকেই বিশাল আর্ত্তনাদ করিতে থাকিল ॥১৯॥

ক্রমে সঞ্জয় সেইরূপ শোকবিহ্বল অবস্থাতেই ধৃতরাষ্ট্রের গৃহে প্রবেশ করিয়া রাজশ্রেষ্ঠ ও বুদ্ধিনেত্র রাজা ধৃতরাষ্ট্রকে দেখিতে পাইলেন ॥২০॥

(১৭)···যত্রাবধ্যন্ত পাণ্ডবৈঃ—পি বা সো। ইতঃ পরং পুস্তকভেদ এব পাঠভেদঃ।

CENTRAL LIBRARY

দৃষ্ট্বা চাসীনমনঘং সমন্তাৎ পরিবারিতম্।
স্নুষাভির্ভরতশ্রেষ্ঠ! গান্ধার্য্যা বিদুরেণ চ।
তথান্যৈশ্চ সুহৃদ্ভিশ্চ জ্ঞাতিভিশ্চ হিতৈষিভিঃ ॥২১॥
তমেব চার্থং ধ্যায়ন্তং কর্ণস্য নিধনং প্রতি।
রুদন্নেবাব্রবীদ্বাক্যং রাজানং জনমেজয়! ॥২২॥
নাতিহৃষ্টমনাঃ সূতো বাষ্পসন্দিগ্ধয়া গিরা।
সঞ্জয়োঽহং নরব্যাঘ্র! নমস্তে ভরতর্ষভ! ॥২৩॥ (বিশেষকম্)
মদ্রাধিপো হতঃ শল্যঃ শকুনিঃ সৌবলস্তথা।
উলূকঃ পুরুষব্যাঘ্র! কৈতব্যো দৃঢ়বিক্রমঃ ॥২৪॥
সংশপ্তকা হতাঃ সর্বে কাম্বোজাশ্চ শকৈঃ সহ।
ম্লেচ্ছাশ্চ পার্বতীয়াশ্চ যবনাশ্চ নিপাতিতাঃ ॥২৫॥
প্রাচ্যা হতা মহারাজ! দাক্ষিণাত্যাশ্চ সর্বশঃ।
উদীচ্যাশ্চ হতাঃ সর্বে প্রতীচ্যাশ্চ নরোত্তমাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। আসীনমুপবিষ্টম্। স্নুষাভিঃ পুত্রবধূভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। অর্থং বিষয়ম্, ধ্যায়ন্তং চিন্তয়ন্তম্। নাতিহৃষ্টমনাঃ, ধৃতরাষ্ট্রাদীনাং স্বাস্থ্যদর্শনেন তু কিঞ্চিদ্ধৃষ্টমনা আসীদেবেতি ভাবঃ, বাষ্পেণ বাষ্পাগমেন সন্দিগ্ধয়া অস্পষ্টতয়া সন্দিগ্ধার্থয়া ॥২১—২৩॥

মদ্রেতি। সৌবলঃ সুবলপুত্রঃ শকুনিঃ। কৈতব্যঃ শঠঃ ॥২৪॥

সংশপ্তকা ইতি। সম্যক্ শপ্তং যুদ্ধেঽর্জুনবধবিষয়ে শপথঃ কৃতো যৈস্তে ॥২৫॥

প্রাচ্যা ইতি। উদীচ্যা উত্তরদেশীয়াঃ। প্রতীচ্যাঃ পশ্চিমদেশীয়াঃ ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ জনমেজয়! তৎকালে নিষ্পাপ ধৃতরাষ্ট্র উপবিষ্ট থাকিয়া সেই কর্ণবধের বিষয়ই চিন্তা করিতেছিলেন; আর পুত্রবধূগণ, গান্ধারী, বিদুর, অন্যান্য সুহৃদ্‌গণ, জ্ঞাতিগণ ও হিতৈষিগণ তাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিলেন। এমন সময়ে সঞ্জয় অনতিহৃষ্ট চিত্তে উপস্থিত হইয়া বাষ্পগদ্‌গদ বাক্যে ধৃতরাষ্ট্রকে এই সকল কথা বলিলেন—'নরশ্রেষ্ঠ ভরতবংশপ্রধান! আমি সঞ্জয়; আপনাকে নমস্কার করি ॥২১—২৩॥

পুরুষশ্রেষ্ঠ! মদ্ররাজ শল্য, সুবলপুত্র শকুনি এবং শঠ ও দৃঢ়বিক্রমশালী উলূক নিহত হইয়াছেন ॥২৪॥

সমস্ত সংশপ্তক, কাম্বোজ, শক, ম্লেচ্ছ, পার্ব্বত্য ও যবন নিপাতিত হইয়াছে ॥২৫॥

(২৫) সংশপ্তকগণাঃ সর্ব্বে···পি। (২৬)···প্রতীচ্যাশ্চ নরাধিপ!—পি বা সো।

রাজানো রাজপুত্রাশ্চ সর্বে বিনিহতা নৃপ !।
কর্ণপুত্রো হতঃ শূরঃ সত্যসেনো মহাবলঃ ॥২৭॥
দুর্য্যোধনো হতো রাজা যথোক্তং পাণ্ডবেন হ।
ভগ্নসক্থো মহারাজ ! শেতে পাংশুষু রুষিতঃ ॥২৮॥
ধৃষ্টদ্যুম্নো হতো রাজন্ ! শিখণ্ডী চাপরাজিতঃ।
উত্তমৌজা যুধামন্যুস্তথা সর্বে প্রভদ্রকাঃ ॥২৯॥
পাঞ্চালাশ্চ নরব্যাঘ্র ! চেদয়শ্চ নিসূদিতাঃ।
তব পুত্রা হতাঃ সর্বে দ্রৌপদেয়াশ্চ ভারত ! ॥৩০॥
নরা বিনিহতাঃ সর্বে গজাশ্চ বিনিপাতিতাঃ।
রথিনশ্চ নরব্যাঘ্র ! হয়াশ্চ নিহতা যুধি ॥৩১॥

ভারতকৌমুদী

রাজান ইতি। সত্যসেনো নাম কর্ণপর্বোক্তেতরঃ ॥২৭॥

দুরিতি। পাণ্ডবেন ভীমেন। ভগ্নং সক্থি উরুর্যস্য সঃ। পাংশুষু ধূলিষু, রুষিতো রক্তরঞ্জিতঃ ॥২৮॥

ধৃষ্টেতি। প্রভদ্রকাঃ পাণ্ডবপক্ষীয়াঃ, হতা ইতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥২৯॥

পাঞ্চালা ইতি। নিসূদিতা নিহতাঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৩০॥

নরা ইতি। নরাদয় উভয়পক্ষগতা এব ॥৩১॥

মহারাজ ! পূর্ব্ব, দক্ষিণ, উত্তর ও পশ্চিমদেশীয় নরশ্রেষ্ঠেরা সকলেও নিহত হইয়াছেন ॥২৬॥

নরনাথ ! সমস্ত রাজা ও রাজপুত্র নিহত হইয়াছেন এবং কর্ণের পুত্র বীর ও মহাবল সত্যসেন নিপাতিত হইয়াছেন ॥২৭॥

মহারাজ ! ভীমসেন যেমন বলিয়াছিলেন, তেমন ভাবেই তিনি রাজা দুর্য্যোধনকে বধ করিয়াছেন। দুর্য্যোধন এখন ভগ্নোরু ও রক্তরঞ্জিত অবস্থায় ধূলির উপরে শয়ন করিয়া রহিয়াছেন ॥২৮॥

রাজা ! অপরাজিত ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, উত্তমৌজা ও যুধামন্যু নিহত হইয়াছেন এবং প্রভদ্রকেরা সকলেও নিহত হইয়াছে ॥২৯॥

নরশ্রেষ্ঠ ভরতনন্দন ! পাঞ্চালেরা ও চেদিরা বিনষ্ট হইয়াছে এবং আপনার সমস্ত পুত্র ও দ্রৌপদীর পুত্রগণ নিহত হইয়াছেন ॥৩০॥

নরশ্রেষ্ঠ ! সমস্ত মানুষ, সমস্ত হস্তী, সমস্ত রথী এবং সমস্ত অশ্ব নিপাতিত হইয়াছে ॥৩১॥

(২৯) এতেষু শ্লোকেষু বহব এব পাঠভেদা দ্রষ্টব্যাঃ।

CENTRAL LIBRARY

নিঃশেষং শিবিরং তাবত্তাবকানাং কৃতং বিভো ! ।
পাণ্ডবানাঞ্চ সর্বেষাং সমাসাদ্য পরস্পরম্ ॥৩২॥
প্রায়ঃ স্ত্রীশেষমভবজ্জগৎ কালেন মোহিতম্ ।
সপ্ত পাণ্ডবতঃ শিষ্টা ধার্ত্তরাষ্ট্রাস্ত্রয়ো রথাঃ ॥৩৩॥
তে চৈব ভ্রাতরঃ পঞ্চ বাসুদেবোঽথ সাত্যকিঃ ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রৌণিশ্চ জয়তাং বরঃ ॥৩৪॥
এতে শেষা মহারাজ ! রথিনো নৃপসত্তম ! ।
অক্ষৌহিণীনামষ্টানাং দশানাঞ্চ ন সংশয়ঃ ॥৩৫॥
এতে শেষা মহারাজ ! সর্বেঽন্যে নিধনং গতাঃ ।
কালেন নিহতং সর্বং জগদ্বৈ ভরতর্ষভ ! ।
দুর্য্যোধনং বৈ পুরতঃ কৃত্বা বৈরঞ্চ ভারত ! ॥৩৬॥

ভারতকৌমুদী

নিরিতি। তাবকানাং যোধানাম্। সমাসাদ্য প্রাপ্য ॥৩২॥
প্রায় ইতি। স্ত্রিয়ঃ শেষা যত্র তৎ। পাণ্ডবতঃ পাণ্ডবপক্ষে, শিষ্টা অবশিষ্টাঃ ॥৩৩॥
কে তে ইত্যাহ ত ইতি। তে পাণ্ডবাঃ। দ্রৌণিরশ্বত্থামা ॥৩৪॥
এত ইতি। দশানামষ্টানাঞ্চোভয়পক্ষগতানামক্ষৌহিণীনাং মধ্যে এতে দশ ॥৩৫॥
এত ইতি। কালেন নিহননং বিনা ঈদৃশী মহামারী ন স্যাদিতি ভাবঃ। ষট্পাদঃ ॥৩৬॥

রাজা ! উভয় পক্ষের বীরেরা পরস্পরকে পাইয়া আপনার পক্ষের ও পাণ্ডব-পক্ষের সমস্ত শিবিরই নিঃশেষ করিয়াছেন ॥৩২॥

কাল জগৎটাকে মোহিত করিয়াছিল। সুতরাং এখন জগতে অধিকাংশ স্ত্রীলোকই অবশিষ্ট রহিয়াছে এবং পাণ্ডবপক্ষে সাত জন ও আপনার পক্ষে তিন জন মাত্র অবশিষ্ট আছেন ॥৩৩॥

পাণ্ডবেরা পঞ্চ ভ্রাতা, কৃষ্ণ ও সাত্যকি এবং কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা ইহারা অবশিষ্ট রহিয়াছেন ॥৩৪॥

রাজশ্রেষ্ঠ মহারাজ ! উভয়পক্ষের আঠার অক্ষৌহিণী যোদ্ধার মধ্যে এই দশ জন মাত্র রথী অবশিষ্ট আছেন ; ইহাতে কোন সন্দেহ নাই ॥৩৫॥

মহারাজ ! ইহারা মাত্র অবশিষ্ট আছেন, অন্য সকলেই মৃত্যুমুখে পতিত হইয়াছে। ভরতশ্রেষ্ঠ রাজা ! কাল দুর্য্যোধনকে ও শত্রুতাকে সম্মুখে রাখিয়া সমগ্র জগৎটাকে বিধ্বস্ত করিয়াছে' ॥৩৬॥

(৩৬) নিপপাত স রাজেন্দ্রঃ…নি।

CENTRAL LIBRARY

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা বচঃ ক্রূরং ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
নিপপাত মহারাজ! গতসত্ত্বো মহীতলে ॥৩৭॥
তস্মিন্ নিপতিতে ভূমৌ বিদুরোঽপি মহাযশাঃ।
নিপপাত মহারাজ! শোকব্যসনকর্শিতঃ ॥৩৮॥
গান্ধারী চ মহাভাগা সর্বাশ্চ কুরুযোষিতঃ।
পতিতাঃ সহসা ভূমৌ শ্রুত্বা ঘোরতরং বচঃ ॥৩৯॥
নিঃসজ্ঞং পতিতং ভূমৌ তদাসীদ্রাজমণ্ডলম্।
বিলাপমুক্তোপহতং চিত্রং ন্যস্তং পটে যথা ॥৪০॥
কৃচ্ছ্রেণ তু ততো রাজা ধৃতরাষ্ট্রো মহীপতিঃ।
শনৈরলভত প্রাণান্ পুত্রব্যসনকর্শিতঃ ॥৪১॥

ভারতকৌমুদী

এতদিতি। ক্রূরং নিষ্ঠুরম্। গতসত্ত্বো নষ্টচৈতন্যঃ ॥৩৭॥

তস্মিন্নিতি। শোক এব ব্যসনং বিপৎ তেন কর্শিত আকুলীকৃতঃ ॥৩৮॥

গান্ধারীতি। কুরুযোষিতো দুর্য্যোধনাদীনাং ভার্য্যাঃ ॥৩৯॥

নিরিতি। রাজমণ্ডলং রাজাদিজনসমূহঃ। বিলাপেন মুক্তং হীনং শোকেনোপহতঞ্চ তৎ ॥৪০॥

কৃচ্ছ্রেণেতি। প্রাণান্ চৈতন্যম্, পুত্রাণাং ব্যসনেন মৃত্যুবিপদা কর্শিত আকুলীকৃতঃ ॥৪১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! রাজা ধৃতরাষ্ট্র এই নিষ্ঠুর বাক্য শুনিয়া অচৈতন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥৩৭॥

মহারাজ! তিনি নিপতিত হইলে, মহাযশা বিদুরও শোকে আকুল হইয়া ভূতলে নিপতিত হইলেন ॥৩৮॥

ক্রমে মহাভাগা গান্ধারী এবং সমস্ত কৌরবনারী সেই নিদারুণ বাক্য শুনিয়া তৎক্ষণাৎ ভূতলে পতিত হইলেন ॥৩৯॥

তৎকালে পটে চিত্রিত মূর্ত্তিসমূহের ন্যায় সমস্ত লোক বিলাপশূন্য, শোকাকুল ও অচেতন অবস্থায় ভূতলে পতিত থাকিল ॥৪০॥

তাহার পর পুত্রশোকাকুল রাজা ধৃতরাষ্ট্র অতিকষ্টে ধীরে ধীরে চৈতন্য লাভ করিলেন ॥৪১॥

(৩৮) তস্মিন্ নিপতিতে বীরে···নি,···রাজব্যসনকর্ষিতঃ—পি।

CENTRAL LIBRARY

লব্ধ্বা তু স নৃপঃ প্রাণান্ বেপমানঃ সুদুঃখিতঃ।
নিরীক্ষ্য চ দিশঃ সর্বাঃ ক্ষত্তারং বাক্যমব্রবীৎ ॥৪২॥
বিদ্ধি ক্ষত্তর্মহাপ্রাজ্ঞ! ত্বং গতির্ভরতর্ষভ!।
মমানাথস্য সুভৃশং পুত্রৈর্হীনস্য সর্বশঃ ॥৪৩॥
এবমুক্ত্বা ততো ভূয়ো বিসংজ্ঞো নিপপাত হ।
তং তথা পতিতং দৃষ্ট্বা বান্ধবা যেঽস্য কেচন ॥৪৪॥
শীতৈস্তে সিষিচুস্তোয়ৈর্বিব্যজুর্ব্যজনৈরপি।
স তু দীর্ঘেণ কালেন প্রত্যাশ্বস্তো নরাধিপঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
তূষ্ণীমাসীন্মহীপালঃ পুত্রব্যসনকর্শিতঃ।
নিশ্বসন্ জিহ্মগ ইব কুম্ভক্ষিপ্তোঽভবন্নৃপঃ ॥৪৬॥
সঞ্জয়োঽপ্যরুদত্তত্র দৃষ্ট্বা রাজানমাতুরম্।
তথা সর্বাঃ স্ত্রিয়শ্চৈব গান্ধারী চ যশস্বিনী ॥৪৭॥

ভারতকৌমুদী

লব্ধ্বেতি। বেপমানঃ কম্পমানঃ। ক্ষত্তারং বিদুরম্ ॥৪২॥
বিদ্ধীতি। বিদ্ধি জানীহি, হে ক্ষত্তঃ! বিদুর! গতিরাশ্রয়ঃ। সর্বশঃ সর্বৈঃ ॥৪৩॥
এবমিতি। বিসংজ্ঞঃ অচেতনঃ। বিব্যজুর্বায়ুস্পৃষ্টং চক্রুঃ ॥৪৪—৪৫॥
তূষ্ণীমিতি। পুত্রব্যসনকর্শিতঃ পুত্রশোকাকুলঃ। জিহ্মগঃ সর্পঃ ॥৪৬॥
সঞ্জয় ইতি। আতুরং পুত্রশোকেন পীড়িতম্ ॥৪৭॥

পরে অতিদুঃখিত ধৃতরাষ্ট্র চৈতন্য লাভ করিয়া কাঁপিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিপাতপূর্বক বিদুরকে এই কথা বলিলেন—॥৪২॥

'ভরতশ্রেষ্ঠ মহাপ্রাজ্ঞ বিদুর! আমার সমস্ত পুত্র গিয়াছে, আমি এখন একেবারে অনাথ হইয়া পড়িয়াছি। সুতরাং এখন তুমিই আমার অবলম্বন' ॥৪৩॥

এই কথা বলিয়া রাজা পুনরায় অচৈতন্য হইয়া পড়িলেন। তাঁহাকে সেইভাবে পতিত দেখিয়া—সেখানে উঁহার যে কেহ বান্ধব ছিল, তাহারা শীতল জলসেক ও ব্যজনসঞ্চালন করিতে লাগিল। তাহার পর রাজা দীর্ঘ কালে চৈতন্য লাভ করিলেন ॥৪৪—৪৫॥

রাজা তখন পুত্রশোকে আকুল হইয়া নীরব থাকিলেন এবং কলসমধ্যস্থাপিত সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥৪৬॥

(৪৩) বিদ্বন্! ক্ষত্তঃ!···পি বা সো। (৪৪) এবমুক্ত্বা পুনর্ভূয়ো···পি। (৪৬) তূষ্ণীং দধ্যৌ মহীপালঃ···পি সো।

CENTRAL LIBRARY

ততো দীর্ঘেণ কালেন বিদুরং বাক্যমব্রবীৎ।
ধৃতরাষ্ট্রো নরশ্রেষ্ঠ! মুহ্যমানো মুহুর্মুহুঃ ॥৪৮॥
গচ্ছন্তু যোষিতঃ সর্ব্বা গান্ধারী চ যশস্বিনী।
তথেমে সুহৃদঃ সর্ব্বে মুহ্যতে মে মনো ভৃশম্ ॥৪৯॥
এবমুক্তস্ততঃ ক্ষত্তা তাঃ স্ত্রিয়ো ভরতর্ষভ!।
বিসর্জয়ামাস শনৈর্মুহ্যমানঃ পুনঃ পুনঃ ॥৫০॥
নিশ্চক্রমুস্ততঃ সর্বাঃ স্ত্রিয়ো ভরতসত্তম!।
সুহৃদশ্চ তথা সর্বে দৃষ্ট্বা রাজানমাতুরম্ ॥৫১॥
ততো নরপতিস্তত্র লব্ধ্বা সংজ্ঞাং পরন্তপঃ।
গতির্মে কো ভবেদদ্য ইতি চিন্তাসমাকুলঃ।
অপৃচ্ছৎ সঞ্জয়ং তত্র রোদমানং ভৃশাতুরম্ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। মুহ্যমানঃ শোকেন মূর্চ্ছাং প্রাপ্নুবন্ ॥৪৮॥
গচ্ছন্ত্বিতি। গচ্ছন্তু স্বস্বস্থানমিতি শেষঃ ॥৪৯॥
এবমিতি। ক্ষত্তা বিদুরঃ। মুহ্যমানঃ শোকেন মোহং প্রাপ্নুবন্ ॥৫০॥
নিরিতি। নিশ্চক্রমুঃ তদ্গৃহান্নির্জগ্মুঃ। আতুরং শোকপীড়িতম্ ॥৫১॥
তত ইতি। ভৃশাতুরং শোকেনাত্যন্তপীড়িতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তখন রাজাকে শোকার্ত্ত দেখিয়া সঞ্জয়ও রোদন করিতে লাগিলেন এবং সমস্ত স্ত্রীলোক, আর যশস্বিনী গান্ধারীও রোদন করিতে থাকিলেন ॥৪৭॥

নরশ্রেষ্ঠ! তাহার পর ধৃতরাষ্ট্র বার বার মূর্চ্ছাপন্ন হইতে থাকিয়া দীর্ঘ কালের পর বিদুরকে এই কথা বলিলেন—॥৪৮॥

'বিদুর! সমস্ত স্ত্রীলোক, যশস্বিনী গান্ধারী এবং বন্ধুগণ সকলে স্বস্বস্থানে গমন করুন; আমার মন বড়ই বিকল হইয়াছে' ॥৪৯॥

ভরতশ্রেষ্ঠ! ধৃতরাষ্ট্র এইরূপ বলিলে, বিদুর বার বার শোকে অধীর হইতে থাকিয়া ধীরে ধীরে সেই স্ত্রীলোকদিগকে বিদায় দিলেন ॥৫০॥

ভরতবংশপ্রধান! তাহার পর সেই স্ত্রীলোকগণ ও সমস্ত বন্ধুগণ রাজাকে শোকার্ত্ত দেখিয়া সেই গৃহ হইতে নির্গত হইলেন ॥৫১॥

তদনন্তর শত্রুসন্তাপক রাজা ধৃতরাষ্ট্র চৈতন্য লাভ করিয়া 'এখন কে আমার

(৪৯)···তথৈতে···ত্রস্যতে মে···পি। (৫০)···বেপমানঃ পুনঃ পুনঃ—পি,···বেপমানাঃ পুনঃ পুনঃ—বা সো। (৫২) ততো নরপতিং তং তু লব্ধসংজ্ঞং পরন্তপ!। অবৈক্ষৎ সঞ্জয়ো দীনো রোদমানং ভৃশাতুরম্॥—পি বা সো।

প্রাঞ্জলিং সঞ্জয়ং দৃষ্ট্বা রোদমানং মুহুর্মুহুঃ।
জ্ঞাতীন্ স্ত্রিয়োঽথ নির্যাপ্য প্রবিশ্য বিদুরঃ পুনঃ ॥৫৩॥
রাজানং শোচমানস্তু তং শোচন্তং মুহুর্মুহুঃ।
সমাশ্বাসয়ত ক্ষত্তা বচসা মধুরেণ হ ॥৫৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে ধৃতরাষ্ট্রপ্রমোহে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।
বিসৃষ্টাস্বথ নারীষু ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
বিললাপ মহারাজ! দুঃখাদ্দুঃখতরং গতঃ ॥১॥

ভারতকৌমুদী

প্রাঞ্জলিমিতি। নির্যাপ্য নির্গমং কারয়িত্বা। ক্ষত্তা বিদুরঃ ॥৫৩—৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অহরর্দ্ধে ॥১২—১৩॥ ততো রাত্রিবৃত্তদর্শনানন্তরম্ ॥১৪—১৭॥ জনঃ করোদেতি দ্বয়োরন্বয়ঃ ॥১৮—১৯॥ অপশ্যামঃ অড়াগমো বিসর্গো বা আর্ষঃ। বৈশম্পায়নবাক্যমিদম্ ॥২০—২২॥ বাক্যেন বচনেন সন্দিগ্ধয়া বাক্যসন্দিগ্ধয়া ॥২৩—৫৪॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

অবলম্বন হইবে' এই চিন্তায় আকুল হইয়া গুরুতর শোকার্ত্ত ও রোদনপ্রবৃত্ত সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥৫২॥

এদিকে বিদুর সঞ্জয়কে অনবরত রোদন করিতে ও কৃতাঞ্জলিপুটে অবস্থান করিতে দেখিয়া সেই জ্ঞাতিগণ ও স্ত্রীলোকগণকে বাহির করিয়া দিয়া পুনরায় প্রবেশ করিয়া মনে মনে শোক করিতে থাকিয়া মধুর বাক্যে অবিরত শোককারী রাজাকে আশ্বস্ত করিতে থাকিলেন ॥৫৩—৫৪॥

(৫৪) প্রাঞ্জলির্নিশ্বসন্তঞ্চ তং নরেন্দ্রং মুহুর্মুহুঃ। সমাশ্বাসয়ত ক্ষত্তা বচসা মধুরেণ হ ॥—পি বা সো।

CENTRAL LIBRARY

সধূমমিব নিশ্বস্য করৌ ধুন্বন্ পুনঃ পুনঃ।
বহু সঞ্চিন্তয়িত্বা তু সঞ্জয়ং বাক্যমব্রবীৎ ॥২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অহোবত মহদ্দুঃখং যদহং পাণ্ডবান্ রণে।
ক্ষেমিণশ্চাব্যয়াংশ্চৈব ত্বত্তঃ সূত! শৃণোমি বৈ ॥৩॥
বজ্রসারময়ং নূনং সুদৃঢ়ং হৃদয়ং মম।
যচ্ছ্রুত্বা নিহতান্ পুত্রান্ দীর্য্যতে ন সহস্রধা ॥৪॥
চিন্তয়িত্বা বচস্তেষাং বালক্রীড়াঞ্চ সঞ্জয়!।
অদ্য চৈব হতান্ শ্রুত্বা দীর্য্যতে মে ভৃশং মনঃ ॥৫॥
অন্ধত্বাদ্যদি পুত্রাণাং ন মে রূপনিদর্শনম্।
পুত্রস্নেহকৃতা প্রীতির্নিত্যমেতেষু ধারিতা ॥৬॥

ভারতকৌমুদী

বিসৃষ্টাস্বিতি। দুঃখাৎ সাধারণাদপি, দুঃখতরমতিদুঃখম্, গতঃ প্রাপ্তঃ ॥১॥
সেতি। ধুন্বন্ সঞ্চালয়ন্। করুণানুভাববিশেষোঽয়ম্ ॥২॥
অহোবতেতি। ক্ষেমিণো রাজ্যলাভেন কুশলিনঃ অব্যয়ান্ অবিনাশান্ ॥৩॥
বজ্রেতি। বজ্রসারময়ং বজ্রস্য স্থিরাংশঘটিতমিব ॥৪॥
চিন্তয়িত্বেতি। তেষাং পুত্রাণাম্। দীর্য্যতে শোকাতিরেকাৎ ॥৫॥
অন্ধত্বাদিতি। রূপনিদর্শনং রূপাবলোকনং জাতমিতি শেষঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! স্ত্রীলোকেরা চলিয়া গেলে, অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র গুরুতর দুঃখিত চিত্তে বিলাপ করিতে লাগিলেন ॥১॥

তিনি বার বার ধূমযুক্ত নিশ্বাসই যেন ত্যাগ করিয়া হস্তসঞ্চালন করিতে থাকিয়া বহু বিষয় ভাবিয়া সঞ্জয়কে এই সকল কথা বলিলেন ॥২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! কি গুরুতর দুঃখ! যে হেতু আমি তোমার মুখ হইতে যুদ্ধে পাণ্ডবগণকে কুশলী ও অবিনষ্ট শুনিতেছি ॥৩॥

আমার হৃদয়টা নিশ্চয়ই বজ্রসারঘটিতের ন্যায় সুদৃঢ়। যে হেতু পুত্রগণকে নিহত শুনিয়াও সহস্রধা বিদীর্ণ হইতেছে না ॥৪॥

সঞ্জয়! পুত্রগণের বাক্য ও বালক্রীড়া স্মরণ করিয়া আজ আবার তাহাদিগকে নিহত শুনিয়া আমার হৃদয় একেবারে ফাটিয়া যাইতেছে ॥৫॥

---

(২) স মূঢ় ইব···পি, বিচিন্ত্য চ মহারাজ! ততো বচনমব্রবীৎ—পি বা সো।

CENTRAL LIBRARY

বালভাবমতিক্রম্য যৌবনস্থাংশ্চ তানহম্ ।
শ্রিয়ং প্রাপ্তাংশ্চ তান্ শ্রুত্বা হৃষ্ট আসং তদানঘ ! ॥৭॥
তানদ্য নিহতান্ শ্রুত্বা হতৈশ্বর্য্যান্ হতৌজসঃ ।
ন লভেয়ং ক্বচিচ্ছান্তিং পুত্রাধিভিরভিপ্লুতঃ ॥৮॥
এহ্যেহি বৎস ! রাজেন্দ্র ! মমানাথস্য পুত্রক ! ।
ত্বয়া হীনো মহাবাহো ! কাং নু যাস্যাম্যহং গতিম্ ॥৯॥
কথং ত্বং পৃথিবীপালাংস্ত্যক্ত্বা তাত ! সমাগতান্ ।
শেষে বিনিহতো ভূমৌ প্রাকৃতঃ কুনৃপো যথা ॥১০॥

ভারতকৌমুদী

বালেতি। বালভাবং শৈশবম্। শ্রিয়ং রাজ্যাদিসম্পদম্। শ্রুত্বেত্যন্বয়ঃ ॥৭॥
তানিতি। পুত্রাধিভিঃ পুত্রনাশজনিতমনোব্যথাভিঃ, অভিপ্লুত আক্রান্তঃ ॥৮॥
এহীতি। হে রাজেন্দ্র ! দুর্য্যোধন ! । কাং গতিমবস্থাম্ ॥৯॥
কথমিতি। শেষে স্বপিষি। প্রাকৃতো নীচঃ, কুনৃপঃ প্রজাভির্বিনিহতঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

বিস্পষ্টাস্বিতি ॥১॥ সধূমমিব অত্যুষ্ণমিত্যর্থঃ ॥২॥ পাণ্ডবাঃ ক্ষেমিণ ইত্যেকং দুঃখম্, স্বীয়াশ্চ সর্ব্বে নিহতা ইত্যপরম্; তে দ্বে আহ—দ্বাভ্যাং অহো ইতি ॥৩—৪॥ বয়ঃ এতাবৎ কালপর্য্যন্তং প্রৌঢ়ত্বম্ ॥৫—৯॥ প্রাকৃতো নীচঃ, কুনৃপঃ কুৎসিতান্ নরান্ পাতীতি নীচ-

অন্ধ বলিয়া যদিও আমার পুত্রগণের রূপদর্শন ঘটে নাই, তথাপি তাহাদের উপরে আমার পুত্রস্নেহ ও প্রীতি সর্বদাই ছিল ॥৬॥

নিষ্পাপ সঞ্জয় ! পুত্রেরা শৈশব অতিক্রম করিয়া যখন যৌবনে উপনীত হইয়াছিল এবং রাজ্যপ্রভৃতি সম্পদ্ লাভ করিয়াছিল, তখন আমি তাহা শুনিয়া আনন্দিত হইয়াছিলাম ॥৭॥

আজ তাহাদিগকে হততেজা, হতসম্পদ্ ও নিহত শুনিয়া শোকে আক্রান্ত থাকিয়া কখনও শান্তি পাইব না ॥৮॥

বৎস ! রাজশ্রেষ্ঠ ! অনাথ ধৃতরাষ্ট্রের পুত্র ! দুর্য্যোধন ! আয় আয় । মহাবাহু ! তুই না থাকায় আমার কি দশা হইবে ॥৯॥

বৎস ! তুই সমাগত রাজগণকে পরিত্যাগ করিয়া নিহত হইয়া নীচ কুরাজার ন্যায় কেন ভূতলে শয়ন করিয়াছিস্ ॥১০॥

(৭)···মধ্যপ্রাপ্তাংস্ততঃ শ্রুত্বা···পি,···মধ্যপ্রাপ্তাংস্তথা শ্রুত্বা···বা সো। (৮)···হতৈশ্বর্য্যান্ হতৌজসঃ···ন লভে···পুত্রশোকৈঃ···পি। (৯) এহ্যেহি পুত্র ! রাজেন্দ্র ! মমানাথস্য সাম্প্রতম্ পি বা সো।

গতির্ভূত্বা মহারাজ! জ্ঞাতীনাং সুহৃদাং তথা।
অন্ধং বৃদ্ধঞ্চ মাং বীর! বিহায় ক্ব নু যাস্যসি ॥১১॥
সা কৃপা সা চ তে প্রীতিঃ সা চ রাজসু মানিতা।
কথং ত্বং নিহতঃ পার্থৈঃ সংযুগেষ্বপরাজিতঃ ॥১২॥
কো নু মামুত্থিতঃ কালে তাত! তাতেতি বক্ষ্যতি।
মহারাজেতি সততং লোকনাথেতি চাসকৃৎ ॥১৩॥
পরিষ্বজ্য চ কং কণ্ঠে স্নেহেন ক্লিন্নলোচনঃ।
অনুশাস্তাস্মি কৌরব্য! তৎ সাধু বদ মে বচঃ ॥১৪॥
ননু নামাহমশ্রৌষং বচনং তব পুত্রক!।
ভূয়সী মম পৃথ্বীয়ং যথা পার্থস্য নো তথা ॥১৫॥

ভারতকৌমুদী

গতিরিতি। গতিরবলম্বনম্। বৃদ্ধকেতি চকারাৎ জ্ঞাতীন্ সুহৃদশ্চ ॥১১॥
সেতি। রাজসু মধ্যে, মানিতা অভিমানঃ। সংযুগেষু যুদ্ধেষু ॥১২॥
ক ইতি। উত্থিতঃ শয্যাত ইতি শেষঃ, কালে প্রভাতসময়ে ॥১৩॥
পরীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। স্নেহেন স্নেহাশ্রুণা। অনুশাস্তাস্মি উপদেক্ষ্যামি ॥১৪॥
নন্বিতি। ভূয়সী বিপুলা। পার্থস্য যুধিষ্ঠিরস্য, নো ন ॥১৫॥

মহারাজ বীর দুর্য্যোধন! তুই জ্ঞাতি ও বন্ধুবর্গের অবলম্বন হইয়া এখন তাহাদিগকে এবং অন্ধ ও বৃদ্ধ আমাকে পরিত্যাগ করিয়া কোথায় যাইবি ॥১১॥

দুর্য্যোধন! তোর সেইরূপ দয়া, সেইরূপ প্রীতি এবং রাজগণমধ্যে সেইরূপ অভিমান ছিল। তা'র পর বৎস! তুই যুদ্ধে কখনও পরাজিত হইস্ নাই; কিন্তু এখন পাণ্ডবদের হস্তে কেন নিহত হইলি ॥১২॥

হায়! বৎস! প্রত্যহ প্রভাতকালে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া আর কে আমাকে বার বার 'তাত! মহারাজ! লোকনাথ!' এই কথা বলিবে ॥১৩॥

কৌরবনন্দন! আমি স্নেহাশ্রুজলে আর্দ্রনয়ন হইয়া কণ্ঠে আলিঙ্গন করিয়া আর কাহাকে কর্ত্তব্যের উপদেশ দিব, সেই কথা আমার নিকট ভাল করিয়া বল ॥১৪॥

পুত্র! আমি তোমার নিকট শুনিতাম যে, 'আমার রাজ্য যেমন বিশাল, যুধিষ্ঠিরের রাজ্য তেমন বিশাল নহে ॥১৫॥

(১১)···বিহায় কাভিগচ্ছসি—পি সো। (১২)··নিহতঃ পাপৈঃ··পি। (১৩)··· রাজন্! সুমানিতা···পি বা সো। (১৪)··মাং কণ্ঠে···অনুশাধীতি···পি বা সো।

CENTRAL LIBRARY

ভগদত্তঃ কৃপঃ শল্য আবন্ত্যোঽথ জয়দ্রথঃ।
ভূরিশ্রবাঃ সোমদত্তো মহারাজশ্চ বাহ্লিকঃ ॥১৬॥
অশ্বত্থামা চ ভোজশ্চ মাগধশ্চ মহাবলঃ।
বৃহদ্বলশ্চ ক্রাথশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ ॥১৭॥
ম্লেচ্ছাশ্চ শতসাহস্রাঃ শকাশ্চ যবনৈঃ সহ।
সুদক্ষিণশ্চ কাম্বোজস্ত্রিগর্ত্তাধিপতিস্তথা ॥১৮॥
ভীষ্মঃ পিতামহশ্চৈব ভারদ্বাজোঽথ গৌতমঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ শতায়ুশ্চাপি বীর্য্যবান্ ॥১৯॥
জলসন্ধোঽথার্য্যশৃঙ্গী রাক্ষসশ্চাপ্যলায়ুধঃ।
অলম্বুষো বীরবাহুঃ সুবাহুশ্চ মহারথঃ ॥২০॥
এতে চান্যে চ বহবো রাজানো রাজসত্তম!।
মদর্থং প্রহরিষ্যন্তি প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ॥২১॥ (কুলকম্)
তেষাং মধ্যে স্থিতো যুদ্ধে ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।
যোধয়িষ্যাম্যহং পার্থান্ পাঞ্চালাংশ্চৈব সর্ব্বশঃ ॥২২॥
চেদীংশ্চ নৃপশার্দ্দূল! দ্রৌপদেয়াংশ্চ সংযুগে।
সাত্যকিং কুন্তিভোজঞ্চ রাক্ষসঞ্চ ঘটোৎকচম্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভগেতি। আবন্ত্যঃ অবন্তিরাজো বিন্দোঽনুবিন্দশ্চ। ভোজস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা, মাগধো মগধরাজো জয়ৎসেনঃ। ত্রিগর্ত্তাধিপতিঃ সুশর্ম্মা। ভারদ্বাজো দ্রোণঃ, গৌতমঃ কৃপ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। আর্য্যশৃঙ্গিঃ ঋষ্যশৃঙ্গপুত্রঃ। প্রাণান্ প্রাণমমতাম্ ॥১৬—২১॥

তেষামিতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥২২—২৩॥

রাজশ্রেষ্ঠ! ভগদত্ত, গৌতম কৃপাচার্য্য, শল্য, অবন্তিরাজ বিন্দ ও অনুবিন্দ, জয়দ্রথ, ভূরিশ্রবা, সোমদত্ত, মহারাজ বাহ্লিক, অশ্বত্থামা, কৃতবর্ম্মা, মগধরাজ মহাবল জয়ৎসেন, বৃহদ্বল, ক্রাথ, সুবলপুত্র শকুনি, শতসহস্র ম্লেচ্ছ, শক ও যবন, কাম্বোজরাজ সুদক্ষিণ, ত্রিগর্ত্তদেশাধিপতি সুশর্ম্মা, পিতামহ ভীষ্ম, দ্রোণ, শ্রুতায়ু, অচ্যুতায়ু, বলবান্ শতায়ু, জলসন্ধ, ঋষ্যশৃঙ্গপুত্র রাক্ষস অলায়ুধ, অলম্বুষ, বীরবাহু ও মহারথ সুবাহু ইঁহারা এবং অন্যও বহুতর রাজা ধন ও প্রাণের মমতা ত্যাগ করিয়া আমার জন্য যুদ্ধ করিবেন ॥১৬—২১॥

(১৭)···বৃহদ্বলঃ কাশীশশ্চ ··পি,···বৃহদ্বলশ্চ কাশীশঃ··বা সো। (১৮)··বাহুসাহস্রাঃ··· পি বা সো। (২০)···অলম্বুষো মহাবাহু···সো,···সুবাহুশ্চ মহাবলঃ—পি।

CENTRAL LIBRARY

একোঽপ্যেষাং মহারাজ! সমর্থঃ সন্নিবারণে।
সমরে পাণ্ডবেয়ানাং সংক্রুদ্ধো হ্যভিধাবতাম্।
কিং পুনঃ সহিতা বীরাঃ কৃতবৈরাশ্চ পাণ্ডবৈঃ ॥২৪॥
অথবা সর্ব এবৈতে পাণ্ডবস্যানুযায়িভিঃ।
যোৎস্যন্তে সহ রাজেন্দ্র! হনিষ্যন্তি চ তান্ মৃধে ॥২৫॥
কর্ণ একো ময়া সার্দ্ধং নিহনিষ্যতি পাণ্ডবান্।
তে বৈ নৃপতয়ো বীরাঃ স্থাস্যন্তি মম শাসনে ॥২৬॥
যশ্চ তেষাং প্রণেতা বৈ বাসুদেবো মহাবলঃ।
ন স সংনহ্যতে রাজন্নিতি মামব্রবীদ্বচঃ ॥২৭॥

ভারতকৌমুদী

এক ইতি। এষাং প্রাগুক্তানাং ভগদত্তাদীনাং মধ্যে। সহিতা মিলিতাঃ। ষট্‌পাদঃ ॥২৪॥
অথবেতি। পাণ্ডবস্য পাণ্ডবগণস্য। মৃধে যুদ্ধে ॥২৫॥
নন্থ তে যদি যুদ্ধমেব ন করিষ্যন্তীত্যাহ কর্ণ ইতি। শাসনে আদেশে ॥২৬॥
য ইতি। প্রণেতা পরিচালকঃ। সংনহ্যতে যুদ্ধসজ্জাং করিষ্যতি। অব্রবীৎ—যুদ্ধোদ্‌যোগকালে দ্বারকায়ামর্জ্জুনস্য মম চান্তিকে বাসুদেব এব। ইত্যন্তো দুর্য্যোধনবাক্যানুবাদঃ ॥২৭॥

রাজশ্রেষ্ঠ! আমি রণস্থলে তাঁহাদের মধ্যে থাকিয়া ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া সমস্ত পাণ্ডব, পাঞ্চাল, চেদি, দ্রৌপদীর পুত্র, সাত্যকি, কুন্তিভোজ ও রাক্ষস ঘটোৎকচের সহিত যুদ্ধ করিব ॥২২—২৩॥

মহারাজ! ইঁহাদের মধ্যে এক জনও ক্রুদ্ধ হইয়া যুদ্ধে অভিমুখে ধাবিত পাণ্ডবগণকে নিবারণ করিতে সমর্থ হন; তাহাতে পাণ্ডবগণের সহিত কৃতবৈর এই বীরেরা সকলে মিলিত হইয়া যে সমর্থ হইবেন, সে বিষয়ে আর বক্তব্য আছে কি ॥২৪॥

অথবা রাজশ্রেষ্ঠ! ইঁহারা সকলেই পাণ্ডবগণের অনুগামী যোদ্ধাদের সহিত যুদ্ধ করিবেন এবং যুদ্ধে তাহাদিগকে বধও করিবেন ॥২৫॥

তা'র পর এক কর্ণই আমার সহিত মিলিত হইয়া পাণ্ডবগণকে বধ করিবেন এবং সেই বীর রাজারাও নিশ্চয়ই আমার আদেশের অধীন থাকিবেন ॥২৬॥

রাজা! তা'র পর মহাবল যে কৃষ্ণ পাণ্ডবগণের পরিচালক, তিনি ত যুদ্ধসজ্জাই করিবেন না; একথা তিনিই আমাকে বলিয়াছেন' ॥২৭॥

---

(২৪)···সমর্থোঽস্মি নিবারণে···বা। (২৬) কর্ণস্ত্বেকঃ···পি বা সো,···ততো নৃপতয়ঃ ···পি সো। (২৭)···ন শস্ত্রমুদ্যতে রাজন্!···পি।

CENTRAL LIBRARY

এবঞ্চ বদতঃ সূত ! বহুশো মম সন্নিধৌ ।
যুক্তিতো হ্যনুপশ্যামি নিহতান্ পাণ্ডবান্ রণে ॥২৮॥
তেষাং মধ্যে স্থিতা যত্র হন্যন্তে মম পুত্রকাঃ ।
ব্যায়চ্ছমানাঃ সমরে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥২৯॥
ভীষ্মশ্চ নিহতো যত্র লোকনাথঃ প্রতাপবান্ ।
শিখণ্ডিনং সমাসাদ্য মৃগেন্দ্র ইব জম্বুকম্ ॥৩০॥
দ্রোণশ্চ ব্রাহ্মণো যত্র সর্বশস্ত্রাস্ত্রপারগঃ ।
নিহতঃ পাণ্ডবৈঃ সংখ্যে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩১॥
কর্ণশ্চ নিহতঃ সংখ্যে দিব্যাস্ত্রজ্ঞো মহাবলঃ ।
ভূরিশ্রবা হতো যত্র সোমদত্তশ্চ সংযুগে ।
বাহ্লিকশ্চ মহারাজঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩২॥

ভারতকৌমুদী

ধৃতরাষ্ট্রঃ স্বয়মাহ এবমিতি। বদতো দুর্য্যোধনস্য যুক্তিত ইতি সম্বন্ধঃ ॥২৮॥
তেষামিতি। যত্র যেন হেতুনা। এবমন্যত্র। ব্যায়চ্ছমানা যুদ্ধব্যায়ামং কুর্ব্বাণাঃ ॥২৯॥
ভীষ্ম ইতি। লোকনাথো জননেতা। মৃগেন্দ্রঃ সিংহঃ, জম্বুকং শৃগালম্ ॥৩০॥
দ্রোণ ইতি। সন্নিধৌ হিংসাসাধকং শস্ত্রম্, দূরে ক্ষেপেণ হিংসাসাধকঞ্চাস্ত্রম্ ॥৩১॥
কর্ণ ইতি। দিব্যাস্ত্রজ্ঞঃ অলৌকিকাস্ত্রবিৎ। ভাগধেয়তো দৈবাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩২॥

সঞ্জয় ! দুর্য্যোধন আমার নিকটে এইরূপ বহুতর কথা বলিত। তখন আমিও তাহার যুক্তিপ্রদর্শনে সম্ভাবনা করিতাম যে, পাণ্ডবেরা নিহত হইয়াছে ॥২৮॥

আমার পুত্রেরা তাঁহাদের মধ্যে থাকিয়া যুদ্ধ করিতে করিতে যখন নিহত হইয়াছে, তখন ভাগ্য ভিন্ন অন্য কোন্ কারণ বলা যাইতে পারে ॥২৯॥

সিংহ যেমন শৃগালের নিকটে যাইয়া নিহত হয়, সেইরূপ জননেতা ও প্রতাপশালী ভীষ্ম যখন শিখণ্ডীর নিকটে যাইয়া নিহত হইয়াছেন, তখন দৈব ছাড়া অপর কি কারণ হইতে পারে ॥৩০॥

সর্ব্বশস্ত্রাস্ত্রপারগামী ব্রাহ্মণ দ্রোণকে যখন পাণ্ডবেরা যুদ্ধে নিহত করিয়াছে, তখন অদৃষ্ট ভিন্ন আর কি কারণ বলিতে পারি ॥৩১॥

দিব্যাস্ত্রজ্ঞ ও মহাবল কর্ণ, ভূরিশ্রবা ও মহারাজ বাহ্লিক যখন যুদ্ধে নিহত হইয়াছেন, তখন ভাগ্য ব্যতীত অন্য কি কারণ বলা যায় ॥৩২॥

(২৮) তস্যাহং বদতঃ…পি…শক্তিতো হ্যনুপশ্যামি…পি সো। (৩১)…সর্ব্বশস্ত্রবিশারদঃ…পি।

CENTRAL LIBRARY

ভগদত্তো হতো যত্র গজযুদ্ধবিশারদঃ।
জয়দ্রথশ্চ নিহতঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৩॥
সুদক্ষিণো হতো যত্র জলসন্ধশ্চ পৌরবঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৪॥
মহাবলস্তথা পাণ্ড্যঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ।
নিহতঃ পাণ্ডবৈঃ সংখ্যে কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৫॥
বৃহদ্বলো হতো যত্র মাগধশ্চ মহাবলঃ।
উগ্রায়ুধশ্চ বিক্রান্তঃ প্রতিমানং ধনুষ্মতাম্ ॥৩৬॥
আবন্ত্যো নিহতো যত্র ত্রৈগর্ত্তশ্চ জনাধিপঃ।
সংশপ্তকাশ্চ নিহতাঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৭॥
অলম্বুষস্তথা রাজা রাক্ষসশ্চাপ্যলায়ুধঃ।
আর্ষ্যশৃঙ্গিশ্চ নিহতঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

ভগেতি। অন্যৎ হননে কারণমিতি শেষঃ। এবমন্যত্র ॥৩৩॥
সুদক্ষিণ ইতি। পৌরবঃ পুরুবংশীয়ঃ, জলসন্ধো নাম ॥৩৪॥
মহেতি। পাণ্ড্যো নাম রাজা। সংখ্যে যুদ্ধে ॥৩৫॥
বৃহদিতি। মাগধো জয়ৎসেনঃ। প্রতিমানম্ উপমাস্থানম্ ॥৩৬॥
আবন্ত্য ইতি। আবন্ত্যঃ অবন্তিরাজো বিন্দোঽনুবিন্দশ্চ, ত্রৈগর্ত্তঃ সুশর্ম্মা ॥৩৭॥
অলেতি। রাজা রাক্ষসাধিপতিঃ। আর্ষ্যশৃঙ্গিঃ ঋষ্যশৃঙ্গপুত্রঃ ॥৩৮॥

হস্তিযুদ্ধবিশারদ ভগদত্ত ও জয়দ্রথ যখন নিহত হইয়াছেন, তখন তাহাতে দৈব ভিন্ন অন্য কোন্ কারণ থাকিতে পারে ॥৩৩॥

কাম্বোজরাজ সুদক্ষিণ, পুরুবংশীয় জলসন্ধ, শ্রুতায়ু ও অচ্যুতায়ু যখন নিহত হইয়াছেন, তখন ভাগ্য ছাড়া আর কি বলা যায় ॥৩৪॥

পাণ্ডবেরা যুদ্ধে মহাবল ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ পাণ্ড্যরাজাকে যে বধ করিয়াছে, সে বিষয়ে দৈব ভিন্ন অন্য কোন্ কারণ হইতে পারে ॥৩৫॥

বৃহদ্বল, মহাবল জয়ৎসেন এবং বিক্রমশালী ও ধনুর্দ্ধরগণের উপমাস্থল উগ্রায়ুধ যে নিহত হইয়াছেন, তাহাতেও দৈবই কারণ ॥৩৬॥

অবন্তিরাজ বিন্দ ও অনুবিন্দ, ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা এবং সংশপ্তকসৈন্যেরা যখন নিহত হইয়াছেন, তখন অদৃষ্ট ভিন্ন অন্য কোন্ কারণ বলা যাইতে পারে ॥৩৭॥

কৃত্বেতি। সেনায়াঃ প্রণেতারং পতিম্। অভিগুপ্তাঃ সর্ব্বতো রক্ষিতাঃ ॥৬॥
তত ইতি। রথবরোত্তমং মহারথশ্রেষ্ঠম্। শোভনানি অঙ্গানি যস্য তং স্বঙ্গম্, প্রচ্ছন্নশিরসং কেশাবৃতমস্তকম্, কম্বুগ্রীবং শঙ্খবত্রিরেখান্বিতকণ্ঠম্। ব্যাকোষং প্রস্ফুটিতং যৎ পদ্মং তস্য পত্রে দলে ইব অক্ষিণী চক্ষুষী যস্য তম্, ব্যাঘ্রস্যেব আস্যং ভীষণং মুখং যস্য তম্, মেরোঃ

মহারথ শল্য, চিত্রসেন, শকুনি, অশ্বত্থামা, কৃপ, সাত্বতবংশীয় কৃতবর্ম্মা, সুষেণ, অরিষ্টসেন, বলবান্ ধৃতসেন, জয়ৎসেন এবং অন্যান্য রাজা সেই সমস্ত শিবিরেই রাত্রিতে বাস করিলেন ॥২—৩॥

রাজা! মহাবীর কর্ণ নিহত হইলে, আপনার পুত্রেরা বিজয়শোভী পাণ্ডবগণের ভয়ে হিমালয়পর্ব্বতে না যাইয়া শান্তিই পান নাই, (তাই সেস্থানে গিয়াছিলেন) ॥৪॥

রাজা! ক্রমে কৌরবেরা যুদ্ধে আগ্রহান্বিত ও সম্মিলিত হইয়া যথাবিধানে সম্মান করিয়া শল্যের সন্নিধানে রাজা দুর্য্যোধনকে বলিলেন—॥৫॥

'মহারাজ! আপনি সেনাপতি নির্ব্বাচন করিয়া যুদ্ধ করুন, যাঁহার প্রভাবে আমরা সর্ব্বতোভাবে রক্ষিত থাকিয়া শত্রুগণকে জয় করিব' ॥৬॥

(৩) সুষেণো বিষ্ণুসেনশ্চ···পি।

স্থাণোর্বৃষস্য সদৃশং স্কন্ধনেত্রগতিস্বরৈঃ।
পুষ্টশ্লিষ্টায়তভুজং সুবিস্তীর্ণবরোরসম্ ॥৯॥
বলে জবে চ সদৃশমরুণানুজবাতয়োঃ।
আদিত্যস্যার্চ্চিষা তুল্যং বুদ্ধ্যা চোশনসা সমম্ ॥১০॥
কান্তিরূপমুখৈশ্বর্য্যৈস্ত্রিভিশ্চন্দ্রমসা সমম্।
কাঞ্চনোপলসংঘাতৈঃ সদৃশং শ্লিষ্টসন্ধিকম্ ॥১১॥
সুবৃত্তোরুকটীজঙ্ঘং সুপাদং স্বঙ্গুলীনখম্।
স্মৃত্বা স্মৃত্বৈব তু গুণান্ ধাত্রা যত্নাদ্বিনির্ম্মিতম্ ॥১২॥
সর্বলক্ষণসম্পন্নং নিপুণং শ্রুতিসাগরম্।
জেতারং তরসাহরীণামজেয়মরিভির্বলাৎ ॥১৩॥
দশাঙ্গং যশ্চতুষ্পাদমিষ্বস্ত্রং বেদ তত্ত্বতঃ।
সাঙ্গাংস্তু চতুরো বেদান্ সম্যগাখ্যানপঞ্চমান্ ॥১৪॥
আরাধ্য ত্র্যম্বকং যত্নাদ্ব্রতৈরুগ্রৈর্মহাতপাঃ।
অযোনিজায়ামুৎপন্নো দ্রোণেনাযোনিজেন যঃ ॥১৫॥

ভারতকৌমুদী

পর্বতস্যেব গৌরবং ভারো যস্য তম্। স্থাণোঃ শিবস্য। পুষ্টৌ পীনৌ শ্লিষ্টৌ সুঘটিতৌ আয়তৌ দীর্ঘৌ চ ভুজৌ যস্য তম, সুবিস্তীর্ণং বরমুত্তমঞ্চ উরো বক্ষো যস্য তম্। জবে বেগে, অরুণানুজো গরুড়ঃ বাতো বায়ুশ্চ তয়োঃ। অর্চ্চিষা তেজসা, উশনসা শুক্রাচার্য্যেণ। ত্রিভিঃ,

ভারতভাবদীপঃ

অথেতি। প্রস্থে শিখরে ॥১—২॥ ততস্তত্র ॥৩—৬॥ সর্বেষাং যুদ্ধগতানাং বিবিধানাং ভাবানামভিপ্রায়াণাং জ্ঞং সর্বযুদ্ধবিভাবজ্ঞম্ ॥৭॥ স্বঙ্গং শোভনাঙ্গম্ ॥৮॥ স্থাণোঃ সম্বন্ধিনো বৃষস্য ॥৯॥ অর্চ্চিষা জ্যোতিষা তুল্যং তুল্যতেজসম্ অর্চ্চিষা আদিত্যস্য তুল্যমিতি বা ॥১০—১৩॥ দশাঙ্গম্—"ব্রতং প্রাপ্তির্ধৃতিঃ পুষ্টিঃ স্মৃতিঃ ক্ষেপোঽরিভেদনম্। চিকিৎসোদ্দীপনং কৃষ্টিরিষ্বস্ত্রং স্যাদ্দশাঙ্গকম্॥ দীক্ষা শিক্ষা স্বরক্ষা চ এতৎসাধনমেব চ। ধনুর্বেদস্য চত্বার এতে পাদাঃ

নরনাথ! তাহার পর আপনার পুত্র দুর্য্যোধন রথারোহণ করিয়া অশ্বত্থামার নিকটে যাইয়া তাঁহাকে বলিলেন—। অশ্বত্থামা মহারথশ্রেষ্ঠ, সমস্ত যুদ্ধের বিভাগ জানেন, যুদ্ধে যমের তুল্য, তাহার অঙ্গ সকল সুন্দর, মস্তকটী কেশাবৃত, কণ্ঠদেশ শঙ্খের ন্যায় ত্রিরেখান্বিত, নয়ন দুইটী প্রস্ফুটিত পদ্মদলের তুল্য, মুখখানা ব্যাঘ্রের মুখের ন্যায় ভীষণ, দেহের ভার সুমেরুপর্ব্বতের ভারের সমান, স্কন্ধ, নয়ন, গমন ও কণ্ঠস্বর শিবের বৃষের ঐ সকলের সদৃশ, বাহুযুগল স্থূল, দীর্ঘ ও সুঘটিত, বক্ষস্থল

(৯)···সুবিস্তীর্ণঘনোরসম্—পি বা সো। (১৩)···অজেয়ং শত্রুভির্বলাৎ—পি বা সো।

CENTRAL LIBRARY

তমপ্রতিমকর্ম্মাণং রূপেণাপ্রতিমং ভুবি।
পারগং সর্ববিদ্যানাং গুণার্ণবমনিন্দিতম্।
তমভ্যেত্যাত্মজস্তভ্যমশ্বত্থামানমব্রবীৎ ॥১৬॥ (কুলকম্)
গুরুপুত্রাস্ত সর্বেষামস্মাকং পরমা গতিঃ।
ভবাংস্তস্মান্নিয়োগাত্তে কোঽস্তু সেনাপতির্মম।
যং পুরস্কৃত্য সহিতা যুধি জেষ্যাম পাণ্ডবান্ ॥১৭॥

ভারতকৌমুদী

কান্তিঃ রূপং মুখঞ্চেতি ঐশ্বর্য্যাণি সম্পদস্তৈঃ। কাঞ্চনোপলসংঘাতৈঃ স্বর্ণপ্রস্তরসমূহৈঃ সদৃশম্। এতেনোত্তমগৌরবর্ণত্বমস্য সূচিতম্। শ্লিষ্টাঃ সুযুক্তাঃ সন্ধয়ঃ অঙ্গসংযোগস্থানানি যস্য তম্। সুবৃত্তা অতিগোলা উরু কটী জঙ্ঘে চ যস্য তম্, শোভনৌ পাদৌ যস্য তম্, শোভনা অঙ্গুল্যো নখাশ্চ যস্য তম্। গুণান্ উপাদানদ্রব্যাণামুৎকর্ষান্। বিনির্ম্মিতমিবেতি প্রতীয়মানা ক্রিয়োৎপ্রেক্ষা। নিপুণং সর্ব্বকার্য্যেষু দক্ষম্, শ্রুতিসাগরং বেদার্ণবম্। তরসা বলেন। দশ অঙ্গানি কর্ণিশিলীমুখাদিপ্রকারা যস্য তৎ, চত্বারঃ পাদাঃ ছেদনদারণগ্রথন-পোথনভেদেনাংশা যস্য তৎ, ইষ্বস্ত্রং বাণাস্ত্রম্, বেদ জানাতি। অঙ্গৈঃ শিক্ষাদিভিঃ ষড়্ভিঃ সহেতি তান্। অঙ্গানি চ—"শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চিতিঃ। জ্যোতিষা-ময়নঞ্চৈব বেদাঙ্গানি বদন্তি ষট্॥" আখ্যানমিতিহাসাদিকং পঞ্চমং যেষাং তান্, চতুরো বেদান্, সম্যগ্বেদেত্যনুবৃত্তিঃ। ত্র্যম্বকং শিবম্। অযোনিজায়াং শারদ্বত্যাম্। অপ্রতিমং নিরুপমং কর্ম্ম যস্য তম্। তুভ্যং তব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭—১৬॥

অতিবিস্তৃত ও সুন্দর, তিনি বলে ও বেগে গরুড় ও বায়ুর তুল্য, তেজে সূর্য্যের সমান, বুদ্ধিতে শুক্রাচার্য্যের সদৃশ, কান্তি রূপ ও মুখে চন্দ্রের ন্যায়, বর্ণে স্বর্ণময়-পাষাণসমূহের তুল্য, তাহার অঙ্গসন্ধি সকল সুঘটিত, উরুযুগল কটীদেশ ও জঙ্ঘাদ্বয় সুগোল, চরণদ্বয় মনোহর এবং অঙ্গুলী ও নখগুলি সুন্দর, বিধাতা যেন যত্নপূর্ব্বক উপাদানদ্রব্যসমূহের গুণ স্মরণ করিয়া করিয়া তাঁহাকে নির্ম্মাণ করিয়াছেন, তিনি প্রিয়ভাষী, সর্ব্বসুক্ষণসম্পন্ন, সর্ব্বকার্য্যে দক্ষ, বেদের সাগর, বলে শত্রুগণের জেতা ও শত্রুগণকে অজেয় এবং যিনি যথার্থরূপে চতুষ্পাদ ও দশবিধ বাণাস্ত্র জানেন, আর যিনি অঙ্গশাস্ত্র ও ইতিহাসাদিশাস্ত্রের সহিত চারিটী বেদ সম্যক্‌রূপে অবগত হইয়াছেন, বিশেষতঃ অযোনিজ দ্রোণ যত্নের সহিত ভীষণ ব্রতসমূহের অনুষ্ঠানপূর্ব্বক শিবের আরাধনা করিয়া অযোনিজা শারদ্বতীর গর্ভে যে মহাতপাকে উৎপাদন করিয়া-ছিলেন, সেই অশ্বত্থামা অতুলনীয়কার্য্যকারী, রূপে জগতে অতুলনীয়, সর্ব্ববিদ্যার পারগামী, গুণের সাগর এবং সর্বপ্রকারে অনিন্দিত ॥৭—১৬॥

(১৬) ··রূপেণাসদৃশং ভুবি···পি বা সো। (১৭) অত্র বিবিধাঃ পাঠভেদা দৃশ্যন্তে।

CENTRAL LIBRARY

দ্রৌণিরুবাচ।

অয়ং কুলেন রূপেণ তেজসা যশসা শ্রিয়া।
সর্বৈর্গুণৈঃ সমুদিতঃ শল্যো নোঽস্তু চমূপতিঃ ॥১৮॥
ভাগিনেয়ান্ নিজাংস্ত্যক্ত্বা কৃতজ্ঞোঽস্মানুপাগতঃ।
মহাসেনো মহাবাহুর্মহাসেন ইবাপরঃ ॥১৯॥
এনং সেনাপতিং কৃত্বা নৃপতিং নৃপসত্তম!।
শক্যঃ প্রাপ্তুং জয়োঽস্মাভির্দেবৈঃ স্কন্দমিবাজিতম্ ॥২০॥
তথোক্তে দ্রোণপুত্রেণ সর্ব এব নরাধিপাঃ।
পরিবার্য্য স্থিতাঃ শল্যং জয়শব্দাংশ্চ চক্রিরে।
যুদ্ধায় চ মতিং চক্রুরাবেশঞ্চ পরং যযুঃ ॥২১॥

ভারতকৌমুদী

গুর্বিতি। গতিরুপায়ঃ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥
অয়মিতি। শ্রিয়া বীরশোভয়া। সমুদিতঃ সম্পন্নঃ, নঃ অস্মাকম্ ॥১৮॥
ভাগীতি। ভাগিনেয়ান্ পাণ্ডবান্। নিজভাগিনেয়য়োর্নকুলসহদেবয়োর্ভ্রাতৃত্বাদ্-যুধিষ্ঠিরাদীনামপি তথাত্বমুক্তম্। মহতী সেনা যস্য সঃ। মহাসেনঃ কার্ত্তিকেয় ইব ॥১৯॥
এনমিতি। এনং শল্যম্। শক্য ইত্যনেন পরাজয়োঽপি সূচিতঃ ॥২০॥
তথেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। আবেশং যুদ্ধাগ্রহম, পরমত্যন্তম্। ষট্পাদঃ ॥২১॥

'গুরুপুত্র! আপনি এখন আমাদের সকলের পরম গতি। অতএব আপনার আদেশে কে সেনাপতি হইবেন, যাঁহাকে অগ্রবর্ত্তী করিয়া ও সম্মিলিত হইয়া আমরা যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব' ॥১৭॥

অশ্বত্থামা বলিলেন—'এই শল্য—কুল, রূপ, তেজ, যশ ও বীরশ্রীপ্রভৃতি সমস্ত-গুণসম্পন্ন। সুতরাং ইনিই আমাদের সেনাপতি হউন ॥১৮॥

এই কৃতজ্ঞ রাজা নিজের ভাগিনেয়গণকে পরিত্যাগ করিয়া আমাদের পক্ষে আসিয়াছেন; ইঁহার বিশাল সৈন্য রহিয়াছে, বিশেষতঃ ইনি দ্বিতীয় কার্ত্তিকের ন্যায় মহাবাহু ॥১৯॥

রাজশ্রেষ্ঠ! দেবতারা যেমন অপরাজিত কার্ত্তিককে সেনাপতি করিয়া জয়লাভ করিতে সমর্থ হইয়াছিলেন, আমরাও তেমন এই রাজাকে সেনাপতি করিয়া জয়লাভ করিতে সমর্থ হইব' ॥২০॥

অশ্বত্থামা সেইরূপ বলিলে, রাজারা সকলেই শল্যকে পরিবেষ্টন করিয়া রহিলেন,

(২১) তথোক্তা দ্রোণপুত্রেণ···পি।

CENTRAL LIBRARY

ততো দুর্য্যোধনঃ শল্যং ভূমৌ স্থিত্বা রথে স্থিতম্।
উবাচ প্রাঞ্জলির্ভূত্বা দ্রোণভীষ্মসমং রণে ॥২২॥
অয়ং স কালঃ সংপ্রাপ্তো মিত্রাণাং মিত্রবৎসল!।
যত্র মিত্রমমিত্রং বা পরীক্ষন্তে বুধা জনাঃ ॥২৩॥
স ভবানস্ত নঃ শূরঃ প্রণেতা বাহিনীমুখে।
রণং যাতে চ ভবতি পাণ্ডবা মন্দচেতসঃ।
ভবিষ্যন্তি সহামাত্যাঃ পাঞ্চালাশ্চ নিরুদ্যমাঃ ॥২৪॥
দুর্য্যোধনবচঃ শ্রুত্বা শল্যো মদ্রাধিপস্তদা।
উবাচ বাক্যং বাক্যজ্ঞো রাজানং রাজসন্নিধৌ ॥২৫॥
যত্র মাং মন্যসে রাজন্! কুরুরাজ! করোমি তৎ।
ত্বৎপ্রিয়ার্থং হি মে সর্বং প্রাণা রাজ্যং ধনানি চ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। ভূমৌ স্থিত্বা বিনয়প্রদর্শনার্থমিতি ভাবঃ ॥২২॥
অয়মিতি। সংপ্রাপ্ত উপস্থিতঃ। অমিত্রং মিত্রবিরোধিনং শত্রুম্ ॥২৩॥
স ইতি। প্রণেতা পরিচালকঃ। ভবতি ত্বয়ি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
দুরিতি। রাজানং দুর্য্যোধনম্, রাজ্ঞামন্যেষাং নৃপতীনাং সন্নিধৌ ॥২৫॥
যত্রেতি। যত্র কর্ম্মণি, মন্যসে যোগ্যমিতি শেষঃ, যোগ্যতয়া নিযোজয়সীত্যর্থঃ ॥২৬॥

জয়ধ্বনি করিলেন, যুদ্ধে অভিলাষী হইলেন এবং যুদ্ধের দিকে অত্যন্ত আবিষ্ট হইয়া পড়িলেন ॥২১॥

তাহার পর দুর্য্যোধন ভূতলে থাকিয়া কৃতাঞ্জলি হইয়া রথস্থিত শল্যের নিকট ভীষ্ম ও দ্রোণকে যেমন বলিয়াছিলেন, সেইরূপ বলিতে লাগিলেন—॥২২॥

'মিত্রবৎসল! মিত্রগণের এই সেই সময় উপস্থিত হইয়াছে, যে সময়ে অভিজ্ঞ লোকেরা মিত্র ও শত্রুর পরীক্ষা করিয়া থাকেন ॥২৩॥

আপনি মহাবীর। সুতরাং আপনি সৈন্যগণের সম্মুখে থাকিয়া আমাদের পরিচালক হউন। আপনি সৈন্যসম্মুখে থাকিয়া যুদ্ধে উপস্থিত হইলে, মন্দমতি পাণ্ডব ও পাঞ্চালেরা অমাত্যগণের সহিতই নিরুদ্যম হইবে' ॥২৪॥

দুর্য্যোধনের বাক্য শুনিয়া বাক্যবিৎ মদ্ররাজ শল্য অন্যান্য রাজাদের সন্নিধানে দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥২৫॥

'কুরুরাজ রাজা! তুমি আমাকে যে কার্য্যে নিযুক্ত করিবে, আমি তাহাই করিব। কারণ, তোমার প্রীতির জন্যই আমার রাজ্য, ধন ও প্রাণপ্রভৃতি সমস্ত ॥২৬॥

(২২)··· রামভীষ্মসমং রণে—পি। (২৬) যত্বং মাং মন্যসে··· পি বা সো।

দুর্য্যোধন উবাচ।

সৈনাপত্যেন বরয়ে ত্বামহং মাতুলাতুলম্।
সোঽস্মান্ পাহি যুধাং শ্রেষ্ঠ! স্কন্দো দেবানিবাহবে ॥২৭॥
অভিষিচ্যস্ব রাজেন্দ্র! দেবানামিব পাবকিঃ।
জহি শত্রূন্ রণে বীর! মহেন্দ্রো দানবানিব ॥২৮॥

সঞ্জয় উবাচ।

এতচ্ছ্রুত্বা বচো রাজ্ঞঃ মদ্ররাজঃ প্রতাপবান্।
দুর্য্যোধনং তদা রাজন্! বাক্যমেতদুবাচ হ ॥২৯॥
দুর্য্যোধন! মহাবাহো! শৃণু বাক্যবিদাং বর!।
যাবেতৌ মন্যসে কৃষ্ণৌ রথস্থৌ রথিনাং বরৌ।
ন মে তুল্যাবুভাবেতৌ বাহুবীর্য্যে কথঞ্চন ॥৩০॥

ভারতকৌমুদী

সৈনেতি। ভ্রাত্রোর্নকুলসহদেবয়োর্মাতুলত্বান্মাতুলেতি সম্বোধনম্। অতুলং বীরম্ ॥২৭॥
অভীতি। পাবকিঃ অগ্নিপুত্রঃ কার্ত্তিকেয়ঃ ॥২৮॥
এতদিতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য। "সপ্রতাপঃ প্রভাবশ্চ যস্তেজঃ কোষদণ্ডজম্" ইত্যমরঃ ॥২৯॥
দুর্য্যোধনেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, রথিনাং বরৌ মন্যসে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

দুর্য্যোধন বলিলেন—'যোদ্ধৃশ্রেষ্ঠ মাতুল! আপনি অতুলনীয় বীর। সুতরাং আমি আপনাকে সেনাপতিরূপে বরণ করিতেছি। অতএব কার্ত্তিক যেমন যুদ্ধে দেবগণকে রক্ষা করিতেন, সেইরূপ আপনি যুদ্ধে আমাদিগকে রক্ষা করুন ॥২৭॥

রাজশ্রেষ্ঠ! কার্ত্তিক যেমন দেবগণের সেনাপতিপদে অভিষিক্ত হইয়াছিলেন, সেইরূপ আপনিও আমাদের সেনাপতিপদে অভিষিক্ত হউন। বীর! তা'র পর ইন্দ্র যেমন দানবগণকে বধ করিতেন, আপনিও তেমন আমাদের শত্রুগণকে বধ করুন' ॥২৮॥

সঞ্জয় কহিলেন—'রাজা! দুর্য্যোধনের এই কথা শুনিয়া তখন প্রতাপশালী শল্য দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥২৯॥

'দুর্য্যোধন! মহাবাহু! বাগ্মিশ্রেষ্ঠ! তুমি এই যে রথারোহী কৃষ্ণ ও অর্জ্জুনকে রথিশ্রেষ্ঠ বলিয়া মনে কর; ইঁহারা কিন্তু বাহুবলে কোন প্রকারেই আমার তুল্য নহেন ॥৩০॥

(২৮) ইতঃ পরম্ '...ষষ্ঠোঽধ্যায়ঃ' পি বা সো, '...পঞ্চমোঽধ্যায়ঃ' নি।

উদ্যতাং পৃথিবীং সর্বাং সসুরাসুরমানবাম্।
যোধয়েয়ং রণমুখে সংক্রুদ্ধঃ কিমু পাণ্ডবান্ ॥৩১॥
বিজেষ্যে চ রণে পার্থান্ সোমকাংশ্চ সমাগতান্।
অহং সেনাপ্রণেতা তে ভবিষ্যামি ন সংশয়ঃ ॥৩২॥
তঞ্চ ব্যূহং বিধাস্যামি ন তরিষ্যন্তি যং পরে।
ইতি সত্যং ব্রবীম্যেষ দুর্য্যোধন! ন সংশয়ঃ ॥৩৩॥
এবমুক্তস্ততো রাজা মদ্রাধিপতিমঞ্জসা।
অভ্যষিঞ্চত সেনায়া মধ্যে ভরতসত্তম!।
বিধিনা শাস্ত্রদৃষ্টেন হৃষ্টরূপো বিশাংপতে! ॥৩৪॥
অভিষিক্তে ততস্তস্মিন্ সিংহনাদো মহানভূৎ।
তব সৈন্যেঽভ্যবাদ্যন্ত বাদিত্রাণি চ ভারত! ॥৩৫॥

ভারতকৌমুদী

উদ্যতামিতি। উদ্যতাং যুদ্ধায়োদ্যুক্তাম্। রণমুখে রণস্বসৈন্যসম্মুখে ॥৩১॥
বীতি। সেনাপ্রণেতা সৈন্যপরিচালকঃ ॥৩২॥
তমিতি। তং তাদৃশম্। তরিষ্যন্তি অতিক্রমিষ্যন্তি, পরে বিপক্ষাঃ ॥৩৩॥
এবমিতি। রাজা দুর্য্যোধনঃ, অঞ্জসা দ্রুতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥
অভীতি। অভিষিক্তে সৈনাপত্যেন, তস্মিন্ মদ্ররাজে ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রকীর্ত্তিতাঃ ॥" ॥১৪—১৫॥ তুভ্যং তব ॥১৬—১৮॥ মহাসেন ইব কার্ত্তিকেয় ইব মহতী সেনা যস্য স মহাসেনঃ ॥১৯—৩২॥ ন তরিষ্যন্তীত্যত্র ন ভবিষ্যন্তীতি পাঠে যং প্রাপ্য ন

আমি ক্রুদ্ধ হইয়া সৈন্যসম্মুখে থাকিয়া যুদ্ধোদ্যত দেবতা, অসুর ও মানুষগণের সহিত সমগ্র পৃথিবীর সঙ্গে যুদ্ধ করিতে পারি, তাহাতে পাণ্ডবদের কথা আর কি বলিব ॥৩১॥

সে যাহা হউক, আমি তোমার সেনাপতি হইব এবং যুদ্ধে সমাগত পাণ্ডব ও সোমকদিগকে জয় করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩২॥

দুর্য্যোধন! আমি সেই প্রকার ব্যূহ নির্ম্মাণ করিব, যাহা বিপক্ষেরা অতিক্রম করিতে পারিবে না, ইহা আমি সত্য বলিতেছি, কোন সন্দেহ নাই' ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ! শল্য এইরূপ বলিলে পর দুর্য্যোধন সত্বর সৈন্যগণমধ্যে শাস্ত্রবিধান অনুসারে হৃষ্টচিত্ত শল্যকে সেনাপতিপদে অভিষিক্ত করিলেন ॥৩৪॥

(৩২) বিজেষ্যামি রণে···নি। (৩৩)···ন করিষ্যন্তি যং পরে · নি। (৩৪)···ক্লিষ্টরূপো বিশাংপতে!—নি। (৩৫)···তবে সৈন্যেষ্ববাদ্যন্ত···পি বা সো।

CENTRAL LIBRARY

হৃষ্টাশ্চাসংস্তথা যোধা মদ্রকাশ্চ মহারথাঃ।
তুষ্টুবুশ্চৈব রাজানং শল্যমাহবশোভিনম্ ॥৩৬॥
জয় রাজন্! চিরং জীব জহি শত্রূন্ সমাগতান্।
তব বাহুবলং প্রাপ্য ধার্ত্তরাষ্ট্রো মহাবলঃ।
নিখিলাং পৃথিবীং সর্বাং প্রশাস্তু নিহতদ্বিষম্ ॥৩৭॥
ত্বং হি শক্তো রণে জেতুং সসুরাসুরমানবান্।
মর্ত্ত্যধর্ম্মাণ ইহ তু কিমু সৃঞ্জয়সোমকান্ ॥৩৮॥
এবং সম্পূজ্যমানস্তু মদ্রাণামধিপো বলী।
হর্ষং প্রাপ তদা বীরো দুরাপমকৃতাত্মভিঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

হৃষ্টা ইতি। হৃষ্টা জয়সম্ভাবনয়া, যোধাঃ কৌরবযোদ্ধারঃ ॥৩৬॥

জয়েতি। নিখিলাং যুদ্ধপ্রহতাম্, "খিলমপ্রহতে ক্লীবম্" ইত্যাদি মেদিনী। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৭॥

ত্বমিতি। মর্ত্ত্যধর্ম্মাণো মরণধর্ম্মণো রাক্ষসাদীন্। দীর্ঘত্বমার্ষম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যন্তি মরিষ্যন্তীত্যধ্যাহৃত্য যোজ্যম্ ॥৩৩॥ ক্লিষ্টরূপঃ পরাজয়নিশ্চয়াৎ ॥৩৪—৩৫॥ তুষ্টা আহূতাঃ ॥৩৬—৩৭॥ মর্ত্ত্যধর্ম্মাণঃ মর্ত্ত্যধর্ম্মণঃ ॥৩৮—৩৪॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

ভরতনন্দন! শল্য অভিষিক্ত হইলে, আপনার সৈন্যমধ্যে বিশাল সিংহনাদ হইতে লাগিল এবং নানাবিধ বাদ্যধ্বনি হইতে থাকিল ॥৩৫॥

তখন! হৃষ্টচিত্ত কৌরবযোদ্ধারা এবং মদ্রদেশীয় মহারথেরা যুদ্ধশোভী শল্য-রাজার স্তব করিতে লাগিলেন—॥৩৬॥

'রাজা! আপনি জয় করুন, চিরজীবী হউন এবং সমাগত শত্রুগণকে সংহার করুন, আর মহাবল দুর্য্যোধন আপনার বাহুবল লাভ করিয়া শত্রুক্ষুণ্ণ অথচ শত্রুশূন্য সমগ্র পৃথিবী শাসন করুন ॥৩৭॥

আপনি যুদ্ধে দেবতা, অসুর ও মানুষগণের সহিত সমস্ত নশ্বর প্রাণীকে জয় করিতে সমর্থ; তাহাতে এখানে সৃঞ্জয় ও সোমকগণের কথা আর কি বলিব' ॥৩৮॥

(৩৭)···ধার্ত্তরাষ্ট্রো মহাবলাঃ ··প্রশাসন্তু হতদ্বিষঃ—পি বা সো। (৩৯) ইতঃ পরং সপ্ত শ্লোকা অধিকাঃ। তে চ যথা পি বা সো—

শল্য উবাচ।

অদ্য চাহং রণে সর্বান্ পাঞ্চালান্ সহ পাণ্ডবৈঃ। নিহনিষ্যামি বা রাজন্! স্বর্গং যাস্যামি বা হতঃ ॥১॥

অভিষিক্তে তথা শল্যে তব সৈন্যেষু মানদ !।
ন কর্ণব্যসনং কিঞ্চিন্মেনিরে তত্র ভারত ! ॥৪০॥
হৃষ্টাঃ সুমনসশ্চৈব বভূবুস্তত্র সৈনিকাঃ।
মেনিরে নিহতান্ পার্থান্ মদ্ররাজবশং গতান্ ॥৪১॥
প্রহর্ষং প্রাপ্য সেনা তু তাবকী ভরতর্ষভ !।
তাং রাত্রিং সুখিনী সুপ্তা সুস্থচিত্তা চ সাঽভবৎ ॥৪২॥
সৈন্যস্য তব তং শব্দং শ্রুত্বা রাজা যুধিষ্ঠিরঃ।
বার্ষ্ণেয়মব্রবীদ্বাক্যং সর্বক্ষত্রস্য পশ্যতঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

এবমিতি। দুরাপং দুর্লভম্, ন কৃত আত্মা যুদ্ধশিক্ষায়াং যত্নো যৈস্তৈঃ ॥৩৯॥

অভীতি। কর্ণস্য ব্যসনং ভ্রংশম্, "ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজকোপজে" ইত্যমরঃ ॥৪০॥

হৃষ্টা ইতি। সুমনসঃ প্রসন্নচিত্তাঃ। পার্থান্ পাণ্ডবান্ ॥৪১॥

প্রহর্ষমিতি। সর্ব্বত্র মহাবীরশল্যসেনাপতিলাভাদিতি ভাবঃ ॥৪২॥

সৈন্যস্যেতি। তং শব্দং পূর্ব্বকৃতসিংহনাদাদিকম্। বার্ষ্ণেয়ং কৃষ্ণম্ ॥৪৩॥

এইরূপ গৌরব করিলে, বলবান্ ও বীর মদ্ররাজ শল্য তখন যুদ্ধে অশিক্ষিত লোকদিগের দুর্লভ আনন্দ লাভ করিলেন ॥৩৯॥

মানী জনের মানদাতা ভরতনন্দন ! আপনার সৈন্যমধ্যে শল্যকে সেনাপতিরূপে অভিষিক্ত করিলে, সৈন্যেরা কর্ণের কোন অভাবই মনে করিল না ॥৪০॥

সৈন্যেরা তখন আনন্দিত ও প্রসন্নচিত্ত হইল এবং পাণ্ডবগণকে শল্যের বশীভূত ও নিহত মনে করিল ॥৪১॥

ভরতশ্রেষ্ঠ ! আপনার সৈন্যেরা আনন্দ লাভ করিয়া ও সুস্থচিত্ত হইয়া সেই রাত্রিতে সুখে নিদ্রা গেল ॥৪২॥

অদ্য পশ্যন্তু মাং লোকা বিচরন্তমভীতবৎ। অদ্য পাণ্ডুসুতাঃ সর্ব্বে বাসুদেবঃ সসাত্যকিঃ ॥২॥
পাঞ্চালাশ্চেদয়শ্চৈব দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ। ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ সর্ব্বে চাপি প্রভদ্রকাঃ ॥৩॥
বিক্রমং মম পশ্যন্তু ধনুষশ্চ মহাবলম্। লাঘবঞ্চাস্ত্রবীর্য্যঞ্চ ভুজয়োশ্চ বলং যুধি ॥৪॥
অদ্য পশ্যন্তু মে পার্থাঃ সিদ্ধাশ্চ সহ চারণৈঃ। যাদৃশং মে বলং বাহ্বোঃ সম্পদস্ত্রেষু যা চ মে ॥
অদ্য মে বিক্রমং দৃষ্ট্বা পাণ্ডবানাং মহারথাঃ। প্রতীকারপরা ভূত্বা চেষ্টন্তাং বিবিধাঃ ক্রিয়াঃ ॥
অদ্য সৈন্যানি পাণ্ডূনাং দ্রাবয়িষ্যে সমন্ততঃ। দ্রোণভীষ্মাবিতি বিভো ! হতপুত্রঞ্চ সংযুগে।
বিচরিষ্যে রণে যুধ্যন্ প্রিয়ার্থং তব কৌরব ! ॥৭॥

সঞ্জয় উবাচ।

(৪২)···তাং রাত্রিং সুখিতা সুপ্তা হর্ষচিত্তা চ সাঽভবৎ—নি। (৪৩) সৈন্যস্য তুমুলং শব্দম্···পি।

CENTRAL LIBRARY

মদ্ররাজঃ কৃতঃ শল্যো ধার্ত্তরাষ্ট্রেণ মাধব ! ।
সেনাপতির্মহেষ্বাসঃ সর্বসৈন্যেষু পূজিতঃ ॥৪৪॥
এতজ্জ্ঞাত্বা যথাভূতং কুরু মাধব ! যৎ ক্ষমম্ ।
ভবান্ নেতা চ গোপ্তা চ বিধৎস্ব যদনন্তরম্ ॥৪৫॥
তমব্রবীন্মহারাজ ! বাসুদেবো জনাধিপম্ ।
আর্ত্তায়নিমহং জানে যথাতত্ত্বেন ভারত ! ॥৪৬॥
বীর্য্যবাংশ্চ মহাতেজা মহাত্মা চ বিশেষতঃ ।
কৃতী চ চিত্রযোধী চ সংযুক্তো লাঘবেন চ ॥৪৭॥
যাদৃগ্ভীষ্মো যথা দ্রোণো যাদৃক্ কর্ণশ্চ সংযুগে ।
তাদৃশস্তদ্বিশিষ্টো বা মদ্ররাজো মতো মম ॥৪৮॥
যুধ্যমানস্য তস্যাহং চিন্তয়ানশ্চ ভারত ! ।
যোদ্ধারং নাধিগচ্ছামি তুল্যরূপং জনাধিপ ! ॥৪৯॥

ভারতকৌমুদী

মদ্রেতি। ধার্ত্তরাষ্ট্রেণ দুর্যোধনেন। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৪৪॥
এতদিতি। যথাভূতং যথাসম্ভবম্। ক্ষমমুচিতম্। নেতা নায়কঃ, গোপ্তা রক্ষকঃ ॥৪৫॥
তমিতি। ঋতং সত্যম্ অয়নমাশ্রয়ো যস্য স ঋতায়নস্তস্যাপত্যমিত্যার্ত্তায়নিঃ শল্যস্তম্ ॥৪৬॥
বীর্য্যবানিতি। কৃতী যুদ্ধনিপুণঃ। লাঘবেন অস্ত্রক্ষেপে শীঘ্রতয়া ॥৪৭॥
যাদৃগিতি। তেভ্যো বিশিষ্টঃ শ্রেষ্ঠঃ ॥৪৮॥

ওদিকে রাজা যুধিষ্ঠির আপনার সৈন্যগণের সেই সিংহনাদপ্রভৃতি শুনিয়া সমস্ত ক্ষত্রিয়ের সাক্ষাতে কৃষ্ণকে বলিলেন—॥৪৩॥

'মাধব ! দুর্যোধন মহাধনুর্দ্ধর সর্বসৈন্যসম্মানিত মদ্ররাজ শল্যকে সেনাপতি করিয়াছেন ॥৪৪॥

কৃষ্ণ ! ইহা জানিয়া যাহা সম্ভব ও সঙ্গত, তাহা কর। কারণ, তুমিই আমাদের পরিচালক ও রক্ষক। অতএব যাহা পরকর্ত্তব্য, তাহা কর' ॥৪৫॥

মহারাজ ! কৃষ্ণ তখন রাজা যুধিষ্ঠিরকে বলিলেন—'ভরতনন্দন ! আমি শল্যকে যথাযথভাবে জানি ॥৪৬॥

তিনি বলবান্, মহাতেজা, মহাত্মা, বিশেষতঃ যুদ্ধনিপুণ, বিচিত্রযোধী এবং লঘুহস্ততাযুক্ত ॥৪৭॥

যুদ্ধে ভীষ্ম যেমন, দ্রোণ যেমন ও কর্ণ যেমন ছিলেন, শল্য তেমন ; অথবা শল্য তাঁহাদের অপেক্ষাও শ্রেষ্ঠ ; ইহাই আমার ধারণা ॥৪৮॥

(৪৮) যাদৃগ্ভীষ্মস্তথা দ্রোণঃ···নি। (৪৯)···চিন্তয়ন্নিহ ভারত !···পি,···চিন্তয়ন্নিব ভারত !···বা সো।

শিখণ্ড্যর্জ্জুনভীমানাং সাত্বতস্য চ ভারত ! ।
ধৃষ্টদ্যুম্নস্য চ তথা বলেনাভ্যধিকো রণে ॥৫০॥
মদ্ররাজো মহারাজ ! সিংহদ্বিরদবিক্রমঃ।
বিচরিষ্যতীঃ কালে কালঃ ক্রুদ্ধঃ প্রজাস্বিব ॥৫১॥ (যুগ্মকম্)
তস্যাদ্য ন প্রপশ্যামি প্রতিযোদ্ধারমাহবে।
ত্বামৃতে পুরুষব্যাঘ্র ! শার্দ্দূলসমবিক্রমম্ ॥৫২॥
স ত্বমেকো হি লোকেঽস্মিন্ নান্যস্ত্বত্তঃ পুমান্ ভবেৎ।
মদ্ররাজং রণে ক্রুদ্ধং যো হন্যাৎ কুরুনন্দন ! ॥৫৩॥
অহন্যহনি যুধ্যন্তং ক্ষোভয়ন্তং বলং তব।
তস্মাজ্জহি রণে শল্যং মঘবানিব শম্বরম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

যুধ্যেতি। চিন্তয়ান ইতি মকারাগমাভাব আর্ষঃ। নাধিগচ্ছামি ন জানামি ॥৪৯॥
শিখণ্ডীতি। সাত্বতস্য সাত্যকেঃ। অভীর্নির্ভয়ঃ, কালো রুদ্রঃ ॥৫০—৫১॥
তস্যেতি। আহবে যুদ্ধে। ঋতে বিনা ॥৫২॥
স ইতি। অস্মিন্ মহাসমরে অকিঞ্চিৎকর্ত্তৃর্যুধিষ্ঠিরস্য ন্যূনতাপরিহারার্থেয়ং প্ররোচনা ॥৫৩॥
অহনীতি। মঘবান্ ইন্দ্রঃ, শম্বরং নামাসুরম্ ॥৫৪॥

ভরতনন্দন রাজা ! আমি চিন্তা করিয়াও যুধ্যমান শল্যের সমান যোদ্ধা দেখিতে পাইতেছি না ॥৪৯॥

ভরতনন্দন মহারাজ ! শল্য—বলে ভীম, অর্জ্জুন, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন এবং শিখণ্ডী অপেক্ষাও অধিক। সুতরাং প্রলয়কালে সংহারমূর্ত্তি রুদ্র যেমন ক্রুদ্ধ হইয়া লোকমধ্যে বিচরণ করেন, সিংহ ও হস্তীর ন্যায় বিক্রমশালী শল্যও তেমন নির্ভয় চিত্তে যুদ্ধকালে বিচরণ করিবেন ॥৫০—৫১॥

পুরুষশ্রেষ্ঠ ! আপনি ব্যাঘ্রের ন্যায় বিক্রমশালী। সুতরাং আপনি ব্যতীত আজ যুদ্ধে সেই শল্যের প্রতিযোদ্ধা কাহাকেও আমি দেখিতেছি না ॥৫২॥

কুরুনন্দন ! যিনি যুদ্ধে শল্যকে বধ করিতে পারেন, সেপ্রকার পুরুষ এই জগতে আপনি এককই, আপনি ভিন্ন অন্য পুরুষ নহে ॥৫৩॥

শল্য প্রত্যহ যুদ্ধ করিতে থাকিয়া আপনার সৈন্য বিক্ষুব্ধ করিয়া আসিতেছেন। সুতরাং ইন্দ্র যেমন শম্বরাসুরকে বধ করিয়াছিলেন, তেমন আপনিও যুদ্ধে শল্যকে বধ করুন ॥৫৪॥

(৫৩) সদেবলোকে কৃৎস্নেঽস্মিন্…পি বা সো।

CENTRAL LIBRARY

সৌতেঃ পশ্চাদসৌ বীরো ধার্ত্তরাষ্ট্রেণ সৎকৃতঃ।
তবৈব হি জয়ো নূনং হতে মদ্রেশ্বরে যুধি ॥৫৫॥
তস্মিন্ হতে হতং সর্বং ধার্ত্তরাষ্ট্রবলং মহৎ।
এতচ্ছ্রুত্বা মহারাজ! বচনং মম সাম্প্রতম্ ॥৫৬॥
প্রত্যুদ্যাহি রণে পার্থ! মদ্ররাজং মহারথম্।
জহি চৈনং মহাবাহো! বাসবো নমুচিং যথা ॥৫৭॥ (যুগ্মকম্)
ন চৈবাত্র দয়া কার্য্যা মাতুলোঽয়ং মমেতি বৈ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য জহি মদ্রজনেশ্বরম্ ॥৫৮॥
দ্রোণভীষ্মার্ণবং তীর্ত্বা কর্ণপাতালসম্ভবম্।
মা নিমজ্জস্ব সগণঃ শল্যমাসাদ্য গোষ্পদম্ ॥৫৯॥
যচ্চ তে তপসো বীর্য্যং যচ্চ ক্ষাত্রং বলং তব।
তদ্দর্শয় রণে সর্বং জহি চৈনং মহারথম্ ॥৬০॥

ভারতকৌমুদী

সৌতেরিতি। সৌতেঃ কর্ণস্য। সৎকৃতঃ সেনাপতিকরণেন সম্মানিতঃ ॥৫৫॥
তস্মিন্নিতি। সর্বং হতং রক্ষকান্তরাভাবাৎ। নমুচিং নাম দানবম্ ॥৫৬—৫৭॥
নেতি। ভ্রাত্রোর্নকুলসহদেবয়োর্মাতুলত্বাদ্যুধিষ্ঠিরস্যাপি মাতুল ইত্যাশয়ঃ ॥৫৮॥
দ্রোণেতি। কর্ণ এব পাতালসম্ভবোঽর্ণবস্তম্। দ্রোণভীষ্মাপেক্ষয়া ন্যূনত্ববোধনার্থমিদম্ ॥৫৯॥
যদিতি। ক্ষাত্রং দৈহিকং শিক্ষাজনিতঞ্চ, বলং শক্তিঃ। এনং শল্যম্ ॥৬০॥

দুর্য্যোধন কর্ণের পরে ঐ বীরকে সেনাপতি করিয়া সম্মানিত করিয়াছেন। সুতরাং আপনি যুদ্ধে শল্যকে বধ করিলে নিশ্চয়ই আপনার জয় হইবে ॥৫৫॥

কারণ, মহারাজ! শল্য নিহত হইলে, দুর্য্যোধনের বিশাল সৈন্যই নিহত হইবে। অতএব পৃথানন্দন! সম্প্রতি আমার এই কথা শুনিয়া আপনি যুদ্ধে মহারথ মদ্ররাজের দিকে গমন করুন এবং মহাবাহু! ইন্দ্র যেমন নমুচিদানবকে বধ করিয়াছিলেন, সেইরূপ আপনি উহাকে বধ করুন ॥৫৬—৫৭॥

কিন্তু 'ইনি আমার মাতুল' ইহা ভাবিয়া আপনি শল্যের উপরে দয়া করিবেন না; ক্ষত্রিয়ধর্ম্মকে অগ্রবর্ত্তী করিয়া শল্যকে বধ করুন ॥৫৮॥

ভীষ্ম, দ্রোণ ও কর্ণস্বরূপ সমুদ্র হইতে উত্তীর্ণ হইয়া এখন গোষ্পদস্বরূপ শল্যকে পাইয়া অনুচরবর্গের সহিত যেন তাহাতে নিমগ্ন হন না ॥৫৯॥

(৫৫) অজেয়শ্চাপ্যসৌ বীরঃ··· পি বা সো। (৫৯)··· কর্ণপাতালমন্তরম্··· পি।

সঞ্জয় উবাচ।

এতাবদুক্ত্বা বচনং কেশবঃ পরবীরহা।
জগাম শিবিরং সায়ং পূজ্যমানোঽথ পাণ্ডবৈঃ ॥৬১॥
কেশবে তু তদা যাতে ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
বিসৃজ্য সর্বান্ ভ্রাতৄংশ্চ পাঞ্চালানথ সোমকান্।
সুষ্বাপ রজনীং তাং তু বিশল্য ইব কুঞ্জরঃ ॥৬২॥
তে চ সর্বে মহেষ্বাসাঃ পাঞ্চালাঃ পাণ্ডবাস্তথা।
কর্ণস্য নিধনে হৃষ্টাঃ সুষুপুস্তাং নিশাং তদা ॥৬৩॥
গতজ্বরং মহেষ্বাসং তীর্ণপারং মহারথম্।
বভূব পাণ্ডবেয়ানাং সৈন্যঞ্চ মুদিতং নিশি।
সূতপুত্রস্য নিধনাজ্জয়ং লব্ধ্বা চ মারিষ! ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে শল্যসৈনাপত্যে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥ ❀

ভারতকৌমুদী

এতাবদিতি। পরান্ শত্রূন্ বীরান্ হন্তীতি সঃ। সায়ং সন্ধ্যাকালে ॥৬১॥
কেশব ইতি। বিশল্য উদ্ধৃতগাত্রশল্যঃ, কর্ণবধাদিত্যাশয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥
ত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। নিশামিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥৬৩॥
গতেতি। গতজ্বরং তিরোহিতসন্তাপম্, তীর্ণপারমতিক্রান্তকর্ণসাগরম্। ষট্পাদঃ ॥৬৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! আপনার যত তপোবল এবং যত ক্ষাত্র বল আছে, সে সমস্তই যুদ্ধে প্রদর্শন করুন এবং এই মহারথ শল্যকে বধ করুন' ॥৬০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! বিপক্ষবীরহন্তা কৃষ্ণ এই সকল কথা বলিয়া পাণ্ডবগণের নিকট সম্মানিত হইতে থাকিয়া সন্ধ্যাকালে শিবিরে চলিয়া গেলেন ॥৬১॥

কৃষ্ণ চলিয়া গেলে, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সমস্ত ভ্রাতা, পাঞ্চাল ও সোমককে বিদায় দিয়া শল্যবিহীন হস্তীর ন্যায় সেই রাত্রিতে সুখে নিদ্রা গেলেন ॥৬২॥

মহাধনুর্দ্ধর সেই পাঞ্চাল এবং পাণ্ডবেরা সকলেও কর্ণবধে আনন্দিত থাকিয়া সেই রাত্রিতে নিদ্রাসুখ লাভ করিলেন ॥৬৩॥

(৬২) ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ··পি বা সো। (৬৪) ··গতজ্বরমহেষ্বাসং তীর্ণপারমহারথম্··· পি,·· সৈন্যং প্রমুদিতম্ নিধনে পি বা সো। '···ষষ্ঠোঽধ্যায়ঃ' নি, 'সপ্তমোঽধ্যায়ঃ' পি বা সো।

CENTRAL LIBRARY

ষষ্ঠোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ব্যতীতায়াং রজন্যান্তু রাজা দুর্য্যোধনস্তদা।
অব্রবীত্তাবকান্ সর্বান্ সন্নহ্যন্তাং মহারথাঃ ॥১॥
রাজ্ঞশ্চ মতমাজ্ঞায় সমনহ্যত সা চমূঃ।
অযোজয়ন্ রথাংস্তূর্ণং পর্য্যধাবংস্তথা পরে ॥২॥
অকল্প্যন্ত চ মাতঙ্গাঃ সমনহ্যন্ত পত্তয়ঃ।
হয়ানাস্তরণোপেতাংশ্চক্রুরন্যে সহস্রশঃ ॥৩॥
বাদিত্রাণাঞ্চ নিনদঃ প্রাদুরাসীদ্বিশাংপতে!।
যোধানাং সৈন্যমুখ্যানামন্যোন্যং প্রতিগর্জতাম্ ॥৪॥

ভারতকৌমুদী

ব্যতীতায়ামিতি। সন্নহ্যন্তাং যুদ্ধসজ্জয়া সজ্জিতা ভবন্তু ॥১॥
রাজ্ঞ ইতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য। সমনহ্যত যুদ্ধসজ্জামকরোৎ ॥২॥
অকল্প্যন্তেতি। অকল্প্যন্ত সজ্জিতা অক্রিয়ন্ত। পত্তয়ঃ পদাতয়ঃ ॥৩॥
বাদিত্রাণামিতি। সৈন্যেষু মুখ্যাঃ প্রধানাস্তেষাম্ ॥৪॥

মাননীয় রাজা! কর্ণবধে জয়লাভ করায় সন্তাপশূন্য, কর্ণযুদ্ধপারপ্রাপ্ত, মহাধনুর্দ্ধর ও মহারথ পাণ্ডবসৈন্যগণও রাত্রিতে আনন্দিত থাকিল' ॥৬৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! রাত্রি অতীত হইলে তখন রাজা দুর্য্যোধন আপনার পক্ষের সমস্ত যোদ্ধাকে কহিলেন—'মহারথেরা যুদ্ধসজ্জায় সজ্জিত হউন' ॥১॥

সেই সৈন্যগণ রাজার মত জানিয়া যুদ্ধসজ্জায় সজ্জিত হইল, সত্বর রথযোজনা করিতে লাগিল এবং অন্য লোকেরা ছুটাছুটি করিতে থাকিল ॥২॥

হস্তিগণকে সজ্জিত করিল, পদাতিরা সজ্জিত হইল এবং অন্য সহস্র সহস্র লোক অশ্বগণকে আস্তরণযুক্ত করিতে লাগিল ॥৩॥

(৪)···যোধনার্থং হি সর্বেষাং সৈন্যানাঞ্চাপ্যদীর্য্যতাম্—পি, ··যোধনার্থং হি সৈন্যানাং যোধানাঞ্চাপ্যদীর্য্যতাম্—বা সো।

CENTRAL LIBRARY

ততো বলানি সর্বাণি হতশিষ্টানি ভারত !।
সন্নদ্ধানি ব্যদৃশ্যন্ত মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৫॥
শল্যং সেনাপতিং কৃত্বা মদ্ররাজং মহারথাঃ।
প্রবিভজ্য বলং সর্বমনীকেষু ব্যবস্থিতাঃ ॥৬॥
ততঃ সর্বে সমাগম্য পুত্রেণ তব সৈনিকাঃ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রৌণিঃ শল্যোঽথ সৌবলঃ।
অন্যে চ পার্থিবাঃ শেষাঃ সময়ং চক্রুরাদৃতাঃ ॥৭॥
ন ন একেন যোদ্ধব্যং কথঞ্চিদপি পাণ্ডবৈঃ।
যো হ্যেকঃ পাণ্ডবৈর্যুধ্যেদ্‌যো বা যুধ্যন্তমুৎসৃজেৎ ॥৮॥
স পঞ্চভির্ভবেদ্‌যুক্তঃ পাতকৈশ্চোপপাতকৈঃ।
অন্যোন্যং পরিরক্ষদ্ভির্যোদ্ধব্যং সহিতৈশ্চ নঃ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। নিবর্ত্তন্তে অনেনেতি নিবর্ত্তনং নিবৃত্তিহেতুস্তৎ, সন্নদ্ধানি সজ্জিতানি ॥৫॥

শল্যমিতি। প্রবিভজ্য স্বস্বাংশে বিভক্তীকৃত্য, অনীকেষু সর্বসৈন্যেষু ॥৬॥

তত ইতি। সমাগম্য মিলিত্বা। দ্রৌণিরশ্বত্থামা। সময়ং নিয়মম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সময়মাহ দ্বাভ্যাং যুগ্মকেন নেতি। নঃ অস্মাকং মধ্যে একেন জনেন, পাণ্ডবৈঃ পাণ্ডবানামন্যতমৈঃ সহ কথঞ্চিদপি ন যোদ্ধব্যম্, তেষামপেক্ষয়াস্মাকং ন্যূনতয়া পরাজয়াবশ্যম্ভাবাদিতি ভাবঃ। অস্মাকং মধ্যে যো হ্যেকো জনঃ, পাণ্ডবৈঃ পাণ্ডবানামন্যতমৈঃ সহ যুধ্যেৎ, যো বা যুধ্যন্তং পাণ্ডবানামন্যতমেন সহ যুধ্যমানম্ অস্মাকমন্যতমং জনম্, উৎসৃজেৎ ত্যজেৎ, স জনঃ, পঞ্চভিঃ "ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্বঙ্গনাগমঃ। মহান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ ॥" ইতি মনূক্তৈঃ, পাতকৈর্মহাপাতকৈঃ, গোবধাদিভিরুপপাতকৈশ্চ, যুক্তো ভবেৎ।

নরনাথ ! ক্রমে বাদ্যধ্বনি এবং পরস্পর গর্জনকারী প্রধান যোদ্ধাদের কোলাহল প্রাদুর্ভূত হইল ॥৪॥

ভরতনন্দন ! তাহার পর দেখা গেল—হতাবশিষ্ট সমস্ত সৈন্যই মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া সজ্জিত হইল ॥৫॥

মহারথেরা মদ্ররাজ শল্যকে সেনাপতি করিয়া সমস্ত সৈন্য বিভাগপূর্ব্বক বিশাল সৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥৬॥

তদনন্তর সমস্ত সৈন্য, কৃপ, কৃতবর্ম্মা, অশ্বত্থামা, শল্য, শকুনি এবং হতাবশিষ্ট অন্য রাজারা দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া আগ্রহের সহিত নিয়ম করিলেন ॥৭॥

---

(৫)···সেনাশিষ্টানি···সন্নদ্ধান্যেব দদৃশুঃ···পি বা সো।

CENTRAL LIBRARY

এবং তে সময়ং কৃত্বা সর্বে তত্র মহারথাঃ।
মদ্ররাজং পুরস্কৃত্য তূর্ণমভ্যদ্রবন্ পরান্ ॥১০॥
তথৈব পাণ্ডবা রাজন্! ব্যূহ্য সৈন্যং মহারণে।
অভ্যয়ুঃ কৌরবান্ যুদ্ধে যোৎস্যমানাঃ সমন্ততঃ ॥১১॥
ততো বলং সমভবৎ ক্ষুব্ধার্ণবসমস্বনম্।
সমুদ্ধূতার্ণবাকারমুদীর্ণরথকুঞ্জরম্ ॥১২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

দ্রোণস্য চৈব ভীষ্মস্য রাধেয়স্য চ মে শ্রুতম্।
পাতনং শংস মে ভূয়ঃ শল্যস্যাথ সুতস্য মে ॥১৩॥

ভারতকৌমুদী

তর্হি কিং কর্ত্তব্যমিত্যাহ অন্যোন্যমিতি। সহিতৈর্মিলিতৈরেব চ, নঃ অস্মাভিঃ, অন্যোন্যং পরস্পরম্, পরিরক্ষদ্ভিঃ সদ্ভিঃ, পাণ্ডবানামন্যতমৈঃ সহ যোদ্ধব্যম্ ॥৮—৯॥

এবমিতি। সময়ং নিয়মম্। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য, অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥১০॥

তথেতি। ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য। অভ্যয়ুঃ অভ্যগচ্ছন্ ॥১১॥

তত ইতি। বলমুভয়সৈন্যমেব। উদীর্ণা যুদ্ধায়োদ্ধতা রথাঃ কুঞ্জরাশ্চ যত্র তৎ ॥১২॥

দ্রোণস্যেতি। মে ময়া। শংস ব্রূহি। সুতস্য দুর্য্যোধনস্য পাতনমিতি সম্বন্ধঃ ॥১৩॥

'আমাদের মধ্যে একজন পাণ্ডবগণের মধ্যে একজনের সহিত কোন প্রকারেও যুদ্ধ করিব না। আমাদের মধ্যে যে একজন পাণ্ডবগণের মধ্যে একজনের সহিত যুদ্ধ করিবে, কিংবা আমাদের মধ্যে এক একজন পাণ্ডবগণের মধ্যে এক এক জনের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলে, যে তাহাকে পরিত্যাগ করিবে, সে—পঞ্চ মহাপাতক ও সমস্ত উপপাতকযুক্ত হইবে। কিন্তু আমরা মিলিত হইয়াই পরস্পর রক্ষা করিতে থাকিয়া পাণ্ডবগণের এক এক জনের সহিত যুদ্ধ করিব' ॥৮—৯॥

এইভাবে সেই মহারথেরা সকলে নিয়ম করিয়া শল্যকে সম্মুখে রাখিয়া সত্বর বিপক্ষগণের দিকে ধাবিত হইলেন ॥১০॥

রাজা! সেইরূপ পাণ্ডবেরাও আপন সৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া যুদ্ধ করিবেন বলিয়া সকল দিক্ হইতে কৌরবগণের প্রতি যাইতে থাকিলেন ॥১১॥

তাহার পর উভয়সৈন্যের মধ্যেই উদ্বেলিত সমুদ্রের ন্যায় শব্দ হইতে লাগিল, উভয় সৈন্যের আকারই উদ্বেলিত সমুদ্রের তুল্য হইল এবং হস্তী, অশ্ব ও রথ সকল উদ্ধত হইয়া পড়িল ॥১২॥

---

(১২)···সমুদ্বৃত্তার্ণবাকারমুদ্ধতরথকুঞ্জরম্—পি বা সো। (১৩) দ্রোণস্য ভীষ্মস্য চ বৈ রাধেয়স্য ময়া শ্রুতম···পি।

CENTRAL LIBRARY

কথং রণে হতঃ শল্যো ধর্ম্মরাজেন সঞ্জয় ! ।
ভীমেন চ মহাবাহুঃ পুত্রো দুর্য্যোধনো মম ॥১৪॥

সঞ্জয় উবাচ।

ক্ষয়ং মনুষ্যদেহানাং তথা নাগাশ্বসংক্ষয়ম্ ।
শৃণু রাজন্ ! স্থিরো ভূত্বা সংগ্রামং শংসতো মম ॥১৫॥
আশা বলবতী রাজন্ ! পুত্রাণাং তেঽভবত্তদা ।
হতে দ্রোণে চ ভীষ্মে চ সূতপুত্রে চ পাতিতে ।
শল্যঃ সর্বান্ রণে পার্থান্ নিহনিষ্যতি মারিষ ! ॥১৬॥
তামাশাং হৃদয়ে কৃত্বা সমাশ্বস্য চ ভারত ! ।
মদ্ররাজঞ্চ সমরে সমাশ্রিত্য মহারথম্ ।
নাথবন্তং তদাত্মানমমন্যত সুতস্তব ॥১৭॥

ভারতকৌমুদী

কথমিতি। ধর্ম্মরাজেন যুধিষ্ঠিরেণ। দুর্য্যোধনো হত ইত্যনুষঙ্গঃ ॥১৪॥

ক্ষয়মিতি। নাগা গজাঃ। শংসতো ব্রুবতঃ ॥১৫॥

আশেতি। কাসাবাশেত্যাহ হত ইতি। সূতপুত্রে কর্ণে। পার্থান্ পাণ্ডবান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তামিতি। নাথবন্তং রক্ষকশালিনম্। সুতো দুর্য্যোধনঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! ভীষ্ম, দ্রোণ ও কর্ণের বধ আমি শুনিয়াছি ; এখন তুমি শল্য ও আমার পুত্র দুর্য্যোধনের বধ পুনরায় আমার নিকট বল ॥১৩॥

সঞ্জয় ! যুধিষ্ঠির যুদ্ধে কিভাবে শল্যকে বধ করিল ? ভীমই বা আমার পুত্র মহাবাহু দুর্য্যোধনকে কিপ্রকারে বিনাশ করিল ?' ॥১৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! আমি যুদ্ধের বৃত্তান্ত বলিতেছি ; আপনি স্থির হইয়া হস্তী, অশ্ব ও মনুষ্যের বিনাশ শ্রবণ করুন ॥১৫॥

মাননীয় রাজা ! তৎকালে আপনার পুত্রগণের এইরূপ প্রবল আশা হইয়াছিল যে, ভীষ্ম, দ্রোণ ও কর্ণ নিহত হইলে, শল্য যুদ্ধে সমস্ত পাণ্ডবকে বধ করিবেন ॥১৬॥

ভরতনন্দন ! আপনার পুত্র দুর্য্যোধন তখন সেই আশা মনে রাখিয়া আশ্বস্ত থাকিয়া এবং যুদ্ধে মহারথ শল্যকে অবলম্বন করিয়া আপনাকে রক্ষকসম্পন্ন বলিয়া মনে করিতে লাগিলেন ॥১৭॥

(১৪)···ভীমসেনেন বলিনা···পি বা সো। (১৬)···হতে ভীষ্মে হতে দ্রোণে সূতপুত্রে নিপাতিতে···পি।

যদা কর্ণে হতে পার্থাঃ সিংহনাদং প্রচক্রিরে।
তদা রাজন্! ধার্ত্তরাষ্ট্রান্ প্রবিবেশ মহদ্ভয়ম্ ॥১৮॥
তান্ সমাশ্বাস্য তু তদা মদ্ররাজঃ প্রতাপবান্।
ব্যূহ্য ব্যূহং মহারাজ! সর্বতোভদ্রমৃদ্ধিমৎ ॥১৯॥
প্রত্যুদ্যযৌ রণে পার্থান্ মদ্ররাজঃ প্রতাপবান্।
বিধুন্বন্ কার্ম্মুকং চিত্রং ভারঘ্নং বেগবত্তরম্ ॥২০॥ (যুগ্মকম্)
রথপ্রবরমাস্থায় সৈন্ধবাশ্বং মহারথঃ।
তস্য সূতো মহারাজ! রথস্থোঽশোভয়দ্রথম্ ॥২১॥
স তেন সংবৃতো বীরো রথেনামিত্রকর্শনঃ।
তস্থৌ শূরো মহারাজ! পুত্রাণাং তে ভয়প্রণুৎ ॥২২॥
প্রয়াণে মদ্ররাজোঽভূন্মুখং ব্যূহস্য দংশিতঃ।
মদ্রকৈঃ সহিতো বীরৈঃ কর্ণপুত্রৈশ্চ দুর্জয়ৈঃ ॥২৩॥

ভারতকৌমুদী

যদেতি। তদ্ভয়মিদানীমপি স্থিতমিতি ভাবঃ ॥১৮॥

তানিতি। ব্যূহ্য বিধায়। সর্বতোভদ্রং নাম, ঋদ্ধিমৎ চতুরঙ্গবলসম্পন্নম্। ক্লীবত্বমার্ষম্। বিধুন্বন্ চালয়ন্। ভারং বিপক্ষাক্রমণং হন্তীতি তৎ, বেগবত্তরং বাণানাং মহাবেগজনকম্ ॥১৯—২০॥

রথেতি। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়া অশ্বা যস্য তম্। তস্য সূতঃ সারথিশ্চ ॥২১॥

স ইতি। রথেন রথসমূহেন। শূরঃ শল্যঃ। ভয়ং প্রণুদতি দূরীকরোতীতি সঃ ॥২২॥

রাজা! কর্ণ নিহত হইলে পাণ্ডবেরা যখন সিংহনাদ করিয়াছিলেন, তখন ধার্ত্তরাষ্ট্রগণের মনে মহাভয় প্রবেশ করিয়াছিল ॥১৮॥

মহারাজ! সুতরাং প্রতাপশালী শল্য ধার্ত্তরাষ্ট্রগণকে আশ্বস্ত করিয়া 'সর্বতোভদ্র-'নামক চতুরঙ্গবলসম্পন্ন ব্যূহ রচনাপূর্ব্বক ভারনাশক ও বাণের গুরুতর-বেগজনক বিচিত্র ধনু সঞ্চালন করিতে থাকিয়া যুদ্ধে পাণ্ডবগণের দিকে যাইতে লাগিলেন ॥১৯—২০॥

মহারাজ! যাহাতে সিন্ধুদেশীয় চারিটী অশ্ব যোজিত ছিল, সেই উত্তম রথে আরোহণ করিয়া মহারথ শল্য এবং রথারূঢ় তাঁহার সারথি রথখানির শোভা উৎপাদন করিলেন ॥২১॥

মহারাজ! আপনার পুত্রগণের ভয়নাশক ও শত্রুহন্তা বীর শল্য সেই রথসমূহে পরিবেষ্টিত হইয়া কিছু কাল অবস্থান করিলেন ॥২২॥

(২০) প্রত্যুদ্যাতঃ···পি। (২১)···গীতা মহারাজ! ধ্বজস্থাস্তোঽভজদ্রথম্—পি।

সব্যেঽভূৎ কৃতবর্ম্মা চ ত্রিগর্ত্তৈঃ পরিবারিতঃ।
গৌতমো দক্ষিণে পার্শ্বে শকৈশ্চ যবনৈঃ সহ ॥২৪॥
অশ্বত্থামা পৃষ্ঠতোঽভূৎ কাম্বোজৈঃ পরিবারিতঃ।
দুর্য্যোধনোঽভবন্মধ্যে রক্ষিতঃ কুরুপুঙ্গবৈঃ ॥২৫॥
রথানীকেন মহতা সৌবলশ্চাপি সংবৃতঃ।
প্রযযৌ সর্বসৈন্যেন কৈতব্যশ্চ মহারথঃ ॥২৬॥
পাণ্ডবাশ্চ মহেষ্বাসা ব্যূহ্য সৈন্যমরিন্দমাঃ।
দ্বিধা ভূতা মহারাজ! তব সৈন্যমুপাদ্রবন্ ॥২৭॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ সাত্যকিশ্চ মহারথঃ।
শল্যস্য বাহিনীং হন্তুমভিদুদ্রুবুরাহবে ॥২৮॥

ভারতকৌমুদী

প্রয়াণ ইতি। মুখং সম্মুখবর্ত্তী, দংশিতঃ সন্নদ্ধঃ। মদ্রকৈর্মদ্রদেশীয়ৈঃ ॥২৩॥
সব্য ইতি। সব্যে বামে। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। গৌতমো গৌতমগোত্রঃ কৃপঃ ॥২৪॥
অশ্বেতি। পৃষ্ঠতঃ ব্যূহস্য পৃষ্ঠে স্থিত ইতি শেষঃ ॥২৫॥
রথেতি। সৌবলঃ সুবলপুত্রঃ শকুনিঃ। কৈতব্যঃ শঠঃ ॥২৬॥
পাণ্ডবা ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥২৭॥
ধৃষ্টেতি। বাহিনীং সেনাম, অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ ॥২৮॥

পরে অগ্রসর হইবার সময়ে যুদ্ধসজ্জায় সজ্জিত শল্য—মদ্রদেশীয় বীরগণ এবং দুর্জয় কর্ণপুত্রগণের সহিত মিলিত হইয়া ব্যূহের সম্মুখবর্ত্তী হইলেন ॥২৩॥

কৃতবর্ম্মা ত্রিগর্ত্তসৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের বাম দিকে থাকিলেন এবং কৃপাচার্য্য শক ও যবনসৈন্যের সহিত ব্যূহের দক্ষিণপার্শ্বে রহিলেন ॥২৪॥

অশ্বত্থামা কাম্বোজসৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের পৃষ্ঠদেশে থাকিলেন এবং দুর্য্যোধন কুরুশ্রেষ্ঠগণে রক্ষিত হইয়া ব্যূহের মধ্যস্থানে রহিলেন ॥২৫॥

শঠ অথ চ মহারথ শকুনিও বিশাল রথিসৈন্যে এবং অন্যসর্ব্বপ্রকার সৈন্যে পরিবৃত হইয়া গমন করিতে লাগিলেন ॥২৬॥

মহারাজ! ওদিকে মহাধনুর্দ্ধর ও শত্রুদমনকারী পাণ্ডবেরাও আপন সৈন্যগণকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া দুই ভাগে বিভক্ত হইয়া আপনার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২৭॥

(২৬) হয়ানীকেন…পি বা সো। (২৭) পাণ্ডবাপি…সৈন্যমনিন্দিতাঃ। ত্রিধা ভূতাঃ…পি।

CENTRAL LIBRARY

ততো যুধিষ্ঠিরো রাজা স্বেনানীকেন সংবৃতঃ।
শল্যমেবাভিদুদ্রাব জিঘাংসুর্ভরতর্ষভঃ ॥২৯॥
হার্দ্দিক্যঞ্চ মহেষ্বাসমর্জ্জুনঃ শত্রুপূগহা।
সংশপ্তকগণাংশ্চৈব বেগিতোঽভিবিদুদ্রুবে ॥৩০॥
গৌতমং ভীমসেনো বৈ সোমকাশ্চ মহারথাঃ।
অভ্যদ্রবন্ত রাজেন্দ্র! জিঘাংসন্তঃ পরান্ যুধি ॥৩১॥
মাদ্রীপুত্রৌ তু শকুনিমুলূকঞ্চ মহারথম্।
সসৈন্যৌ সহসৈন্যৌ তাবুপতস্থতুরাহবে ॥৩২॥
তথৈবাযুতশো যোধাস্তাবকাঃ পাণ্ডবান্ রণে।
অভ্যবর্ত্তন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। স্বেন নিজেন, অনীকেন সৈন্যেন। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥২৯॥
হার্দ্দিক্যমিতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্। শত্রুপূগহা শত্রুসমূহহন্তা ॥৩০॥
গৌতমমিতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥৩১॥
মাদ্রীতি। উলূকং নাম শকুনেরেব পুত্রম্। সহসৈন্যৌ শকুন্যুলূকৌ ॥৩২॥
তথেতি। বিবিধানি আয়ুধানি পাণিষু যেষাং তে ॥৩৩॥

মহারথ ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী ও সাত্যকি যুদ্ধে শল্যের সৈন্য সংহার করিবার জন্য ধাবিত হইলেন ॥২৮॥

তাহার পর ভরতবংশশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া বধ করিবার ইচ্ছা করিয়া শল্যের দিকেই বেগে যাইতে লাগিলেন ॥২৯॥

শত্রুসমূহহন্তা অর্জ্জুন—মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা ও সংশপ্তকসৈন্যগণের প্রতি দ্রুত গমন করিতে থাকিলেন ॥৩০॥

রাজশ্রেষ্ঠ! ভীমসেন ও সোমক মহারথেরা যুদ্ধে শত্রুগণকে বধ করিবার ইচ্ছা করিয়া কৃপাচার্য্যের দিকে চলিলেন ॥৩১॥

নকুল ও সহদেব সৈন্যগণের সহিত মিলিত হইয়া সৈন্যপরিবেষ্টিত মহারথ শকুনি ও উলূকের নিকট যাইয়া উপস্থিত হইলেন ॥৩২॥

মহারাজ! সেইরূপই আপনার পক্ষের অযুত অযুত যোদ্ধা ক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র ধারণ করিয়া যুদ্ধে পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥৩৩॥

(২৯)···স্বেনানীকেন ভারত!···ভরতর্ষভ!—পি। (৩২)···সসৈন্যৌ তু মহাত্মানৌ···পি।

CENTRAL LIBRARY

ধৃতরাষ্ট্র উবাচ।

হতে ভীষ্মে মহেষ্বাসে দ্রোণে কর্ণে জয়দ্রথে।
কুরুষল্পাবশিষ্টেষু পাণ্ডবেষু চ সংযুগে ॥৩৪॥
সংরব্ধেষু চ পার্থেষু পরাক্রান্তেষু সঞ্জয়!।
মামকানাং পরেষাঞ্চ কিং শিষ্টমভবদ্বলম্ ॥৩৫॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

যথা বয়ং পরে রাজন্! যুদ্ধায় সমুপস্থিতাঃ।
যাবচ্চাসীদ্বলং শিষ্টং সংগ্রামে তন্নিবোধ মে ॥৩৬॥
একাদশ সহস্রাণি রথানাং ভরতর্ষভ!।
দশ দন্তিসহস্রাণি সপ্ত চৈব শতানি চ ॥৩৭॥
পূর্ণে শতসহস্রে দ্বে হয়ানাং তত্র ভারত!।
পত্তিকোট্যস্তথা তিস্রো বলমেতত্তবাভবৎ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

হত ইতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। সংরব্ধেষু ক্রুদ্ধেষু। শিষ্টমবশিষ্টম্ ॥৩৪—৩৫॥
যথেতি। বয়ং পরে চ। শিষ্টমবশিষ্টম্। নিবোধ শৃণু ॥৩৬॥
একেতি। সপ্ত শতানি দন্তিনামেব সান্নিধ্যাৎ। অভবদবশিষ্টমাসীৎ ॥৩৭—৩৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! মহাধনুর্দ্ধর ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও জয়দ্রথ যুদ্ধে নিহত হইলে, কৌরব ও পাণ্ডব দুই পক্ষই অল্প অবশিষ্ট থাকিলে এবং পরাক্রমশালী পাণ্ডবেরা ক্রুদ্ধ হইয়া আসিলে, তৎকালে আমার পক্ষ ও পাণ্ডবপক্ষের সৈন্য কত অবশিষ্ট ছিল? ॥৩৪—৩৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আমরা এবং বিপক্ষেরা যেভাবে যুদ্ধে উপস্থিত হইয়াছিলাম, আর সেই সময়ে উভয়পক্ষের যত সৈন্য অবশিষ্ট ছিল, তাহা আমার নিকট শ্রবণ করুন ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! তখন একাদশ সহস্র রথী, দশ সহস্র ও সপ্ত শত গজারোহী, পূর্ণ দুই লক্ষ অশ্বারোহী এবং তিন কোটি পদাতি এই সৈন্য আপনার পক্ষে অবশিষ্ট ছিল ॥৩৭—৩৮॥

---

(৩৪)···কর্ণে মহারথে···পি বা সো। (৩৫) সুসংরব্ধেষু পার্থেষু···পি বা সো,··· অভবত্তদা—পি। (৩৬)··যুদ্ধায় সমবস্থিতাঃ···পি বা সো। (৩৮)···নব কোট্যস্তথা তিস্রঃ··· পি বা সো।

CENTRAL LIBRARY

রথানাং ষট্‌সহস্রাণি ষট্‌সহস্রাশ্চ কুঞ্জরাঃ।
দশ চাশ্বসহস্রাণি পত্তিকোটী চ ভারত ! ॥৩৯॥
এতদ্বলং পাণ্ডবানামভবচ্ছেষমাহবে।
এত এব সমাজগ্মুর্যুদ্ধায় ভরতর্ষভ ! ॥৪০॥ (যুগ্মকম্)
এবং বিভজ্য রাজেন্দ্র ! মদ্ররাজমতে স্থিতাঃ।
পাণ্ডবান্ প্রত্যুদীয়াম জয়গৃদ্ধাঃ প্রমন্যবঃ ॥৪১॥
তথৈব পাণ্ডবাঃ শূরাঃ সমরে জিতকাশিনঃ।
উপযাতা নরব্যাঘ্রাঃ পাঞ্চালাশ্চ যশস্বিনঃ ॥৪২॥
এবমেতে বলৌঘেন পরস্পরবধৈষিণঃ।
উপযাতা নরব্যাঘ্রাঃ পূর্বাং সন্ধ্যাং প্রতি প্রভো ! ॥৪৩॥

ভারতকৌমুদী

রথানামিতি। পত্তিকোটী দ্বে পদাতিকোটী। শেষমবশিষ্টম্। নন্থ কুরুপক্ষে একাদশাক্ষৌহিণ্যঃ পাণ্ডবপক্ষে চ সপ্তেতি মিলিত্বা পক্ষদ্বয়ে অষ্টাদশাক্ষৌহিণ্যঃ সৈন্যাস্তাসন্নিতি প্রাগ্‌বহুশ উক্তম্, ইদানীমিয়ৎসংখ্যকসৈন্যাবশেষে ততোঽতিবাহুল্যেনৈবাবশেষান্মহান্ বিরোধ ইতি চেৎ সত্যম্, তাবৎসংখ্যকৈর্যুদ্ধমারব্ধং পরঞ্চ বহব আগতা ইতীয়ান্ শেষঃ সম্ভবতীতি দিক্ ॥৩৯—৪০॥

এবমিতি। এবমনেন পূর্বোক্তপ্রকারেণ বামদক্ষিণাস্তবস্থাপনেন, বিভজ্য সৈন্যং বিভক্তীকৃত্য। উদীয়াম আগচ্ছাম, জয়গৃদ্ধা জয়াভিলাষিণঃ, প্রমন্যবঃ প্রকৃষ্টক্রোধাঃ ॥৪১॥

তথেতি। জিতমিতি ভাবে ক্তঃ। ততো জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে ॥৪২॥

এবমিতি। পূর্বাং সন্ধ্যাং প্রতি প্রভাতকালে ॥৪৩॥

ভারতভাবদীপঃ

ব্যতীতায়ামিতি ॥১—৩৮॥ পত্তিকোটী ইতি দ্বিবচনম্ ॥৩৯—৪৪॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

আর, ভরতনন্দন ! ষট্‌সহস্র রথী, ষট্‌সহস্র গজারোহী, দশ সহস্র অশ্বারোহী এবং দুই কোটি পদাতি এই পরিমাণ সৈন্য পাণ্ডবপক্ষে অবশিষ্ট ছিল। ভরতশ্রেষ্ঠ ! ইহারাই তৎকালে রণস্থলে যুদ্ধের জন্য উপস্থিত হইয়াছিল ॥৩৯—৪০॥

রাজশ্রেষ্ঠ ! আমরা মদ্ররাজ শল্যের মতে থাকিয়া এইভাবে সৈন্য বিভক্ত করিয়া জয়াভিলাষী ও গুরুতর ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলাম ॥৪১॥

আবার বীর, বিজয়শোভী, নরশ্রেষ্ঠ ও যশস্বী পাণ্ডব এবং পাঞ্চালেরাও সেই ভাবেই যুদ্ধে উপস্থিত হইলেন ॥৪২॥

---

(৪৩)··উপায়াতা নরব্যাঘ্রাঃ···পি।

ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্।
তাবকানাং পরেষাঞ্চ নিঘ্নতামিতরেতরম্ ॥৪৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি
শল্যবধে ব্যূহনির্ম্মাণে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ প্রববৃতে যুদ্ধং কুরূণাং ভয়বর্দ্ধনম্।
সৃঞ্জয়ৈঃ সহ রাজেন্দ্র! ঘোরং দেবাসুরোপমম্ ॥১॥
নরা রথা গজৌঘাশ্চ সাদিনশ্চ সহস্রশঃ।
বাজিনশ্চ পরাক্রান্তাঃ সমাজগ্মুঃ পরস্পরম্ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। ঘোররূপং ভীষণাকৃতি। অতএব ভয়ানকং সর্ব্বেষামেব ভয়জনকম্ ॥৪৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

ততঃ ইতি। সৃঞ্জয়ৈঃ সহ কুরূণাং যুদ্ধং প্রববৃতে ইতি সম্বন্ধঃ ॥১॥
নরা ইতি। নরাঃ পদাতয়ঃ। সাদিনো গজাশ্বারোহিণঃ। সমাজগ্মুর্মিলিতাঃ ॥২॥

রাজা! এইভাবে প্রভাতকালে উভয়পক্ষের এই নরশ্রেষ্ঠগণ পরস্পরবধাভিলাষী হইয়া সৈন্যসমূহের সহিত উপস্থিত হইলেন ॥৪৩॥

তাহার পর আপনার পক্ষ ও বিপক্ষেরা পরস্পর আঘাত করিতে আরম্ভ করিলে, ভীষণ যুদ্ধ লাগিয়া গেল' ॥৪৪॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! তাহার পর সৃঞ্জয়গণের সহিত কৌরবগণের যুদ্ধারম্ভ হইল; সে যুদ্ধ দেবাসুরযুদ্ধের ন্যায় ভীষণ হইতেছিল বলিয়া সকলেরই ভয়বৃদ্ধি করিতে লাগিল ॥১॥

* '...সপ্তমোঽধ্যায়ঃ' নি, '...অষ্টমোঽধ্যায়ঃ' পি বা সো।

CENTRAL LIBRARY

গজানাং ভীমরূপাণাং দ্রবতাং নিস্বনো মহান্।
অশ্রূয়ত যথা কালে জলদানাং নভস্তলে ॥৩॥
নাগৈরভ্যাহতাঃ কেচিৎ সরথা রথিনোঽপতন্।
ব্যদ্রবন্ত রণে ভীতা দ্রাব্যমাণা মদোৎকটৈঃ ॥৪॥
হয়ৌঘান্ পাদরক্ষাংশ্চ রথিনস্তত্র শিক্ষিতাঃ।
শরৈঃ সংপ্রেষয়ামাসুঃ পরলোকায় ভারত! ॥৫॥
সাদিনঃ শিক্ষিতা রাজন্! পরিবার্য্য মহারথান্।
বিচরন্তো রণেঽভ্যঘ্নন্ প্রাসশক্ত্যৃষ্টিভিস্তথা ॥৬॥
ধন্বিনঃ পুরুষাঃ কেচিৎ পরিবার্য্য মহারথান্।
একং বহব আসাদ্য প্রৈষয়ন্ যমসাদনম্ ॥৭॥

ভারতকৌমুদী

গজানামিতি। দ্রবতাং প্রহারায় ধাবতাম্। কালে বর্ষাসু, জলদানাং মেঘানাম্ ॥৩॥
নাগৈরিতি। নাগৈর্গজৈঃ। ব্যদ্রবন্ত পলায়ন্ত। দ্রাব্যমাণাঃ পীড্যমানাঃ ॥৪॥
হয়েতি। পাদরক্ষান্ গজানাং পাদরক্ষকান্। শিক্ষিতা যুদ্ধেষু ॥৫॥
সাদিন ইতি। সাদিনো গজাশ্বারোহিণঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬॥
ধন্বিন ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। আসাদ্য আক্রম্য, প্রৈষয়ন্ প্রেরিতবন্তঃ ॥৭॥

পরাক্রমশালী সহস্র সহস্র পদাতি, রথী, গজারোহী ও অশ্বারোহী পরস্পর মিলিত হইল ॥২॥

বর্ষাকালে আকাশে মেঘের যেমন বিশাল শব্দ শুনা যায়, তেমন ধাবিত ভীষণমূর্ত্তি হস্তিগণের বিশাল শব্দ শুনা যাইতে লাগিল ॥৩॥

হস্তিগণ আঘাত করিলে, কতকগুলি রথী রথের সহিত পতিত হইল এবং মদমত্ত হস্তীরা প্রহার করিলে, অনেক রথী ভীত হইয়া পলায়ন করিতে থাকিল ॥৪॥

ভরতনন্দন! তখন শিক্ষিত রথীরা বাণদ্বারা অশ্বসমূহ ও পাদরক্ষকগণকে পরলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥৫॥

রাজা! শিক্ষিত গজারোহী ও অশ্বারোহীরা রণস্থলে বিচরণ করিতে করিতে বিশাল রথগুলিকে পরিবেষ্টন করিয়া প্রাস, শক্তি ও ঋষ্টিদ্বারা আঘাত করিতে থাকিল ॥৬॥

কতকগুলি ধনুর্দ্ধর লোক মহারথগণকে পরিবেষ্টন করিয়া বহুব্যক্তি এক এক জনকে আক্রমণপূর্ব্বক তাহাকে তাহাকে যমালয়ে পাঠাইতে লাগিল ॥৭॥

(৪)···ব্যদ্রবন্ত রণে বীরাঃ···পি বা সো। (৫)···রথিনস্ত সুশিক্ষিতাঃ···পি। (৭)···প্রেষয়েয়ুর্যমক্ষয়ম্—পি বা সো।

নাগান্ রথবরাংশ্চান্যে পরিবার্য্য মহারথাঃ।
সোত্তরা যুধি নির্জ্জঘ্নুর্দ্রবমাণং মহারথম্ ॥৮॥
তথা চ রথিনং ক্রুদ্ধং বিকিরন্তং শরান্ বহূন্।
নাগা জঘ্নুর্মহারাজ! পরিবার্য্য সমন্ততঃ ॥৯॥
নাগা নাগমভিদ্রুত্য রথী চ রথিনং রণে।
শক্তিতোমরনারাচৈর্নিজঘ্নুস্তত্র ভারত! ॥১০॥
পাদাতানবমৃদ্নন্তো রথবারণবাজিনঃ।
রণমধ্যে ব্যদৃশ্যন্ত কুর্বন্তো মহদাকুলম্ ॥১১॥
হয়াশ্চ পর্য্যধাবন্ত চামরৈরুপশোভিতাঃ।
হংসা হিমবতঃ প্রস্থে পিবন্ত ইব মেদিনীম্ ॥১২॥
তেষান্তু বাজিনাং ভূমিঃ খুরৈশ্চিত্রা বিশাংপতে!।
অশোভত যথা নারী করজৈঃ ক্ষতবিক্ষতা ॥১৩॥

ভারতকৌমুদী

নাগা নিতি। নাগান্ গজান্। উত্তরৈরগ্রগামিভিঃ সৈন্যৈঃ সহেতি সোত্তরাঃ ॥৮॥
তথেতি। বিকিরন্তং নিক্ষিপন্তম্। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥৯॥
নাগা ইতি। অভিদ্রুত্য দ্রুতমভিগম্য। তত্র তদানীম্ ॥১০॥
পাদাতানিতি। পাদাতান্ পদাতিসমূহান্। আকুলং রণস্থলম্ ॥১১॥
হয়া ইতি। চামরৈঃ শুভ্রকেশরৈঃ। প্রস্থে সানৌ সমতলভূমাবিতি যাবৎ ॥১২॥

আবার অন্য মহারথেরাও অগ্রবর্ত্তী যোদ্ধাদের সহিত মিলিত হইয়া হস্তী ও বিশাল রথগুলিকে পরিবেষ্টন করিয়া পলায়মান কোন মহারথকে বধ করিলেন ॥৮॥

মহারাজ! কোন রথী ক্রুদ্ধ হইয়া বহুতর বাণ ক্ষেপ করিতে লাগিলে, কতকগুলি হাতী আসিয়া সকল দিকে বেষ্টন করিয়া তাঁহাকে বধ করিল ॥৯॥

ভরতনন্দন! তখন গজারোহিগণ গজের দিকে এবং রথী রথীর দিকে বেগে যাইয়া শক্তি, তোমর ও নারাচদ্বারা আঘাত করিতে লাগিল ॥১০॥

ক্রমে দেখা গেল—হস্তী, অশ্ব ও রথ সকল রণমধ্যে পদাতিগণকে মর্দ্দন করিতে থাকিয়া রণস্থলকেই গুরুতর আকুল করিয়া তুলিয়াছে ॥১১॥

হংসগণ হিমালয়ের সমতল ভূমিতে ভূতলস্থিত পানীয় দ্রব্য পান করিতে থাকিয়া যেমন সকল দিকে ধাবিত হয়, সেইরূপ চামরশোভিত শুভ্রবর্ণ ঘোটকগণ সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥১২॥

(৮)…সোত্তরায়ুধিনং জঘ্নুঃ…পি ব,…সোত্তরা যুধি তং জঘ্নুঃ…বা সো। (১১) পাদাতানথ হৃদন্তঃ…পি। (১৩)…খুরৈশ্ছিন্না … সো।

CENTRAL LIBRARY

বাজিনাং খুরশব্দেন রথনেমিস্বনেন চ।
পত্তীনাঞ্চাপি শব্দেন নাগানাং বৃংহিতেন চ ॥১৪॥
বাদিত্রাণাঞ্চ ঘোষেণ শঙ্খানাং নিনদেন চ।
অভবন্নাদিতা ভূমির্নির্ঘাতৈরিব ভারত! ॥১৫॥ (যুগ্মকম্)
ধনুষাং কূজমানানাং শস্ত্রৌঘানাঞ্চ পাত্যতাম্।
কবচানাং প্রভাভিশ্চ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১৬॥
বহবো বাহবশ্ছিন্না নাগরাজকরোপমাঃ।
উদ্বেষ্টন্তে বিচেষ্টন্তে বেগং কুর্বন্তি দারুণম্ ॥১৭॥
শিরসাঞ্চ মহারাজ! পততাং ধরণীতলে।
চ্যুতানামিব তালেভ্যঃ ফলানাং শ্রূয়তে স্বনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তেষামিতি। করজৈর্নায়কনখরৈঃ, ক্ষতবিক্ষতা স্তননিতম্বাদৌ ॥১৩॥
বাজিনামিতি। নেমিশ্চক্রপ্রান্তঃ। নির্ঘাতৈর্বাতাহতবাতপাতশব্দৈঃ ॥১৪—১৫॥
ধনুষামিতি। কূজমানানামব্যক্তং শব্দং কুর্বতাম, পাত্যতাং পাত্যমানানাম্ ॥১৬॥
বহব ইতি। নাগরাজকরোপমা মহাহস্তিশুণ্ডাতুল্যাঃ। উদ্বেষ্টন্তে কিমপীব ॥১৭॥
শিরসামিতি। চ্যুতানাং পতিতানাম্, তালেভ্যো বৃক্ষেভ্যঃ ॥১৮॥

নরনাথ! রণভূমি সেই অশ্বগণের খুরের আঘাতে বিচিত্র হইয়া নায়কের নখাঘাতে ক্ষত-বিক্ষত রমণীর ন্যায় শোভা পাইতে থাকিল ॥১৩॥

ভরতনন্দন! অশ্বের খুরের শব্দ, রথচক্রের শব্দ, পদাতির কোলাহল, হস্তীর বৃংহিতধ্বনি, বাদ্যের শব্দ এবং শঙ্খের শব্দে নির্ঘাতশব্দদ্বারাই যেন সমরভূমি নিনাদিত হইতে লাগিল ॥১৪—১৫॥

ধনুর ও নিক্ষিপ্যমাণ অস্ত্রের অব্যক্ত শব্দে এবং বর্ম্মের দীপ্তিতে কিছুই শুনা বা দেখা গেল না ॥১৬॥

বিশাল হস্তিশুণ্ডের ন্যায় বহুতর বাহু ছিন্ন হইয়া কিছু যেন বেষ্টন করিতে লাগিল, ছট্‌ফট্ করিতে থাকিল এবং দারুণ বেগ করিতে লাগিল ॥১৭॥

মহারাজ! তালবৃক্ষ হইতে তালফল পাতিত হইতে থাকিলে যেমন শব্দ শুনা যায়, মস্তকগুলি ভূতলে পতিত হইতে লাগিলে তেমন শব্দ শুনা যাইতে লাগিল ॥১৮॥

(১৫)···শঙ্খানাং নিস্বনেন চ···পি বা সো। (১৬)···নিস্ত্রিংশানাঞ্চ দীপ্যতাম্···পি বা সো। (১৮)···পততাং বসুধাতলে···পি বা সো।

শিরোভিঃ পতিতৈর্ভাতি রুধিরার্দ্রৈর্বসুন্ধরা।
তপনীয়নিভৈঃ কালে নলিনৈরিব ভারত! ॥১৯॥
উদ্বৃত্তনয়নৈস্তৈস্তু গতসত্ত্বৈঃ সুবিক্ষতৈঃ।
ব্যভ্রাজত মহী রাজন্! পুণ্ডরীকৈরিবাবৃতা ॥২০॥
বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সকেয়ূরৈর্মহাধনৈঃ।
পতিতৈর্ভাতি বসুধা মহাশক্রধ্বজৈরিব ॥২১॥
ঊরুভিশ্চ নরেন্দ্রাণাং বিনিকৃত্তৈর্মহাহবে।
হস্তিহস্তোপমৈর্জজ্ঞে সংবৃতং তদ্রণাঙ্গনম্ ॥২২॥
কবন্ধশতসঙ্কীর্ণং ছত্রচামরসঙ্কুলম্।
সেনাবনং তচ্ছুশুভে বনং পুষ্পাচিতং যথা ॥২৩॥
তত্র যোধা মহারাজ! বিচরন্তো হ্যভীতবৎ।
দৃশ্যন্তে রুধিরাক্তাঙ্গাঃ পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

শিরোভিরিতি। তপনীয়নিভৈঃ স্বর্ণবর্ণৈঃ, নলিনৈঃ পদ্মৈঃ ॥১৯॥
উদিতি। উদ্বৃত্তনয়নৈরুত্তোলিতনেত্রৈঃ, গতসত্ত্বৈর্নির্গতপ্রাণৈঃ। পুণ্ডরীকৈঃ পদ্মৈঃ ॥২০॥
বাহুভিরিতি। চন্দনেন আদিগ্ধৈর্লিপ্তৈঃ, মহান্তি ধনানি ধনলভ্যানি ভূষণানি যেষু তৈঃ ॥২১॥
ঊরুভিরিতি। বিনিকৃত্তৈশ্ছিন্নৈঃ। হস্তিনাং হস্তোপমৈঃ শুণ্ডাতুল্যৈঃ ॥২২॥
কবন্ধেতি। সেনা বনমিবেতি সেনাবনম্। পুষ্পৈরাচিতং ব্যাপ্তম্ ॥২৩॥
তত্রেতি। পুষ্পিতাঃ সঞ্জাতপুষ্পাঃ, কিংশুকা বৃক্ষাঃ ॥২৪॥

ভরতনন্দন! স্বর্ণবর্ণ পদ্মের ন্যায় রক্তসিক্ত মস্তক সকল পতিত হওয়ায় রণভূমি অপূর্ব্ব শোভা ধারণ করিল ॥১৯॥

রাজা! উত্তোলিতনয়ন, প্রাণহীন ও অতিশয় ক্ষত-বিক্ষত পদ্মতুল্য মস্তকগুলিদ্বারা আবৃত হইয়া সমরভূমি বিশেষ শোভা পাইতে লাগিল ॥২০॥

রাজশ্রেষ্ঠ! কেয়ূর ও অন্যান্য মহামূল্য ভূষণে ভূষিত, চন্দনলিপ্ত এবং বিশাল ইন্দ্রধ্বজের ন্যায় নিপতিত বাহুসমূহদ্বারাও রণভূমি শোভা পাইতে থাকিল ॥২১॥

মহাযুদ্ধে ছিন্ন হস্তিশুণ্ডতুল্য ক্ষত্রিয়গণের ঊরুসমূহদ্বারা সেই রণস্থল আবৃত হইয়া উঠিল ॥২২॥

শত শত কবন্ধে পরিপূর্ণ এবং ছত্র ও চামরে ব্যাপ্ত সেই সৈন্যবন—পুষ্পব্যাপ্ত বনের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥২৩॥

(২১) পতিতৈর্ভাতি রাজেন্দ্র! নি।

মাতঙ্গাশ্চাপ্যদৃশ্যন্ত শরতোমরপীড়িতাঃ।
পতন্তস্তত্র তত্রৈব ছিন্নাভ্রসদৃশা রণে ॥২৫॥
গজানীকং মহারাজ! বধ্যমানং মহারণে।
ব্যদীর্য্যত দিশঃ সর্বা বাতনুন্না ঘনা ইব ॥২৬॥
তে গজা মেঘসঙ্কাশাঃ পেতুরুর্ব্যাং সমন্ততঃ।
বজ্ররুগ্ণা ইব বভুঃ পর্বতা যুগসংক্ষয়ে ॥২৭॥
হয়ানাং সাদিভিঃ সার্দ্ধং পতিতানাং মহীতলে।
রাশয়ঃ স্ম প্রদৃশ্যন্তে গিরিমাত্রাস্ততস্ততঃ ॥২৮॥
সংজজ্ঞে রণভূমৌ তু পরলোকবহা নদী।
শোণিতোদা রথাবর্ত্তা ধ্বজবৃক্ষাস্থিশর্করা ॥২৯॥
ভুজনক্রা ধনুঃস্রোতা হস্তিশৈলা হয়োপলা।
মেদোমজ্জাকর্দ্দমিনী ছত্রহংসা গদোড়ুপা ॥৩০॥

ভারতকৌমুদী

মাতঙ্গা ইতি। ছিন্নাভ্রসদৃশা বায়ুবিচ্ছিন্নমেঘতুল্যাঃ ॥২৫॥
গজেতি। ব্যদীর্য্যত বিদীর্ণং সদগচ্ছৎ। বাতনুন্না বায়ুচালিতাঃ, ঘনা মেঘাঃ ॥২৬॥
ত ইতি। মেঘসঙ্কাশা মেঘবদ্বিশালাঃ। বজ্রেণ রুগ্ণা ভগ্নাঃ ॥২৭॥
হয়ানামিতি। সাদিভিরারোহিভিঃ। গিরিমাত্রাঃ পর্বতপ্রমাণাঃ ॥২৮॥
সংজজ্ঞ ইতি। শোণিতান্যেব উদকানি যস্যাঃ সা, রথা এবাবর্ত্তা জলভ্রময়ো যস্যাঃ সা, ধ্বজা এব বৃক্ষা যস্যাঃ সা, অস্থীন্যেব শর্করাঃ ক্ষুদ্রপ্রস্তরখণ্ডা যস্যাঃ সা। ভুজা এব নক্রাঃ

মহারাজ! তখন যোদ্ধারা রক্তাক্ত দেহে নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে লাগিলে, পুষ্পযুক্ত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় তাঁহাদিগকে দেখা যাইতে থাকিল ॥২৪॥

বিচ্ছিন্ন মেঘের তুল্য হস্তী সকল বাণ ও তোমরের আঘাতে পীড়িত হইয়া সেই সেই স্থানে পতিত হইতেছে দেখা গেল ॥২৫॥

মহারাজ! হস্তিগণ মহাযুদ্ধে আহত ও বিদীর্ণ হইতে থাকিয়া বায়ুচালিত মেঘের ন্যায় সকল দিকে ছুটাছুটি করিতে থাকিল ॥২৬॥

মেঘের তুল্য সেই হস্তী সকল ক্রমে প্রলয়কালে বজ্রভগ্ন পর্বতসমূহের ন্যায় সকল দিকে ভূতলে পতিত হইতে থাকিল ॥২৭॥

আরোহিগণের সহিত ভূতলপতিত অশ্বগণের পর্ব্বতপ্রমাণ রাশি সকল নানাস্থানে দেখা যাইতে লাগিল ॥২৮॥

(২৭)···ঘনসঙ্কাশাঃ ··বজ্রনুন্নাঃ···নি। (২৮)··রাশয়স্তত্র দৃশ্যন্তে···পি।

কবচোষ্ণীষসংছন্না পতাকারুচিরদ্রুমা।
চক্রচক্রাবলীজুষ্টা ত্রিবেণূরগসংবৃতা ॥৩১॥ (বিশেষকম্)
শূরাণাং হর্ষজননী ভীরূণাং ভয়বর্দ্ধিনী।
প্রাবর্ত্তত নদী রৌদ্রা কুরুসৃঞ্জয়সঙ্গমে ॥৩২॥
তাং নদীং পরলোকায় বহন্তীমতিভৈরবাম্।
তেরুর্বাহননৌভিস্তে শূরাঃ পরিঘবাহবঃ ॥৩৩॥
বর্ত্তমানে তদা যুদ্ধে নির্মর্য্যাদে বিশাংপতে!।
চতুরঙ্গক্ষয়ে ঘোরে যুদ্ধে দেবাসুরোপমে ॥৩৪॥
ব্যাক্রোশন্ বান্ধবানন্যে তত্র তত্র পরন্তপ!।
ক্রোশদ্ভির্বান্ধবৈশ্চান্যে ভয়ার্ত্তা নিববর্ত্তিরে ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কুম্ভীরা যস্যাঃ সা, ধনূংষ্যেব স্রোতাংসি যস্যাঃ সা, হস্তিন এব শৈলা যস্যাঃ সা, হয়া অশ্বা এব উপলাঃ প্রস্তরা যস্যাঃ সা, মেদোমজ্জা এব কর্দ্দমা অস্যাঃ সন্তীতি সা, ছত্রাণ্যেব হংসা যস্যাঃ সা, গদা এব উড়ূপানি ক্ষুদ্রনৌকা যস্যাঃ সা, কবচানি উষ্ণীষাণি চ তৈঃ সংছন্না, পতাকা এব রুচিরা দ্রুমা যস্যাঃ সা, চক্রাণ্যেব চক্রাঃ চক্রবাকাঃ পক্ষিণস্তেষামাবল্যা শ্রেণ্যা জুষ্টা সেবিতা, তথা ত্রিবেণবো রথস্থমূর্দ্ধদণ্ডত্রয়মেব উরগাঃ সর্পাস্তৈঃ সংবৃতা ॥২৯—৩১॥

শূরাণামিতি। কুরুসৃঞ্জয়ানাং সঙ্গমে যুদ্ধে মেলনে ॥৩২॥

তামিতি। তেরুঃ অতিচক্রমুঃ, বাহনান্যেব নাবস্তরণ্যস্তাভিঃ, পরিঘা ইব বাহবো যেষাং তে ॥৩৩॥

ক্রমে পরলোকবাহিনী একটা নদী সমরভূমিতে উৎপন্ন হইল। রক্ত ছিল—তাহার জল, রথ ছিল—আবর্ত্ত (ঘোলা), ধ্বজ ছিল—বৃক্ষ, অস্থি ছিল—কাকর, বাহু ছিল—কুম্ভীর, ধনু ছিল—স্রোত, হস্তী ছিল—পর্ব্বত, অশ্ব ছিল—প্রস্তর, মেদ ও মজ্জা ছিল—কর্দ্দম, ছত্র ছিল—হংস, গদা ছিল---ভেলা, পতাকা ছিল---সুন্দর বৃক্ষ, রথ ও শকটের চক্র ছিল---চক্রবাকপক্ষী, ত্রিবেণু ছিল---সর্প এবং কবচ ও উষ্ণীষে সে নদী আবৃত ছিল ॥২৯---৩১॥

বীরগণের আনন্দকারিণী এবং ভীরুজনের ভয়বর্দ্ধিনী সেই ভীষণ রক্তনদী কৌরব ও সৃঞ্জয়গণের যুদ্ধসম্মেলনে উৎপন্ন হইয়াছিল ॥৩২॥

পরিঘতুল্যবাহুযুক্ত সেই বীরেরা বাহনরূপ নৌকাদ্বারা পরলোকবাহিনী অতি-ভীষণা সেই নদী উত্তীর্ণ হইতে লাগিলেন ॥৩৩॥

(৩১) কবচোষ্ণীষশম্পাঢ্যা···পি, কবচোষ্ণীষসম্পন্না···সো। (৩৩) তাং নদীং পিতৃ-লোকায়···পি বা সো। (৩৫)···ক্রোশদ্ভির্দয়িতৈরন্যে ভয়ার্ত্তা ন নিবর্ত্তিরে—নি।

নির্মর্য্যাদে তথা যুদ্ধে বর্ত্তমানে ভয়ানকে।
অর্জ্জুনো ভীমসেনশ্চ মোহয়াঞ্চক্রতুঃ পরান্ ॥৩৬॥
সা বধ্যমানা মহতী সেনা তব নরাধিপ!।
অমুহ্যত্তত্র তত্রৈব যোষিন্মদবশাদিব ॥৩৭॥
মোহয়িত্বা চ তাং সেনাং ভীমসেনধনঞ্জয়ৌ।
দধ্মতুর্বারিজৌ তত্র সিংহনাদাংশ্চ চক্রতুঃ ॥৩৮॥
শ্রুত্বৈব তু মহাশব্দং ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
ধর্ম্মরাজং পুরস্কৃত্য মদ্ররাজমভিদ্রুতৌ ॥৩৯॥
তত্রাশ্চর্য্যমপশ্যাম ঘোররূপং মহদ্ভয়ম্।
শল্যেন সঙ্গতাঃ শূরা যদযুধ্যন্ত ভাগশঃ ॥৪০॥

ভারতকৌমুদী

বর্ত্তেতি। নির্মর্য্যাদে নিয়মশূন্যে। চতুর্ণামঙ্গানাং হস্ত্যশ্বরথপদাতীনাং ক্ষয়ো যস্মিন্ তত্র। ব্যাক্রোশন্ উচ্চৈরাহ্বয়ন্। ক্রোশদ্ভিরাহ্বয়দ্ভিঃ। নিববর্ত্তিরে যুদ্ধান্নিবর্ত্তিতাঃ। সকর্ম্মকত্বমার্ষম্ ॥৩৪—৩৫॥

নিরিতি। মোহয়াঞ্চক্রতুঃ অনবরতসংহারেণেতি ভাবঃ ॥৩৬॥

সেতি। যোষিন্নারী, মদবশাৎ মদ্যপানাদিনিবন্ধনমত্ততাবশাৎ ॥৩৭॥

মোহয়িত্বেতি। তাং কৌরবীম্। দধ্মতুর্বাদয়ামাসতুঃ, বারিজৌ শঙ্খৌ ॥৩৮॥

শ্রুত্বেতি। অভিদ্রুতৌ দ্রুতমভিগতৌ, জয়ানুমানেন জয়াভিলাষাদিত্যাশয়ঃ ॥৩৯॥

শত্রুসন্তাপক নরনাথ! হস্তী, অশ্ব, রথ ও পদাতিনাশক, দেবাসুরযুদ্ধের তুল্য ভীষণ ও নিয়ম শূন্য সেইরূপ যুদ্ধ চলিতে লাগিলে, নানাস্থানে অনেকে বান্ধবগণকে ডাকিতে লাগিল এবং বান্ধবেরা ডাকিতে থাকিয়া অন্য ভয়ার্ত্ত বন্ধুবর্গকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিল ॥৩৪---৩৫॥

নিয়মশূন্য সেইরূপ ভয়ানক যুদ্ধ চলিতে লাগিলে, ভীম ও অর্জ্জুন অনবরত সংহার করিতে থাকিয়া বিপক্ষগণকে মোহিত করিয়া ফেলিলেন ॥৩৬॥

নরনাথ! ভীম ও অর্জ্জুন বধ করিতে লাগিলে, আপনার বিশাল সেনা--মত্ততাবশতঃ নারীর ন্যায় সেই সেই স্থানে মুগ্ধ হইয়া পড়িল ॥৩৭॥

ভীম ও অর্জ্জুন কৌরবসৈন্যকে মোহিত করিয়া শঙ্খধ্বনি ও সিংহনাদ করিতে লাগিলেন ॥৩৮॥

তাঁহাদের সেই বিশাল শব্দ শুনিয়াই ধৃষ্টদ্যুম্ন ও শিখণ্ডী যুধিষ্ঠিরকে অগ্রবর্ত্তী করিয়া শল্যের দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

(৩৭)···সেনা তব জনাধিপ! পি বা সো। (৩৮)···সিংহনাদাংশ্চ নেদতুঃ—পি বা সো। (৪০)···ঘোররূপং বিশাংপতে!···পি বা সো।

মাদ্রীপুত্রৌ তু রভসৌ কৃতাস্ত্রৌ যুদ্ধদুর্ম্মদৌ।
অভ্যয়াতাং ত্বরাযুক্তৌ জিগীষন্তৌ বলং তব ॥৪১॥
ততো ন্যবর্ত্তত বলং তাবকং ভরতর্ষভ!।
শরৈঃ প্রণুন্নং বহুধা পাণ্ডবৈর্জিতকাশিভিঃ ॥৪২॥
বধ্যমানা চমূঃ সা তু পুত্রাণাং প্রেক্ষতাং তব।
ভেজে দশ দিশো রাজন্! প্রণুন্না শরবৃষ্টিভিঃ ॥৪৩॥
হাহাকারো মহান্ জজ্ঞে যোধানাং তব ভারত!।
তিষ্ঠ তিষ্ঠেতি চাপ্যাসীৎ পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥৪৪॥
ক্ষত্রিয়াণাং তদান্যোন্যং সংযুগে জয়মিচ্ছতাম্।
প্রাদ্রবন্নেব ভগ্নাস্তে পাণ্ডবৈস্তব সৈনিকাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। সঙ্গতা মিলিতাঃ। ভাগশঃ অংশে অংশে ॥৪০॥
মাদ্রীতি। রভসৌ বেগবন্তৌ, কৃতাস্ত্রৌ শিক্ষিতসর্বাস্ত্রৌ, জিগীষন্তৌ জেতুমিচ্ছন্তৌ ॥৪১॥
তত ইতি। প্রণুন্নং নিপীড়িতম্। জিতকাশিভিঃ পূর্ব্বব্যাখ্যানাদ্বিজয়শোভিভিঃ ॥৪২॥
বধ্যেতি। প্রেক্ষতাং পশ্যতাম্। অনাদরে ষষ্ঠী ॥৪৩॥
হাহেতি। তিষ্ঠ তিষ্ঠেতি শব্দশ্চেতি শেষঃ ॥৪৪॥
ক্ষত্রিয়াণামিতি। ইয়মপ্যনাদরে ষষ্ঠী। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৫॥

তখন আমরা একটা আশ্চর্য্য ও অতিভীষণ ব্যাপার দেখিলাম যে, বিপক্ষবীরেরা শল্যের সহিত মিলিত হইয়া ভাগে ভাগে যুদ্ধ করিতে লাগিলেন ॥৪০॥

এই সময়ে সর্বাস্ত্রে সুশিক্ষিত, যুদ্ধদুর্দ্ধর্ষ, বেগবান্ ও ত্বরান্বিত নকুল এবং সহদেব আপনার সৈন্য জয় করিবার ইচ্ছা করিয়া তাহার দিকে আসিতে থাকিলেন ॥৪১॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বিজয়শোভী পাণ্ডবেরা বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, আপনার সৈন্যেরা যুদ্ধ হইতে নিবৃত্তি পাইল ॥৪২॥

রাজা! পাণ্ডবেরা বাণ বর্ষণ করিয়া পীড়ন ও সংহার করিতে থাকিলে, আপনার সৈন্যেরা আপনার পুত্রগণের সমক্ষেই দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ভরতনন্দন! ক্রমে আপনার যোদ্ধাদের মধ্যে বিশাল হাহাকার হইতে থাকিল এবং মহাত্মা পাণ্ডবগণের মধ্যেও 'থাক থাক' এইরূপ শব্দ হইতে লাগিল ॥৪৪॥

তখন উভয়পক্ষের ক্ষত্রিয়েরা যুদ্ধে পরস্পর জয় করিবার ইচ্ছা করিতেছিলেন;

(৪২) ততোঽভ্যাবর্ত্তত বলম্··নি। (৪৩)···ভেজে দিশো মহারাজ! প্রণুন্না দৃঢ়-ধন্বিভিঃ—পি,···ভেজে দিশো মহারাজ!··বা সো। (৪৪) দ্রাবিতানাং মহাত্মনাম্—পি নি।

CENTRAL LIBRARY

ত্যক্ত্বা যুদ্ধে প্রিয়ান্ পুত্রান্ ভ্রাতৄনথ পিতামহান্।
মাতুলান্ ভাগিনেয়াংশ্চ বয়স্যানপি ভারত! ॥৪৬॥
হয়ান্ দ্বিপাংস্ত্বরয়ন্তো যোধা জগ্মুঃ সমন্ততঃ।
আত্মত্রাণকৃতোৎসাহাস্তাবকা ভরতর্ষভ! ॥৪৭॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টমোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা মদ্ররাজঃ প্রতাপবান্।
উবাচ সারথিং তূর্ণং চোদয়াশ্বান্ মনোজবান্ ॥১॥

ভারতকৌমুদী

ত্যক্ত্বেতি। বয়স্যান্ সখীন্। আত্মত্রাণে আত্মরক্ষায়াং কৃতোৎসাহাঃ ॥৪৬—৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৭॥ তালানাং তালফলানাম্ ॥১৮—৩৪॥ ন নিবর্ত্তিরে ন বিবর্ত্তিতাঃ ॥৩৫—৪৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

কিন্তু পাণ্ডবকর্ত্তৃক পরাজিত আপনার সেই সৈন্যেরা তাঁহাদের সমক্ষেই পলায়ন করিতে থাকিল ॥৪৫॥

ভরতশ্রেষ্ঠ ভরতনন্দন! আপনার যোদ্ধারা আত্মরক্ষায় অভিলাষী হইয়া হস্তী ও অশ্বগণকে বেগে চালাইতে থাকিয়া রণস্থলে প্রিয় পুত্র, ভ্রাতা, পিতামহ, মাতুল, ভাগিনেয় ও বয়স্যগণকে পরিত্যাগ করিয়া সকল দিকে গমন করিতে লাগিল' ॥৪৬---৪৭॥

---

(৪৬)···ভাগিনেয়াংশ্চ তথা সম্বন্ধিবান্ধবান্—পি বা সো। (৪৭)···জগ্মুঃ সহস্রশঃ··· পি। * '···নবমোঽধ্যায়ঃ' পি বা সো, '···অষ্টমোঽধ্যায়ঃ' নি। (১)···চোদয়াশ্বান্ মহাজবান্—নি।

এষ তিষ্ঠতি বৈ রাজা পাণ্ডুপুত্রো যুধিষ্ঠিরঃ।
ছত্রেণ ধ্রিয়মাণেন পাণ্ডুরেণ বিরাজতা ॥২॥
অত্র মাং প্রাপয় ক্ষিপ্রং পশ্য মে সারথে! বলম্।
ন সমর্থা হি মে পার্থাঃ স্থাতুমদ্য পুরো যুধি ॥৩॥
এবমুক্তস্ততঃ প্রায়ান্মদ্ররাজস্য সারথিঃ।
যত্র রাজা সত্যসন্ধো ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪॥
আপতত্তচ্চ সহসা পাণ্ডবানাং মহদ্বলম্।
দধারৈকো রণে শল্যো বেলোদ্ধূতমিবার্ণবম্ ॥৫॥
পাণ্ডবানাং বলৌঘস্তু শল্যমাসাদ্য মারিষ!।
ব্যতিষ্ঠত তদা যুদ্ধে সিন্ধোর্বেগ ইবাচলম্ ॥৬॥

ভারতকৌমুদী

তদিতি। প্রভগ্নং বিশ্লিষ্টম্। চোদয় প্রেরয়, মনস ইব জবো বেগো যেষাং তান্ ॥১॥
এষ ইতি। ছত্রেণেতি বিশেষণে তৃতীয়া, পাণ্ডুরেণ শুভ্রেণ ॥২॥
অত্রেতি। প্রাপয় নয়। পার্থাঃ পাণ্ডবাঃ, পুরঃ অগ্রতঃ ॥৩॥
এবমিতি। প্রায়াদগচ্ছৎ। সত্যা সন্ধা প্রতিজ্ঞা যস্য সঃ ॥৪॥
আপতদিতি। আপতদাগচ্ছৎ। বেলা তীরম্, উদ্ধূতমুদ্বেলিতম্ ॥৫॥
পাণ্ডবানামিতি। বলৌঘঃ সৈন্যসমূহঃ। সিন্ধোঃ সমুদ্রস্য, অচলং পর্ব্বতম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কৌরবসৈন্য ভগ্ন হইয়াছে দেখিয়া প্রতাপশালী শল্য সারথিকে কহিলেন—'তুমি মনের ন্যায় বেগবান্ অশ্বগুলিকে সত্বর চালাও ॥১॥

এই পাণ্ডুপুত্র রাজা যুধিষ্ঠির রহিয়াছেন; কোন ভৃত্য উহার মস্তকের উপরে সুন্দর শুভ্রবর্ণ একটা ছত্র ধারণ করিয়াছে ॥২॥

সারথি! সত্বর আমাকে উহার সম্মুখে লইয়া চল, আমার শক্তি দেখ। পাণ্ডবেরা আজ যুদ্ধে আমার সম্মুখে থাকিতে সমর্থ হইবে না' ॥৩॥

শল্য এইরূপ বলিলে, সত্যপ্রতিজ্ঞ রাজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির যেখানে ছিলেন, শল্যের সারথি সেই দিকে গমন করিল ॥৪॥

তখন পাণ্ডবগণের বিশাল সৈন্য বেগে উপস্থিত হইলে, তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে ধারণ করে, তেমন এক শল্যই সেই সৈন্যকে ধারণ করিলেন ॥৫॥

মাননীয় রাজা! সমুদ্রের বেগ যেমন পর্বত পাইয়া দাঁড়ায়, তেমন পাণ্ডবসৈন্য-সমূহ শল্যকে পাইয়া দাঁড়াইল ॥৬॥

(২) এষ তিষ্ঠতি রাজেন্দ্রঃ পাণ্ডবেণ ...পি। (৫) আপতত্তচ্চ সহসা... বেলোদ্বৃত্তম্ ...নি।

CENTRAL LIBRARY

মদ্ররাজন্তু সমরে দৃষ্ট্বা যুদ্ধায় বিষ্ঠিতম্ ।
কুরবঃ সংন্যবর্ত্তন্ত মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৭॥
তেষু রাজন্ ! নিবৃত্তেষু ব্যূঢ়ানীকেষু সর্বশঃ ।
প্রাবর্ত্তত মহারৌদ্রঃ সংগ্রামঃ শোণিতোদকঃ ॥৮॥
সমার্চ্ছচ্চিত্রসেনন্তু নকুলো যুদ্ধদুর্ম্মদঃ ।
তৌ পরস্পরমাসাদ্য চিত্রকার্ম্মুকধারিণৌ ॥৯॥
মেঘাবিব যথোদ্বৃত্তৌ দক্ষিণোত্তরবর্ষিণৌ ।
শরতোয়ৈঃ সিষিচতুস্তৌ পরস্পরমাহবে ।
নান্তরং তত্র পশ্যামঃ পাণ্ডবস্যেতরস্য বা ॥১০॥ (যুগ্মকম্)
উভৌ কৃতাস্ত্রৌ বলিনৌ রথচর্য্যাবিশারদৌ ।
পরস্পরবধে যত্তৌ ছিদ্রান্বেষণতৎপরৌ ॥১১॥

ভারতকৌমুদী

মদ্রেতি। বিষ্ঠিতমবস্থিতম্। নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিহেতুম্ ॥৭॥

তেষ্বিতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্ অনীকং সৈন্যং যৈস্তেষু। শোণিতমিবোদকং যত্র সঃ ॥৮॥

সমিতি। সমার্চ্ছদপীড়য়ৎ, চিত্রসেনং নাম কর্ণপুত্রম্। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্। উদ্বৃত্তৌ উদ্ধতৌ। অন্তরং ভেদম্। ইতরস্য চিত্রসেনস্য। ষট্পাদঃ ॥৯—১০॥

উভাবিতি। কৃতাস্ত্রৌ শিক্ষিতসর্বাস্ত্রৌ। যত্তৌ যত্নবন্তাবভবতাম্ ॥১১॥

শল্য যুদ্ধের জন্য অবস্থিত হইয়াছেন দেখিয়া কৌরবেরা মৃত্যুকে যুদ্ধ হইতে নিবৃত্তির কারণ করিয়া প্রত্যাবর্ত্তন করিলেন ॥৭॥

রাজা ! কৌরবেরা ব্যূহ রচনা করিয়া সকল দিক্ হইতে ফিরিয়া আসিলে, অতিভীষণ যুদ্ধ লাগিয়া গেল ; তাহাতে জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিতে লাগিল ॥৮॥

তখন যুদ্ধদুর্দ্ধর্ষ নকুল চিত্রসেনকে পীড়ন করিতে আরম্ভ করিলেন। সেই সময়ে দুইটা মেঘের ন্যায় উদ্ধত ও বিচিত্রকার্ম্মুকধারী নকুল এবং চিত্রসেন পরস্পরের সন্নিহিত হইয়া দক্ষিণ ও উত্তর দিকে বর্ষণ করিতে থাকিয়া বাণরূপ জলদ্বারা যুদ্ধে পরস্পরকে সিক্ত করিতে লাগিলেন। তখন আমরা নকুল ও চিত্রসেনের কোন তারতম্য দেখিতে পাইলাম না ॥৯—১০॥

পরে সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, বলবান্ ও রথচর্য্যাবিশারদ নকুল এবং চিত্রসেন

(৭)…যুদ্ধায় বিষ্ঠিতম্…বা সো নি। (৮)…ব্যূঢ়ানীকেষু ভারত !…পি,…ব্যূঢ়ানীকেষু ভাগশঃ…বা সো। (১০)…যথোদ্ধূতৌ…পি। (১১) উভৌ কৃতাস্ত্রবলিনৌ…পি।

চিত্রসেনস্তু ভল্লেন পীতেন নিশিতেন চ।
নকুলস্য মহারাজ! মুষ্টিদেশেঽচ্ছিনদ্ধনুঃ ॥১২॥
অথৈনং ছিন্নধন্বানং রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ত্রিভিঃ শরৈরসংভ্রান্তো ললাটে বৈ সমার্পয়ৎ ॥১৩॥
হয়াংশ্চাস্য শরৈস্তীক্ষ্ণৈঃ প্রেষয়ামাস মৃত্যবে।
তথা ধ্বজং সারথিঞ্চ ত্রিভিস্ত্রিভিরপাতয়ৎ ॥১৪॥
স শক্রভুজনির্ম্মুক্তৈর্ললাটস্থৈস্ত্রিভিঃ শরৈঃ।
নকুলঃ শুশুভে রাজন্! ত্রিশৃঙ্গ ইব পর্বতঃ ॥১৫॥
স চ্ছিন্নধন্বা বিরথঃ খড়্গমাদায় চর্ম্ম চ।
রথাদবাতরদ্বীরঃ শৈলাগ্রাদিব কেশরী ॥১৬॥
পদ্ভ্যামাপততস্তস্য শরবৃষ্টিং সমাসৃজৎ।
নকুলোঽপ্যগ্রসত্তাং বৈ চর্ম্মণা লঘুবিক্রমঃ ॥১৭॥

ভারতকৌমুদী

চিত্রেতি। পীতেন চিরতৈলাভ্যঞ্জনাৎ পীতবর্ণেন প্রাক্পীতরক্তেন বা ॥১২॥
অথেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। অসংভ্রান্তঃ অব্যস্তঃ, সমার্পয়দপীড়য়ৎ ॥১৩॥
হয়ানিতি। অস্য নকুলস্য। অপাতয়ৎ চিত্রসেন ইত্যনুবৃত্তিঃ ॥১৪॥
স ইতি। শক্রণা চিত্রসেনেন ভুজাভ্যাং নির্ম্মুক্তৈর্নিক্ষিপ্তৈঃ। ত্রীণি শৃঙ্গাণি যস্য সঃ ॥১৫॥
স ইতি। বিরথঃ অশ্বনাশেন রথচলনশূন্যঃ। বীরো নকুলঃ ॥১৬॥

পরস্পরের চিত্রান্বেষণে তৎপর হইয়া পরস্পরকে বধ করিবার জন্য যত্ন করিতে লাগিলেন ॥১১॥

মহারাজ! ক্রমে চিত্রসেন পীতবর্ণ ও সুধার একটা ভল্লদ্বারা নকুলের ধনুখানাকে মুষ্টিদেশে ছেদন করিলেন ॥১২॥

তৎপরে চিত্রসেন ধীর-স্থির থাকিয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তিনটা বাণদ্বারা ছিন্নধন্বা নকুলের ললাটদেশে পীড়ন করিলেন ॥১৩॥

পরে তিনি চারিটা তীক্ষ্ণ বাণদ্বারা নকুলের চারিটা অশ্বকে বিনাশ করিলেন এবং তিন তিনটা বাণদ্বারা তাঁহার ধ্বজ ও সারথিকে নিপাতিত করিলেন ॥১৪॥

রাজা! তখন নকুল চিত্রসেনবাহুনিক্ষিপ্ত ললাটস্থিত সেই তিনটা বাণদ্বারা শৃঙ্গত্রয়যুক্ত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৫॥

পরে ছিন্নধন্বা ও রথবিহীন বীর নকুল খড়্গ ও চর্ম্ম লইয়া—সিংহ যেমন পর্বতাগ্র হইতে অবতরণ করে, সেইরূপ রথ হইতে অবতরণ করিলেন ॥১৬॥

(১৭)···অবাসৃজৎ। নকুলঃ প্রাধমত্তদ্বৈ···পি।

CENTRAL LIBRARY

চিত্রসেনরথং প্রাপ্য চিত্রযোধী জিতশ্রমঃ।
আরুরোহ মহাবাহুঃ সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥১৮॥
সকুণ্ডলং সমুকুটং সুনসং স্বায়তেক্ষণম্।
চিত্রসেনশিরঃ কায়াদপাহরত পাণ্ডবঃ।
স পপাত রথাত্তস্মাদ্দিবাকরসমদ্যুতিঃ ॥১৯॥
চিত্রসেনশিরস্তত্তু দৃষ্ট্বা তত্র মহারথাঃ।
সাধুবাদস্বনাংশ্চক্রুঃ সিংহনাদাংশ্চ পুষ্কলান্ ॥২০॥
বিশস্তং ভ্রাতরং দৃষ্ট্বা কর্ণপুত্রৌ মহারথৌ।
সুশর্ম্মা সত্যসেনশ্চ মুঞ্চন্তৌ বিবিধান্ শরান্ ॥২১॥
ততোঽভ্যধাবতাং তূর্ণং পাণ্ডবং রথিনাং বরম্।
জিঘাংসন্তৌ যথা নাগং ব্যাঘ্রৌ রাজন্! মহাবনে ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পশ্যামিতি। আপতত আগচ্ছতঃ। অগ্রসৎ গ্রাসেনেব ব্যনাশয়ৎ ॥১৭॥

চিত্রেতি। চিত্রযোধী নকুলঃ। আরুরোহ চিত্রসেনরথমেব ॥১৮॥

সেতি। শোভনা নাসা যস্য তৎ, শোভনে আয়তে দীর্ঘে চ ঈক্ষণে যস্য তৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

চিত্রেতি। মহারথাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। পুষ্কলান্ প্রচুরান্ ॥২০॥

বিশস্তমিতি। বিশস্তং নিহতম্। জিঘাংসন্তৌ হন্তুমিচ্ছন্তৌ ॥২১—২২॥

ক্রমে নকুল পাদচারে আসিতে লাগিলে, চিত্রসেন তাঁহার উপরে বাণবৃষ্টি করিতে লাগিলেন; তখন দ্রুতগামী নকুলও চর্ম্মদ্বারা তাহা নিবারণ করিতে থাকিলেন ॥১৭॥

তদনন্তর বিচিত্রযোধী ও শ্রমবিজয়ী মহাবাহু নকুল চিত্রসেনের রথের নিকটে যাইয়া সমস্ত সৈন্যের সমক্ষেই তাহাতে আরোহণ করিলেন ॥১৮॥

পরে নকুল কুণ্ডল ও মুকুটযুক্ত, সুন্দরনাসিকাসমন্বিত এবং মনোহর ও দীর্ঘনয়নশালী চিত্রসেনের মস্তকটী দেহ হইতে অপহরণ করিলেন। তখন সূর্য্যের ন্যায় তেজস্বী চিত্রসেন রথ হইতে পতিত হইলেন ॥১৯॥

সেই সময়ে পাণ্ডবপক্ষের মহারথেরা চিত্রসেনের সেই ছিন্ন মস্তক দেখিয়া নকুলের প্রচুর সাধুবাদ ও সিংহনাদ করিতে লাগিলেন ॥২০॥

রাজা! এদিকে ভ্রাতা চিত্রসেনকে নিহত দেখিয়া কর্ণপুত্র মহারথ সুশর্ম্মা ও সত্যসেন নানাবিধ বাণক্ষেপ করিতে থাকিয়া রথিশ্রেষ্ঠ নকুলকে বধ করিবার ইচ্ছা

(১৯)···রথোপস্থে দিবাকরসমপ্রভঃ—পি। (২২)···রথিনাং বরৌ···পি সো।

তাবভ্যেত্য মহাবাহূ দ্বাবপ্যতিমহারথৌ।
শরৌঘান্ সম্যগস্যন্তৌ জীমূতৌ সলিলং যথা ॥২৩॥
স শরৈঃ সর্বতো বিদ্ধঃ প্রহৃষ্ট ইব পাণ্ডবঃ।
অন্যৎ কার্ম্মুকমাদায় রথমারুহ্য বেগবান্।
অতিষ্ঠত রণে বীরঃ ক্রুদ্ধরূপ ইবান্তকঃ ॥২৪॥
তস্য তৌ ভ্রাতরৌ রাজন্! শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রথং বিশকলীকর্ত্তুং সমারব্ধৌ বিশাংপতে! ॥২৫॥
ততঃ প্রহস্য নকুলশ্চতুর্ভিশ্চতুরো রণে।
জঘান নিশিতৈর্বাণৈঃ সত্যসেনস্য বাজিনঃ ॥২৬॥
ততঃ সন্ধায় নারাচং রুক্মপুঙ্খং শিলাশিতম্।
ধনুশ্চিচ্ছেদ রাজেন্দ্র! সত্যসেনস্য পাণ্ডবঃ ॥২৭॥

ভারতকৌমুদী

তাবিতি। অস্যন্তৌ ক্ষিপন্তাবভবতামিতি শেষঃ, জিমূতৌ মেঘৌ ॥২৩॥
স ইতি। পাণ্ডবো নকুলঃ। রথমশ্বহীনমেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তস্যেতি। বিশকলীকর্ত্তুং খণ্ডখণ্ডীকর্ত্তুম, "ভিত্তং শকলখণ্ডে বা" ইত্যমরঃ ॥২৫॥
তত ইতি। চতুর্ভির্বাণৈঃ, চতুরো বাজিনো জঘানেতি সম্বন্ধঃ ॥২৬॥
তত ইতি। রুক্মপুঙ্খং স্বর্ণখচিতমূলদেশম্, শিলয়া তদ্ঘর্ষণেন শিতং সুধারীকৃতম্ ॥২৭॥

করিয়া—দুইটা ব্যাঘ্র যেমন একটা হস্তীর দিকে ধাবিত হয়, তেমন নকুলের দিকে সত্বর ধাবিত হইলেন ॥২১—২২॥

মহাবাহু ও অতিমহারথ সেই সুশর্ম্মা ও সত্যসেন নিকটবর্ত্তী হইয়া—মেঘ যেমন জল বর্ষণ করে, সেইরূপ সমীচীনভাবে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২৩॥

তখন বীর ও বেগবান্ নকুল তাঁহাদের বাণে সকল দিকে বিদ্ধ হইয়াও যেন হৃষ্ট থাকিয়া অন্য ধনু লইয়া সেই রথেই আরোহণ করিয়া ক্রুদ্ধ যমের ন্যায় রণস্থলে অবস্থান করিতে লাগিলেন ॥২৪॥

নরনাথ রাজা! সেই সময়ে সুশর্ম্মা ও সত্যসেন দুই ভ্রাতা নতপর্ব্ব বাণসমূহ-দ্বারা নকুলের রথখানাকে খণ্ড খণ্ড করিতে আরম্ভ করিলেন ॥২৫॥

তদনন্তর নকুল হাস্য করিয়া সুধার চারিটা বাণদ্বারা সত্যসেনের চারিটা অশ্বকে বধ করিলেন ॥২৬॥

(২৩) তাবভ্যবর্ষতাং তীক্ষ্ণৈর্বাণৈর্যেনং মহারথম্—পি বর্দ্ধ বা। (২৫)··রথং বিশকলীকৃত্য নর্দ্দন্তৌ দ্বৌ··পি।

অথান্যং রথমাস্থায় ধনুরাদায় চাপরম্ ।
সত্যসেনঃ সুশর্ম্মা চ পাণ্ডবং পর্য্যধাবতাম্ ॥২৮॥
অবিধ্যত্তাবসংভ্রান্তো মাদ্রীপুত্রঃ প্রতাপবান্ ।
দ্বাভ্যাং দ্বাভ্যাং মহারাজ ! শরাভ্যাং রণমূর্দ্ধনি ॥২৯॥
সুশর্ম্মা তু ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য মহদ্ধনুঃ ।
চিচ্ছেদ প্রহসন্ যুদ্ধে ক্ষুরপ্রেণ মহারথঃ ॥৩০॥
অথান্যদ্ধনুরাদায় নকুলঃ ক্রোধমূর্চ্ছিতঃ ।
সুশর্ম্মাণং পঞ্চভির্বিদ্ধা ধ্বজমেকেন চিচ্ছিদে ॥৩১॥
সত্যসেনস্য চ ধনুর্হস্তাবাপঞ্চ মারিষ ! ।
চিচ্ছেদ তরসা যুদ্ধে তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথেতি। অন্যরথাস্থানং ধনুরাদানঞ্চ সত্যসেনস্যৈব, তস্য তয়োরভাবাৎ ॥২৮॥
অবিধ্যদিতি। অসংভ্রান্তঃ অব্যস্তঃ, মাদ্রীপুত্রো নকুলস্তৎপ্রকরণাৎ ॥২৯॥
সুশর্ম্মেতি। পাণ্ডবস্য নকুলস্য। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥৩০॥
অথেতি। ক্রোধেন মূর্চ্ছিতঃ অতীবোত্তেজিতঃ। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৩১॥
সত্যেতি। হস্তাবাপং হস্তাবরণম্। তরসা বলেন। উচ্চুক্রুশুঃ কোলাহলং চক্রুঃ ॥৩২॥

রাজশ্রেষ্ঠ ! তৎপরে আবার নকুল স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত একটা নারাচ সন্ধান করিয়া সত্যসেনের ধনু ছেদন করিলেন ॥২৭॥

তাহার পর সত্যসেন অন্য রথে আরোহণ করিয়া এবং অন্য ধনু লইয়া নকুলের দিকে ধাবিত হইলেন, আর সুশর্ম্মাও তাঁহার প্রতি বেগে যাইতে লাগিলেন ॥২৮॥

মহারাজ ! তখন প্রতাপশালী নকুল ধীর-স্থির থাকিয়া দুই দুই বাণে রণস্থলে সুশর্ম্মা ও সত্যসেনকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তদনন্তর মহারথ সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া হাস্য করিতে থাকিয়া একটা ক্ষুরপ্রদ্বারা নকুলের বিশাল ধনু ছেদন করিলেন ॥৩০॥

তাহার পর নকুল ক্রোধে অত্যন্ত উত্তেজিত হইয়া অন্য ধনু লইয়া পাঁচটা বাণ-দ্বারা সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া এক বাণে তাঁহার ধ্বজ ছেদন করিলেন ॥৩১॥

এবং মাননীয় রাজা ! তিনি বলপূর্ব্বক সত্যসেনের ধনু ও হস্তাবরণ ছেদন করিলেন ; তখন সমস্ত লোক কোলাহল করিয়া উঠিল ॥৩২॥

(৩০) সুশর্ম্মস্তু ততঃ ক্রুদ্ধঃ···পি বর্দ্ধ। সুশর্ম্মস্তু পূর্বং···নিহতত্বাত্তৎ পাঠো ন যুক্তঃ।
(৩১)···সুশর্ম্মাং পঞ্চভির্বিদ্ধা···পি বর্দ্ধ।

অথান্যদ্ধনুরাদায় শত্রুঘ্নং ভারসাধনম্ ।
শরৈঃ সংছাদয়ামাস সমন্তাৎ পাণ্ডুনন্দনম্ ॥৩৩॥
সন্নিবার্য্য তু তান্ বাণান্ নকুলঃ পরবীরহা ।
সত্যসেনসুশর্ম্মাণৌ দ্বাভ্যাং দ্বাভ্যামবিধ্যত ॥৩৪॥
তাবেনং প্রত্যবিধ্যেতাং পৃথক্ পৃথগজিহ্মগৈঃ ।
সারথিঞ্চাস্য রাজেন্দ্র ! শিতৈর্বিবিধতুঃ শরৈঃ ॥৩৫॥
সত্যসেনো রথেশান্তু নকুলস্য ধনুস্তথা ।
পৃথক্ শরাভ্যাং চিচ্ছেদ কৃতহস্তঃ প্রতাপবান্ ॥৩৬॥
স রথেঽতিরথস্তিষ্ঠন্ রথশক্তিং পরামৃশৎ ।
স্বর্ণদণ্ডামকুণ্ঠাগ্রাং তৈলধৌতাং সুনির্ম্মলাম্ ॥৩৭॥
লেলিহানামিব বিভো ! নাগকন্যাং মহাবিষাম্ ।
সমুদ্যম্য চ চিক্ষেপ সত্যসেনস্য সংযুগে ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। ভারসাধনং শত্রুনিবারণনিষ্পাদকম্। সংছাদয়ামাস সত্যসেনঃ ॥৩৩॥
সন্নিবার্য্যেতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। দ্বাভ্যাং দ্বাভ্যাং শরাভ্যাম্ ॥৩৪॥
তাবিতি। অজিহ্মগৈর্বাণৈঃ। শিতৈঃ সুধারৈঃ ॥৩৫॥
সত্যেতি। রথস্য ঈশাং দীর্ঘদণ্ডম্। কৃতহস্তঃ শিক্ষিতহস্তঃ ॥৩৬॥
স ইতি। পরামৃশৎ অগৃহ্ণাৎ। অকুণ্ঠাগ্রাং দৃঢ়ধারাম্, তৈলেন ধৌতাং পরিষ্কৃতাম্। লেলিহানাং পুনঃ পুনর্বায়ুমাস্বদমানাং পুনঃ পুনর্জিহ্বাং বহিষ্কুর্বতীমিত্যর্থঃ। সত্যসেনস্যোপরি ॥৩৭—৩৮॥

পরে সত্যসেন শত্রুনাশক ও শত্রুনিবারক অন্য ধনু লইয়া বাণদ্বারা সকল দিকে নকুলকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৩॥

তখন বিপক্ষবীরহন্তা নকুল সেই বাণগুলিকে নিবারণ করিয়া দুই দুই বাণে সুশর্ম্মা ও সত্যসেনকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

রাজশ্রেষ্ঠ ! পরে তাঁহারাও বাণদ্বারা পৃথক্ পৃথক্‌ভাবে নকুলকে বিদ্ধ করিলেন এবং সুধার বাণসমূহদ্বারা নকুলের সারথিকেও তাড়ন করিলেন ॥৩৫॥

শিক্ষিতহস্ত ও প্রতাপশালী সত্যসেন দুইটা বাণদ্বারা নকুলের রথদণ্ড এবং ধনু পৃথক্‌ভাবে ছেদন করিলেন ॥৩৬॥

রাজা ! তখন অতিরথ নকুল রথে থাকিয়াই স্বর্ণদণ্ডা, দৃঢ়ধারা, তৈলমার্জিতা, অতিনির্ম্মলা এবং লেলিহানা ও মহাবিষা সর্পতনয়ার তুল্যা রথশক্তি গ্রহণ করিলেন এবং তাহা তুলিয়া সত্যসেনের উপরে নিক্ষেপ করিলেন ॥৩৭—৩৮॥

CENTRAL LIBRARY

সা তস্য হৃদয়ং সংখ্যে বিভেদ শতধা নৃপ ! ।
স পপাত রথাদ্ভূমিং গতসত্ত্বোঽল্পচেতনঃ ॥৩৯॥
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা সুশর্ম্মা ক্রোধমূর্চ্ছিতঃ ।
চকার সহসা সংখ্যে নকুলং বিরথং ততঃ ।
অভ্যবর্ষচ্ছরৈস্তূর্ণং পাদাতং পাণ্ডুনন্দনম্ ॥৪০॥
নকুলং বিরথং দৃষ্ট্বা দ্রৌপদেয়ো মহারথঃ ।
সুতসোমোঽভিদুদ্রাব পরীপ্সন্ পিতরং রণে ॥৪১॥
ততোঽধিরুহ্য নকুলঃ সুতসোমস্য তং রথম্ ।
শুশুভে ভরতশ্রেষ্ঠো গিরিস্থ ইব কেশরী ।
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় সুশর্ম্মাণমযোধয়ৎ ॥৪২॥
তাবুভৌ শরবর্ষাভ্যাং সমাসাদ্য পরস্পরম্ ।
পরস্পরবধে যত্নং চক্রতুঃ সুমহারথৌ ॥৪৩॥

ভারতকৌমুদী

সেতি। পপাত জগাম। গতসত্ত্বো নিশ্চেষ্টঃ ॥৩৯॥

ভ্রাতরমিতি। ক্রোধেন মূর্চ্ছিত উত্তেজিতঃ। পাদাতং পাদচারিণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

নকুলমিতি। দ্রৌপদেয়ো দ্রৌপদ্যাঃ পুত্রঃ। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্ ॥৪১॥

তত ইতি। অন্যৎ কার্ম্মুকমাদায় সত্যসেনেন পূর্ব্বধনুষশ্ছেদনাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪২॥

তাবিতি। তৌ নকুলসুশর্ম্মাণৌ। সমাসাদ্য প্রাপ্য ॥৪৩॥

রাজা ! সেই রথশক্তিটা যাইয়া সত্যসেনের বক্ষস্থল শতভাগে বিদীর্ণ করিল ; তখন সত্যসেন নিশ্চেষ্ট ও অল্পচৈতন্য হইয়া রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৩৯॥

ভ্রাতা সত্যসেনকে নিহত দেখিয়া সুশর্ম্মা ক্রোধে অধীর হইয়া তৎক্ষণাৎ নকুলকে রথবিহীন করিলেন এবং সত্বর পাদচারী নকুলের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪০॥

তখন নকুলকে রথবিহীন দেখিয়া দ্রৌপদীর গর্ভজাত মহারথ সুতসোম পিতা নকুলকে রক্ষা করিবার জন্য অতিবেগে তাঁহার নিকট গমন করিলেন ॥৪১॥

তাহার পর ভরতশ্রেষ্ঠ নকুল সুতসোমের সেই রথে আরোহণ করিয়া পর্বতস্থিত সিংহের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং অন্য ধনু লইয়া সুশর্ম্মার সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪২॥

(৪২)···শুশুভে ভরতশ্রেষ্ঠ !···পি।

সুশর্ম্মা তু ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবং বিশিখৈস্ত্রিভিঃ।
সুতসোমঞ্চ বিংশত্যা বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৪৪॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! নকুলঃ পরবীরহা।
শরৈস্তস্য দিশঃ সর্বাশ্ছাদয়ামাস বেগবান্ ॥৪৫॥
ততো গৃহীত্বা তীক্ষ্ণাগ্রমর্দ্ধচন্দ্রং সুতেজনম্।
স বেগযুক্তং চিক্ষেপ কর্ণপুত্রস্য সংযুগে ॥৪৬॥
তস্য তেন শিরঃ কায়াজ্জহার নৃপসত্তম!।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং তদদ্ভুতমিবাভবৎ ॥৪৭॥
স হতঃ প্রাপতদ্রাজন্! নকুলেন মহাত্মনা।
নদীবেগাদিবারুগ্ণস্তীরজঃ পাদপো মহান্ ॥৪৮॥
কর্ণপুত্রবধং দৃষ্ট্বা নকুলস্য চ বিক্রমম্।
প্রদুদ্রাব ভয়াৎ সেনা তাবকী ভরতর্ষভ! ॥৪৯॥

ভারতকৌমুদী

সুশর্ম্মেতি। পাণ্ডবং নকুলম্। উরসি বক্ষসি, আর্পয়দপীড়য়ৎ ॥৪৪॥
তত ইতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। তস্য সুশর্ম্মণঃ ॥৪৫॥
তত ইতি। অর্দ্ধচন্দ্রং নাম বাণম্, সুতেজনমতীবোজ্জ্বলম্ ॥৪৬॥
তস্যেতি। তস্য সুশর্ম্মণঃ, তেন অর্দ্ধচন্দ্রেণ। জহার নকুলঃ ॥৪৭॥
স ইতি। নদীবেগাৎ নদ্যা বেগেন মূলমৃত্তিকাহরণাৎ, আরুগ্ণো ভগ্নঃ ॥৪৮॥

ক্রমে মহারথ নকুল ও সুশর্ম্মা পরস্পরকে পাইয়া বাণবর্ষণদ্বারা পরস্পরের বধে যত্ন করিতে লাগিলেন ॥৪৩॥

তাহার পর সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া তিন বাণে নকুলের এবং বিংশতি বাণে সুতসোমের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪৪॥

মহারাজ! তদনন্তর বেগবান্ ও বিপক্ষবীরহন্তা নকুল ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা সুশর্ম্মার সকল দিক্ আচ্ছাদন করিলেন ॥৪৫॥

তৎপরে তিনি তীক্ষ্ণধার, অত্যন্ত উজ্জ্বল ও বেগবান্ একটা অর্দ্ধচন্দ্রবাণ গ্রহণ করিয়া তাহা সুশর্ম্মার দিকে নিক্ষেপ করিলেন ॥৪৬॥

রাজশ্রেষ্ঠ! নকুল সেই অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে সুশর্ম্মার দেহ হইতে মস্তকটী হরণ করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪৭॥

রাজা! তখন সুশর্ম্মা মহাবলনকুলকর্ত্তৃক নিহত হইয়া নদীবেগভগ্ন তীরজাত বিশাল বৃক্ষের ন্যায় পতিত হইলেন ॥৪৮॥

(৪৫)…ছাদয়ামাস বীর্য্যবান্—নি। (৪৬)…অর্দ্ধচন্দ্রং সুতেজসম্…পি।

তান্তু সেনাং মহারাজ ! মদ্ররাজঃ প্রতাপবান্ ।
অপালয়দ্রণে শূরঃ সেনাপতিররিন্দমঃ ॥৫০॥
বিভীস্তস্থৌ মহারাজ ! ব্যবস্থাপ্য চ বাহিনীম্ ।
সিংহনাদং ভৃশং কৃত্বা ধনুঃশব্দঞ্চ দারুণম্ ॥৫১॥
তাবকাঃ সমরে রাজন্ ! রক্ষিতা দৃঢ়ধন্বনা ।
প্রত্যুদ্যযুররাতীংস্তে সমন্তাদ্বিগতব্যথাঃ ॥৫২॥
মদ্ররাজং মহেষ্বাসং পরিবার্য্য সমন্ততঃ ।
স্থিতা রাজন্ ! মহাত্মানো যোদ্ধুকামাঃ সমন্ততঃ ॥৫৩॥
সাত্যকির্ভীমসেনশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ।
যুধিষ্ঠিরং পুরস্কৃত্য হ্রীনিষেবমরিন্দমম্ ॥৫৪॥
পরিবার্য্য রণে বীরাঃ সিংহনাদং প্রচক্রিরে ।
বাণশব্দবরাংশ্চোগ্রান্ ক্ষ্বেড়াশ্চ বিবিধা মুহুঃ ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কর্ণেতি। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে। তাবকী ত্বদীয়া ॥৪৯॥
তামিতি। প্রতাপবত্ত্বাচ্ছূরত্বাদরিন্দমত্বাদেব চাপালয়দিত্যাশয়ঃ ॥৫০॥
বিভীরিতি। বিগতা ভীর্ভয়ং যস্য সঃ। ব্যবস্থাপ্য স্থৈর্য্যেণ সন্নিবেশ্য ॥৫১॥
তাবকা ইতি। দৃঢ়ধন্বনা মদ্ররাজেন। বিগতব্যথা নির্ভয়াঃ ॥৫২॥
মদ্রেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যস্য তম্ ॥৫৩॥

ভরতশ্রেষ্ঠ ! সেই সময়ে আপনার সৈন্যেরা কর্ণপুত্রের বধ ও নকুলের বিক্রম দেখিয়া ভয়বশতঃ বেগে পলায়ন করিতে লাগিল ॥৪৯॥

মহারাজ ! প্রতাপশালী, বীর ও শত্রুদমনকারী সেনাপতি শল্য সেই সৈন্যগণকে রক্ষা করিতে লাগিলেন ॥৫০॥

আর মহারাজ ! শল্য সৈন্যগণকে স্থাপনপূর্ব্বক বিশাল সিংহনাদ ও দারুণ ধনুষ্টঙ্কার করিয়া নির্ভয় হইয়া অবস্থান করিলেন ॥৫১॥

রাজা ! দৃঢ়ধন্বা শল্য রক্ষা করিতে লাগিলে, আপনার সৈন্যেরা নির্ভয় চিত্তে সকল দিক্ হইতে শত্রুগণের প্রতি ধাবিত হইল ॥৫২॥

নরনাথ ! সেই মহাবল সৈন্যেরা সকল দিকে মহাধনুর্দ্ধর শল্যকে বেষ্টন করিয়া যুদ্ধার্থী হইয়া সমস্ত দিকেই রহিল ॥৫৩॥

(৫১) অভীস্তস্থৌ…বর্দ্ধ। (৫৩)…স্থিতা রাজন্! মহাসেনা যোদ্ধুকামা…নি। (৫৫)…বাণশব্দবরান্…বর্দ্ধ,…বাণশব্দবরাংস্তীব্রান্…নি।

তথৈব তাবকাঃ সর্বে মদ্রাধিপতিমঞ্জসা।
পরিবার্য্য সুসংরব্ধাঃ পুনর্যুদ্ধমরোচয়ন্ ॥৫৬॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ভীরূণাং ভয়বর্দ্ধনম্।
তাবকানাং পরেষাঞ্চ মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৫৭॥
যথা দেবাসুরং যুদ্ধং পূর্বমাসীদ্বিশাংপতে!।
অভীতানাং তথা রাজন্! যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৫৮॥
ততঃ কপিধ্বজো রাজন্! হত্বা সংশপ্তকান্ রণে।
অভ্যধাবত তাং সেনাং কৌরবীং পাণ্ডুনন্দনঃ ॥৫৯॥
তথৈব পাণ্ডবাঃ সর্বে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
অভ্যধাবন্ত তাং সেনাং বিসৃজন্তঃ শিতান্ শরান্ ॥৬০॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য, হ্রীনিষেবম্ অকার্য্যে লজ্জাশীলম্। ক্ষ্বেড়া বীরনাদান্, "বংশশল্যে সিংহনাদে ক্ষ্বেড়া না তু ধ্বনৌ বিষে" ইতি রুদ্রঃ ॥৫৪—৫৫॥

তথেতি। অঞ্জসা দ্রুতম্। সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ ॥৫৬॥

তত ইতি। নিবর্ত্তন্তে অনেনেতি নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিহেতুম্ ॥৫৭॥

যথেতি। অভীতানামুভয়সৈন্যানাম্, তথা যুদ্ধমাসীদিত্যনুবৃত্তিঃ ॥৫৮॥

তত ইতি। কপির্বানরো ধ্বজে যস্য স কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥৫৯॥

আবার ওদিকেও বীর সাত্যকি, ভীমসেন, নকুল ও সহদেব লজ্জাশীল ও শত্রুদমনকারী যুধিষ্ঠিরকে অগ্রবর্ত্তী করিয়া পরিবেষ্টনপূর্ব্বক মুহুর্মুহু সিংহনাদ, ভীষণ বাণশব্দ ও নানাবিধ বীরনাদ করিতে লাগিলেন ॥৫৪—৫৫॥

মহারাজ! সেইরূপই আপনার পক্ষের যোদ্ধারা সকলেও ক্রুদ্ধ হইয়া দ্রুত যাইয়া শল্যকে পরিবেষ্টন করিয়া পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছা করিতে লাগিল ॥৫৬॥

রাজা! তাহার পর আপনার পক্ষ ও পাণ্ডবপক্ষ মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া যুদ্ধ আরম্ভ করিল এবং সে যুদ্ধ ভীরুজনের ভয়বৃদ্ধি করিতে লাগিল ॥৫৭॥

নরনাথ রাজা! পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধ যেরূপ হইয়াছিল, তখন নির্ভয়চিত্ত উভয়সৈন্যের সেইরূপ যুদ্ধ হইতে লাগিল; তাহাতে যমের রাজ্য বৃদ্ধি পাইতে থাকিল ॥৫৮॥

রাজা! তদনন্তর পাণ্ডুনন্দন অর্জ্জুন যুদ্ধে সংশপ্তকসৈন্য সংহার করিয়া সেই কৌরবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৫৯॥

(৫৯)···অভ্যদ্রবত তাং সেনাম্··· পি নি।

CENTRAL LIBRARY

পাণ্ডবৈরবকীর্ণানাং সম্মোহঃ সমজায়ত।
ন চ জজ্ঞুরনীকানি দিশো বা বিদিশস্তথা ॥৬১॥
আপূর্য্যমাণা নিশিতৈঃ শরৈঃ পাণ্ডবচোদিতৈঃ।
হতপ্রবীরা বিধ্বস্তা কীর্য্যমাণা সমন্ততঃ।
কৌরব্যবধ্যত চমূঃ পাণ্ডুপুত্রৈর্মহারথৈঃ ॥৬২॥
তথৈব পাণ্ডবী সেনা শরৈ রাজন্! সমন্ততঃ।
রণেঽহন্যত পুত্রৈস্তে শতশোঽথ সহস্রশঃ ॥৬৩॥
তে সেনে ভৃশসন্তপ্তে বধ্যমানে পরস্পরম্।
ব্যাকুলে সমপদ্যেতাং বর্ষাসু সরিতাবিব ॥৬৪॥

ভারতকৌমুদী

তথেতি। ধৃষ্টদ্যুম্নঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তে। শিতান্ সুধারান্ ॥৬০॥

পাণ্ডবৈরিতি। অবকীর্ণানাং বাণৈঃ পীড়িতানাং কৌরবাণাম্। জজ্ঞুর্জ্ঞাতবন্তঃ ॥৬১॥

আপূর্য্যেতি। পাণ্ডবৈশ্চোদিতৈঃ ক্ষিপ্তৈঃ। হতাঃ প্রবীরা যস্যাঃ সা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

তথেতি। পাণ্ডবানামিয়মিতি পাণ্ডবী। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥৬৩॥

ত ইতি। ব্যাকুলে অতীববিহ্বলে, সমপদ্যেতামভবতাম, সরিতৌ নদ্যৌ ॥৬৪॥

সেইরূপই ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবেরা সকলেও সুধার বাণ সকল নিক্ষেপ করিতে করিতে কৌরবসৈন্যের দিকে বেগে আসিতে লাগিলেন ॥৬০॥

তৎকালে পাণ্ডবেরা অবিরত প্রহার করিতে লাগিলে, কৌরবসৈন্যগণের মোহ জন্মিল; তাহাতে তাহারা নিজ সৈন্য, দিক্ বা বিদিক্ কিছুই বুঝিতে পারিল না ॥৬১॥

পাণ্ডবনিক্ষিপ্ত সুধার বাণসমূহে কৌরবসৈন্যের সমস্ত অঙ্গ পূর্ণ হইতে লাগিল, প্রধান বীরেরা নিহত হইলেন, সাধারণ সৈন্যেরাও বিধ্বস্ত এবং সকল দিকে বিক্ষিপ্ত হইতে থাকিল। এইভাবে মহারথ পাণ্ডবেরা কৌরবসৈন্য বধ করিতে লাগিলেন ॥৬২॥

রাজা! আপনার পুত্রেরাও বাণদ্বারা যুদ্ধে সকল দিকে সেইরূপই শত শত ও সহস্র সহস্র পাণ্ডবসৈন্য বধ করিতে লাগিলেন ॥৬৩॥

ক্রমে সেই উভয়সৈন্যই পরস্পর নিহত ও গুরুতর সন্তপ্ত হইতে থাকিয়া বর্ষাকালে দুইটা নদীর ন্যায় অত্যন্ত বিহ্বল হইয়া পড়িল ॥৬৪॥

(৬১)···প্রদিশস্তথা—পি। (৬৪)···যুধ্যমানে পরস্পরম্। ব্যাকুলে চ সমভ্যেতাম্ ···পি।

আবিবেশ ততস্তীব্রং তাবকানাং মহদ্ভয়ম্।
পাণ্ডবানাঞ্চ রাজেন্দ্র! তথাভূতে মহাহবে ॥৬৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি
শল্যবধে সঙ্কুলযুদ্ধে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥ *

নবমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তস্মিন্ বিলুলিতে সৈন্যে বধ্যমানে পরস্পরম্।
দ্রবমাণেষু যোধেষু নিনদৎসু চ দন্তিষু ॥১॥
কূজতাং স্তনতাঞ্চৈব পদাতীনাং মহাহবে।
বিদ্রুতেষু মহারাজ! হয়েষু বহুধা তদা ॥২॥
প্রক্ষয়ে দারুণে জাতে সংহারে সর্বদেহিনাম্।
নানাশস্ত্রসমাবায়ে ব্যতিষক্তরথদ্বিপে ॥৩॥

ভারতকৌমুদী

আবিবেশেতি। তথাভূতে অতিদারুণরূপে সতি, মহাহবে মহাযুদ্ধে ॥৬৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

তস্মিন্নিতি। বিলুলিতে ভয়েন বিকলীকৃতে। দ্রবমাণেষু পলায়মানেষু। কূজতাম্ অব্যক্তমার্ত্তনাদং কুর্বতাম্, স্তনতাং গর্জতাঞ্চ। বিদ্রুতেষু দ্রুতং পলায়িতেষু। নানাশস্ত্রাণাং

রাজশ্রেষ্ঠ! পরে মহাযুদ্ধ সেইরূপ ভীষণ আকার ধারণ করিলে, আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের যোদ্ধাদের তীব্র ও গুরুতর ভয় উপস্থিত হইল' ॥৬৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! উভয় সৈন্য পরস্পর নিহত ও ভয়বিকল হইতে লাগিলে, উভয়পক্ষের যোদ্ধারাই পলায়ন করিতে থাকিলে, হস্তিগণ আর্ত্তনাদ করিতে

* '...দশমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...নবমোঽধ্যায়ঃ' নি। (১)...বাজিষু দ্রবমাণেষু...পি। (৩)...ব্যতিষক্তে রথদ্বিপে—পি।

CENTRAL LIBRARY

হর্ষণে যুদ্ধশৌণ্ডানাং ভীরূণাং ভয়বর্দ্ধনে।
গাহমানেষু যোধেষু পরস্পরবধৈষিষু ॥৪॥
প্রাণাদানে মহাঘোরে বর্ত্তমানে দুরোদরে।
সংগ্রামে ঘোররূপে তু যমরাষ্ট্রবিবর্দ্ধনে ॥৫॥
পাণ্ডবাস্তাবকং সৈন্যং ব্যধমন্ত শিতৈ শরৈঃ।
তথৈব তাবকা যোধা জঘ্নুঃ পাণ্ডবসৈনিকান্ ॥৬॥ (কুলকম্)
তস্মিংস্তথা বর্ত্তমানে যুদ্ধে ভীরুভয়াবহে।
পূর্বাহ্নে চৈব সংগ্রামে ভাস্করোদয়নং প্রতি ॥৭॥
লব্ধলক্ষ্যাঃ পরে রাজন্! রক্ষিতাশ্চ মহাত্মনা।
অযোধয়ংস্তব বলং মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৮॥ (যুগ্মকম্)
বলিভিঃ পাণ্ডবৈর্দৃপ্তৈর্লব্ধলক্ষ্যৈঃ প্রহারিভিঃ।
কৌরব্যসীদৎ পৃতনা মৃগীবাগ্নিসমাকুলা ॥৯॥

ভারতকৌমুদী

সমাবায়ে সম্মেলনে, ব্যতিষক্তাঃ পরস্পরং মিলিতা রথা দ্বিপাশ্চ যত্র তত্র। যুদ্ধেষু শৌণ্ডানাং মত্তানাম্। গাহমানেষু পরানালোড়য়ৎসু। প্রাণা আদীয়ন্তে গৃহ্যন্তে যস্মিংস্তত্র। দুরোদরে দ্যূতরূপে। ব্যধমন্ত ন্যপীড়য়ন্ ॥১—৬॥

তস্মিন্নিতি। ভাস্করোদয়নং প্রতি সূর্য্যোদয়কালে। মহাত্মনা অর্জ্জুনেন ॥৭—৮॥

বলিভিরিতি। দৃপ্তৈর্দর্পান্বিতৈঃ। কৌরবাণামিয়মিতি কৌরবী, অসীদদবসন্নাভবৎ ॥৯॥

লাগিলে, পদাতিগণ অব্যক্ত আর্ত্তনাদ ও গর্জন করিতে থাকিলে, অশ্বগণ নানাভাবে বেগে পলায়ন করিতে লাগিলে, দারুণ লোকক্ষয় ও সমস্ত প্রাণীর সংহার চলিতে থাকিলে, নানাবিধ অস্ত্রের সংঘর্ষ এবং রথ ও হস্তীর পরস্পর সম্মেলন হইতে থাকিলে, যুদ্ধমত্তগণের আনন্দ ও ভীরুগণের ভয়বৃদ্ধি হইতে লাগিলে, যোদ্ধারা পরস্পর বধার্থী হইয়া উভয় সৈন্য আলোড়ন করিতে থাকিলে, প্রাণগ্রাহী মহাভীষণ যুদ্ধরূপ দ্যূতক্রীড়া চলিতে লাগিলে এবং যমরাজ্যবর্দ্ধক ভীষণ যুদ্ধ হইতে থাকিলে, পাণ্ডবেরা সুধার বাণদ্বারা আপনার সৈন্য পীড়ন করিতে লাগিলেন, আবার আপনার যোদ্ধারাও সেইরূপই পাণ্ডবসৈন্য সংহার করিতে থাকিলেন ॥১—৬॥

রাজা! পূর্ব্বাহ্নে সূর্য্যোদয়কালে ভীরুজনের ভয়াবহ সেইরূপ ভীষণ যুদ্ধ হইতে থাকিলে, অর্জ্জুনরক্ষিত বিপক্ষেরা লক্ষ্য পাইয়া মৃত্যুকে যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া আপনার সৈন্যের সহিত যুদ্ধ করিতে লাগিল ॥৭—৮॥

ক্রমে বলবান্, দর্পান্বিত, লক্ষ্যপ্রাপ্ত ও প্রহারনিপুণ পাণ্ডবগণের প্রতাপে অগ্নিবেষ্টিত হরিণীর ন্যায় কৌরবসেনা অবসন্ন হইয়া পড়িল ॥৯॥

CENTRAL LIBRARY

তাং দৃষ্ট্বা সীদতীং সেনাং পঙ্কে গামিব দুর্বলাম্।
উজ্জিহীর্ষুস্তদা শল্যঃ প্রায়াৎ পাণ্ডুচমূং প্রতি ॥১০॥
মদ্ররাজস্তু সংক্রুদ্ধো গৃহীত্বা ধনুরুত্তমম্।
অভ্যদ্রবত সংগ্রামে পাণ্ডবানাততায়িনঃ ॥১১॥
পাণ্ডবাপি মহারাজ! সংগ্রামে জিতকাশিনঃ।
মদ্ররাজং সমাসাদ্য বিব্যধুর্নিশিতৈঃ শরৈঃ ॥১২॥
ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈর্মদ্ররাজো মহাবলঃ।
অর্দ্দয়ামাস তাং সেনাং ধর্ম্মরাজস্য পশ্যতঃ ॥১৩॥
প্রাদুরাসংস্ততো রাজন্নিমিত্তান্যনেকশঃ।
চচাল শব্দং কুর্বাণা মহী চাপি সপর্বতা ॥১৪॥
উল্কা ভূমিং দিবঃ পেতুরাহত্য রবিমণ্ডলম্।
মৃগাশ্চ মহিষাশ্চাপি পক্ষিণশ্চ বিশাংপতে! ॥১৫॥

ভারতকৌমুদী

তামিতি। সীদতীমবসীদন্তীম্, পঙ্কে কর্দ্দমে। উজ্জিহীর্ষুরুদ্ধর্ত্তুমিচ্ছুঃ ॥১০॥
মদ্রেতি। অভ্যদ্রবত অভ্যধাবৎ। আততায়িনঃ শস্ত্রপাণীন্ ॥১১॥
পাণ্ডবাপীতি। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। জিতকাশিনো বিজয়শোভিনঃ ॥১২॥
তত ইতি। ধর্ম্মরাজস্য পশ্যত ইত্যনাদরে ষষ্ঠী, পশ্যন্তং ধর্ম্মরাজমনাদৃত্যেত্যর্থঃ ॥১৩॥
প্রাদুরিতি। অনিমিত্তানি অশুভসূচকানি লক্ষণানি ॥১৪॥

তখন কর্দ্দমমগ্না ধেনুর ন্যায় কৌরবসেনা অবসন্না হইয়া পড়িয়াছে দেখিয়া তাহাকে উদ্ধার করিবার জন্য শল্য পাণ্ডবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥১০॥

শল্য ক্রুদ্ধ হইয়া উত্তম ধনু ধারণ করিয়া রণস্থলে অস্ত্রধারী পাণ্ডবগণের প্রতি বেগে যাইতে লাগিলেন ॥১১॥

মহারাজ! ওদিকে বিজয়শোভী পাণ্ডবেরাও যুদ্ধে শল্যকে পাইয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে বিদ্ধ করিতে থাকিলেন ॥১২॥

তদনন্তর মহাবল শল্য তীক্ষ্ণ শত শত বাণদ্বারা যুধিষ্ঠিরের সমক্ষেই পাণ্ডবসৈন্য পীড়ন করিতে লাগিলেন ॥১৩॥

রাজা! তাহার পর বহুতর দুর্লক্ষণ প্রকাশ পাইতে থাকিল। পর্ব্বতের সহিত পৃথিবী শব্দ করতঃ কাঁপিতে লাগিল ॥১৪॥

(১২)…সমরে জিতকাশিনঃ…বিভিদুর্নিশিতৈঃ শরৈঃ—পি নি। (১৪)…কুনিমিত্তানি… পি,…নিমিত্তানি নানারূপাণ্যনেকশঃ…নি। (১৫) অত্র পুস্তকভেদ এব পাঠভেদঃ।

CENTRAL LIBRARY

অপসব্যং তদা চক্রুঃ সেনাং তে বহুশো নৃপ ! ।
ততস্তদ্‌যুদ্ধমত্যুগ্রমভবৎ সংঘচারিণাম্ ॥১৬॥ (যুগ্মকম্)
ততঃ সর্বাণ্যনীকানি সন্নিপত্য জনাধিপ ! ।
অভ্যয়ুঃ কৌরবা রাজন্ ! পাণ্ডবানামনীকিনীম্ ॥১৭॥
শল্যস্তু শরবর্ষেণ বর্ষন্নিব সহস্রদৃক্ ।
অভ্যবর্ষদদীনাত্মা কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১৮॥
ভীমসেনং শরৈশ্চাপি রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ।
দ্রৌপদেয়াংস্তথা সর্বান্ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥১৯॥
ধৃষ্টদ্যুম্নঞ্চ শৈনেয়ং শিখণ্ডিনমথাপি চ ।
একৈকং দশভির্বাণৈর্বিব্যাধ চ মহাবলঃ ॥২০॥ (যুগ্মকম্)
ততোঽসৃজদ্বাণবর্ষং ঘর্ম্মান্তে মঘবানিব ।
ততঃ প্রভদ্রকা রাজন্ ! সোমকাশ্চ সহস্রশঃ ।
পতিতাঃ পাত্যমানাশ্চ দৃশ্যন্তে শল্যসায়কৈঃ ॥২১॥

ভারতকৌমুদী

উল্কা ইতি। দিবো গগনাৎ, পেতুর্জগ্মুঃ। অপসব্যং দক্ষিণদিগ্বর্ত্তিনীম্ ॥১৫—১৬॥
তত ইতি। সন্নিপত্য সমবেতীকৃত্য। অভ্যয়ুঃ অভ্যগচ্ছন্ ॥১৭॥
শল্য ইতি। সহস্রদৃক্ ইন্দ্রঃ। অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥১৮॥
ভীমেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। শৈনেয়ং সাত্যকিম্ ॥১৯—২০॥
তত ইতি। ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাবসানে, মঘবান্ ইন্দ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

নরনাথ ! বহুতর উল্কা সূর্য্যমণ্ডলে আঘাত করিয়া আকাশ হইতে ভূতলে পড়িতে লাগিল এবং রাজা ! হরিণ, মহিষ ও পক্ষিগণ তখন বহুবার আপনার সৈন্যকে দক্ষিণদিগ্বর্ত্তী করিল। তাহার পর সংঘচারী বীরগণের অতিভীষণ যুদ্ধ হইতে থাকিল ॥১৫—১৬॥

নরনাথ রাজা ! তাহার পর কৌরবেরা আপনাদের সমস্ত সৈন্য সমবেত করিয়া পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১৭॥

এই সময়ে জলবর্ষণকারী ইন্দ্রের ন্যায় শল্য অকাতর চিত্তে কুন্তীনন্দন যুধিষ্ঠিরের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১৮॥

এবং মহাবল শল্য স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত দশ দশ বাণে ভীমসেন, দ্রৌপদীর পুত্রগণ, নকুল, সহদেব, ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি ও শিখণ্ডী ইহাদের প্রত্যেককে বিদ্ধ করিলেন ॥১৯—২০॥

CENTRAL LIBRARY

ভ্রমরাণামিব ব্রাতাঃ শলভানামিব ব্রজাঃ।
হ্রাদিন্য ইব মেঘেভ্যঃ শল্যস্য ন্যপতন্ শরাঃ ॥২২॥
দ্বিরদাস্তুরগাশ্চার্ত্তাঃ পত্তয়ো রথিনস্তথা।
শল্যস্য বাণৈর্ন্যপতন্ ব্যভ্রমন্ ব্যনদংস্তদা ॥২৩॥
আবিষ্ট ইব মদ্রেশো মন্যুনা পৌরুষেণ চ।
প্রাচ্ছাদয়দরীন্ সংখ্যে কালস্পৃষ্ট ইবান্তকঃ।
বিনর্দ্দমানো মদ্রেশো মেঘহ্রাদো মহাবলঃ ॥২৪॥
সা বধ্যমানা শল্যেন পাণ্ডবানামনীকিনী।
অজাতশত্রুং কৌন্তেয়মভ্যধাবদ্যুধিষ্ঠিরম্ ॥২৫॥

ভারতকৌমুদী

ভ্রমরাণামিবেতি। ব্রাতা ব্রজাশ্চ সমূহা ইব শ্রেণীবদ্ধাঃ। হ্রাদিন্যো বজ্রা ইব চ দৃঢ়াঃ ॥২২॥
দ্বিরদা ইতি। দ্বিরদা গজাঃ, তুরগা অশ্বাঃ, পত্তয়ঃ পদাতয়ঃ ॥২৩॥
আবিষ্ট ইতি। মন্যুনা ক্রোধেন। কালেন স্পৃষ্টঃ প্রেরিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
সেতি। অনীকিনী সেনা। অভ্যধাবৎ আত্মরক্ষার্থমিতি ভাবঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১৫॥ ভূম্বিতি। সর্ব্বভূভুজাং কৃৎস্নপৃথ্বীপতীনাং পাণ্ডুপুত্রাণাং পাণ্ডবানাং চরমং বিলোমগণনয়া প্রথমং যুধিষ্ঠিরমভিলক্ষ্য শুক্রভৌমবুধাঃ সপ্তমস্থানে বলাবহাঃ আসন্, এতচ্চ সর্ব্বভূভুজামিতি ফলস্য জনকমিত্যর্থঃ ॥১৬॥ আহত্য স্পৃষ্ট্বা বর্ষতী ভুবি পতন্তী।

রাজা! তৎপরে গ্রীষ্মকাল অতীত হইলে ইন্দ্র যেমন জলবর্ষণ করেন, শল্য সেইরূপ বাণবর্ষণ করিতে লাগিলেন। তখন শল্যের বাণে সহস্র সহস্র প্রভদ্রক ও সোমককে পতিত ও পাত্যমান দেখিতে লাগিলাম ॥২১॥

শল্যের বাণ সকল ভ্রমর ও পতঙ্গসমূহের ন্যায় শ্রেণীবদ্ধভাবে এবং মেঘ হইতে বজ্রসমূহের তুল্য দৃঢ়রূপে পতিত হইতে লাগিল ॥২২॥

তখন পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, পদাতি ও রথীরা শল্যের বাণে পীড়িত হইয়া পতিত ও বিচলিত হইতে থাকিল এবং আর্ত্তনাদ করিতে লাগিল ॥২৩॥

ক্রমে মদ্ররাজ ক্রোধে ও পুরুষকারে আবিষ্ট হইয়াই যেন যুদ্ধে শত্রুগণকে বাণে বাণে আবৃত করিয়া ফেলিলেন এবং মেঘগম্ভীরনাদী ও মহাবল মদ্ররাজ কাল-প্রেরিত যমের ন্যায় গর্জন করিতে থাকিলেন ॥২৪॥

শল্য এইভাবে বধ করিতে লাগিলে, সেই পাণ্ডবসৈন্যেরা আত্মরক্ষা করিবার জন্য কুন্তীনন্দন অজাতশত্রু যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইল ॥২৫॥

CENTRAL LIBRARY

তাং সংমর্দ্দ্য ততঃ সংখ্যে লঘুহস্তঃ শিতৈঃ শরৈঃ।
শরবর্ষেণ মহতা যুধিষ্ঠিরমপীড়য়ৎ ॥২৬॥
তমাপতন্তং পত্ত্যশ্বৈঃ ক্রুদ্ধো রাজা যুধিষ্ঠিরঃ।
অবারয়চ্ছরৈস্তীক্ষ্ণৈর্মত্তং দ্বিপমিবাঙ্কুশৈঃ ॥২৭॥
তস্য শল্যঃ শরং ঘোরং মুমোচাশীবিষোপমম্।
স নির্ভিদ্য মহাত্মানং বেগেন ন্যপতচ্চ গাম্ ॥২৮॥
ততো বৃকোদরঃ ক্রুদ্ধঃ শল্যং বিব্যাধ সপ্তভিঃ।
পঞ্চভিঃ সহদেবস্তু নকুলো দশভিঃ শরৈঃ ॥২৯॥
দ্রৌপদেয়াশ্চ শত্রুঘ্নং শূরমার্ত্তায়নিং শরৈঃ।
অভ্যবর্ষন্ মহাবেগং মেঘা ইব মহীধরম্ ॥৩০॥
ততো দৃষ্ট্বা তুদ্যমানং শল্যং পার্থৈঃ সমন্ততঃ।
কৃতবর্ম্মা কৃপশ্চৈব সংক্রুদ্ধাবভ্যধাবতাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

তামিতি। লঘুহস্তঃ অস্ত্রক্ষেপে দ্রুতহস্তঃ শল্যঃ, শিতৈঃ সুধারৈঃ ॥২৬॥
তমিতি। তং শল্যম্, আপতন্তমাগচ্ছন্তম্। দ্বিপং গজম্ ॥২৭॥
তস্যেতি। মহাত্মানং যুধিষ্ঠিরম্। ন্যপতদগচ্ছৎ, গাং ভূমিম্ ॥২৮॥
তত ইতি। বিব্যাধ তাড়য়ামাস। সপ্তভিরিত্যাদৌ শরৈরিতি সম্বন্ধঃ ॥২৯॥
দ্রৌপেতি। ঋতং সত্যময়নমাশ্রয়ো যস্য স ঋতায়নস্তস্যাপত্যমার্ত্তায়নিঃ শল্যস্তম্ ॥৩০॥

লঘুহস্ত শল্য সুধার বাণসমূহদ্বারা পাণ্ডবসৈন্য পীড়ন করিয়া পরে বিশাল বাণবর্ষণে যুধিষ্ঠিরকে পীড়ন করিতে লাগিলেন ॥২৬॥

শল্য আসিতে লাগিলে, হস্তিপক যেমন অঙ্কুশদ্বারা মত্ত হস্তীকে বারণ করে, সেইরূপ রাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া তীক্ষ্ণ বাণ এবং পদাতি ও অশ্বসৈন্যদ্বারা শল্যকে বারণ করিতে থাকিলেন ॥২৭॥

তখন শল্য সর্পতুল্য একটা ভীষণ বাণ যুধিষ্ঠিরের উপরে নিক্ষেপ করিলেন; ক্রমে সেই বাণটা বেগে যাইয়া যুধিষ্ঠিরকে বিদীর্ণ করিয়া ভূতলে পতিত হইল ॥২৮॥

তাহার পর ভীমসেন ক্রুদ্ধ হইয়া সাত বাণে, সহদেব পাঁচ বাণে এবং নকুল দশ বাণে শল্যকে বিদ্ধ করিলেন ॥২৯॥

আর মেঘ যেমন পর্বতের উপরে জলবর্ষণ করে, সেইরূপ দ্রৌপদীর পুত্রেরা বীর, শত্রুহন্তা ও মহাবেগশালী শল্যের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩০॥

(৩১)···পার্থৈস্ততস্ততঃ··· পি।

উলূকশ্চ মহাবীর্য্যঃ শকুনিশ্চাপি সৌবলঃ।
স্ময়মানস্তু শনকৈরশ্বত্থামা মহারথঃ।
তব পুত্রাশ্চ কার্ৎস্ন্যেন জুগুপুঃ শল্যমাহবে ॥৩২॥
ভীমসেনং ত্রিভির্বিদ্ধা কৃতবর্ম্মা শিলীমুখৈঃ।
বাণবর্ষেণ মহতা ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৩৩॥
ধৃষ্টদ্যুম্নং কৃপঃ ক্রুদ্ধো বাণবর্ষৈরতাড়য়ৎ।
দ্রৌপদেয়াংশ্চ শকুনির্যমৌ চ দ্রৌণিরভ্যয়াৎ ॥৩৪॥
দুর্য্যোধনো যুধাং শ্রেষ্ঠ আহবে কেশবার্জ্জুনৌ।
সমভ্যয়াদুগ্রতেজাঃ শরৈশ্চাপ্যহনদ্বলী ॥৩৫॥
এবং দ্বন্দ্বশতান্যাসংস্ত্বদীয়ানাং পরৈঃ সহ।
ঘোররূপাণি চিত্রাণি তত্র তত্র বিশাংপতে! ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। তুদ্যমানং ব্যথ্যমানম্, পার্থৈঃ পাণ্ডবৈঃ ॥৩১॥

উলূক ইতি। স্ময়মান ঈষদ্ধসন্। কার্ৎস্ন্যেন সাকল্যেন, জুগুপুঃ রক্ষুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

ভীমেতি। শিলীমুখৈর্বাণৈঃ। ক্রুদ্ধরূপং ভীমসেনমেব ॥৩৩॥

ধৃষ্টেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, যমৌ নকুলসহদেবৌ ॥৩৪॥

দুর্য্যোধন ইতি। যুধাং যোধানাম্। অহনৎ প্রাহরৎ। বিকরণলোপাভাব আর্ষঃ ॥৩৫॥

এবমিতি। দ্বন্দ্বশতানি বহূনি যোদ্ধযুগ্মানি। চিত্রাণি আশ্চর্য্যাণি ॥৩৬॥

তদনন্তর পাণ্ডবেরা সকল দিক্ হইতে শল্যকে পীড়ন করিতেছেন দেখিয়া কৃতবর্ম্মা ও কৃপাচার্য্য অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই দিকে ধাবিত হইলেন ॥৩১॥

রাজা! আর মহাবল উলূক, সুবলনন্দন শকুনি, মৃদুহাস্যকারী মহারথ অশ্বত্থামা এবং আপনার পুত্রেরা মিলিত হইয়া শল্যকে রক্ষা করিতে লাগিলেন ॥৩২॥

ক্রমে কৃতবর্ম্মা তিন বাণে ক্রুদ্ধ ভীমকে তাড়ন করিয়া বিশাল বাণবর্ষণে তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥৩৩॥

ক্রুদ্ধ কৃপাচার্য্য ধৃষ্টদ্যুম্নকে এবং শকুনি দ্রৌপদীর পুত্রগণকে বাণবর্ষণে তাড়ন করিতে লাগিলেন; আর অশ্বত্থামা নকুল ও সহদেবের দিকে ধাবিত হইলেন ॥৩৪॥

যোদ্ধৃশ্রেষ্ঠ, উগ্রতেজা ও বলবান্ দুর্য্যোধন যুদ্ধে কৃষ্ণ ও অর্জ্জুনের দিকে গমন করিলেন এবং বাণদ্বারা প্রহার করিতে লাগিলেন ॥৩৫॥

---

(৩৪) দুর্য্যোধনো যুধাং শ্রেষ্ঠাবাহবে···পি।

CENTRAL LIBRARY

ঋক্ষবর্ণান্ জঘানাশ্বান্ ভোজো ভীমস্য সংযুগে।
সোঽবতীর্য্য রথোপস্থাদ্ধতাশ্বঃ পাণ্ডুনন্দনঃ।
কালো দণ্ডমিবোদ্যম্য পদাপাণিরযুধ্যত ॥৩৭॥
প্রমুখে সহদেবস্য জঘানাশ্বাংশ্চ মদ্ররাট্।
ততঃ শল্যস্য তনয়ং সহদেবোঽসিনাবধীৎ ॥৩৮॥
গৌতমঃ পুনরাচার্য্যো ধৃষ্টদ্যুম্নমযোধয়ৎ।
অসম্ভ্রান্তমসম্ভ্রান্তো যত্নবান্ যত্নবত্তরম্ ॥৩৯॥
দ্রৌপদেয়াংস্তথা বীরানেকৈকং দশভিঃ শরৈঃ।
অবিধ্যদাচার্য্যসুতো নাতিক্রুদ্ধঃ স্ময়ন্নিব ॥৪০॥
শল্যোঽপি রাজন্! সংক্রুদ্ধো নিঘ্নন্ সোমকপাণ্ডবান্।
পুনরেব শিতৈর্বাণৈর্যুধিষ্ঠিরমপীড়য়ৎ ॥৪১॥

ভারতকৌমুদী

ঋক্ষেতি। ঋক্ষবর্ণান্ ভল্লূকবৎ কৃষ্ণবর্ণান্। ভোজঃ কৃতবর্ম্মা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥
প্রেতি। প্রমুখে সম্মুখে স্থিতানিতি শেষঃ। অসিনা কৃপাণেন ॥৩৮॥
গৌতম ইতি। গৌতমঃ কৃপঃ। অসম্ভ্রান্তমবিচলিতম্, যত্নবান্ জয়ে ॥৩৯॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। আচার্য্যসুতঃ অশ্বত্থামা ॥৪০॥
শল্য ইতি। শিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৪১॥

নরনাথ! সেই সেই স্থানে বিপক্ষগণের সহিত আপনার পক্ষের যোদ্ধাদের এইরূপ ভীষণ ও বিচিত্র শত শত দ্বন্দ্বযুদ্ধ হইতে লাগিল ॥৩৬॥

ক্রমে কৃতবর্ম্মা ভীমসেনের ভল্লূকতুল্য কৃষ্ণবর্ণ অশ্বগুলিকে বধ করিলেন। তখন ভীমসেন রথ হইতে অবতীর্ণ হইয়া—যম যেমন দণ্ড উত্তোলন করিয়া যুদ্ধ করেন, সেইরূপ গদা উত্তোলন করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৩৭॥

এদিকে শল্য সহদেবের সম্মুখবর্ত্তী অশ্বগুলিকে বিনাশ করিলেন; তাহার পর সহদেবও তরবারিদ্বারা শল্যের পুত্রকে বধ করিলেন ॥৩৮॥

কৃপাচার্য্য অবিচলিত থাকিয়া এবং জয়ে যত্নবান্ হইয়া অবিচলিত ও জয়ে বিশেষ যত্নশীল ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৯॥

অশ্বত্থামা অনধিক ক্রুদ্ধ হইয়া ঈষৎ হাস্য করতই যেন দশ দশটা বাণদ্বারা দ্রৌপদীর এক এক বীর পুত্রকে বিদ্ধ করিলেন ॥৪০॥

রাজা! শল্যও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সোমক ও পাণ্ডবসৈন্যগণকে বধ করিতে থাকিয়া পুনরায় সুধার বাণসমূহে যুধিষ্ঠিরকে পীড়ন করিলেন ॥৪১॥

তস্য ভীমো রণে ক্রুদ্ধঃ সন্দষ্টদশনচ্ছদঃ।
বিনাশায়াভিসন্ধায় গদামাদত্ত বীর্য্যবান্ ॥৪২॥
যমদণ্ডপ্রতীকাশাং কালরাত্রিমিবোদ্যতাম্।
গজবাজিমনুষ্যাণাং প্রাণান্তকরণীমতি ॥৪৩॥
হেমপট্টপরিক্ষিপ্তামুল্কাং প্রজ্বলিতামিব।
শৈক্যাং ব্যালীমিবাত্যুগ্রাং বজ্রকল্পাময়োময়ীম্ ॥৪৪॥
চন্দনাগুরুপঙ্কাক্তাং প্রমদামীপ্সিতামিব।
বসামেদোঽস্রদিগ্ধাঙ্গীং জিহ্বাং বৈবস্বতীমিব ॥৪৫॥
পটুঘণ্টারববতীং বাসবীমশনীমিব।
নির্ম্মুক্তাশীবিষাকারাং পৃক্তাং গজমদৈরপি ॥৪৬॥
ত্রাসনীং রিপুসৈন্যানাং স্বসৈন্যপরিহর্ষিণীম্।
মনুষ্যলোকে বিখ্যাতাং গিরিশৃঙ্গবিদারিণীম্ ॥৪৭॥ (কুলকম্)
যয়া কৈলাসভবনে মহেশ্বরসখং বলী।
আহ্বয়ামাস কৌন্তেয়ঃ সংক্রুদ্ধমলকাধিপম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। সন্দষ্টৌ দশনচ্ছদৌ ওষ্ঠৌ যেন সঃ। অভিসন্ধায় প্রহারমুদ্দিশ্য। উদ্যতাং সর্বসংহারায়। অতি অতিশয়েন প্রাণান্তকরণীম্। হেমপট্টেন পরিক্ষিপ্তাং পরিবেষ্টিতাম্। শৈক্যাং শিক্যরক্ষিতাম, ব্যালীং সর্পীম্। চন্দনাগুরোঃ পঙ্কেন অক্তাং লিপ্তাম্। বসাভির্মেদোভিশ্চ ধাতুভিঃ অস্রৈ রক্তৈশ্চ দিগ্ধানি লিপ্তানি অঙ্গানি যস্যাস্তাম্। বৈবস্বতীং যমসম্বন্ধিনীম্। বাসবীমৈন্দ্রীম্। নির্ম্মুক্তশ্চর্ম্মণো নির্গতো য আশীবিষঃ সর্পস্তস্যেব আকারো যস্যাস্তাম্, পৃক্তাং লিপ্তাম্। ত্রাসনীং ভয়জনিকাম্ ॥৪২—৪৭॥

তখন বলবান্ ভীমসেন ওষ্ঠদংশন করিয়া শল্যের বিনাশের জন্য গুরুতর প্রহারোদ্দেশে গদা ধারণ করিলেন। সে গদাটা যমদণ্ডের তুল্যা, প্রহারোদ্যত কালরাত্রির সদৃশী, হস্তী, অশ্ব ও মনুষ্যগণের অতিশয় প্রাণনাশিনী, স্বর্ণপট্টপরিবেষ্টিতা, প্রজ্বলিত উল্কার তুল্যা, শিক্য-(শিকা-) স্থিত অতিভীষণ সর্পীর সদৃশী, বজ্রকল্পা, লৌহময়ী, দয়িতা রমণীর ন্যায় চন্দন ও অগুরুপঙ্কে লিপ্তা, বসা, মেদ ও রক্তে ব্রক্ষিতা, যমের জিহ্বার সদৃশী, উচ্চ-ঘণ্টারবযুক্তা, ইন্দ্রের বজ্রের তুল্যা, চর্ম্মনির্ম্মুক্তসর্পাকৃতি, হস্তিমদলিপ্তা, শত্রুসৈন্যের ভয়জনিকা, নিজসৈন্যের আনন্দকারিণী, মনুষ্যলোকে বিখ্যাতা এবং পর্ব্বতশৃঙ্গবিদারণ করিতে সমর্থা ছিল ॥৪২--৪৭॥

---

(৪৪)···অয়স্ময়ীম্—পি। (৪৫)···বসামেদোঽস্রদিগ্ধাঙ্গীম্··পি।

CENTRAL LIBRARY

যয়া মায়াময়ান্ দৃপ্তান্ সুবহূন্ গন্ধমাদনে।
জঘান গুহ্যকান্ ক্রুদ্ধো মন্দারার্থং মহাবলঃ।
বার্য্যমাণোঽপি বহুভির্দ্রৌপদ্যাঃ প্রিয়মাস্থিতঃ ॥৪৯॥
তাং বজ্রমণিরত্নাঢ্যামষ্টাস্রিং বজ্রগৌরবাম্।
সমুদ্যম্য মহাবাহুঃ শল্যমভ্যদ্রবদ্রণে ॥৫০॥ (বিশেষকম্)
গদয়া যুদ্ধকুশলস্তয়া দারুণনাদয়া।
পোথয়ামাস শল্যস্য চতুরোঽশ্বান্ মনোজবান্ ॥৫১॥
ততঃ শল্যো রণে ক্রুদ্ধঃ পীনে বক্ষসি তোমরম্।
নিচখান নদন্ বীরো মর্ম্ম ভিত্ত্বাস্য সোঽভ্যগাৎ ॥৫২॥
বৃকোদরস্ত্বসম্ভ্রান্তস্তমেবোদ্ধৃত্য তোমরম্।
যন্তারং মদ্ররাজস্য নির্বিভেদ ততো হৃদি ॥৫৩॥

ভারতকৌমুদী

যয়েতি। মহেশ্বরস্য শিবস্য সখা তম্। আহ্বয়ামাস যুদ্ধায়েতি শেষঃ, কৌন্তেয়ো ভীমঃ, অলকাধিপং কুবেরম্। মন্দারস্য দ্রৌপদ্যভীষ্টস্য মন্দারপুষ্পস্য। ষট্পাদঃ শ্লোকঃ। অষ্টাস্রিম্ অষ্টকোণাম্, বজ্রস্যেব গৌরবং দৃঢ়ত্বং যস্যাস্তাম্ ॥৪৮—৫০॥

গদয়েতি। যুদ্ধকুশলো ভীমঃ, দারুণো নাদঃ শব্দো যস্যাস্তয়া ॥৫১॥

তত ইতি। পীনে স্থূলে, বক্ষসি ভীমস্য। অভ্যগাৎ মুখং বহিরকরোৎ ॥৫২॥

বৃকোদর ইতি। অসম্ভ্রান্তঃ অবিচলিতঃ। যন্তারং সারথিম্ ॥৫৩॥

বলবান্ ভীমসেন যে গদার গুণে কৈলাসপর্ব্বতে যুদ্ধের জন্য শিবের সখা ক্রুদ্ধ কুবেরকে আহ্বান করিয়াছিলেন এবং মহাবল ভীমসেন বহুলোকে নিবারণ করিলেও দ্রৌপদীর প্রীতিসম্পাদনের নিমিত্ত মন্দারপুষ্প আহরণের জন্য যে গদাদ্বারা মায়াবী ও দর্পিত বহুতর যক্ষকে বধ করিয়াছিলেন, হীরক, মণি ও রত্নখচিতা, অষ্টকোণা ও বজ্রের তুল্য দৃঢ়া সেই গদা উত্তোলন করিয়া মহাবাহু ভীমসেন যুদ্ধে শল্যের দিকে ধাবিত হইলেন ॥৪৮—৫০॥

ক্রমে যুদ্ধনিপুণ ভীমসেন ভীষণশব্দকারিণী সেই গদাদ্বারা মনের ন্যায় বেগবান্ শল্যের চারিটা অশ্বকে পোথিত করিলেন ॥৫১॥

তাহার পর মহাবীর শল্য ক্রুদ্ধ হইয়া গর্জন করিতে থাকিয়া ভীমসেনের বিশাল বক্ষস্থলে একটা তোমর প্রবেশ করাইয়া দিলেন; তখন সেই তোমরটা ভীমের মর্ম্ম ভেদ করিয়া মুখ বাহির করিয়া দিল ॥৫২॥

ভীমসেন কিন্তু তাহাতে অবিচলিত থাকিয়া সেই তোমরটাই বাহির করিয়া তাহাদ্বারাই শল্যের সারথির হৃদয় বিদীর্ণ করিলেন ॥৫৩॥

স ভিন্নমর্ম্মা রুধিরং বমন বিত্রস্তমানসঃ।
পপাতাভিমুখো দীনো মদ্ররাজস্ত্বপাক্রমৎ ॥৫৪॥
কৃতপ্রতিকৃতং দৃষ্ট্বা শল্যো বিস্মিতমানসঃ।
গদামাশ্রিত্য ধীরাত্মা প্রত্যমিত্রমবৈক্ষত ॥৫৫॥
ততঃ সুমনসঃ পার্থা ভীমসেনমপূজয়ন্।
তদ্দৃষ্ট্বা কর্ম্ম সংগ্রামে ঘোরমক্লিষ্টকর্ম্মণঃ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

স ইতি। ভিন্নমর্ম্মা বিদীর্ণবক্ষাঃ। দীনঃ অবসন্নঃ, অপাক্রমদপাসরৎ ॥৫৪॥
কৃতেতি। কৃতস্য প্রহারস্য প্রতিকৃতং সারথৌ প্রতিপ্রহারম্। অমিত্রং ভীমং প্রতি ॥৫৫॥
তত ইতি। সুমনসো হৃষ্টচিত্তাঃ। অক্লিষ্টকর্ম্মণঃ অনায়াসেন কার্য্যকারিণঃ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে নবমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

কর্ষতীতি পাঠে আহত্য বলেন কর্ষয়ন্তী ॥১৭—৪৩॥ পরিক্ষিপ্তাং পরিচ্ছন্নাম্ ॥৪৪—৪৫॥ বাসবীমৈন্দ্রীম্। রাসনীমিতি পাঠে শব্দবতীম্ ॥৪৬—৪৭॥ মহেশ্বরসখং কুবেরম্ ॥৪৮—৫৬॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

——:*:——

হৃদয় বিদীর্ণ হইলে সেই সারথি রক্ত বমন করিতে থাকিয়া ভীতচিত্ত ও অবসন্ন হইয়া অভিমুখে পতিত হইল; কিন্তু শল্য সরিয়া গেলেন ॥৫৪॥

এবং শল্য নিজ প্রহারের প্রতিপ্রহার দেখিয়া বিস্মিতচিত্ত হইয়া গদা ধারণ করিয়া স্থির থাকিয়া ভীমের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥৫৫॥

তদনন্তর পাণ্ডবেরা যুদ্ধে অনায়াসে কার্য্যকারী ভীমসেনের সেই ভীষণ কার্য্য দেখিয়া হৃষ্টচিত্ত হইয়া তাঁহার প্রশংসা করিতে থাকিলেন' ॥৫৬॥

——০:*:০——

* '...একাদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...দশমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

দশমোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

পতিতং প্রেক্ষ্য যন্তারং শল্যঃ সর্বায়সীং গদাম্।
আদায় তরসা রাজংস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥১॥
তং দীপ্তমিব কালাগ্নিং পাশহস্তমিবান্তকম্।
সশৃঙ্গমিব কৈলাসং সবজ্রমিব বাসবম্ ॥২॥
সশূলমিব হর্য্যক্ষং বনে মত্তমিব দ্বিপম্।
জবেনাভ্যপতদ্ভীমঃ প্রগৃহ্য মহতীং গদাম্ ॥৩॥ (যুগ্মকম্)
ততঃ শঙ্খপ্রণাদশ্চ তূর্য্যাণাঞ্চ সহস্রশঃ।
সিংহনাদশ্চ সংজজ্ঞে শূরাণাং হর্ষবর্দ্ধনঃ ॥৪॥
প্রেক্ষন্তঃ সর্বতস্তৌ হি যোধা যোধমহাদ্বিপৌ।
তাবকাশ্চ পরে চৈব সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥৫॥

ভারতকৌমুদী

পতিতমিতি। যন্তারং সারথিম্, সর্বেষ্ববয়বেষু আয়সীং লৌহময়ীম্। তরসা বলেন ॥১॥
তমিতি। কৈলাসং পর্বতম্। হর্য্যক্ষং রুদ্রম্। জবেন বেগেন ॥২—৩॥
তত ইতি। তূর্য্যাণাঞ্চ প্রণাদ ইত্যর্থঃ ॥৪॥
প্রেক্ষন্ত ইতি। তৌ ভীমশল্যৌ, যোধেষু মহাদ্বিপাবিব শ্রেষ্ঠৌ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! শল্য সারথিকে পতিত দেখিয়া লৌহময়ী গদা ধারণ করিয়া বলের প্রভাবে পর্ব্বতের ন্যায় অচল হইয়া দাঁড়াইলেন ॥১॥

এই সময়ে ভীমসেন বিশাল গদা লইয়া প্রজ্বলিত কালাগ্নির তুল্য, পাশহস্ত যমের সদৃশ, শৃঙ্গযুক্ত কৈলাসপর্ব্বতের সমান, বজ্রধারী ইন্দ্রের ন্যায়, শূলগ্রাহী রুদ্রের তুল্য এবং বনে মত্ত হস্তীর সদৃশ শল্যের দিকে বেগে গমন করিলেন ॥২—৩॥

তাহার পর শঙ্খধ্বনি, সহস্র সহস্র তূর্য্যের শব্দ এবং বীরগণের হর্ষবর্দ্ধক সিংহনাদ হইতে লাগিল ॥৪॥

এবং আপনার পক্ষের ও বিপক্ষের যোদ্ধারা সকল দিক্ হইতে যোদ্ধৃশ্রেষ্ঠ সেই ভীম ও শল্যকে দেখিয়া 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতে লাগিলেন ॥৫॥

(১)···শৈক্যায়সীং গদাম্···নি। (৫) প্রৈক্ষন্ত···যোধা মত্তাবিব দ্বিপৌ···নি।

ন হি মদ্রাধিপাদন্যো রামাদ্বা যদুনন্দনাৎ।
সোঢ়ুমুৎসহতে বেগং ভীমসেনস্য সংযুগে ॥৬॥
তথা মদ্রাধিপস্যাপি গদাবেগং মহাত্মনঃ।
সোঢ়ুমুৎসহতে নান্যো যোধো যুধি বৃকোদরাৎ ॥৭॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ মণ্ডলানি বিচেরতুঃ।
আবল্গিতগদৌ বীরৌ মদ্ররাজবৃকোদরৌ ॥৮॥
মণ্ডলাবর্ত্তমার্গেষু গদাবিহরণেষু চ।
নির্বিশেষমভূদ্‌যুদ্ধং তয়োঃ পুরুষসিংহয়োঃ ॥৯॥
তপ্তহেমময়ৈঃ শুভ্রৈর্বভূব ভয়বর্দ্ধিনী।
অগ্নিজ্বালৈরিবাবদ্ধা পট্টৈঃ শল্যস্য সা গদা ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। রামাদ্বলদেবাৎ। উৎসহতে শক্নোতি ॥৬॥
তথেতি। যোধো যোদ্ধা। অতএবোভয়োঃ সাধুবাদ ইতি ভাবঃ ॥৭॥
তাবিতি। আবল্গিতে ঘূর্ণিতে গদে যাভ্যাং তৌ ॥৮॥
মণ্ডলেতি। মণ্ডলেন যে আবর্ত্তাঃ পুনঃ পুনর্ভ্রমণানি তেষাং মার্গেষু ॥৯॥

ভারতভাবদীপঃ

পতিতমিতি ॥১—২॥ হর্য্যক্ষং রুদ্রম্ ॥৩—৯॥ শুভ্রৈর্দীপ্তিমদ্ভিঃ ॥১০—৬৩॥
ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

কারণ, শল্য বা যদুনন্দন বলরাম ব্যতীত অন্য কোন যোদ্ধাই যুদ্ধে ভীমসেনের বেগ সহ্য করিতে পারেন না ॥৬॥

আবার ভীমসেন ব্যতীত অপর কোন যোদ্ধাই যুদ্ধে মহাত্মা শল্যের গদার বেগও সহ্য করিতে সমর্থ হন না ॥৭॥

মহাবীর শল্য ও ভীমসেন দুই জনই গদা দুইটা ঘূর্ণিত করিতে থাকিয়া দুইটা বৃষের ন্যায় গর্জন করিতে করিতে মণ্ডলক্রমে বিচরণ করিতে লাগিলেন ॥৮॥

তৎকালে পুরুষশ্রেষ্ঠ শল্য ও ভীমসেনের বার বার মণ্ডলক্রমে ভ্রমণ ও গদা-সঞ্চালনের যুদ্ধে কোন তারতম্য হইতে লাগিল না ॥৯॥

অগ্নিশিখার ন্যায় নির্ম্মল স্বর্ণপট্টবেষ্টিতা শল্যের সেই গদাটা সকলেরই ভয়বৃদ্ধি করিতে লাগিল ॥১০॥

(৭) · পুমান্ যুধি বৃকোদরাৎ—নি। (৮) ···প্রবল্গিতৌ গদাহস্তৌ···পি,··· আবর্ত্তিতৌ গদাহস্তৌ···নি,···আবল্গিতৌ গদাহস্তৌ···বা। (৯) ··নির্বিশেষং মহাযুদ্ধম্···পি।

CENTRAL LIBRARY

তথৈব চরতো মার্গান্ মণ্ডলেষু মহাত্মনঃ।
বিদ্যুদভ্রপ্রতীকাশা ভীমস্য শুশুভে গদা ॥১১॥
তাড়িতা মদ্ররাজেন ভীমস্য গদয়া গদা।
দহ্যমানেব খে রাজন্! সসৃজে পাবকার্চ্চিষঃ ॥১২॥
তথা ভীমেন শল্যস্য গদয়া তাড়িতা গদা।
অঙ্গারবর্ষং মুমুচে তদদ্ভুতমিবাভবৎ ॥১৩॥
দন্তৈরিব মহানাগৌ শৃঙ্গৈরিব মহর্ষভৌ।
তোত্ত্রৈরিব তদান্যোন্যং গদাগ্রাভ্যাং নিজঘ্নতুঃ ॥১৪॥
তৌ গদানিহতৈর্গাত্রৈঃ ক্ষণেন রুধিরোক্ষিতৌ।
প্রেক্ষণীয়তরাবাস্তাং পুষ্পিতাবিব কিংশুকৌ ॥১৫॥
গদয়া মদ্ররাজেন সব্যদক্ষিণমাহতঃ।
ভীমসেনো মহাবাহুর্ন চচালাচলোপমঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তপ্তেতি। শুভ্রৈর্নির্ম্মলৈঃ। অগ্নের্জ্বালৈঃ শিখাভিঃ, আবদ্ধা বেষ্টিতা ॥১০॥
তথেতি। বিদ্যুদ্যুক্তং যদভ্রং মেঘঃ স এব প্রতীকাশ উপমা যস্যাঃ সা ॥১১॥
তাড়িতেতি। খে আকাশে, সসৃজে জনয়ামাস, পাবকার্চ্চিষঃ অগ্নিশিখাঃ ॥১২॥
তথেতি। অঙ্গারবর্ষং বহ্নিযুক্তক্ষুদ্রক্ষুদ্রকাষ্ঠবৃষ্টিম্ ॥১৩॥
দন্তৈরিতি। মহানাগৌ বিশালগজৌ। মহর্ষভৌ মহাবৃষৌ। তোত্ত্রৈরঙ্কুশৈঃ ॥১৪॥
তাবিতি। গদাভ্যাং নিহতৈরাহতৈঃ। রুধিরোক্ষিতৌ রক্তসিক্তৌ। কিংশুকৌ বৃক্ষৌ ॥১৫॥

সেইরূপই আবার মণ্ডলক্রমে বিচরণকারী মহাত্মা ভীমসেনের গদাটাও বিদ্যুদ্-যুক্ত মেঘের ন্যায় শোভা পাইতে থাকিল ॥১১॥

রাজা! মদ্ররাজ গদাদ্বারা আঘাত করিলে, ভীমের গদাটা দগ্ধ হইতে থাকিয়াই যেন আকাশে অগ্নিস্ফুলিঙ্গ সৃষ্টি করিতে লাগিল ॥১২॥

আবার ভীমসেনও গদাদ্বারা তাড়ন করিলে, শল্যের গদাটাও যেন অঙ্গারবৃষ্টি করিতে থাকিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে লাগিল ॥১৩॥

তখন তাঁহারা—দন্তদ্বারা দুইটা বিশাল হস্তীর ন্যায় এবং শৃঙ্গদ্বারা দুইটা মহাবৃষের তুল্য অঙ্কুশসদৃশ গদাগ্রদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥১৪॥

গদার আঘাতে ক্ষণকালমধ্যেই তাঁহাদের সমস্ত অঙ্গ রক্তে সিক্ত হইয়া গেল। সুতরাং তখন তাঁহারা পুষ্পশালী দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় সুদৃশ্য হইলেন ॥১৫॥

(১৫)···রুধিরোক্ষিতৈঃ···পি। (১৬)··· ন চচালাচলো যথা—পি নি।

CENTRAL LIBRARY

তথা ভীমগদাবেগৈস্তাড্যমানো মুহুর্মুহুঃ।
শল্যো ন বিব্যথে রাজন্! দন্তিনেব মহাগিরিঃ ॥১৭॥
শুশ্রুবে দিক্ষু সর্বাসু তয়োঃ পুরুষসিংহয়োঃ।
গদানিপাতসংহ্রাদো বজ্রয়োরিব নিস্বনঃ ॥১৮॥
নিবৃত্য তু মহাবীর্য্যৌ সমুচ্ছ্রিতগদাবুভৌ।
পুনরন্তরমার্গস্থৌ মণ্ডলানি বিচেরতুঃ ॥১৯॥
অথাভ্যেত্য পদান্যষ্টৌ সন্নিপাতোঽভবত্তয়োঃ।
উদ্যম্য লৌহদণ্ডাভ্যামতিমানুষকর্ম্মণোঃ ॥২০॥
প্রার্থয়ানৌ তদান্যোন্যং মণ্ডলানি বিচেরতুঃ।
ক্রিয়াবিশেষং কৃতিনৌ দর্শয়ামাসতুস্তদা ॥২১॥

ভারতকৌমুদী

গদয়েতি। সব্যদক্ষিণং বামদক্ষিণয়োঃ পার্শ্বয়োঃ। অচলোপমঃ পর্বতবৎ ॥১৬॥
তথেতি। ভীমস্য গদাবেগৈর্বেগবত্যা গদয়েত্যর্থঃ। দন্তিনা গজেন ॥১৭॥
শুশ্রুব ইতি। শুশ্রুবে তত্রত্যৈঃ। গদানিপাতস্য সংহ্রাদঃ শব্দঃ ॥১৮॥
নিবৃত্যেতি। সমুচ্ছ্রিতে উত্তোলিতে গদে যাভ্যাং তৌ। অন্তরমার্গস্থৌ মধ্যপথস্থৌ ॥১৯॥
অথেতি। সন্নিপাতঃ সংঘর্ষঃ। লৌহদণ্ডাভ্যাং লৌহময়গদাভ্যাম্ ॥২০॥
প্রার্থেতি। প্রার্থয়ানৌ যুদ্ধায় কাময়মানৌ। ক্রিয়াবিশেষং যুদ্ধনৈপুণ্যম্ ॥২১॥

শল্য গদাদ্বারা বামে ও দক্ষিণে আঘাত করিলেও মহাবাহু ভীমসেন পর্ব্বতের ন্যায় বিচলিত হইলেন না ॥১৬॥

রাজা! আবার ভীমসেন গদাদ্বারা বার বার সবেগে তাড়ন করিলেও গজতাড়িত মহাপর্ব্বতের ন্যায় শল্য ব্যথিত হইলেন না ॥১৭॥

সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনের গদাঘাতের শব্দ দুইটা বজ্রের শব্দের ন্যায় সকল দিকে শুনা যাইতে লাগিল ॥১৮॥

ক্রমে মহাবল ভীম ও শল্য গদা উত্তোলন করিয়া ফিরিয়া মধ্যপথে থাকিয়া পুনরায় মণ্ডলক্রমে বিচরণ করিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর অলৌকিককার্য্যকারী ভীম ও শল্য অষ্ট পদ অগ্রসর হইয়া লৌহগদা দুইটা উত্তোলন করিয়া আঘাত করিতে থাকিলেন ॥২০॥

তখন যুদ্ধনিপুণ ভীম ও শল্য পরস্পরপ্রার্থী হইয়া মণ্ডলক্রমে বিচরণ করিতে লাগিলেন এবং যুদ্ধনৈপুণ্য দেখাইতে থাকিলেন ॥২১॥

(১৭)·· দন্তিনেব হতো গিরিঃ—পি।

CENTRAL LIBRARY

অথোদ্যম্য গদে ঘোরে সশৃঙ্গাবিব পর্বতৌ।
তাবাজঘ্নতুরন্যোন্যং ভূমিকম্পে যথাচলৌ ॥২২॥
তৌ পরস্পরবেগাচ্চ গদাভ্যাং ভৃশবিক্ষতৌ।
যুগপৎ পেততুর্বীরাবুভাবিন্দ্রধ্বজাবিব ॥২৩॥
উভয়োঃ সেনয়োর্বীরাস্তদা হাহাকৃতোঽভবন্।
ভৃশং মর্ম্মণ্যভিহতাবুভাবাস্তাং সুবিহ্বলৌ ॥২৪॥
ততঃ স্বরথমারোপ্য মদ্রাণামৃষভং বলী।
অপোবাহ কৃপঃ শল্যং তূর্ণমায়োধনাদথ ॥২৫॥
ক্ষীব বদ্বিহ্বলত্বাত্তু নিমেষাৎ পুনরুত্থিতঃ।
ভীমসেনো গদাপাণিঃ সমাহ্বয়ত মদ্রপম্ ॥২৬॥
ততস্তু তাবকাঃ শূরা নানাশস্ত্রসমাযুতাঃ।
নানাবাদিত্রশব্দেন পাণ্ডুসেনামযোধয়ন্ ॥২৭॥

ভারতকৌমুদী

অথেতি। উদ্যম্য উত্তোল্য। অচলৌ পর্বতৌ ॥২২॥
তাবিতি। পেততুর্ভূমৌ। ইন্দ্রধ্বজৌ পূজার্থমুত্থাপিতৌ ॥২৩॥
উভয়োরিতি। হাহাকুর্বন্তীতি হাহাকৃতঃ। তত্র হেতুমাহ ভৃশমিতি ॥২৪॥
তত ইতি। মদ্রাণামৃষভং শ্রেষ্ঠং শল্যম্। অপোবাহ অপসারয়ামাস ॥২৫॥
ক্ষীববদিতি। ক্ষীববৎ মত্তবৎ। সমাহ্বয়ত যুদ্ধায়, মদ্রপং শল্যম্ ॥২৬॥

তদনন্তর ভূমিকম্পের সময়ে দুইটা পর্ব্বত যেমন পরস্পরকে আঘাত করে, সেইরূপ ভীম ও শল্য ভীষণ গদা দুইটা উত্তোলন করিয়া শৃঙ্গযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় থাকিয়া পরস্পর আঘাত করিলেন ॥২২॥

তখন বীর ভীম ও শল্য গদার আঘাতে অত্যন্ত বিক্ষত হইয়া পরস্পরের বেগে দুইটা ইন্দ্রধ্বজের ন্যায় দুই জনই একদা ভূতলে পতিত হইলেন ॥২৩॥

সেই সময়ে উভয়পক্ষের বীরেরাই হাহাকার করিতে লাগিলেন; আর ভীম এবং শল্য উভয়েই মর্ম্মদেশে অত্যন্ত আহত হইয়া অত্যন্ত বিহ্বল হইলেন ॥২৪॥

তাহার পর বলবান্ কৃপাচার্য্য মদ্ররাজ শল্যকে আপন রথে তুলিয়া লইয়া সত্বর রণস্থল হইতে তাঁহাকে লইয়া গেলেন ॥২৫॥

ওদিকে ভীমসেন নিমেষকালমধ্যে আবার উঠিয়া গদা ধারণ করিয়া মত্তের ন্যায় বিহ্বলতাবশতঃ পুনরায় শল্যকে যুদ্ধে আহ্বান করিলেন ॥২৬॥

(২২)···যথা ভূমিচলেঽচলৌ—পি বর্দ্ধ। (২৩)··উভাবিন্দ্রবলী ইব—নি।

CENTRAL LIBRARY

ভুজাবুচ্ছ্রিত্য শস্ত্রঞ্চ শব্দেন মহতা ততঃ।
অভ্যদ্রবন্ মহারাজ! দুর্য্যোধনপুরোগমাঃ ॥২৮॥
তদনীকমভিপ্রেক্ষ্য ততস্তে পাণ্ডুনন্দনাঃ।
প্রযযুঃ সিংহনাদেন দুর্য্যোধনপুরোগমান্ ॥২৯॥
তেষামাপততাং তূর্ণং পুত্রস্তে ভরতর্ষভ!।
প্রাসেন চেকিতানং বৈ বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥৩০॥
স পপাত রথোপস্থে তব পুত্রেণ তাড়িতঃ।
রুধিরৌঘপরিক্লিন্নঃ প্রবিশ্য বিপুলং তমঃ ॥৩১॥
চেকিতানং হতং দৃষ্ট্বা পাণ্ডবানাং মহারথাঃ।
অসকৃদভ্যবর্ষন্ত শরবর্ষাণি ভাগশঃ ॥৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। নানাবাদিত্রশব্দেন সহ, পাণ্ডুসেনাং পাণ্ডবসৈন্যম্ ॥২৭॥
ভুজাবিতি। উচ্ছ্রিত্য উত্তোল্য। অভ্যদ্রবন্ পাণ্ডবসৈন্যমভ্যধাবন্ ॥২৮॥
তদিতি। অনীকং স্বাভিধাবিনীং কৌরবসেনাম্ ॥২৯॥
তেষামিতি। আপততামাগচ্ছতাম্, পুত্রো দুর্য্যোধনঃ ॥৩০॥
স ইতি। রথস্য উপস্থে উপবেশনস্থানে। তমঃ অজ্ঞানান্ধকারম্ ॥৩১॥
চেকীতি। অভ্যবর্ষন্ত কৌরবসৈন্যোপরি, ভাগশো ভাগে ভাগে ॥৩২॥

তৎপরে আপনার পক্ষের নানাশস্ত্রধারী বীরেরা নানাবিধ বাদ্যধ্বনির সহিত পাণ্ডবসৈন্যের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! তদনন্তর দুর্য্যোধনপ্রভৃতি কৌরবেরা বাহু ও অস্ত্র উত্তোলন করিয়া বিশাল কোলাহলের সহিত পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

তাহার পর পাণ্ডবেরা সেই কৌরবসৈন্য আসিতেছে দেখিয়া সিংহনাদ সহকারে দুর্য্যোধনপ্রভৃতির প্রতি ধাবিত হইলেন ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! তাঁহারা আসিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন প্রাসদ্বারা সত্বর গুরুতরভাবে চেকিতানের হৃদয় বিদ্ধ করিলেন ॥৩০॥

রাজা! আপনার পুত্র তাড়ন করিলে, চেকিতান রক্তপ্রবাহে সিক্ত হইয়া বিশাল অন্ধকারে প্রবেশ করিয়া রথমধ্যে পতিত হইলেন ॥৩১॥

চেকিতানকে নিহত দেখিয়া পাণ্ডবপক্ষের মহারথেরা ভাগে ভাগে কৌরবসৈন্যের উপরে বার বার বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩২॥

(৩২)·· আসক্তমভ্যবর্ষন্ত···পি,···অসক্তমভ্যবর্ষন্ত···বা নি।

CENTRAL LIBRARY

তাবকানামনীকেষু পাণ্ডবা জিতকাশিনঃ।
ব্যচরন্ত মহারাজ! প্রেক্ষণীয়াঃ সমন্ততঃ ॥৩৩॥
কৃপশ্চ কৃতবর্ম্মা চ সৌবলশ্চ মহাবলঃ।
অযোধয়ন্ ধর্ম্মরাজং মদ্ররাজপুরস্কৃতাঃ ॥৩৪॥
ভারদ্বাজস্য হন্তারং ভূরিবীর্য্যপরাক্রমম্।
দুর্য্যোধনো মহারাজ! ধৃষ্টদ্যুম্নমযোধয়ৎ ॥৩৫॥
ত্রিসাহস্রা রথা রাজংস্তব পুত্রেণ চোদিতাঃ।
অযোধয়ন্ত বিজয়ং দ্রোণপুত্রপুরস্কৃতাঃ ॥৩৬॥
বিজয়ে ধৃতসঙ্কল্পাঃ সমভিত্যক্তজীবিতাঃ।
প্রাবিশংস্তাবকা রাজন্! হংসা ইব মহৎ সরঃ ॥৩৭॥
ততো যুদ্ধমভূদ্‌ঘোরং পরস্পরবধৈষিণাম্।
অন্যোন্যবধসংযুক্তমন্যোন্যপ্রীতিবর্দ্ধনম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

তাবকানামিতি। জিতকাশিনো বিজয়শোভিনঃ। প্রেক্ষণীয়া বীরশ্রিয়া ॥৩৩॥
কৃপ ইতি। সৌবলঃ শকুনিঃ। মদ্ররাজঃ পুরস্কৃতঃ অগ্রবর্ত্তীকৃতো যৈস্তে ॥৩৪॥
ভারেতি। ভারদ্বাজস্য দ্রোণস্য হন্তারম্। অতএব দুর্য্যোধনস্য ক্রোধাতিরেকঃ ॥৩৫॥
ত্রীতি। চোদিতাঃ প্রেরিতাঃ। বিজয়মর্জ্জুনম্, দ্রোণপুত্রঃ পুরস্কৃতোঽগ্রবর্ত্তীকৃতো যৈস্তে ॥৩৬॥
বিজয় ইতি। সমভিত্যক্তানি জীবিতানি জীবনমমতা যৈস্তে। প্রাবিশন্নর্জ্জুনসৈন্যম্ ॥৩৭॥

মহারাজ! বিজয়শোভী ও বীরশোভায় সুদৃশ্য পাণ্ডবেরা ক্রমে সকল দিকে আপনার সৈন্যমধ্যে বিচরণ করিতে থাকিলেন ॥৩৩॥

এই সময়ে কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও মহাবল শকুনি ইঁহারা শল্যকে অগ্রবর্ত্তী করিয়া যুধিষ্ঠিরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩৪॥

মহারাজ! এদিকে দুর্য্যোধন মহাবীর্য্য ও মহাপরাক্রমশালী দ্রোণহন্তা ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

রাজা! আপনার পুত্র দুর্য্যোধনের আদেশে তিন সহস্র রথী অশ্বত্থামাকে অগ্রবর্ত্তী করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩৬॥

নরনাথ! আপনার পক্ষের সেই রথীরা জয়াভিলাষী হইয়া জীবনের মমতা পরিত্যাগ করিয়া—হংসগণ যেমন বিশাল সরোবরে প্রবেশ করে, সেইরূপ অর্জ্জুনের সৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩৭॥

তস্মিন্ প্রবৃত্তে সংগ্রামে রাজন্! বীরবরক্ষয়ে।
অনিলেনেরিতং ঘোরমুত্তস্থৌ পার্থিবং রজঃ ॥৩৯॥
শ্রবণান্নামধেয়ানাং পাণ্ডবানাঞ্চ কীর্ত্তনাৎ।
পরস্পরং বিজানীমো যে চাযুধ্যন্নভীতবৎ ॥৪০॥
তদ্রজঃ পুরুষব্যাঘ্র! শোণিতেন প্রশামিতম্।
দিশশ্চ বিমলা রাজংস্তস্মিংস্তমসি শামিতে ॥৪১॥
তথা প্রবৃত্তে সংগ্রামে ভীমরূপে ভয়ানকে।
তাবকানাং পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥৪২॥
ব্রহ্মলোকপরা ভূত্বা প্রার্থয়ন্তো জয়ং যুধি।
সুযুদ্ধেন পরাক্রান্তা নরাঃ স্বর্গমভীপ্সবঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। অন্যোন্যপ্রীতিবর্দ্ধনং স্থায়নিষ্ঠত্বাদিতি ভাবঃ ॥৩৮॥

তস্মিন্নিতি। বীরবরাণাং ক্ষয়ো যস্মিংস্তত্র। অনিলেন বায়ুনা ঈরিতং চালিতম্ ॥৩৯॥

শ্রবণাদিতি। নামধেয়ানাং শ্রবণাৎ কৌরবাণাম্, কীর্ত্তনাদ্ব্যাম্নামিতি শেষঃ ॥৪০॥

তদিতি। রজো ধূলিঃ। বিমলা অভবন্। তমসি অন্ধকারে ॥৪১॥

তথেতি। ভীমরূপে ভীষণাকৃতৌ, ভয়ানকে ভয়জনকে ॥৪২॥

ব্রহ্মেতি। কেচিৎ পরাক্রান্তা নরাঃ, ব্রহ্মলোক এব পরঃ প্রাধান্যেনোদ্দেশ্যো যেষাং তে তাদৃশা ভূত্বা যুযুধির ইতি শেষঃ। কেচিৎ সুযুদ্ধেন যুধি জয়ং প্রার্থয়ন্ত আসন্, কেচিচ্চ স্বর্গমভীপ্সবো বভূবুঃ ॥৪৩॥

তাহার পর পরস্পরবধৈষিগণের পরস্পরপ্রীতিবর্দ্ধক ভীষণ যুদ্ধ হইতে লাগিল; তাহাতে উভয়পক্ষের সৈন্যেরই বিনাশ হইতে থাকিল ॥৩৮॥

রাজা! প্রধান প্রধান বীরনাশক সেই যুদ্ধ চলিতে থাকিলে, বায়ুসঞ্চালিত হইয়া ভীষণ ধূলি উঠিল ॥৩৯॥

তখন যাহারা নির্ভয় চিত্তে যুদ্ধ করিতে লাগিল, সেই কৌরবপক্ষের নামশ্রবণে এবং পাণ্ডবপক্ষের নামকীর্ত্তনে আমরা পরস্পরকে চিনিতে লাগিলাম ॥৪০॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! ক্রমে রক্তের প্রবাহে সেই ধূলি নিবৃত্তি পাইল। সুতরাং তাহার অন্ধকার দূরীভূত হইলে, সমস্ত দিক্ নির্ম্মল হইল ॥৪১॥

সেইরূপ ভীষণ যুদ্ধ চলিতে লাগিলে, আপনার পক্ষের বা পাণ্ডবপক্ষের কোন ব্যক্তিই পরাঙ্মুখ হইল না ॥৪২॥

---

(৪০)·· সংপ্রাযুধ্যন্নভীতবৎ—পি,···তদাযুধ্যন্নভীতবৎ—নি।

CENTRAL LIBRARY

ভর্ত্তৃপিণ্ডবিমোক্ষার্থং মিত্রকার্য্যবিনিশ্চিতাঃ।
স্বর্গসংসক্তমনসো যোধা যুযুধিরে তদা ॥৪৪॥
নানারূপাণি শস্ত্রাণি বিসৃজন্তো মহারথাঃ।
অন্যোন্যমভিগর্জ্জন্তঃ প্রহরন্তঃ পরস্পরম্ ॥৪৫॥ (যুগ্মকম্)
হত বিধ্যত গৃহ্ণীত প্রহরধ্বং নিকৃন্তত।
ইতি স্ম বাচঃ শ্রূয়ন্তে তব তেষাঞ্চ বৈ রণে ॥৪৬॥
ততঃ শল্যো মহারাজ! ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
বিব্যাধ নিশিতৈর্বাণৈর্হন্তুকামো মহারথম্ ॥৪৭॥
তস্য পার্থো মহারাজ! নারাচান্ বৈ চতুর্দ্দশ।
মর্ম্মাণ্যুদ্দিশ্য মর্ম্মজ্ঞো নিচখান হসন্নিব ॥৪৮॥
আবার্য্য পাণ্ডবং বাণৈর্হন্তুকামো মহাযশাঃ।
বিব্যাধ সমরে ক্রুদ্ধো বহুভিঃ কঙ্কপত্রিভিঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

ভর্ত্রিতি। অত্রাপি পূর্ব্ববদেব ত্রয়ঃ পক্ষাঃ। বিসৃজন্তঃ ক্ষিপন্তঃ ॥৪৪—৪৫॥
হতেতি। হত বিনাশয়ত। যুধমিতি সর্ব্বত্র সম্বন্ধনীয়ম্। নিকৃন্তত ছিন্ত ॥৪৬॥
তত ইতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৪৭॥
তস্যেতি। পার্থো যুধিষ্ঠিরঃ। নিচখান নিখননায় চিক্ষেপ ॥৪৮॥
আবার্য্যেতি। আবার্য্য নিবার্য্য। মহাযশাঃ শল্যঃ। কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥৪৯॥

পরাক্রমশালী বহু লোক ব্রহ্মলোকে গমনের উদ্দেশে, অনেকে গুরুতর যুদ্ধে জয়কামনায় এবং বহু ব্যক্তি স্বর্গে যাইবার অভিলাষে যুদ্ধ করিতে লাগিল ॥৪৩॥

বহু যোদ্ধা ভর্ত্তৃপিণ্ডপরিশোধের জন্য, অনেক মহারথ মিত্রকার্য্যে জীবনত্যাগে কৃতনিশ্চয় হইয়া এবং বহু যোদ্ধা স্বর্গলাভের ইচ্ছায় নানারূপ অস্ত্রনিক্ষেপ, পরস্পর গর্জ্জন ও প্রহার করিতে থাকিয়া তখন যুদ্ধ করিতে থাকিলেন ॥৪৪—৪৫॥

'বধ কর, বিদ্ধ কর, ধারণ কর, প্রহার কর এবং ছেদন কর' এইরূপ বাক্য সকল আপনার পক্ষে ও পাণ্ডবপক্ষে শুনা যাইতে লাগিল ॥৪৬॥

মহারাজ! তাহার পর শল্য মহারথ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে বধ করিবার ইচ্ছা করিয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৪৭॥

মহারাজ! তখন মর্ম্মজ্ঞ যুধিষ্ঠির হাস্য করিতে করিতেই যেন শল্যের মর্ম্মস্থানগুলি লক্ষ্য করিয়া চৌদ্দটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৪৮॥

(৪৪)···ভর্ত্তৃকার্য্যে বিনিশ্চিতাঃ···পি বা,···ভর্ত্তৃকার্য্যবিনিশ্চিতাঃ···নি। (৪৭)···ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্···পি নি।

CENTRAL LIBRARY

অথ ভূয়ো মহারাজ! শরেণানতপর্বণা।
যুধিষ্ঠিরং সমাজঘ্নে সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥৫০॥
ধর্ম্মরাজোঽপি সংক্রুদ্ধো মদ্ররাজং মহাযশাঃ।
বিব্যাধ নিশিতৈর্বাণৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥৫১॥
চন্দ্রসেনঞ্চ সপ্তত্যা সূতঞ্চ নবভিঃ শরৈঃ।
দ্রুমসেনং চতুঃষষ্ট্যা নিজঘান মহারথঃ ॥৫২॥
চক্ররক্ষে হতে শল্যঃ পাণ্ডবেন মহাত্মনা।
নিজঘান ততো রাজন্! চেদীন্ বৈ পঞ্চবিংশতিম্ ॥৫৩॥
সাত্যকিং পঞ্চবিংশত্যা ভীমসেনঞ্চ সপ্তভিঃ।
মাদ্রীপুত্রৌ শতেনাজৌ বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥৫৪॥
এবং বিচরতস্তস্য সংগ্রামে রাজসত্তম!।
সংপ্রৈষয়চ্ছিতান্ পার্থঃ শরানাশীবিষোপমান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

অথেতি। আনতপর্ব্বণা ঈষদ্বক্রোপান্তেন। সমাজঘ্নে শল্য ইতি শেষঃ ॥৫০॥
ধর্ম্মেতি। কঙ্কস্য বর্হিণস্য ময়ূরস্য চ বাজাঃ পক্ষা এষু সঞ্জাতা ইতি তৈঃ ॥৫১॥
চন্দ্রেতি। চন্দ্রসেনদ্রুমসেনৌ চক্ররক্ষকৌ, সূতো নাম চ কশ্চিৎ পৃষ্ঠরক্ষকঃ ॥৫২॥
চক্রেতি। পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ। চেদীন্ চেদিদেশীয়ান্ বীরান্ ॥৫৩॥
সাত্যকিমিতি। বিব্যাধ শল্য ইত্যর্থাৎ, নিশিতৈঃ সুধারৈঃ ॥৫৪॥

পরে মহাযশা শল্য ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা যুধিষ্ঠিরকে বারণ করিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় বহুতর বাণে বিদ্ধ করিলেন ॥৪৯॥

মহারাজ! তদনন্তর শল্য পুনরায় নতপর্ব্ব একটা বাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষেই যুধিষ্ঠিরকে আঘাত করিলেন ॥৫০॥

তখন মহাযশা যুধিষ্ঠিরও অত্যন্তক্রুদ্ধ হইয়া কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরপক্ষযুক্ত সুধার বাণসমূহদ্বারা শল্যকে তাড়ন করিলেন ॥৫১॥

এবং মহারথ যুধিষ্ঠির সত্তর বাণে চন্দ্রসেনকে, নয় বাণে সূতকে ও চৌষট্টি বাণে দ্রুমসেনকে বধ করিলেন ॥৫২॥

রাজা! মহাত্মা যুধিষ্ঠির শল্যের চক্ররক্ষকপ্রভৃতিকে বধ করিলে, শল্য চেদি-দেশীয় পঁচিশ জন বীরকে বিনাশ করিলেন ॥৫৩॥

ক্রমে শল্য পঁচিশ বাণে সাত্যকিকে, সাত বাণে ভীমকে এবং একশত সুধার বাণে নকুল ও সহদেবকে তাড়ন করিলেন ॥৫৪॥

(৫৫)···রাজসত্তমঃ···বর্দ্ধ।

CENTRAL LIBRARY

ধ্বজাগ্রঞ্চাস্য সমরে কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
প্রমুখে বর্ত্তমানস্য ভল্লেনাপাহরদ্রথাৎ ॥৫৬॥
পাণ্ডুপুত্রেণ বৈ তস্য কেতুং ছিন্নং মহাহবে।
নিপতন্তমপশ্যাম গিরিশৃঙ্গমিবাহতম্ ॥৫৭॥
ধ্বজং নিপতিতং দৃষ্ট্বা পাণ্ডবঞ্চ ব্যবস্থিতম্।
সংক্রুদ্ধো মদ্ররাজোঽভূচ্ছরবর্ষং মুমোচ হ ॥৫৮॥
শল্যঃ সায়কবর্ষেণ পর্জন্য ইব বৃষ্টিমান্।
অভ্যবর্ষদমেয়াত্মা ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ ॥৫৯॥
সাত্যকিং ভীমসেনঞ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
একৈকং পঞ্চভির্বিদ্ধ্বা যুধিষ্ঠিরমপীড়য়ৎ ॥৬০॥

ভারতকৌমুদী

এবমিতি। তস্য শল্যস্যোপরি। সংপ্রৈষয়ৎ ন্যক্ষিপৎ, পার্থো যুধিষ্ঠিরঃ ॥৫৫॥
ধ্বজেতি। প্রমুখে সম্মুখে স্থিতমিতি শেষঃ। অপাহরৎ ছিত্ত্বা ॥৫৬॥
পাণ্ডিতি। কেতুং ধ্বজম্। আহতং বজ্রতাড়িতম্ ॥৫৭॥
ধ্বজমিতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। মুমোচ তৎপক্ষোপরি চিক্ষেপ ॥৫৮॥
শল্য ইতি। পর্জন্যো মেঘঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥৫৯॥
সাত্যকিমিতি। অপীড়য়ৎ শল্য ইত্যনুবৃত্তিঃ ॥৬০॥

রাজশ্রেষ্ঠ! শল্য এইভাবে রণস্থলে বিচরণ করিতে লাগিলে, যুধিষ্ঠির তাঁহার উপরে সুধার ও সর্পতুল্য কতকগুলি বাণ নিক্ষেপ করিলেন ॥৫৫॥

এবং কুন্তীনন্দন যুধিষ্ঠির একটা ভল্লদ্বারা শল্যের সম্মুখবর্ত্তী ধ্বজের অগ্রভাগ ছেদন করিয়া রথ হইতে হরণ করিলেন ॥৫৬॥

তখন আমরা দেখিলাম—মহাযুদ্ধে যুধিষ্ঠিরচ্ছিন্ন শল্যের ধ্বজাগ্র—বজ্রতাড়িত পর্ব্বতশৃঙ্গের ন্যায় পতিত হইল ॥৫৭॥

নিজের ধ্বজটী পতিত হইয়াছে এবং যুধিষ্ঠিরও যথাস্থানে রহিয়াছেন দেখিয়া শল্য অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ও বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫৮॥

অজ্ঞেয়শক্তি ও ক্ষত্রিয়শ্রেষ্ঠ শল্য বারিবর্ষী মেঘের ন্যায় বিপক্ষ ক্ষত্রিয়গণের উপরে বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৫৯॥

পরে তিনি সাত্যকি, ভীমসেন, নকুল ও সহদেব ইহাদের এক এক জনকে পাঁচ পাঁচ বাণে বিদ্ধ করিয়া যুধিষ্ঠিরকে পীড়ন করিতে লাগিলেন ॥৬০॥

ততো বাণময়ং জালং বিততং পাণ্ডবোরসি।
অপশ্যাম মহারাজ! মেঘজালমিবোদ্গতম্ ॥৬১॥
তস্য শল্যো রণে ক্রুদ্ধো বাণৈঃ সন্নতপর্ব্বভিঃ।
দিশঃ প্রচ্ছাদয়ামাস প্রদিশশ্চ মহারথঃ ॥৬২॥
ততো যুধিষ্ঠিরো রাজা বাণজালেন পীড়িতঃ।
বভূব হৃতবিক্রান্তো জম্ভো বৃত্রহণা যথা ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে শল্যযুধিষ্ঠিরযুদ্ধে দশমোঽধ্যায়ঃ ॥০॥ *

একাদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

পীড়িতে ধর্ম্মরাজে তু মদ্ররাজেন মারিষ!।
সাত্যকির্ভীমসেনশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
পরিবার্য্য রথৈঃ শল্যং পীড়য়ামাসুরাহবে ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। বিততং বিস্তৃতম্, পাণ্ডবোরসি যুধিষ্ঠিরবক্ষসি ॥৬১॥

তস্যেতি। সন্নতপর্ব্বভির্বক্রোপান্তৈঃ। প্রদিশো বিদিশঃ ॥৬২॥

তত ইতি। হৃতং বিক্রান্তং বিক্রমো যস্য সঃ, জম্ভো নামাসুরঃ, বৃত্রহণা ইন্দ্রেণ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে দশমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! তাহার পর আমরা দেখিলাম—শল্য যুধিষ্ঠিরের বক্ষস্থলে উদিত মেঘজালের ন্যায় বাণজাল বিস্তৃত করিয়া দিয়াছেন ॥৬১॥

পরে ক্রুদ্ধ মহারথ শল্য যুদ্ধে নতপর্ব্ব বাণসমূহদ্বারা যুধিষ্ঠিরের সকল দিক্ ও বিদিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৬২॥

তদনন্তর ইন্দ্র যেমন জম্ভাসুরের বিক্রম হরণ করিয়াছিলেন, সেইরূপ শল্য বাণজালে পীড়ন করিয়া রাজা যুধিষ্ঠিরের বিক্রম হরণ করিলেন' ॥৬৩॥

---

(৬১)···অথাপশ্যমহারাজ! মেঘজালমিবোদ্ধতম্—পি। * '···দ্বাদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···একাদশোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

তমেকং বহুভির্দৃষ্ট্বা পীড্যমানং মহারথৈঃ।
সাধুবাদো মহান্ জজ্ঞে সিদ্ধাশ্চাসন প্রহর্ষিতাঃ।
আশ্চর্য্যমিত্যভাষন্ত মুনয়শ্চাপি সঙ্গতাঃ ॥২॥
ভীমসেনো রণে শল্যং শল্যভূতং পরাক্রমে।
একেন বিদ্ধা বাণেন পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৩॥
সাত্যকিশ্চ শতেনৈনং ধর্ম্মপুত্রপরীপ্সয়া।
মদ্রেশ্বরমথাকীর্য্য সিংহনাদমথানদৎ ॥৪॥
নকুলঃ পঞ্চভিশ্চৈনং সহদেবশ্চ সপ্তভিঃ।
বিদ্ধা তং তু ততস্তূর্ণং পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৫॥

ভারতকৌমুদী

পীড়িত ইতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। ষট্পাদঃ ॥১॥

তমিতি। সিদ্ধা আকাশবর্ত্তিনো দেবযোনিবিশেষাঃ। সঙ্গতা মিলিতাঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২॥

ভীমেতি। শল্যভূতং শঙ্কুবদ্দৃঢ়ম্। সপ্তভির্বাণৈরেব ॥৩॥

সাত্যকিরিতি। শতেন বাণানাম্, ধর্ম্মপুত্রস্য পরীপ্সয়া রক্ষণেচ্ছয়া ॥৪॥

নকুল ইতি। পঞ্চভিরিত্যাদৌ সর্ব্বত্র বাণৈরিতি শেষঃ। বিব্যাধ নকুলঃ সহদেবশ্চ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা! শল্য যুধিষ্ঠিরকে পীড়ন করিতে লাগিলে, সাত্যকি, ভীমসেন, নকুল ও সহদেব রথদ্বারা পরিবেষ্টন করিয়া যুদ্ধে শল্যকেও পীড়ন করিতে লাগিলেন ॥১॥

বহু মহারথ এক শল্যকে পীড়ন করিতেছেন দেখিয়া শল্যের প্রতি বিশাল সাধুবাদ হইতে থাকিল; আকাশবর্ত্তী সিদ্ধেরা আনন্দিত হইলেন এবং ভূতলে মিলিত মুনিরাও 'আশ্চর্য্য আশ্চর্য্য' এইরূপ বলিতে থাকিলেন ॥২॥

ক্রমে ভীমসেন যুদ্ধে ও পরাক্রমে শল্য-(পেরেক-) স্বরূপ দৃঢ় শল্যকে এক বাণে বিদ্ধ করিয়া পুনরায় সাত বাণে বিদ্ধ করিলেন ॥৩॥

সাত্যকিও যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছায় একশত বাণে শল্যকে তাড়ন করিয়া সিংহনাদ করিলেন ॥৪॥

আর নকুল পাঁচ বাণে এবং সহদেব সাত বাণে শল্যকে বিদ্ধ করিয়া পুনরায় তাঁহারা সত্বর সাত সাত বাণে বিদ্ধ করিলেন ॥৫॥

(৩)···পুনর্বিব্যাধ পঞ্চভিঃ—পি।

স তু শূরো রণে যত্তঃ পীড়িতস্তৈর্মহারথৈঃ।
বিকৃষ্য কার্ম্মুকং ঘোরং বেগবদ্ভারসাধনম্ ॥৬॥
সাত্যকিং পঞ্চবিংশত্যা শল্যো বিব্যাধ মারিষ!।
ভীমসেনং ত্রিসপ্তত্যা নকুলং সপ্তভিস্তথা ॥৭॥ (যুগ্মকম্)
ততঃ সবিশিখং চাপং সহদেবস্য ধন্বিনঃ।
ছিত্ত্বা ভল্লেন সমরে বিব্যাধৈনং ত্রিসপ্তভিঃ ॥৮॥
সহদেবস্তু সমরে মাতুলং ভূরিবর্চ্চসম্।
সজ্যমন্যদ্ধনুঃ কৃত্বা পঞ্চভিঃ সমতাড়য়ৎ।
শরৈরাশীবিষাকারৈর্জ্বলজ্জ্বলনসন্নিভৈঃ ॥৯॥
সারথিঞ্চাস্য সমরে শরেণানতপর্বণা।
বিব্যাধ ভৃশসংক্রুদ্ধস্তঞ্চ ভূয়স্ত্রিভিঃ শরৈঃ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। যত্তো জয়ে যত্নবান্। ভারসাধনং দুষ্করকার্য্যসাধকম্। পঞ্চবিংশত্যা বাণৈঃ। এবং সর্বত্র ॥৬—৭॥

তত ইতি। সবিশিখং বাণযুক্তম্। ত্রিসপ্তভিঃ একবিংশতিবাণৈঃ ॥৮॥

সহেতি। ভূরিবর্চ্চসং প্রচুরতেজসম্। সজ্যং সগুণম্। আশীবিষাকারৈঃ সর্পতুল্যৈঃ, জ্বলন্ যো জ্বলনো বহ্নিস্তৎসন্নিভৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

সারথিমিতি। আনতপর্ব্বণা ঈষদ্বক্রোপান্তেন। বিব্যাধ সহদেব এব ॥১০॥

মাননীয় রাজা! সেই মহারথেরা পীড়ন করিলেও কিন্তু বীর শল্য জয়ে যত্নবান্ হইয়া বেগবান্ ও দুষ্করকার্য্যসাধক ভীষণ ধনু আকর্ষণ করিয়া পঁচিশ বাণে সাত্যকিকে, তিয়াত্তর বাণে ভীমকে এবং সাত বাণে নকুলকে তাড়ন করিলেন ॥৬—৭॥

তদনন্তর শল্য একটা ভল্লদ্বারা ধনুর্দ্ধর সহদেবের ধনু ছেদন করিয়া একুশ বাণে সহদেবকে বিদ্ধ করিলেন ॥৮॥

তখন সহদেব অন্য ধনুতে গুণারোপণ করিয়া সর্পতুল্য এবং প্রজ্বলিত অগ্নি-সদৃশ পাঁচটা বাণদ্বারা যুদ্ধে প্রচুরতেজা মাতুল শল্যকে তাড়ন করিলেন ॥৯॥

এবং অত্যন্ত ক্রুদ্ধ সহদেব নতপর্ব্ব একটা বাণদ্বারা শল্যের সারথিকে, আর তিনটা বাণদ্বারা পুনরায় শল্যকে বিদ্ধ করিলেন ॥১০॥

(৬)···বেগবং ভারসাধনম্—পি বা,···ভারবং বেগবত্তরম্—নি। (১০)··তঞ্চ ভূয়স্ত্রিভিস্ত্রিভিঃ—পি।

CENTRAL LIBRARY

ভীমসেনস্তু সপ্তত্যা সাত্যকির্নবভিঃ শরৈঃ।
ধর্ম্মরাজস্তথা ষষ্ট্যা গাত্রে শল্যং সমার্পয়ৎ ॥১১॥
ততঃ শল্যো মহারাজ! নির্বিদ্ধস্তৈর্মহারথৈঃ।
সুস্রাব রুধিরং গাত্রৈর্গৈরিকং পর্বতো যথা ॥১২॥
তাংশ্চ সর্বান্ মহেষ্বাসান্ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ।
বিব্যাধ তরসা রাজন্! তদদ্ভুতমিবাভবৎ ॥১৩॥
ততোঽপরেণ ভল্লেন ধর্ম্মপুত্রস্য মারিষ!।
ধনুশ্চিচ্ছেদ সমরে সজ্যং স হি মহারথঃ ॥১৪॥
অথান্যদ্ধনুরাদায় ধর্ম্মপুত্রো মহারথঃ।
সাশ্বসূতধ্বজরথং শল্যং প্রাচ্ছাদয়চ্ছরৈঃ ॥১৫॥
স চ্ছাদ্যমানঃ সমরে ধর্ম্মপুত্রস্য সায়কৈঃ।
যুধিষ্ঠিরমথাবিধ্যদ্দশভির্নিশিতৈঃ শরৈঃ ॥১৬॥

ভারতকৌমুদী

ভীমেতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥১১॥
তত ইতি। সুস্রাব নিঃসারয়ামাস। গৈরিকং রক্তবর্ণধাতুবিশেষম্ ॥১২॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্। তরসা বলেন ॥১৩॥
তত ইতি। জ্যয়া গুণেন সহেতি সজ্যম্, "মৌর্বী জ্যা শিঞ্জিনী গুণঃ" ইত্যমরঃ ॥১৪॥
অথেতি। অশ্বৈঃ সূতেন সারথিনা ধ্বজেন রথেন চ সহেতি তম্ ॥১৫॥
স ইতি। নিশিতৈস্তনুকৃতমুখৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥১৬॥

পরে ভীম সত্তরটা, সাত্যকি নয়টা এবং যুধিষ্ঠির ষাটটা বাণদ্বারা শল্যের শরীরে আঘাত করিলেন ॥১১॥

মহারাজ! তাহার পর শল্য সেই মহারথগণের বাণে বিদ্ধ হইয়া—পর্ব্বত যেমন গৈরিকধাতু নিঃসারণ করে, সেইরূপ রক্ত নিঃসারণ করিতে লাগিলেন ॥১২॥

রাজা! ক্রমে শল্যও বলপূর্ব্বক পাঁচ পাঁচ বাণে সেই মহাধনুর্দ্ধরগণের প্রত্যেককে বিদ্ধ করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৩॥

মাননীয় রাজা! তাহার পর মহারথ শল্য অন্য একটা ভল্লদ্বারা যুধিষ্ঠিরের গুণযুক্ত ধনু ছেদন করিলেন ॥১৪॥

পরে মহারথ যুধিষ্ঠির অন্য ধনু লইয়া বাণদ্বারা অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত শল্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৫॥

শল্য যুধিষ্ঠিরের বাণে আবৃত হইতে থাকিয়া দশটা সুধার বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥১৬॥

CENTRAL LIBRARY

সাত্যকিস্তু ততঃ ক্রুদ্ধো ধর্ম্মপুত্রে শরার্দ্দিতে।
মদ্রাণামধিপং শূরং শরৌঘৈঃ সমবারয়ৎ ॥১৭॥
স সাত্যকেঃ প্রচিচ্ছেদ ক্ষুরপ্রেণ মহদ্ধনুঃ।
ভীমসেনমুখাংস্তাংশ্চ ত্রিভিস্ত্রিভিরতাড়য়ৎ ॥১৮॥
তস্য ক্রুদ্ধো মহারাজ! সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
তোমরং প্রেষয়ামাস স্বর্ণদণ্ডং মহাধনম্ ॥১৯॥
ভীমসেনোঽথ নারাচং জ্বলন্তমিব পন্নগম্।
নকুলঃ সমরে শক্তিং সহদেবো গদাং শুভাম্।
ধর্ম্মরাজঃ শতঘ্নীন্তু জিঘাংসুঃ শল্যমাহবে ॥২০॥
তানাপতত এবাশু পঞ্চানাং বৈ ভুজচ্যুতান্।
বারয়ামাস সমরে শস্ত্রসংঘান্ স মদ্ররাট্ ॥২১॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। সমবারয়ৎ ধর্ম্মপুত্রপ্রহারান্ন্যবারয়ৎ ॥১৭॥
স ইতি। ভীমসেনমুখান্ বৃকোদরাদীন্, ত্রিভিস্ত্রিভিঃ শরৈঃ ॥১৮॥
তস্যেতি। মহাধনং স্বর্ণদণ্ডত্বাদেব মহামূল্যম্ ॥১৯॥
ভীমেতি। ভীমসেন ইত্যাদৌ সর্ব্বত্র প্রেষয়ামাসেত্যনুবৃত্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
তানিতি। আপতত আগচ্ছতঃ, আশু দ্রুতম্, পঞ্চানাং সাত্যক্যাদীনাম্ ॥২১॥

যুধিষ্ঠির শল্যের বাণে পীড়িত হইলে, সাত্যকি ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা বীর শল্যকে নিবারণ করিতে লাগিলেন ॥১৭॥

তখন শল্য একটা ক্ষুরপ্রদ্বারা সাত্যকির বিশাল ধনু ছেদন করিলেন এবং তিন তিনটা বাণদ্বারা ভীমপ্রভৃতিকে তাড়ন করিলেন ॥১৮॥

মহারাজ! পরে যথার্থবিক্রমশালী সাত্যকি ক্রুদ্ধ হইয়া শল্যের উপরে স্বর্ণদণ্ড ও মহামূল্য একটা তোমর নিক্ষেপ করিলেন ॥১৯॥

তদনন্তর যুদ্ধে শল্যকে বধ করিবার ইচ্ছা করিয়া ভীমসেন সর্পের ন্যায় উজ্জ্বল একটা নারাচ, নকুল একটা শক্তি, সহদেব একটা গদা ও যুধিষ্ঠির একটা শতঘ্নী নিক্ষেপ করিলেন ॥২০॥

সাত্যকিপ্রভৃতি পাঁচ জন বীরের হস্ত হইতে নির্গত সেই অস্ত্রগুলি আসিতে লাগিলেই, শল্য সত্বর সেগুলিকে বারণ করিলেন ॥২১॥

---

(১৭)···মদ্রাণামধিপং শূরঃ···পি।

CENTRAL LIBRARY

সাত্যকিপ্রহিতং শল্যো ভল্লৈশ্চিচ্ছেদ তোমরম্ ।
ভীমেন প্রহিতঞ্চাপি শরং কনকভূষণম্ ।
দ্বিধা চিচ্ছেদ সমরে কৃতহস্তঃ প্রতাপবান্ ॥২২॥
নকুলপ্রেষিতাং শক্তিং হেমদণ্ডাং ভয়াবহাম্ ।
গদাঞ্চ সহদেবেন শরৌঘৈঃ সমবারয়ৎ ॥২৩॥
শরাভ্যাঞ্চ শতঘ্নীং তাং রাজ্ঞশ্চিচ্ছেদ ভারত ! ।
পশ্যতাং পাণ্ডুপুত্রাণাং সিংহনাদং ননাদ চ ।
নামৃষ্যত্তন্তু শৈনেয়ঃ শত্রোর্বিজয়মাহবে ॥২৪॥
অথান্যদ্ধনুরাদায় সাত্যকিঃ ক্রোধমূর্চ্ছিতঃ ।
দ্বাভ্যাং মদ্রেশ্বরং বিদ্ধা সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ॥২৫॥

ভারতকৌমুদী

সাত্যকীতি। শরং নারাচাখ্যম্। কৃতহস্তঃ শিক্ষিতহস্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
নকুলেতি। সহদেবেন প্রেষিতামিত্যর্থঃ। সমবারয়ৎ শল্য ইত্যনুবৃত্তিঃ ॥২৩॥
শরাভ্যামিতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। নামৃষ্যৎ নাসহত, শৈনেয়ঃ সাত্যকিঃ। ষট্‌পাদঃ ॥২৪॥
অথেতি। বিদ্ধা অপীড়য়দিতি শেষঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

পীড়িত ইতি ॥১॥ তং শল্যমেকং বহুভিঃ পীড্যমানং দৃষ্ট্বা সিদ্ধাঃ প্রহর্ষিতা আসন্নিতি সম্বন্ধঃ। সাধুবাদো জজ্ঞে অর্থাৎ সিদ্ধানাম্ ॥২—২২॥ সহদেবেন প্রেষিতামিতি পূর্ব্বশ্লোকাৎ সম্বধ্যতে ॥২৩—২৪॥ সারথিঞ্চ বিব্যাধেত্যুত্তরশ্লোকাদপকৃষ্যতে ॥২৫—৪৫॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

শিক্ষিতহস্ত ও প্রতাপশালী শল্য ভল্লদ্বারা সাত্যকিনিক্ষিপ্ত তোমরটাকে ছেদন করিলেন এবং ভীমনিক্ষিপ্ত স্বর্ণভূষিত নারাচটাকেও দুই খণ্ডে কাটিয়া ফেলিলেন ॥২২॥

আর তিনি বাণসমূহদ্বারা নকুলনিক্ষিপ্ত স্বর্ণদণ্ড ও ভয়াবহ শক্তিটাকে এবং সহদেবনিক্ষিপ্ত গদাকে বারণ করিলেন ॥২৩॥

ভরতনন্দন ! পরে শল্য দুইটা বাণদ্বারা যুধিষ্ঠিরের সেই শতঘ্নীটাকে ছেদন করিলেন এবং পাণ্ডবগণের সমক্ষেই সিংহনাদ করিয়া উঠিলেন। কিন্তু সাত্যকি যুদ্ধে শত্রুর সেই জয় সহ্য করিলেন না ॥২৪॥

তৎপরে সাত্যকি ক্রোধে অধীর হইয়া অন্য ধনু লইয়া দুই বাণে শল্যকে এবং তিন বাণে তাঁহার সারথিকে বিদ্ধ করিয়া পীড়ন করিলেন ॥২৫॥

ততঃ শল্যো মহারাজ! সর্বাংস্তান্ দশভিঃ শরৈঃ।
বিব্যাধ সুভৃশং ক্রুদ্ধস্তোত্রৈরিব মহাদ্বিপান্ ॥২৬॥
তে বার্য্যমাণাঃ সমরে মদ্ররাজেন ভারত!।
ন শেকুঃ প্রমুখে স্থাতুং তস্য শত্রুনিসূদনাঃ ॥২৭॥
ততো দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা শল্যস্য বিক্রমম্।
নিহতান্ পাণ্ডবান্ মেনে পাঞ্চালানথ সৃঞ্জয়ান্ ॥২৮॥
ততো রাজন্! মহাবাহুর্ভীমসেনঃ প্রতাপবান্।
সন্ত্যজ্য মনসা প্রাণান্ মদ্রাধিপমযোধয়ৎ ॥২৯॥
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিশ্চ মহাবলঃ।
পরিবার্য্য তদা শল্যং সমন্তাদ্ব্যকিরন্ শরৈঃ ॥৩০॥
স চতুর্ভির্মহেষ্বাসৈঃ পাণ্ডবানাং মহারথৈঃ।
বৃতস্তান্ যোধয়ামাস মদ্ররাজঃ প্রতাপবান্ ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। তান্ পঞ্চ, দ্বাভ্যাং দ্বাভ্যামিতি দশভিঃ। তোত্রৈরঙ্কুশৈঃ ॥২৬॥
ত ইতি। তে পঞ্চ। শত্রূণাং নিসূদনা দমনা অপি ॥২৭॥
তত ইতি। নিহতান্ মেনে তদ্বিক্রমদর্শনাদেব সম্ভাবয়ামাস ॥২৮॥
তত ইতি। প্রাণান্ প্রাণমমতাম্ ॥২৯॥
নকুল ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। সমন্তাৎ সর্বাভ্য এব দিগ্ভ্যঃ ॥৩০॥
স ইতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥৩১॥

মহারাজ! তাহার পর শল্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া—অঙ্কুশদ্বারা যেমন বিশাল হস্তীদিগকে বিদ্ধ করে, সেইরূপ দুই দুই বাণে তাঁহাদের সকলকে বিদ্ধ করিলেন ॥২৬॥

ভরতনন্দন! তৎকালে এক শল্য বারণ করিতে থাকিলে, শত্রুদমন সেই পাঁচ জন বীরও তাঁহার সম্মুখে থাকিতে সমর্থ হইলেন না ॥২৭॥

তাহার পর রাজা দুর্য্যোধন শল্যের বিক্রম দেখিয়া পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়গণকে নিহত বলিয়াই মনে করিলেন ॥২৮॥

রাজা! তদনন্তর মহাবাহু ও প্রতাপশালী ভীমসেন মনে মনে প্রাণের মমতা পরিত্যাগ করিয়া শল্যের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥২৯॥

আর নকুল, সহদেব ও মহাবল সাত্যকি তখন পরিবেষ্টন করিয়া বাণদ্বারা সকল দিক্ হইতে শল্যকে প্রহার করিতে থাকিলেন ॥৩০॥

(২৭)···মদ্ররাজা মহারথাঃ···পি।

CENTRAL LIBRARY

তস্য ধর্ম্মসুতো রাজন্! ক্ষুরপ্রেণ মহাহবে।
চক্ররক্ষং জঘানাশু মদ্ররাজস্য পার্থিবঃ ॥৩২॥
তস্মিংস্তু নিহতে শূরে চক্ররক্ষে মহারথে।
মদ্ররাজোঽতিবলবান্ সৈনিকাংস্ত্বকিরচ্ছরৈঃ ॥৩৩॥
সমাচ্ছন্নাংস্ততস্তাংস্তু রাজন্! বীক্ষ্য স সৈনিকান্।
চিন্তয়ামাস সমরে ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৩৪॥
কথং নূনং ভবেৎ সত্যং তন্মাধববচো মহৎ।
ন হি ক্রুদ্ধো রণে রাজা ক্ষপয়েত বলং মম ॥৩৫॥
ততঃ সরথনাগাশ্বাঃ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্ব্বজ!।
মদ্রেশ্বরং সমাসেদুঃ পীড়য়ন্তঃ সমন্ততঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন। চক্ররক্ষং নূতনং চক্ররক্ষকম্ ॥৩২॥
তস্মিন্নিতি। সৈনিকান্ যুধিষ্ঠিরস্য অকিরৎ প্রাহরৎ ॥৩৩॥
সমিতি। সমাচ্ছন্নান্ শল্যস্য শরৈরাবৃতান্ ॥৩৪॥
কথমিতি। তন্মাধববচঃ "তস্মাজ্জহি রণে শল্যম্" ইতি কৃষ্ণবাক্যম্ ॥৩৫॥
তত ইতি। হে পাণ্ডুপূর্ব্বজ! পাণ্ডুজ্যেষ্ঠভ্রাতঃ! ধৃতরাষ্ট্র!। সমাসেদুর্জগ্মুঃ ॥৩৬॥

কিন্তু প্রতাপশালী শল্য পাণ্ডবপক্ষের সেই চারি জন মহাধনুর্দ্ধর মহারথকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়াও তাঁহাদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩১॥

রাজা! পরে রাজা যুধিষ্ঠির একটা ক্ষুরপ্রদ্বারা সত্বর মহাযুদ্ধে শল্যের নূতন চক্ররক্ষককেও বধ করিলেন ॥৩২॥

সেই বীর ও মহারথ চক্ররক্ষক নিহত হইলে, মহাবল শল্য বাণদ্বারা যুধিষ্ঠিরের সৈন্যগণকে প্রহার করিতে লাগিলেন ॥৩৩॥

রাজা! তখন শল্যের বাণে সৈন্যগণকে আবৃত দেখিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির যুদ্ধবিষয়ে চিন্তা করিতে লাগিলেন—॥৩৪॥

'কৃষ্ণের সেই উদারবাক্য কিপ্রকারে সত্য হইবে। ক্রুদ্ধ মদ্ররাজ! আমার সৈন্য একেবারে ক্ষয় করিবেন না ত?' ॥৩৫॥

পাণ্ডুর অগ্রজ রাজা! তাহার পর পাণ্ডবেরা হস্তী, অশ্ব ও রথের সহিত মিলিত হইয়া সকল দিক্ হইতে পীড়ন করিতে করিতে শল্যের দিকে গমন করিলেন ॥৩৬॥

(৩৪)···স্বসৈনিকান্···পি নি। (৩৫)···ক্ষরয়েত বলং মম—পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

নানাশস্ত্রৌঘবহুলাং শরবৃষ্টিং সমুত্থিতাম্।
ব্যধমৎ সমরে রাজা মহাভ্রাণীব মারুতঃ ॥৩৭॥
ততঃ কনকপুঙ্খাং তাং শল্যক্ষিপ্তাং বিয়দ্গতাম্।
শরবৃষ্টিমপশ্যাম শলভানামিবায়তিম্ ॥৩৮॥
তে শরা মদ্ররাজেন প্রেষিতা রণমূর্দ্ধনি।
সংপতন্তঃ স্ম দৃশ্যন্তে শকুনানাং ব্রজা ইব ॥৩৯॥
মদ্ররাজধনুর্মুক্তৈঃ শরৈঃ কনকভূষণৈঃ।
নিরন্তরমিবাকাশং সংবভূব জনাধিপ!।
ন পাণ্ডবানাং নাস্মাকং তত্র কশ্চিদ্ব্যদৃশ্যত ॥৪০॥
বাণান্ধকারে মহতি কৃতে তত্র মহাহবে।
মদ্ররাজেন বলিনা লাঘবাচ্ছরবৃষ্টিভিঃ ॥৪১॥
লোড্যমানং তথা দৃষ্ট্বা পাণ্ডবানাং বলার্ণবম্।
বিস্ময়ং পরমং জগ্মুর্দেবগন্ধর্বদানবাঃ ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নানেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, রাজা শল্যঃ, মহাভ্রাণি মহামেঘান্ ॥৩৭॥
তত ইতি। বিয়দ্গতামাকাশবর্ত্তিনীম্। শলভানাং পতঙ্গানাম্, আয়তিং শ্রেণীম্ ॥৩৮॥
ত ইতি। শকুনানাং বকাদিপক্ষিণাম্, ব্রজাঃ সমূহাঃ ॥৩৯॥
মদ্রেতি। নিরন্তরং নিরবকাশম্। কশ্চিজ্জনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥
বাণেতি। লাঘবাৎ অস্ত্রক্ষেপে দ্রুতহস্তত্বাৎ। বলার্ণবং সৈন্যসাগরম্ ॥৪১—৪২॥

পরে বায়ু যেমন মহামেঘ সকল বিনষ্ট করে, সেইরূপ শল্য যুদ্ধে পাণ্ডবগণের নানাশস্ত্রবহুল শরবৃষ্টি বিনষ্ট করিলেন ॥৩৭॥

তাহার পর আকাশে পতঙ্গশ্রেণীর ন্যায় শল্যক্ষিপ্ত স্বর্ণপুঙ্খ বাণবৃষ্টি আমরা দেখিতে পাইলাম ॥৩৮॥

শল্যনিক্ষিপ্ত সেই বাণ সকল পক্ষিসমূহের ন্যায় রণস্থলে পতিত হইতেছে দেখিলাম ॥৩৯॥

নরনাথ! শল্যের কার্ম্মুকনিক্ষিপ্ত স্বর্ণভূষিত বাণে বাণে আকাশটা যেন নিরবকাশ হইয়া গেল। তখন পাণ্ডবপক্ষের বা আমাদের পক্ষের কোন ব্যক্তিই দৃষ্টিগোচর হইল না ॥৪০॥

বলবান্ শল্য লঘুহস্ততাবশতঃ বাণবৃষ্টিদ্বারা সেই মহাযুদ্ধস্থান গাঢ় অন্ধকার করিলে, পাণ্ডবগণের সৈন্যসাগর আলোড়িত হইতেছে দেখিয়া আকাশবর্ত্তী দেব, দানব ও গন্ধর্ব্বেরা অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥৪১—৪২॥

স তু তান্ সর্বতো যত্নাচ্ছরৈঃ সংছাদ্য মারিষ ! ।
ধর্ম্মরাজমবচ্ছাদ্য সিংহবদ্ব্যনদন্মুহুঃ ॥৪৩॥
তে চ্ছন্নাঃ সমরে তেন পাণ্ডবানাং মহারথাঃ ।
ন শেকুস্তং তদা যুদ্ধে প্রত্যুদ্যাতুং মহারথম্ ॥৪৪॥
ধর্ম্মরাজপুরোগাস্তু ভীমসেনমুখা রথাঃ ।
ন জহুঃ সমরে শূরং শল্যমাহবশোভিনম্ ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দ্বাদশোঽধ্যায়ঃ ।

——:-০-:——

সঞ্জয় উবাচ ।

অর্জ্জুনো দ্রৌণিনা বিদ্ধো যুদ্ধে বহুভিরাশুগৈঃ ।
তস্য চানুচরৈঃ শূরৈস্ত্রিগর্ত্তানাং মহারথৈঃ ।
দ্রৌণিং বিব্যাধ সমরে ত্রিভিরেব শিলীমুখৈঃ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। তান্ সৈনিকান্। সিংহবৎ ব্যনদৎ সিংহনাদমকরোৎ ॥৪৩॥
ত ইতি। তেন শল্যেন। প্রত্যুদ্যাতুং প্রতিপ্রহারায় ॥৪৪॥
ধর্ম্মেতি। ভীমসেনমুখা ভীমাদয়ঃ, রথা রথিনঃ। জহুস্তত্যজুঃ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

মাননীয় রাজা ! শল্য যত্ন সহকারে বাণদ্বারা সকল দিকে সেই সৈন্যগণকে এবং যুধিষ্ঠিরকে আচ্ছাদন করিয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥৪৩॥

শল্য বাণদ্বারা আচ্ছাদন করিয়া ফেলিলে, পাণ্ডবপক্ষের সেই মহারথেরা তখন যুদ্ধে সেই মহারথ শল্যের সম্মুখেই যাইতে সমর্থ হইলেন না ॥৪৪॥

অথ চ যুধিষ্ঠির ও ভীমপ্রভৃতি রথীরা যুদ্ধশোভী বীর শল্যকে যুদ্ধে পরিত্যাগও করিলেন না' ॥৪৫॥

(৪৩) · শরৈঃ সংপীড্য মারিষ !···পি। (৪৪) · নাশক্নুবংস্তদা যুদ্ধে···নি। * '··· ত্রয়োদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···দ্বাদশোঽধ্যায়ঃ' নি। (১)···যুদ্ধে বহুভিরায়সৈঃ··· পি নি।

CENTRAL LIBRARY

তথেতরান্ মহেষ্বাসান্ দ্বাভ্যাং দ্বাভ্যাং ধনঞ্জয়ঃ।
ভূয়শ্চৈব মহাবাহুঃ শরবর্ষৈরবাকিরৎ ॥২॥
শরকণ্টকিতাস্তে তু তাবকা ভরতর্ষভ!।
ন জহুঃ সমরে পার্থং বধ্যমানাঃ শিতৈঃ শরৈঃ ॥৩॥
তেঽর্জ্জুনং শরবর্ষেণ দ্রোণপুত্রপুরোগমাঃ।
অযোধয়ন্ত সমরে পরিবার্য্য মহারথম্ ॥৪॥
তৈস্তু ক্ষিপ্তাঃ শরা রাজন্! কার্ত্তস্বরবিভূষিতাঃ।
অর্জ্জুনস্য রথোপস্থং পূরয়ামাসুরঞ্জসা ॥৫॥
তথা কৃষ্ণৌ মহেষ্বাসাবৃষভৌ সর্বধন্বিনাম্।
বিব্যধুশ্চ শরৈর্ঘোরৈঃ প্রহৃষ্টা যুদ্ধদুর্ম্মদাঃ ॥৬॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। দ্রৌণিনা অশ্বত্থাম্না। আশুগৈর্বাণৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তথেতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্, দ্বাভ্যাং দ্বাভ্যাং শরাভ্যাম্ ॥২॥
শরেতি। শরৈঃ কণ্টকিতাঃ সঞ্জাতকণ্টকাঃ। জহুস্ত্যজুঃ ॥৩॥
ত ইতি। দ্রোণপুত্রোঽশ্বত্থামা পুরোগমঃ অগ্রবর্ত্তী যেষাং তে ॥৪॥
তৈরিতি। কার্ত্তস্বরবিভূষিতাঃ স্বর্ণালঙ্কৃতাঃ। রথস্য উপস্থং মধ্যম্, অঞ্জসা দ্রুতম্ ॥৫॥
তথেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ, ঋষভৌ শ্রেষ্ঠৌ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ওদিকে অশ্বত্থামা এবং তাঁহার অনুচর ত্রিগর্ত্ত-দেশীয় বীর মহারথেরা যুদ্ধে বহুতর বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলে, অর্জ্জুনও তিনটা বাণদ্বারাই যুদ্ধে অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥১॥

এবং অর্জ্জুন দুই দুই বাণে অপর মহাধনুর্দ্ধরদিগকে তাড়ন করিলেন। পরে আবার মহাবাহু অর্জ্জুন বাণ বর্ষণ করিয়া তাঁহাদিগকে আচ্ছন্ন করিলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! তখন অর্জ্জুনের বাণে কণ্টকিত এবং তাঁহারই সুধার বাণে নিহত হইতে থাকিয়াও আপনার পক্ষের সেই বীরেরা যুদ্ধে অর্জ্জুনকে ত্যাগ করিলেন না ॥৩॥

বরং তাঁহারা অশ্বত্থামাকে অগ্রবর্ত্তী করিয়া পরিবেষ্টনপূর্ব্বক মহারথ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪॥

রাজা! তাঁহাদের নিক্ষিপ্ত স্বর্ণভূষিত বাণ সকল যাইয়া সত্বরই অর্জ্জুনের রথমধ্য পূর্ণ করিল ॥৫॥

---

(৬) অথ কৃষ্ণৌ··· শরৈর্বীক্ষ্য বিভুন্নাঙ্গৌ প্রহৃষ্টাঃ···পি বর্দ্ধ।

CENTRAL LIBRARY

কূবরং রথচক্রাণি যুগঞ্চৈবানুকর্ষকম্।
বাহনানি ধ্বজশ্চৈব শরভূতমভূত্তদা ॥৭॥
নৈতাদৃশং দৃষ্টপূর্বং রাজন্! নৈবাপি চ শ্রুতম্।
যাদৃশং তত্র পার্থস্য তাবকাঃ সংপ্রচক্রিরে ॥৮॥
স রথঃ সর্ব্বতো ভাতি চিত্রপুঙ্খৈঃ শিতৈঃ শরৈঃ।
উল্কাশতৈঃ সম্প্রদীপ্তং বিমানমিব ভূতলে ॥৯॥
ততোঽর্জ্জুনো মহারাজ! শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অবাকিরত্তাং পৃতনাং মেঘো বৃষ্ট্যা যথাচলম্ ॥১০॥
তে বধ্যমানাঃ সমরে পার্থনামাঙ্কিতৈঃ শরৈঃ।
পার্থভূতমমন্যন্ত প্রেক্ষমাণাস্তথাবিধম্ ॥১১॥
ততোঽদ্ভুতশরজ্বালো ধনুঃশব্দানিলো মহান্।
সেনেন্ধনং দদাহাশু তাবকং পার্থপাবকঃ ॥১২॥

ভারতকৌমুদী

কূবরমিতি। কূবরাদীনি রথাঙ্গানি প্রাগ্ব্যাখ্যাতানি। শরভূতম্ এতৎ সর্বং বাণময়ম্ ॥৭॥
নেতি। যাদৃশং ভাবম্ অবস্থামিতি যাবৎ, পার্থস্য অর্জ্জুনস্য ॥৮॥
স ইতি। চিত্রপুঙ্খৈঃ স্বর্ণনিবেশাদিনা বিচিত্রমূলদেশৈঃ। সম্প্রদীপ্তমালোকিতম্ ॥৯॥
তত ইতি। সন্নতপর্ব্বভিঃ বক্রোপান্তৈঃ। অবাকিরৎ প্রাহরৎ, পৃতনাং সেনাম্ ॥১০॥
ত ইতি। পার্থভূতং রণাঙ্গনমেবার্জ্জুনময়ম্। তথাবিধং ভাবম্ ॥১১॥

এবং হৃষ্টচিত্ত ও যুদ্ধদুর্দ্ধর্ষ সেই বীরেরা ভীষণ ভীষণ বাণদ্বারা সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও মহাধনুর্দ্ধর কৃষ্ণ এবং অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৬॥

তখন অর্জ্জুনরথের কূবর, চক্র, যুগ, অনুকর্ষ, অশ্ব ও ধ্বজ এ সমস্তই যেন বাণময় হইয়া গেল ॥৭॥

রাজা! তৎকালে আপনার পক্ষের যোদ্ধারা অর্জ্জুনের যেরূপ অবস্থা করিয়াছিলেন, সেরূপ অবস্থা আমরা পূর্ব্বে দেখি নাই বা শুনিও নাই ॥৮॥

শত শত উল্কার আলোকে আলোকিত ভূতলবর্ত্তী বিমানের ন্যায় অর্জ্জুনের সেই রথখানা সকল দিকে বিচিত্রপুঙ্খ ও সুধার বাণসমূহে দীপ্তি পাইতে লাগিল ॥৯॥

মহারাজ! তাহার পর মেঘ যেমন বৃষ্টিদ্বারা পর্ব্বতকে প্রহার করে, সেইরূপ অর্জ্জুন নতপর্ব বাণসমূহদ্বারা সেই সৈন্যগণকে প্রহার করিতে থাকিলেন ॥১০॥

অর্জ্জুননামাঙ্কিত বাণসমূহে নিহত হইতে লাগিলে, সেই সৈন্যেরা সেইরূপ দেখিতে থাকিয়া রণস্থলটাকেই যেন অর্জ্জুনময় বলিয়া মনে করিতে লাগিল ॥১১॥

(৭)··· ঈষা যোক্ত্রাণি বা বিভো!। যুগঞ্চৈবানুকর্ষঞ্চ···বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

চক্রাণাং পততাঞ্চাপি যুগানাঞ্চ ধরাতলে।
তূণীরাণাং পতাকানাং ধ্বজানাঞ্চ রথৈঃ সহ ॥১৩॥
ঈষাণামনুকর্ষাণাং ত্রিবেণূনাঞ্চ ভারত!।
অক্ষাণামথ যোক্ত্রাণাং প্রতোদানাঞ্চ সর্বশঃ ॥১৪॥
শিরসাং পততাঞ্চৈব কুণ্ডলোষ্ণীষধারিণাম্।
ভুজানাঞ্চ মহারাজ! জঙ্ঘানাঞ্চ সহস্রশঃ ॥১৫॥
ছত্রাণাং ব্যজনৈঃ সার্দ্ধং মুকুটানাঞ্চ রাশয়ঃ।
সমদৃশ্যন্ত পার্থস্য রথমার্গেষু ভারত! ॥১৬॥ (কলাপকম্)
ততঃ ক্রুদ্ধস্য পার্থস্য রথমার্গে বিশাংপতে!।
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা ॥১৭॥
বভূব ভরতশ্রেষ্ঠ! রুদ্রস্যাক্রীড়নং যথা।
ভীরূণাং ত্রাসজননী শূরাণাং হর্ষবর্দ্ধনী ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ অদ্ভুতা শরজালা বাণরূপা শিখা যস্য সঃ, ধনুঃশব্দ এবানিলঃ সখিভূতো বায়ুর্যস্য সঃ, মহান্ বিশালঃ, পার্থোঽর্জ্জুন এব পাবকো বহ্নিঃ সঃ, তাবকং ত্বদীয়ম্, সেনৈব ইন্ধনং কাষ্ঠং তৎ, আশু শীঘ্রং দদাহ ॥১২॥

চক্রাণামিতি। যুগানাং তির্য্যগ্দীর্ঘদণ্ডানাম্। ঈষাণামূর্দ্ধদণ্ডানাম্, অনুকর্ষাণাং নিম্নদণ্ডানাম্, ত্রিবেণূনাম্ উপরিগতকাষ্ঠানাম্। অক্ষাণাং চক্রধারকদারূণাম্, যোক্ত্রাণাং তত্তদ্বন্ধনরজ্জূনাম্, প্রতোদানাং কশানাম্। ভুজানাং বাহূনাম্। ব্যজনৈশ্চামরৈঃ ॥১৩—১৬॥

তত ইতি। পৃথিবী রণভূমিঃ, মাংসানি শোণিতানি ঘনীভূতরক্তানি চ কর্দ্দমা যস্যাং সা। রুদ্রস্য সংহারমূর্ত্তেঃ শিবস্য, আক্রীড়নং ক্রীড়াস্থানম্ ॥১৭—১৮॥

রাজা! তদনন্তর যাহার বাণরূপ শিখা অদ্ভুত ছিল এবং ধনুর শব্দরূপ বায়ু যাহাকে বর্দ্ধিত করিতেছিল, সেই বিশাল অর্জ্জুনরূপ অগ্নি আপনার সৈন্যরূপ কাষ্ঠকে সত্বরই দগ্ধ করিয়া ফেলিল ॥১২॥

ভরতনন্দন মহারাজ! ক্রমে দেখা গেল—অর্জ্জুনের রথপথে চক্র, যুগ, তূণীর, পতাকা, ধ্বজ, রথ, ঈষা, অনুকর্ষ, ত্রিবেণু, অক্ষ, যোক্ত্র, কশা, কুণ্ডল ও উষ্ণীষধারী মস্তক, সহস্র সহস্র বাহু ও জঙ্ঘা এবং রাশি রাশি ছত্র, চামর ও মুকুট পতিত রহিয়াছে ॥১৩—১৬॥

নরনাথ! অর্জ্জুনের রথপথের ভূমিতে রক্ত ও মাংসের কর্দ্দম হইয়াছিল।

(১৫)··· ভুজানাঞ্চ মহাভাগ! স্কন্ধানাঞ্চ সমন্ততঃ—বা নি। (১৮)··· হর্ষবর্দ্ধিনী—নি, ···হর্ষবর্দ্ধনম্—বা।

CENTRAL LIBRARY

হত্বা তু সমরে পার্থঃ সহস্রে দ্বে পরন্তপঃ।
রথানাং সবরূথানাং বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥১৯॥
যথা হি ভগবানগ্নির্জগদ্দগ্ধ্বা চরাচরম্।
বিধূমো দৃশ্যতে রাজন্! তথা পার্থো মহারথঃ ॥২০॥ (যুগ্মকম্)
দ্রৌণিস্তু সমরে দৃষ্ট্বা পাণ্ডবস্য পরাক্রমম্।
রথেনাতিপতাকেন পাণ্ডবং প্রত্যবারয়ৎ ॥২১॥
তাবুভৌ পুরুষব্যাঘ্রৌ শ্বেতাশ্বৌ রথিনাং বরৌ।
সমীয়তুস্তথা তূর্ণং পরস্পরবধৈষিণৌ ॥২২॥
তয়োরাসীন্মহারাজ! বাণবর্ষং সুদারুণম্।
জীমূতয়োর্যথা বৃষ্টিস্তপান্তে ভরতর্ষভ! ॥২৩॥

ভারতকৌমুদী

হত্বেতি। বরূথৈরাবরণৈঃ সহেতি তেষাম্। দগ্ধ্বা প্রলয়কালে ॥১৯—২০॥
দ্রৌণিরিতি। পাণ্ডবস্য অর্জ্জুনস্য। অতি অতিমনোরমা পতাকা যস্য তেন ॥২১॥
তাবিতি। শ্বেতা অশ্বা যয়োস্তৌ। সমীয়তুঃ পরস্পরং সম্মুখং জগ্মতুঃ ॥২২॥
তয়োরিতি। জীমূতয়োর্মেঘদ্বয়স্য। তপান্তে গ্রীষ্মকালাবসানে ॥২৩॥

তাহাতে সে ভূমি রুদ্রের ক্রীড়াভূমির ন্যায় অগম্য, ভীরুজনের ভয়জনক এবং বীরগণের হর্ষবর্দ্ধক হইয়াছিল ॥১৭—১৮॥

রাজা! শত্রুসন্তাপকারী অর্জ্জুন এইভাবে আবরণযুক্ত দুই সহস্র রথ বিনষ্ট করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় জ্বলিতে লাগিলেন; কিংবা প্রলয়কালে ভগবান্ অগ্নি চরাচর জগৎ দগ্ধ করিয়া ধূমশূন্য অবস্থায় যেমন দৃষ্টিগোচর হন, মহারথ অর্জ্জুনও তখন সেইরূপ দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৯—২০॥

কিন্তু অশ্বত্থামা যুদ্ধে অর্জ্জুনের পরাক্রম দেখিয়া অতিমনোহরপতাকাযুক্ত রথদ্বারা অর্জ্জুনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২১॥

ক্রমে পুরুষশ্রেষ্ঠ, শ্বেতাশ্বযুক্ত ও রথিপ্রধান সেই বীরেরা দুই জন পরস্পর বধৈষী হইয়া সত্বর পরস্পরের অভিমুখে গমন করিলেন ॥২২॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! পরে গ্রীষ্মকাল অতীত হইলে দুইটা মেঘের যেমন বৃষ্টি হয়, সেইরূপ তাঁহাদের অতিদারুণ বাণবৃষ্টি হইতে লাগিল ॥২৩॥

---

(২০)…তথা পার্থো ধনঞ্জয়ঃ—বা নি। (২২)…শ্বেতাশ্বৌ রথিনাং বরৌ। সমীয়তুস্তথান্যোন্যম্…বা নি।

অন্যোন্যস্পর্দ্ধিনৌ তৌ তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ততক্ষতুর্মর্ম্মধেঽন্যোন্যং শৃঙ্গাভ্যাং বৃষভাবিব ॥২৪॥
তয়োর্যুদ্ধং মহারাজ! চিরং সমমিবাভবৎ।
অস্ত্রাণাং সঙ্গমশ্চৈব ঘোরস্তত্রাভবৎ পুনঃ ॥২৫॥
ততোঽর্জ্জুনং দ্বাদশভী রুক্মপুঙ্খৈঃ সুতেজনৈঃ।
বাসুদেবঞ্চ দশভির্দ্রৌণির্বিব্যাধ ভারত! ॥২৬॥
ততঃ প্রহস্য বীভৎসুর্ব্যাক্ষিপদ্গাণ্ডিবং ধনুঃ।
মানয়িত্বা মুহূর্ত্তন্তু গুরুপুত্রং মহাহবে ॥২৭॥
ব্যশ্বসূতরথং চক্রে সব্যসাচী মহারথঃ।
মৃদুপূর্ব্বং ততশ্চৈনং ত্রিভির্বিব্যাধ সায়কৈঃ ॥২৮॥
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ দ্রোণপুত্রস্তদা স্ময়ন্।
মুষলং পাণ্ডুপুত্রায় চিক্ষেপ পরিঘোপমম্ ॥২৯॥

ভারতকৌমুদী

অন্যোন্যেতি। সন্নতপর্ব্বভির্বক্রোপান্তৈঃ। ততক্ষতুস্তনূচক্রতুঃ প্রজহ্রতুরিত্যর্থঃ ॥২৪॥
তয়োরিতি। সমং তুল্যম্। সঙ্গমঃ সংঘর্ষঃ ॥২৫॥
তত ইতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, সুতেজনৈর্মহাবেগৈঃ ॥২৬॥
তত ইতি। বীভৎসুরর্জ্জুনঃ, ব্যাক্ষিপদনবরতমাকর্ষৎ ॥২৭॥
ব্যশ্বেতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথশ্চ যস্য তম্। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্ ॥২৮॥
হতেতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। পাণ্ডুপুত্রায় অর্জ্জুনোপরি ॥২৯॥

তখন দুইটা বৃষ যেমন শৃঙ্গদ্বারা পরস্পর আঘাত করে, সেইরূপ পরস্পরস্পর্দ্ধী অর্জ্জুন ও অশ্বত্থামা নতপর্ব্ব বাণসমূহদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥২৪॥

মহারাজ! তাঁহাদের সেই যুদ্ধ দীর্ঘকাল সমানভাবেই চলিল এবং তখন ভীষণ অস্ত্রসংঘর্ষ হইল ॥২৫॥

ভরতনন্দন! তাহার পর অশ্বত্থামা স্বর্ণপুঙ্খ ও মহাবেগশালী বারটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং দশটা বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তদনন্তর অর্জ্জুন কিছু কাল মহাযুদ্ধে গুরুপুত্রের সম্মান রাখিয়া হাস্য করিয়া অবিরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিলেন ॥২৭॥

ক্রমে মহারথ অর্জ্জুন অশ্বত্থামার অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন এবং পরে তিনটা বাণদ্বারা তাঁহাকে অদৃঢ়ভাবে আঘাত করিলেন ॥২৮॥

(২৮)···ততশ্চৈনং পুনঃ পুনরতাড়য়ৎ—নি। (২৯)···দ্রোণপুত্রস্ত্বয়ম্বয়ম্···নি।

CENTRAL LIBRARY

তমাপতন্তং সহসা হেমপট্টবিভূষিতম্ ।
চিচ্ছেদ সপ্তধা বীরঃ পার্থঃ শত্রুনিবর্হণঃ ॥৩০॥
স চ্ছিন্নং মুষলং দৃষ্ট্বা দ্রৌণিঃ পরমকোপনঃ ।
আদদে পরিঘং ঘোরং নগেন্দ্রশিখরোপমম্ ।
চিক্ষেপ চৈব পার্থায় দ্রৌণির্যুদ্ধবিশারদঃ ॥৩১॥
তমন্তকমিব ক্রুদ্ধং পরিঘং প্রেক্ষ্য পাণ্ডবঃ ।
অর্জ্জুনস্ত্বরিতো জঘ্নে পঞ্চভিঃ সায়কোত্তমৈঃ ॥৩২॥
স চ্ছিন্নঃ পতিতো ভূমৌ পার্থবাণৈর্মহামৃধে ।
দারয়ন্ পৃথিবীন্দ্রাণাং মনাংসীব চ ভারত ! ॥৩৩॥
ততোঽপরৈস্ত্রিভির্বাণৈর্দ্রৌণিং বিব্যাধ পাণ্ডবঃ ।
সোঽতিবিদ্ধো বলবতা পার্থেন সুমহাবলঃ ।
ন সম্ভ্রান্তস্তদা দ্রৌণিঃ পৌরুষে স্বে ব্যবস্থিতঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। চিচ্ছেদ.নিবারয়ামাসেত্যর্থঃ, সপ্তধা প্রহারৈঃ ॥৩০॥
স ইতি। নগেন্দ্রশিখরোপমং পর্ব্বতশৃঙ্গতুল্যং মহান্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
তমিতি। ক্রুদ্ধমন্তকং যমম্। জঘ্নে নিবারয়ামাস ॥৩২॥
স ইতি। দারয়ন্ নৈরাশ্যেন, পৃথিবীন্দ্রাণাং বিপক্ষনৃপতীনাম্ ॥৩৩॥
তত ইতি। ন সম্ভ্রান্তো ন বিচলিতঃ। পৌরুষে ধৈর্য্যে, স্বে স্বকীয়ে। ষট্পাদঃ ॥৩৪॥

তখন অশ্ব ও সারথি নিহত হইলেও অশ্বত্থামা সেই রথেই থাকিয়া ঈষৎ হাস্য করিয়া পরিঘতুল্য একটা মুষল অর্জ্জুনের প্রতি নিক্ষেপ করিলেন ॥২৯॥

স্বর্ণপট্টভূষিত সেই মুষলটা বেগে আসিতে লাগিলে, বীর ও শত্রুহন্তা অর্জ্জুন সাত শরাঘাতে সেটাকে বারণ করিলেন ॥৩০॥

সেই মুষল ব্যর্থ হইল দেখিয়া অশ্বত্থামা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পর্ব্বতশৃঙ্গতুল্য ভীষণ একটা পরিঘ গ্রহণ করিলেন এবং যুদ্ধবিশারদ অশ্বত্থামা তাহা অর্জ্জুনের উপরে নিক্ষেপ করিলেন ॥৩১॥

ক্রুদ্ধ যমের ন্যায় সেই পরিঘটা দেখিয়া অর্জ্জুন ত্বরান্বিত হইয়া পাঁচটা উত্তম বাণে সেটাকে বারণ করিলেন ॥৩২॥

ভরতনন্দন ! সেই পরিঘটা মহাযুদ্ধে অর্জ্জুনের বাণে নিবারিত হইয়া বিপক্ষ রাজাদের মন বিদারণ করতই যেন ভূতলে পতিত হইল ॥৩৩॥

(৩৩)···মনঃ শব্দেন ভারত !—নি। (৩৪)···পৌরুষেষু ব্যবস্থিতঃ—পি বা নি।

সুরথস্তু ততো রাজন্! ভারদ্বাজো মহারথঃ।
অবাকিরচ্ছরব্রাতৈঃ সর্বক্ষত্রস্য পশ্যতঃ ॥৩৫॥
ততস্তু সুরথো হ্যাজৌ পাঞ্চালানাং মহারথঃ।
রথেন মেঘঘোষেণ দ্রৌণিমেবাভ্যধাবত ॥৩৬॥
বিকর্ষন্ বৈ ধনুঃশ্রেষ্ঠং সর্বভারসহং দৃঢ়ম্।
জ্বলনাশীবিষনিভৈঃ শরৈশ্চৈনমবাকিরৎ ॥৩৭॥
সুরথং বীক্ষ্য সংক্রুদ্ধমাপতন্তং মহারথম্।
চুক্রোধ সমরে দ্রৌণির্দণ্ডাহত ইবোরগঃ ॥৩৮॥
ত্রিশিখাং ভ্রুকুটীং কৃত্বা সৃক্কণী পরিসংলিহন্।
তং বীক্ষ্য সুরথং রোষাদ্ধনুর্জ্যামবমৃজ্য চ।
মুমোচ তীক্ষ্ণং নারাচং যমদণ্ডোপমং যুধি ॥৩৯॥

ভারতকৌমুদী

সুরথমিতি। ভারদ্বাজো দ্রৌণিঃ। অবাকিরৎ প্রাহরৎ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৩৫॥
তত ইতি। আজৌ যুদ্ধে। মেঘস্যেব ঘোষো ধ্বনির্যস্য তেন ॥৩৬॥
বিকর্ষন্নিতি। জ্বলনাশীবিষনিভৈঃ অগ্নিসর্পতুল্যৈঃ, এনং দ্রৌণিম্ ॥৩৭॥
সুরথমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। উরগঃ সর্পঃ ॥৩৮॥
ত্রিশিখামিতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ, পরিসংলিহন্ রসনয়া স্পৃশন্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

তদনন্তর অর্জ্জুন অন্য তিনটা বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন। বলবান্ অর্জ্জুন অত্যন্ত বিদ্ধ করিলেও মহাবল অশ্বত্থামা আপন ধৈর্য্যবশতঃ তখন বিচলিত হইলেন না ॥৩৪॥

রাজা! তাহার পর মহারথ অশ্বত্থামা বাণসমূহদ্বারা সমস্ত ক্ষত্রিয়ের সমক্ষে সুরথকে প্রহার করিতে লাগিলেন ॥৩৫॥

পরে পাঞ্চালসৈন্যের মধ্যে মহারথ সুরথ মেঘের ন্যায় গম্ভীরধ্বনিযুক্ত রথে অশ্বত্থামার দিকেই ধাবিত হইলেন ॥৩৬॥

ক্রমে তিনি দৃঢ় ও সর্ব্বাকর্ষণসহ উত্তম ধনু আকর্ষণ করিতে থাকিয়া অগ্নি ও সর্পতুল্য বাণসমূহদ্বারা অশ্বত্থামাকে প্রহার করিতে থাকিলেন ॥৩৭॥

মহারথ সুরথ ক্রুদ্ধ হইয়া আসিতেছেন দেখিয়া অশ্বত্থামা দণ্ডতাড়িত সর্পের ন্যায় ক্রুদ্ধ হইলেন ॥৩৮॥

(৩৯)···যমদণ্ডসমদ্যুতিম্—পি।

CENTRAL LIBRARY

স তস্য হৃদয়ং ভিত্ত্বা প্রবিবেশাতিবেগিতঃ।
শক্রাশনিরিবোৎসৃষ্টো বিদার্য্য ধরণীতলম্ ॥৪০॥
ততঃ স পতিতো ভূমৌ নারাচেন সমাহতঃ।
বজ্রেণেব যথা শৃঙ্গং পর্ব্বতস্য বিদারিতম্ ॥৪১॥
তস্মিংস্তু নিহতে বীরে দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
আরুরোহ রথং তূর্ণং তমেব রথিনাং বরঃ ॥৪২॥
ততঃ সজ্জো মহারাজ! দ্রৌণিরাহবদুর্ম্মদঃ।
অর্জ্জুনং যোধয়ামাস সংশপ্তকবৃতো রণে ॥৪৩॥
তদ্‌যুদ্ধং সুমহচ্চাসীদেকস্য বহুভিঃ সহ।
মধ্যন্দিনগতে সূর্য্যে যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। স নারাচঃ, তস্য সুরথস্য। শক্রাশনিরিন্দ্রবজ্রঃ ॥৪০॥
তত ইতি। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৪১॥
তস্মিন্নিতি। তং স্বকীয়মেব অপরাশ্বসারথিযুক্তমিত্যর্থঃ ॥৪২॥
তত ইতি। সজ্জঃ সন্নদ্ধঃ। আহবদুর্ম্মদো যুদ্ধদুর্দ্ধর্ষঃ ॥৪৩॥
তদিতি। একস্য অর্জ্জুনস্য। যমরাষ্ট্রবিবর্দ্ধনং হতানাং তত্র গমনাৎ ॥৪৪॥

এবং তিনি সুরথকে দেখিয়া ক্রোধবশতঃ ত্রিরেখাযুক্ত ভ্রূকুটী করিয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া ধনুর গুণ মার্জনপূর্ব্বক যমদণ্ডের তুল্য একটা তীক্ষ্ণ নারাচ নিক্ষেপ করিলেন ॥৩৯॥

মহাবেগশালী সেই নারাচটা ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রের ন্যায় যাইয়া সুরথের হৃদয় ভেদ করিয়া বিদারণপূর্ব্বক ভূমিতে প্রবেশ করিল ॥৪০॥

তাহার পর বজ্রবিদারিত পর্ব্বতশৃঙ্গের ন্যায় সুরথ নারাচসমাহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥৪১॥

সেই বীর নিহত হইলে, প্রতাপশালী ও রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা সত্বর সেই রথেই আরোহণ করিলেন ॥৪২॥

মহারাজ! তদনন্তর যুদ্ধসজ্জায় সজ্জিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ অশ্বত্থামা সংশপ্তকগণে পরিবেষ্টিত হইয়া আবার অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

সূর্য্য মধ্যাহ্নকালে গমন করিলে, বহু যোদ্ধার সহিত এক অর্জ্জুনের অতিবিশাল যুদ্ধ হইতে লাগিল এবং সে যুদ্ধ যমের রাজ্য বৃদ্ধি করিতে থাকিল ॥৪৪॥

(৪১)···পর্ব্বতস্য নিপাতিতম্—পি,·· পর্ব্বতস্য বিদীর্য্যতঃ—বা,··· পর্ব্বতস্যেব দীর্য্যতঃ—নি।

তত্রাশ্চর্য্যমপশ্যাম দৃষ্ট্বা তেষাং পরাক্রমম্।
যদেকো যুগপদ্বীরান্ সমযোধয়দর্জ্জুনঃ ॥৪৫॥
বিমর্দ্দস্তু মহানাসীদর্জ্জুনস্য পরৈঃ সহ।
শতক্রতোর্যথা পূর্বং মহত্যা দৈত্যসেনয়া ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দুর্য্যোধনো মহারাজ! ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
চক্রতুঃ সুমহদ্‌যুদ্ধং শরশক্তিসমাকুলম্ ॥১॥
ততো রাজন্! সমাপেতুঃ শরধারাঃ সহস্রশঃ।
অম্বুদানাং যথা কালে জলধারাঃ সমন্ততঃ ॥২॥

ভারতকৌমুদী

তত্রেতি। তেষাং কুরুপক্ষীয়াণাম্। যুগপদেকদৈব ॥৪৫॥
বিমর্দ্দ ইতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। শতক্রতোরিন্দ্রস্য ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

দুর্য্যোধন ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। শরশক্তিভিঃ সমাকুলং পূর্ণম্ ॥১॥

তখন আমরা কৌরবপক্ষের পরাক্রম দেখিয়া এক আশ্চর্য্য দেখিলাম যে, এক অর্জ্জুন একদা বহু বীরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৫॥

ক্রমে পূর্ব্বকালে বিশাল দৈত্যসৈন্যের সহিত ইন্দ্রের যেমন যুদ্ধ হইয়াছিল, সেইরূপ বিপক্ষগণের সহিত অর্জ্জুনের গুরুতর যুদ্ধ হইতে লাগিল' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দুর্য্যোধন ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন বাণ ও শক্তি-প্রভৃতি অস্ত্রদ্বারা অতিগুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

* '...চতুর্দ্দশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...ত্রয়োদশোঽধ্যায়ঃ' নি। (২)... তয়োরাসী-মহারাজ!...পি বর্দ্ধ বা।

CENTRAL LIBRARY

রাজা তু পার্ষতং বিদ্ধা শরৈঃ পঞ্চভিরাশুগৈঃ।
দ্রোণহন্তারমুগ্রেষুং পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৩॥
ধৃষ্টদ্যুম্নস্তু সমরে বলবান্ দৃঢ়বিক্রমঃ।
সপ্তত্যা বিশিখানাং বৈ দুর্য্যোধনমপীড়য়ৎ ॥৪॥
পীড়িতং বীক্ষ্য রাজানং সোদর্য্যা ভরতর্ষভ!।
মহত্যা সেনয়া সার্দ্ধং পরিবব্রুঃ স্ম পার্ষতম্ ॥৫॥
স তৈঃ পরিবৃতঃ শূরঃ সর্বতোঽতিরথৈর্ভৃশম্।
ব্যচরৎ সমরে রাজন্! দর্শয়ন্নস্ত্রলাঘবম্ ॥৬॥
শিখণ্ডী কৃতবর্ম্মাণং গৌতমঞ্চ মহারথম্।
প্রভদ্রকৈঃ সমাযুক্তৌ যোধয়ামাস ধন্বিনৌ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। অম্বুদানাং মেঘানাম্, কালে বর্ষাসময়ে ॥২॥
রাজেতি। রাজা দুর্য্যোধনঃ। উগ্রেষুং ভীষণবাণম্। সপ্তভিরাশুগৈর্বাণৈঃ ॥৩॥
ধৃষ্টেতি। বিশিখানাং বাণানাম্ ॥৪॥
পীড়িতমিতি। সোদর্য্যা রাজ্ঞ এব সহোদরাঃ। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৫॥
স ইতি। অস্ত্রলাঘবং দ্রুতাস্ত্রক্ষেপে যোগ্যতাম্ ॥৬॥
শিখণ্ডীতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্। প্রভদ্রকৈস্তদ্বংশীয়ৈঃ সৈন্যৈঃ ॥৭॥

রাজা! বর্ষাকালে সকল দিকে মেঘের যেমন জলধারা পতিত হয়, সেইরূপ তাঁহাদের সহস্র সহস্র বাণধারা পতিত হইতে থাকিল ॥২॥

কিন্তু দুর্য্যোধন পাঁচটা বাণদ্বারা দ্রোণহন্তা ও ভীষণবাণযুক্ত ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩॥

পরে বলবান্ ও দৃঢ়বিক্রমশালী ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে সত্তরটা বাণদ্বারা দুর্য্যোধনকে পীড়ন করিলেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ! এই সময়ে দুর্য্যোধনকে পীড়িত দেখিয়া তাঁহার সহোদরেরা বিশাল সৈন্যের সহিত যাইয়া ধৃষ্টদ্যুম্নকে পরিবেষ্টন করিলেন ॥৫॥

রাজা! সেই অতিরথেরা সকল দিকে বিশেষভাবে বেষ্টন করিলে, বীর ধৃষ্টদ্যুম্ন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥৬॥

ওদিকে শিখণ্ডী প্রভদ্রকগণের সহিত মিলিত, মহারথ ও ধনুর্দ্ধর কৃতবর্ম্মা এবং কৃপাচার্য্যের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৭॥

(৩)···পঞ্চভিরায়সৈঃ··· উগ্রেষুঃ···পি।

CENTRAL LIBRARY

তত্রাপি সুমহদ্‌যুদ্ধং ঘোররূপং বিশাংপতে ! ।
প্রাণান্ সন্ত্যজতাং যুদ্ধে প্রাণদ্যূতাভিদেবনে ॥৮॥
শল্যস্তু শরবর্ষাণি বিমুঞ্চন্ সর্ব্বতো দিশম্ ।
পাণ্ডবান্ পীড়য়ামাস সসাত্যকিবৃকোদরান্ ॥৯॥
তথোভৌ চ যমৌ যুদ্ধে যমতুল্যপরাক্রমৌ ।
যোধয়ামাস রাজেন্দ্র ! ধৈর্য্যেণ চ বলেন চ ॥১০॥
শল্যসায়কনুন্নানাং পাণ্ডবানাং মহামৃধে ।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত কেচিত্তত্র মহারথাঃ ॥১১॥
ততস্তু নকুলঃ শূরো ধর্ম্মরাজে প্রপীড়িতে ।
অভিদুদ্রাব বেগেন মাতুলং মাদ্রিনন্দনঃ ॥১২॥
আচ্ছাদ্য সমরে শল্যং নকুলঃ পরবীরহা ।
বিব্যাধ চৈনং দশভিঃ স্ময়মানঃ স্তনান্তরে ॥১৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। প্রাণান্ প্রাণমমতাম্। প্রাণৈর্যদ্দ্যূতং তস্য অভিদেবনে ক্রীড়নে ॥৮॥
শল্য ইতি। সর্ব্বতঃ সর্ব্বাম্, দিশং লক্ষ্যীকৃত্যেতি শেষঃ ॥৯॥
তথেতি। যমৌ যমজৌ নকুলসহদেবৌ ॥১০॥
শল্যেতি। শল্যসায়কৈর্নুন্নানাং বিদীর্ণানাম্। নাধ্যগচ্ছন্ত নালভন্ত ॥১১॥
তত ইতি। মদ্রস্যাপত্যং স্ত্রীতি মাদ্রিঃ "ইতশ্চ ক্তিবর্জ্জিতাদ্বা" ইতি বিকল্পান্নেপ্রত্যয়ঃ ॥১২॥

নরনাথ ! সে দিকেও প্রাণদ্বারা দ্যূতক্রীড়াস্বরূপ যুদ্ধে প্রাণের মমতাত্যাগকারী বীরগণের অতিগুরুতর ও ভীষণ যুদ্ধ হইতে লাগিল ॥৮॥

শল্য সকল দিকে বাণ বর্ষণ করিতে থাকিয়া সাত্যকি ও ভীমপ্রভৃতি পাণ্ডব-পক্ষকে পীড়ন করিতে থাকিলেন ॥৯॥

রাজশ্রেষ্ঠ ! শল্য ধৈর্য্য ও শক্তি সহকারে যমের তুল্য পরাক্রমশালী নকুল এবং সহদেবের সহিতও যুদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

মহাযুদ্ধে শল্যবাণবিদীর্ণ পাণ্ডবগণের মধ্যে কোন মহারথই রক্ষক পাইলেন না ॥১১॥

শল্য যুধিষ্ঠিরকে পীড়ন করিলে, মাদ্রীনন্দন বীর নকুল বেগে মাতুল শল্যের দিকে ধাবিত হইলেন ॥১২॥

(১২)···মাতুলং মাতৃনন্দনঃ—পি।

CENTRAL LIBRARY

সর্বপারশবৈর্বাণৈঃ কর্ম্মারপরিমার্জিতৈঃ।
স্বর্ণপুঙ্খৈঃ শিলাধৌতৈর্ধনুর্যন্ত্রপ্রচোদিতৈঃ ॥১৪॥ (যুগ্মকম্)
শল্যস্তু পীড়িতস্তেন স্বস্রীয়েণ মহাত্মনা।
নকুলং পীড়য়ামাস পত্রিভির্নতপর্বভিঃ ॥১৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা ভীমসেনোঽথ সাত্যকিঃ।
সহদেবশ্চ মাদ্রেয়ো মদ্ররাজমুপাদ্রবন্ ॥১৬॥
তানাপতত এবাশু পূরয়ানান্ রথস্বনৈঃ।
দিশশ্চ বিদিশশ্চৈব কম্পয়ানাংশ্চ মেদিনীম্।
প্রতিজগ্রাহ সমরে সেনাপতিরমিত্রজিৎ ॥১৭॥
যুধিষ্ঠিরং ত্রিভির্বিদ্ধা ভীমসেনশ্চ পঞ্চভিঃ।
সাত্যকিঞ্চ শতেনাজৌ সহদেবং ত্রিভিঃ শরৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

আচ্ছাদ্যেতি। স্বয়মান ঈষদ্ধসন্। সর্বেষ্ববয়বেষু পারশবৈর্লৌহময়ৈঃ, কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জিতৈঃ। শিলাভিস্তৎঘর্ষণৈঃ ধৌতৈঃ পরিষ্কৃতৈঃ, ধনুঃস্থেব যন্ত্রাণি তৈঃ প্রচোদিতৈঃ ॥১৩—১৪॥

শল্য ইতি। স্বস্রীয়েণ ভাগিনেয়েন। পত্রিভির্বাণৈঃ ॥১৫॥

তত ইতি। মাদ্রেয়ো মাদ্রীপুত্রঃ সহদেবঃ, উপাদ্রবন্ অভ্যধাবন্ ॥১৬॥

তানিতি। সেনাপতিঃ কুরুপক্ষস্য, অমিত্রজিৎ শত্রুবিজয়ী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

ক্রমে বিপক্ষবীরহন্তা নকুল যুদ্ধে বাণে বাণে শল্যকে আবৃত করিয়া লৌহময়, শিল্পিপরিমার্জিত, স্বর্ণপুঙ্খ, শিলাপরিষ্কৃত ও কার্ম্মুকনিক্ষিপ্ত দশটা বাণদ্বারা শল্যের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥১৩—১৪॥

ভাগিনেয় মহাত্মা নকুল পীড়ন করিলে, শল্য নতপর্ব্ব বহুতর বাণদ্বারা নকুলকে পীড়ন করিলেন ॥১৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির, ভীমসেন, সাত্যকি ও মাদ্রীপুত্র সহদেব ইঁহারা শল্যের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

তাঁহারা রথশব্দে দিক্ ও বিদিক্ পূর্ণ করিয়া রণভূমি কাঁপাইতে থাকিয়া বেগে আসিতে লাগিলেই কৌরবসেনাপতি ও শত্রুবিজয়ী শল্য যুদ্ধে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥১৭॥

---

(১৭)···দিশশ্চ প্রদিশশ্চৈব···অভিজগ্রাহ বেগেন···পি। (১৮)···ভীমসেনঞ্চ সপ্তভিঃ···পি।

CENTRAL LIBRARY

ততস্তু সশরং চাপং নকুলস্য মহাত্মনঃ।
মদ্রেশ্বরঃ ক্ষুরপ্রেণ তদা চিচ্ছেদ মারিষ !।
তদশীর্য্যত বিচ্ছিন্নং ধনুঃ শল্যস্য সায়কৈঃ ॥১৯॥ (যুগ্মকম্)
অথান্যদ্ধনুরাদায় মাদ্রীপুত্রো মহারথঃ।
মদ্ররাজরথং তূর্ণং পূরয়ামাস পত্রিভিঃ ॥২০॥
যুধিষ্ঠিরস্তু মদ্রেশং সহদেবশ্চ মারিষ !।
দশভির্দশভির্বাণৈরুরস্যেনমবিধ্যতাম্ ॥২১॥
ভীমসেনস্তু তং ষষ্ট্যা সাত্যকির্নবভিঃ শরৈঃ।
মদ্ররাজমভিদ্রুত্য জঘ্নতুঃ কঙ্কপত্রিভিঃ ॥২২॥
মদ্ররাজস্ততঃ ক্রুদ্ধঃ সাত্যকিং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ ভূয়ঃ সপ্তত্যা শরাণাং নতপর্বণাম্ ॥২৩॥
অথাস্য সশরং চাপং মুষ্টৌ চিচ্ছেদ মারিষ !।
হয়াংশ্চ চতুরঃ সংখ্যে প্রেষয়ামাস মৃত্যবে ॥২৪॥

ভারতকৌমুদী

যুধীতি। আজৌ যুদ্ধে। অশীর্য্যত ভগ্নম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৮—১৯॥
অথেতি। মাদ্রীপুত্রো নকুলঃ। পত্রিভির্বাণৈঃ ॥২০॥
যুধীতি। মদ্রেশং শল্যম্, হে মারিষ ! আর্য্য !। উরসি বক্ষসি ॥২১॥
ভীমেতি। অভিদ্রুত্য অভিগম্য, জঘ্নতুঃ প্রজঘ্নতুঃ, কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষযুক্তৈঃ ॥২২॥
মদ্রেতি। ভূয়ঃ পুনঃ। নতপর্বণামীষদ্বক্রোপান্তানাম্ ॥২৩॥

মাননীয় রাজা ! পরে শল্য তিন বাণে যুধিষ্ঠিরকে, পাঁচ বাণে ভীমকে, একশত বাণে সাত্যকিকে এবং তিন বাণে সহদেবকে বিদ্ধ করিয়া একটা ক্ষুরপ্রদ্বারা মহাত্মা নকুলের বাণসংযুক্ত ধনু ছেদন করিলেন। তখন সেই ধনুখানা শল্যের বাণে ছিন্ন হইয়া ভাঙ্গিয়া গেল ॥১৮—১৯॥

তদনন্তর মহারথ নকুল অন্য ধনু লইয়া বাণদ্বারা সত্বরই শল্যের রথখানাকে পূর্ণ করিয়া ফেলিলেন ॥২০॥

মাননীয় রাজা ! পরে যুধিষ্ঠির ও সহদেব প্রত্যেকে দশ দশ বাণে শল্যের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥২১॥

আর ভীমসেন ষাট্‌টা এবং সাত্যকি সম্মুখে যাইয়া কঙ্কপক্ষযুক্ত নয়টা বাণদ্বারা শল্যকে আঘাত করিলেন ॥২২॥

তাহার পর শল্য ক্রুদ্ধ হইয়া প্রথমে নয়টা বাণদ্বারা পরে আবার নতপর্ব সত্তরটা বাণে শল্যকে বিদ্ধ করিলেন ॥২৩॥

CENTRAL LIBRARY

বিরথং সাত্যকিং কৃত্বা মদ্ররাজো মহারথঃ।
বিশিখানাং শতেনৈনমাজঘান সমন্ততঃ ॥২৫॥
মাদ্রীপুত্রৌ চ সংরব্ধৌ ভীমসেনঞ্চ পাণ্ডবম্।
যুধিষ্ঠিরঞ্চ কৌরব্য! বিব্যাধ দশভিঃ শরৈঃ ॥২৬॥
তত্রাদ্ভুতমপশ্যাম মদ্ররাজস্য পৌরুষম্।
যদেনং সহিতাঃ পার্থা নাভ্যবর্ত্তন্ত সংযুগে ॥২৭॥
অথান্যং রথমাস্থায় সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
পীড়িতান্ পাণ্ডবান্ দৃষ্ট্বা মদ্ররাজবশং গতান্।
অভিদুদ্রাব বেগেন মদ্রাণামধিপং বলী ॥২৮॥
আপতন্তং রথং তস্য শল্যঃ সমিতিশোভনঃ।
প্রত্যুদ্যযৌ রথেনৈব মত্তো মত্তমিব দ্বিপম্ ॥২৯॥

ভারতকৌমুদী

অথেতি। অস্য সাত্যকেঃ। চিচ্ছেদ মদ্ররাজ ইত্যনুবৃত্তিঃ। হয়ানশ্বান্ ॥২৪॥
বিরথমিতি। অশ্বহননেনৈব রথচলনব্যাঘাতাদ্বিরথত্বমিতি ভাবঃ ॥২৫॥
মাদ্রীতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। দশভিরিত্যত্র বীপ্সাবগন্তব্যা ॥২৬॥
তত্রেতি। নাভ্যবর্ত্তন্ত আভিমুখ্যেন স্থাতুং নাশক্নুবন্ তৎপ্রহারাসহত্বাৎ ॥২৭॥
অথেতি। আস্থায় আরুহ্য। অভিদুদ্রাব অভিদধাব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥
আপতন্তমিতি। সমিতিশোভনো বীরশ্রিয়া যুদ্ধশোভী। মত্তো দ্বিপঃ ॥২৯॥

মাননীয় রাজা! পরে শল্য সাত্যকির বাণযুক্ত ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিলেন এবং তাঁহার চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন ॥২৪॥

এইভাবে মহারথ মদ্ররাজ সাত্যকিকে রথবিহীন করিয়া একশত বাণদ্বারা সকল দিকে তাঁহাকে আঘাত করিলেন ॥২৫॥

এবং কৌরবনন্দন! তিনি দশ দশটা বাণদ্বারা নকুল, সহদেব, ভীমসেন ও যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তখন আমরা শল্যের অদ্ভুত পরাক্রম দেখিলাম যে, পাণ্ডবেরা মিলিত হইয়াও যুদ্ধে শল্যের সম্মুখে থাকিতে সমর্থ হইলেন না ॥২৭॥

পরে যথার্থবিক্রমশালী ও বলবান্ সাত্যকি অন্য রথে আরোহণ করিয়া পাণ্ডবগণকে পীড়িত ও শল্যের বশীভূত দেখিয়া বেগে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৮॥

---

(২৬)···যুধিষ্ঠিরঞ্চ কৌরব্যম্···পি।

CENTRAL LIBRARY

স সন্নিপাতস্তুমুলো বভূবাদ্ভুতদর্শনঃ।
সাত্যকেশ্চৈব শূরস্য মদ্রাণামধিপস্য চ।
যাদৃশো বৈ পুরা বৃত্তঃ শম্বরামররাজয়োঃ ॥৩০॥
সাত্যকিঃ প্রেক্ষ্য সমরে মদ্ররাজং ব্যবস্থিতম্।
বিব্যাধ দশভির্বাণৈস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩১॥
মদ্ররাজস্তু সুভৃশং বিদ্ধস্তেন মহাত্মনা।
সাত্যকিং প্রতিবিব্যাধ চিত্রপুঙ্খৈঃ শিতৈঃ শরৈঃ ॥৩২॥
ততঃ পার্থা মহেষ্বাসাঃ সাত্বতাভিসৃতং নৃপম্।
অভ্যদ্রবন্ রথৈস্তূর্ণং মাতুলং বধকাঙ্ক্ষয়া ॥৩৩॥
তত আসীৎ পরামর্দ্দস্তুমুলঃ শোণিতোদকঃ।
শূরাণাং যুধ্যমানানাং সিংহানামিব নর্দ্দতাম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। সন্নিপাতো যুদ্ধসংঘর্ষঃ। বৃত্তো জাতঃ। শম্বরোঽসুরঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩০॥
সাত্যকিরিতি। ব্যবস্থিতং যুদ্ধার্থমেবাবস্থিতম্। বিব্যাধ তাড়য়ামাস ॥৩১॥
মদ্রেতি। চিত্রপুঙ্খৈঃ স্বর্ণাদিসন্নিবেশেন বিচিত্রমূলদেশৈঃ ॥৩২॥
তত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, সাত্বতেন সাত্যকিনা অভিসৃতমভিগতম্ ॥৩৩॥
তত ইতি। পরামর্দ্দঃ সংঘর্ষঃ, শোণিতমুদকমিব প্রকৃতং যস্মিন্ সঃ ॥৩৪॥

সাত্যকির রথ আসিতে লাগিলে, মত্ত হস্তী যেমন মত্ত হস্তীর প্রতি গমন করে, তেমন যুদ্ধশোভী শল্য রথারোহণেই তাঁহার প্রতি গমন করিলেন ॥২৯॥

তখন, পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেমন সংঘর্ষ হইয়াছিল, সেইরূপ বীর সাত্যকি ও শল্যরাজার তুমুল ও অদ্ভুতদর্শন সংঘর্ষ হইতে লাগিল ॥৩০॥

ক্রমে সাত্যকি শল্যকে রণস্থলে যুদ্ধার্থী অবস্থায় থাকিতে দেখিয়া দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৩১॥

মহাবল সাত্যকি গুরুতর বিদ্ধ করিলে, শল্যও বিচিত্রপুঙ্খ ও সুধার বাণসমূহ-দ্বারা তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৩২॥

তাহার পর মহাধনুর্দ্ধর পাণ্ডবেরা সাত্যকিকর্ত্তৃক আক্রান্ত মাতুল শল্যকে বধ করিবার ইচ্ছায় রথারোহণে সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥৩৩॥

পরে সিংহগণের ন্যায় গর্জনকারী ও যুধ্যমান বীরগণের তুমুল সংঘর্ষ হইতে লাগিল; তখন জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিল ॥৩৪॥

---

(৩২)···চিত্রপুঙ্খৈঃ শিলাশিতৈঃ—পি। (৩৩)···বধকাম্যয়া—পি।

CENTRAL LIBRARY

তেষামাসীন্মহারাজ ! ব্যতিক্ষেপঃ পরস্পরম্ ।
সিংহানামামিষেপ্সূনাং কূজতামিব সংযুগে ॥৩৫॥
তেষাং বাণসহস্রৌঘৈরাকীর্ণা বসুধাভবৎ ।
অন্তরীক্ষঞ্চ সহসা বাণভূতমভূত্তদা ॥৩৬॥
শরান্ধকারং বহুধা কৃতং তত্র সমন্ততঃ ।
অভ্রচ্ছায়েব সংজজ্ঞে শরৈর্মুক্তৈর্মহাত্মভিঃ ॥৩৭॥
তত্র রাজন্ ! শরৈর্মুক্তৈর্নির্ম্মুক্তৈরিব পন্নগৈঃ ।
স্বর্ণপুঙ্খৈঃ প্রকাশদ্ভির্ব্যরোচন্ত দিশস্তদা ॥৩৮॥
তত্রাদ্ভুতং পরং চক্রে শল্যঃ শত্রুনিবর্হণঃ ।
যদেকঃ সমরে শূরো যোধয়ামাস বৈ বহূন্ ॥৩৯॥
মদ্ররাজভুজোৎসৃষ্টৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ।
সংপতদ্ভিঃ শরৈর্ঘোরৈরবাকীর্য্যত মেদিনী ॥৪০॥

ভারতকৌমুদী

তেষামিতি। ব্যতিক্ষেপঃ প্রহারঃ। আমিষেপ্সূনাং মাংসলিপ্সূনাম্ ॥৩৫॥
তেষামিতি। আকীর্ণা ব্যাপ্তা, বসুধা রণভূমিঃ। বাণভূতং বাণময়ম্ ॥৩৬॥
শরেতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। অভ্রস্য মেঘস্য চ্ছায়েব ॥৩৭॥
তত্রেতি। মুক্তৈঃ ক্ষিপ্তৈঃ, নির্ম্মুক্তৈস্ত্যক্তচর্ম্মভিঃ, পন্নগৈঃ সর্পৈঃ ॥৩৮॥
তত্রেতি। পরং সাতিশয়ম্। শত্রূণাং নিবর্হণো দমনঃ ॥৩৯॥
মদ্রেতি। কঙ্কানাং বর্হিণানাং ময়ূরাণাঞ্চ বাজাঃ পক্ষা এবু সঞ্জাতা ইতি তৈঃ ॥৪০॥

মহারাজ ! ক্রমে মাংসলিপ্সু গর্জনকারী সিংহগণের ন্যায় রণস্থলে সেই বীরগণের পরস্পর প্রহার চলিতে লাগিল ॥৩৫॥

তখন তাঁহাদের সহস্র সহস্র বাণে রণভূমি ব্যাপ্ত হইয়া গেল এবং আকাশমণ্ডলও হঠাৎ বাণময় হইয়া পড়িল ॥৩৬॥

ক্রমে মহাবীরগণের বাণে বাণে সকল দিকেই মেঘের ছায়ার ন্যায় গাঢ় অন্ধকার জন্মিল ॥৩৭॥

রাজা ! সেই সময়ে বীরগণনিক্ষিপ্ত, স্বর্ণপুঙ্খ, প্রকাশমান ও নির্ম্মুক্তচর্ম্মা সর্পসমূহের ন্যায় দীর্ঘ বাণে বাণে দিক্ সকল প্রকাশ পাইতে লাগিল ॥৩৮॥

তৎকালে বীর ও শত্রুদমন শল্য অত্যন্ত অদ্ভুত ব্যাপারই করিতে লাগিলেন যে হেতু তিনি একাকী বহু যোদ্ধার সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৯॥

(৩৬) তেষাং বাণৈঃ সহস্রৈস্তৈঃ · পি। (৩৮)···ব্যরোচন্ত দিশো দশ—পি।

মদ্ররাজরথং রাজন্! বিচরন্তং মহাহবে।
অপশ্যাম যথা পূর্বং শক্রস্যাসুরসংক্ষয়ে ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ সৈন্যাস্তব বিভো! মদ্ররাজপুরস্কৃতাঃ।
পুনরভ্যদ্রবন্ পার্থান্ বেগেন মহতা রণে ॥১॥
পীড়িতাস্তাবকাঃ সর্বে প্রধাবন্তো রণোৎকটাঃ।
ক্ষণেনৈব চ পার্থাংস্তে বহুত্বাৎ সমলোড়য়ন্ ॥২॥

ভারতকৌমুদী

মদ্রেতি। শক্রস্য রথং যথা পূর্বমপশ্যন্ তদানীন্তনা ইত্যর্থঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। মদ্ররাজঃ পুরস্কৃতঃ অগ্রবর্ত্তীকৃতো যৈস্তে। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥১॥

পীড়িতা ইতি। পীড়িতাঃ পাণ্ডবপ্রহারৈরেব। রণোৎকটা যুদ্ধমত্তাঃ ॥২॥

শল্যের বাহুনিক্ষিপ্ত কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত ভীষণ বাণ সকল পতিত হইতে থাকিয়া সমরভূমি ব্যাপ্ত করিয়া ফেলিল ॥৪০॥

রাজা! পূর্বকালে তদানীন্তন লোকেরা যেমন অসুরবিনাশের সময়ে ইন্দ্রের রথ বিচরণ করিতে দেখিয়াছিল, তেমন আমরাও মহাযুদ্ধে শল্যের রথ বিচরণ করিতে দেখিলাম' ॥৪১॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর আপনার সৈন্যেরা শল্যকে অগ্রবর্ত্তী করিয়া গুরুতর বেগে যুদ্ধে পাণ্ডবগণের দিকে পুনরায় ধাবিত হইল ॥১॥

* '... পঞ্চদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '... চতুর্দ্দশোঽধ্যায়ঃ' নি। (১) ততঃ সেনা...মদ্ররাজপুরস্কৃতা। পুনরভ্যদ্রবং...নি।

CENTRAL LIBRARY

তে বধ্যমানাঃ কুরুভিঃ পাণ্ডবা নাবতস্থিরে।
নিবার্য্যমাণা ভীমেন পশ্যতোঃ কৃষ্ণপার্থয়োঃ ॥৩॥
ততো ধনঞ্জয়ঃ ক্রুদ্ধঃ কৃপং সহ পদানুগৈঃ।
অবাকিরচ্ছরৌঘেণ কৃতবর্ম্মাণমেব চ ॥৪॥
শকুনিং সহদেবশ্চ সসৈন্যং সমবারয়ৎ।
নকুলঃ পার্শ্বতঃ স্থিত্বা মদ্ররাজমবৈক্ষত ॥৫॥
দ্রৌপদেয়া নরেন্দ্রাংশ্চ ভূয়িষ্ঠান্ সমবারয়ন্।
দ্রোণপুত্রঞ্চ পাঞ্চাল্যঃ শিখণ্ডী সমবারয়ৎ ॥৬॥
ভীমসেনস্তু রাজানং গদাপাণিরবারয়ৎ।
শল্যন্তু সহ সৈন্যেন কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৭॥

ভারতকৌমুদী

ত ইতি। পাণ্ডবাঃ পাণ্ডবপক্ষীয়া যোদ্ধারঃ। কৃষ্ণপার্থয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৩॥
তত ইতি। পদানুগৈরনুচরৈঃ। অবাকিরৎ প্রাহরৎ ॥৪॥
শকুনিমিতি। অবৈক্ষত প্রহারপ্রকারানুসন্ধানার্থমিতি ভাবঃ ॥৫॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, ভূয়িষ্ঠান্ বহূনান্ ॥৬॥

আপনার যুদ্ধমত্ত সৈন্যেরা পীড়িত হইতে থাকিয়াও ধাবিত হইয়া বহুত্ববশতঃ ক্ষণকালমধ্যেই পাণ্ডবপক্ষকে আলোড়ন করিয়া তুলিল ॥২॥

কৌরবেরা বধ করিতে থাকায় ভীমসেন বারণ করিতে থাকিলেও পাণ্ডবপক্ষের যোদ্ধারা থাকিতে পারিল না; তাহারা কৃষ্ণ ও অর্জ্জুনের সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥৩॥

তদনন্তর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা অনুচরবর্গের সহিত কৃপ ও কৃতবর্ম্মাকে প্রহার করিতে লাগিলেন ॥৪॥

সহদেব সৈন্যগণের সহিত শকুনিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং নকুল পার্শ্বে থাকিয়া শল্যের প্রতি দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥৫॥

দ্রৌপদীর পুত্রেরা বহুতর রাজাকে বারণ করিতে আরম্ভ করিলেন এবং পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী অশ্বত্থামাকে বারণ করিতে লাগিলেন ॥৬॥

ভীমসেন গদা ধারণ করিয়া দুর্য্যোধনকে এবং কুন্তীনন্দন যুধিষ্ঠির সৈন্যগণের সহিত শল্যকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

(৩)···ক্ষণেনৈব মহারাজ! পশ্যতোঃ···নি। (৫)··সহসৈন্যমবাকিরৎ···মদ্ররাজমযোধয়ৎ—নি। (৬)···ভূয়িষ্ঠং সমবারয়ৎ···পি।

CENTRAL LIBRARY

ততঃ সমভবদ্‌যুদ্ধং সংসক্তং তত্র তত্র হ।
তাবকানাং পরেষাঞ্চ সংগ্রামেষ্বনিবর্ত্তিনাম্ ॥৮॥
তত্র পশ্যামহে কর্ম্ম শল্যস্যাতিমহদ্রণে।
যদেকঃ সর্বসৈন্যানি পাণ্ডবানামযুধ্যত ॥৯॥
ব্যদৃশ্যত তদা শল্যো যুধিষ্ঠিরসমীপতঃ।
রণে চন্দ্রমসোঽভ্যাসে শনৈশ্চর ইব গ্রহঃ ॥১০॥
পীড়য়িত্বা তু রাজানং শরৈরাশীবিষোপমৈঃ।
অভ্যধাবৎ পুনর্ভীমং শরবর্ষৈরবাকিরন্ ॥১১॥
তস্য তল্লাঘবং দৃষ্ট্বা তথৈব চ কৃতাস্ত্রতাম্।
অপূজয়ন্ননীকানি পরেষাং তাবকানি চ ॥১২॥
পীড্যমানাস্তু শল্যেন পাণ্ডবা ভৃশবিক্ষতাঃ।
প্রাদ্রবন্ত রণং হিত্বা ক্রোশমানে যুধিষ্ঠিরে ॥১৩॥

ভারতকৌমুদী

ভীমেতি। রাজানং দুর্য্যোধনম্। যুধিষ্ঠিরঃ অবারয়দিত্যনুবৃত্তিঃ ॥৭॥
তত ইতি। সংসক্তং পরস্পরসংলগ্নং যথা স্যাত্তথা ॥৮॥
তত্রেতি। অযুধ্যত প্রাহরৎ। "যুধ সংপ্রহারে" ইতি ধাতুঃ ॥৯॥
ব্যদৃশ্যতেতি। যুধিষ্ঠিরস্য সমীপতঃ সমীপে। অভ্যাসে সকাশে ॥১০॥
পীড়েতি। রাজানং যুধিষ্ঠিরম্, আশীবিষোপমৈঃ সর্পতুল্যৈঃ ॥১১॥
তস্যেতি। লাঘবম্ অস্ত্রক্ষেপে দ্রুতহস্ততাম্, কৃতাস্ত্রতাং শিক্ষিতাস্ত্রতাম্ ॥১২॥
পীড্যেতি। প্রাদ্রবন্ত পলায়ন্ত। ক্রোশমানে আগচ্ছতেত্যাহ্বয়তি ॥১৩॥

তাহার পর যুদ্ধে অনিবর্ত্তী আপনার পক্ষীয় ও বিপক্ষীয় সৈন্যগণের সেই সেই স্থানে পরস্পর সংলগ্ন অবস্থায় যুদ্ধ হইতে থাকিল ॥৮॥

তখন আমরা যুদ্ধে শল্যের অতিগুরুতর কার্য্য দেখিতে লাগিলাম; যে হেতু তিনি একাকী সমস্ত পাণ্ডবসৈন্যের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৯॥

তৎকালে যুদ্ধে যুধিষ্ঠিরের নিকটে শল্যকে, চন্দ্রের নিকটে শনিগ্রহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥১০॥

ক্রমে শল্য সর্পতুল্য বাণসমূহদ্বারা যুধিষ্ঠিরকে পীড়ন করিয়া বাণ বর্ষণ করিতে করিতে পুনরায় ভীমের দিকে ধাবিত হইলেন ॥১১॥

তখন আপনার পক্ষের সৈন্যেরা ও বিপক্ষের সৈন্যেরা শল্যের সেই লঘুহস্ততা ও শিক্ষা দেখিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিল ॥১২॥

---

(১১)…শরবর্ষৈরবাকিরৎ—পি বা নি।

বধ্যমানেষ্বনীকেষু মদ্ররাজেন পাণ্ডবঃ।
অমর্ষবশমাপন্নো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥১৪॥
ততঃ পৌরুষমাস্থায় মদ্ররাজমপীড়য়ৎ।
জয়ো বাস্তু বধো বেতি কৃতবুদ্ধির্মহারথঃ ॥১৫॥
সমাহূয়াব্রবীৎ সর্বান্ ভ্রাতৄন্ কৃষ্ণঞ্চ মাধবম্।
ভীষ্মো দ্রোণশ্চ কর্ণশ্চ যে চান্যে পৃথিবীক্ষিতঃ।
কৌরবার্থে পরাক্রান্তাঃ সংগ্রামে নিধনং গতাঃ ॥১৬॥
যথাভাগং যথোৎসাহং ভবন্তঃ কৃতপৌরুষাঃ।
ভাগোঽবশিষ্ট একোঽয়ং মম শল্যো মহারথঃ ॥১৭॥
সোঽহমদ্য যুধা জেতুমাশংসে মদ্রকেশ্বরম্।
তত্র যন্মানসং মহ্যং তৎ সর্বং নিগদামি বঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বধ্যেতি। অনীকেষু স্বসৈন্যেষু। অমর্ষবশং নিতান্তক্রুদ্ধতাম্, আপন্নঃ প্রাপ্তঃ ॥১৪॥
তত ইতি। পৌরুষং সাহসম্, আস্থায় অবলম্ব্য। মহারথো যুধিষ্ঠিরঃ ॥১৫॥
সমাহূয়েতি। মাধবং মধুবংশীয়ম্। পৃথিবীক্ষিতো রাজানঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
ভ্রাতরঃ পাণ্ডবাঃ শূরা দৃশ্যন্তে নেহ কশ্চন।
পাঞ্চালা বা মহাবীর্য্যাঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ শৈনেয়ো দ্রৌপদেয়া মহারথাঃ ॥১২॥
এবং তান্ বাদিনঃ শূরা দ্রৌপদেয়া মহারথাঃ।
অভ্যঘ্নন্ যুধ্যমানাংশ্চ মদ্ররাজপদানুগান্ ॥১৩॥
রথৈর্বিমথিতাঃ কেচিৎ কেচিচ্ছিন্নৈর্মহাধ্বজৈঃ।
প্রত্যদৃশ্যন্ত সমরে তাবকা নিহতাঃ পরৈঃ ॥১৪॥
আলোক্য পাণ্ডবান্ যুদ্ধে যোধা বীরান্ সহস্রশঃ।
বার্য্যমাণা যযুর্বীরাস্তব পুত্রেণ ভারত! ॥১৫॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রস্কন্দ্য আক্রম্য। মহারথা মদ্রকাঃ। চুক্রুশুরুচ্চৈরূচুঃ ॥১১॥
ভ্রাতর ইতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥
এবমিতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। মদ্ররাজপদানুগান্ শল্যানুচরান্ ॥১৩॥
রথৈরিতি। ছিন্নৈর্মহাধ্বজৈরিতি বিশেষণে তৃতীয়া। পরৈঃ শত্রুভিঃ ॥১৪॥
আলোক্যেতি। পাণ্ডবান্ পাণ্ডবপক্ষীয়ান্। যযুঃ সমরাদপসৃতাঃ ॥১৫॥

রাজা! তখন মহানদী গঙ্গা যেমন সম্মুখবায়ুর বেগে বিক্ষুব্ধ হয়, তেমন পাণ্ডব-বাহিনীও মদ্রকসৈন্যের বেগে বিক্ষুব্ধ হইয়া উঠিল ॥১০॥

ক্রমে মদ্রদেশীয় বহুতর মহাবল মহারথ বিশাল পাণ্ডবসৈন্য আক্রমণ করিয়া উচ্চস্বরে বলিতে লাগিলেন—'সে রাজা যুধিষ্ঠির কোথায়? ॥১১॥

বীর পাণ্ডবভ্রাতারা, মহাবল পাঞ্চালেরা, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি ও মহারথ দ্রৌপদীর পুত্রগণ ইহাদের কাহাকেও ত দেখিতেছি না' ॥১২॥

শল্যের অনুচর বীরেরা এইরূপ বলিতে থাকিয়া যুদ্ধ করিতেছিলেন, এমন সময়ে মহারথ দ্রৌপদীর পুত্রগণ যাইয়া তাঁহাদিগকে আঘাত করিতে লাগিলেন ॥১৩॥

মহারাজ! তাঁহাদের কতকগুলি বীর রথঘর্ষণে মথিত হইলেন, কতকগুলির বিশাল ধ্বজ ছিন্ন দেখা গেল এবং শত্রুরা আপনার পক্ষের অনেক বীরকে বধ করিল ॥১৪॥

ভরতনন্দন! আপনার পুত্র দুর্য্যোধন বারণ করিতে থাকিলেও বীর যোদ্ধারা যুদ্ধে সহস্র সহস্র পাণ্ডবপক্ষের বীরকে দেখিয়া পলায়ন করিতে লাগিলেন ॥১৫॥

(১১)···প্রচুক্রুশুস্তত্র তত্র···পি। (১২)···দৃশ্যন্তে নেহ কেচন · বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

দুর্য্যোধনস্তু তান্ বীরান্ বারয়ামাস সান্ত্বয়ন্।
ন চাস্য শাসনং কশ্চিত্তত্র চক্রে মহারথঃ ॥১৬॥
ততো গান্ধাররাজস্য পুত্রঃ শকুনিরব্রবীৎ।
দুর্য্যোধনং মহারাজ! বচনং বচনক্ষমঃ ॥১৭॥
কিঞ্চ নঃ প্রেক্ষমাণানাং মদ্রাণাং হন্যতে বলম্।
ন যুক্তমেতৎ সমরে ত্বয়ি তিষ্ঠতি ভারত! ॥১৮॥
সহিতৈর্নাম যোদ্ধব্যমিত্যেবং সময়ঃ কৃতঃ।
অথ কস্মাৎ পরানেবং ত্বতো মর্ষয়সে নৃপ! ॥১৯॥

দুর্য্যোধন উবাচ।

বার্য্যমাণা ময়া পূর্বং নৈতে চক্রুর্বচো মম।
এতে হি সহিতাঃ সর্বে প্রস্কন্নাঃ পাণ্ডুবাহিনীম্ ॥২০॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। সান্ত্বয়ন্ আশ্বাসয়ন্। শাসনং যুদ্ধাদেশম্ ॥১৬॥
তত ইতি। বচনক্ষমো বাক্‌পটুঃ ॥১৭॥
কিমিতি। কিঞ্চ কথঞ্চ, নঃ অস্মাকমিত্যনাদরে ষষ্ঠী ॥১৮॥
সহিতৈরিতি। সহিতৈর্মিলিতৈঃ। সময়ো নিয়মঃ, কৃতঃ শল্যযুদ্ধাৎ প্রাক্ ॥১৯॥
বার্য্যেতি। সহিতা মিলিতাঃ সন্তঃ, প্রস্কন্না আক্রান্তাঃ ॥২০॥

কিন্তু দুর্য্যোধন আশ্বস্ত করিতে থাকিয়া সেই বীরগণকে বারণ করিতে থাকিলেন, তথাপি কোন মহারথই তাঁহার আদেশ পালন করিলেন না ॥১৬॥

মহারাজ! তাহার পর গান্ধাররাজের পুত্র বাক্‌পটু শকুনি দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥১৭॥

'ভরতনন্দন! পাণ্ডবেরা আমাদের সমক্ষে মদ্রদেশীয় সৈন্যগণকে বধ করিতে পারিতেছে কেন? তুমি যুদ্ধে থাকিতে ইহা সঙ্গত হইতেছে না ॥১৮॥

রাজা! আমরা শল্যের যুদ্ধারম্ভের পূর্ব্বে এইরূপ নিয়ম করিয়াছিলাম যে, 'আমরা সম্মিলিত হইয়া যুদ্ধ করিব'। তবে বিপক্ষেরা আমাদের সৈন্য বধ করিতেছে, তুমি তাহা সহ্য করিতেছ কেন? ॥১৯॥

দুর্য্যোধন বলিলেন—'আমি পূর্বে বারণ করিতে থাকিলেও ইহারা আমার বাক্য রক্ষা করে নাই। ইহারা সকলে মিলিত হইয়া পাণ্ডবসৈন্য আক্রমণ করিয়াছিল ॥২০॥

CENTRAL LIBRARY

শকুনিরুবাচ।

ন ভর্ত্তুঃ শাসনং বীরা রণে কুর্বন্ত্যমর্ষিতাঃ।
অলং ক্রোদ্ধুং তবৈতেষাং নায়ং কাল উপেক্ষিতুম্ ॥২১॥
যামঃ সর্বেঽত্র সম্ভূয় সবাজিরথকুঞ্জরাঃ।
পরিত্রাতুং মহেষ্বাসান্ মদ্ররাজপদানুগান্ ॥২২॥
অন্যোন্যং পরিরক্ষামো যত্নেন মহতা নৃপ!।
এবং সর্বেঽনুসঞ্চিন্ত্য প্রযযুর্যত্র সৈনিকাঃ ॥২৩॥
এবমুক্তস্ততো রাজা বলেন মহতা বৃতঃ।
প্রযযৌ সিংহনাদেন কম্পয়ন্নিব মেদিনীম্ ॥২৪॥
হত বিধ্যত গৃহ্ণীত প্রহরধ্বং নিকৃন্তত।
ইত্যাসীত্তুমুলঃ শব্দস্তব সৈন্যস্য ভারত! ॥২৫॥
পাণ্ডবাস্তু রণে দৃষ্ট্বা মদ্ররাজপদানুগান।
সহিতানভ্যবর্ত্তন্ত গুল্মমাস্থায় মধ্যমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। পাণ্ডবান্ প্রত্যমর্ষ এব তবাদেশলঙ্ঘনে কারণমিতি ভাবঃ ॥২১॥
যাম ইতি। যামো গচ্ছামঃ, সম্ভূয় মিলিত্বা। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥২২॥
অন্যোন্যমিতি। অনুসঞ্চিন্ত্য চিন্তয়া নির্দ্ধার্য্য। সৈনিকা মদ্রদেশীয়াঃ ॥২৩॥
এবমিতি। রাজা দুর্য্যোধনঃ। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥২৪॥
হতেতি। বিধ্যত তাড়য়ত। নিকৃন্তত ছিন্ত ॥২৫॥

শকুনি বলিলেন—'এই বীরেরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধে প্রভুর আদেশ রক্ষা করেন নাই। সুতরাং ইহাদের উপরে ক্রোধ করিবার প্রয়োজন নাই; এটা উপেক্ষা করিবার সময় নহে ॥২১॥

আমরা সকলে মিলিত হইয়া হস্তী, অশ্ব ও রথ লইয়া মহাধনুর্দ্ধর শল্যের অনুচরগণকে রক্ষা করিবার জন্য যাইব ॥২২॥

রাজা! আমরা বিশেষ যত্ন সহকারে পরস্পরকে রক্ষা করিব'। এইরূপ স্থির করিয়া—যেখানে মদ্রদেশীয় সৈন্যেরা ছিল, সেইখানে তাহারা গমন করিলেন ॥২৩॥

শকুনি এইরূপ বলিলে, দুর্য্যোধন বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া এবং সিংহনাদে সমরভূমি যেন কম্পিত করিতে থাকিয়া গমন করিতে থাকিলেন ॥২৪॥

ভরতনন্দন! তখন আপনার সৈন্যমধ্যে 'বধ কর, তাড়ন কর, গ্রহণ কর, প্রহার কর ও ছেদন কর' এইরূপ তুমুল শব্দ হইতে লাগিল ॥২৫॥

তে মুহূর্ত্তাদ্রণে বীরা হস্তাহস্তি বিশাংপতে ! ।
নিহতাঃ প্রত্যদৃশ্যন্ত মদ্ররাজপদানুগাঃ ॥২৭॥
ততো নঃ সম্প্রযাতানাং হতমদ্রাস্তরস্বিনঃ।
হৃষ্টাঃ কিলকিলাশব্দমকুর্বন্ সহিতাঃ পরে ॥২৮॥
অথোত্থিতানি রুণ্ডানি সমদৃশ্যন্ত সর্বশঃ।
পপাত মহতী চোল্কা মধ্যে চাদিত্যমণ্ডলাৎ ॥২৯॥
রথৈর্ভগ্নৈর্যুগাক্ষৈশ্চ নিহতৈশ্চ মহারথৈঃ।
অশ্বৈর্নিপতিতৈশ্চৈব সংছন্নাভূদ্বসুন্ধরা ॥৩০॥
বাতায়মানৈস্তুরগৈর্যুগাসক্তৈস্ততস্ততঃ।
অদৃশ্যন্ত মহারাজ ! যোধাস্তত্র রণাজিরে ॥৩১॥
ভগ্নচক্রান্ রথান্ কেচিদবহংস্তুরগা রণে।
রথার্দ্ধং কেচিদাদায় দিশো দশ বিবভ্রমুঃ ॥৩২॥

ভারতকৌমুদী

পাণ্ডবা ইতি। সহিতান্ মিলিতান্। গুল্মং সেনাম্, আস্থায়াবলম্ব্য ॥২৬॥
ত ইতি। হস্তৈশ্চ হস্তৈশ্চ বৃত্তমিতি হস্তাহস্তি যুদ্ধং কৃত্বেতি শেষঃ ॥২৭॥
তত ইতি। হতা মদ্রা যৈস্তে, তরস্বিনো বলবন্তঃ। সহিতা মিলিতাঃ ॥২৮॥
অথেতি। রুণ্ডানি কবন্ধানি। মধ্যে অস্মাকমিতি শেষঃ ॥২৯॥
রথৈরিতি। যুগাক্ষৈ রথীয়দারুবিশেষৈঃ, মহারথৈর্বীরৈঃ ॥৩০॥
বাতেতি। বাতায়মানৈর্বাতবদাচরদ্ভির্দ্রুতগামিভিরিত্যর্থঃ, যুগাসক্তৈর্যুগলগ্নৈঃ ॥৩১॥

ওদিকে পাণ্ডবেরা শল্যের অনুচরগণকে যুদ্ধে সম্মিলিত দেখিয়া সৈন্যের মধ্য স্থান অবলম্বন করিয়া তাহাদের অভিমুখবর্ত্তী হইলেন ॥২৬॥

নরনাথ ! ক্রমে দেখা গেল—শল্যের অনুচর সেই বীরগণ যুদ্ধে হাতাহাতি যুদ্ধ করিয়া মুহূর্ত্ত মধ্যে নিহত হইলেন ॥২৭॥

তাহার পর আমরা যাইয়া উপস্থিত হইলে, মদ্রসৈন্যবিনাশী ও বলবান্ বিপক্ষেরা আনন্দিত ও মিলিত হইয়া কিলকিলশব্দ করিতে লাগিল ॥২৮॥

পরে দেখা গেল—সকল দিকে কবন্ধ উঠিতেছে এবং আমাদের মধ্যে সূর্য্যমণ্ডল হইতে বিশাল বিশাল উল্কা পড়িতে থাকিল ॥২৯॥

ক্রমে ভগ্ন রথ, রথের যুগকাষ্ঠ ও চক্র, নিহত মহারথগণ এবং নিপতিত অশ্বগণে সমরভূমি আবৃত হইয়া গেল ॥৩০॥

মহারাজ ! বায়ুর ন্যায় দ্রুতগামী অশ্বগণ যুগকাষ্ঠে সংলগ্ন থাকিয়া রথারোহী যোদ্ধাদিগকে রণস্থলে ইতস্ততঃ লইয়া যাইতেছে দেখা গেল ॥৩১॥

CENTRAL LIBRARY

তত্র তত্র ব্যদৃশ্যন্ত যোক্ত্রৈঃ ক্লিষ্টাঃ স্ম বাজিনঃ।
রথিনঃ পতমানাশ্চ ব্যদৃশ্যন্ত নৃপোত্তম!।
গগনাৎ প্রচ্যুতাঃ সিদ্ধাঃ পুণ্যানামিব সংক্ষয়ে ॥৩৩॥
নিহতেষু চ শূরেষু মদ্ররাজানুগেষু বৈ।
অশ্বানাপততশ্চৈব দৃষ্ট্বা পার্থা মহারথাঃ।
অভ্যবর্ত্তন্ত বেগেন জয়গৃদ্ধাঃ প্রহারিণঃ ॥৩৪॥
বাণশব্দবরান্ কৃত্বা বিমিশ্রান্ শঙ্খনিস্বনৈঃ।
অস্মাংস্তু পুনরাসাদ্য লব্ধলক্ষ্যাঃ প্রহারিণঃ।
শরাসনানি ধুন্বানাঃ সিংহনাদান্ প্রচুক্রুশুঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

ভগ্নেতি। ভগ্নানি চক্রাণি যেষাং তান্। বিবভ্রমুর্বিচেরুঃ ॥৩২॥

তত্রেতি। যোক্ত্রৈর্বন্ধনরজ্জুভিঃ। সিদ্ধা নিষ্পন্নস্বর্গাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

নিহতেষ্বিতি। অশ্বান্ অশ্বারোহিণঃ কৌরবান্। জয়গৃদ্ধা জয়াভিলাষিণঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৪॥

বাণেতি। শরাসনানি ধনূংষি, ধুন্বানাঃ কম্পয়ন্তঃ, প্রচুক্রুশুশ্চক্রুঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৫॥

কতকগুলি অশ্ব ভগ্নচক্র রথগুলিকে রণস্থলে বহন করিতে লাগিল এবং কতকগুলি ঘোড়া রথের অর্দ্ধভাগ লইয়া দশ দিকে ভ্রমণ করিতে থাকিল ॥৩২॥

রাজশ্রেষ্ঠ! নানাস্থানে দেখা গেল—অশ্বগণ মুখবন্ধনরজ্জুতে কষ্ট পাইতেছে; আরও দেখা গেল—পুণ্যক্ষয় হইয়া গেলে আকাশচ্যুত ধার্ম্মিকগণের ন্যায় রথীরা পতিত হইতেছেন ॥৩৩॥

শল্যের বীর অনুচরেরা নিহত হইলে, অশ্বারোহী কৌরবসৈন্যেরা আসিতেছে দেখিয়া মহারথ, প্রহারনিপুণ ও জয়াভিলাষী পাণ্ডবেরা বেগে তাহাদের অভিমুখবর্ত্তী হইলেন ॥৩৪॥

এবং প্রহারনিপুণ সেই পাণ্ডবেরা আমাদিগকে লক্ষ্য পাইয়া শঙ্খধ্বনির সহিত গুরুতর বাণশব্দ করিয়া ধনু সঞ্চালন করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥৩৫॥

---

(৩৩) তত্র তত্র চ তে যোধাঃ ক্লিষ্টাশ্চ রথবাজিনঃ···পি। (৩৫) বাণশব্দরবান্ কৃত্বা··· বঙ্গ বর্দ্ধ বা নি।

CENTRAL LIBRARY

ততো হতমভিপ্রেক্ষ্য মদ্ররাজবলং মহৎ।
মদ্ররাজঞ্চ সমরে দৃষ্ট্বা শূরং নিপাতিতম্।
দুর্য্যোধনবলং সর্বং পুনরাসীৎ পরাঙ্মুখম্ ॥৩৬॥
বধ্যমানং মহারাজ! পাণ্ডবৈর্জিতকাশিভিঃ।
দিশো ভেজেঽথ সম্ভ্রান্তং ত্রাসিতং দৃঢ়ধন্বিভিঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে দুর্য্যোধনসৈন্যাপযানে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তদশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

পাতিতে যুধি দুর্দ্ধর্ষে মদ্ররাজে মহারথে।
তাবকাস্তব পুত্রাশ্চ প্রায়শো বিমুখাভবন্ ॥১॥
বণিজো নাবি ভগ্নায়াং যথাঽগাধেঽর্ণবেঽপ্লবে।
অপারে পারমিচ্ছন্তো হতে শূরে মহাত্মনা ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পুনঃ পরাঙ্মুখমাসীৎ নায়কাভাবেন জয়ে নৈরাশ্যাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৬॥
বধ্যেতি। জিতকাশিভির্জয়শোভিভিঃ। সম্ভ্রান্তং ভয়বিচলিতম্ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শল্য ইতি ॥১—১৯॥ প্রস্কন্নাঃ প্রপন্নাঃ ॥২০—৩৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

তাহার পর বিশাল মদ্ররাজসৈন্য নিহত হইয়াছে দেখিয়া এবং বীর শল্য যুদ্ধে নিপাতিত হইয়াছেন দর্শন করিয়া দুর্য্যোধনের সমস্ত সৈন্যই পুনরায় পরাঙ্মুখ হইল ॥৩৬॥

মহারাজ! বিজয়শোভী ও দৃঢ়কার্ম্মুক পাণ্ডবেরা বধ করিতে লাগিলে, কৌরবসৈন্যেরা ভীত ও বিচলিত হইয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল' ॥৩৭॥

* '...অষ্টাদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...সপ্তদশোঽধ্যায়ঃ' নি। (১) পতিতে যুদ্ধদুর্দ্ধর্ষে...পি।

CENTRAL LIBRARY

মদ্ররাজে মহারাজ ! বিত্রস্তাঃ শরবিক্ষতাঃ ।
অনাথা নাথমিচ্ছন্তো মৃগাঃ সিংহার্দ্দিতা ইব ॥৩॥
বৃষা যথা ভগ্নশৃঙ্গাঃ শীর্ণদন্তা গজা ইব ।
মধ্যাহ্নে প্রত্যপায়াম নির্জিতাজাতশত্রুণা ॥৪॥ (যুগ্মকম্)
ন সন্ধাতুমনীকানি ন চ রাজন্ ! পরাক্রমে ।
আসীদ্‌বুদ্ধির্হতে শল্যে তব যোধস্য কস্যচিৎ ॥৫॥
ভীষ্মে দ্রোণে চ নিহতে সূতপুত্রে চ ভারত ! ।
যদ্‌দুঃখং তব যোধানাং ভয়ঞ্চাসীদ্বিশাংপতে ! ।
তদ্ভয়ং স চ নঃ শোকো ভূয় এবাভ্যবর্ত্তত ॥৬॥

ভারতকৌমুদী

পাতিত ইতি। বিমুখাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। নাবি নৌকায়াম্। অগাধে অতলস্পর্শে, অপ্লবে তরিরহিতে। মহাত্মনা যুধিষ্ঠিরেণ ॥১—২॥

মদ্রেতি। মদ্ররাজে হত ইতি শেষঃ, অনাথা রক্ষকশূন্যাঃ, নাথং রক্ষকম্। শীর্ণদন্তা ভগ্নদশনাঃ। প্রত্যপায়াম রণস্থলাদপাসরাম। নির্জিতাজাতশত্রুণেত্যত্রাপি বিসর্গলোপে সন্ধিরার্ষঃ ॥৩—৪॥

নেতি। সন্ধাতুং সংযোজয়িতুম্, অনীকানি কৌরবসৈন্যানি ॥৫॥

ভীষ্ম ইতি। সূতপুত্রে কর্ণে। যদ্‌যাদৃশম্। তত্তাদৃশম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! মহাত্মা যুধিষ্ঠির যুদ্ধে বীর, মহারথ ও দুর্দ্ধর্ষ শল্যকে নিপাতিত ও নিহত করিলে, নৌকা ভগ্ন হইলে, অতলস্পর্শ, তরিশূন্য ও অপার সমুদ্রে পারাভিলাষী বণিক্‌দিগের ন্যায় আপনার সৈন্যেরা ও পুত্রেরা প্রায়ই পরাঙ্মুখ হইলেন ॥১—২॥

মহারাজ ! মধ্যাহ্নকালে যুধিষ্ঠির শল্যকে বধ এবং আমাদিগকে জয় করিলে, আমরা বাণবিক্ষত ও ভীত হইয়া এবং রক্ষক না থাকায় রক্ষক পাইবার ইচ্ছা করিয়া সিংহপীড়িত হরিণগণ, ভগ্নশৃঙ্গ বৃষগণ ও ক্ষীণদন্ত হস্তিগণের ন্যায় রণস্থল হইতে অপসৃত হইলাম ॥৩—৪॥

রাজা ! শল্য নিহত হইলে, আপনার যোদ্ধাদের মধ্যে কাহারওই কৌরবসৈন্য-সংযোজন বা পরাক্রম প্রকাশ করিবার পক্ষে ইচ্ছা হইল না ॥৫॥

ভরতনন্দন নরনাথ ! ভীষ্ম, দ্রোণ ও কর্ণ নিহত হইলে, আপনার যোদ্ধাদের যেরূপ দুঃখ ও ভয় হইয়াছিল, আমাদের সেইরূপ দুঃখ, ভয় ও শোক পুনরায় উপস্থিত হইল ॥৬॥

(৪)···শীর্ণদংষ্ট্রা ইবোরগাঃ··· নির্জিতাস্তাত ! শত্রুভিঃ—পি।

CENTRAL LIBRARY

নিরাশাস্তু জয়ে তস্মিন্ হতে শল্যে মহারথে।
হতপ্রবীরা বিধ্বস্তা নিকৃত্তাশ্চ শিতৈঃ শরৈঃ।
মদ্ররাজে হতে রাজন্! যোধাস্তে প্রাদ্রবন্ ভয়াৎ ॥৭॥
অশ্বানন্যে গজানন্যে রথানন্যে মহারথাঃ।
আরুহ্য জবসম্পন্নাঃ পাদাতাঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥৮॥
দ্বিসাহস্রাশ্চ মাতঙ্গা গিরিরূপাঃ প্রহারিণঃ।
সম্প্রাদ্রবন্ হতে শল্যে অঙ্কুশাঙ্গুষ্ঠচোদিতাঃ ॥৯॥
তে রণাদ্ভরতশ্রেষ্ঠ! তাবকাঃ প্রাদ্রবন্ দিশঃ।
ধাবন্তশ্চাপ্যদৃশ্যন্ত শ্বসমানাঃ শরাহতাঃ ॥১০॥
তান্ প্রভগ্নান্ দ্রুতান্ দৃষ্ট্বা হতোৎসাহান্ পরাজিতান্।
অভ্যদ্রবন্ত পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চ জয়ৈষিণঃ ॥১১॥

ভারতকৌমুদী

নিরাশা ইতি। হতাঃ প্রবীরাঃ প্রধানবীরা যেষাং তে, নিকৃত্তাশ্ছিন্নাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

অশ্বানিতি। জবেন বেগেন সম্পন্নাঃ, পাদাতাঃ পদাতয়ঃ ॥৮॥

দ্বীতি। গিরিরূপাঃ পর্বতপ্রমাণাঃ। অঙ্কুশাঙ্গুষ্ঠাভ্যাং চোদিতাঃ প্রেরিতাঃ ॥৯॥

ত ইতি। শ্বসমানাঃ শ্বাসত্যাগং কুর্বাণাঃ ॥১০॥

তানিতি। দ্রুতান্ দ্রুতং পলায়মানান্। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥১১॥

রাজা! মহারথ সেই শল্য নিহত হইলে, আমরা জয়ে নিরাশ হইয়া গেলাম; আমাদের প্রধান প্রধান বীর নিহত হইয়াছিলেন, অনেকে বিধ্বস্ত ও সুধার বাণে ছিন্নাঙ্গ হইয়া গিয়াছিলেন এবং মদ্ররাজ নিহত হইলে যোদ্ধারাও পলায়ন করিতে লাগিলেন ॥৭॥

অনেকে অশ্বে, অনেকে হস্তীতে এবং বহু মহারথ রথে আরোহণ করিয়া আর পদাতিরাও ভয়ে বেগে পলায়ন করিতে থাকিলেন ॥৮॥

শল্য নিহত হইলে, পর্বতপ্রমাণ ও প্রহারনিপুণ দুই সহস্র হস্তী অঙ্কুশ ও অঙ্গুষ্ঠদ্বারা চালিত হইয়া পলাইতে থাকিল ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! আপনার সৈন্যেরা রণস্থল হইতে নানাদিকে ছুটিতে লাগিল এবং দেখা গেল—তাহারা বাণে বাণে আহত হইয়া শ্বাস ত্যাগ করিতে করিতে ছুটিতেছে ॥১০॥

তাহাদিগকে পরাজিত, নিরুৎসাহ, ভগ্ন ও দ্রুত পলায়মান দেখিয়া জয়াভিলাষী পাঞ্চাল ও পাণ্ডবেরা তাহাদের দিকে ধাবিত হইলেন ॥১১॥

CENTRAL LIBRARY

বাণশব্দবরশ্চাপি সিংহনাদশ্চ পুষ্কলঃ।
শঙ্খশব্দশ্চ শূরাণাং দারুণঃ সমপদ্যত ॥১২॥
দৃষ্ট্বা তু কৌরবং সৈন্যং ভয়ত্রস্তং প্রবিদ্রুতম্।
অন্যোন্যং সমভাষন্ত পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥১৩॥
অদ্য রাজা সত্যধৃতির্জিতামিত্রো যুধিষ্ঠিরঃ।
অদ্য দুর্য্যোধনো হীনো দীপ্তয়া নৃপতিশ্রিয়া ॥১৪॥
অদ্য শ্রুত্বা হতং পুত্রং ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
বিহ্বলঃ পতিতো ভূমৌ কিল্বিষং প্রতিপদ্যতাম্ ॥১৫॥
অদ্য জানাতু কৌন্তেয়ং সমর্থং সর্বধন্বিনাম্।
অদ্যাত্মানন্তু দুর্মেধা গর্হয়িষ্যতি পাপকৃৎ ॥১৬॥
অদ্য ক্ষত্তুর্বচঃ সত্যং স্মরতাং ব্রুবতো হিতম্।
অদ্য প্রভৃতি পার্থাংশ্চ প্রেষ্যভূত উপাচরন্।
বিজানাতু নৃপো দুঃখং যৎ প্রাপ্তং পাণ্ডুনন্দনৈঃ ॥১৭॥

ভারতকৌমুদী

বাণেতি। পুষ্কলঃ প্রচুরঃ। সমপদ্যত সমভবৎ ॥১২॥
দৃষ্ট্বেতি। ভয়েন ত্রস্তং বিহ্বলম্, প্রবিদ্রুতং দ্রুতং পলায়মানম্ ॥১৩॥
অদ্যেতি। সত্যা ধৃতির্ধৈর্য্যং যস্য সঃ, জিতাস্তমিত্রাণি শত্রবো যেন স জাতঃ ॥১৪॥
অদ্যেতি। কিল্বিষং নিজাপরাধম্, প্রতিপদ্যতাং মনসা স্বীকরোতু ॥১৫॥
অদ্যেতি। কৌন্তেয়মর্জ্জুনম্, সমর্থং প্রধানম্। দুর্মেধা দুর্বুদ্ধির্দুর্য্যোধনঃ ॥১৬॥
অদ্যেতি। ক্ষত্তুর্বিদুরস্য। প্রেষ্যভূতো দাসভূতঃ, উপাচরন্ সেবমানঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

তৎকালে পাণ্ডবপক্ষের বীরগণের মধ্যে গুরুতর বাণশব্দ, প্রচুর সিংহনাদ ও দারুণ শঙ্খধ্বনি হইতে লাগিল ॥১২॥

কৌরবসৈন্য ভয়ে আকুল হইয়া বেগে পলায়ন করিতেছে দেখিয়া পাঞ্চালেরা পাণ্ডবগণের সহিত পরস্পর বলাবলি করিতে থাকিলেন—॥১৩॥

আজ যথার্থধৈর্য্যশালী রাজা যুধিষ্ঠির শত্রুপক্ষকে জয় করিলেন এবং আজ দুর্য্যোধন উজ্জ্বল রাজলক্ষ্মীবিহীন হইলেন ॥১৪॥

অদ্য রাজা ধৃতরাষ্ট্র পুত্রকে নিহত শুনিয়া শোকে আকুল হইয়া ভূতলে পতিত হইবেন এবং মনে মনে নিজের অপরাধ স্বীকার করিবেন ॥১৫॥

আজ দুর্বুদ্ধি ও পাপকারী দুর্য্যোধন অর্জ্জুনকে সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ বলিয়া মনে করিবেন এবং আত্মনিন্দা করিবেন ॥১৬॥

CENTRAL LIBRARY

অদ্য কৃষ্ণস্য মাহাত্ম্যং জানাতু স মহীপতিঃ।
অদ্যার্জ্জুনধনুর্ঘোষং ঘোরং জানাতু সংযুগে।
অস্ত্রাণাঞ্চ বলং সর্বং বাহ্বোশ্চ বলমাহবে ॥১৮॥
অদ্য জ্ঞাস্যতি ভীমস্য বলং ঘোরং মহাত্মনঃ।
হতে দুর্য্যোধনে যুদ্ধে শক্রেণেবাসুরে বলে ॥১৯॥
যৎ কৃতং ভীমসেনেন দুঃশাসনবধে তদা।
নান্যঃ কর্ত্তাস্তি লোকেঽস্মিন্নৃতে ভীমং মহাবলম্ ॥২০॥
জানীতামদ্য জ্যেষ্ঠস্য পাণ্ডবস্য পরাক্রমম্।
মদ্ররাজং হতং শ্রুত্বা দেবৈরপি দুরাসদম্ ॥২১॥
অদ্য জ্ঞাস্যতি সংগ্রামে মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
নিহতে সৌবলে শূরে গান্ধারেষু চ সর্বশঃ ॥২২॥

ভারতকৌমুদী

অদ্যেতি। মহীপতির্দুর্য্যোধনঃ। অর্জ্জুনধনুষো ঘোষং শব্দম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৮॥
অদ্যেতি। জ্ঞাস্যতি ধৃতরাষ্ট্র ইতি শেষঃ। বলে সৈন্যে ॥১৯॥
যদিতি। যৎ বলপ্রদর্শনম্। কর্ত্তা তাদৃশবলপ্রদর্শনস্য। ঋতে বিনা ॥২০॥
জানীতামিতি। হতং জ্যেষ্ঠেন পাণ্ডবেন বিনাশিতম্ ॥২১॥
অদ্যেতি। জ্ঞাস্যতি দুর্য্যোধন ইতি শেষঃ। সৌবলে সুবলপুত্রে শকুনৌ ॥২২॥

আজ দুর্য্যোধন হিতবাদী বিদুরের বাক্য সত্য বলিয়া মনে করিবেন এবং তিনি আজ হইতে দাস হইয়া পাণ্ডবগণের সেবা করিতে থাকিয়া—পাণ্ডবেরা যে দুঃখ পাইয়াছিলেন, তাহা বুঝিবেন ॥১৭॥

আজ দুর্য্যোধন কৃষ্ণের মাহাত্ম্য জানিবেন এবং আজ যুদ্ধে অর্জ্জুনের ধনুর ভীষণ শব্দ, অস্ত্রের সমস্ত শক্তি ও বাহুবল অবগত হইবেন ॥১৮॥

ইন্দ্র যেমন অসুরসৈন্য বধ করিয়াছিলেন, সেইরূপ ভীমসেন যুদ্ধে দুর্য্যোধনকে বধ করিলে, আজ ধৃতরাষ্ট্র ভীমসেনের ভীষণ বলের বিষয় জানিবেন ॥১৯॥

ভীমসেন তখন দুঃশাসনবধের সময়ে যে শক্তি প্রদর্শন করিয়াছিলেন, মহাবল ভীমসেন ব্যতীত এই জগতে অন্য কোন ব্যক্তিই সেরূপ শক্তি প্রদর্শন করিতে পারে না ॥২০॥

আজ দেবগণেরও দুর্দ্ধর্ষ মদ্ররাজকে নিহত শুনিয়া ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরের পরাক্রম অবগত হউন ॥২১॥

বীর শকুনি ও সমস্ত গান্ধারসৈন্য নিহত হইলে, দুর্য্যোধন আজ নকুল ও সহদেবের বিক্রম জানিতে পারিবেন ॥২২॥

CENTRAL LIBRARY

কথং তেষাং জয়ো ন স্যাদ্‌যেষাং যোদ্ধা ধনঞ্জয়ঃ।
সাত্যকির্ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥২৩॥
দ্রৌপদীতনয়াঃ পঞ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
শিখণ্ডী চ মহেষ্বাসো রাজা চৈব যুধিষ্ঠিরঃ ॥২৪॥ (যুগ্মকম্)
যেষাঞ্চ জগতো নাথো নাথঃ কৃষ্ণো জনার্দ্দনঃ।
কথং তেষাং জয়ো ন স্যাদ্‌যেষাং ধর্ম্মো ব্যপাশ্রয়ঃ ॥২৫॥
ভীষ্মং দ্রোণঞ্চ কর্ণঞ্চ মদ্ররাজানমেব চ।
অথান্যান্ নৃপতীন্ সর্বান্ শতশোঽথ সহস্রশঃ ॥২৬॥
কোঽন্যঃ শক্তো রণে জেতুমৃতে পার্থাদ্‌যুধিষ্ঠিরাৎ।
যস্য নাথো হৃষীকেশঃ সদা ধর্ম্মযশোনিধিঃ ॥২৭॥ (যুগ্মকম্)
ইত্যেবং বদমানাস্তে হর্ষেণ মহতা যুতাঃ।
প্রণুন্নাংস্তাবকান্ যুদ্ধে সৃঞ্জয়াঃ পৃষ্ঠতোঽন্বয়ুঃ ॥২৮॥

ভারতকৌমুদী

কথমিতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥২৩—২৪॥
যেষামিতি। নাথঃ পতিঃ। ব্যপাশ্রয়ঃ অবলম্বনীভূতঃ ॥২৫॥
ভীষ্মমিতি। মদ্ররাজানমিত্যদন্তত্বাভাব আর্ষঃ। ঋতে বিনা ॥২৬—২৭॥
ইতীতি। বদমানা বদন্তঃ। প্রণুন্নান্ তাড়িতান্। অন্বয়ুরন্বগচ্ছন্ ॥২৮॥

ভীম, অর্জ্জুন, সাত্যকি, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পঞ্চ পুত্র, নকুল, সহদেব, মহাধনুর্দ্ধর শিখণ্ডী ও রাজা যুধিষ্ঠির যে পক্ষের যোদ্ধা, সে পক্ষের জয় হইবে না কেন ॥২৩—২৪॥

জগৎপতি জনার্দ্দন কৃষ্ণ যাঁহাদের রক্ষক এবং ধর্ম্মই যাঁহাদের অবলম্বন, তাঁহাদের জয় হইবে না কেন ॥২৫॥

ধর্ম্ম ও যশের সাগর স্বয়ং হৃষীকেশ যাঁহার রক্ষক, সেই যুধিষ্ঠিরভিন্ন অন্য কোন্ ব্যক্তি যুদ্ধে ভীষ্ম, দ্রোণ, কর্ণ, শল্য এবং অন্যান্য শত শত ও সহস্র সহস্র রাজাকে জয় করিতে পারে' ॥২৬—২৭॥

সেই সৃঞ্জয়েরা এইরূপ বলিতে থাকিয়া অত্যন্ত আনন্দিত হইয়া আপনার প্রহৃত সৈন্যের পশ্চাতে ধাবিত হইল ॥২৮॥

---

(২৬)···তথান্যান্···পি। (২৮)···মহতা বৃতাঃ···বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

ধনঞ্জয়ো রথানীকমভ্যবর্ত্তত বীর্য্যবান্।
মাদ্রীপুত্রৌ চ শকুনিং সাত্যকিশ্চ মহারথঃ ॥২৯॥
তান্ বীক্ষ্য দ্রবতঃ সর্বান্ ভীমসেনভয়ার্দ্দিতান্।
দুর্য্যোধনস্তদা সূতমব্রবীদ্বিস্ময়ন্নিব ॥৩০॥
মামতিক্রমতে পার্থো ধনুষ্পাণিরবস্থিতঃ।
জঘনে সর্বসৈন্যানাং মমাশ্বান্ প্রতিপাদয় ॥৩১॥
জঘনে বর্ত্তমানং হি কৌন্তেয়ো মাং ধনঞ্জয়ঃ।
নোৎসহেত ব্যতিক্রান্তুং বেলামিব মহোদধিঃ ॥৩২॥
পশ্য সৈন্যং মহৎ সূত! পাণ্ডবৈঃ সমভিদ্রুতম্।
সৈন্যরেণুং সমুদ্ভূতং পশ্যস্বৈনং সমন্ততঃ ॥৩৩॥
সিংহনাদাংশ্চ বহুশঃ শৃণু ঘোরান্ মহাভয়ান্।
তস্মাদ্যাহি শনৈঃ সূত! জঘনং প্রতিপালয়ন্ ॥৩৪॥

ভারতকৌমুদী

ধনঞ্জয় ইতি। রথানীকং কৌরবরথিসৈন্যম্ ॥২৯॥
তানিতি। দ্রবতঃ পলায়মানান্। সূতং সারথিম্, বিস্ময়ন্ বিস্মিতো ভবন্ ॥৩০॥
মামিতি। পার্থোঽর্জ্জুনঃ। জঘনে পশ্চাৎ। প্রতিপাদয় চালয় ॥৩১॥
জঘন ইতি। নোৎসহেত ন শক্নুয়াৎ, ব্যতিক্রান্তমতিক্রমিতুম্, বেলাং তীরম্ ॥৩২॥
পশ্যেতি। সমভিদ্রুতম্ আক্রান্তম্। সৈন্যরেণুং সৈন্যোত্থাপিতধূলিম্ ॥৩৩॥
সিংহেতি। ঘোরান্ মহতঃ। জঘনং পশ্চাদ্ভাগম্, প্রতিপালয়ন্ রক্ষন্ ॥৩৪॥

ওদিকে বলবান্ অর্জ্জুন রথী সৈন্যের দিকে এবং নকুল, সহদেব ও মহারথ সাত্যকি শকুনির প্রতি ধাবিত হইলেন ॥২৯॥

তখন ভীমের ভয়ে আকুল সেই সকল সৈন্যকে পলায়ন করিতে দেখিয়া দুর্য্যোধন যেন বিস্মিত হইয়া সারথিকে বলিলেন—॥৩০॥

'সারথি! ধনুর্দ্ধর অর্জ্জুন আমাকে অতিক্রম করিতেছে। অতএব তুমি সমস্ত সৈন্যের পশ্চাতে আমার অশ্বগুলিকে চালিত কর ॥৩১॥

আমি পশ্চাতে থাকিলে, সমুদ্র যেমন তীর অতিক্রম করিতে পারে না, অর্জ্জুনও তেমন আমাকে অতিক্রম করিতে পারিবে না ॥৩২॥

সারথি! দেখ—পাণ্ডবেরা আমার বিশাল সৈন্যকে আক্রমণ করিয়াছে; আরও দেখ—সকল দিকে এই সৈন্যের ধূলি উঠিয়াছে ॥৩৩॥

সারথি! শোন—অতিভয়ানক বহুতর বিশাল সিংহনাদ হইতেছে। অতএব সৈন্যের পশ্চাদ্ভাগ রক্ষা করিবার জন্য ধীরে ধীরে যাও ॥৩৪॥

ময়ি স্থিতে চ সমরে যুধ্যমানে চ পাণ্ডবম্ ।
পুনরাবর্ত্ততে সূত ! মামকং বলমোজসা ॥৩৫॥
তচ্ছ্রুত্বা তব পুত্রস্য শূরার্য্যসদৃশং বচঃ ।
সারথির্হেমসংছন্নান্ শনৈরশ্বানচোদয়ৎ ॥৩৬॥
গজাশ্বরথিভির্হীনাস্ত্যক্তাত্মানঃ পদাতয়ঃ ।
একবিংশতিসাহস্রাঃ সংযুগায়াবতস্থিরে ॥৩৭॥
নানাদেশসমুদ্ভূতা নানানগরবাসিনঃ ।
ব্যবস্থিতাস্তদা যোধাঃ প্রার্থয়ন্তো মহদ্‌যশঃ ॥৩৮॥
তেষামাপততাং তত্র সংহৃষ্টানাং পরস্পরম্ ।
সংমর্দ্দঃ সুমহান্ জজ্ঞে ঘোররূপো ভয়ানকঃ ॥৩৯॥
ভীমসেনস্তদা রাজন্ ! ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
বলেন চতুরঙ্গেন নানাদেশ্যানবারয়ৎ ॥৪০॥

ভারতকৌমুদী

ময়ীতি। পাণ্ডবমর্জ্জুনম্। আবর্ত্ততে আবর্ত্তিষ্যতে। ওজসা তেজসা ॥৩৫॥
তদিতি। শূরশ্চাসৌ আর্য্যঃ সজ্জনশ্চেতি তস্য সদৃশমুপযুক্তম্ ॥৩৬॥
গজেতি। ত্যক্তা আত্মান আত্মমমতা যৈস্তে। সংযুগায় যুদ্ধায় ॥৩৭॥
নানেতি। মহদ্‌যশঃ প্রার্থয়ন্তো মহতা যুদ্ধেনেতি শেষঃ ॥৩৮॥
তেষামিতি। তেষামুভয়সৈন্যানাম্। সংমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ ॥৩৯॥
ভীমেতি। চত্বারি অঙ্গানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি যস্য তেন ॥৪০॥

সারথি ! আমি রণস্থলে থাকিলে এবং অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলে, আমার সৈন্যেরা অবশ্যই তেজের সহিত আবার ফিরিবে' ॥৩৫॥

মহারাজ ! আপনার পুত্রের সেই বীর ও সজ্জনের উপযুক্ত বাক্য শুনিয়া সারথি স্বর্ণজালাবৃত অশ্বগণকে ধীরে ধীরে চালাইতে লাগিল ॥৩৬॥

তখন হস্তী, অশ্ব ও রথিশূন্য আত্মমমতাত্যাগী একবিংশতি সহস্র পদাতি যুদ্ধ করিবার জন্য দাঁড়াইল ॥৩৭॥

ওদিকেও নানাদেশজাত এবং নানানগরবাসী যোদ্ধারা মহাযশ কামনা করিয়া যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥৩৮॥

ক্রমে হৃষ্টচিত্ত সেই উভয় সৈন্য পরস্পর অগ্রসর হইলে, তাহাদের গুরুতর ও অতিভীষণ সংঘর্ষ লাগিয়া গেল ॥৩৯॥

(৩৬)···শূরাগ্র্যসদৃশম্···পি।

CENTRAL LIBRARY

ভীমমেবাভ্যবর্ত্তন্ত রণেঽন্যে তু পদাতয়ঃ।
প্রক্ষ্বেড়াস্ফোটসংহৃষ্টা বীরলোকং যিযাসবঃ ॥৪১॥
আসাদ্য ভীমসেনন্তু সংরব্ধা যুদ্ধদুর্ম্মদাঃ।
ধার্ত্তরাষ্ট্রা বিনেদুর্হি নান্যাঞ্চাকথয়ন্ কথাম্।
পরিবার্য্য রণে ভীমং নিজঘ্নুস্তে সমন্ততঃ ॥৪২॥
স বধ্যমানঃ সমরে পদাতিগণসংবৃতঃ।
ন চচাল ততঃ স্থানান্মৈনাক ইব পর্বতঃ ॥৪৩॥
তে তু ক্রুদ্ধা মহারাজ! পাণ্ডবানাং মহারথম্।
নিগ্রহীতুং প্রচক্রুহি যোধাংশ্চান্যানবারয়ন্ ॥৪৪॥
অক্রুধ্যত রণে ভীমস্তৈ রথৈঃ পর্য্যুপস্থিতৈঃ।
সোঽবতীর্য্য রথাত্তূর্ণং পদাতিঃ সমুপস্থিতঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

ভীমমিতি। প্রক্ষ্বেড়া সিংহনাদ আস্ফোটো বাহ্বাস্ফোটনঞ্চ তাভ্যাং সংহৃষ্টাঃ ॥৪১॥
আসাদ্যেতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। বিনেদুঃ সিংহনাদং চক্রুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। মৈনাকো নাম ॥৪৩॥
ত ইতি। মহারথং ভীমম্। প্রচক্রুশ্চেষ্টামিতি শেষঃ ॥৪৪॥
অক্রুধ্যতেতি। পদাতিঃ পাদচারী সন্, সমুপস্থিতঃ তান্ হন্তুং গতঃ ॥৪৫॥

রাজা! তখন ভীমসেন ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন চতুরঙ্গ সৈন্য লইয়া নানাদেশীয় বীরগণকে বারণ করিতে লাগিলেন ॥৪০॥

তৎকালে অন্য পদাতিরা সিংহনাদ ও বাহ্বাস্ফোটনে আনন্দিত হইয়া বীরলোকে যাইবার ইচ্ছা করিয়া যুদ্ধে ভীমেরই অভিমুখবর্ত্তী হইল ॥৪১॥

ক্রুদ্ধ ও যুদ্ধদুর্দ্ধর্ষ সেই সৈন্যেরা ভীমসেনকে পাইয়া কেবল সিংহনাদই করিতে লাগিল, কিন্তু অন্য কোন কথাই বলিল না এবং তাহারা পরিবেষ্টন করিয়া সকল দিক্ হইতে ভীমসেনকে আঘাত করিতে থাকিল ॥৪২॥

ভীমসেন যুদ্ধে আহত হইতে থাকিয়াও পদাতিগণে পরিবেষ্টিত হইয়া মৈনাক-পর্বতের ন্যায় সে স্থান হইতে সরিলেন না ॥৪৩॥

মহারাজ! তাহারা ক্রুদ্ধ হইয়া পাণ্ডবপক্ষের মহারথ ভীমকে নিগ্রহ করিবার চেষ্টা করিতে লাগিল এবং অন্যান্য যোদ্ধাকে বারণ করিতে থাকিল ॥৪৪॥

সেই রথীরা সেইভাবে আসিলে ভীম ক্রুদ্ধ হইলেন এবং তিনি সত্বর রথ হইতে অবতীর্ণ হইয়া পাদচারী অবস্থাতেই ধাবিত হইলেন ॥৪৫॥

CENTRAL LIBRARY

জাতরূপপ্রতিচ্ছন্নাং প্রগৃহ্য মহতীং গদাম্ ।
অবধীত্তাবকান্ যোধান্ দণ্ডপাণিরিবান্তকঃ ॥৪৬॥
রথাশ্বদ্বিপহীনাংস্তু তান্ ভীমো গদয়া বলী ।
একবিংশতিসাহস্রান্ পদাতীনবপোথয়ৎ ॥৪৭॥
হত্বা তৎ পুরুষানীকং ভীমঃ সত্যপরাক্রমঃ ।
ধৃষ্টদ্যুম্নং পুরস্কৃত্য নচিরাৎ প্রত্যদৃশ্যত ॥৪৮॥
পাদাতা নিহতা ভূমৌ শিশ্যিরে রুধিরোক্ষিতাঃ ।
সংভগ্না ইব বাতেন কর্ণিকারাঃ সুপুষ্পিতাঃ ॥৪৯॥
নানাপুষ্পস্রজোপেতা নানাকুণ্ডলধারিণঃ ।
নানাজাত্যা হতাস্তত্র নানাদেশসমাগতাঃ ॥৫০॥
পতাকাধ্বজসংছন্নং পদাতীনাং মহদ্বলম্ ।
নিকৃত্তং বিবভৌ রৌদ্রং ঘোররূপং ভয়ানকম্ ॥৫১॥

ভারতকৌমুদী

জাতেতি। জাতরূপপ্রতিচ্ছন্নাং স্বর্ণপট্টাবৃতাম্ ॥৪৬॥
রথেতি। অবপোথয়ৎ নিষ্পিষ্টবান্। অড়াগমাভাব আর্ষঃ ॥৪৭॥
হত্বেতি। হে পুরুষ! মহাপুরুষ!। নচিরাৎ শীঘ্রমেব ॥৪৮॥
পাদাতা ইতি। শিশ্যিরে সুষুপুঃ। কর্ণিকারাঃ স্বনামখ্যাতা বৃক্ষাঃ ॥৪৯॥
নানেতি। স্রজেতি ক্ষুদেত্যাদিবৎ টাবন্তঃ। নানাজাতিষু জাতা ইতি তে ॥৫০॥
পতাকেতি। নিকৃত্তং ছিন্নম্। রৌদ্রমিত্যাদ্যেকার্থে পদত্রয়মার্ষত্বাৎ সোঢ়ব্যম্ ॥৫১॥

এবং তিনি স্বর্ণপট্টাবৃত বিশাল গদা ধারণ করিয়া দণ্ডপাণি যমের ন্যায় সেই যোদ্ধাদিগকে বধ করিতে লাগিলেন ॥৪৬॥

বলবান্ ভীমসেন গদাদ্বারা হস্তী, অশ্ব ও রথবিহীন সেই একবিংশতি সহস্র পদাতিকে নিষ্পেষিত করিলেন ॥৪৭॥

মহাপুরুষ! যথার্থপরাক্রমশালী ভীমসেন এইভাবে সেই সৈন্য সংহার করিয়া ধৃষ্টদ্যুম্নকে সম্মুখে রাখিয়া অচিরকালমধ্যেই দৃষ্টিগোচর হইলেন ॥৪৮॥

বায়ুভগ্ন পুষ্পযুক্ত কর্ণিকারবৃক্ষসমূহের ন্যায় পদাতিগণ নিহত ও রক্তসিক্ত হইয়া শয়ন করিল ॥৪৯॥

নানাপুষ্পমালাসমন্বিত, নানাবিধকুণ্ডলধারী, নানাজাতীয় ও নানাদেশ হইতে সমাগত সেই পদাতিরা তখন নিহত হইয়াছিল ॥৫০॥

পতাকা ও ধ্বজে আবৃত সেই বিশাল পদাতিসৈন্য তখন নিহত হইয়া ভীষণভাবে প্রকাশ পাইতেছিল ॥৫১॥

যুধিষ্ঠিরপুরোগাস্তু সহসৈন্যা মহারথাঃ।
অন্বধাবন্ মহাত্মানং পুত্রং দুর্য্যোধনং তব ॥৫২॥
তে সর্বে তাবকান্ দৃষ্ট্বা মহেষ্বাসাঃ পরাঙ্মুখান্।
নাভ্যবর্ত্তন্ত তে পুত্রং বেলেব মকরালয়ম্ ॥৫৩॥
তদদ্ভুতমপশ্যাম তব পুত্রস্য পৌরুষম্।
যদেকং সহিতাঃ পার্থা ন শেকুরতিবর্ত্তিতুম্ ॥৫৪॥
নাতিদূরাপযাতস্তু কৃতবুদ্ধিং পলায়নে।
দুর্য্যোধনঃ স্বকং সৈন্যমব্রবীদ্ভৃশবিক্ষতম্ ॥৫৫॥
ন তং দেশং প্রপশ্যামি পৃথিব্যাং পর্বতেষু বা।
যত্র যাতান্ ন বো হন্যুঃ পাণ্ডবাঃ কিং স্থতেন বঃ ॥৫৬॥
অল্পঞ্চ বলমেতেষাং কৃষ্ণৌ চ ভৃশবিক্ষতৌ।
যদি সর্বেঽত্র তিষ্ঠামো ধ্রুবং নো বিজয়ো ভবেৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

যুধীতি। যুধিষ্ঠিরস্য পুরোগা অগ্রগামিনঃ। মহাত্মানং মহাবলম্ ॥৫২॥
ত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥৫৩॥
তদিতি। পৌরুষং শক্তিম্। অতিবর্ত্তিতুমতিক্রমিতুম্ ॥৫৪॥
নেতি। "সেনায়াং সমবেতা যে সৈন্যাস্তে সৈনিকাশ্চ তে" ইত্যমরোক্তেঃ পুংস্ত্বম্ ॥৫৫॥
নেতি। বো যুষ্মান্। স্থতেন অপসরণেন, বো যুষ্মাকম্ ॥৫৬॥
অল্পমিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। নঃ অস্মাকম্ ॥৫৭॥

রাজা! অপর দিকে যুধিষ্ঠিরের অগ্রগামী মহারথেরা সৈন্যগণের সহিত মিলিত হইয়া আপনার পুত্র মহাবল দুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন ॥৫২॥

সেই মহাধনুর্দ্ধরেরা সকলে আপনার সৈন্যগণকে পরাঙ্মুখ দেখিয়াও তীর যেমন সমুদ্রের দিকে যাইতে পারে না, তেমন আপনার পুত্রের দিকে যাইতে পারিলেন না ॥৫৩॥

তখন আমরা আপনার পুত্রের অদ্ভুত পুরুষকার দেখিলাম; যে হেতু পাণ্ডবেরা মিলিত হইয়াও এক দুর্য্যোধনকে অতিক্রম করিতে পারিলেন না ॥৫৪॥

তখন দুর্য্যোধন অনতিদূরগত, পলায়নাভিলাষী ও অত্যন্ত ক্ষত-বিক্ষত আপন সৈন্যগণকে বলিলেন—॥৫৫॥

'পৃথিবীতে বা পর্ব্বতে তেমন স্থান দেখি না, যেখানে গেলে পাণ্ডবেরা তোমাদিগকে বধ করিবে না। অতএব তোমাদের অপসরণে ফল কি ॥৫৬॥

(৫৩) নাত্যবর্ত্তন্ত তে পুত্রম্…পি।

CENTRAL LIBRARY

বিপ্রযাতাংস্ত বো ভিন্নান্ পাণ্ডবাঃ কৃতকিল্বিষাঃ।
অনুসৃত্য হনিষ্যন্তি শ্রেয়ো নঃ সমরে স্থিতম্ ॥৫৮॥
শৃণুধ্বং ক্ষত্রিয়াঃ সর্বে! যাবন্তোঽত্র সমাগতাঃ।
যদা শূরঞ্চ ভীরুঞ্চ মারয়ত্যন্তকঃ সদা।
কো নু মূঢ়ো ন যুধ্যেত পুরুষঃ ক্ষত্রিয়ব্রুবঃ ॥৫৯॥
শ্রেয়ো নো ভীমসেনস্য ক্রুদ্ধস্য প্রমুখে স্থিতম্।
সুখঃ সাংগ্রামিকো মৃত্যুঃ ক্ষত্রধর্ম্মেণ যুধ্যতাম্ ॥৬০॥
জিত্বেহ সুখমাপ্নোতি হতঃ প্রেত্য মহাফলম্।
ন যুদ্ধধর্ম্মাচ্ছ্রেয়ান্ বৈ পন্থাঃ স্বর্গস্য কৌরবাঃ!।
অচিরেণৈব তাল্লোঁকান্ হতা যুদ্ধে হ্যবাপ্স্যথ ॥৬১॥
শ্রুত্বা তু বচনং তস্য পূজয়িত্বা চ পার্থিবাঃ।
পুনরেবান্ববর্ত্তন্ত পাণ্ডবানাততায়িনঃ ॥৬২॥

ভারতকৌমুদী

বিপ্রেতি। বিপ্রযাতান্ অপসৃতান্। কৃতকিল্বিষাঃ পলায়মানবধাৎ কৃতপাপাঃ ॥৫৮॥
শৃণুধ্বমিতি। অন্তকো যমঃ। ক্ষত্রিয়মাত্মানং ব্রবীতি সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥
শ্রেয় ইতি। নঃ অস্মাকম্। স্থিতমবস্থানম্। যুধ্যতাং যুধ্যমানানাম্ ॥৬০॥
জিত্বেতি। প্রেত্য পরলোকে, মহাফলং স্বর্গরূপম্। লোকান্ স্বর্গান্। ষট্পাদঃ ॥৬১॥

পাণ্ডবপক্ষের সৈন্য অল্পই আছে, আবার কৃষ্ণ এবং অর্জ্জুনও অত্যন্ত ক্ষত-বিক্ষত হইয়াছে। এ অবস্থায় আমরা সকলেই যদি এখানে থাকি, তাহা হইলে নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥৫৭॥

তোমরা বিশ্লিষ্ট হইয়া পলায়ন করিলে, পাপকারী পাণ্ডবেরা অনুসরণ করিয়া তোমাদিগকে বধ করিবে। অতএব আমাদের রণস্থলে থাকাই ভাল ॥৫৮॥

যত ক্ষত্রিয় এখানে আসিয়াছেন, তাঁহারা সকলেই শ্রবণ করুন—যম যখন চিরদিনই বীর ও ভীরু উভয়কেই বিনাশ করেন, তখন ক্ষত্রিয়াভিমানী কোন্ মূঢ় ব্যক্তি যুদ্ধ না করে ॥৫৯॥

ক্রুদ্ধ ভীমের সম্মুখে থাকাই আমাদের ভাল। কারণ, ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে রণস্থলে যুধ্যমান অবস্থাতে মৃত্যুই সুখজনক ॥৬০॥

কৌরবগণ! ক্ষত্রিয় জয় করিয়া ইহলোকে সুখ পায় এবং নিহত হইয়া পরলোকে মহাফল লাভ করে। অতএব ক্ষত্রিয়ের পক্ষে যুদ্ধ ব্যতীত স্বর্গের ভাল পথ আর নাই। অতএব আপনারা যুদ্ধে নিহত হইলে, শীঘ্রই স্বর্গলাভ করিবেন' ॥৬১॥

তানাপতত এবাশু ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
প্রত্যুদ্যযুস্তদা পার্থা জয়গৃদ্ধাঃ প্রমন্যবঃ ॥৬৩॥
ধনঞ্জয়ো রথেনাজাবভ্যবর্ত্তত বীর্য্যবান্।
বিশ্রুতং ত্রিষু লোকেষু গাণ্ডীবং ব্যাক্ষিপন্ ধনুঃ ॥৬৪॥
মাদ্রীপুত্রৌ তু শকুনিং সাত্যকিশ্চ মহাবলঃ।
জবেনাভ্যপতন্ বীরা যতো বৈ তাবকং বলম্ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

অষ্টাদশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

সন্নিবৃত্তে বলৌঘে তু শাল্বো ম্লেচ্ছগণাধিপঃ।
অভ্যধাবত সংক্রুদ্ধঃ পাণ্ডূনাং সুমহদ্বলম্ ॥১॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। পূজয়িত্বা যুক্তিযুক্তত্বাৎ প্রশস্য। আততায়িনঃ শস্ত্রপাণীন্ ॥৬২॥
তানিতি। ব্যূঢ়ানীকাঃ সজ্জিতসৈন্যাঃ। জয়গৃদ্ধা জয়াভিলাষিণঃ, প্রমন্যবো ভৃশক্রুদ্ধাঃ ॥৬৩॥
ধনঞ্জয় ইতি। আজৌ যুদ্ধে। বিশ্রুতং প্রথিতম্। ব্যাক্ষিপন্নাকর্ষন্ ॥৬৪॥
মাদ্রীতি। জবেন বেগেন। যতো যত্র, বলং সৈন্যম্ ॥৬৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

ক্ষত্রিয়েরা দুর্য্যোধনের সেই বাক্য শুনিয়া তাহার প্রশংসা করিয়া পুনরায় অস্ত্রধারী পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

তাঁহারা আসিতে লাগিলে, প্রহারনিপুণ, জয়াভিলাষী ও সাতিশয় ক্রুদ্ধ পাণ্ডবেরা সত্বর সৈন্য সজ্জিত করিয়া তাঁহাদের প্রত্যুদ্গমন করিলেন ॥৬৩॥

বলবান্ অর্জ্জুনও ত্রিভুবনবিখ্যাত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিয়া রথারোহণে যুদ্ধে কৌরবগণের অভিমুখবর্ত্তী হইলেন ॥৬৪॥

মহারাজ! আর নকুল ও সহদেব শকুনির দিকে এবং আপনার সৈন্য যে দিকে ছিল, সেই দিকে মহাবল সাত্যকি ও অন্যান্য বীরেরা বেগে ধাবিত হইলেন' ॥৬৫॥

* '...ঊনবিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...অষ্টাদশোঽধ্যায়ঃ'...নি।

আস্থায় সুমহানাগং প্রভিন্নং পর্বতোপমম্।
দৃপ্তমৈরাবণপ্রখ্যমমিত্রগণমর্দ্দনম্ ॥২॥ (যুগ্মকম্)
যোঽসৌ মহাভদ্রকুলে প্রসূতঃ সুপূজিতো ধার্ত্তরাষ্ট্রেণ নিত্যম্।
সুকল্পিতঃ শাস্ত্রবিনিশ্চয়জ্ঞৈঃ সদোপবাহ্যঃ সমরেষু রাজন্!।
তমাস্থিতো রাজবরো বভূব যথোদয়স্থঃ সবিতা ক্ষপান্তে ॥৩॥
স তেন নাগপ্রবরেণ রাজন্নভ্যুদ্যযৌ পাণ্ডুসুতান্ সমন্তাৎ।
শিতৈঃ পৃষৎকৈর্বিদদার চাপি মহেন্দ্রবজ্রপ্রতিমৈঃ সুঘোরৈঃ ॥৪॥
ততঃ শরান্ বৈ সৃজতো মহারণে যোধাংশ্চ রাজন্! নয়তো যমায়।
নাস্যান্তরং দদৃশুঃ স্বে পরে বা যথা পুরা বজ্রধরস্য দৈত্যাঃ ॥৫॥

ভারতকৌমুদী

সমিতি। বলৌঘে কৌরবসৈন্যসমূহে। আস্থায় আরুহ্য, সুমহানাগম্ অতিবিশালং গজম্, প্রভিন্নং মদস্রাবিণম্। দৃপ্তং দর্পান্বিতম্, ঐরাবণপ্রখ্যমৈরাবততুল্যম্ ॥১—২॥

য ইতি। প্রসূত উৎপন্নঃ, সুপূজিতঃ সেবিতঃ। সুকল্পিতঃ সুসজ্জিতঃ, শাস্ত্রবিনিশ্চয়জ্ঞৈর্নিশ্চয়েন গজশাস্ত্রজ্ঞৈঃ। রাজবরঃ শাল্বঃ। ক্ষপান্তে রাত্র্যবসানে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

স ইতি। শিতৈঃ সুধারৈঃ, পৃষৎকৈর্বাণৈঃ। বিদদার পাণ্ডুসুতানেব ॥৪॥

তত ইতি। সৃজতঃ ক্ষিপতঃ। অন্তরং ছিদ্রম্, স্বে পরে চ পক্ষাঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কৌরবসৈন্যেরা ফিরিলে, ম্লেচ্ছাধিপতি শাল্ব অত্যন্ত ক্রুদ্ধ হইয়া মদস্রাবী, পর্ব্বতপ্রমাণ, দর্পিত ও ঐরাবততুল্য শত্রুমর্দ্দক অতি-বিশাল হস্তীতে আরোহণ করিয়া পাণ্ডবগণের বিশাল সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১—২॥

রাজা! যে হস্তী মহাভদ্রনামক হস্তীর বংশে জন্মিয়াছিল, দুর্য্যোধন সর্বদা যাহার সেবা করিতেন, বিশেষভাবে গজশাস্ত্রজ্ঞ লোকেরা যাহাকে সুসজ্জিত করিত এবং সর্ব্বদা যুদ্ধে যাহাকে বাহন করা হইত, সূর্য্য যেমন রাত্রিশেষে উদয়পর্ব্বতে আরোহণ করেন, সেইরূপ রাজশ্রেষ্ঠ শাল্ব সেই হস্তীতে আরোহণ করিয়াছিলেন ॥৩॥

রাজা! শাল্ব সেই হস্তীতে আরোহণ করিয়া পাণ্ডবগণের দিকে গমন করিলেন এবং ইন্দ্রের বজ্রের তুল্য অতিভীষণ বাণসমূহদ্বারা সকল দিকে তাঁহাদিগকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥৪॥

(৫)···ঐরাবণস্থস্য চমূবিমর্দ্দে চৈত্যাঃ পুরা বাসবস্যেব রাজন্!—ইতি পাদদ্বয়মধিকং পি বঙ্গ বর্দ্ধ নি।

তে পাণ্ডবাঃ সোমকসৃঞ্জয়াশ্চ তমেকনাগং দদৃশুঃ সমন্তাৎ।
সহস্রশো বৈ বিচরন্তমেকং যথা মহেন্দ্রস্য গজং সমীকে ॥৬॥
সংদ্রাব্যমাণন্তু বলং পরেষাং পরীতকল্পং বিবভৌ সমন্তাৎ।
নৈবাবতস্থে সমরে ভৃশং ভয়াদ্বিমৃদ্যমানন্তু পরস্পরং তদা ॥৭॥
ততঃ প্রভগ্না সহসা মহাচমূঃ সা পাণ্ডবী তেন নরাধিপেন।
দৃষ্ট্বা চ তাং বেগবতীং প্রভগ্নাং সর্বে ত্বদীয়া যুধি যোধমুখ্যাঃ।
সম্পূজয়ন্তশ্চ নরাধিপং তে শঙ্খান্ প্রদধ্মুঃ শশিসন্নিকাশান্ ॥৮॥
শ্রুত্বা নিনাদন্ত্বথ কৌরবাণাং হর্ষাদ্বিমুক্তং সহ শঙ্খশব্দৈঃ।
সেনাপতিঃ পাণ্ডবসৃঞ্জয়ানাং পাঞ্চালপুত্রো ন মমর্ষ কোপাৎ ॥৯॥

ভারতকৌমুদী

ত ইতি। একনাগমদ্বিতীয়গজম্। সহস্রশঃ সহস্রং সহস্রমিব। সমীকে যুদ্ধে ॥৬॥

সমিতি। সংদ্রাব্যমাণং নিপীড্যমানম্। পরীতকল্পং পরিবেষ্টিততুল্যম্ ॥৭॥

তত ইতি। তেন শাল্বেন। শশিসন্নিকাশান্ চন্দ্রতুল্যান্ শুভ্রান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

শ্রুত্বেতি। বিমুক্তং কৃতম্। পাঞ্চালপুত্রো ধৃষ্টদ্যুম্নঃ, মমর্ষ সেহে ॥৯॥

রাজা! ক্রমে তিনি বাণক্ষেপ করিতে থাকিলেন এবং পাণ্ডবসৈন্যগণকে যমালয়ে পাঠাইতে লাগিলেন। পূর্ব্বকালে দৈত্যেরা যেমন ইন্দ্রের ছিদ্র দেখিত না, তেমন স্বপক্ষ বা বিপক্ষেরা তখন শাল্বেরও ছিদ্র দেখিল না ॥৫॥

পাণ্ডব, সোমক ও সৃঞ্জয়েরা ক্রমে দেখিতে লাগিলেন—ইন্দ্রের হস্তী যেমন সকল দিকে বিচরণ করিত, সেইরূপ একমাত্র সেই অদ্বিতীয় হস্তীটা সহস্র সহস্র হইয়াই যেন বিচরণ করিতেছে ॥৬॥

ক্রমে সেই হাতীটা মর্দ্দন করিতে লাগিলে, পাণ্ডব সৈন্য যেন হস্তিবেষ্টিত হইয়া প্রকাশ পাইতে লাগিল। সুতরাং তখন পাণ্ডবসৈন্য পরস্পর সংঘর্ষে মর্দ্দিত হইয়া অত্যন্ত ভয়বশতঃ আর যুদ্ধে থাকিতে পারিল না ॥৭॥

পরে শাল্বরাজা সত্বরই সেই বিশাল পাণ্ডবসৈন্য ভগ্ন করিয়া ফেলিলেন। রাজা! তখন আপনার পক্ষের প্রধান যোদ্ধারা পাণ্ডবসৈন্যকে ভগ্ন ও বেগে পলায়মান দেখিয়া শাল্বের প্রশংসা করিতে লাগিলেন এবং চন্দ্রের তুল্য শুভ্রবর্ণ শঙ্খ বাজাইতে থাকিলেন ॥৮॥

তাহার পর শঙ্খধ্বনির সহিত কৌরবগণের সানন্দ সিংহনাদ শুনিয়া পাণ্ডব ও সৃঞ্জয়গণের সেনাপতি ধৃষ্টদ্যুম্ন ক্রোধবশতঃ তাহা সহ্য করিলেন না ॥৯॥

(৬)…গজং সমীপে—পি নি। (৭)…পরেতকল্পম্…পি।

CENTRAL LIBRARY

ততস্তু তং বৈ দ্বিরদং মহাত্মা প্রত্যুদ্যযৌ ত্বরমাণো জয়ায়।
জম্ভো যথা শক্রসমাগমে বৈ নাগেন্দ্রমৈরাবণমিন্দ্রবাহ্যম্ ॥১০॥
তমাপতন্তং সহসা তু দৃষ্ট্বা পাঞ্চালপুত্রং যুধি রাজসিংহঃ।
তং বৈ দ্বিপং প্রেষয়ামাস তূর্ণং বধায় রাজন্! দ্রুপদাত্মজস্য ॥১১॥
স তং দ্বিপং সহসাভ্যাপতন্তমবিধ্যদগ্নিপ্রতিমৈঃ পৃষৎকৈঃ।
কর্ম্মারধৌতৈর্নিশিতৈর্দ্বলদ্ভির্নারাচমুখ্যৈস্ত্রিভিরুগ্রবেগৈঃ ॥১২॥
ততোঽপরান্ পঞ্চ শিতান্ মহাত্মা নারাচমুখ্যান্ বিসসর্জ কুম্ভে।
স তৈস্তু বিদ্ধঃ পরমদ্বিপো রণে তদা পরাবৃত্য ভৃশং প্রদুদ্রুবে ॥১৩॥
তং নাগরাজং সহসা প্রণুন্নং বিদ্রাব্যমাণঞ্চ নিগৃহ্য শাল্বঃ।
তোত্রাঙ্কুশৈঃ প্রেষয়ামাস তূর্ণং পাঞ্চালরাজস্য রথং প্রদিশ্য ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। জম্ভো নামাসুরঃ। ঐরাবণমৈরাবতম্ ॥১০॥
তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। রাজসিংহো রাজশ্রেষ্ঠঃ শাল্বঃ ॥১১॥
স ইতি। স দ্রুপদাত্মজঃ। পৃষৎকৈর্বাণৈঃ। কর্ম্মারধৌতৈঃ শিল্পিমার্জিতৈঃ ॥১২॥
তত ইতি। শিতান্ সুধারান্। প্রদুদ্রুবে পলায়াঞ্চক্রে ॥১৩॥
তমিতি। প্রণুন্নং পলায়িতম্, বিদ্রাব্যমাণং পীড্যমানম্। তোত্রাঙ্কুশৈর্ব্যথাজনকাঙ্কুশ-প্রহারৈঃ। পাঞ্চালরাজস্য ধৃষ্টদ্যুম্নস্য, প্রদিশ্য উদ্দিশ্য ॥১৪॥

ক্রমে জম্ভাসুর যেমন ইন্দ্রের সহিত যুদ্ধে ইন্দ্রবাহন হস্তিশ্রেষ্ঠ ঐরাবতের দিকে ধাবিত হইয়াছিল, সেইরূপ মহাবল ধৃষ্টদ্যুম্ন ত্বরান্বিত হইয়া জয় করিবার জন্য সেই হস্তীর দিকে ধাবিত হইলেন ॥১০॥

রাজা! ধৃষ্টদ্যুম্ন বেগে আসিতেছেন দেখিয়া রাজশ্রেষ্ঠ শাল্ব তাঁহাকে বধ করিবার জন্য সেই হাতীটাকে বেগে চালাইয়া দিলেন ॥১১॥

সেই হাতীটা বেগে আসিতে লাগিলে, ধৃষ্টদ্যুম্ন শিল্পিমার্জিত, সুধার, অগ্নির ন্যায় উজ্জ্বল ও ভীষণবেগশালী তিনটা উত্তম নারাচদ্বারা সেটাকে বিদ্ধ করিলেন ॥১২॥

তৎপরে আবার ধৃষ্টদ্যুম্ন সেই হাতীটার কুম্ভদেশে অপর পাঁচটা সুধার নারাচ নিক্ষেপ করিলেন; তখন সেই বিশাল হস্তী সেই সকল অস্ত্রে বিদ্ধ হইয়া ফিরিয়া বেগে পলায়ন করিতে লাগিল ॥১৩॥

সেই হস্তিশ্রেষ্ঠ নিপীড়িত হইয়া পলায়ন করিতে লাগিলে, শাল্ব বেদনাজনক অঙ্কুশপ্রহারে সেটাকে থামাইয়া ধৃষ্টদ্যুম্নের রথের উদ্দেশে সেটাকে সত্বর প্রেরণ করিলেন ॥১৪॥

(১৩)···পঞ্চশতান্···পি।

CENTRAL LIBRARY

দৃষ্ট্বাপতন্তং সহসা তু নাগং ধৃষ্টদ্যুম্নঃ স্বরথাচ্ছীঘ্রমেব।
গদাং প্রগৃহ্যাশু জগাম বীরো ভূমিং প্রপন্নো ভয়বিহ্বলাঙ্গঃ ॥১৫॥
স তং রথং হেমবিভূষিতাঙ্গং সাশ্বং সসূতং সহসা বিমৃদ্য।
উৎক্ষিপ্য হস্তেন মহাদ্বিপোঽথ বিপোথয়ামাস বসুন্ধরাতলে ॥১৬॥
পাঞ্চালরাজস্য সুতং স্ম দৃষ্ট্বা তমর্দ্দিতং নাগবরেণ তেন।
তমন্বধাবৎ সহসা জবেন ভীমঃ শিখণ্ডী চ শিনেশ্চ নপ্তা ॥১৭॥
শরৈশ্চ বেগং সহসা নিগৃহ্য তস্যাভিতো হ্যাপততো গজস্য।
স সংগৃহীতো রথিভির্গজো বৈ চচাল তৈর্বার্য্যমাণশ্চ সংখ্যে ॥১৮॥
ততঃ পৃষৎকান্ প্রববর্ষ রাজা সূর্য্যো যথা রশ্মিজালান্ সমন্তাৎ।
তৈরাশুগৈর্বধ্যমানা রথৌঘাঃ প্রদুদ্রুবুস্তত্র ততশ্চ সর্বে ॥১৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। নাগং শাল্বগজম্। জগাম অবততার। প্রপন্নো বিপন্নঃ ॥১৫॥
স ইতি। সসূতং সারথিসহিতম্। হস্তেন শুণ্ডয়া ॥১৬॥
পাঞ্চালেতি। সুতং ধৃষ্টদ্যুম্নম্। জবেন বেগেন। শিনের্নপ্তা সাত্যকিঃ ॥১৭॥
শরৈরিতি। অভিতঃ সম্মুখতঃ। সংগৃহীত আক্রান্তঃ ॥১৮॥
তত ইতি। পৃষৎকান্ বাণান্, রাজা শাল্বঃ। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥১৯॥

সেই হস্তী বেগে আসিতেছে দেখিয়া বীর ধৃষ্টদ্যুম্ন বিপন্ন ও ভয়ে বিহ্বল হইয়া সত্বর গদা লইয়া সত্বরই আপন রথ হইতে ভূতলে অবতীর্ণ হইলেন ॥১৫॥

তাহার পর সেই মহাহস্তী অশ্ব ও সারথির সহিত সেই স্বর্ণভূষিত রথখানাকে তৎক্ষণাৎ মর্দ্দন করিয়া শুণ্ডদ্বারা উত্তোলনপূর্ব্বক ভূতলে ফেলিয়া নিষ্পেষিত করিল ॥১৬॥

সেই বিশাল হস্তী ধৃষ্টদ্যুম্নকে আকুল করিয়াছে দেখিয়া ভীম, শিখণ্ডী ও সাত্যকি তৎক্ষণাৎ বেগে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১৭॥

তখন সেই হস্তী তাঁহাদের দিকে আসিতে লাগিলে, সেই রথীরা বাণদ্বারা তৎক্ষণাৎ তাহার বেগ থামাইয়া আক্রমণপূর্ব্বক বারণ করিতে লাগিলেন, তথাপি সে হস্তী চলিতে লাগিল ॥১৮॥

তদনন্তর সূর্য্য যেমন সকল দিকে কিরণজাল নিক্ষেপ করেন, সেইরূপ শাল্বরাজা

(১৫)···প্রগৃহ্যাশু জবেন বীরঃ···পি। (১৭) পাঞ্চালরাজস্য রথঞ্চ দৃষ্ট্বা···পি। (১৯)··· রশ্মিজালম্··নি।

তৎ কর্ম্ম শাল্বস্য সমীক্ষ্য সর্বে পাঞ্চালমৎস্যা নৃপ! সৃঞ্জয়াশ্চ।
হাহাকারৈর্নাদয়ন্তঃ স্ম যুদ্ধে দ্বিপং সমন্তাদ্রুরুধুর্নরাগ্র্যাঃ ॥২০॥
পাঞ্চালরাজস্ত্বরিতস্তু শূরো গদাং প্রগৃহ্যাচলশৃঙ্গতুল্যাম্।
সসম্ভ্রমং ভারত! শত্রুঘাতী জবেন বীরোঽনুসসার নাগম্ ॥২১॥
ততস্তু নাগং ধরণীধরাভং মদং স্রবন্তং জলদপ্রকাশম্।
গদাং সমাবিধ্য ভৃশং জঘান পাঞ্চালরাজস্য সুতস্তরস্বী ॥২২॥
স ভিন্নকুম্ভঃ সহসা বিনদ্য মুখাৎ প্রভূতং ক্ষতজং বিমুঞ্চন্।
পপাত নাগো ধরণীধরাভঃ ক্ষিতিপ্রকম্পে চলিতো যথাদ্রিঃ ॥২৩॥
নিপাত্যমানে তু তদা গজেন্দ্রে হাহাকৃতে তব পুত্রস্য সৈন্যে।
স শাল্বরাজস্য শিনিপ্রবীরো জহার ভল্লেন শিরঃ শিতেন ॥২৪॥

ভারতকৌমুদী

তদিতি। নাদয়ন্তঃ সমরভূমিমিতি শেষঃ। সমন্তাৎ সর্বাসু দিক্ষু ॥২০॥
পাঞ্চালেতি। পাঞ্চালরাজো ধৃষ্টদ্যুম্নঃ। সসম্ভ্রমমস্থিরম্। জবেন বেগেন ॥২১॥
তত ইতি। জলদপ্রকাশং মেঘবৎ কৃষ্ণবর্ণম্। সমাবিধ্য ঘূর্ণয়িত্বা ॥২২॥
স ইতি। প্রভূতং প্রচুরম্, ক্ষতজং রক্তম্। নাগঃ শাল্বগজঃ ॥২৩॥
নিপাত্যেতি। শিনিপ্রবীরঃ শিনিবংশ্যেষু প্রধানবীরঃ সাত্যকিঃ। শিতেন সুধারেণ ॥২৪॥

সকল দিকে বাণজাল নিক্ষেপ করিতে থাকিলেন। তখন সেই বাণজালে আহত হইতে থাকিয়া সেই রথীরা সকলে সে স্থান হইতে পলায়ন করিতে লাগিলেন ॥১৯॥

রাজা! শাল্বরাজার সেই কার্য্য দেখিয়া নরশ্রেষ্ঠ পাঞ্চাল, মৎস্য ও সৃঞ্জয়েরা সকলে হাহাকাররবে সমরভূমি নিনাদিত করিয়া সকল দিকে সেই হাতীটাকে রুদ্ধ করিলেন ॥২০॥

ভরতনন্দন! পরে বীর ও শত্রুহন্তা ধৃষ্টদ্যুম্ন পর্ব্বতশৃঙ্গতুল্য গদা ধারণ করিয়া বেগে ব্যস্ততার সহিত শাল্বের হস্তীর দিকে গমন করিলেন ॥২১॥

তাহার পর বলবান্ ধৃষ্টদ্যুম্ন গদা ঘূর্ণিত করিয়া তাহাদ্বারা পর্ব্বতপ্রমাণ, মদস্রাবী ও মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ সেই হস্তীর কুম্ভদেশে গুরুতর আঘাত করিলেন ॥২২॥

তাহাতে সেই হস্তীর কুম্ভ বিদীর্ণ হইয়া গেল। তখন ভূমিকম্পে পর্ব্বত যেমন স্থানচ্যুত হইয়া পতিত হয়, সেইরূপ পর্ব্বতপ্রমাণ সেই হস্তী আর্ত্তনাদ করিয়া মুখ হইতে প্রচুর রক্ত বমন করিতে থাকিয়া তৎক্ষণাৎ পতিত হইল ॥২৩॥

---

(২২) ··গদাং সমাসাদ্য···পি বর্দ্ধ বা।

CENTRAL LIBRARY

কৃত্তোত্তমাঙ্গো যুধি সাত্বতেন পপাত ভূমৌ সহ নাগরাজ্ঞা।
যথাদ্রিশৃঙ্গং সহসা প্রণুন্নং বজ্রেণ দেবাধিপচোদিতেন ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে শাল্ববধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

উনবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তস্মিংস্তু নিহতে শূরে শাল্বে সমিতিশোভনে।
তবাভজ্যদ্বলং বেগাদ্বাতেনেব মহাদ্রুমঃ ॥১॥

ভারতকৌমুদী

কৃত্তেতি। কৃত্তোত্তমাঙ্গশ্ছিন্নমস্তকঃ, সাত্বতেন সাত্বতবংশীয়েন সাত্যকিনা। নাগরাজ্ঞা করীন্দ্রেণ। প্রণুন্নং ছিন্নম, দেবাধিপচোদিতেন ইন্দ্রক্ষিপ্তেন ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

তস্মিন্নিতি। সমিতিশোভনে বীরশ্রিয়া যুদ্ধশোভাকারিণি। বেগাৎ দ্রুতম্ ॥১॥

ভারতভাবদীপঃ

সন্নিবৃত্ত ইতি ॥১—৪॥ পুরা পূর্ব্বং বজ্রধরস্য ঐরাবণস্থস্য বাসবস্য পুরা প্রথমে চমূবিমর্দ্দে দৈত্যা অদৈত্যা দেবাশ্চ যথা অন্তরং ন দদৃশুস্তথা স্বে পরে চাস্য শাল্বস্যান্তরং ন দদৃশুরিত্যন্বয়ঃ। ইবশব্দো বাক্যালঙ্কারে ॥৫—২৫॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

যখন সেই গজেন্দ্র নিপাতিত হইতেছিল এবং কৌরবসৈন্যেরা হাহাকার করিতেছিল, তখন সাত্যকি একটা সুধার ভল্লদ্বারা শাল্বের মস্তকচ্ছেদন করিলেন ॥২৪॥

সাত্যকি যুদ্ধে শাল্বের মস্তকচ্ছেদন করিলে, ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রে ছিন্ন হইয়া পর্ব্বতশৃঙ্গ যেমন পতিত হয়, তেমন শাল্ব সেই হস্তীর সহিত ভূতলে পতিত হইলেন' ॥২৫॥

---

* '...বিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...একোনবিংশোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা কৃতবর্ম্মা মহারথঃ।
দধার সমরে শূরঃ শত্রুসৈন্যং মহাবলঃ ॥২॥
সন্নিবৃত্তাস্তু তে বীরা দৃষ্ট্বা সাত্বতমাহবে।
শৈলোপমং স্থিতং রাজন্! কীর্য্যমাণং শরৈর্যুধি ॥৩॥
ততঃ প্রববৃতে যুদ্ধং কুরূণাং পাণ্ডবৈঃ সহ।
নিবৃত্তানাং মহারাজ! মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৪॥
তত্রাশ্চর্য্যং মহাযুদ্ধং সাত্বতস্য পরৈঃ সহ।
যদেকো বারয়ামাস পাণ্ডুসেনাং দুরাসদাম্ ॥৫॥
তেষামন্যোন্যসুহৃদাং কৃতে কর্ম্মণি দুষ্করে।
সিংহনাদঃ প্রহৃষ্টানাং দিবস্পৃক্ সুমহানভূৎ ॥৬॥

ভারতকৌমুদী

তদিতি। প্রভগ্নং বিশ্লিষ্টম্, বলং সৈন্যম্। দধার জগ্রাহ ॥২॥
সমিতি। সাত্বতং কৃতবর্ম্মাণম্। শৈলোপমং পর্বততুল্যম্ ॥৩॥
তত ইতি। নিবর্ত্তনং নিবৃত্তিহেতুং মৃত্যুমেব পণং কৃত্বেত্যর্থঃ ॥৪॥
তত্রেতি। সাত্বতস্য কৃতবর্ম্মণঃ। পাণ্ডুসেনাং পাণ্ডবসৈন্যম্ ॥৫॥
তেষামিতি। অন্যোন্যসুহৃদাম্ একবংশীয়তয়া সাত্যকিকৃতবর্ম্মাদীনাম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—২॥ সাত্বতং কৃতবর্ম্মাণম্ ॥৩—৩৬॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥১৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! যুদ্ধশোভী সেই বীর শাল্ব নিহত হইলে, বায়ুবেগে মহাবৃক্ষের ন্যায় আপনার সৈন্য ভগ্ন হইল ॥১॥

কৌরবসৈন্য ছিন্ন-বিচ্ছিন্ন হইয়াছে দেখিয়া বীর, মহারথ ও মহাবল কৃতবর্ম্মা যুদ্ধে শত্রুসৈন্য গ্রহণ করিলেন ॥২॥

রাজা! বিপক্ষেরা বাণদ্বারা প্রহার করিতে থাকিলেও কৃতবর্ম্মা যুদ্ধে পর্ব্বতের ন্যায় স্থির রহিয়াছেন দেখিয়া সেই কৌরববীরেরা ফিরিলেন ॥৩॥

মহারাজ! কৌরবেরা মৃত্যু পণ করিয়া ফিরিলে, পাণ্ডবগণের সহিত তাঁহাদের যুদ্ধ আরম্ভ হইল ॥৪॥

তখন পাণ্ডবগণের সহিত কৃতবর্ম্মার আশ্চর্য্য মহাযুদ্ধ হইতে লাগিল। যে হেতু তিনি একাকী দুর্দ্ধর্ষ পাণ্ডবসৈন্য বারণ করিতে থাকিলেন ॥৫॥

(৫)···তত্রাশ্চর্য্যমভূদ্‌যুদ্ধম্···নি।

CENTRAL LIBRARY

তেন শব্দেন বিত্রস্তাঃ পাঞ্চালা ভরতর্ষভ ! ।
শিনের্নপ্তা মহাবাহুরন্বপদ্যত সাত্যকিঃ ॥৭॥
স সমাসাদ্য রাজানং ক্ষেমকীর্ত্তিং মহাবলম্ ।
সপ্তভির্নিশিতৈর্বাণৈরনয়দ্যমসাদনম্ ॥৮॥
তমায়ান্তং মহাবাহুং প্রক্ষিপন্তং শিতান্ শরান্ ।
জবেনাভ্যপতদ্ধীমান্ হার্দ্দিক্যঃ শিনিপুঙ্গবম্ ॥৯॥
তৌ সিংহাবিব নর্দ্দন্তৌ ধন্বিনৌ রথিনাং বরৌ ।
অন্যোন্যমভিধাবেতাং শস্ত্রপ্রবরধারিণৌ ॥১০॥
পাণ্ডবাঃ সহ পাঞ্চালৈর্যোধাশ্চান্যে নৃপোত্তম ! ।
প্রেক্ষকাঃ সমপদ্যন্ত তয়োর্ঘোরে সমাগমে ॥১১॥
নারাচৈর্বৎসদন্তৈশ্চ বৃষ্ণ্যন্ধকমহারথৌ ।
অভিজঘ্নতুরন্যোন্যং প্রহৃষ্টাবিব কুঞ্জরৌ ॥১২॥

ভারতকৌমুদী

তেনেতি। নপ্তা পৌত্রঃ, অন্বপদ্যত আগচ্ছৎ ॥৭॥
স ইতি। নিশিতৈঃ সুধারৈঃ, অনয়ৎ ক্ষেমকীর্ত্তিমেব, যমস্য সাদনং গৃহম্ ॥৮॥
তমিতি। জবেন বেগেন। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা ॥৯॥
তাবিতি। অভিধাবেতামিত্যড়াগমাভাব আত্মনেপদঞ্চার্ষে ॥১০॥
পাণ্ডবা ইতি। সমপদ্যন্ত অজায়ন্ত। সমাগমে যুদ্ধে সম্মেলনে ॥১১॥

উভয় পক্ষই দুষ্কর কার্য্য করিলে, হৃষ্টচিত্ত ও পরস্পর সুহৃদ্ সেই দুই পক্ষের মধ্যেই গগনস্পর্শী অতিবিশাল সিংহনাদ হইতে লাগিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! পাঞ্চালেরা সেই শব্দে ভীত হইয়া পড়িল। এই সময়ে শিনির পৌত্র মহাবাহু সাত্যকি সে স্থানে উপস্থিত হইলেন ॥৭॥

তিনি উপস্থিত হইয়াই মহাবল রাজা ক্ষেমকীর্ত্তিকে পাইয়া সাতটা সুধার বাণদ্বারা তাঁহাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

ক্রমে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সুধার বাণ সকল নিক্ষেপ করিতে করিতে আসিতে লাগিলে, বুদ্ধিমান্ কৃতবর্ম্মা তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৯॥

ধনুর্দ্ধর, রথিশ্রেষ্ঠ ও উত্তমাস্ত্রধারী সাত্যকি ও কৃতবর্ম্মা দুইটা সিংহের ন্যায় গর্জ্জন করিতে থাকিয়া পরস্পরের প্রতি গমন করিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ! সাত্যকি ও কৃতবর্ম্মার ভীষণ সম্মেলন হইলে, পাণ্ডব, পাঞ্চাল ও অন্যান্য যোদ্ধারা দর্শক হইলেন ॥১১॥

CENTRAL LIBRARY

চরন্তৌ বিবিধান্ মার্গান্ হার্দ্দিক্যশিনিপুঙ্গবৌ ।
মুহুরার্দ্দয়তামেতৌ বাণবৃষ্ট্যা পরস্পরম্ ॥১৩॥
চাপবেগবলোদ্ধূতান্ মার্গণান্ বৃষ্ণিসিংহয়োঃ ।
আকাশে সমপশ্যাম পতঙ্গানিব শীঘ্রগান্ ॥১৪॥
তমেকং সত্যকর্ম্মাণমাসাদ্য হৃদিকাত্মজঃ ।
অবিধ্যন্নিশিতৈর্বাণৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥১৫॥
স দীর্ঘবাহুঃ সংক্রুদ্ধস্তোত্রার্দ্দিত ইব দ্বিপঃ ।
অষ্টাভিঃ কৃতবর্ম্মাণমবিধ্যৎ পরমেষুভিঃ ॥১৬॥
ততঃ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ কৃতবর্ম্মা শিলাশিতৈঃ ।
সাত্যকিং ত্রিভিরাহত্য ধনুরেকেন চিচ্ছিদে ॥১৭॥
নিকৃত্তং তদ্ধনুঃশ্রেষ্ঠমপাস্য শিনিপুঙ্গবঃ ।
অন্যদাদত্ত বেগেন শৈনেয়ঃ সশরং ধনুঃ ॥১৮॥

ভারতকৌমুদী

নারাচৈরিতি। বৃষ্ণ্যন্ধকৌ বংশৌ তয়োর্মহারথৌ সাত্যকিকৃতবর্ম্মাণৌ ॥১২॥
চরন্তাবিতি। হার্দ্দিক্যশিনিপুঙ্গবৌ কৃতবর্ম্মসাত্যকী ॥১৩॥
চাপেতি। চাপবেগেন বাহ্বোর্বলেন চ উদ্ধূতান্ উচ্ছলিতান্ মার্গণান্ বাণান্ ॥১৪॥
তমিতি। সত্যকর্ম্মাণং সাত্যকিম্, হৃদিকাত্মজঃ কৃতবর্ম্মা। হয়ানশ্বান্ ॥১৫॥
স ইতি। দীর্ঘবাহুঃ সাত্যকিঃ, তোত্রেণাঙ্কুশেনার্দ্দিতঃ ॥১৬॥
তত ইতি। পূর্ণমায়তেনাকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈর্বাণৈঃ ॥১৭॥

বৃষ্ণি ও অন্ধকবংশের মহারথ সাত্যকি ও কৃতবর্ম্মা দুইটা হস্তীর ন্যায় হৃষ্টচিত্তে নারাচ ও বৎসদন্তদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥১২॥

সাত্যকি ও কৃতবর্ম্মা নানাবিধ পথে বিচরণ করিতে থাকিয়া বাণবর্ষণদ্বারা অনবরত পরস্পরকে পীড়ন করিতে থাকিলেন ॥১৩॥

তৎকালে আমরা বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সাত্যকি ও কৃতবর্ম্মার ধনুর বেগ ও বাহুবলে নিক্ষিপ্ত বাণ সকল আকাশে দ্রুতগামী পতঙ্গশ্রেণীর ন্যায় দেখিতে লাগিলাম ॥১৪॥

ক্রমে কৃতবর্ম্মা একমাত্র সাত্যকিকে পাইয়া সুধার চারিটা বাণদ্বারা সাত্যকির চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥১৫॥

তখন সাত্যকি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আটটা উত্তম বাণদ্বারা কৃতবর্ম্মাকে তাড়ন করিলেন ॥১৬॥

তাহার পর কৃতবর্ম্মা ধনুখানা পূর্ণ আকর্ষণ করিয়া শিলাশাণিত তিন বাণে সাত্যকিকে আঘাত করিয়া এক বাণে তাঁহার ধনু ছেদন করিলেন ॥১৭॥

CENTRAL LIBRARY

তদাদায় ধনুঃ শ্রেষ্ঠং বরিষ্ঠঃ সর্বধন্বিনাম্।
আরোপ্য চ মহাবুদ্ধির্মহাবীর্য্যো মহাবলঃ ॥১৯॥
অমৃষ্যমাণো ধনুষশ্ছেদনং কৃতবর্ম্মণা।
কুপিতোঽতিরথঃ শীঘ্রং কৃতবর্ম্মাণমভ্যয়াৎ ॥২০॥ (যুগ্মকম্)
ততস্তু নিশিতৈর্বাণৈর্দশভিঃ শিনিপুঙ্গবঃ।
জঘান সূতঞ্চাশ্বাংশ্চ ধ্বজাংশ্চ কৃতবর্ম্মণঃ ॥২১॥
ততো রাজন্! মহেষ্বাসঃ কৃতবর্ম্মা মহারথঃ।
হতাশ্বসূতং সংপ্রেক্ষ্য রথং হেমপরিষ্কৃতম্ ॥২২॥
রোষেণ মহতাবিষ্টঃ শূলমুদ্যম্য মারিষ!।
চিক্ষেপ ভুজবেগেন জিঘাংসুঃ শিনিপুঙ্গবম্ ॥২৩॥ (যুগ্মকম্)
তচ্ছূলং সাত্বতো হ্যাজৌ নির্ভিদ্য নিশিতৈঃ শরৈঃ।
চূর্ণিতং পাতয়ামাস মোহয়ন্নিব মাধবম্।
ততোঽপরেণ ভল্লেন হৃদ্যেনং সমতাড়য়ৎ ॥২৪॥

ভারতকৌমুদী

নিকৃত্তমিতি। নিকৃত্তং ছিন্নম্। অপাস্য পরিত্যজ্য। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥১৮॥
তদিতি। আরোপ্য গুণম্। অমৃষ্যমাণঃ অসহমানঃ ॥১৯—২০॥
তত ইতি। নিশিতৈঃ সুধারৈঃ। শিনিপুঙ্গবঃ সাত্যকিঃ। সূতং সারথিম্ ॥২১॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥২২—২৩॥

তখন শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সেই ছিন্ন উত্তম ধনু ত্যাগ করিয়া বেগে অন্য ধনু ও বাণ গ্রহণ করিলেন ॥১৮॥

সর্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ, মহাবুদ্ধি, মহাবীর, মহাবল ও অতিরথ সাত্যকি সেই উত্তম ধনু লইয়া তাহাতে গুণারোপণ করিয়া কৃতবর্ম্মকৃত কার্ম্মুকচ্ছেদন সহ্য করিতে না পারিয়া কুপিত হইয়া কৃতবর্ম্মার দিকে ধাবিত হইলেন ॥১৯—২০॥

তদনন্তর শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি দশটা সুধার বাণদ্বারা কৃতবর্ম্মার সারথি, অশ্ব ও ধ্বজ বিনষ্ট করিলেন ॥২১॥

মাননীয় রাজা! তাহার পর মহাধনুর্দ্ধর ও মহারথ কৃতবর্ম্মা নিজের স্বর্ণভূষিত রথের অশ্ব ও সারথি নিহত দেখিয়া মহাক্রোধাবিষ্ট হইয়া সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া একটা শূল উত্তোলনপূর্বক বাহুবেগে তাহা নিক্ষেপ করিলেন ॥২২-২৩॥

---

(১৯)···অরোপ্য চ ধনুঃ শীঘ্রম্···বা নি। (২১) ততঃ সুনিশিতৈঃ···পি নি।

CENTRAL LIBRARY

স যুদ্ধে যুযুধানেন হতাশ্বো হতসারথিঃ।
কৃতবর্ম্মা কৃতাস্ত্রেণ ধরণীমন্বপদ্যত ॥২৫॥
তস্মিন্ সাত্যকিনা বীরে দ্বৈরথে বিরথীকৃতে।
সমপদ্যত সর্বেষাং সৈন্যানাং সুমহদ্ভয়ম্ ॥২৬॥
পুত্রস্য তব চাত্যর্থং বিষাদঃ সমপদ্যত।
হতসূতে হতাশ্বে তু বিরথে কৃতবর্ম্মণি ॥২৭॥
হতসূতে হতাশ্বে তু বিরথে দুর্বলে কৃতে।
অভ্যধাবৎ কৃপো রাজন্! জিঘাংসুঃ শিনিপুঙ্গবম্ ॥২৮॥
তঞ্চারোপ্য রথোপস্থে মিষতাং সর্বধন্বিনাম্।
অপোবাহ মহাবাহুস্তূর্ণমায়োধনাদ্বহিঃ ॥২৯॥

ভারতকৌমুদী

তদিতি। সাত্বতঃ সাত্যকিঃ। মাধবং মধুবংশীয়ং কৃতবর্ম্মাণম্। ষট্পাদঃ ॥২৪॥
স ইতি। যুযুধানেন সাত্যকিনা। অন্বপদ্যত প্রাপ্নোৎ ॥২৫॥
তস্মিন্নিতি। দ্বৈরথে যুদ্ধে। সমপদ্যত সমজায়ত ॥২৬॥
পুত্রস্যেতি। পুত্রস্য দুর্য্যোধনস্য। হতঃ সূতঃ সারথির্যস্য তস্মিন্ সতি ॥২৭॥
হতেতি। কৃতবর্ম্মণীতি শেষঃ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ, শিনিপুঙ্গবং সাত্যকিম্ ॥২৮॥
তমিতি। রথস্য উপস্থে মধ্যে, মিষতাং পশ্যতাম্। অপোবাহ অপনিনায় ॥২৯॥

তখন সাত্যকি কৃতবর্ম্মাকে যেন মোহিত করিতে থাকিয়া সুধার বাণসমূহদ্বারা সেই শূলটাকে বিদীর্ণ ও বিক্ষত করিয়া পাতিত করিলেন এবং তৎপরে অন্য একটা ভল্লদ্বারা কৃতবর্ম্মার হৃদয়ে তাড়ন করিলেন ॥২৪॥

অস্ত্রে সুশিক্ষিত সাত্যকি রথের অশ্ব ও সারথি বিনাশ করিলে, কৃতবর্ম্মা রথ হইতে ভূতলে নামিলেন ॥২৫॥

সাত্যকি দ্বৈরথ যুদ্ধে বীর কৃতবর্ম্মাকে রথবিহীন করিলে, সমস্ত কৌরবসৈন্যেরই গুরুতর ভয় জন্মিল ॥২৬॥

মহারাজ! অশ্ব ও সারথি নিহত হওয়ায় কৃতবর্ম্মা রথবিহীন হইলে, আপনার পুত্র দুর্য্যোধনের অত্যন্ত বিষাদ জন্মিল ॥২৭॥

রাজা! সাত্যকি অশ্ব ও সারথিকে বিনাশ করিয়া কৃতবর্ম্মাকে রথবিহীন ও দুর্ব্বল করিলে, কৃপাচার্য্য সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া সেই দিকে ধাবিত হইলেন ॥২৮॥

(২৫) সুযুদ্ধে যুযুধানেন…নি। (২৮) হতাশ্বস্ত সমালক্ষ্য হতসূতমরিন্দম!…বর্দ্ধ নি।

শৈনেয়েন কৃতে রাজন্! বিরথে কৃতবর্ম্মণি।
দুর্য্যোধনবলং সর্বং পুনরাসীৎ পরাঙ্মুখম্ ॥৩০॥
তৎ পরে নাববুধ্যন্ত সৈন্যে চ রজসা বৃতে।
তাবকাঃ প্রদ্রুতাঃ সর্বে দুর্য্যোধনমৃতে নৃপম্ ॥৩১॥
দুর্য্যোধনস্তু সংপ্রেক্ষ্য ভগ্নং স্ববলমন্তিকাৎ।
জবেনাভ্যপতত্তূর্ণং সর্বাংশ্চৈকো ন্যবারয়ৎ ॥৩২॥
পাণ্ডূংশ্চ সর্বান্ সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নঞ্চ পার্ষতম্।
শিখণ্ডিনং দ্রৌপদেয়ান্ পাঞ্চালানাঞ্চ যে গণাঃ ॥৩৩॥
কৈকেয়ান্ সোমকাংশ্চৈব পাঞ্চালাংশ্চৈব মারিষ!।
অসম্ভ্রমং দুরাধর্ষঃ শিতৈঃ শস্ত্রৈরতাড়য়ৎ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শৈনেয়েনেতি। শৈনেয়েন শিনেঃ পৌত্রেণ সাত্যকিনা ॥৩০॥
তদিতি। রজসা ধূল্যা। প্রদ্রুতাঃ পলায়িতাঃ। ঋতে বিনা ॥৩১॥
দুর্য্যোধন ইতি। ভগ্নং বিশ্লিষ্টম্। জবেন বেগেন ॥৩২॥
পাণ্ডূনিতি। পাণ্ডূন্ পাণ্ডবান্। পার্ষতং পৃষতপৌত্রম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, পাঞ্চালানাঞ্চ যে গণাস্তান্ পাঞ্চালানিতি পরেণ সম্বন্ধঃ। অসম্ভ্রমং সধৈর্য্যম্ ॥৩৩—৩৪॥

এবং কৃপাচার্য্য যাইয়া সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষেই কৃতবর্ম্মাকে আপন রথের মধ্যে তুলিয়া লইয়া সত্বর রণস্থলের বাহিরে চলিয়া গেলেন ॥২৯॥

রাজা! সাত্যকি কৃতবর্ম্মাকে রথবিহীন করিলে, দুর্য্যোধনের সমস্ত সৈন্য পুনরায় পরাঙ্মুখ হইল ॥৩০॥

কিন্তু সৈন্যগণ ধূলিতে আবৃত হওয়ায় তাহা বিপক্ষেরা বুঝিতে পারিল না; অথ চ রাজা দুর্য্যোধন ব্যতীত আপনার সমস্ত সৈন্যই পলায়ন করিতে লাগিল ॥৩১॥

তখন দুর্য্যোধন নিজের সমক্ষেই সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া সত্বর ধাবিত হইলেন এবং একাকীই সমস্ত বিপক্ষকে বারণ করিতে লাগিলেন ॥৩২॥

মাননীয় রাজা! দুর্দ্ধর্ষ দুর্য্যোধন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সুধার অস্ত্রসমূহদ্বারা সমস্ত পাণ্ডব, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, দ্রৌপদীর পুত্রগণ, যে সকল পাঞ্চালগণ উপস্থিত ছিল সেই পাঞ্চালগণ, কেকয়গণ ও সোমকগণকে তাড়ন করিতে লাগিলেন ॥৩৩—৩৪॥

(৩০) শৈনেয়াধিষ্ঠিতে রাজন্! বর্দ্ধ নি। (৩২) সর্বাংশ্চৈতান্…পি। (৩৩)…যান্ গণান্—পি। (৩৪)…শস্ত্রৈরবারয়ৎ—পি,…শিতৈর্বাণৈরবাকিরৎ—নি।

CENTRAL LIBRARY

অতিষ্ঠদাহবে যত্নাৎ পুত্রস্তব মহাবলঃ।
যথা যজ্ঞে মহানগ্নির্মন্ত্রপূতঃ প্রকাশবান্।
তথা দুর্য্যোধনো রাজা সংগ্রামে সর্বতোঽভবৎ ॥৩৫॥
তং পরে নান্বপদ্যন্ত মর্ত্ত্যা মৃত্যুমিবাহবে।
অথান্যং রথমাস্থায় হার্দ্দিক্যঃ সমপদ্যত ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

বিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

পুত্রস্তু তে মহারাজ! রথস্থো রথিনাং বরঃ।
দুরুৎসাহো বভৌ যুদ্ধে যথা রুদ্রঃ প্রতাপবান্ ॥১॥

ভারতকৌমুদী

অতিষ্ঠদিতি। প্রকাশবান্ প্রজ্বলিতঃ। তথা প্রকাশবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
তমিতি। নান্বপদ্যন্ত নাগচ্ছন্। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা, সমপদ্যত আগচ্ছৎ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

——০:*:০——

পুত্র ইতি। দুরুৎসাহো দুর্নিবারোদ্যমঃ শল্যশাল্বয়োর্বধেঽপীতি ভাবঃ ॥১॥

রাজা! আপনার পুত্র মহাবল দুর্য্যোধন যত্ন সহকারে যুদ্ধে অবস্থান করিতে লাগিলেন। এমন কি, মন্ত্রপূত বিশাল অগ্নি যেমন যজ্ঞে সকল দিকে জ্বলিতে থাকে, তেমন রাজা দুর্য্যোধন যুদ্ধে সকল দিকে জ্বলিতে থাকিলেন ॥৩৫॥

মানুষ যেমন মৃত্যুর দিকে গমন করে না, তেমন বিপক্ষেরা যুদ্ধে তৎকালে দুর্য্যোধনের দিকে আগমন করিল না। ক্রমে কৃতবর্ম্মা অন্য রথে আরোহণ করিয়া উপস্থিত হইলেন' ॥৩৬॥

(৩৫) তৃতীয়ার্দ্ধং পি নাস্তি। * '...একবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...বিংশোঽধ্যায়ঃ' নি।

তস্য বাণসহস্রৈস্তু প্রচ্ছন্না হ্যভবন্মহী।
পরাংশ্চ সিষিচে বাণৈর্ধারাভিরিব পর্বতান্ ॥২॥
ন চ সোঽস্তি পুমান্ কশ্চিৎ পাণ্ডবানাং মহাহবে।
হয়ো গজো রথো বাপি যোঽস্য বাণৈরবিক্ষতঃ ॥৩॥
যং যং হি সমরে যোধং প্রপশ্যামি বিশাংপতে!।
স তু বাণৈশ্চিতোঽভূদ্বৈ পুত্রেণ তব ভারত! ॥৪॥
যথা সৈন্যেন রজসা সমুদ্ভূতেন বাহিনী।
প্রত্যদৃশ্যত সংছন্না তথা বাণৈর্মহাত্মনঃ ॥৫॥
বাণভূতামপশ্যাম পৃথিবীং পৃথিবীপতে!।
দুর্য্যোধনেন প্রকৃতাং ক্ষিপ্রহস্তেন ধন্বিনা ॥৬॥

ভারতকৌমুদী

তস্যেতি। সিষিচে প্রজহার, ধারাভির্জলস্য মেঘ ইতি শেষঃ ॥২॥
নেতি। পুমান্ মানুষঃ। পাণ্ডবানাং পক্ষে মহাহবে মহাযুদ্ধে ॥৩॥
যমিতি। প্রপশ্যামীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। চিতো ব্যাপ্তঃ ॥৪॥
যথেতি। সৈন্যানামিদমিতি সৈন্যম্, তেন রজসা ধূল্যা ॥৫॥
বাণেতি। বাণভূতাং বাণময়ীম্, পৃথিবীং রণভূমিম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! রথারূঢ়, রথিশ্রেষ্ঠ ও দুর্নিবারোদ্যমশালী আপনার পুত্র দুর্য্যোধন যুদ্ধে প্রতাপান্বিত রুদ্রের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥১॥

দুর্য্যোধনের সহস্র সহস্র বাণে সমরভূমি আবৃত হইয়া গেলে এবং মেঘ যেমন পর্ব্বতের উপরে জলধারা বর্ষণ করে, সেইরূপ তিনি বিপক্ষগণের উপরে বাণধারা বর্ষণ করিতে থাকিলেন ॥২॥

সেই মহাযুদ্ধে পাণ্ডবপক্ষে এমন কোন হস্তী, অশ্ব, রথ ও পদাতি ছিল না, যে দুর্য্যোধনের বাণে ক্ষতবিক্ষত হয় নাই ॥৩॥

নরনাথ! আমি তখন যুদ্ধে বিপক্ষের যে যে যোদ্ধাকে দেখিয়াছিলাম, সেই সেই যোদ্ধাই আপনার পুত্রের বাণে ব্যাপ্ত ছিল ॥৪॥

সৈন্যগণসমুত্থাপিত ধূলিতে যেমন সমরভূমি আবৃত হইয়াছিল, তেমন মহাবল দুর্য্যোধনের বাণেও সমরভূমি আবৃত হইয়াছিল, দেখা গেল ॥৫॥

মহারাজ! লঘুহস্ত ও ধনুর্দ্ধর দুর্য্যোধন ক্রমে সমরভূমিটাকে বাণময় করিয়া ফেলিলেন—দেখিলাম ॥৬॥

(৩)·· পাণ্ডবানাং বলার্ণবে·· বঙ্গ বা নি।

CENTRAL LIBRARY

তেষু যোধসহস্রেষু তাবকেষু পরেষু চ।
একো দুর্য্যোধনশ্চাসীৎ স পুমানিতি মে মতিঃ ॥৭॥
তত্রাদ্ভুতমপশ্যাম তব পুত্রস্য বিক্রমম্।
যদেনং সহিতাঃ পার্থা নাম্ববর্ত্তন্ত ভারত! ॥৮॥
যুধিষ্ঠিরং শতেনাজৌ বিব্যাধ ভরতর্ষভ!।
ভীমসেনঞ্চ সপ্তত্যা সহদেবঞ্চ সপ্তভিঃ ॥৯॥
নকুলঞ্চ চতুঃষষ্ট্যা ধৃষ্টদ্যুম্নঞ্চ পঞ্চভিঃ।
সপ্তভির্দ্রৌপদেয়াংশ্চ ত্রিভির্বিব্যাধ সাত্যকিম্।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন সহদেবস্য মারিষ! ॥১০॥
তদপাস্য ধনুশ্ছিন্নং মাদ্রীপুত্রঃ প্রতাপবান্।
অভ্যধাবত রাজানং প্রগৃহ্যান্যন্মহদ্ধনুঃ।
ততো দুর্য্যোধনং সংখ্যে বিব্যাধ দশভিঃ শরৈঃ ॥১১॥

ভারতকৌমুদী

তেষ্বিতি। পুমান্ প্রধানপুরুষঃ ॥৭॥
তত্রেতি। সহিতাঃ সম্মিলিতাঃ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৮॥
যুধীতি। শতেন বাণানামিতি শেষঃ। এবং সপ্তত্যাপি ॥৯॥
নকুলমিতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সপ্তভিরিতি বীপ্সা। ষট্পাদঃ ॥১০॥
তদিতি। অপাস্য বিহায়, মাদ্রীপুত্রঃ সহদেবঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥

তৎকালে আমার ধারণা হইল যে, আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের সেই সহস্র সহস্র যোদ্ধার মধ্যে একমাত্র দুর্য্যোধনই প্রধান পুরুষ ছিলেন ॥৭॥

ভরতনন্দন! তখন আমরা এই অদ্ভুত ঘটনা দেখিতাম যে, পাণ্ডবেরা সম্মিলিত হইয়াও একমাত্র দুর্য্যোধনের সম্মুখে থাকিতে পারিলেন না ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! দুর্য্যোধন একশত বাণে যুধিষ্ঠিরকে, সত্তর বাণে ভীমকে এবং সাত বাণে সহদেবকে বিদ্ধ করিলেন ॥৯॥

মাননীয় রাজা! পরে তিনি চৌষট্টি বাণে নকুলকে, পাঁচ বাণে ধৃষ্টদ্যুম্নকে, সাত সাত বাণে দ্রৌপদীর প্রত্যেক পুত্রকে এবং তিন বাণে সাত্যকিকে তাড়ন করিলেন; আর একটা ভল্লদ্বারা সহদেবের ধনু কাটিয়া ফেলিলেন ॥১০॥

তদনন্তর প্রতাপশালী সহদেব সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া অন্য বিশাল ধনু লইয়া দুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন, পরে দশটা বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন ॥১১॥

(৭)···নাস্তি দুর্য্যোধনসমঃ পুমানিতি মতির্মম ··নি। (৮) নাভ্যবর্ত্তন্ত···নি।

CENTRAL LIBRARY

নকুলস্তু ততো বীরো রাজানং নবভিঃ শরৈঃ।
ঘোররূপৈর্মহেষ্বাসো বিব্যাধ চ ননাদ চ ॥১২॥
সাত্যকিশ্চাপি রাজানং শরেণানতপর্ব্বণা।
দ্রৌপদেয়াস্ত্রিসপ্তত্যা ধর্ম্মরাজশ্চ পঞ্চভিঃ।
অশীত্যা ভীমসেনশ্চ শরৈ রাজানমার্দ্দয়ৎ ॥১৩॥
সমন্তাৎ কীর্য্যমাণস্তু বাণসংঘৈর্মহাত্মভিঃ।
ন চচাল মহারাজ! সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥১৪॥
লাঘবং সৌষ্ঠবঞ্চাপি বীর্য্যঞ্চৈব মহাত্মনঃ।
অতিসর্বাণি ভূতানি দদৃশুঃ সর্বমানবাঃ ॥১৫॥
ধার্ত্তরাষ্ট্রা হি রাজেন্দ্র! যাত্বা তু স্বল্পমন্তরম্।
অপশ্যমানা রাজানং পর্য্যবর্ত্তন্ত দংশিতাঃ ॥১৬॥

ভারতকৌমুদী

নকুল ইতি। রাজানং দুর্য্যোধনম্। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১২॥

সাত্যকিরিতি। আনতপর্ব্বণা ঈষদ্বক্রোপান্তেন। আর্দ্দয়ৎ অপীড়য়ৎ। ষট্‌পাদঃ ॥১৩॥

সমন্তাদিতি। কীর্য্যমাণঃ বাণক্ষেপেণ প্রহ্রিয়মাণঃ ॥১৪॥

লাঘবমিতি। লাঘবং লঘুহস্ততাম্। সৌষ্ঠবং সম্যক্ সন্ধানম্, মহাত্মনো মহাবলস্য দুর্য্যোধনস্য সর্ব্বাণি ভূতানি অতি অতিক্রান্তানি ॥১৫॥

ধার্ত্তেতি। অন্তরং ব্যবধানম্। দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥১৬॥

তৎপরে বীর নকুল নয় বাণে দুর্য্যোধনকে তাড়ন করিলেন এবং সিংহনাদ করিয়া উঠিলেন ॥১২॥

সাত্যকি নতপর্ব্ব এক বাণে, দ্রৌপদীর পুত্রগণ তিয়াত্তর বাণে, যুধিষ্ঠির পাঁচ বাণে এবং ভীমসেন আশী বাণে দুর্য্যোধনকে পীড়ন করিলেন ॥১৩॥

মহাবল পাণ্ডবেরা সকল দিক্ হইতে বাণপ্রহার করিতে লাগিলেও দুর্য্যোধন সমস্ত সৈন্যের সমক্ষে বিচলিত হইলেন না ॥১৪॥

তখন মহাবল দুর্য্যোধনের লঘুহস্ততা, সম্যক্ সন্ধান ও কায়িক বল যে, সমস্ত প্রাণীকে অতিক্রম করিয়াছিল, তাহা সকল মানুষে দেখিতেছিল ॥১৫॥

এই সময় যুদ্ধসজ্জায় সজ্জিত অপর ধার্ত্তরাষ্ট্রেরা অল্প দূরে যাইয়া দুর্য্যোধনকে না দেখিয়া আবার ফিরিলেন ॥১৬॥

---

(১৩)··রাজানমার্পয়ন্··বা নি।

CENTRAL LIBRARY

তেষামাপততাং ঘোরস্তুমুলঃ সমজায়ত।
ক্ষুব্ধস্য হি সমুদ্রস্য প্রাবৃট্‌কালে যথা স্বনঃ ॥১৭॥
সমাসাদ্য রণে তে তু রাজানমপরাজিতম্।
প্রত্যুদ্‌যযুর্মহেষ্বাসাঃ পাণ্ডবানাততায়িনঃ ॥১৮॥
ভীমসেনং রণে ক্রুদ্ধং দ্রোণপুত্রো ন্যবারয়ৎ।
ততো বাণৈর্মহারাজ! প্রমুক্তৈঃ সর্ব্বতো দিশম্ ॥১৯॥
প্রাজ্ঞায়ন্ত রণে বীরা ন দিশঃ প্রদিশস্তথা।
তাবুভৌ ক্রূরকর্ম্মাণাবুভৌ ভারত! দুঃসহৌ ॥২০॥
ঘোররূপমযুধ্যেতাং কৃতপ্রতিকৃতৈষিণৌ।
ত্রাসয়ন্তৌ জগৎ সর্বং জ্যাক্ষেপকঠিনত্বচৌ ॥২১॥ (বিশেষকম্)
শকুনিস্তু রণে বীরো যুধিষ্ঠিরমতাড়য়ৎ।
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা সুবলস্য সুতো বলী।
নাদঞ্চকার বলবান্ সর্বসৈন্যানি কম্পয়ন্ ॥২২॥

ভারতকৌমুদী

তেষামিতি। ক্ষুব্ধস্য উদ্বেলিতস্য। প্রাবৃট্‌কালে বর্ষাকালে ॥১৭॥

সমেতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। আততায়িনঃ শস্ত্রপাণীন্ ॥১৮॥

ভীমেতি। প্রমুক্তৈর্নিক্ষিপ্তৈঃ, ক্রূরকর্ম্মাণৌ নিষ্ঠুরকার্য্যকরৌ। কৃতস্য অপকারস্য প্রতিকৃতং প্রত্যপকারম্ ইচ্ছত ইতি তৌ ॥১৯—২১॥

শকুনিরিতি। তস্য যুধিষ্ঠিরস্য, চতুরঃ চতুঃসংখ্যকানেব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

বর্ষাকালে উদ্বেলিত সমুদ্রে যেমন তুমুল ও ভয়ঙ্কর শব্দ হয়, সেইরূপ তাঁহারা ফিরিয়া আসিতে লাগিলে, তুমুল ও ভয়ঙ্কর শব্দ হইতে লাগিল ॥১৭॥

মহাধনুর্দ্ধর সেই ধার্ত্তরাষ্ট্রেরা অপরাজিত দুর্য্যোধনকে পাইয়া অস্ত্রধারী পাণ্ডবগণের অভিমুখে ধাবিত হইলেন ॥১৮॥

ভীমসেন ক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে অশ্বত্থামা তাঁহাকে নিবারণ করিতে প্রবৃত্ত হইলেন। ভরতনন্দন মহারাজ! তাহার পর সকল দিকে তাঁহাদের নিক্ষিপ্ত বাণে বাণে যোদ্ধৃগণ, দিক্ ও বিদিক্ ইহার কিছুই জানা গেল না। কৃত অপকারের প্রত্যপকারার্থী, নিষ্ঠুর কার্য্যকারী, গুণঘর্ষণে কঠিন চর্ম্মা ও দুঃসহ ভীম ও অশ্বত্থামা সমগ্র জগতের ভয় জন্মাইতে থাকিয়া ভীষণ যুদ্ধ করিতে লাগিলেন ॥১৯—২১॥

---

(২০) নাজ্ঞায়ন্ত রণে…বা নি। (২১)…দিশঃ সর্ব্বাঃ…পি বা নি।

এতস্মিন্নন্তরে বীরং রাজানমপরাজিতম্ ।
অপোবাহ রথেনাজৌ সহদেবঃ প্রতাপবান্ ॥২৩॥
অথান্যং রথমাস্থায় ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
শকুনিং নবভির্বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ।
ননাদ চ মহানাদং প্রবরঃ সর্ব্বধন্বিনাম্ ॥২৪॥
তদ্‌যুদ্ধমভবচ্চিত্রং ঘোররূপঞ্চ মারিষ !।
প্রেক্ষকপ্রীতিজননং সিদ্ধচারণসেবিতম্ ॥২৫॥
উলূকস্তু মহেষ্বাসং নকুলং যুদ্ধদুর্ম্মদম্।
অভ্যদ্রবদমেয়াত্মা শরবর্ষৈঃ সমন্ততঃ ॥২৬॥
অথৈনং নকুলঃ শূরঃ সৌবলস্য সুতং রণে।
শরবর্ষেণ মহতা সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥২৭॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। রাজানং যুধিষ্ঠিরম্, অপোবাহ অপনিনায় ॥২৩॥
অথেতি। আস্থায় আরুহ্য। নবভিঃ পঞ্চভিশ্চ শরৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তদিতি। সিদ্ধচারণৈঃ সেবিতং চিত্রত্বাদেব দৃষ্টমিত্যর্থঃ ॥২৫॥
উলূক ইতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ ॥২৬॥

ওদিকে সুবলনন্দন বলবান্ শকুনি যুধিষ্ঠিরকে তাড়ন করিতে লাগিলেন এবং যুধিষ্ঠিরের চারিটা অশ্বকে বিনাশ করিয়া সমস্ত সৈন্যকে কাঁপাইতে থাকিয়া সিংহনাদ করিলেন ॥২২॥

এই সময়ে প্রতাপশালী সহদেব আসিয়া বীর ও অপরাজিত রাজা যুধিষ্ঠিরকে রথে তুলিয়া লইয়া অপসৃত হইলেন ॥২৩॥

তাহার পর সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির অন্য রথে আরোহণপূর্ব্বক নয় বাণে শকুনিকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচ বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন এবং বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৪॥

মাননীয় রাজা ! তাঁহাদের সেই যুদ্ধ বিচিত্র, ভয়ঙ্কর ও দর্শকগণের প্রীতিজনকভাবে হইতে লাগিল এবং আকাশবর্ত্তী সিদ্ধগণ ও চারণগণ তাহা দেখিতে থাকিলেন ॥২৫॥

ওদিকে অজ্ঞেয়শক্তি উলূক সকল দিকে বাণবর্ষণ করিতে থাকিয়া মহাধনুর্দ্ধর ও যুদ্ধদুর্দ্ধর্ষ নকুলের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

(২৫)···ঈক্ষ্যতাং প্রীতিজনকম্ ··পি নি।

তৌ তত্র সমরে বীরৌ কুলপুত্রৌ মহারথৌ।
যোধয়ন্তাবদৃশ্যেতাং পরস্পরকৃতাগসৌ ॥২৮॥
তথৈব কৃতবর্ম্মা তু শৈনেয়ং শত্রুতাপনম্।
যোধয়ন্ শুশুভে রাজন্! বলং শক্র ইবাহবে ॥২৯॥
দুর্য্যোধনো ধনুশ্ছিত্ত্বা ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে।
অথৈনং ছিন্নধন্বানং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥৩০॥
ধৃষ্টদ্যুম্নোঽপি সমরে প্রগৃহ্য পরমায়ুধম্।
রাজানং যোধয়ামাস পশ্যতাং সর্বধন্বিনাম্ ॥৩১॥
তয়োর্যুদ্ধং মহচ্চাসীৎ সংগ্রামে ভরতর্ষভ!।
প্রভিন্নয়োর্যথাসক্তং মত্তয়োর্বনহস্তিনোঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথেতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু ॥২৭॥
তাবিতি। কুলপুত্রৌ সৎকুলজাতৌ। পরস্পরং কৃতাগসৌ কৃতাপরাধৌ ॥২৮॥
তথেতি। শৈনেয়ং সাত্যকিম্। বলং বলনামকমসুরম্ ॥২৯॥
দুর্য্যোধন ইতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৩০॥
ধৃষ্টেতি। পরমায়ুধম্ উত্তমাস্ত্রং ধনুঃ। রাজানং দুর্য্যোধনম্ ॥৩১॥
তয়োরিতি। প্রভিন্নয়োঃ মদস্রাবিণোঃ, শক্তং পরস্পরমিলিতম্ ॥৩২॥

তৎপরে বীর নকুল সকল দিকে বিশাল বাণবর্ষণ করিয়া শকুনিকে বারণ করিতে থাকিলেন ॥২৭॥

বীর, সৎকুলজাত, মহারথ ও পরস্পর অপরাধকারী নকুল এবং উলূক যুদ্ধ করিতে থাকিয়া সকলের দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥২৮॥

রাজা! পূর্ব্বকালে ইন্দ্র যেমন বলাসুরের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পাইয়াছিলেন, সেইরূপ কৃতবর্ম্মা সাত্যকির সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥২৯॥

দুর্য্যোধন যুদ্ধে ধৃষ্টদ্যুম্নের ধনু ছেদন করিয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥৩০॥

ধৃষ্টদ্যুম্নও যুদ্ধে সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে অন্য উত্তম ধনু গ্রহণ করিয়া দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ! বনমধ্যে মত্ত ও মদস্রাবী দুইটা হস্তীর যেমন পরস্পর সংলগ্ন

(২৮) যোধয়ন্তাবপশ্যেতাং···নি। (৩১)···মহতীং গদাং···নি।

CENTRAL LIBRARY

গৌতমস্তু রণে ক্রুদ্ধো দ্রৌপদেয়ান্ মহাবলান্।
বিব্যাধ বহুভিঃ শূরঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৩॥
তস্য তৈরভবদ্‌যুদ্ধমিন্দ্রিয়ৈরিব দেহিনঃ।
ঘোররূপমসংবার্য্যং নির্ম্মর্য্যাদমতীব চ ॥৩৪॥
তে চ তং পীড়য়ামাসুরিন্দ্রিয়াণীব বালিশম্।
স চ তান্ প্রতিসংযচ্ছন্ প্রত্যযোধয়দাহবে ॥৩৫॥
এবং চিত্রমভূদ্‌যুদ্ধং তস্য তৈঃ সহ ভারত!।
উত্থায়োত্থায় চ যথা দেহিনামিন্দ্রিয়ৈর্বিভো! ॥৩৬॥
নরাশ্চৈব নরৈঃ সার্দ্ধং দন্তিনো দন্তিভিস্তথা।
হয়া হয়ৈঃ সমাযুক্তা রথিনো রথিভিস্তথা।
সঙ্কুলঞ্চাভবদ্‌ভূয়ো ঘোররূপং বিশাংপতে! ॥৩৭॥

ভারতকৌমুদী

গৌতম ইতি। গৌতমঃ কৃপঃ। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৩৩॥

তস্যেতি। ইন্দ্রিয়ৈঃ পঞ্চভির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহ দেহিনো জীবস্য। যথা সুরূপপরদারাদি-দর্শনকালে নয়নং ন নিবর্ত্ততে, জীবস্তু তদ্বিমুখ ইতি ভাবঃ ॥৩৪॥

ত ইতি। বালিশং মূর্খম্। প্রতিসংযচ্ছন্ প্রত্যস্ত্রং ক্ষিপন্ ॥৩৫॥

এবমিতি। উত্থায়োত্থায় বিষয়গ্রহণে প্রবৃত্ত প্রবৃত্ত স্থিতৈরিতি শেষঃ ॥৩৬॥

নরা ইতি। সমাযুক্তা যুদ্ধে মিলিতাঃ। সঙ্কুলং যুদ্ধম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

অবস্থায় যুদ্ধ হয়, সেইরূপ দুর্য্যোধন ও ধৃষ্টদ্যুম্নের পরস্পর মহাযুদ্ধ হইতে লাগিল ॥৩২॥

মহাবীর কৃপাচার্য্য ক্রুদ্ধ হইয়া বহুতর সুধার বাণদ্বারা মহাবল দ্রৌপদীর পুত্র-গণকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৩॥

পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সহিত দেহীর যেমন সংঘর্ষ হয়, সেইরূপ দ্রৌপদীর পুত্রগণের সহিত কৃপাচার্য্যের ভীষণ, দুর্নিবার, নিয়মশূন্য ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥৩৪॥

ইন্দ্রিয়গণ যেমন মূর্খ লোককে পীড়ন করে, সেইরূপ দ্রৌপদীর পুত্রগণ কৃপাচার্য্যকে পীড়ন করিতে লাগিলেন এবং কৃপাচার্য্যও প্রত্যস্ত্র নিক্ষেপ করিতে থাকিয়া তাহাদের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৫॥

রাজা! ইন্দ্রিয়গণ উঠিয়া উঠিয়া বিষয় গ্রহণ করিতে প্রবৃত্ত হইলে, সেগুলির সহিত জীবের যেমন সংঘর্ষ হয়, সেইরূপ দ্রৌপদীর পুত্রগণের সহিত কৃপাচার্য্যের বিচিত্র সংঘর্ষ হইতে লাগিল ॥৩৬॥

CENTRAL LIBRARY

ইদং চিত্রমিদং ঘোরমিদং রৌদ্রমিতি প্রভো ! ।
যুদ্ধান্যাসন্মহারাজ ! ঘোরাণি চ বহূনি চ ॥৩৮॥
তে সমাসাদ্য সমরে পরস্পরমরিন্দমাঃ ।
বিব্যধুশ্চৈব জঘ্নুশ্চ সমাসাদ্য মহাহবে ॥৩৯॥
তেষাং শস্ত্রসমুদ্ভূতং রজস্তীব্রমদৃশ্যত ।
বাতেনেবোদ্ধতং রাজন্ ! ধাবদ্ভিশ্চাশ্বসাদিভিঃ ॥৪০॥
রথনেমিসমুদ্ভূতং নিশ্বাসৈশ্চাপি দন্তিনাম্ ।
রজঃ সন্ধ্যাভ্রকলিলং দিবাকরপথং যযৌ ॥৪১॥
রজসা তেন সংপৃক্তে ভাস্করে নিষ্প্রভীকৃতে ।
সংছাদিতাভবদ্ভূমিস্তে চ শূরা মহারথাঃ ॥৪২॥
মুহূর্ত্তাদিব সংবৃত্তং নীরজস্কং সমন্ততঃ ।
বীরশোণিতসিক্তায়াং ভূমৌ ভরতসত্তম ! ॥৪৩॥

ভারতকৌমুদী

ইদমিতি। চিত্রমাশ্চর্য্যম, রৌদ্রং তীব্রম্ ॥৩৮॥
ত ইতি। সমাসাদ্য প্রাপ্য। বিব্যধুস্তাড়য়ামাসুঃ ॥৩৯॥
তেষামিতি। রজোঃ ধূলিঃ। উদ্ধতম্ উত্তোলিতম্ ॥৪০॥
রথেতি। রজো ধূলিঃ, সন্ধ্যাভ্রবৎ সান্ধ্যমেঘবৎ কলিলং লোহিতবর্ণম্ ॥৪১॥
রজসেতি। সংপৃক্তে আবৃতে। তে শূরাশ্চ সংছাদিতা অভবন্ ॥৪২॥

নরনাথ ! নানাদিকে পদাতির সহিত পদাতি, হস্তীর সহিত হস্তী, অশ্বের সহিত অশ্ব ও রথীর সহিত রথী সকল মিলিত হইয়া যুদ্ধ করিতে লাগিল। পুনরায় ভীষণ তুমুল যুদ্ধ হইতে থাকিল ॥৩৭॥

মহারাজ ! এইটা বিচিত্র, এইটা ভয়ানক ও এইটা তীব্র—এইভাবে ভীষণ বহুতর যুদ্ধ চলিতে লাগিল ॥৩৮॥

শত্রুদমনকারী সেই বীরগণ পরস্পরকে পাইয়া তাড়ন করিতে লাগিলেন এবং সংহার করিতে থাকিলেন ॥৩৯॥

রাজা ! বায়ু ও অশ্বারোহিগণের পদভরে যেমন ধূলি উত্থিত হয়, তেমন তাহাদের অস্ত্রসংঘর্ষেও ধূলি উঠিতে লাগিল—দেখা গেল ॥৪০॥

রথচক্রের সংঘর্ষে ও হস্তিগণের নিশ্বাসে সান্ধ্যমেঘের ন্যায় রক্তবর্ণ ধূলি উঠিয়া সূর্য্যের দিকে গমন করিতে লাগিল ॥৪১॥

সেই ধূলিতে সূর্য্য আবৃত ও নিষ্প্রভ হইয়া পড়িলেন এবং সমরভূমি ও বীরগণের দেহও আচ্ছাদিত হইয়া গেল ॥৪২॥

উপাশাম্যত্ততস্তীব্রং তদ্রজো ঘোরদর্শনম্।
ততোঽপশ্যং মহারাজ! দ্বন্দ্বযুদ্ধানি ভারত! ॥৪৪॥
যথাপ্রাণং যথাশ্রেষ্ঠং মধ্যাহ্নে বৈ সুদারুণম্।
বর্ম্মণাং তত্র রাজেন্দ্র! ব্যদৃশ্যন্তোজ্জ্বলাঃ প্রভাঃ ॥৪৫॥
শব্দঃ সুতুমলঃ সংখ্যে শরাণাং পততামভূৎ।
মহাবেণুবনস্যেব দহ্যমানস্য সর্বতঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

একবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বর্ত্তমানে তথা যুদ্ধে ঘোররূপে ভয়ানকে।
অভজ্যত বলং তত্র তব পুত্রস্য পাণ্ডবৈঃ ॥১॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তাদিতি। সংবৃত্তং সঞ্জাতম্, নীরজস্কং ধূলিশূন্যং রণস্থলম্ ॥৪৩॥
উপেতি। উপাশাম্যৎ ন্যবর্ত্তত। দ্বন্দ্বযুদ্ধানি দ্বাভ্যাং দ্বাভ্যাং ক্রিয়মাণানি যুদ্ধানি ॥৪৪॥
যথেতি। যথাপ্রাণং যথাবলম্, যথাশ্রেষ্ঠং শ্রেষ্ঠানতিক্রমেণ ॥৪৫॥
শব্দ ইতি। শব্দঃ চটচটাধ্বনিঃ। বেণুবনস্য বংশকাননস্য ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভরতশ্রেষ্ঠ! বীরগণের রক্তে সমরভূমি প্লাবিত হইয়া গেলে, মুহূর্ত্তমধ্যেই যেন সকল দিকের রণস্থল ধূলিশূন্য হইয়া গেল ॥৪৩॥

ভরতনন্দন মহারাজ! সেই নিবিড় ও ভীষণদর্শন ধূলি নিবৃত্তি পাইল বলিয়া, বহুতর দ্বন্দ্বযুদ্ধ দেখিতে লাগিলাম ॥৪৪॥

রাজশ্রেষ্ঠ! সেই মধ্যাহ্নকালে শক্তি ও উৎকর্ষ অনুসারে বীরগণের বর্ম্মগুলির উজ্জ্বল প্রভা ভীষণভাবে দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৪৫॥

ক্রমে দহ্যমান বংশবনের যেমন চটচটা শব্দ হয়, তেমন সকল দিকে বাণপতনের চটচটা শব্দ হইতে থাকিল' ॥৪৬॥

---

* '...দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '... একবিংশোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

তাংস্তু যত্নেন মহতা সন্নিবার্য্য মহারথান্।
পুত্রাস্তে যোধয়ামাসুঃ পাণ্ডবানামনীকিনীম্ ॥২॥
নিবৃত্তাঃ সহসা যোধাস্তব পুত্রপ্রিয়ৈষিণঃ।
সন্নিবৃত্তেষু তেষ্বেব যুদ্ধমাসীৎ সুদারুণম্ ॥৩॥
তাবকানাং পরেষাঞ্চ দেবাসুররণোপমম্।
পরেষাং তবে সৈন্যে বা নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥৪॥
অনুমানেন যুধ্যন্তে সংজ্ঞাভিশ্চ পরস্পরম্।
তেষাং ক্ষয়ো মহানাসীৎ যুধ্যতামিতরেতরম্ ॥৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা ক্রোধেন মহতা যুতঃ।
জিগীষমাণঃ সংগ্রামে ধার্ত্তরাষ্ট্রান্ সরাজকান্ ॥৬॥
ত্রিভিঃ শারদ্বতং বিদ্ধা রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
চতুর্ভির্নিজঘানাশ্বান্নারাচৈঃ কৃতবর্ম্মণঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। ঘোররূপে মহতি, এতদ্যুক্তিস্তু প্রাগ্বহুশো দর্শিতা ॥১॥
তানিতি। তান্ ভগ্নান্। অনীকিনীং সেনাম্ ॥২॥
নিবৃত্তা ইতি। তব পুত্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং বিজয়মিচ্ছন্তীতি তে ॥৩॥
তাবকানামিতি। দেবাসুররণোপমং যুদ্ধমিতি শেষঃ। পরেষাঞ্চ সৈন্যে ॥৪॥
অন্বিতি। অনুমানেন সংজ্ঞাভিশ্চ মিলিততয়া স্বপরাদর্শনাদিতি ভাবঃ ॥৫॥
তত ইতি। জিগীষমাণো জেতুমিচ্ছন্। শারদ্বতং কৃপম্ ॥৬—৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেইরূপ বিশাল ও ভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, পাণ্ডবেরা আপনার পুত্রের সৈন্য ভগ্ন করিয়া ফেলিলেন ॥১॥

তখন আপনার পুত্রেরা মহাযত্নে সেই ভগ্ন মহারথগণকে নিবারণ করিয়া, পাণ্ডবসৈন্যের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥২॥

আপনার পুত্রের প্রিয়াভিলাষী যোদ্ধারা সকলেই তখন নিবৃত্তি পাইলেন, তাঁহারা নিবৃত্তি পাইলে অতিদারুণ যুদ্ধ হইতে থাকিল ॥৩॥

তখন দেবাসুরযুদ্ধের ন্যায় আপনার সৈন্য ও বিপক্ষ সৈন্যের যুদ্ধ হইতে লাগিল, তাহাতে আপনার সৈন্যের বা বিপক্ষ সৈন্যের কোন ব্যক্তিই পরাঙ্মুখ হয় নাই ॥৪॥

উভয় পক্ষ পরস্পর মিলিত হইয়াছিল বলিয়া স্ব-পর-ভেদজ্ঞান না থাকায় অনুমানে ও নামশ্রবণে যুদ্ধ চলিতে লাগিল; ক্রমে পরস্পরযুদ্ধকারী সেই উভয়পক্ষ সৈন্যেরই গুরুতর ক্ষয় হইতে থাকিল ॥৫॥

অশ্বত্থামা চ হার্দ্দিক্যমপোবাহ যশস্বিনম্ ।
অথ শারদ্বতোঽষ্টাভিঃ প্রত্যবিধ্যদ্যুধিষ্ঠিরম্ ॥৮॥
ততো দুর্য্যোধনো রাজা রথান্ সপ্ত শতান্ রণে।
প্রৈষয়দ্যত্র রাজা বৈ ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৯॥
তে রথা রথিভির্যুক্তা মনোমারুতরংহসঃ।
অভ্যদ্রবন্ত সংগ্রামে কৌন্তেয়স্য রথং প্রতি ॥১০॥
তে সমন্তাৎ মহারাজ! পরিবার্য্য যুধিষ্ঠিরম্।
অদৃশ্যং সায়কৈশ্চক্রুর্মেঘা ইব দিবাকরম্ ॥১১॥
তে দৃষ্ট্বা ধর্ম্মরাজানং কৌরবেয়ৈস্তথাকৃতম্।
নামৃষ্যন্ত সুসংরব্ধাঃ শিখণ্ডিপ্রমুখা রথাঃ ॥১২॥

ভারতকৌমুদী

অশ্বেতি। হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্, অপোবাহ রথারোপণেনাপনিনায় ॥৮॥
তত ইতি। রথান্ রথিনঃ, প্রৈষয়দ্ প্রৈরয়ৎ ॥৯॥
ত ইতি। মনসো মারুতস্য বায়োরিব চ রংহো বেগো যেষাং তে ॥১০॥
ত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। সায়কৈর্বাণৈঃ ॥১১॥
ত ইতি। সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ, নামৃষ্যন্ত নাসহন্ত ॥১২॥

তাহার পর রাজা যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দুর্য্যোধনের সহিত অপর ধার্ত্তরাষ্ট্রগণকে জয় করিবার ইচ্ছা করিয়া, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তিন বাণে কৃপাচার্য্যকে তাড়ন করিয়া চারি বাণে কৃতবর্ম্মার চারিটা অশ্বকে বিনাশ করিলেন ॥৬—৭॥

ওদিকে অশ্বত্থামা যশস্বী কৃতবর্ম্মাকে রথে তুলিয়া লইয়া অপসৃত হইলেন, পরে কৃপাচার্য্য আট বাণে যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥৮॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির যেস্থানে ছিলেন, সেস্থানে দুর্য্যোধন সাত শত রথীকে প্রেরণ করিলেন ॥৯॥

মন ও বায়ুর ন্যায় বেগবান্ সেই রথগুলি রথিগণকে লইয়া যুধিষ্ঠিরের রথের দিকে ধাবিত হইল ॥১০॥

মহারাজ! সেই সাত শত রথী সকল দিকে যুধিষ্ঠিরকে বেষ্টন করিয়া—মেঘসমূহ যেমন সূর্য্যকে অদৃশ্য করে, তেমন বাণদ্বারা যুধিষ্ঠিরকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥১১॥

(১১)···পরিবার্য্য মহারথম্···পি।

CENTRAL LIBRARY

রথৈরগ্র্যজবৈর্যুক্তৈঃ কিঙ্কিণীজালসংবৃতৈঃ।
আজগ্মুরভিরক্ষন্তঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১৩॥
ততঃ প্রববৃতে রৌদ্রঃ সংগ্রামঃ শোণিতোদকঃ।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ ॥১৪॥
রথান্ সপ্ত শতান্ হত্বা কুরূণামাততায়িনাম্।
পাণ্ডবাঃ সহ পাঞ্চালৈঃ পুনরেবাভ্যবারয়ন্ ॥১৫॥
তত্র যুদ্ধং মহচ্চাসীত্তব পুত্রস্য পাণ্ডবৈঃ।
ন চ নস্তাদৃশং দৃষ্টং নৈব চাপি পরিশ্রুতম্ ॥১৬॥
বর্ত্তমানে তথা যুদ্ধে নির্ম্মর্য্যাদে সমন্ততঃ।
বধ্যমানেষু যোধেষু তাবকেষ্বিতরেষু চ ॥১৭॥
নিনদৎসু চ যোধেষু শঙ্খবর্য্যৈশ্চ পূরিতৈঃ।
উৎক্রুষ্টৈঃ সিংহনাদৈশ্চ গর্জ্জিতেন চ ধন্বিনাম্ ॥১৮॥

ভারতকৌমুদী

রথৈরিতি। অগ্র্যজবৈঃ অতীববেগৈঃ ॥১৩॥
তত ইতি। রৌদ্রো ভীষণঃ, শোণিতানি উদকানীব যত্র সঃ ॥১৪॥
রথানিতি। আততায়িনঃ শস্ত্রপাণীন্। অভ্যবারয়ন্ কৌরবান্ ॥১৫॥
তত্রেতি। নঃ অস্মাভিঃ, দৃষ্টং পরিশ্রুতমিতি ভাবে ক্তপ্রত্যয়ো বা ॥১৬॥
বর্ত্তমান ইতি। নির্ম্মর্য্যাদে নিয়মশূন্যে। ইতরেষু পরপক্ষীয়েষু। পূরিতৈর্মুখবায়ুনেতি

কৌরবেরা যুধিষ্ঠিরকে সেইরূপ করিয়াছেন দেখিয়া শিখণ্ডিপ্রভৃতি রথীরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহা সহ্য করিলেন না ॥১২॥

পরে তাঁহারা অত্যন্তবেগশালী ও কিঙ্কিণীজালযুক্ত রথে আরোহণ করিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার জন্য আগমন করিলেন ॥১৩॥

তাহার পর পাণ্ডব ও কৌরবগণের দারুণ যুদ্ধ লাগিয়া গেল; তখন জল-স্রোতের ন্যায় রক্তের স্রোত চলিতে লাগিল এবং সেই যুদ্ধে যমের রাজ্য বৃদ্ধি পাইতে থাকিল ॥১৪॥

ক্রমে পাণ্ডবেরা পাঞ্চালগণের সহিত মিলিত হইয়া কুরুপক্ষের সেই অস্ত্রধারী সাত শত রথীকে বধ করিয়া পুনরায় কৌরবগণকে বারণ করিতে লাগিলেন ॥১৫॥

মহারাজ! তখন পাণ্ডবগণের সহিত আপনার পুত্র দুর্য্যোধনের মহাযুদ্ধ হইতে লাগিল, আমরা সে প্রকার যুদ্ধ পূর্ব্বে দেখি নাই বা শুনিও নাই ॥১৬॥

মাননীয় রাজা! সকল দিকে সেইরূপ বিশৃঙ্খল যুদ্ধ চলিতে লাগিলে, আপনার

(১৫)···পুনরেবাভ্যবর্ত্তয়ন্···পি নি।

অতিপ্রবৃদ্ধে যুদ্ধে চ চ্ছিদ্যমানেষু মর্ম্মসু।
ধাবমানেষু যোধেষু জয়গৃদ্ধিষু মারিষ! ॥১৯॥
সংহারে সর্বতো জাতে পৃথিব্যাং শোকসম্ভবে।
বহ্বীনামুত্তমস্ত্রীণাং সীমন্তোদ্ধরণে তদা ॥২০॥
নির্ম্মর্য্যাদে ততো যুদ্ধে বর্ত্তমানে সুদারুণে।
প্রাদুরাসন্ বিনাশায় তদোৎপাতাঃ সুদারুণাঃ ॥২১॥ (কুলকম্)
চচাল শব্দং কুর্ব্বাণা সপর্বতবনা মহী।
সদণ্ডাঃ সোল্মুকা রাজন্! কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
উল্কাঃ পেতুর্দিবো ভূমাবাহত্য রবিমণ্ডলম্ ॥২২॥
বিশ্বগ্‌বাতাঃ প্রাদুরাসন্ নীচৈঃ শর্করবর্ষিণঃ।
অশ্রূণি মুমুচুর্নাগা বেপথুশ্চাভবদ্‌ভৃশম্ ॥২৩॥

ভারতকৌমুদী

শেষঃ। উৎকৃষ্টে উচ্চৈরাহ্বানৈঃ। জয়গৃদ্ধিষু জয়াভিলাষিষু। শোকস্য সম্ভবো যস্মাত্তস্মিন্। সীমন্তস্য সীমন্তসিন্দূরস্য উদ্ধরণে পরিত্যাগকারণে। বিনাশায় বীরাণাং বিনাশ-সূচনার্থম্ ॥১৭—২১॥

চচালেতি। সোল্মুকা অগ্নিসংযুক্তকাষ্ঠসহিতাঃ। দিবো গগনাৎ। ষট্‌পাদঃ ॥২২॥

বিশ্বগিতি। বিশ্বগ্‌বাতা ঘূর্ণিবায়বঃ। নাগা গজাঃ, বেপথুর্ভূকম্পঃ ॥২৩॥

পক্ষের ও বিপক্ষের যোদ্ধারা নিহত হইতে থাকিলে, যোদ্ধাদের গর্জন, মুখবায়ুপূর্ণ বিশাল শঙ্খধ্বনি, উচ্চ আহ্বান, ধনুর্দ্ধরগণের গর্জন ও সিংহনাদ; যুদ্ধের গুরুতর বৃদ্ধি, বীরগণের মর্ম্মচ্ছেদ, জয়াভিলাষী যোদ্ধাদের ছুটাছুটি, পৃথিবীর লোকের শোকের কারণ, দারুণ সংহার, বহুতর উত্তমস্ত্রীর সীমন্তসিন্দূর পরিত্যাগ, আর নিয়মশূন্য ও অতিদারুণ যুদ্ধ চলিতে লাগিলে, বিনাশসূচক ও অতিভীষণ উৎপাত সকল আবির্ভূত হইতে থাকিল ॥১৭—২১॥

রাজা! পর্ব্বত ও বনের সহিত পৃথিবী শব্দ করিতে থাকিয়া কাঁপিতে লাগিল এবং আকাশ হইতে দণ্ড, অগ্নিসংলগ্ন কাষ্ঠ ও উল্কা সকল সূর্য্যমণ্ডলকে আহত করিয়া সকল দিকে পতিত হইতে থাকিল ॥২২॥

নীচের দিকে কাঁকরবর্ষী ঘূর্ণিবায়ু প্রাদুর্ভূত হইল, হস্তিগণ অশ্রু বিমোচন করিতে লাগিল এবং গুরুতর ভূমিকম্প হইতে থাকিল ॥২৩॥

---

(২০)···সীমন্তোদ্ধরণে কৃতে···পি। (২৩)···বেপথুশ্চাস্পৃশম্—নি।

এতান্ ঘোরাননাদৃত্য সমুৎপাতান্ সুদারুণান্।
পুনর্যুদ্ধায় সংমন্ত্র্য ক্ষত্রিয়াস্তস্থুরব্যথাঃ।
রমণীয়ে কুরুক্ষেত্রে পুণ্যে স্বর্গং যিযাসবঃ ॥২৪॥
ততো গান্ধাররাজস্য পুত্রঃ শকুনিরব্রবীৎ।
যুধ্যধ্বমগ্রতো যাবৎ পৃষ্ঠতো হন্মি পাণ্ডবান্ ॥২৫॥
ততো নঃ সংপ্রযাতানাং মদ্রযোধাস্তরস্বিনঃ।
হৃষ্টাঃ কিলকিলাশব্দমকুর্ব্বন্তাপরে তথা ॥২৬॥
অস্মাংস্তু পুনরাসাদ্য লব্ধলক্ষ্যা দুরাসদাঃ।
শরাসনানি ধুন্বন্তঃ শরবর্ষৈরবাকিরন্ ॥২৭॥
ততো হতং পরৈ রাজন্! মদ্ররাজবলং তদা।
দুর্য্যোধনবলং দৃষ্ট্বা পুনরাসীৎ পরাঙ্মুখম্ ॥২৮॥

ভারতকৌমুদী

এতানিতি। পুণ্যে পুণ্যজনকে, যিযাসবো যাতুমিচ্ছবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তত ইতি। যুধ্যধ্বং সৈন্যা যূয়মিতি শেষঃ, অগ্রতঃ সম্মুখে ॥২৫॥
তত ইতি। তরস্বিনো বলবন্তঃ। অপরে মদ্রযোধেতরে ॥২৬॥
অস্মানিতি। ধুন্বন্তশ্চালয়ন্তঃ, অবাকিরন্ প্রাহরন্ ॥২৭॥
তত ইতি। দৃষ্ট্বা মদ্ররাজবলং হতমালোক্য ॥২৮॥

ক্ষত্রিয়েরা এই সকল অতিদারুণ উৎপাত অগ্রাহ্য করিয়া মন্ত্রণাপূর্বক স্বর্গলোকার্থী হইয়া বেদনাশূন্য ভাবে মনোহর ও পুণ্যজনক কুরুক্ষেত্রে যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥২৪॥

তদনন্তর গান্ধাররাজপুত্র শকুনি বলিলেন—'সৈন্যগণ! তোমরা সম্মুখে থাকিয়া যুদ্ধ কর এবং আমি পিছন হইতে পাণ্ডবগণকে সংহার করি' ॥২৫॥

মহারাজ! তাহার পর আমরা অগ্রগামী হইলে, বলবান্ মদ্রদেশীয় যোদ্ধারা এবং অন্য সৈন্যেরা আনন্দিত হইয়া কিল কিল শব্দ করিতে লাগিল ॥২৬॥

দুর্দ্ধর্ষ পাণ্ডবেরা পুনরায় আমাদিগকে লক্ষ্য পাইয়া ধনু সঞ্চালন করিতে থাকিয়া বাণবর্ষণদ্বারা প্রহার করিতে লাগিলেন ॥২৭॥

রাজা! তখন মদ্রদেশীয় সৈন্যগণকে বিপক্ষেরা সংহার করিল দেখিয়া দুর্য্যোধনের সৈন্য পুনরায় পরাঙ্মুখ হইল ॥২৮॥

(২৪) স্বর্গযিযাসবঃ—পি, পুনর্যুদ্ধায় সংযত্তাঃ···নি। (২৬) ··অকুর্ব্বন্ত তথাপরে—পি। (২৮) তথোদ্ধতং পরে রাজন্!··পি।

গান্ধাররাজস্তু পুনর্বাক্যমাহ ততো বলী।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যুধ্যধ্বং কিং সৃতেন বঃ ॥২৯॥
অনীকং দশসাহস্রমশ্বানাং ভরতর্ষভ!।
আসীদ্‌গান্ধাররাজস্য বিমলপ্রাসযোধিনাম্ ॥৩০॥
বলেন তেন বিক্রম্য বর্ত্তমানে জনক্ষয়ে।
পৃষ্ঠতঃ পাণ্ডবানীকমভ্যঘ্নন্ নিশিতৈঃ শরৈঃ ॥৩১॥
তদভ্রমিব বাতেন ক্ষিপ্যমাণং সমন্ততঃ।
অভজ্যত মহারাজ! পাণ্ডূনাং সুমহদ্বলম্ ॥৩২॥
ততো যুধিষ্ঠিরঃ প্রেক্ষ্য ভগ্নং স্ববলমন্তিকাৎ।
অভ্যচোদয়দব্যগ্রঃ সহদেবং মহাবলম্ ॥৩৩॥
অসৌ সুবলপুত্রো নো জঘনং পীড্য দংশিতঃ।
সেনাং নিসূদয়ত্যেষ পশ্য পাণ্ডব! দুর্ম্মতিম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

গান্ধারেতি। গান্ধাররাজঃ শকুনিঃ। হে অধর্ম্মজ্ঞা! সৃতেন অপসরণেন ॥২৯॥
অনীকমিতি। অনীকং সৈন্যম্, অশ্বানামশ্বারোহিণাম্ ॥৩০॥
বলেনেতি। পাণ্ডবানামনীকং সৈন্যম্, অভ্যঘ্নন্ শকুন্যাদয়ঃ ॥৩১॥
তদিতি। অভ্রং মেঘঃ, ক্ষিপ্যমাণং চাল্যমানম্ ॥৩২॥
তত ইতি। অভ্যচোদয়ৎ প্রৈরয়ৎ, অব্যগ্রঃ অবিহ্বলচিত্তঃ ॥৩৩॥
অসাবিতি। নঃ অস্মাকম্। জঘনং সেনামধ্যভাগম্, পীড্য পীড়য়িত্বা ॥৩৪॥

পরে বলবান্ শকুনি এই কথা বলিলেন—'হে অধর্ম্মজ্ঞ সৈন্যগণ! তোমরা ফের, যুদ্ধ কর, পলায়ন করিতেছ কেন?' ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! শকুনির প্রাসযোধি দশসহস্র অশ্বারোহী সৈন্য ছিল ॥৩০॥

তাহারা বিক্রম প্রকাশ করিয়া পাণ্ডবপক্ষের লোকক্ষয় করিতে লাগিলে, শকুনি-প্রভৃতি বীরেরাও সুধার বাণসমূহদ্বারা পৃষ্ঠদেশ হইতে পাণ্ডবগণকে আঘাত করিতে লাগিলেন ॥৩১॥

বায়ু যেমন মেঘগুলিকে সঞ্চালিত করে, সেইরূপ গান্ধারসৈন্য পাণ্ডবসৈন্যকে সঞ্চালিত করিতে থাকিলে, বিশাল পাণ্ডবসৈন্য ভগ্ন হইয়া গেল ॥৩২॥

তদনন্তর যুধিষ্ঠির আপন সৈন্যগণকে নিকটেই ভগ্ন দেখিয়া ধীরচিত্তে মহাবল সহদেবকে আদেশ করিলেন—॥৩৩॥

(৩৩) অভ্যনোদয়দব্যগ্রঃ…নি। (৩৪)…সংস্থিতঃ—পি।

CENTRAL LIBRARY

গচ্ছ ত্বং দ্রৌপদেয়ৈশ্চ শকুনিং সৌবলং জহি।
রথানীকমহং ধক্ষ্যে পাঞ্চালসহিতোঽনঘ ! ॥৩৫॥
গচ্ছন্তু কুঞ্জরাঃ সর্বে বাজিনশ্চ সহ ত্বয়া।
পাদাতাশ্চ ত্রিসাহস্রাঃ শকুনিং তৈর্বৃতো জহি ॥৩৬॥
ততো গজাঃ সপ্তশতাশ্চাপপাণিভিরাবৃতাঃ।
পঞ্চ চাশ্বসহস্রাণি সহদেবশ্চ বীর্য্যবান্ ॥৩৭॥
পাদাতাশ্চ ত্রিসাহস্রা দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ।
রণে হ্যভ্যদ্রবংস্তে তু শকুনিং যুদ্ধদুর্ম্মদম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
ততস্তু সৌবলো রাজন্নভ্যতিক্রম্য পাণ্ডবান্।
জঘান পৃষ্ঠতঃ সেনাং জয়গৃদ্ধঃ প্রতাপবান্ ॥৩৯॥
অশ্বারোহাস্তু সংরব্ধাঃ পাণ্ডবানাং তরস্বিনাম্।
প্রাবিশন্ সৌবলানীকমভ্যতিক্রম্য তান্ রথান্ ॥৪০॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। দ্রৌপদেয়ৈঃ দ্রৌপদ্যাঃ পুত্রৈঃ সহ। ধক্ষ্যে দগ্ধং করিষ্যে ॥৩৫॥
গচ্ছন্ত্বিতি। পাদাতাঃ পদাতিগণাঃ। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥৩৬॥
তত ইতি। আবৃতা আরূঢ়াঃ। সর্বশঃ সর্বে। অভ্যদ্রবন্নভ্যধাবন্ ॥৩৭—৩৮॥
তত ইতি। সৌবলঃ শকুনিঃ। জয়গৃদ্ধো জয়াভিলাষী ॥৩৯॥

'যুদ্ধসজ্জায় সজ্জিত ঐ শকুনি আমাদের সৈন্যের মধ্যভাগ পীড়ন করিয়া এই সংহার করিতেছে। অতএব সহদেব! এ দুর্ম্মতিকে দেখ ॥৩৪॥

নিষ্পাপ সহদেব! দ্রৌপদীর পুত্রগণের সহিত তুমি যাও এবং শকুনিকে বধ কর। এদিকে আমি ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া কুরুপক্ষের রথী সৈন্য দগ্ধ করি ॥৩৫॥

সমস্ত গজারোহী ও অশ্বারোহী এবং তিন সহস্র পদাতি তোমার সহিত গমন করুক; তুমি সেই সমস্তে পরিবেষ্টিত হইয়া শকুনিকে বধ কর' ॥৩৬॥

তাহার পর ধনুর্দ্ধরারূঢ় সাত শত হস্তী, পঞ্চ সহস্র অশ্ব, বলবান্ সহদেব, তিন সহস্র পদাতি এবং দ্রৌপদীর পুত্রেরা সকলে যুদ্ধদুর্দ্ধর্ষ শকুনির দিকে ধাবিত হইলেন ॥৩৭—৩৮॥

রাজা! তাহার পর জয়াভিলাষী ও প্রতাপশালী শকুনি পাণ্ডবগণকে অতিক্রম করিয়া তাঁহাদের পৃষ্ঠবর্ত্তী সৈন্যগণকে বধ করিতে লাগিলেন ॥৩৯॥

(৩৭) পাণিভিরান্বিতাঃ···নি।

তে তত্র সাদিনঃ শূরাঃ সৌবলস্য মহদ্বলম্।
গজমধ্যে চ তিষ্ঠন্তঃ শরবর্ষৈরবাকিরন্ ॥৪১॥
তদুদ্যতগদাপ্রাসমহাপুরুষসেবিতম্।
প্রাবর্ত্তত মহাযুদ্ধং রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥৪২॥
উপারমন্ত জ্যাশব্দাঃ প্রেক্ষকা রথিনোঽভবন্।
নহি স্বেষাং পরেষাং বা বিশেষঃ প্রত্যদৃশ্যত ॥৪৩॥
শূরবাহুবিসৃষ্টানাং শক্তীনাং ভরতর্ষভ!।
জ্যোতিষামিব সম্পাতমপশ্যন্ কুরুপাণ্ডবাঃ ॥৪৪॥
ঋষ্টিভির্বিমলাভিশ্চ তত্র তত্র বিশাংপতে!।
সম্পতন্তীভিরাকাশমাবৃতং বহ্বশোভত ॥৪৫॥

ভারতকৌমুদী

অন্বেতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, তরস্বিনাং বলবতাম্। সৌবলানীকং শকুনিসৈন্যম্ ॥৪০॥
ত ইতি। সাদিনঃ অশ্বারোহিণঃ। অবাকিরন্ প্রাহরন্ ॥৪১॥
তদিতি। উদ্যতা গদাঃ প্রাসাশ্চ যৈস্তৈর্মহাপুরুষৈঃ সেবিতম্ ॥৪২॥
উপেতি। উপারমন্ত যুদ্ধাদ্ব্যরমন্, জ্যাশব্দা ধনুর্গুণশব্দাঃ ॥৪৩॥
শূরেতি। শূরবাহুভির্বিসৃষ্টানাং নিক্ষিপ্তানাম্। জ্যোতিষাং নক্ষত্রাণাম্ ॥৪৪॥
ঋষ্টিভিরিতি। ঋষ্টিভিরস্ত্রবিশেষৈঃ, ততঃ নানাস্থানে ॥৪৫॥

পরে, বলবান্ পাণ্ডবগণের অশ্বারোহী সৈন্যেরা সেই রথারোহী পাণ্ডবগণকে অতিক্রম করিয়া, শকুনির সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিল ॥৪০॥

সেই বীর অশ্বারোহীরা কুরুপক্ষের হস্তিসৈন্যমধ্যে থাকিয়া বাণবর্ষণদ্বারা শকুনির বিশাল সৈন্য সংহার করিতে লাগিল ॥৪১॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলে, তখন গুরুতর যুদ্ধ চলিতে লাগিল; সেই যুদ্ধে মহাবীরেরা গদা ও প্রাস উত্তোলন করিয়া প্রহার করিতে থাকিলেন ॥৪২॥

তৎকালে রথারোহী বীরগণ দর্শক হইলেন, তাঁহাদের জ্যাশব্দ নিবৃত্তি পাইল, সেই সময়ে স্বপক্ষ বা বিপক্ষগণের কোন তারতম্য দেখা গেল না ॥৪৩॥

ভরতশ্রেষ্ঠ! - তখন কৌরব ও পাণ্ডবেরা নক্ষত্রের ন্যায় আকাশে বীরবাহু-নিক্ষিপ্ত শক্তিগুলির পতন দেখিতে লাগিলেন ॥৪৪॥

নরনাথ! নির্ম্মল ঋষ্টি সকল নানাস্থানে পতিত হইতে থাকিলে, আকাশ অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৪৫॥

(৪১) গজমধ্যেঽবতিষ্ঠন্তঃ···পি, রণমধ্যে ব্যতিষ্ঠন্ত··নি।

CENTRAL LIBRARY

প্রাসানাং পততাং রাজন্! রূপমাসীৎ সমন্ততঃ।
শলভানামিবাকাশে তদা ভরতসত্তম! ॥৪৬॥
রুধিরোক্ষিতসর্বাঙ্গা বিপ্রবিদ্ধৈর্নিয়ন্তৃভিঃ।
হয়াঃ পরিপতন্তি স্ম শতশোঽথ সহস্রশঃ ॥৪৭॥
অন্যোন্যং সন্নিবিষ্টাশ্চ সমাসাদ্য পরস্পরম্।
আবিক্ষতাঃ স্ম দৃশ্যন্তে রমন্তো রুধিরং মুখৈঃ।
ততোঽভবত্তমো ঘোরং সৈন্যে তু রজসা বৃতে ॥৪৮॥
তানপাক্রমতোঽদ্রাক্ষং তস্মাদ্দেশাদরিন্দমান্।
অশ্বান্ রাজন্! মনুষ্যাংশ্চ তমসা সংবৃতে সতি ॥৪৯॥
ভূমৌ নিপতিতাশ্চান্যে রমন্তো রুধিরং বহু।
কেশাকেশিসমালগ্না ন শেকুশ্চেষ্টিতুং নরাঃ ॥৫০॥

ভারতকৌমুদী

প্রাসানামিতি। রূপমাকৃতিঃ। শলভানাং পতঙ্গানাম্ ॥৪৬॥
রুধিরেতি। বিপ্রবিদ্ধৈরস্ত্রতাড়িতৈঃ, নিয়ন্তৃভিঃ চালকৈঃ সহ ॥৪৭॥
অন্যোন্যমিতি। সন্নিবিষ্টাঃ সংসক্তাঃ। তমঃ অন্ধকারঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥
তানিতি। অপাক্রমতঃ পলায়মানান্। তমসা সংবৃতে রণস্থলে ॥৪৯॥
ভূমাবিতি। সমালগ্নাঃ সংসক্তাঃ, চেষ্টিতুং কিমপি কর্ত্তুম্ ॥৫০॥

ভরতশ্রেষ্ঠ রাজা! সকল দিকে আকাশে পতঙ্গসমূহের ন্যায় প্রাস সকল পতিত হইতে লাগিলে, সে উভয়ের আকৃতি সমানই দেখা যাইতে থাকিল ॥৪৬॥

রক্তসিক্ত দেহ শত শত ও সহস্র সহস্র অশ্ব অস্ত্রতাড়িত আরোহিগণের সহিত সকল দিকে পতিত হইতে লাগিল ॥৪৭॥

পরে দেখা গেল—অশ্ব সকল পরস্পর সম্মিলিত ও ক্ষতবিক্ষত দেহ হইয়া বহুতর রক্ত বমন করিতেছে, ক্রমে সৈন্যগণ ধূলিতে আবৃত হইয়া গেলে ভীষণ অন্ধকার হইল ॥৪৮॥

রাজা! রণস্থল অন্ধকারে আবৃত হইলে, শত্রুদমনকারী সেই অশ্ব ও মনুষ্যগণ সেস্থান হইতে পলায়ন করিতেছে—দেখিতে পাইলাম ॥৪৯॥

অন্য পদাতিরা বহুতর রক্ত বমন করিতে থাকিয়া, পরস্পর কেশাকর্ষণ করিয়া, ভূতলে পতিত হইয়া, কোন কার্য্যই করিতে পারিল না ॥৫০॥

---

(৪৮) ··অন্যোন্যং পরিপিষ্টাঃ ··সুবিক্ষতাঃ···পি, রজসা বৃতম্—নি।

অন্যোন্যমশ্বপৃষ্ঠেভ্যো বিকর্ষন্তো মহাবলাঃ।
মল্লা ইব সমাসাদ্য নিজঘ্নুরিতরেতরম্।
অশ্বৈশ্চ ব্যপকৃষ্যন্ত বহবোঽত্র গতাসবঃ ॥৫১॥
ভূমৌ নিপতিতাশ্চান্যে বহবো বিজয়ৈষিণঃ।
তত্র তত্র ব্যদৃশ্যন্ত পুরুষাঃ শূরমানিনঃ ॥৫২॥
রক্তোক্ষিতৈশ্ছিন্নভুজৈরপকৃষ্টশিরোরুহৈঃ।
ব্যদৃশ্যত মহী কীর্ণা শতশোঽথ সহস্রশঃ ॥৫৩॥
দূরং ন শক্যং তত্রাসীদ্গন্তুমশ্বেন কেনচিৎ।
হস্ত্যারোহৈর্হতৈরশ্বৈরাবৃতে বসুধাতলে ॥৫৪॥
রুধিরোক্ষিতসন্নাহৈরাত্তশস্ত্রৈরুদায়ুধৈঃ।
নানাপ্রহরণৈর্ঘোরৈঃ পরস্পরবধৈষিভিঃ।
সুসন্নিকৃষ্টৈঃ সংগ্রামে হতভূয়িষ্ঠসৈনিকে ॥৫৫॥
স মুহূর্ত্তং ততো যুদ্ধা সৌবলোঽথ বিশাংপতে!।
ষট্সাহস্রৈর্হয়ৈঃ শিষ্টৈরপায়াৎ শকুনিস্ততঃ ॥৫৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অন্যোন্যমিতি। মল্লা বাহুযোদ্ধারঃ। গতাসবো মৃতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥
ভূমাবিতি। শূরান্ আত্মনো মন্যন্ত ইতি শূরমানিনঃ ॥৫২॥
রক্তেতি। রক্তোক্ষিতৈঃ রুধিরসিক্তৈঃ। অপকৃষ্টশিরোরুহৈরাকৃষ্টকেশৈঃ ॥৫৩॥
দূরমিতি। হস্ত্যারোহৈর্গজারোহিভিঃ ॥৫৪॥
রুধিরেতি। রুধিরেণ উক্ষিতাঃ সিক্তাঃ সন্নাহা যুদ্ধসজ্জা যেষাং তৈঃ। আত্তশস্ত্রৈ-র্গৃহীতাস্ত্রৈঃ। ষট্পাদঃ শ্লোকঃ। যুদ্ধা যুদ্ধং কৃত্বা ॥৫৫—৫৬॥

মহাবল যোদ্ধারা অশ্বপৃষ্ঠ হইতে পরস্পর আকর্ষণ করিতে থাকিয়া মল্লযোদ্ধাদের ন্যায় পরস্পর আঘাত করিতে লাগিল, ক্রমে বহুতর অশ্বারোহীকে অশ্বগণের সহিতই প্রাণশূন্য অবস্থায় দেখা যাইতে থাকিল ॥৫১॥

ক্রমে দেখা গেল—রণস্থলের নানাস্থানে বীরাভিমানী ও জয়াভিলাষী বহুতর মনুষ্য ভূতলে পতিত হইয়াছে ॥৫২॥

আরও দেখা গেল—রক্তসিক্ত, ছিন্ন বাহু এবং আকৃষ্ট কেশ শত শত ও সহস্র সহস্র মনুষ্যে সমরভূমি ব্যাপ্ত হইয়াছে ॥৫৩॥

নিহত গজারোহী ও অশ্বারোহীরা পতিত হইয়া ভূতল আবৃত করিলে, কোন অশ্বারোহীই অশ্বারোহণে গমন করিতে পারিল না ॥৫৪॥

(৫৪) সাশ্বারোহৈঃ ·· নি।

CENTRAL LIBRARY

তথৈব পাণ্ডবানীকং রুধিরেণ সমুক্ষিতম্ ।
ষট্‌সাহস্রৈর্হয়ৈঃ শিষ্টৈরপায়াৎ শ্রান্তবাহনম্ ॥৫৭॥
অশ্বারোহাস্তু পাণ্ডূনামব্রুবন্ রুধিরোক্ষিতাঃ ।
সুসন্নিবিষ্টাঃ সংগ্রামে ভূয়িষ্ঠং ত্যক্তজীবিতাঃ ॥৫৮॥
নেহ শক্যং রথৈর্যোদ্ধুং কুত এব মহাগজৈঃ ।
রথানেব রথা যান্তু কুঞ্জরাঃ কুঞ্জরানপি ॥৫৯॥
প্রতিযাতো হি শকুনিঃ স্বমনীকমবস্থিতঃ ।
ন পুনঃ সৌবলো রাজা যুদ্ধমভ্যাগমিষ্যতি ॥৬০॥

ভারতকৌমুদী

তথেতি। শিষ্টৈরবশিষ্টৈঃ, শ্রান্তানি মৃতানি বাহনানি যস্য তৎ ॥৫৭॥
অশ্বেতি। ত্যক্তানি জীবিতানি জীবনমমতা যৈস্তে ॥৫৮॥
নেতি। ইহ ঈদৃশে গজাদিসঙ্কীর্ণে রণস্থলে ॥৫৯॥
প্রতীতি। প্রতিযাতঃ অপসৃতঃ। স্বমনীকং প্রবিশ্যেতি শেষঃ ॥৬০॥

নরনাথ! যুদ্ধে যাহাদের যুদ্ধসজ্জা রক্তে সিক্ত হইয়া গিয়াছিল, সেই সকল অস্ত্রধারী, উত্তোলিতাস্ত্র ও পরস্পরবধাভিলাষী যোদ্ধারা নিকটবর্ত্তী হইয়া ভীষণ ভীষণ নানা অস্ত্রদ্বারা অধিক সৈন্যকে নিহত করিলে, সুবলনন্দন শকুনি কিছুকাল যুদ্ধ করিয়া অবশিষ্ট ষট্‌সহস্র অশ্বারোহীর সহিত সেস্থান হইতে অপসৃত হইলেন ॥৫৫—৫৬॥

সমস্ত অঙ্গ রক্তে সিক্ত ও বাহন সকল নিহত হইলে, পাণ্ডবসৈন্যেরাও সেইরূপ অবশিষ্ট ষট্‌সহস্র অশ্বারোহীর সহিত রণস্থল হইতে অপসৃত হইল ॥৫৭॥

পাণ্ডবপক্ষের রক্তসিক্ত অশ্বারোহীরা অনেকেই জীবনের মমতা পরিত্যাগ করিয়া যুদ্ধে অভিনিবিষ্ট হইয়া বলিলেন—॥৫৮॥

'রণস্থলের এইরূপ সঙ্কীর্ণ অবস্থায় রথীরা যুদ্ধ করিতে পারিবেন না, বিশাল হস্তীরা আর কি করিয়া পারিবে; অতএব রথীরা রথিগণের দিকে গমন করুন, আর হস্তীরা হস্তিগণের দিকে যাউক' ॥৫৯॥

শকুনি রণস্থল হইতে অপসৃত হইয়া আপন সৈন্যমধ্যে প্রবেশ করিয়া রহিয়াছেন, কিন্তু গান্ধাররাজ শকুনি আর যুদ্ধ করিতে আসিবেন না ॥৬০॥

(৫৭)···শ্রান্তবাহনম্—পি। (৫৮)···ভূয়িষ্ঠে ত্যক্তজীবিতাঃ—বর্দ্ধ। (৫৯) নহি শক্যম্···নি।

ততস্তু দ্রৌপদেয়াশ্চ তে চ মত্তা মহাদ্বিপাঃ।
প্রযযুর্যত্র পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নো মহারথঃ ॥৬১॥
সহদেবোঽপি কৌরব্যো রজোমেঘে সমুত্থিতে।
একাকী প্রযযৌ তত্র যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥৬২॥
ততস্তেষু প্রয়াতেষু শকুনিঃ সৌবলঃ পুনঃ।
পার্শ্বতোঽভ্যহনৎ ক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নস্য বাহিনীম্ ॥৬৩॥
তৎ পুনস্তুমুলং যুদ্ধং ত্যক্তপ্রাণমবর্ত্তত।
তাবকানাং পরেষাঞ্চ পরস্পরবধৈষিণাম্ ॥৬৪॥
তে হ্যন্যোন্যমবৈক্ষন্ত তস্মিন্ বীরসমাগমে।
যোধাঃ পর্য্যপতন্ রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥৬৫॥
অসিভিশ্ছিদ্যমানানাং শিরসাং লোকসংক্ষয়ে।
প্রাদুরাসীন্মহাশব্দস্তালানাং পততামিব ॥৬৬॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। মহাদ্বিপা বিশালহস্তিনঃ ॥৬১॥
সহেতি। রজো ধূলিরেব মেঘস্তস্মিন্ ॥৬২॥
তত ইতি। সৌবলঃ সুবলপুত্রঃ। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৬৩॥
তদিতি। ত্যক্তাঃ প্রাণা যস্মিন্ তৎ ॥৬৪॥
ত ইতি। বীরাণাং সমাগমে সম্মেলনে। পর্য্যপতন্ পর্য্যধাবন্ ॥৬৫॥

তদনন্তর দ্রৌপদীর পুত্রগণ এবং সেই মহাহস্তী সকল—পাঞ্চালরাজপুত্র মহারথ ধৃষ্টদ্যুম্ন যেখানে ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৬১॥

ধূলিরূপ মেঘ উঠিলে যেখানে রাজা যুধিষ্ঠির ছিলেন, কৌরবনন্দন সহদেবও একাকী সেইখানে গমন করিলেন ॥৬২॥

ক্রমে তাঁহারা সেই সেই স্থানে গমন করিলে, সুবলনন্দন শকুনি পুনরায় আসিয়া পার্শ্ব দিয়া ধৃষ্টদ্যুম্নের সৈন্য সংহার করিতে লাগিলেন ॥৬৩॥

মহারাজ! তখন পরস্পরবধাভিলাষী আপনার পক্ষ ও বিপক্ষগণের তুমুল যুদ্ধ চলিতে লাগিল; তাহাতে যোদ্ধারা প্রাণ ত্যাগ করিতে থাকিলেন ॥৬৪॥

সেই বীরসম্মেলনের সময় যোদ্ধারা পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন এবং শত শত ও সহস্র সহস্র যোদ্ধা পরস্পরের প্রতি ধাবিত হইলেন ॥৬৫॥

(৬৩) পার্শ্বতোঽভ্যপতৎ…পি। (৬৪)…প্রাণাংস্ত্যক্ত্বাঽভ্যবর্ত্তত—পি। (৬৫) তে চান্যোন্যমবৈক্ষন্ত…নি।

বিমুক্তানাং শরীরাণাং ভিন্নানাং পততাং ভুবি।
সায়ুধানাঞ্চ বাহূনামূরূণাঞ্চ বিশাংপতে!।
আসীচ্চটচটাশব্দঃ সুমহান্ লোমহর্ষণঃ ॥৬৭॥
নিঘ্নন্তো নিশিতৈঃ শস্ত্রৈর্ভ্রাতৄন্ পুত্রান্ পিতৄনপি।
যোধাঃ পরিপতন্তি স্ম যথামিষকৃতে খগাঃ ॥৬৮॥
অন্যোন্যং প্রতিসংরব্ধাঃ সমাসাদ্য পরস্পরম্।
অহং পূর্বমহং পূর্বমিতি ঘ্নন্তঃ সহস্রশঃ ॥৬৯॥
সংঘাতেনাসনভ্রষ্টৈরশ্বারোহৈর্গতাসুভিঃ।
হতাঃ পরিপতন্তি স্ম শতশোঽথ সহস্রশঃ ॥৭০॥

ভারতকৌমুদী

অসিভিরিতি। লোকসংক্ষয়ে তৎসময়ে। তালানাং ফলানাম্ ॥৬৬॥
বিমুক্তানামিতি। বিমুক্তানাং বর্ম্মরহিতানাম, ভিন্নানাং বিদীর্ণানাম্। ষট্পাদঃ ॥৬৭॥
নিঘ্নন্ত ইতি। পরিপতন্তি সর্বতো ধাবন্তি। আমিষকৃতে মাংসার্থে ॥৬৮॥
অন্যোন্যমিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। অহং পূর্বং গচ্ছামীতি শেষঃ ॥৬৯॥
সংঘাতেনেতি। সংঘাতেন আঘাতেন। গতাসুভির্নির্গতপ্রাণৈঃ ॥৭০॥

সেই লোকক্ষয়ের সময়ে তালফল পতনের শব্দের ন্যায় তরবারিচ্ছিন্ন মস্তক পতনের গুরুতর শব্দ হইতে লাগিল ॥৬৬॥

নরনাথ! কবচবিহীন ও অস্ত্রবিদীর্ণ শরীর, অস্ত্রযুক্ত বাহু ও উরু সকল ভূতলে পতিত হইতে থাকিলে, সেগুলির গুরুতর ও লোমহর্ষণ 'চটচটা' শব্দ হইতে লাগিল ॥৬৭॥

পক্ষিগণ যেমন মাংসের জন্য ধাবিত হয়, সেইরূপ যোদ্ধারা সুধার অস্ত্রসমূহদ্বারা ভ্রাতা, পুত্র ও পিতাদিগকে বধ করিতে থাকিয়া ধাবিত হইলেন ॥৬৮॥

উভয়পক্ষের যোদ্ধারা পরস্পরকে পাইয়া পরস্পরের প্রতি ক্রুদ্ধ হইয়া 'আমি আগে আমি আগে' এইরূপ বলিতে থাকিয়া সহস্র সহস্র সৈন্য বধ করিতে লাগিলেন ॥৬৯॥

শত্রুরা আঘাত করিলে, অশ্বারোহীরা আসন ভ্রষ্ট ও গতাসু প্রায় হইয়া নিহত করিতে থাকিলে, সেরূপ শত শত ও সহস্র সহস্র লোক সকল দিকে পতিত হইতে থাকিল ॥৭০॥

(৬৭)···ছিন্নানাং···কটকটাশব্দঃ···নি। (৬৮)···সখীনপি—নি পি। (৭০) হয়াঃ পরিপতন্তি স্ম···পি।

স্ফুরতাং প্রতিপিষ্টানামশ্বানাং শীঘ্রচারিণাম্।
স্তনতাঞ্চ মনুষ্যাণাং সন্নদ্ধানাং বিশাংপতে! ॥৭১॥
শক্ত্যৃষ্টিপ্রাসশব্দস্তু তুমুলঃ সমজায়ত।
ভিন্দতাং পরমর্ম্মাণি রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥৭২॥ (যুগ্মকম্)
শ্রমাভিভূতাঃ সংরব্ধাঃ শ্রান্তবাহাঃ পিপাসিতাঃ।
বিক্ষতাশ্চ শিতৈঃ শস্ত্রৈরভ্যবর্ত্তন্ত তাবকাঃ ॥৭৩॥
মত্তা রুধিরগন্ধেন বহবোঽত্র বিচেতসঃ।
জঘ্নুঃ পরান্ স্বকাংশ্চৈব প্রাপ্তান্ প্রাপ্তাননন্তরান্ ॥৭৪॥
বহবশ্চ গতপ্রাণাঃ ক্ষত্রিয়া জয়গৃদ্ধিনঃ।
ভূমৌ চাভ্যপতন্ রাজন্! শরবৃষ্টিভিরাহতাঃ ॥৭৫॥
বৃকগৃধ্রশৃগালানাং তুমুলে মোদনেঽহনি।
আসীদ্বলক্ষয়ো ঘোরস্তব পুত্রস্য পশ্যতঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

স্ফুরতামিতি। স্ফুরতাং স্পন্দমানানাম্, প্রতিপিষ্টানাং গজাদিভিশ্চূর্ণিতাঙ্গানাম্। স্তনতাং গর্জ্জতাম্। ভিন্দতাং বিদারয়তাম্ ॥৭১—৭২॥

শ্রমেতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, শ্রান্তা বাহা বাহনানি যেষাং তে ॥৭৩॥

মত্তা ইতি। বিচেতসো বিক্ষুব্ধচিত্তাঃ। প্রাপ্তান্ উপস্থিতান্, অন্তরান্ আসন্নান্ ॥৭৪॥

বহব ইতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৭৫॥

নরনাথ রাজা! আপনার কুমন্ত্রণায় শীঘ্রগামী অশ্বগণ পতিত হইয়া ছট্‌ফট্ করিতে লাগিল এবং নিষ্পিষ্ট হইতে থাকিল, আর যুদ্ধসজ্জায় সজ্জিত গর্জ্জনকারী বীরগণ বিপক্ষগণের মর্ম্ম বিদারণ করিতে লাগিলে, তাহাদের শক্তি, ঋষ্টি ও প্রাসের তুমুল শব্দ হইতে থাকিল ॥৭১—৭২॥

মহারাজ! আপনার সৈন্যেরা পরিশ্রান্ত, ক্রুদ্ধ, শ্রান্তবাহন, পিপাসার্ত্ত ও সুধার অস্ত্রসমূহে ক্ষতবিক্ষতদেহ হইয়া সকল দিকে অবস্থান করিতে লাগিল ॥৭৩॥

বিক্ষুব্ধচিত্ত বহুতর সৈন্য রক্তের গন্ধে মত্ত হইয়া স্বপক্ষ বা বিপক্ষ উপস্থিত হইয়া নিকটে আসিলেই তাহাদিগকে বধ করিতে লাগিল ॥৭৪॥

রাজা! জয়াভিলাষী বহুতর ক্ষত্রিয় শরবর্ষণে আহত ও প্রাণবিহীন হইয়া ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৭৫॥

(৭১) ··শীঘ্রগামিনাম্···নি। (৭২) ভিন্দতঃ···পি। (৭৩) ··পিপাসবঃ—নি। (৭৫)··· শরবৃষ্টিরাবৃতাঃ—নি।

রথেভ্যো রথিনঃ পেতুর্দ্বিপেভ্যঃ সাদিনস্তথা।
বিমানেভ্য ইব ভ্রষ্টাঃ সিদ্ধাঃ পুণ্যক্ষয়ে যথা ॥৮৭॥
এবমন্যোন্যমায়স্তা যোধা জঘ্নুর্মহামৃধে।
পিতৄন্ ভ্রাতৄন্ বয়স্যাংশ্চ পুত্রানপি তথাপরে ॥৮৮॥
এবমাসীদমর্য্যাদং যুদ্ধং ভরতসত্তম!।
প্রাসাসিবাণকলিলে বর্ত্তমানে সুদারুণে ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।
তস্মিন্ শব্দে মৃদৌ জাতে পাণ্ডবৈর্নিহতে বলে।
অশ্বৈঃ সপ্তশতৈঃ শিষ্টৈরুপাবর্ত্তত সৌবলঃ ॥১॥

ভারতকৌমুদী

রথেভ্য ইতি। দ্বিপেভ্যো গজেভ্যঃ, সাদিন আরোহিণঃ ॥৮৭॥
এবমিতি। আয়স্তা যত্তা যত্নবন্ত ইতি যাবৎ। মহামৃধে মহাযুদ্ধে ॥৮৮॥
এবমিতি। অমর্য্যাদং নিয়মশূন্যম্। প্রাসাসিবাণৈঃ কলিলে ব্যাপ্তে ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে একবিংশোঽধ্যায়ঃ ॥০॥

পুণ্য ক্ষয় হইলে স্বর্গবাসীরা যেমন বিমান হইতে পতিত হন, সেইরূপ রথীরা রথ হইতে এবং গজারোহীরা গজ হইতে পতিত হইতে লাগিলেন ॥৮৭॥

এইরূপ অন্যান্য যোদ্ধারা পরস্পর যত্নবান্ হইয়া মহাযুদ্ধে পিতা, ভ্রাতা, সখা ও পুত্রদিগকে বধ করিতে থাকিলেন ॥৮৮॥

ভরতশ্রেষ্ঠ! প্রাস, তরবারি ও বাণে পরিপূর্ণ সেই সুদারুণ রণস্থলে এইরূপ নিয়মশূন্য যুদ্ধ চলিতে লাগিল' ॥৮৯॥

(৮৭)···দ্বিপেভ্যো হস্তিসাদিনঃ···বর্দ্ধ। * '···ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···দ্বাবিংশোঽধ্যায়ঃ' নি। (১) অল্পাবশিষ্টে সৈন্যে তু···অশ্বৈঃ সপ্তসহস্রৈস্তু···নি।

স যাত্বা বাহিনীং তূর্ণমব্রবীদ্বৈ ত্বরন্ যুধি।
যুধ্যধ্বমিতি সংহৃষ্টাঃ পুনঃ পুনররিন্দমাঃ! ॥২॥
অপৃচ্ছৎ ক্ষত্রিয়াংস্তত্র ক্ব নু রাজা মহারথঃ।
শকুনেস্তু বচঃ শ্রুত্বা ত ঊচুর্ভরতর্ষভ!।
অসৌ তিষ্ঠতি কৌরব্যো রণমধ্যে মহারথঃ ॥৩॥
যত্রৈতৎ সুমহচ্ছত্রং পূর্ণচন্দ্রসমপ্রভম্।
যত্রৈতে সতনুত্রাণা রথাস্তিষ্ঠন্তি দংশিতাঃ ॥৪॥
যত্রৈষ শব্দস্তুমুলঃ পর্জন্যনিনদোপমঃ।
তত্র গচ্ছ দ্রুতং রাজংস্ততো দ্রক্ষসি কৌরবম্ ॥৫॥ (যুগ্মকম্)
এবমুক্তস্তু তৈঃ শূরৈঃ শকুনিঃ সৌবলস্তদা।
প্রযযৌ তত্র যত্রাসৌ পুত্রস্তব নরাধিপ! ॥৬॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। মৃদৌ মন্দে। শিষ্টৈরবশিষ্টৈঃ, সৌবলঃ শকুনিঃ ॥১॥

স ইতি। যাত্বা গত্বা, বাহিনীং স্বসেনাম্ ॥২॥

অপৃচ্ছদিতি। রাজা দুর্য্যোধনঃ। তে ক্ষত্রিয়াঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

যত্রেতি। সতনুত্রাণা বর্ম্মযুক্তাঃ, দংশিতাঃ সন্নদ্ধাঃ। পর্জন্যনিনদোপমঃ মেঘগর্জন-তুল্যঃ। রাজন্! হে গান্ধাররাজ! কৌরবং দুর্য্যোধনম্ ॥৪—৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! সেই শব্দ কমিয়া আসিলে এবং পাণ্ডবেরা কৌরব-সৈন্য সংহার করিলে, শকুনি অবশিষ্ট সাত শত সৈন্যের সহিত যুদ্ধে উপস্থিত হইলেন ॥১॥

তিনি আপন সৈন্যমধ্যে প্রবেশ করিয়া যুদ্ধে ত্বরান্বিত হইয়া সত্বর বলিলেন—'হে শত্রুদমনকারী যোদ্ধৃগণ! আপনারা আনন্দিত হইয়া যুদ্ধ করুন'। এই কথা তিনি বার বার বলিয়াছিলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! পরে শকুনি ক্ষত্রিয়গণের নিকট জিজ্ঞাসা করিলেন—'মহারথ রাজা দুর্য্যোধন কোথায়?'। তখন সেই ক্ষত্রিয়েরা শকুনির কথা শুনিয়া বলিলেন—'ঐ কৌরবনন্দন মহারথ দুর্য্যোধন যুদ্ধমধ্যে অবস্থান করিতেছেন ॥৩॥

গান্ধাররাজ! পূর্ণচন্দ্রের ন্যায় প্রভাযুক্ত অতিবিশাল ছত্র যে স্থানে রহিয়াছে; যেস্থানে বর্ম্মাবৃতদেহ ও যুদ্ধসজ্জায় সজ্জিত এই রথিগণ অবস্থান করিতেছেন এবং যেখানে মেঘগর্জনের ন্যায় এই তুমুল শব্দ হইতেছে, আপনি সত্বর সেইখানে গমন করুন, তাহার পর কুরুরাজ দুর্য্যোধনকে দেখিতে পাইবেন' ॥৪—৫॥

(২)···চোদয়ানঃ স্বকান্ যুধি—নি।

CENTRAL LIBRARY

সর্বতঃ সংবৃতো বীরৈঃ সমরেষ্বনিবর্ত্তিভিঃ।
ততো দুর্য্যোধনং দৃষ্ট্বা রথানীকে ব্যবস্থিতম্।
সরথাংস্তাবকান্ সর্বান্ হর্ষয়ন্ শকুনিস্ততঃ ॥৭॥
দুর্য্যোধনমিদং বাক্যং হৃষ্টরূপো বিশাংপতে!।
কৃতকার্য্যমিবাত্মানং মন্যমানোঽব্রবীন্নৃপম্ ॥৮॥ (যুগ্মকম্)
জহি রাজন্! রথানীকমশ্বাঃ সর্বে জিতা ময়া।
নাত্যক্ত্বা জীবিতং সংখ্যে শক্যো জেতুং যুধিষ্ঠিরঃ ॥৯॥
হতে তস্মিন্ রথানীকে পাণ্ডবেনাভিপালিতে।
গজানেতান্ হনিষ্যামঃ পদাতীংশ্চেতরাংস্তথা ॥১০॥
শ্রুত্বা তু বচনং তস্য তাবকা জয়গৃদ্ধিনঃ।
জবেনাভ্যদ্রবন্ হৃষ্টাঃ পাণ্ডবানামনীকিনীম্ ॥১১॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রযযৌ, শকুনিরিতি শেষঃ। পুত্রো দুর্য্যোধনঃ ॥৬॥
সর্বত ইতি। রথানীকে রথিসৈন্যমধ্যে। ষট্পাদঃ শ্লোকঃ। কৃতকার্য্যং কৃতজয়ম্ ॥৭-৮॥
জহীতি। অত্যক্ত্বা রণস্থলমিতি শেষঃ। জীবিতো ন ভবেৎ ॥৯॥
হত ইতি। রথানীকে রথিসৈন্যে, পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ ॥১০॥
শ্রুত্বেতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। অভ্যদ্রবন্নভ্যধাবন্ ॥১১॥

নরনাথ! সেই বীরেরা এইরূপ বলিলে, আপনার পুত্র দুর্য্যোধন যেস্থানে ছিলেন, সুবলনন্দন শকুনি তখন সেইস্থানে গমন করিলেন ॥৬॥

নরনাথ! যুদ্ধে অনিবর্ত্তী বীরগণে পরিবেষ্টিত হইয়া এবং রাজা দুর্য্যোধনকে রথিসৈন্য মধ্যে অবস্থিত দেখিয়া শকুনি আপনার পক্ষের সকল সৈন্যকে আনন্দিত করিতে থাকিয়া এবং আপনাকে যেন কৃতকার্য্য মনে করিয়া হৃষ্টভাবে রাজা দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৭—৮॥

'রাজা! তুমি পাণ্ডবপক্ষের রথিসৈন্য সংহার কর, আমি সমস্ত অশ্বারোহীকেই জয় করিয়াছি। যুধিষ্ঠির রণস্থল ত্যাগ না করিয়া জীবিত থাকিতে পারিবে না; সুতরাং উহাকে জয় করা যাইবে ॥৯॥

যুধিষ্ঠিররক্ষিত সেই রথিসৈন্য নিহত হইলে, আমরা এই সকল গজারোহী ও অপর পদাতিদিগকে বিনাশ করিব' ॥১০॥

মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা শকুনির কথা শুনিয়া আনন্দিত ও জয়াভিলাষী হইয়া বেগে পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১১॥

(৭)···সমরে চিত্রযোধিভিঃ···নি। (৯)···মন্যে সর্বে জিতা ময়া···পি।

সর্বে বিধৃততূণীরাঃ প্রগৃহীতশরাসনাঃ।
শরাসনানি ধুন্বানাঃ সিংহনাদং প্রচক্রিরে ॥১২॥
ততো জ্যাতলনির্ঘোষঃ পুনরাসীদ্বিশাংপতে!।
প্রাদুরাসীচ্ছরাণাঞ্চ বিমুক্তানাং সুদারুণঃ ॥১৩॥
তান্ সমীপগতান্ দৃষ্ট্বা জবেনোদ্যতকার্ম্মুকান্।
উবাচ দেবকীপুত্রং কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥১৪॥
চোদয়াশ্বানসংভ্রান্তঃ প্রবিশৈনং বলার্ণবম্।
অন্তমদ্য গমিষ্যামি শত্রূণাং নিশিতৈঃ শরৈঃ ॥১৫॥
অষ্টাদশ দিনান্যদ্য যুদ্ধস্যাস্য জনার্দ্দন!।
বর্ত্তমানস্য মহতঃ সমাসাদ্য পরস্পরম্ ॥১৬॥
অনন্তকল্পা ধ্বজিনী ভূত্বা হ্যেষাং মহাত্মনাম্।
ক্ষয়মদ্য গতা যুদ্ধে পশ্য দৈবং যথাবিধম্ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। শরাসনানি ধনূংষি, ধুন্বানাঃ শরক্ষেপায় চালয়ন্তঃ ॥১২॥
তত ইতি। সুদারুণো নির্ঘোষ ইত্যনুবৃত্তিঃ ॥১৩॥
তানিতি। জবেন বেগেন। দেবকীপুত্রং কৃষ্ণম্ ॥১৪॥
চোদয়েতি। চোদয় প্রেরয়, অসংভ্রান্তঃ অবিচলিতঃ। অন্তং শেষম্ ॥১৫॥
অষ্টেতি। সমাসাদ্য প্রাপ্য। ধ্বজিনী সেনা ॥১৬—১৭॥

তাহারা সকলেই তূণ ও ধনু ধারণ করিয়া এবং ধনু সঞ্চালন করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥১২॥

নরনাথ! তাহার পর পুনরায় ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের শব্দ হইতে লাগিল এবং নিক্ষিপ্ত শরসমূহের অতিভীষণ চটচটাধ্বনি হইতে থাকিল ॥১৩॥

সেই সৈন্যগণকে ধনু উত্তোলন করিয়া বেগে নিকটবর্ত্তী হইতে দেখিয়া কুন্তী-নন্দন অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—॥১৪॥

'কৃষ্ণ! তুমি অবিচলিত থাকিয়া অশ্বগুলিকে চালন কর এবং এই সৈন্যসাগর-মধ্যে প্রবেশ কর। আমি আজ সুধার বাণদ্বারা শত্রুগণকে নিঃশেষ করিব ॥১৫॥

জনার্দ্দন! পরস্পরকে পাইবার পরে এই যুদ্ধ আরম্ভ হইয়াছিল, তাহা আজ অষ্টাদশ দিন চলিতেছে। মহাত্মাদের সেনা অসীম হইয়াও আজ যুদ্ধে ক্ষয় পাইয়াছে; সুতরাং কৃষ্ণ! দৈব যেমন তাহা দেখ—॥১৬—১৭॥

(১২) বদ্ধনিস্ত্রিংশহস্তাশ্চ···সিংহনাদান্ প্রচক্রিরে—নি। (১৪)···জনাদ্যুদ্যতকার্ম্মুকান্—নি।

CENTRAL LIBRARY

সমুদ্রকল্পঞ্চ বলং ধার্ত্তরাষ্ট্রস্য মাধব ! ।
অস্মানাসাদ্য সঞ্জাতং গোষ্পদোপমমচ্যুত ! ॥১৮॥
হতে ভীষ্মে তু সন্দধ্যাচ্ছিবং স্যাদিহ মাধব ! ।
ন চ তৎ কৃতবান্ মূঢ়ো ধার্ত্তরাষ্ট্রঃ সুবালিশঃ ॥১৯॥
উক্তং ভীষ্মেণ যদ্বাক্যং হিতং পথ্যঞ্চ মাধব ! ।
তচ্চাপি নাসৌ কৃতবান্ বীতবুদ্ধিঃ সুযোধনঃ ॥২০॥
তস্মিংস্তু নিহতে ভীষ্মে প্রচ্যুতে পৃথিবীতলে ।
ন জানে কারণং কিন্নু যেন যুদ্ধমবর্ত্তত ॥২১॥
মূঢ়াংস্তু সর্বথা মন্যে ধার্ত্তরাষ্ট্রান্ সুবালিশান্ ।
পতিতে শান্তনোঃ পুত্রে যেঽকার্ষুঃ সংযুগং পুনঃ ॥২২॥
অনন্তরঞ্চ নিহতে দ্রোণে ব্রহ্মবিদাং বরে ।
রাধেয়ে চ বিকর্ণে চ নৈবাশাম্যত বৈশসম্ ॥২৩॥

ভারতকৌমুদী

সমুদ্রেতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্যোধনস্য ॥১৮॥
হত ইতি। সন্দধ্যাদ্যদি সন্ধিং কুর্য্যাৎ, তদা শিবং মঙ্গলং স্যাৎ। সুবালিশ অতিমূর্খঃ ॥১৯॥
উক্তমিতি। পথ্যম্ অবস্থানুরূপম্। বীতবুদ্ধিস্ত্যক্তসুবুদ্ধিঃ ॥২০॥
তস্মিন্নিতি। নিহতে আহতে, প্রচ্যুতে পতিতে। অবর্ত্তত অতিষ্ঠৎ ॥২১॥
মূঢ়ানিতি। সুবালিশান্ অতিমূর্খান্। তাদৃশবীরান্তরাভাবেন জয়াসম্ভবাদিতি ভাবঃ ॥২২॥
অনন্তরমিতি। ব্রহ্মবিদাং বেদজ্ঞানাম্। রাধেয়ে কর্ণে। বৈশসং যুদ্ধম্ ॥২৩॥

মাধব ! অচ্যুত ! দুর্যোধনের সমুদ্রতুল্য সৈন্য আমাদিগকে পাইয়া এখন গোষ্পদের তুল্য হইয়া গিয়াছে ॥১৮॥

মাধব ! ভীষ্ম নিহত হইলে পরই দুর্যোধন যদি সন্ধি করিত, তবে উভয় পক্ষেরই মঙ্গল হইত ; কিন্তু বিকৃতচিত্ত ও অতিমূর্খ দুর্যোধন তাহা করে নাই ॥১৯॥

কৃষ্ণ ! ভীষ্ম যে হিতকর ও অবস্থানুরূপ বাক্য বলিয়াছিলেন, তাহাও ঐ সুবুদ্ধিশূন্য দুর্যোধন করে নাই ॥২০॥

সেই ভীষ্ম আহত হইয়া ভূতলে পতিত হইলে, আবারও যে যুদ্ধ চলিতে লাগিল, তাহার কারণ কিছুই জানি না ॥২১॥

শান্তনুনন্দন ভীষ্ম নিপতিত হইলে, যাহারা পুনরায় যুদ্ধ করিয়াছে, আমি সেই ধৃতরাষ্ট্রপুত্রগণকে সর্বপ্রকারে মোহাবিষ্ট ও অতিমূর্খ বলিয়া মনে করি ॥২২॥

(১৯) হতে ভীষ্মে দীর্ঘমাসীচ্ছমঃ স্যাদিতি···নি। (২১) তস্মিংস্তু তুমুলে ভীষ্মে ··পি। (২৩)···নৈব শাম্যতি বৈশসম্। এবং সর্বত্র নি।

অল্পাবশিষ্টে সৈন্যেঽস্মিন্ সূতপুত্রে চ পাতিতে।
সপুত্রে বৈ নরব্যাঘ্রে নৈবাশাম্যত বৈশসম্ ॥২৪॥
শ্রুতায়ুষি হতে শূরে জলসন্ধে চ পৌরবে।
শ্রুতায়ুধে চ নৃপতৌ নৈবাশাম্যত বৈশসম্ ॥২৫॥
ভূরিশ্রবসি শল্যে চ শাল্বে চৈব জনার্দ্দন!।
আবন্ত্যেষু চ বীরেষু নৈবাশাম্যত বৈশসম্ ॥২৬॥
জয়দ্রথে চ নিহতে রাক্ষসে চাপ্যলায়ুধে।
বাহ্লীকে সোমদত্তে চ নৈবাশাম্যত বৈশসম্ ॥২৭॥
ভগদত্তে হতে শূরে কাম্বোজে চ সুদক্ষিণে।
দুঃশাসনে চ নিহতে নৈবাশাম্যত বৈশসম্ ॥২৮॥

ভারতকৌমুদী

অল্পেতি। পুত্রৈর্বৃষসেনাদিভিঃ সহেতি তস্মিন্। অশাম্যত ব্যরমং ॥২৪॥
শ্রুতেতি। শ্রুতায়ুরাদীনি তত্তদ্বীরনামানি ॥২৫॥
ভূরীতি। আবন্ত্যেষু অবন্তিদেশীয়েষু বিন্দানুবিন্দাদিষু ॥২৬॥
জয়দ্রথ ইতি। বাহ্লীকসোমদত্তৌ কুরুবংশীয়ৌ ॥২৭॥
ভগেতি। কাম্বোজে কাম্বোজদেশীয়ে, সুদক্ষিণে তদাখ্যে রাজ্ঞি ॥২৮॥

তাহার পরে বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ এবং কর্ণ ও বিকর্ণ নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৩॥

এই সৈন্য অল্প অবশিষ্ট থাকিলে এবং নরশ্রেষ্ঠ কর্ণ তাহার পুত্রগণের সহিত নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৪॥

বীর শ্রুতায়ু, পুরুবংশীয় জলসন্ধ এবং রাজা শ্রুতায়ুধ নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৫॥

জনার্দ্দন! বীর ভূরিশ্রবা, শল্য, শাল্ব এবং অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ-প্রভৃতি নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৬॥

জয়দ্রথ, রাক্ষস অলায়ুধ, বাহ্লীক এবং সোমদত্ত নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৭॥

বীর ভগদত্ত, কাম্বোজরাজ সুদক্ষিণ এবং দুঃশাসন নিহত হইলেও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৮॥

(২৫) জলসন্ধে চ মাগধে—নি। (২৮)···কাম্বোজে চ সুদারুণে···নি।

CENTRAL LIBRARY

দৃষ্ট্বা চ নিহতান্ শূরান্ পৃথঙ্মাণ্ডলিকান্ নৃপান্।
বলিনশ্চ রণে কৃষ্ণ! নৈবাশাম্যত বৈশসম্ ॥২৯॥
অক্ষৌহিণীং হতাং দৃষ্ট্বা ভীমসেনেন সংযুগে।
মোহাদ্বা যদি বা লোভান্নৈবাশাম্যত বৈশসম্ ॥৩০॥
কো নু রাজা কুলে জাতঃ কৌরবেয়ো বিশেষতঃ।
নিরর্থকং মহদ্বৈরং কুর্য্যাদন্যঃ সুযোধনাৎ ॥৩১॥
গুণতোঽভ্যধিকং জ্ঞাত্বা বলতঃ শৌর্য্যতোঽপি বা।
অমূঢ়ঃ কো নু যুধ্যেত জানন্ প্রাজ্ঞো হিতাহিতম্ ॥৩২॥
যন্ন তস্য মনো হ্যাসীত্ত্বয়োক্তস্য হিতস্য চ।
প্রশমে পাণ্ডবৈঃ সার্দ্ধং সোঽন্যস্য শৃণুয়াৎ কথম্ ॥৩৩॥
যেন শান্তনবো ভীষ্মো দ্রোণো বিদুর এব চ।
প্রত্যাখ্যাতাঃ শমস্যার্থে কিন্নু তস্যাদ্য ভেষজম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। পৃথঙ্মাণ্ডলিকান্ ভিন্নভিন্নরাজ্যাধিপতীন্ ॥২৯॥
অক্ষৌহিণীমিতি। অক্ষৌহিণীমনেকামিত্যর্থঃ। লোভাৎ রাজ্যলোভাৎ ॥৩০॥
ক ইতি। কুলে সদ্বংশে। কৌরবেয়ঃ কুরুবংশজাতো জনঃ ॥৩১॥
গুণত ইতি। অভ্যধিকং বিপক্ষমিতি শেষঃ। বলতঃ সৈন্যতঃ ॥৩২॥
যদিতি। প্রশমে সন্ধিকরণে। সোঽন্যস্য হিতবাক্যমিতি শেষঃ ॥৩৩॥

কৃষ্ণ! বীর ও ভিন্ন ভিন্ন রাজ্যের অধিপতি অন্যান্য রাজাকে এবং বলবান্ যোদ্ধাদিগকে নিহত দেখিয়াও যুদ্ধ নিবৃত্তি পাইল না! ॥২৯॥

ভীমসেন যুদ্ধে নিজের বহু অক্ষৌহিণী সৈন্য বিনাশ করিয়াছেন, ইহা দেখিয়াও দুর্য্যোধনের মোহ অথবা লোভবশতই যুদ্ধ নিবৃত্তি পায় নাই ॥৩০॥

একমাত্র দুর্য্যোধনব্যতীত সদ্বংশজাত অন্য কোন্ রাজা বিশেষতঃ কুরুবংশ জাত অন্য কোন্ লোক বিনা প্রয়োজনে গুরুতর শত্রুতা উৎপাদন করেন? ॥৩১॥

হিতাহিতজ্ঞ, বুদ্ধিমান্ এবং অমোহাবিষ্ট কোন্ লোক বিপক্ষকে গুণে, সৈন্যে ও বীরত্বে অধিক জানিয়াও যুদ্ধ করেন ॥৩২॥

কৃষ্ণ! পাণ্ডবগণের সহিত সন্ধি করিবার পক্ষে তুমি বহুতর হিতের কথা বলিয়াছিলে, কিন্তু দুর্য্যোধন তাহা যখন রক্ষা করে নাই, তখন সৈন্যগণের মধ্যে কেহ সন্ধি করার কথা বলিয়া থাকিলেও তাহা রক্ষা করিবে কেন? ॥৩৩॥

(৩০) অক্ষৌহিণীপতীন্ দৃষ্ট্বা ভীমসেনেন পাতিতান্…পি নি। (৩১) কো নু রাজকুলে জাতঃ…নি পি। (৩৩) ত্বয়োক্তং যদ্ধিতং বচঃ…পি।

মৌঢ্যাদ্‌যেন পিতা বৃদ্ধং প্রত্যাখ্যাতো জনার্দ্দন ! ।
তথা মাতা হিতং বাক্যং ভাষমাণা হিতৈষিণী ।
প্রত্যাখ্যাতা হ্যসৎকৃত্য স কস্মাদ্‌রোচয়েদ্বচঃ ॥৩৫॥
কুলান্তকরণো ব্যক্তং জাত এব জনার্দ্দন ! ।
তথাস্য দৃশ্যতে চেষ্টা নীতিশ্চৈব বিশাংপতে ! ।
নৈষ দাস্যতি নো রাজ্যমিতি মে মতিরচ্যুত ! ॥৩৬॥
উক্তোঽহং বহুশস্তাত ! বিদুরেণ মহাত্মনা ।
ন জীবন্ দাস্যতে ভাগং ধার্ত্তরাষ্ট্রঃ কথঞ্চন ॥৩৭॥
যাবৎ প্রাণান্ ধারয়তি ধৃতরাষ্ট্রোঽপি মানদ ! ।
তাবৎ যুষ্মাসু পাপোঽসৌ প্রচরিষ্যতি পাতকম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

যেনেতি। শমস্য সন্ধিনিবন্ধনশাস্ত্রেঃ। ভেষজমৌষধম্, মতপরিবর্ত্তক ইত্যর্থঃ ॥৩৪॥
মৌঢ্যাদিতি। অবমন্য অবজ্ঞায়। কস্মাদন্যস্মাৎ জনাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
কুলেতি। কুলান্তকরণো বংশধ্বংসজনকঃ। নঃ অস্মাকম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥
উক্ত ইতি। হে তাত ! জগৎপিতঃ ! । ভাগং রাজ্যস্য ॥৩৭॥
যাবদিতি। যুষ্মাসু পাণ্ডবেষু। পাতকং পাতকজনকমনর্থম্ ॥৩৮॥

যে লোক—শান্তনুনন্দন ভীষ্ম, দ্রোণ ও বিদুরকে সন্ধি করিবার বিষয়ে প্রত্যাখ্যান করিয়াছে, তাহার আজ মোহনিবারক ঔষধ কি হইতে পারে ? ॥৩৪॥

যে লোক মূঢ়তাবশতঃ বৃদ্ধ পিতাকে প্রত্যাখ্যান করিয়াছে এবং হিতৈষিণী মাতা হিতবাক্য বলিতেছিলেন, সেই অবস্থায় তাঁহাকেও নিরাস করিয়াছে, সে লোক অন্য কোন্ ব্যক্তির কথায় সম্মত হইবে ॥৩৫॥

লোকনাথ ! জনার্দ্দন ! কৃষ্ণ ! নিশ্চয়ই এটা বংশনাশক হইয়া জন্মিয়াছে ; সেইরূপই ইহার চেষ্টা ও নীতি দেখা যাইতেছে। এ আমাদিগকে রাজ্য দান করিবে না ইহাই আমার ধারণা ॥৩৬॥

হে জগৎপিতঃ ! মহাত্মা বিদুর বহু বার আমার নিকট বলিয়াছেন যে, 'দুর্য্যোধন জীবিত থাকিয়া তোমাদিগকে রাজ্যের ভাগ দিবে না ॥৩৭॥

এবং সম্মানদাতা ! ধৃতরাষ্ট্রও যে পর্য্যন্ত প্রাণ ধারণ করিবেন, সেই পর্য্যন্তই ঐ পাপাত্মা তোমাদের অনিষ্টাচরণ করিবে ॥৩৮॥

---

(৩৫) মৌর্খ্যাদ্‌যেন··নি। (৩৬) জাত্যা তু রাক্ষসো ব্যক্তং জাত এব···পি।

CENTRAL LIBRARY

ন চ শক্যোঽন্যথা জেতুমৃতে যুদ্ধেন মাধব ! ।
ইত্যব্রবীৎ সদা মাং হি বিদুরঃ সত্যদর্শনঃ ॥৩৯॥
তৎ সর্বমদ্য জানামি ব্যবসায়ং দুরাত্মনঃ ।
যদুক্তং বচনং তেন বিদুরেণ মহাত্মনা ॥৪০॥
যো হি শ্রুত্বা বচঃ পথ্যং জামদগ্ন্যাদ্‌যথাতথম্ ।
অবামন্যত দুর্বুদ্ধির্ধ্রুবং নাশমুখে স্থিতঃ ॥৪১॥
উক্তং হি বহুভিঃ সিদ্ধৈর্জাতমাত্রে সুযোধনে ।
এনং প্রাপ্য দুরাত্মানং ক্ষয়ং ক্ষত্রং গমিষ্যতি ॥৪২॥
তদিদং বচনং তেষাং নিরুক্তং বৈ জনার্দ্দন ! ।
ক্ষয়ং যাতা হি রাজানো দুর্য্যোধনকৃতে ভৃশম্ ।
সোঽদ্য সর্বান্ রণে যোধান্ নিহনিষ্যামি মাধব ! ॥৪৩॥
ক্ষত্রিয়েষু হতেষ্বদ্য শূন্যে চ শিবিরে কৃতে ।
বধায় চাত্মনোঽস্মাভিঃ সংযুগং রোচয়িষ্যতি ॥৪৪॥

ভারতকৌমুদী

নেতি। জেতুং বশীকর্ত্তুম্, ঋতে বিনা। সত্যদর্শনঃ অভ্রান্তবুদ্ধিঃ ॥৩৯॥
তদিতি। ব্যবসায়ং মনোবৃত্তিম, দুরাত্মনো দুর্য্যোধনস্য ॥৪০॥
য ইতি। পথ্যং হিতকরম, জামদগ্ন্যাৎ সন্ধিসভাস্থিতাদ্রামাৎ ॥৪১॥
উক্তমিতি। ক্ষত্রং ক্ষত্রিয়জাতিঃ ॥৪২॥
তদিতি। দুর্য্যোধনকৃতে দুর্য্যোধননিমিত্তে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥

যুদ্ধব্যতীত অন্য কোন প্রকারেই উহাকে বশীভূত করা যাইবে না'। কৃষ্ণ! সত্যদর্শী বিদুর আমাকে এই কথা বলিয়াছেন ॥৩৯॥

মহাত্মা বিদুর যাহা বলিয়াছেন, আজ আমি দুরাত্মা দুর্য্যোধনের সেই সমস্ত মনোবৃত্তিই বুঝিতেছি ॥৪০॥

যে দুর্বুদ্ধি সেই সন্ধিসভায় পরশুরামের মুখ হইতে হিতকর বাক্য শুনিয়া অবজ্ঞা করিয়াছিল ; সে নিশ্চয়ই বিনাশের মুখে রহিয়াছে ॥৪১॥

দুর্য্যোধন জন্মিবামাত্রই বহুতর সিদ্ধপুরুষ বলিয়াছিলেন যে, 'এই দুরাত্মার দোষেই ক্ষত্রিয়জাতি ক্ষয় পাইবে' ॥৪২॥

কৃষ্ণ! আমি তোমার নিকট তাঁহাদের উক্ত এই কথাগুলি বলিলাম। রাজারা দুর্য্যোধনের জন্য গুরুতর ক্ষয় পাইয়াছেন। সে যাহা হউক, মাধব! অদ্যই আমি বিপক্ষ যোদ্ধাদিগকে সংহার করিব ॥৪৩॥

(৩৯) ন চ যুক্তোঽন্যথা···নি। (৪১)···নাত্যবর্ত্তত···পি।

তদন্তং হি ভবেদ্বৈরমনুমানেন মাধব !।
এবং পশ্যামি বার্ষ্ণেয় ! চিন্তয়ন্ প্রজ্ঞয়া স্বয়া।
বিদুরস্য চ বাক্যেন চেষ্টয়া চ দুরাত্মনঃ ॥৪৫॥
সংযাহি ভারতীং বীর ! যাবদ্ধন্মি শিতৈঃ শরৈঃ।
দুর্য্যোধনং দুরাত্মানং বাহিনীঞ্চাস্য সংযুগে ॥৪৬॥
ক্ষেমমস্য করিষ্যামি ধর্ম্মরাজস্য মাধব !।
হত্বৈতদ্দুর্বলং সৈন্যং ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥৪৭॥

সঞ্জয় উবাচ।

অভীযুহস্তো দাশার্হস্তথোক্তঃ সব্যসাচিনা।
তদ্বলৌঘমমিত্রাণামভীতঃ প্রাবিশদ্রণে ॥৪৮॥
শরাসনবনং ঘোরং শক্তিকণ্টকসংবৃতম্।
গদাপরিঘপাষাণং রথনাগমহাদ্রুমম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয়েতি। আত্মনো দুর্য্যোধনস্য। রোচয়িষ্যতি দুর্য্যোধন এব ॥৪৪॥
তদিতি। স দুর্য্যোধনবধ এব অন্তঃ শেষো যস্য তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥
সংযাহীতি। ভারতীং কৌরবীং সেনাম্। শিতৈঃ সুধারৈঃ ॥৪৬॥
ক্ষেমমিতি। ক্ষেমং সর্বথা জয়লাভেন মঙ্গলম্। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ॥৪৭॥
অভীদ্বিতি। অভীযুহস্তঃ অশ্বরজ্জুহস্তঃ, দাশার্হস্তদ্বংশীয়ঃ কৃষ্ণঃ ॥৪৮॥

অদ্য আমরা ক্ষত্রিয়গণকে বধ ও শিবিরগুলিকে শূন্য করিলে, দুর্য্যোধন আত্ম-বিনাশের জন্য যুদ্ধ করিবার ইচ্ছা করিবে ॥৪৪॥

বৃষ্ণিনন্দন ! দুর্য্যোধনের বধ হইলেই এই শত্রুতারও শেষ হইবে। মাধব ! অনুমান, আপন বুদ্ধি, বিদুরের বাক্য এবং দুরাত্মা দুর্য্যোধনের ব্যবহার চিন্তা করিয়া আমি ইহাই দেখিতেছি ॥৪৫॥

অতএব বীর ! তুমি কৌরবসৈন্যমধ্যে প্রবেশ কর, আমি সুধার বাণদ্বারা যুদ্ধে দুরাত্মা দুর্য্যোধনকে এবং উহার সৈন্যদিগকে বধ করিতেছি ॥৪৬॥

মাধব ! আজ দুর্য্যোধনের সমক্ষে এই দুর্ব্বল সৈন্যগুলিকে বধ করিয়া ধর্ম্মরাজের মঙ্গল সম্পাদন করিব' ॥৪৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! অর্জ্জুন সেইরূপ বলিলে, কৃষ্ণ অশ্বরজ্জু ধারণ করিয়া নির্ভয় চিত্তে বিপক্ষের সৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৪৮॥

(৪৬) তস্মাদ্যাহি চমূম্…নি, সংযাহি ভারতান্…পি। (৪৮) অতীবহৃষ্টো…পি,… প্রাবিশদ্বলাৎ—নি।

হয়পত্তিলতাকীর্ণং গাহমানো মহাযশাঃ।
ব্যরোচত্তত্র গোবিন্দো রথেনাতিপতাকিনা ॥৫০॥ (যুগ্মকম্)
তে হয়াঃ পাণ্ডুরা রাজন্! বহন্তোঽর্জ্জুনমাহবে।
দিক্ষু সর্বাস্বদৃশ্যন্ত দাশার্হেণ প্রচোদিতাঃ ॥৫১॥
ততঃ প্রায়াদ্রথেনাজৌ সব্যসাচী পরন্তপঃ।
কিরন্ শরশতাংস্তীক্ষ্ণান্ বারিধারা ইবাম্বুদঃ।
প্রাদুরাসীন্মহাশব্দঃ শরাণাং নতপর্ব্বণাম্ ॥৫২॥
ইষুভিশ্ছিদ্যমানানাং সমরে সব্যসাচিনা।
অসজ্জন্তস্তনুত্রেষু শরৌঘাঃ প্রাপতন্ ভুবি ॥৫৩॥

ভারতকৌমুদী

শরেতি। শরাসনানি ধনূংষ্যেব বলানি যত্র তৎ, শক্তয় এব কণ্টকানি তৈঃ সংবৃতম্। গদাঃ পরিঘাশ্চৈব পাষাণং যত্র তৎ, রথা নাগা গজাশ্চৈব মহাদ্রুমা যত্র তৎ। হয়া অশ্বাঃ পত্তয়ঃ পদাতয়শ্চৈব লতাস্তাভিরাকীর্ণং ব্যাপ্তম্, গাহমান আলোড়য়ন্। ব্যরোচৎ অদীপ্যত ॥৪৯—৫০॥

ত ইতি। পাণ্ডুরাঃ শ্বেতাঃ। দাশার্হেণ কৃষ্ণেন, প্রচোদিতাঃ প্রেরিতাঃ ॥৫১॥

তত ইতি। কিরন্ নিক্ষিপন্। নতপর্বণাং বক্রোপান্তানাম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫২॥

ইষুভিরিতি। তনুত্রেষু কবচেষু ॥৫৩॥

তখন অত্যন্ত যশস্বী কৃষ্ণ দোদুল্যমান পতাকাযুক্ত রথে বিপক্ষ সৈন্যবন আলোড়ন করিতে থাকিয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন। সেই বন—শক্তিরূপ কণ্টকে আবৃত ছিল, ধনু ছিল—তাহার ভিতরের ক্ষুদ্র বন, গদা ও পরিঘ ছিল—প্রস্তর, রথ ও হস্তী ছিল—বিশাল বৃক্ষ এবং সে বন—অশ্ব ও পদাতিরূপ লতায় ব্যাপ্ত ছিল ॥৪৯—৫০॥

শুভ্রবর্ণ ও কৃষ্ণপ্রেরিত সেই অশ্বগুলি অর্জ্জুনকে বহন করিতে থাকিয়া রণস্থলের সকল দিকেই দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৫১॥

তদনন্তর মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ অর্জ্জুন তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে থাকিয়া রথারোহণে গমন করিতে লাগিলে এবং তৎকালে সেই নতপর্ব্ব বাণগুলির ভীষণ শব্দ হইতে থাকিল ॥৫২॥

অর্জ্জুন বাণদ্বারা যাহাদিগকে ছেদন করিতেছিলেন, তাহাদের বর্ম্মে তাঁহার বাণগুলি প্রথমে সংলগ্ন হইতে লাগিল এবং পরে তথা হইতে পতিত হইতে থাকিল ॥৫৩॥

(৪০) হয়পত্তিনদাকীর্ণম্···পি, ব্যচরত্তত্র···পি নি। (৫৩) ইষুভিশ্ছাদ্যমানানাম্···নি, তাড্যমানানাম্···পি।

ইন্দ্রাশনিসমস্পর্শা গাণ্ডীবপ্রেষিতাঃ শরাঃ।
নরান্নাগান্ সমাহত্য হয়াংশ্চাপি বিশাংপতে!।
অপতন্ত রণে বাণাঃ পতঙ্গা ইব ঘোষিণঃ ॥৫৪॥
আসীৎ সর্বমবচ্ছন্নং গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
ন প্রাজ্ঞায়ন্ত সমরে দিশো বা বিদিশোঽপি বা ॥৫৫॥
সর্বমাসীজ্জগৎ পূর্ণং পার্থনামাঙ্কিতৈঃ শরৈঃ।
রুক্মপুঙ্খৈস্তৈলধৌতৈঃ কর্ম্মারপরিমার্জিতৈঃ ॥৫৬॥
তে দহ্যমানাঃ পার্থেন পাবকেনেব কুঞ্জরাঃ।
সমসীদন্ত কৌরব্যা বধ্যমানাঃ শিতৈঃ শরৈঃ ॥৫৭॥
শরচাপধরঃ পার্থঃ প্রজ্বলন্নিব ভাস্করঃ।
দদাহ সমরে যোধান্ কক্ষমগ্নিরিব জ্বলন্ ॥৫৮॥
যথা বনান্তে বনগৈর্বিসৃষ্টঃ কক্ষং দহেৎ কৃষ্ণগতিঃ সুঘোষঃ।
ভূরিদ্রুমং শুষ্কলতাবিতানং ভৃশং সমৃদ্ধো জ্বলনঃ প্রতাপী ॥৫৯॥

ভারতকৌমুদী

ইন্দ্রেতি। পতঙ্গাঃ শলভাঃ, ঘোষিণঃ শব্দায়মানাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥
আসীদিতি। অবচ্ছন্নমাবৃতম্। বিদিশো দিগন্তরালানি ॥৫৫॥
সর্বমিতি। জগৎ সমরাঙ্গনমিত্যর্থঃ। কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জিতাস্তৈঃ ॥৫৬॥
ত ইতি। পাবকেন দাবাগ্নিনা, কুঞ্জরা বন্যহস্তিনঃ ॥৫৭॥
শরেতি। কক্ষং শুষ্কতৃণরাশিম্ ॥৫৮॥

নরনাথ! গাণ্ডীবনিক্ষিপ্ত ও ইন্দ্রবজ্রসমস্পর্শ অর্জ্জুনের বাণ সকল যাইয়া পদাতি, হস্তী ও অশ্বদিগকে আহত করিয়া ও শব্দ করিতে থাকিয়া পতঙ্গশ্রেণীর ন্যায় পতিত হইতে লাগিল ॥৫৪॥

গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহে সমস্তই আবৃত হইয়া পড়িল। সুতরাং রণস্থলের দিক্ বা বিদিক্ জানা গেল না ॥৫৫॥

অর্জ্জুননামাঙ্কিত, স্বর্ণপুঙ্খ, তৈলপরিষ্কৃত ও শিল্পিপরিমার্জিত বাণসমূহে রণস্থলটা একেবারে পূর্ণ হইয়া গেল ॥৫৬॥

দাবাগ্নিতে দহ্যমান বন্য হস্তিগণের ন্যায় সেই কৌরবসৈন্যেরা অর্জ্জুনের সুধার বাণে নিহত হইতে থাকিয়া অবসন্ন হইয়া পড়িল ॥৫৭॥

প্রজ্বলিত অগ্নি যেমন শুষ্ক তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ ধনুর্বাণধারী অর্জ্জুন সূর্য্যের ন্যায় জ্বলিতে থাকিয়া যুদ্ধে কৌরবসৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥৫৮॥

(৫৭)···পার্থং ন প্রাজহুর্ঘোরাঃ···নি। (৫৮)···প্রজ্বলন্নিব ভারত!···পি।

CENTRAL LIBRARY

এবং স নারাচগণপ্রতাপী শরার্চ্চিরুচ্চাবচতিগ্মতেজাঃ।
দদাহ সর্বাং তব পুত্রসেনামমৃষ্যমাণস্তরসা তরস্বী ॥৬০॥ (যুগ্মকম্)
তস্যেষবঃ প্রাণহরাঃ সুমুক্তা নাসজ্জন্ বৈ বর্ম্মসু রুক্মপুঙ্খাঃ।
ন স দ্বিতীয়ং প্রমুমোচ বাণং নরে হয়ে বা পরমদ্বিপে বা ॥৬১॥
অনেকরূপাকৃতিভির্হি বাণৈর্মহারথানীকমনুপ্রবিশ্য।
স এব একস্তব পুত্রসেনাং জঘান দৈত্যানিব বজ্রপাণিঃ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে অর্জ্জুনপরাক্রমে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। বনগৈর্বনগামিভির্ব্যাধৈঃ, বিসৃষ্টো দত্তঃ, কক্ষং শুষ্কতৃণরাশিম, কৃষ্ণা দহনেন কৃষ্ণবর্ণীভূতা গতিঃ পন্থা যস্য সঃ, সুঘোষো মহাশব্দঃ। শুষ্কলতানাং বিতানং সমূহম্, সমৃদ্ধঃ প্রজ্বলিতঃ, জ্বলনো বহ্নিঃ নারাচগণেন প্রতাপয়তীতি সঃ, শরা অর্চ্চিষঃ শিখা ইব যস্য সঃ, উচ্চাবচং নানাবিধং তিগ্মং তীক্ষ্ণঞ্চ তেজো যস্য সঃ। তরসা বেগেন শীঘ্রমেবেত্যর্থঃ, দদাহেতি সম্বন্ধঃ, অমৃষ্যমাণঃ অসহমানঃ, তরস্বী বলবান্ ॥৫৯—৬০॥

তস্যেতি। ইষবো বাণাঃ, সুমুক্তাঃ সম্যক্ সন্ধানেন নিক্ষিপ্তাঃ, নাসজ্জন্ সংসজ্য নাতিষ্ঠন্, অপি তু প্রাণানেবাহরন্। পরমদ্বিপে উত্তমহস্তিনি ॥৬১॥

অনেকেতি। মহারথানামনীকং সৈন্যম্ ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

বনমধ্যে ব্যাধগণপ্রদত্ত, অত্যন্ত প্রজ্বলিত, মহাশব্দকারী ও কৃষ্ণমার্গ অগ্নি যেমন সন্তাপ জন্মাইতে থাকিয়া শুষ্ক তৃণরাশি, প্রচুর বৃক্ষ ও লতাসমূহকে দগ্ধ করে; সেইরূপ নারাচসমূহদ্বারা সন্তাপকারী, শিখার ন্যায় বাণধারী, বলবান্ ও নানাবিধ তীব্রতেজা অর্জ্জুন অসহিষ্ণু হইয়া আপনার পুত্রের সমস্ত সৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৫৯—৬০॥

স্বর্ণপুঙ্খ, সম্যক্ নিক্ষিপ্ত ও প্রাণনাশক অর্জ্জুনের বাণ সকল শত্রুগণের বর্ম্মে সংলগ্ন হইয়া থাকিত না এবং তিনি বধ করিবার জন্য বিশাল হস্তী, অশ্ব ও মনুষ্যের উপরে দ্বিতীয় বার বাণক্ষেপ করেন নাই ॥৬১॥

মহারাজ! ইন্দ্র যেমন অসুরগণকে বধ করিতেন, সেইরূপ একাকী অর্জ্জুন মহারথগণের সৈন্যমধ্যে প্রবেশ করিয়া নানারূপ বাণদ্বারা আপনার পুত্রের সৈন্য বধ করিতে থাকিলেন' ॥৬২॥

(৬১)···নাসজ্জন্ত···পি, ন চ দ্বিতীয়ং···নি। * '···চতুর্বিংশতিতমোঽধ্যায়ঃ'···পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···ত্রয়োবিংশোঽধ্যায়ঃ'···নি।

CENTRAL LIBRARY

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।

অস্যতাং যতমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
সঙ্কল্পমকরোন্মোঘং গাণ্ডীবেন ধনঞ্জয়ঃ ॥১॥
ইন্দ্রাশনিসমস্পর্শানবিষহ্যান্মহৌজসঃ।
বিসৃজন্ দৃশ্যতে বাণান্ ধারা মুঞ্চন্নিবাম্বুদঃ ॥২॥
তৎ সৈন্যং ভরতশ্রেষ্ঠ! বধ্যমানং কিরীটিনা।
সম্প্রদুদ্রাব সংগ্রামাত্তব পুত্রস্য পশ্যতঃ ॥৩॥
পিতৄন্ ভ্রাতৄন্ পরিত্যজ্য বয়স্যানপি চাপরে।
হতধুর্য্যা রথাঃ কেচিদ্ধতসূতাস্তথাপরে।
ভগ্নেশাযুগচক্রাক্ষাঃ কেচিদাসন্ বিশাংপতে! ॥৪॥

ভারতকৌমুদী

অস্যতামিতি। অস্যতাং অস্ত্রাণি ক্ষিপতাম্, যতমানানাং জয়ায়েতি শেষঃ ॥১॥

ইন্দ্রেতি। মহৌজসঃ মহাতেজস্কান্। বিসৃজন্ নিক্ষিপন্ ॥২॥

তদিতি। সম্প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥৩॥

পিতৄনিতি। হতধুর্য্যা হতাশ্বাঃ, হতসূতা হতসারথয়ঃ। ভগ্নানি ঈশা উর্দ্ধদণ্ডা যুগানি তির্য্যগ্দণ্ডাঃ চক্রাণি অক্ষা দারুবিশেষাশ্চ যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'অনিবর্ত্তী বীরেরা অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া জয়ের জন্য চেষ্টা করিতে লাগিলে, অর্জ্জুন গাণ্ডীবদ্বারা তাহাদের সে সঙ্কল্প ব্যর্থ করিতে লাগিলেন ॥১॥

মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ অর্জ্জুন ইন্দ্রের বজ্রের সমান স্পর্শ, অসহ্য ও বিশেষ উজ্জ্বল বাণ সকল বর্ষণ করিতে থাকিয়া দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! অর্জ্জুন সেইভাবে বধ করিতে থাকিলে, সেই কৌরবসৈন্য আপনার পুত্রের সমক্ষেই বেগে পলায়ন করিতে লাগিল ॥৩॥

এবং অন্য সৈন্যেরা পিতা, ভ্রাতা ও বয়স্যগণকে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিতে লাগিল; কোন কোন রথীর অশ্ব নিহত হইল, কতকগুলি রথীর সারথিরা

(১) পশ্যতাং…বঙ্গ, যুধ্যতাং…নি। (৪) ভগ্নাক্ষযুগচক্রেষাঃ…নি।

CENTRAL LIBRARY

অন্যেষাং সায়কাঃ ক্ষীণাস্তথান্যে শরপীড়িতাঃ।
অক্ষতা যুগপৎ কেচিৎ প্রাদ্রবন্ ভয়পীড়িতাঃ ॥৫॥
কেচিৎ পুত্রানুপাদায় হতভূয়িষ্ঠবাহনাঃ।
বিচুক্রুশুঃ পিতৄনন্যে সহায়ানপরে পুনঃ ॥৬॥
বান্ধবাংশ্চ নরব্যাঘ্র! ভ্রাতৄন্ সম্বন্ধিনস্তথা।
দুদ্রুবুঃ কেচিদুৎসৃজ্য তত্র তত্র বিশাংপতে! ॥৭॥
বহবোঽত্র ভৃশং বিদ্ধা মুহ্যমানা মহারথাঃ।
নিষ্টনন্তঃ স্ম দৃশ্যন্তে পার্থবাণহতা নরাঃ ॥৮॥
তানন্যে রথমারোপ্য আশ্বাস্যাথ মুহূর্ত্তকম্।
বিশ্রান্তাশ্চ বিতৃষ্ণাশ্চ পুনর্যুদ্ধায় জগ্মিরে ॥৯॥

ভারতকৌমুদী

অন্যেষামিতি। ক্ষীণাঃ ক্ষয়ং গতাঃ। প্রাদ্রবন্ দ্রুতং পলায়ন্ত ॥৫॥
কেচিদিতি। হতানি ভূয়িষ্ঠানি বহুলানি বাহনানি গজাশ্বাদীনি যেষাং তে ॥৬॥
বান্ধবানিতি। বান্ধবান্ মাতুলাদীন্। সম্বন্ধিনঃ শ্যালকাদীন্ ॥৭॥
বহব ইতি। মুহ্যমানাঃ কর্ত্তব্যবিমূঢ়াঃ। নিষ্টনন্ত আর্ত্তনাদং কুর্ব্বন্তঃ ॥৮॥
তানিতি। বিতৃষ্ণা জলপানেন বিগতপিপাসাঃ ॥৯॥

বিনাশ পাইল এবং অন্য রথীদের রথের ঊর্দ্ধদণ্ড, তির্য্যগ্‌দণ্ড, চক্র ও তৎসংলগ্ন কাষ্ঠ সকল ভগ্ন হইয়া গেল ॥৪॥

বহু সৈন্যের বাণ নিঃশেষ হইয়া গেল, অনেক সৈন্য বাণে পীড়িত হইল এবং অন্য সৈন্যেরা অক্ষত থাকিলেও ভয়ার্ত্ত হইয়া একদাই পলায়ন করিতে লাগিল ॥৫॥

বহুতর বাহন বিনষ্ট হইলে কতকগুলি সৈন্য পুত্রগণকে লইয়া, অন্য সৈন্যেরা পিতৃগণকে এবং অপর সৈন্যেরা বয়স্যদিগকে উচ্চস্বরে আহ্বান করিতে থাকিল ॥৬॥

নরনাথ! নরশ্রেষ্ঠ! কতকগুলি সৈন্য বান্ধব, ভ্রাতা ও সম্বন্ধিগণকে সেই সেই স্থানে পরিত্যাগ করিয়া বেগে পলায়ন করিতে লাগিল ॥৭॥

এই সময় বহু মহারথ অত্যন্তবিদ্ধ ও কর্ত্তব্যমূঢ় হইয়া আর্ত্তনাদ করিতে লাগিলেন এবং অনেক মানুষ অর্জ্জুনের বাণে নিহত হইল—দেখা গেল ॥৮॥

অন্য সৈন্যেরা তাহাদিগকে রথে তুলিয়া, কিছুকাল আশ্বস্ত করিয়া এবং বিশ্রান্ত ও পিপাসাশূন্য হইয়া পুনরায় যুদ্ধে গমন করিল ॥৯॥

(৬) হতভূয়িষ্ঠবান্ধবাঃ—বঙ্গ। (৮) নিঃশ্বসন্তি স্ম···নি,·· মুহ্যমানাঃ পুনঃ পুনঃ·· পি।

CENTRAL LIBRARY

তানপাস্য গতাঃ কেচিৎ পুনরেব যুযুৎসবঃ।
কুর্বন্তস্তব পুত্রস্য শাসনং যুদ্ধদুর্ম্মদাঃ ॥১০॥
পানীয়মপরে পীত্বা পর্য্যাশ্বাস্য চ বাহনম্।
বর্ম্মাণি চ সমারোপ্য কেচিৎ ভরতসত্তম! ॥১১॥
সমাশ্বাস্যাপরে ভ্রাতৄন্ নিক্ষিপ্য শিবিরেঽপি চ।
পুত্রানন্যে পিতৄনন্যে পুনর্যুদ্ধমরোচয়ন্ ॥১২॥ (যুগ্মকম্)
সজ্জয়িত্বা রথান্ কেচিৎ যথামুখ্যং বিশাংপতে!।
আপ্লুত্য পাণ্ডবানীকং পুনর্যুদ্ধমরোচয়ন্ ॥১৩॥
তে শূরাঃ কিঙ্কিণীজালৈঃ সমাচ্ছন্না বভাসিরে।
ত্রৈলোক্যবিজয়ে যুক্তা যথা দৈতেয়দানবাঃ ॥১৪॥
আগম্য সহসা কেচিদ্রথৈঃ স্বর্ণবিভূষিতৈঃ।
পাণ্ডবানামনীকেষু ধৃষ্টদ্যুম্নমযোধয়ন্ ॥১৫॥

ভারতকৌমুদী

তানিতি। অপাস্য বিহায়, যুযুৎসবো যুদ্ধমিচ্ছবঃ। শাসনমাদেশম্ ॥১০॥
পানীয়মিতি। বাহনং গজাশ্বাদিকম্। অরোচয়ন্ ঐচ্ছন্ ॥১১—১২॥
সজ্জেতি। মুখ্যান্ শ্রেষ্ঠাননতিক্রম্যেতি যথামুখ্যম্। আপ্লুত্য প্রবিশ্য ॥১৩॥
ত ইতি। কিঙ্কিণীজালৈ রথস্থৈঃ। যুক্তা উদ্যুক্তাঃ ॥১৪॥
আগম্যেতি। অনীকেষু সৈন্যেষু মধ্যে ॥১৫॥

মহারাজ! কতকগুলি যুদ্ধদুর্দ্ধর্ষ যোদ্ধা পুনরায় যুদ্ধার্থী হইয়া সেই পীড়িত সৈন্যগণকে পরিত্যাগ করিয়া আপনার পুত্রের আদেশ অনুসারে যুদ্ধে গমন করিল ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! কতকগুলি সৈন্য জলপানে পিপাসাশূন্য হইয়া, বাহনগুলিকে আশ্বস্ত করিয়া, বর্ম্মধারণপূর্ব্বক পুনরায় যুদ্ধে যাইবার ইচ্ছা করিল; অপর কতকগুলি সৈন্য ভ্রাতাদিগকে, অন্য সৈন্যেরা পুত্রবর্গকে এবং অপর সৈন্যেরা পিতৃগণকে আশ্বস্ত করিয়া ও শিবিরে রাখিয়া আবার যুদ্ধ করিবার ইচ্ছা করিল ॥১১—১২॥

নরনাথ! কতকগুলি সৈন্য শ্রেষ্ঠ অনুসারে রথগুলিকে পুনরায় সজ্জিত করিয়া পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশপূর্ব্বক পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছা করিল ॥১৩॥

সেই বীরেরা রথস্থিত কিঙ্কিণীজালে আবৃত হইয়া ত্রিভুবনবিজয়ে উদ্যত দৈত্য ও দানবগণের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৪॥

(১৩)···যথাযোগ্যম্···পি,···আবৃত্য পাণ্ডবানীকম্···নি।

CENTRAL LIBRARY

ধৃষ্টদ্যুম্নোঽপি পাঞ্চাল্যঃ শিখণ্ডী চ মহারথঃ।
নাকুলিশ্চ শতানীকো রথানীকমযোধয়ন্ ॥১৬॥
পাঞ্চাল্যস্তু ততঃ ক্রুদ্ধঃ সৈন্যেন মহতা বৃতঃ।
অভ্যধাবৎ সুসংরব্ধাংস্তাবকান্ হন্তুমুদ্যতঃ ॥১৭॥
ততস্ত্বাপততস্তস্য তব পুত্রো জনাধিপ!।
বাণসঙ্ঘাননেকান্ বৈ প্রেষয়ামাস ভারত! ॥১৮॥
ধৃষ্টদ্যুম্নস্ততো রাজন্! তব পুত্রেণ ধন্বিনা।
নাচারৈর্বহুভিঃ ক্ষিপ্রং বাহ্বোরুরসি চার্পিতঃ ॥১৯॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসস্তোত্রার্দ্দিত ইব দ্বিপঃ।
তস্যাশ্বাংশ্চতুরো বাণৈঃ প্রেষয়ামাস মৃত্যবে।
সারথেশ্চাস্য ভল্লেন শিরঃ কায়াদপাহরৎ ॥২০॥

ভারতকৌমুদী

ধৃষ্টদ্যুম্ন ইতি। নাকুলির্নকুলপুত্রঃ। রথানীকং কৌরবরথিসৈন্যম্ ॥১৬॥
পাঞ্চাল্য ইতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রো ধৃষ্টদ্যুম্নঃ। সুসংরব্ধান্ অতীবক্রুদ্ধান্ ॥১৭॥
তত ইতি। আপততঃ আগচ্ছতঃ, পুত্রো দুর্য্যোধনঃ ॥১৮॥
ধৃষ্টদ্যুম্ন ইতি। উরসি বক্ষসি, অর্পিতঃ পীড়িতঃ ॥১৯॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, তোত্রার্দ্দিতঃ অঙ্কুশপীড়িতঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২০॥

তাহাদের মধ্যে কতকগুলি বীর স্বর্ণভূষিত রথে বেগে আগমন করিয়া পাণ্ডব-পক্ষের রথিসৈন্যমধ্যে ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন ॥১৫॥

তদনন্তর পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন, মহারথ শিখণ্ডী ও নকুলপুত্র শতানীক সেই রথিসৈন্যদিগের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥১৬॥

মহারাজ! তৎপরে ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ ও বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া আপনার পক্ষের অত্যন্তক্রুদ্ধ যোদ্ধাদিগকে বধ করিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেন ॥১৭॥

ভরতনন্দন! নরনাথ! তিনি আসিতে লাগিলে আপনার পুত্র দুর্য্যোধন তাহার প্রতি বহুসংখ্যক বাণ নিক্ষেপ করিলেন ॥১৮॥

রাজা! তাহার পর আপনার পুত্র ধনুর্দ্ধর দুর্য্যোধন সত্বর বহুতর নারাচদ্বারা ধৃষ্টদ্যুম্নের বাহুযুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥১৯॥

তখন মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন অঙ্কুশতাড়িত মহাহস্তীর ন্যায় অত্যন্ত বিদ্ধ হইয়া, চারিটা বাণদ্বারা দুর্য্যোধনের চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন এবং একটা ভল্ল-দ্বারা উহার সারথির দেহ হইতে মস্তক হরণ করিলেন ॥২০॥

(১৯)···নারাচৈরর্দ্ধনারাচৈর্বহুভিঃ ক্ষিপ্রকারিভিঃ—নি।

CENTRAL LIBRARY

ততো দুর্য্যোধনো রাজা পৃষ্ঠমারুহ্য বাজিনঃ।
অপাক্রামদ্ধতরথো নাতিদূরমরিন্দমঃ ॥২১॥
দৃষ্ট্বা তু হতবিক্রান্তং স্বমনীকং মহাবলঃ।
তব পুত্রো মহারাজ! প্রযযৌ যত্র সৌবলঃ ॥২২॥
ততো রথেষু ভগ্নেষু ত্রিসাহস্রা মহাদ্বিপাঃ।
পাণ্ডবান্ রথিনঃ পঞ্চ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥২৩॥
তে বৃতাঃ সমরে পঞ্চ গজানীকেন ভারত!।
অশোভন্ত নরব্যাঘ্র! গ্রহা ব্যাপ্তা ঘনৈরিব ॥২৪॥
ততোঽর্জ্জুনো মহারাজ! লব্ধলক্ষো মহাভুজঃ।
বিনির্যযৌ রথেনৈব শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ ॥২৫॥
তৈঃ সমন্তাৎ পরিবৃতঃ কুঞ্জরৈঃ পর্বতোপমৈঃ।
নারাচৈর্বিমলৈস্তীক্ষ্ণৈর্গজানীকমপোথয়ৎ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। হতরথঃ অশ্বসারথিশূন্যত্বাদকর্ম্মণ্যরথঃ। অপাক্রামৎ অপাসরৎ ॥২১॥
দৃষ্ট্বেতি। অনীকং সৈন্যম্। সৌবলঃ শকুনিঃ ॥২২॥
তত ইতি। ভগ্নেষু পরাজিতেষু। পাণ্ডবান্ যুধিষ্ঠিরাদীন্ পঞ্চভ্রাতৄন্ ॥২৩॥
ত ইতি। বৃতাঃ পরিবেষ্টিতাঃ। ঘনৈর্মেঘৈঃ ॥২৪॥
তত ইতি। লব্ধং লক্ষং শরব্যং যেন সঃ। বিনির্যযৌ তস্মাদ্গজানীকাৎ ॥২৫॥
তৈরিতি। পরিবৃতঃ পুনরপি। অপোথয়ৎ অর্জ্জুনো ন্যপীড়য়ৎ ॥২৬॥

অশ্ব ও সারথি বিনষ্ট হওয়ায় রথ অকর্ম্মণ্য হইলে পর, শত্রুদমনকারী রাজা দুর্য্যোধন কোন অশ্বের পৃষ্ঠে আরোহণ করিয়া রণস্থল হইতে অপসৃত হইলেন ॥২১॥

মহারাজ! আপনার পুত্র মহাবল দুর্য্যোধন আপন সৈন্যগণকে হতবিক্রম দেখিয়া—যেখানে শকুনি ছিলেন, সেইখানে গমন করিলেন ॥২২॥

তদনন্তর কৌরবপক্ষের রথীরা পরাজিত হইলে, তিন সহস্র বিশাল গজারোহী যোদ্ধা যাইয়া রথারোহী পঞ্চ পাণ্ডবকে পরিবেষ্টন করিল ॥২৩॥

নরশ্রেষ্ঠ! ভরতনন্দন! সেই পাণ্ডবেরা হস্তিসৈন্যে পরিবেষ্টিত হইয়া মেঘ-ব্যাপ্ত গ্রহগণের ন্যায় রণস্থলে শোভা পাইতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! তাহার পর শ্বেতাশ্ব, কৃষ্ণসারথি ও মহাবাহু অর্জ্জুন লক্ষ পাইয়া রথারোহণেই সেই গজসৈন্যমধ্য হইতে নির্গত হইলেন ॥২৫॥

(২৪)···গ্রহাস্তারাগণৈরিব—নি।

CENTRAL LIBRARY

তত্রৈকবাণনিহতানপশ্যাম মহাগজান্।
পতিতান্ পাত্যমানাংশ্চ নির্ভিন্নান্ সব্যসাচিনা ॥২৭॥
ভীমসেনস্তু তান্ দৃষ্ট্বা নাগান্ মত্তগজোপমঃ।
করেণ গৃহ্য মহতীং গদামভ্যদ্রবদ্বলী।
অথাপ্লুত্য রথাত্তূর্ণং দণ্ডপাণিরিবান্তকঃ ॥২৮॥
তমুদ্যতগদং দৃষ্ট্বা পাণ্ডবানাং মহারথম্।
বিত্রেসুস্তাবকাঃ সৈন্যাঃ শকৃন্মূত্রে প্রসুস্রুবুঃ।
আবিগ্নঞ্চ বলং সর্বং গদাহস্তে বৃকোদরে ॥২৯॥
গদয়া ভীমসেনেন ভিন্নকুম্ভান্ রজস্বলান্।
ধাবমানানপশ্যাম কুঞ্জরান্ পর্বতোপমান্ ॥৩০॥

ভারতকৌমুদী

তত্রেতি। একেন একৈকেন বাণেন নিহতান্। নির্ভিন্নান্ বিদারিতান্ ॥২৭॥

ভীমেতি। নাগান্ গজান্। গৃহ্য গৃহীত্বা। আপ্লুত্য অবতীর্য্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৮॥

তমিতি। উদ্যতা উত্তোলিতা গদা যেন তম্। শকৃন্মূত্রে বিষ্ঠামূত্রে। আবিগ্নমুদ্বিগ্নম্। অত্রমপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৯॥

গদয়েতি। রজস্বলান্ ভূরেণুযুক্তান্ ॥৩০॥

পরে সেই পর্বতপ্রমাণ হস্তিগণ যাইয়া পুনরায় অর্জ্জুনকে পরিবেষ্টন করিলে, তিনি নির্ম্মল ও তীক্ষ্ণ নারাচদ্বারা সেগুলিকে পীড়ন করিতে লাগিলেন ॥২৬॥

তখন আমরা দেখিলাম—অর্জ্জুন এক একটা বাণদ্বারা এক একটা বিশাল হস্তীকে আঘাত ও বিদারণ করিতেছেন, আর সেগুলি পতিত ও পাতিত হইতেছে ॥২৭॥

তদনন্তর মত্তহস্তীর ন্যায় বলবান্ ভীমসেন সেই হস্তিগণকে দেখিয়া, হস্তে গদা ধারণ করিয়া রথ হইতে বেগে লাফাইয়া পড়িয়া, দণ্ডহস্ত যমের ন্যায় ধাবিত হইলেন ॥২৮॥

পাণ্ডবপক্ষের মহারথ ভীমসেন গদা উত্তোলন করিয়া আসিতেছেন দেখিয়া আপনার পক্ষের সৈন্যেরা বিষ্ঠামূত্র ত্যাগ করিতে লাগিল এবং ভীমসেন গদা ধারণ করিলে, আপনার পক্ষের সমস্ত সৈন্যই উদ্বিগ্ন হইয়া পড়িল ॥২৯॥

তখন আমরা দেখিতে লাগিলাম—ভীমসেন গদাদ্বারা কুম্ভ বিদারণ করিতে লাগিলে সেই ধূলিধূসর ও পর্ব্বতপ্রমাণ হস্তী সকল পতিত হইতে থাকিল ॥৩০॥

(২৯)···শকৃন্মূত্রং চ সুস্রুবঃ···নি। (৩০)···ভিন্নকুম্ভান্ নিপাতিতান্···নি।

প্রধাব্য কুঞ্জরাস্তে তু ভীমসেনগদাহতাঃ।
পেতুরার্ত্তস্বরং কৃত্বা ছিন্নপক্ষা ইবাদ্রয়ঃ ॥৩১॥
তান্ ভিন্নকুম্ভান্ সুবহূন্ দ্রবমাণানিতস্ততঃ।
পতমানাংস্ত সংপ্রেক্ষ্য বিত্রেসুস্তব সৈনিকাঃ ॥৩২॥
যুধিষ্ঠিরোঽপি সংক্রুদ্ধো মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
গার্দ্ধ্রপত্রৈঃ শিতৈর্বাণৈর্জঘ্নুর্বৈ গজযোধিনঃ ॥৩৩॥
ধৃষ্টদ্যুম্নস্ত সমরে পরাজিত্য নরাধিপম্।
অপক্রান্তে তব সুতে হয়পৃষ্ঠং সমাশ্রিতে।
দৃষ্ট্বা চ পাণ্ডবান্ সর্বান্ কুঞ্জরৈঃ পরিবারিতান্ ॥৩৪॥
ধৃষ্টদ্যুম্নো মহারাজ! সহ সর্বৈঃ প্রভদ্রকৈঃ।
পুত্রঃ পাঞ্চালরাজস্য জিঘাংসুঃ কুঞ্জরান্ যযৌ ॥৩৫॥ (যুগ্মকম্)
অদৃষ্ট্বা তু রথানীকে দুর্য্যোধনমরিন্দমম্।
অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
অপৃচ্ছন্ ক্ষত্রিয়াংস্তত্র ক্ব নু দুর্য্যোধনো গতঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

প্রধাব্যেতি। ছিন্নপক্ষা ইন্দ্রবজ্রলূনপতত্রা, অদ্রয়ঃ পর্ব্বতাঃ ॥৩১॥
তানিতি। দ্রবমাণান্ ধাবতঃ ॥৩২॥
যুধীতি। গৃধ্রাণাং পক্ষিণামিমানীতি গার্দ্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ ॥৩৩॥
ধৃষ্টেতি। নরাধিপং দুর্য্যোধনম্। ষট্পাদঃ শ্লোকঃ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥৩৪—৩৫॥

সেই হস্তিগণ ভীমের দিকে বেগে আসিয়া তাঁহার গদার আঘাতে আহত হইয়া আর্ত্তনাদ করিয়া করিয়া ছিন্নপক্ষ পর্ব্বতের ন্যায় পতিত হইতে লাগিল ॥৩১॥

মহারাজ! আপনার সৈন্যেরা সেই হস্তিগণকে বিদীর্ণকুম্ভ, ইতস্ততঃ ধাবিত এবং পতিত হইতে দেখিয়া বিত্রস্ত হইয়া পড়িল ॥৩২॥

এই সময়ে যুধিষ্ঠির, নকুল এবং সহদেবও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া গৃধ্রপক্ষযুক্ত ও সুধার বাণসমূহদ্বারা গজযোধিগণকে বধ করিতে লাগিলেন ॥৩৩॥

মহারাজ! পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন আপনার পুত্র রাজা দুর্য্যোধনকে যুদ্ধে পরাজয় করিলে পর, তিনি অশ্বারোহণ করিয়া পলায়ন করিলে, পুনরায় হস্তিসৈন্য আসিয়া পাণ্ডবগণকে পরিবেষ্টন করিয়াছে দেখিয়া, ধৃষ্টদ্যুম্ন সমস্ত প্রভদ্রকের সহিত মিলিত হইয়া সেই হস্তিসৈন্যগণকে বধ করিবার জন্য গমন করিলেন ॥৩৪—৩৫॥

(৩৪)···অপাবৃত্তে তব সুতে···পি। (৩৫)···সহসা সমুপাদ্রবৎ···নি।

অপশ্যমানা রাজানং বর্ত্তমানে জনক্ষয়ে।
মন্বানা নিহতং তত্র তব পুত্রং মহারথাঃ ॥৩৭॥
বিষণ্ণবদনা ভূত্বা পর্য্যপৃচ্ছন্ত তে সুতম্।
আহুঃ কেচিদ্ধতে সূতে প্রযাতো যত্র সৌবলঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
অপরে ত্বব্রুবংস্তত্র ক্ষত্রিয়া ভৃশবিক্ষতাঃ।
দুর্য্যোধনেন কিং কার্য্যং দ্রক্ষ্যধ্বং যদি জীবতি।
যুধ্যধ্বং সহিতাঃ সর্বে কিং বো রাজা করিষ্যতি ॥৩৯॥
তে ক্ষত্রিয়াঃ ক্ষতৈর্গাত্রৈর্হতভূয়িষ্ঠবান্ধবাঃ।
শরৈঃ সংপীড্যমানাশ্চ নাতিব্যক্তমিবাব্রুবন্ ॥৪০॥
ইদং সর্বং বলং হন্মো যেন স্ম পরিবারিতাঃ।
এতে সর্ব্বে গজান্ হত্বা উপায়ান্তি স্ম পাণ্ডবাঃ ॥৪১॥

ভারতকৌমুদী

অদৃষ্ট্বেতি। রথানীকে রথিসৈন্যমধ্যে। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৬॥
অপশ্যেতি। রাজানং দুর্য্যোধনম্। হতে সারথৌ। সৌবলঃ শকুনিঃ ॥৩৭—৩৮॥
অপর ইতি। কিংকার্য্যং কর্ত্তব্যম্। জীবতি দুর্য্যোধনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥
ত ইতি। ক্ষতৈর্গাত্রৈর্বিশিষ্টাঃ, হতা ভূয়িষ্ঠা বহবো বান্ধবা যেষাং তে ॥৪০॥
ইদমিতি। পরিবারিতাঃ পরিবেষ্টিতাঃ। উপায়ান্তি অস্মাকং সমীপমাগচ্ছন্তি ॥৪১॥

এই সময়ে অশ্বত্থামা, কৃপাচার্য্য ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা শত্রুদমনকারী দুর্য্যোধনকে রথিসৈন্যমধ্যে না দেখিয়া তখন ক্ষত্রিয়দিগের নিকট জিজ্ঞাসা করিলেন—'দুর্য্যোধন কোথায় গিয়াছেন'? ॥৩৬॥

সেই লোকক্ষয়ের সময়ে দুর্য্যোধনকে দেখিতে না পাইয়া, তিনি নিহত হইয়াছেন মনে করিয়া বিষণ্ণবদন হইয়া সেই মহারথেরা আপনার পুত্রের কথা জিজ্ঞাসা করিয়াছিলেন; তখন কতকগুলি লোক বলিল—'সারথি নিহত হইলে, দুর্য্যোধন—যেখানে শকুনি আছেন, সেইখানে গিয়াছেন' ॥৩৭—৩৮॥

অত্যন্তক্ষতবিক্ষতদেহ অন্য ক্ষত্রিয়েরা বলিলেন—'দুর্য্যোধনকে দিয়া প্রয়োজন কি? তিনি জীবিত আছেন কি না দেখুন, আপনারা সকলে সম্মিলিত হইয়া যুদ্ধ করুন, রাজা আপনাদের কি করিবেন ॥৩৯॥

যাঁহাদের বহু বান্ধব নিহত এবং দেহ ক্ষতবিক্ষত হইয়াছিল, সেই ক্ষত্রিয়েরা বিপক্ষের বাণে পীড়িত হইতে থাকিয়া অস্পষ্টভাবেই যেন বলিলেন—॥৪০॥

(৩৭) তেঽপশ্যমানা…নি। (৪১)…উপয়ান্তি স্ম…নি, ক তে…উপয়ান্তি স্ম…পি।

CENTRAL LIBRARY

শ্রুত্বা তু বচনং তেষামশ্বত্থামা মহাবলঃ।
ভিত্ত্বা পাঞ্চালরাজস্য তদনীকং দুরুৎসহম্ ॥৪২॥
কৃপশ্চ কৃতবর্ম্মা চ প্রযযুর্যত্র সৌবলঃ।
রথানীকং পরিত্যজ্য শূরাঃ সুদৃঢ়ধন্বিনঃ ॥৪৩॥ (যুগ্মকম্)
ততস্তেষু প্রয়াতেষু ধৃষ্টদ্যুম্নপুরস্কৃতাঃ।
আযযুঃ পাণ্ডবা রাজন্! বিনিঘ্নন্তঃ স্ম তাবকান্ ॥৪৪॥
দৃষ্ট্বা তু তানাপততঃ সংপ্রহৃষ্টান্ মহারথান্।
পরাক্রান্তাংস্তথা বীরান্ নিরাশং জীবিতে তদা।
বিবর্ণমুখভূয়িষ্ঠমভবত্তাবকং বলম্ ॥৪৫॥
পরিক্ষীণবলান্ দৃষ্ট্বা তানহং পরিবারিতান্।
রাজন্! বলেন দ্ব্যঙ্গেন ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥৪৬॥
আত্মনা পঞ্চমোঽযুধ্যং পাঞ্চালস্য বলেন হ।
তস্মিন্ দেশে ব্যবস্থায় যত্র শারদ্বতঃ স্থিতঃ ॥৪৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। দুরুৎসহং হীনোৎসাহম্। রথানীকং স্বরথিসৈন্যম্ ॥৪২—৪৩॥
তত ইতি। ধৃষ্টদ্যুম্নঃ পুরস্কৃতঃ অগ্রবর্ত্তীকৃতো যৈস্তে ॥৪৪॥
দৃষ্ট্বেতি। বিবর্ণমুখা ভূয়িষ্ঠা বহবো যত্র তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

'যে সৈন্যেরা আমাদিগকে পরিবেষ্টন করিয়াছে, আমরা তাহাদের সকলকেই বধ করিব। এই পাণ্ডবেরা সকলে আমাদের হস্তিসৈন্য বিনাশ করিয়া আসিতেছে' ॥৪১॥

মহাবল অশ্বত্থামা তাহাদের বাক্য শুনিয়া উৎসাহশূন্য ধৃষ্টদ্যুম্নসৈন্য ভেদ করিয়া যেখানে শকুনি ছিলেন সেইখানে গমন করিলেন। বীর ও দৃঢ়ধনুর্দ্ধর কৃপ এবং কৃতবর্ম্মাও আপন আপন রথিসৈন্য পরিত্যাগ করিয়া সেইস্থানে গমন করিলেন ॥৪২—৪৩॥

রাজা! তাঁহারা প্রস্থান করিলে, পাণ্ডবেরা ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া আপনার সৈন্য বিনাশ করিতে করিতে আগমন করিলেন ॥৪৪॥

মহারাজ! পরাক্রমশালী, হৃষ্টচিত্ত ও মহারথ সেই বীরগণকে আসিতে দেখিয়া আপনার সৈন্যগণ জীবনে নিরাশ ও বিবর্ণমুখ হইয়া পড়িল ॥৪৫॥

(৪৫)···পরাক্রান্তাস্ততো বীরা নিরাশা···নি। (৪৬)···বলেন ব্যঙ্গেন···বঙ্গ। (৪৭)··· তস্মিন্ ব্যবস্থাপ্য সর্ব্বে···পি, তস্মিন্ দেশে ব্যবস্থাপ্য···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

সম্প্রযুদ্ধা বয়ং পঞ্চ কিরীটিশরপীড়িতাঃ।
ধৃষ্টদ্যুম্নং সহানীকং তত্র নোঽভূদ্রণো মহান্।
জিতাস্তেন বয়ং সর্বে ব্যপয়াম রণাত্ততঃ ॥৪৮॥
অথাপশ্যং সাত্যকিং তমুপায়ান্তং মহারথম্।
রথৈশ্চতুঃশতৈর্বীরো মাঞ্চাভ্যদ্রবদাহবে ॥৪৯॥
ধৃষ্টদ্যুম্নাদহং মুক্তঃ কথঞ্চিচ্ছ্রান্তবাহনাৎ।
পতিতো মাধবানীকং দুষ্কৃতী নরকং যথা।
তত্র যুদ্ধমভূদ্‌ঘোরং মুহূর্ত্তমতিদারুণম্ ॥৫০॥
সাত্যকিস্তু মহাবাহুর্মম হত্বা পরিচ্ছদম্।
জীবগ্রাহমগৃহ্লান্মাং মূর্চ্ছিতং পতিতং ভুবি ॥৫১॥

ভারতকৌমুদী

পরীতি। দ্বে অঙ্গে হস্ত্যশ্বরূপে যস্য তেন, জীবিতং জীবনমমতাম্। আত্মনা পঞ্চমঃ অন্যে চত্বারো যোদ্ধারঃ অহঞ্চ তৎপঞ্চম ইত্যর্থঃ। শারদ্বতঃ কৃপঃ ॥৪৬—৪৭॥

সম্প্রেতি। সম্প্রযুদ্ধা সম্যক্ প্রহৃত্য। নঃ অস্মাকম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥

অথেতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥৪৯॥

ধৃষ্টেতি। শ্রান্তানি বাহনানি অশ্বা যস্য তস্মাৎ। মাধবানীকং মধুবংশীয়কৃতবর্ম্মসৈন্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

রাজা! তাঁহাদের সৈন্য ক্ষয় পাইয়াছে এবং তাঁহারা বিপক্ষসৈন্যে পরিবেষ্টিত হইয়াছেন, ইহা দেখিয়া জীবনের মমতা ত্যাগ করিয়া আরও চারিজন যোদ্ধা লইয়া—যেখানে কৃপাচার্য্য ছিলেন, সেইখানে থাকিয়া আমি হস্তী ও অশ্বসৈন্যের সহিত মিলিত হইয়া ধৃষ্টদ্যুম্নের সৈন্যের সহিত যুদ্ধ করিতে লাগিলাম ॥৪৬—৪৭॥

ক্রমে আমরা পাঁচজন সৈন্যসমন্বিত ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধ করিয়া অর্জ্জুনের বাণে পীড়িত ও পরাজিত হইয়া সেই রণস্থল হইতে অপসৃত হইলাম। তখন আমাদের গুরুতর যুদ্ধই হইয়াছিল ॥৪৮॥

তাহার পরে দেখিলাম—মহারথ ও বীর সাত্যকি আসিতেছেন এবং তিনি চারি শত রথীর সহিত যুদ্ধে আমার দিকেই ধাবিত হইতেছেন ॥৪৯॥

ধৃষ্টদ্যুম্নের অশ্বগুলি পরিশ্রান্ত হইয়াছিল, সেইগুলিকে সুস্থ করিবার অবসরে আমি কোন প্রকারে ধৃষ্টদ্যুম্নের হস্ত হইতে মুক্ত হইয়া—পাপী যেমন নরকে পতিত হয়, সেইরূপ যাইয়া কৃতবর্ম্মার সৈন্যমধ্যে পতিত হইলাম। তৎকালে মুহূর্ত্তকাল অতিদারুণ যুদ্ধ হইল ॥৫০॥

(৪৮) সম্প্রযুদ্ধা··বঙ্গ, তত্র যুধ্যামহে বয়ং··রণং মহৎ—পি।

ততো মুহূর্ত্তাদিব তদ্‌গজানীকমবধ্যত।
গদয়া ভীমসেনেন নারাচৈরর্জ্জুনেন চ ॥৫২॥
প্রতিপিষ্টৈর্মহানাগৈঃ সমন্তাৎ পর্বতোপমৈঃ।
নাতিপ্রসিদ্ধেব গতিঃ পাণ্ডবানামজায়ত ॥৫৩॥
রথমার্গাংস্ততশ্চক্রে ভীমসেনো মহাবলঃ।
পাণ্ডবানাং মহারাজ! ব্যপাকর্ষন্ মহাগজান্ ॥৫৪॥
অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
অপশ্যন্তো রথানীকে দুর্য্যোধনমরিন্দমম্।
রাজানং মৃগয়ামাসুস্তব পুত্রং মহারথম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। পরিচ্ছদং বর্ম্ম। জীবনং গৃহীত্বেবেতি জীবগ্রাহম্, "জীবে গ্রহেঃ" ইতি ণম্ ॥৫১॥

তত ইতি। গজানীকং হস্তিসৈন্যম্ ॥৫২॥

প্রতীতি। প্রতিপিষ্টৈর্গদয়া চূর্ণিতৈঃ। নাতিপ্রসিদ্ধা নাতিসুকরা ॥৫৩॥

রথেতি। ব্যপাকর্ষন্ আকৃষ্যাকৃষ্য অপসারয়ন্ ॥৫৪॥

অশ্বেতি। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ। মৃগয়ামাসুঃ অন্বিষ্টবন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥

ক্রমে মহাবাহু সাত্যকি আমার বর্ম্ম বিনষ্ট করিলে, আমি মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলাম; এই সময় তিনি আমার জীবন লইবার জন্যই আমাকে গ্রহণ করিলেন ॥৫১॥

তাহার পর ভীমসেন গদাদ্বারা এবং অর্জ্জুন নারাচদ্বারা মুহূর্ত্তকালমধ্যেই সেই হস্তিসৈন্য বধ করিলেন ॥৫২॥

পর্ব্বতপ্রমাণ সেই হস্তী সকল নিহত হইয়া ভূতলে পতিত হইলে, পাণ্ডবগণের গমন করা যেন দুষ্কর হইয়া পড়িল ॥৫৩॥

মহারাজ! তদনন্তর মহাবল ভীমসেন সেই নিহত হস্তিগণকে আকর্ষণপূর্ব্বক অপসারিত করিয়া করিয়া পাণ্ডবগণের গমনের পথ করিলেন ॥৫৪॥

রাজা! এদিকে অশ্বত্থামা, কৃপাচার্য্য ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা, আপনার পুত্র শত্রুদমনকারী ও মহারথ রাজা দুর্য্যোধনকে রথিসৈন্যমধ্যে না দেখিয়া তাঁহার অন্বেষণ করিতে লাগিলেন ॥৫৫॥

(৫৩)···নাতিপ্রসিদ্ধৈরগতিঃ···পি, নাতিপ্রসিদ্ধৈব গতিঃ··· বঙ্গ নি।

CENTRAL LIBRARY

পরিত্যজ্য চ পাঞ্চাল্যং প্রযাতা যত্র সৌবলঃ।
রাজ্ঞোঽদর্শনসংবিগ্না বর্ত্তমানে জনক্ষয়ে ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে সঙ্কুলযুদ্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

গজানীকে হতে তস্মিন্ পাণ্ডুপুত্রেণ ভারত!।
বধ্যমানে বলে চৈব ভীমসেনেন সংযুগে ॥১॥
চরন্তঞ্চ তথা দৃষ্ট্বা ভীমসেনমরিন্দমম্।
দণ্ডহস্তং যথা ক্রুদ্ধমন্তকং প্রাণহারিণম্ ॥২॥
সমেত্য সমরে রাজন্! হতশেষাঃ সুতাস্তব।
অদৃশ্যমানে কৌরব্যে পুত্রে দুর্য্যোধনে তব।
সোদরাঃ সহিতা ভূত্বা ভীমসেনমুপাদ্রবন্ ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

পরীতি। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্। অদর্শনেন সংবিগ্না উদ্বিগ্নাঃ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

গজেতি। বলে সৈন্যে। অন্তকং যমম্। সোদরাঃ সহোদরাঃ, সহিতা মিলিতা। উপাদ্রবন্ অভ্যধাবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১—৩॥

ক্রমে লোকক্ষয় চলিতে লাগিলে, তাঁহারা দুর্য্যোধনকে দেখিতে না পাইয়া উদ্বিগ্ন হইয়া ধৃষ্টদ্যুম্নকে পরিত্যাগ করিয়া—যেখানে শকুনি ছিলেন, সেইখানে গমন করিলেন' ॥৫৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! রাজা! পাণ্ডুপুত্র ভীমসেন সেই হস্তিসৈন্য

* '...পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ...' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '... চতুর্বিংশোঽধ্যায়ঃ...' নি।
(২) চরন্তঞ্চ প্রপশ্যাম... নি।

CENTRAL LIBRARY

দুর্ম্মর্ষণঃ শ্রুতান্তশ্চ জৈত্রো ভূরিবলো রবিঃ।
জয়ৎসেনঃ সুজাতশ্চ তথা দুর্বিষহোঽরিহা ॥৪॥
দুর্বিমোচননামা চ দুষ্প্রধর্ষস্তথৈব চ।
শ্রুতর্বা চ মহাবাহুঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥৫॥
ইত্যেতে সহিতা ভূত্বা তব পুত্রাঃ সমন্ততঃ।
ভীমসেনমভিদ্রুত্য রুরুধুঃ সর্ব্বতো দিশম্ ॥৬॥ (বিশেষকম্)
ততো ভীমো মহারাজ! স্বরথং পুনরাস্থিতঃ।
মুমোচ নিশিতান্ বাণান্ পুত্রাণাং তব মর্ম্মসু ॥৭॥
তে কীর্য্যমাণা ভীমেন পুত্রাস্তব মহারণে।
ভীমসেনমপাকর্ষন্ প্রবণাদিব কুঞ্জরম্ ॥৮॥

ভারতকৌমুদী

দুর্ম্মর্ষণ ইতি। এষু আদিপর্ব্বোক্তনামবিরোধস্তু ইদানীমিব তদানীমপি একস্য নানানামসম্ভবেন পরিহার্য্যঃ। অরিহা শত্রুহন্তা। যুদ্ধেষু বিশারদাঃ নিপুণাঃ। অভিদ্রুত্য দ্রুতমভিগত্য, সর্বতঃ সর্ব্বাম্ ॥৪—৬॥

তত ইতি। আস্থিত আরূঢ়ঃ। মুমোচ চিক্ষেপ ॥৭॥

ত ইতি। কীর্য্যমাণাঃ শরক্ষেপেণ প্রহ্রিয়মাণাঃ। প্রবণাৎ নিম্নদেশাৎ ॥৮॥

নিহত করিলে এবং অপর সৈন্য বধ করিতে লাগিলে, আর আপনার পুত্র কৌরবনন্দন দুর্য্যোধন অদৃশ্য থাকিলে, দণ্ডহস্ত ও প্রাণনাশক যমের ন্যায় শত্রুদমনকারী ভীমসেন ক্রুদ্ধ হইয়া রণস্থলে বিচরণ করিতেছেন দেখিয়া, আপনার হতাবশিষ্ট পুত্রেরা মিলিত হইয়া আসিয়া তাহার অভিমুখে ধাবিত হইলেন ॥১—৩॥

মহারাজ! দুর্ম্মর্ষণ, শ্রুতান্ত, জৈত্র, ভূরিবল, রবি, জয়ৎসেন, সুজাত, দুর্বিষহ, অরিহা, দুর্বিমোচন, দুষ্প্রধর্ষ এবং মহাবাহু শ্রুতর্বা—আপনার এই সকল যুদ্ধবিশারদ পুত্র সম্মিলিত হইয়া সকল দিক্ হইতে বেগে যাইয়া ভীমের সমস্ত দিক্ রুদ্ধ করিলেন ॥৪—৬॥

মহারাজ! তাহার পর ভীমসেন পুনরায় আপন রথে আরোহণ করিয়া আপনার পুত্রগণের মর্ম্মদেশে সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৭॥

মহারাজ! ভীমসেন মহাযুদ্ধে বাণক্ষেপ করিয়া করিয়া প্রহার করিতে লাগিলে, মানুষ যেমন নিম্নদেশ হইতে হস্তীকে আকর্ষণ করিয়া আনয়ন করে, সেইরূপ আপনার পুত্রেরা ভীমসেনকে আকর্ষণ করিয়া দূরে লইয়া গেলেন ॥৮॥

(৮) ··ভীমসেনমুপাসেধন্ · পি,···ভীমসেনমুপাসেহুঃ প্রবাতা ইব · নি।

ততঃ ক্রুদ্ধো রণে ভীমঃ শিরো দুর্ম্মর্ষণস্য হ।
ক্ষুরপ্রেণ প্রমথ্যাশু পাতয়ামাস ভূতলে ॥৯॥
ততোঽপরেণ ভল্লেন সর্ব্বাবরণভেদিনা।
শ্রুতান্তমবধীদ্ভীমস্তব পুত্রং মহারথম্ ॥১০॥
জয়ৎসেনং ততো বিদ্ধা নারাচেন হসন্নিব।
পাতয়ামাস কৌরব্যং রথোপস্থাদরিন্দমঃ।
স পপাত রথাদ্রাজন্! ভূমৌ তূর্ণং মমার চ ॥১১॥
শ্রুতর্বা চ ততো ভীমং ক্রুদ্ধো বিব্যাধ তে সুতঃ।
শতেন গৃধ্রবাজানাং শরাণাং নতপর্ব্বণাম্ ॥১২॥
ততঃ ক্রুদ্ধো রণে ভীমো জৈত্রং ভূরিবলং রবিম্।
ত্রীনেতাংস্ত্রিভিরানর্চ্ছদ্বিষাগ্নিপ্রতিমৈঃ শরৈঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন, প্রমথ্য ছিত্বা ॥৯॥
তত ইতি। সর্ব্বং বর্ম্মাদিকমাবরণং ভিনত্তি বিদারয়তীতি তেন ॥১০॥
জয়দিতি। রথস্য উপস্থাৎ উপবেশনস্থানাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
শ্রুতর্বেতি। গৃধ্রস্য পক্ষিণঃ বাজাঃ পক্ষা যেষু তেষাম্ ॥১২॥
তত ইতি। আনর্চ্ছৎ ন্যপীড়য়ৎ। বিষাগ্নিপ্রতিমৈঃ বিষাগ্নিতুল্যপীড়াকরৈঃ ॥১৩॥

তাহার পর ভীমসেন ক্রুদ্ধ হইয়া একটা ক্ষুরপ্র বাণদ্বারা দুর্ম্মর্ষণের মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৯॥

রাজা! তদনন্তর ভীমসেন সর্ব্বাবরণভেদী অন্য একটা ভল্লদ্বারা আপনার পুত্র মহারথ শ্রুতান্তকে বধ করিলেন ॥১০॥

রাজা! তৎপরে শত্রুদমনকারী ভীমসেন হাসিতে হাসিতেই যেন একটা নারাচদ্বারা জয়ৎসেনকে বিদ্ধ করিয়া রথমধ্য হইতে নিপাতিত করিলেন; তিনিও রথ হইতে নিপতিত হইলেন এবং প্রাণত্যাগ করিলেন ॥১১॥

মহারাজ! পরে আপনার পুত্র শ্রুতর্ব্বা ক্রুদ্ধ হইয়া গৃধ্রপক্ষীর পক্ষযুক্ত ও নতপর্ব্ব একশত বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥১২॥

তাহার পর ক্রুদ্ধ ভীমসেন বিষ ও অগ্নির তুল্য তিনটা বাণদ্বারা জৈত্র, ভূরিবল ও রবি—আপনার এই তিন পুত্রকে পীড়ন করিলেন ॥১৩॥

---

(১২)···গৃধ্রপত্রাণাং···পি,···বিব্যাধ মারিষ!···নি।

তে হতা ন্যপতন্ ভূমৌ স্যন্দনেভ্যো মহারথাঃ।
বসন্তে পুষ্পশবলা নিকৃত্তা ইব কিংশুকাঃ ॥১৪॥
ততোঽপরেণ তীক্ষ্ণেন নারাচেন পরন্তপঃ।
দুর্বিমোচনমাহত্য প্রেষয়ামাস মৃত্যবে ॥১৫॥
স হতঃ প্রাপতদ্ভূমৌ স্বরথাদ্রথিনাং বরঃ।
গিরেস্তু কূটজো ভগ্নো মারুতেনেব পাদপঃ ॥১৬॥
দুষ্প্রধর্ষং ততশ্চৈব সুজাতঞ্চ সুতৌ তব।
একৈকং ন্যবধীৎ সংখ্যে দ্বাভ্যাং দ্বাভ্যাং চমূমুখে।
তৌ শিলীমুখবিদ্ধাঙ্গৌ পেততু রথসত্তমৌ ॥১৭॥
ততঃ পতন্তমপরমভিবীক্ষ্য সুতং তব।
ভল্লেন প্রতিবিব্যাধ ভীমো দুর্বিষহং রণে।
স পপাত হতো বাহাৎ পশ্যতাং সর্বধন্বিনাম্ ॥১৮॥

ভারতকৌমুদী

ত ইতি। স্যন্দনেভ্যো রথেভ্যঃ। পুষ্পৈঃ শবলা বিচিত্রাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥১৪॥
তত ইতি। পরন্তপো ভীমসেন এব। মৃত্যবে যমলোকায় ॥১৫॥
স ইতি। কূটজঃ শৃঙ্গজাতঃ। পাদপো বৃক্ষঃ ॥১৬॥
দুষ্প্রেতি। দ্বাভ্যাং দ্বাভ্যাং শরাভ্যাম্। রথসত্তমৌ রথিশ্রেষ্ঠৌ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

সেই মহারথেরা নিহত হইয়া, বসন্তকালে পুষ্পবিচিত্র ছিন্ন কিংশুক বৃক্ষসমূহের ন্যায় রথ হইতে নিপতিত হইলেন ॥১৪॥

তদনন্তর শত্রুসন্তাপকারী ভীমসেন অপর একটা তীক্ষ্ণ নারাচদ্বারা আঘাত করিয়া দুর্বিমোচনকে যমলোকে প্রেরণ করিলেন ॥১৫॥

রথিশ্রেষ্ঠ দুর্বিমোচন নিহত হইয়া, বায়ুভগ্ন পর্বতশৃঙ্গজাত বৃক্ষের ন্যায় আপন রথ হইতে ভূমিতে পতিত হইলেন ॥১৬॥

মহারাজ! পরে ভীমসেন দুই দুইটা বাণদ্বারা আপনার পুত্র দুষ্প্রধর্ষ ও সুজাত ইহাদের এক একজনকে বধ করিলেন; পরে সেই রথিশ্রেষ্ঠেরা দুই জন বাণবিদ্ধ হইয়া সৈন্যসম্মুখে পতিত হইলেন ॥১৭॥

তৎপরে আপনার অপর পুত্র দুর্বিষহ আসিতেছেন দেখিয়া ভীমসেন একটা ভল্লদ্বারা তাহাকে বিদ্ধ করিলেন; তখন তিনি নিহত হইয়া সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে রথ হইতে পতিত হইলেন ॥১৮॥

(১৫)···ভল্লেন তীক্ষ্ণেন চ···নি। (১৭) একৈকং স্বহতৎ···নি।

CENTRAL LIBRARY

দৃষ্ট্বা তু নিহতান্ ভ্রাতৄন্ বহূনেকেন সংযুগে।
অমর্ষবশমাপন্নঃ শ্রুতর্বা ভীমমভ্যয়াৎ ॥১৯॥
বিক্ষিপন্ সুমহচ্চাপং কার্ত্তস্বরবিভূষিতম্।
বিসৃজন্ সায়কাংশ্চৈব বিষাগ্নিপ্রতিমান্ বহূন্ ॥২০॥
স তু রাজন্! ধনুশ্ছিত্ত্বা পাণ্ডবস্য মহামৃধে।
অথৈনং ছিন্নধন্বানং বিংশত্যা সমবাকিরৎ ॥২১॥ (যুগ্মকম্)
ততোঽন্যদ্ধনুরাদায় ভীমসেনো মহারথঃ।
অবাকিরত্তব সুতং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২২॥
মহদাসীত্তয়োর্যুদ্ধং চিত্ররূপং ভয়ানকম্।
যাদৃশং সমরে পূর্বং জম্ভবাসবয়োর্বিভো! ॥২৩॥
তয়োস্তত্র শরৈর্মুক্তৈর্যমদণ্ডনিভৈঃ শিতৈঃ।
সমাচ্ছন্না ধরা সর্বা খঞ্চ সর্বা দিশস্তথা ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। পতন্তমাগচ্ছন্তম্। বাহাদ্রথাৎ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৮॥

দৃষ্ট্বেতি। অমর্ষবশমাপন্নঃ অতীবক্রুদ্ধঃ। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ ॥১৯॥

বিক্ষিপন্নিতি। বিক্ষিপন্ আকর্ষন্, কার্ত্তস্বরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্। স শ্রুতর্বা। পাণ্ডবস্য ভীমসেনস্য, মহামৃধে মহাযুদ্ধে। বিংশত্যা শরৈঃ ॥২০—২১॥

অথেতি। অবাকিরৎ শরক্ষেপেণ প্রাহরৎ ॥২২॥

মহদিতি। চিত্ররূপম্ আশ্চর্য্যপ্রকারম্। জম্ভবাসবয়োঃ জম্ভাসুরদেবরাজয়োঃ ॥২৩॥

এক ভীমসেন বহু ভ্রাতাকে বধ করিয়াছেন দেখিয়া শ্রুতর্ব্বা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

রাজা! তদনন্তর শ্রুতর্বা স্বর্ণালঙ্কৃত বিশাল ধনু আকর্ষণ করিতে থাকিয়া বিষ ও অগ্নির তুল্য বহুতর বাণ নিক্ষেপ করতঃ মহাযুদ্ধে ভীমসেনের ধনু ছেদন করিয়া কুড়িটা বাণদ্বারা সেই ছিন্নধন্বা ভীমকে পীড়ন করিলেন ॥২০—২১॥

মহারাজ! তাহার পর মহারথ ভীমসেন অন্য একখানা ধনু লইয়া আপনার পুত্র শ্রুতর্ব্বার উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২২॥

রাজা! পূর্ব্বকালে রণস্থলে ইন্দ্র ও জম্ভাসুরের যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ তখন ভীমসেন ও শ্রুতর্ব্বার বিচিত্র ও ভয়ঙ্কর বিশাল যুদ্ধ হইতে লাগিল ॥২৩॥

(২০) বিক্ষিপ্য সুমহচ্চাপং…পি। (২৩)…জম্ভবাসবয়োর্যুধি—নি,…জম্ভবাসবয়োরিব—পি। (২৪)…খং দিশো বিদিশস্তথা—নি।

CENTRAL LIBRARY

ততঃ শ্রুতর্বা সংক্রুদ্ধো ধনুরাদায় সায়কৈঃ।
ভীমসেনং রণে রাজন্! বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥২৫॥
সোঽতিবিদ্ধো মহারাজ! তব পুত্রেণ ধন্বিনা।
ভীমঃ সংচুক্ষুভে ক্ষুব্ধঃ পর্বণীব মহোদধিঃ ॥২৬॥
ততো ভীমো রুষাবিষ্টঃ পুত্রস্য তব মারিষ!।
সারথিং চতুরশ্চাশ্বান্ বাণৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥২৭॥
বিরথং তং সমালক্ষ্য বিশিখৈর্লোমবাহিভিঃ।
অবাকিরদমেয়াত্মা দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২৮॥
শ্রুতর্বা বিরথো রাজন্! আদদে খড়্গচর্ম্মণী।
অথাস্যাদদতঃ খড়্গং শতচন্দ্রঞ্চ ভানুমৎ।
ক্ষুরপ্রেণ শিরঃ কায়াৎ পাতয়ামাস পাণ্ডবঃ ॥২৯॥

ভারতকৌমুদী

তয়োরিতি। শিতৈঃ সুধারৈঃ। খং গগনঞ্চ ॥২৪॥
তত ইতি। উরসি বক্ষসি, আর্পয়ৎ স্তূপীড়য়ৎ ॥২৫॥
স ইতি। সংচুক্ষুভে সম্যক্ চকম্পে, ক্ষুব্ধ উদ্বেলিতঃ, পর্বণি পূর্ণিমাদৌ ॥২৬॥
তত ইতি। হে মারিষ! আর্য্য!। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥২৭॥
বিরথমিতি। অবাকিরৎ বাণক্ষেপেণ প্রাহরৎ, অমেয়াত্মা অজ্ঞেয়শক্তির্ভীমসেনঃ ॥২৮॥

তখন তাহাদের নিক্ষিপ্ত যমদণ্ডতুল্য সুধার বাণসমূহে সমরভূমি, তত্রত্য আকাশ ও তাহার সমস্ত দিক্ আবৃত হইয়া গেল ॥২৪॥

রাজা! তাহার পর শ্রুতর্বা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ধনু লইয়া তিনটা বাণদ্বারা ভীমসেনের বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৫॥

মহারাজ! আপনার ধনুর্দ্ধর পুত্র শ্রুতর্ব্বা অত্যন্ত বিদ্ধ করিলে, ভীমসেন পূর্ণিমা বা অমাবস্যায় মহাসমুদ্রের ন্যায় ক্রোধে বিক্ষুব্ধ হইয়া কাঁপিতে লাগিলেন ॥২৬॥

মাননীয় রাজা! তদনন্তর ভীমসেন ক্রোধাবিষ্ট হইয়া বাণদ্বারা আপনার পুত্র শ্রুতর্ব্বার চারিটা অশ্ব ও সারথিকে যমালয়ে প্রেরণ করিলেন ॥২৭॥

অপরিমেয়শক্তি ভীমসেন শ্রুতর্ব্বাকে রথবিহীন দেখিয়া, আপনার লঘুহস্ততা দেখাইতে থাকিয়া, শ্রুতর্বার উপরে পক্ষিলোমসমন্বিত বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

---

(২৮) বিরথং তং সমালোক্য…পি।

CENTRAL LIBRARY

ছিন্নোত্তমাঙ্গস্য ততঃ ক্ষুরপ্রেণ মহাত্মনঃ।
পপাত কায়ঃ স রথাদ্বসুধামনুনাদয়ন্ ॥৩০॥
তস্মিন্ নিপতিতে বীরে তাবকা ভয়মোহিতাঃ।
অভ্যদ্রবন্ত সংগ্রামে ভীমসেনং যুযুৎসবঃ ॥৩১॥
তানাপতত এবাশু হতশেষাদ্বলার্ণবাৎ।
দংশিতঃ প্রতিজগ্রাহ ভীমসেনঃ প্রতাপবান্।
তে তং বৈ সমাসাদ্য পরিবব্রুঃ সমন্ততঃ ॥৩২॥
ততস্তু সংবৃতো ভীমস্তাবকৈর্নিশিতৈঃ শরৈঃ।
পীড়য়ামাস তান্ সর্বান্ সহস্রাক্ষ ইবাসুরান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

শ্রুতর্বেতি। আদদতঃ গৃহ্ণতঃ। শতং চন্দ্রাশ্চন্দ্রাকাররৌপ্যচিহ্নানি যত্র তৎ, ভানুমৎ দীপ্তিমৎ। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন। পাণ্ডবো ভীমসেনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

ছিন্নেতি। ছিন্নোত্তমাঙ্গস্য ছিন্নমস্তকস্য। মহাত্মনঃ শ্রুতর্বাণঃ ॥৩০॥

তস্মিন্নিতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ ॥৩১॥

তানিতি। দংশিতঃ সন্নদ্ধঃ। পরিবব্রুর্বিবেষ্টিরে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

রাজা! এদিকে শ্রুতর্বা রথবিহীন হইয়া খড়্গ ও চর্ম্ম গ্রহণ করিলেন। তিনি যখন খড়্গ এবং উজ্জ্বল ও বহু চন্দ্রাকারচিহ্নযুক্ত চর্ম্ম গ্রহণ করিতেছিলেন, সেই সময়ে ভীমসেন একটা ক্ষুরপ্রদ্বারা তাঁহার দেহ হইতে মস্তকটী নিপাতিত করিলেন ॥২৯॥

মহাত্মা শ্রুতর্ব্বার মস্তক ক্ষুরপ্রবাণে ছিন্ন হইলে দেহটী রথ হইতে ভূতল নিনাদিত করিয়া পতিত হইল ॥৩০॥

মহারাজ! শ্রুতর্বা নিপতিত হইলে, আপনার পক্ষের অন্য যোদ্ধারা ভীত হইয়াও যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩১॥

তাহারা হতাবশিষ্ট সৈন্যসমুদ্র হইতে বেগে আসিতে লাগিলে, প্রতাপশালী ও যুদ্ধসজ্জায় সজ্জিত ভীমসেন তাহাদিগকে গ্রহণ করিলেন এবং তাহারাও আসিয়া সকল দিকে ভীমসেনকে বেষ্টন করিলেন ॥৩২॥

তাহারা আসিয়া ভীমসেনকে পরিবেষ্টন করিলে, ইন্দ্র যেমন অসুরগণকে পীড়ন করিতেন, সেইরূপ ভীমসেন সুধার বাণসমূহদ্বারা তাহাদিগকে পীড়ন করিতে লাগিলেন ॥৩৩॥

(৩০)···ক্ষুরপ্রেণ মহাত্মনা—নি। (৩২)···দংশিতান্ প্রতিজগ্রাহ···নি। (৩৩)···ভীমস্তাবকান্···নি।

ততঃ পঞ্চ শতান্ হত্বা সবরূথান্ মহারথান্।
জঘান কুঞ্জরানীকং পুনঃ সপ্তশতং যুধি ॥৩৪॥
হত্বা দশ সহস্রাণি পত্তীনাং পরমেষুভিঃ।
বাজিনাঞ্চ শতান্যষ্টৌ পাণ্ডবঃ স বিরাজতে ॥৩৫॥
ভীমসেনস্তু কৌন্তেয়ো হত্বা যুদ্ধে সুতাংস্তব।
মেনে কৃতার্থমাত্মানং সফলং জন্ম চ প্রভো! ॥৩৬॥
তং তথা যুধ্যমানং বৈ বিনিঘ্নন্তঞ্চ তাবকান্।
ঈক্ষিতুং নোৎসহন্তে স্ম তব সৈন্যানি মারিষ! ॥৩৭॥
বিদ্রাব্য তু কুরূন্ সর্বাংস্তাংশ্চ হত্বা পদানুগান্।
দোর্ভ্যাং শব্দং ততশ্চক্রে ত্রাসয়ানো মহাদ্বিপান্ ॥৩৮॥

ভারতকৌমুদী

তত ইতি। নিশিতৈঃ সুধারৈঃ। সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥৩৩॥
তত ইতি। বরূথৈ রথাবরণৈঃ সহেতি তান্, "রথগুপ্তির্বরূথো না" ইত্যমরঃ ॥৩৪॥
হত্বেতি। পত্তীনাং পদাতীনাম্, পরমেষুভিরুৎকৃষ্টবাণৈঃ ॥৩৫॥
ভীমেতি। সুতান্ দুর্ম্মর্ষণাদীন্। কৃতার্থং কৃতকার্য্যম্ ॥৩৬॥
তমিতি। নোৎসহন্তে স্ম ন শক্নুবন্তি স্ম, মহাভীষণরূপত্বাদিতি ভাবঃ ॥৩৭॥
বিদ্রাব্যেতি। বিদ্রাব্য নিপীড্য। দোর্ভ্যাং বাহুভ্যাম্ ॥৩৮॥

তদনন্তর ভীমসেন রথাবরণের সহিত পাঁচশত মহারথকে বধ করিয়া, পুনরায় যুদ্ধে সাতশত হস্তিসৈন্য বধ করিলেন ॥৩৪॥

ক্রমে ভীমসেন উত্তম উত্তম বাণদ্বারা দশ সহস্র পদাতি এবং অষ্টশত অশ্বারোহীকে বিনাশ করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৫॥

মহারাজ! কুন্তীনন্দন ভীমসেন আপনার পুত্রগণকে বধ করিয়া নিজেকে কৃতকার্য্য মনে করিলেন এবং জন্মও সফল হইয়াছে বলিয়া ধারণা করিলেন ॥৩৬॥

মাননীয় রাজা! ভীমসেন সেইভাবে যুদ্ধ করিয়া আপনার সৈন্য বিনাশ করিতে লাগিলে, তাহারা আর তাঁহার প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৩৭॥

তদনন্তর ভীমসেন সমস্ত কৌরব নিপীড়ন এবং তাঁহাদের সেই অনুচরগণকে বধ করিয়া বিশাল হস্তিগণের ভয় জন্মাইতে থাকিয়া বাহ্বাস্ফোটন করিতে লাগিলেন ॥৩৮॥

---

(৩৫) হত্বা শতসহস্রাণি···পাণ্ডবঃ স্ম বিরাজতে—নি।

হতভূয়িষ্ঠযোধা তু তব সেনা বিশাংপতে ! ।
কিঞ্চিচ্ছেষা মহারাজ ! কৃপণা সমপদ্যত ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শল্যবধে দুর্ম্মর্ষণাদিবধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

পঞ্চবিংশোঽধ্যায়ঃ ।

——:-০-:——

সঞ্জয় উবাচ ।

দুর্য্যোধনো মহারাজ ! সুদর্শশ্চাপি তে সুতঃ ।
হতশেষৌ তদা সংখ্যে বাজিমধ্যে ব্যবস্থিতৌ ॥১॥
ততো দুর্য্যোধনং দৃষ্ট্বা বাজিমধ্যে ব্যবস্থিতম্ ।
উবাচ দেবকীপুত্রঃ কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥২॥
শত্রবো হতভূয়িষ্ঠা জ্ঞাতয়ঃ পরিপালিতাঃ ।
গৃহীত্বা সঞ্জয়ঞ্চাসৌ নিবৃত্তঃ শিনিপুঙ্গবঃ ॥৩॥

ভারতকৌমুদী

হতেতি। হতা ভূয়িষ্ঠা বহুলা যোধা যোদ্ধারো যস্যাঃ সা। কৃপণা দীনাঃ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি শল্যবধে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

দুর্য্যোধন ইতি। সুদর্শঃ সুদর্শনঃ। বাজিমধ্যে অশ্বারোহিসৈন্যমধ্যে ॥১॥

তত ইতি। দেবকীপুত্রঃ কৃষ্ণঃ ॥২॥

শত্রব ইতি। হতা ভূয়িষ্ঠা বহবো যেষাং তে। শিনিপুঙ্গবঃ সাত্যকিঃ ॥৩॥

নরনাথ ! মহারাজ ! বহুতর যোদ্ধা নিহত হইলে, আপনার অল্পাবশিষ্ট সৈন্যেরা অবসন্ন হইয়া পড়িল' ॥৩৯॥

——০:*:০——

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! হতাবশিষ্ট আপনার পুত্র দুর্য্যোধন ও সুদর্শন তৎকালে অশ্বারোহিসৈন্যমধ্যে অবস্থান করিতেছিলেন ॥১॥

তাহার পর কৃষ্ণ দুর্য্যোধনকে অশ্বারোহিসৈন্যমধ্যে অবস্থিত দেখিয়া কুন্তীনন্দন অর্জ্জুনকে বলিলেন—॥২॥

* '...ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ...' পি বঙ্গ বর্দ্ধ বা সো। '... পঞ্চবিংশোঽধ্যায়ঃ...' নি।

পরিশ্রান্তশ্চ নকুলঃ সহদেবশ্চ ভারত !।
যোধয়িত্বা রণে পাপান্ ধার্ত্তরাষ্ট্রান্ সহানুগান্ ॥৪॥
দুর্য্যোধনমভিত্যজ্য ত্রয় এতে ব্যবস্থিতাঃ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রৌণিশ্চৈব মহারথঃ ॥৫॥
অসৌ তিষ্ঠতি পাঞ্চাল্যঃ শ্রিয়া পরময়া যুতঃ।
দুর্য্যোধনবলং হত্বা সহ সর্বৈঃ প্রভদ্রকৈঃ ॥৬॥
অসৌ দুর্য্যোধনঃ পার্থ ! বাজিমধ্যে ব্যবস্থিতঃ।
ছত্রেণ ধ্রিয়মাণেন প্রেক্ষমাণো মুহুর্মুহুঃ ॥৭॥
প্রতিব্যূহ্য বলং সর্ব্বং রণমধ্যে ব্যবস্থিতঃ।
এনং হত্বা শিতৈর্বাণৈঃ কৃতকৃত্যো ভবিষ্যসি ॥৮॥

ভারতকৌমুদী

পরীতি। সহানুগান্ অনুচরসহিতান্ ॥৪॥
দুর্য্যোধনমিতি। দ্রৌণিরশ্বত্থামা ॥৫॥
অসাবিতি। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ, শ্রিয়া বীরশোভয়া ॥৬॥
অসাবিতি। ছত্রেণেতি বিশেষণে তৃতীয়া। প্রেক্ষমাণঃ অস্মান্ ॥৭॥
প্রতীতি। প্রতিব্যূহ্য প্রতিব্যূহভাবেন সন্নিবেশ্য। শিতৈঃ সুধারৈঃ ॥৮॥

'ওদিকে শত্রুপক্ষের বহু সংখ্যক যোদ্ধাই নিহত হইয়াছে, এদিকে আত্মীয়েরাও রক্ষিত হইয়াছেন এবং সাত্যকিও সঞ্জয়কে ধরিয়া ফিরিয়া আসিয়াছেন ॥৩॥

ভরতনন্দন ! নকুল এবং সহদেব অনুচরবর্গের সহিত পাপাত্মা ধার্ত্তরাষ্ট্রগণের সহিত যুদ্ধ করিয়া পরিশ্রান্ত হইয়াছেন ॥৪॥

মহারথ কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা ইহারা তিনজন দুর্য্যোধনকে পরিত্যাগ করিয়া অন্যত্র রহিয়াছেন ॥৫॥

পরমবীরশোভায় শোভিত ধৃষ্টদ্যুম্ন সমস্ত প্রভদ্রকের সহিত মিলিত হইয়া দুর্য্যোধনের সৈন্য সংহার করিয়া ঐ অবস্থান করিতেছেন ॥৬॥

অর্জ্জুন ! ঐ দুর্য্যোধন অশ্বারোহিসৈন্যমধ্যে অবস্থান করিতেছে এবং বার বার আমাদের দিকে দৃষ্টিপাত করিতেছে; আর ভৃত্যেরা উহার মস্তকের উপরে একটী ছত্র ধারণ করিয়া রহিয়াছে ॥৭॥

এই দুর্য্যোধন নিজের সমস্ত সৈন্যকে আমাদের প্রতিব্যূহরূপে সন্নিবেশিত

(৫) দুর্য্যোধনমপি ত্যক্ত্য যত্র তে হি···পি, দুর্য্যোধনমতিক্রম্য···নি। (৮)···শিতৈরস্ত্রৈঃ ···পি।

CENTRAL LIBRARY

গজানীকং হতং দৃষ্ট্বা ত্বাঞ্চ প্রাপ্তমরিন্দমম্।
যাবন্ন বিদ্রবন্ত্যেতে তাবজ্জহি সুযোধনম্ ॥৯॥
যাতু কশ্চিত্তু পাঞ্চাল্যং ক্ষিপ্রমাগম্যতামিতি।
পরিশ্রান্তবলস্তাত! নৈষ মুচ্যেত কিল্বিষী ॥১০॥
তব হত্বা বলং সর্ব্বং সংগ্রামে ধৃতরাষ্ট্রজঃ।
জিতান্ পাণ্ডুসুতান্ মত্বা রূপং ধারয়তে মহৎ ॥১১॥
নিহতং স্ববলং মত্বা পীড়িতঞ্চাপি পাণ্ডবৈঃ।
ধ্রুবমেষ্যতি সংগ্রামে বধায়ৈবাত্মনো নৃপঃ।
এবমুক্তঃ ফাল্গুনস্তু কৃষ্ণং বচনমব্রবীৎ ॥১২॥

ভারতকৌমুদী

গজেতি। প্রাপ্তমুপস্থিতম্। বিদ্রবন্তি পলায়ন্তে ॥৯॥

যাত্বিতি। কশ্চিদস্মাকং জনঃ, পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্, যাতু ক্ষিপ্রমাগম্যতামিতি পাঞ্চাল্যং ব্রবীত্বিতি শেষঃ। হে তাত! বৎস! পরিশ্রান্তং বলং সৈন্যং যস্য সঃ, কিল্বিষী পাপী, এষ দুর্য্যোধনঃ, অস্মত্তো ন মুচ্যেত ॥১০॥

তবেতি। বলং সৈন্যম্। ধৃতরাষ্ট্রজো দুর্য্যোধনঃ ॥১১॥

নিহতমিতি। নৃপ এষ দুর্য্যোধনঃ। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

করিয়া রণস্থলে অবস্থান করিতেছে; সুধার বাণদ্বারা ইহাকে বধ করিয়া তুমি কৃতকার্য্য হইবে ॥৮॥

হস্তিসৈন্য নিহত হইয়াছে, শত্রুদমনকারী তুমিও উপস্থিত হইয়াছ, ইহা দেখিয়া যে পর্য্যন্ত ইহারা পলায়ন না করে, তাহার মধ্যেই তুমি এই দুর্য্যোধনকে বধ কর ॥৯॥

বৎস অর্জ্জুন! আমাদের কোন লোক ধৃষ্টদ্যুম্নের নিকট গমন করুন এবং তাঁহাকে বলুক যে, আপনি সত্বর আগমন করুন'। দুর্য্যোধনের সমস্ত সৈন্যই পরিশ্রান্ত হইয়াছে; সুতরাং এই পাপাত্মা মুক্ত হইতে পারিবে না ॥১০॥

তোমার সমস্ত সৈন্য নিহত হইয়াছে এবং পাণ্ডবগণকেও জয় করিয়াছে, ইহা মনে করিয়া দুর্য্যোধন উজ্জ্বলরূপ ধারণ করিয়াছে ॥১১॥

পাণ্ডবেরা আপন সৈন্যগণকে পীড়িত ও নিহত করিয়াছে ইহা দেখিয়া অবশ্যই দুর্য্যোধন আত্মবিনাশের জন্য যুদ্ধে আসিবে' কৃষ্ণ এইরূপ বলিলে, অর্জ্জুন তাঁহাকে কহিলেন—॥১২॥

(৯)···তামপ্রাপ্তমরিন্দমম্···পি। (১০) যাতু কশ্চিৎ স পাঞ্চাল্যঃ ক্ষিপ্রমাবার্য্যতা মিতি···পি।

CENTRAL LIBRARY

ধৃতরাষ্ট্রসুতাঃ সর্বে হতা ভীমেন মানদ ! ।
যাবেতাবাস্থিতৌ কৃষ্ণ ! তাবদ্য ন ভবিষ্যতঃ ॥১৩॥
হতো ভীষ্মো হতো দ্রোণঃ কর্ণো বৈকর্ত্তনো হতঃ।
মদ্ররাজো হতঃ শল্যো হতঃ কৃষ্ণ ! জয়দ্রথঃ ॥১৪॥
হয়াঃ পঞ্চশতাঃ শিষ্টাঃ শকুনেঃ সৌবলস্য চ।
রথানাঞ্চ শতে শিষ্টে দ্বে এব তু জনার্দ্দন ! ।
দন্তিনাঞ্চ শতং শিষ্টং ত্রিসাহস্রাঃ পদাতয়ঃ ॥১৫॥
অশ্বত্থামা কৃপশ্চৈব ত্রিগর্ত্তাধিপতিস্তথা।
উলূকঃ শকুনিশ্চৈব কৃতবর্ম্মা চ সাত্বতঃ ॥১৬॥
এতদ্বলমভূচ্ছেষং ধার্ত্তরাষ্ট্রস্য মাধব ! ।
মোক্ষো ন নূনং কালাদ্ধি বিদ্যতে ভুবি কস্যচিৎ ॥১৭॥

ভারতকৌমুদী

ধৃতেতি। এতৌ সুদর্শনদুর্য্যোধনৌ। ন ভবিষ্যতো ন স্থাস্যতঃ ॥১৩॥
হত ইতি। বৈকর্ত্তনস্তদপরনামা। তৎকারণমুক্তম্ ॥১৪॥
হয়া ইতি। শিষ্টাঃ অবশিষ্টাঃ, সৌবলস্য সুবলপুত্রস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
অশ্বেতি। ত্রিগর্ত্তাধিপতিঃ সুশর্ম্মা। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ, শিষ্ট ইত্যনুবর্ত্ততে ॥১৬॥
এতদিতি। মোক্ষো মুক্তিঃ, কালাৎ নিয়তসময়াৎ ॥১৭॥

'সম্মানদাতা কৃষ্ণ ! ভীমসেন ধৃতরাষ্ট্রের সমস্ত পুত্রকেই বধ করিয়াছেন, কেবল এই দুইজনই (দুর্য্যোধন ও সুদর্শন) অবশিষ্ট আছে। অদ্য আর উহারাও থাকিবে না ॥১৩॥

কৃষ্ণ ! ভীষ্ম, দ্রোণ, বৈকর্ত্তন কর্ণ, মদ্ররাজ শল্য এবং জয়দ্রথও নিহত হইয়াছেন ॥১৪॥

কৃষ্ণ জনার্দ্দন ! সুবলনন্দন শকুনির পাঁচ শত অশ্বারোহী, দুই শত রথী, এক শত গজারোহী এবং সহস্র পদাতিসৈন্য মাত্র অবশিষ্ট আছে ॥১৫॥

আর অশ্বত্থামা, কৃপাচার্য্য, সুশর্ম্মা, উলূক, শকুনি ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা এই কয়জন বীরই অবশিষ্ট রহিয়াছেন ॥১৬॥

মাধব ! দুর্য্যোধনের এই মাত্র সৈন্যই এখন অবশিষ্ট আছে। কারণ, এই জগতে কোন ব্যক্তিরই কালের হস্ত হইতে মুক্তি হয় না ॥১৭॥

(১৫)···শতং সাগ্রং···বঙ্গ বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

তথা বিনিহতে সৈন্যে পশ্য দুর্য্যোধনং স্থিতম্ ।
অদ্যাহনি মহারাজো হতামিত্রো ভবিষ্যতি ।
ন হি মে মোক্ষ্যতে কশ্চিৎ পরেষামিতি চিন্তয়ে ॥১৮॥
যে ত্বদ্য সমরং কৃষ্ণ ! ন হাস্যন্তি রণোৎকটাঃ ।
তান্ বৈ সর্ব্বান্ হনিষ্যামি যদ্যপি স্যুরমানুষাঃ ॥১৯॥
অদ্য যুদ্ধে সুসংক্রুদ্ধো দীর্ঘং রাজ্ঞঃ প্রজাগরম্ ।
অপনেষ্যামি গান্ধারং পাতয়িত্বা শিতৈঃ শরৈঃ ॥২০॥
নিকৃত্যা বৈ দুরাচারো যানি রত্নানি সৌবলঃ ।
সভায়ামহরদ্দ্যূতে পুনস্তান্যাহরাম্যহম্ ॥২১॥
অদ্য তা অপি বেৎস্যন্তি সর্বা নাগপুরস্ত্রিয়ঃ ।
শ্রুত্বা পতীংশ্চ পুত্রাংশ্চ পাণ্ডবৈর্নিহতান্ যুধি ॥২২॥

ভারতকৌমুদী

তথেতি । মহারাজো যুধিষ্ঠিরঃ, হতামিত্রো হতসর্বশত্রুঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥
য ইতি । হাস্যন্তি ত্যক্ষ্যন্তি পলায়িষ্যন্ত ইত্যর্থঃ । রণোৎকটা যুদ্ধমত্তাঃ ॥১৯॥
অদ্যেতি । রাজ্ঞো যুধিষ্ঠিরস্য । গান্ধারং গান্ধাররাজং শকুনিম্ ॥২০॥
নিকৃত্যেতি । নিকৃত্যা ছলেন । সৌবলঃ শকুনিঃ ॥২১॥
অদ্যেতি । নাগপুরস্ত্রিয়ঃ হস্তিনানগরস্ত্রিয়ঃ ॥২২॥

সেইভাবে সৈন্য নিহত হইলে, কেবল দুর্য্যোধন রহিয়াছে দেখ ; অদ্যই মহারাজ যুধিষ্ঠিরের সমস্ত শত্রু নিহত হইবে । আমি মনে করি, বিপক্ষের মধ্যে কোন ব্যক্তিই আমার হাত হইতে মুক্তি পাইবে না ॥১৮॥

কৃষ্ণ ! যুদ্ধমত্ত যে সকল যোদ্ধা আজ রণস্থল ত্যাগ না করিবেন, তাঁহারা যদি দেবতা বা গন্ধর্ব্বও হন, তাহা হইলেও আজ আমি তাঁহাদিগকে বধ করিব ॥১৯॥

আজ আমি ক্রুদ্ধ হইয়া সুধার বাণদ্বারা যুদ্ধে শকুনিকে বধ করিয়া ধর্ম্মরাজের দীর্ঘকালের জাগরণ নিবৃত্ত করিব ॥২০॥

দুরাচার শকুনি সেই দ্যূতসভায় দ্যূতক্রীড়ায় ছলপূর্বক যে সকল ধন অপহরণ করিয়াছিল ; আজ আমি পুনরায় সেগুলি আনয়ন করিব ॥২১॥

আজ হস্তিনানগরবাসী সেই সমস্ত স্ত্রীলোকই শুনিয়া জানিবে যে, পাণ্ডবেরা যুদ্ধে পতি ও পুত্রগণকে বধ করিয়াছেন ॥২২॥

(২০) ··যুদ্ধে সমুৎপন্নং ··অপনেষ্যামি গান্ধারিং ··নি। (২২)···তা অপি রোৎস্যন্তি··· পি,···বেৎস্যন্তি মচ্ছক্তিং ·· নাগপুরে···নি।

সমাপ্তমদ্য বৈ কর্ম্ম সর্বং কৃষ্ণ! ভবিষ্যতি।
অদ্য দুর্য্যোধনো দীপ্তাং শ্রিয়ং প্রাণাংশ্চ ত্যক্ষ্যতি ॥২৩॥
নাপযাতি ভয়াৎ কৃষ্ণ! সংগ্রামাদদ্য চেন্মম।
নিহতং বিদ্ধি বার্ষ্ণেয়! ধার্ত্তরাষ্ট্রং সুবালিশম্ ॥২৪॥
মম হ্যেতদশক্তং বৈ বাজিবৃন্দমরিন্দম!।
সোঢ়ুং জ্যাতলনির্ঘোষং যাহি যাবন্নিহন্ম্যহম্ ॥২৫॥
এবমুক্তস্তু দাশার্হঃ পাণ্ডবেন মনস্বিনা।
অচোদয়দ্ধয়ান্ রাজন্! দুর্য্যোধনবলং প্রতি ॥২৬॥
তদনীকমভিপ্রেক্ষ্য ত্রয়ঃ সজ্জা মহারথাঃ।
ভীমসেনোঽর্জ্জুনশ্চৈব সহদেবশ্চ মারিষ!।
প্রযযুঃ সিংহনাদেন দুর্য্যোধনজিঘাংসয়া ॥২৭॥

ভারতকৌমুদী

সমাপ্তমিতি। কর্ম্ম যুদ্ধম্। দীপ্তামুজ্জ্বলাম্, শ্রিয়ং রাজলক্ষ্মীম্ ॥২৩॥
নেতি। বিদ্ধি জানীহি। ধার্ত্তরাষ্ট্রং দুর্য্যোধনম্, সুবালিশমতীবমূর্খম্ ॥২৪॥
মমেতি। জ্যাতলনির্ঘোষং বাণক্ষেপকালীনং ধনুর্গুণহস্তাবাপশব্দম্ ॥২৫॥
এবমিতি। দাশার্হঃ কৃষ্ণঃ, পাণ্ডবেনার্জ্জুনেন। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥২৬॥
তদিতি। অনীকং সৈন্যম্। দুর্য্যোধনস্য জিঘাংসয়া হননেচ্ছয়া। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥

কৃষ্ণ! আজ সমস্ত যুদ্ধকার্য্য সমাপ্ত হইবে এবং আজ দুর্য্যোধন উজ্জ্বল রাজলক্ষ্মী ও নিজের প্রাণ পরিত্যাগ করিবে ॥২৩॥

বৃষ্ণিনন্দন! আজ অতিমূর্খ দুর্য্যোধন যদি আমার রণস্থল হইতে পলায়ন না করে, তাহা হইলে তুমি উহাকে নিহত বলিয়াই জানিয়া রাখ ॥২৪॥

শত্রুদমনকারী কৃষ্ণ! এই অশ্বারোহিসৈন্যগণ আজ আমার ধনুর্গুণ ও হস্তাবরণের শব্দ সহ্য করিতে সমর্থ হইবে না। যাও, আমি বিপক্ষদিগকে বধ করিতেছি' ॥২৫॥

রাজা! মনস্বী অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ অশ্বগুলিকে দুর্য্যোধনের সৈন্যের দিকে চালাইয়া দিলেন ॥২৬॥

মাননীয় রাজা! দুর্য্যোধনের সেই সৈন্য দেখিয়া, ভীম, অর্জ্জুন ও সহদেব এই তিন জন মহারথ যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া, দুর্য্যোধনকে বধ করিবার জন্য বিশাল সিংহনাদ করিতে করিতে গমন করিলেন ॥২৭॥

(২৫)···হ্যেতদপর্য্যাপ্তং নি। (২৬)···পাণ্ডবেন মহাত্মনা···অশ্বান্ সন্দেশয়ামাস···পি। (২৭) তমনীকং··· ভূয়ঃ···পি।

CENTRAL LIBRARY

তান্ প্রেক্ষ্য সহিতান্ সর্ব্বান্ জবেনোদ্যতকার্ম্মুকান্ ।
সৌবলোঽভ্যদ্রবদ্‌যুদ্ধে পাণ্ডবানাততায়িনঃ ॥২৮॥
সুদর্শনস্তব সুতো ভীমসেনং সমভ্যয়াৎ ।
সুশর্ম্মা শকুনিশ্চৈব যুযুধাতে কিরীটিনা ।
সহদেবং তব সুতো হয়পৃষ্ঠগতোঽভ্যয়াৎ ॥২৯॥
ততো হি যত্নতঃ ক্ষিপ্রং তব পুত্রো জনাধিপ ! ।
প্রাসেন সহদেবস্য শিরসি প্রাহরদ্‌ভৃশম্ ॥৩০॥
সোপাবিশদ্রথোপস্থে তব পুত্রেণ তাড়িতঃ ।
রুধিরাপ্লুতসর্ব্বাঙ্গ আশীবিষ ইব শ্বসন্ ॥৩১॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং সহদেবো বিশাংপতে ! ।
দুর্য্যোধনং শরৈস্তীক্ষ্ণৈঃ সংক্রুদ্ধঃ সমবাকিরৎ ॥৩২॥
পার্থোঽপি যুধি বিক্রম্য কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ।
শূরাণামশ্বপৃষ্ঠেভ্যঃ শিরাংসি নিচকর্ত্ত হ ॥৩৩॥

ভারতকৌমুদী

তানিতি। জবেন বেগেন। আততায়িনঃ শস্ত্রপাণীন্ ॥২৮॥
সুদর্শন ইতি। দ্বিতীয়স্তব সুতো দুর্য্যোধনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥
তত ইতি। তব পুত্রো দুর্য্যোধনঃ ॥৩০॥
স ইতি। সোপাবিশদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। রথস্য উপস্থে মধ্যে ॥৩১॥
প্রতীতি। সংজ্ঞাং চৈতন্যম্। সমবাকিরৎ প্রাহরৎ ॥৩২॥

সেই অস্ত্রধারী পাণ্ডবেরা সকলে ধনু উত্তোলন করিয়া বেগে আসিতেছেন দেখিয়া, শকুনি তাহাদের দিকে গমন করিলেন ॥২৮॥

মহারাজ ! আপনার পুত্র সুদর্শন ভীমের দিকে গমন করিলেন, সুশর্ম্মা ও শকুনি অর্জ্জুনের সহিত যুদ্ধে করিতে লাগিলেন, আর আপনার পুত্র দুর্য্যোধন অশ্বে আরোহণ করিয়া সহদেবের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৯॥

নরনাথ ! তাহার পর দুর্য্যোধন যত্নপূর্ব্বক সত্বর একটা প্রাসদ্বারা সহদেবের মস্তকে গুরুতর আঘাত করিলেন ॥৩০॥

দুর্য্যোধন সেইভাবে আঘাত করিলে, সহদেব রক্তাক্ত দেহ হইয়া সর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া রথমধ্যে উপবেশন করিলেন ॥৩১॥

নরনাথ ! তাহার পর সহদেব চৈতন্য লাভ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তীক্ষ্ণ বাণবর্ষণদ্বারা দুর্য্যোধনকে পীড়ন করিতে লাগিলেন ॥৩২॥

(৩০) শিরসি প্রাহনদ্‌ভৃশম্—পি।

তদনীকং তদা পার্থো ব্যধমদ্বহুভিঃ শরৈঃ।
পাতয়িত্বা হয়ান্ সর্বাংস্ত্রিগর্ত্তানাং রথান্ যযৌ ॥৩৪॥
ততস্তে সহিতা ভূত্বা ত্রিগর্ত্তানাং মহারথাঃ।
অর্জ্জুনং বাসুদেবঞ্চ শরবর্ষৈরবাকিরন্ ॥৩৫॥
সত্যকর্ম্মাণমাক্ষিপ্য ক্ষুরপ্রেণ মহাযশাঃ।
ততোঽস্য স্যন্দনস্যেশাং চিচ্ছেদ পাণ্ডুনন্দনঃ ॥৩৬॥
শিলাশিতেন চ বিভো! ক্ষুরপ্রেণ মহাযশাঃ।
শিরশ্চিচ্ছেদ প্রহসংস্তপ্তকাঞ্চনভূষণম্ ॥৩৭॥
সত্যেষুমথ চাদত্ত যোধানাং মিষতাং ততঃ।
যথা সিংহো বনে রাজন্! মৃগং পরিবুভুক্ষিতঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

পার্থ ইতি। নিচকর্ত্ত নিকৃত্য ছিত্বা ন্যপাতয়ৎ ॥৩৩॥
তদিতি। অনীকং সৈন্যম্, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩৪॥
তত ইতি। সহিতা মিলিতা। অবাকিরন্ প্রাহরন্ ॥৩৫॥
সত্যেতি। আক্ষিপ্য ক্ষিপ্তেন প্রহৃত্য। স্যন্দনস্য রথস্য, ঈশামুর্দ্ধদণ্ডম্ ॥৩৬॥
শিলেতি। শিলয়া তদ্ঘর্ষণেন শিতস্তনুকৃতমুখঃ সুধার ইত্যর্থস্তেন ॥৩৭॥
সত্যেষুমিতি। সত্যেষুং নাম বীরম্, আদত্ত অগৃহ্লাৎ। মিষতাং পশ্যতাম্ ॥৩৮॥

কুন্তীনন্দন অর্জ্জুনও যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া, অশ্বপৃষ্ঠ হইতে বীরগণের মস্তক ছেদন করিয়া নিপাতিত করিতে থাকিলেন ॥৩৩॥

তখন অর্জ্জুন বহুতর বাণদ্বারা সেই সৈন্য সংহার করিলেন এবং সমস্ত অশ্বারোহীকে নিপাত করিয়া, ত্রিগর্ত্তদিগের রথিসৈন্যের প্রতি গমন করিলেন ॥৩৪॥

তদনন্তর সেই ত্রিগর্ত্তদেশীয় মহারথেরা মিলিত হইয়া, বাণবর্ষণে কৃষ্ণ ও অর্জ্জুনকে তাড়ন করিতে লাগিলেন ॥৩৫॥

তদনন্তর মহাযশা অর্জ্জুন একটা ক্ষুরপ্রদ্বারা সত্যকর্ম্মার রথের ঈশা (উপরের কাঠ) ছেদন করিলেন ॥৩৬॥

রাজা! পরে যশস্বী অর্জ্জুন হাস্য করিতে থাকিয়া একটা শিলাশাণিত বাণদ্বারা সত্যকর্ম্মার স্বর্ণভূষিত মস্তকটী ছেদন করিলেন ॥৩৭॥

রাজা! তৎপরে বনমধ্যে ক্ষুধার্ত্ত সিংহ যেমন হরিণ ধারণ করে, সেইরূপ অর্জ্জুন অন্য যোদ্ধাদের সমক্ষেই সত্যেষুকে ধরিয়া ফেলিলেন ॥৩৮॥

(৩৬) ততোঽস্য স্যন্দনস্যেষাং···বঙ্গ। (৩৭)···প্রহসংস্তপ্তকুণ্ডলভূষিতম্—পি নি।

CENTRAL LIBRARY

তং নিহত্য ততঃ পার্থঃ সুশর্ম্মাণং ত্রিভিঃ শরৈঃ।
বিদ্ধা তানহনৎ সর্ব্বান্ রথান্ রুক্মবিভূষিতান্ ॥৩৯॥
ততঃ প্রায়াত্ত্বরন্ পার্থো দীর্ঘকালং সুসংভৃতম্।
মুঞ্চন্ ক্রোধবিষং তীক্ষ্ণং প্রস্থলাধিপতিং প্রতি ॥৪০॥
তমর্জ্জুনঃ পৃষৎকানাং শতেন ভরতর্ষভ !।
পূরয়িত্বা ততো বাহানহনত্তস্য ধন্বিনঃ ॥৪১॥
ততঃ শরং সমাধায় যমদণ্ডোপমং পরম্।
সুশর্ম্মাণং সমুদ্দিশ্য চিক্ষেপাশু হসন্নিব ॥৪২॥
স শরঃ প্রেষিতস্তেন ক্রোধদীপ্তেন ধন্বিনা।
সুশর্ম্মাণং সমাসাদ্য বিভেদ হৃদয়ং রণে ॥৪৩॥
স গতাসুর্মহারাজ ! পপাত ধরণীতলে।
নন্দয়ন্ পাণ্ডবান্ সর্বান্ ব্যথয়ংশ্চাপি তাবকান্ ॥৪৪॥

ভারতকৌমুদী

তমিতি। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। রুক্মবিভূষিতান্ স্বর্ণালঙ্কৃতান্ ॥৩৯॥
তত ইতি। সুসংভৃতং বিশেষেণ সঞ্চিতম্। প্রস্থলাধিপতিং সুশর্ম্মাণম্ ॥৪০॥
তমিতি। পৃষৎকানাং বাণানাম্। পূরয়িত্বা সর্ব্বাঙ্গং ব্যাপ্য। বাহান্ অশ্বান্ ॥৪১॥
তত ইতি। সমাধায় ধনুষি সংস্থাপ্য। চিক্ষেপ অর্জ্জুন এব ॥৪২॥
স ইতি। ক্রোধেন দীপ্ত উত্তেজিতস্তেন, ধন্বিনা অর্জ্জুনেন ॥৪৩॥
স ইতি। গতা নির্গতা অসবঃ প্রাণা যস্য সঃ। নন্দয়ন্ হর্ষয়ন্ ॥৪৪॥

অর্জ্জুন সত্যেষুকে বধ করিয়া তিন বাণে সুশর্ম্মাকে তাড়নপূর্ব্বক স্বর্ণালঙ্কৃত রথগুলিকে বিনাশ করিলেন ॥৩৯॥

তদনন্তর অর্জ্জুন দীর্ঘকালের সঞ্চিত তীক্ষ্ণ ক্রোধবিষ উদ্গার করিতে থাকিয়া ত্বরান্বিত হইয়া প্রস্থলনগরাধিপতি সুশর্ম্মার দিকে গমন করিলেন ॥৪০॥

ভরতশ্রেষ্ঠ ! ক্রমে অর্জ্জুন একশত বাণদ্বারা সুশর্ম্মার সমস্ত অঙ্গ পূরণ করিয়া, তাহার অশ্বগুলিকে বিনাশ করিলেন ॥৪১॥

পরে অর্জ্জুন হাস্য করিতে থাকিয়াই যেন যমদণ্ডের তুল্য উত্তম একটা বাণ ধনুতে সংস্থাপন করিয়া সত্বর সুশর্ম্মার দিকে নিক্ষেপ করিলেন ॥৪২॥

ক্রোধে উত্তেজিত ও মহাধনুর্দ্ধর অর্জ্জুন নিক্ষেপ করিলে, সেই বাণটা যাইয়া সুশর্ম্মার হৃদয় বিদীর্ণ করিল ॥৪৩॥

(৪০) ততস্ত প্রবপন্··· প্রস্থলাধিপতিং··· পি। (৪২)···শরং সমাদায়···তদা···নি।

সুশর্ম্মাণং রণে হত্বা পুত্রানস্য মহারথান্।
সপ্ত চাষ্টৌ চ ত্রিংশচ্চ সায়কৈরনয়ৎ ক্ষয়ম্ ॥৪৫॥
ততোঽস্য নিশিতৈর্বাণৈঃ সর্বান্ হত্বা পদানুগান্।
অভ্যয়াদ্ভারতীং সেনাং হতশেষাং মহারথঃ ॥৪৬॥
ভীমস্তু সমরে ক্রুদ্ধঃ পুত্রং তব জনাধিপ!।
সুদর্শনমদৃশ্যন্তং শরৈশ্চক্রে হসন্নিব ॥৪৭॥
ততোঽস্য প্রহসন্ ক্রুদ্ধঃ শিরঃ কায়াদপাহরৎ।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন স হতঃ প্রাপতদ্ভুবি ॥৪৮॥
তস্মিংস্তু নিহতে বীরে ততস্তস্য পদানুগাঃ।
পরিবব্রু রণে ভীমং কিরন্তো বিশিখান্ শরান্ ॥৪৯॥

ভারতকৌমুদী

সুশর্ম্মেতি। সপ্ত চাষ্টৌ চ ত্রিংশচ্চেতি সমুদায়েন পঞ্চচত্বারিংশদিত্যর্থঃ ॥৪৫॥
তত ইতি। পদানুগান্ অনুচরান্। ভারতীং কৌরবীম, মহারথোঽর্জ্জুনঃ ॥৪৬॥
ভীম ইতি। অদৃশ্যন্তমদৃশ্যমানম্ ॥৪৭॥
তত ইতি। অস্য সুদর্শনস্য, ক্রুদ্ধো ভীমঃ। স সুদর্শনঃ ॥৪৮॥
তস্মিন্নিতি। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে। বিশিখান্ শিখাশূন্যান্ অর্দ্ধচন্দ্রাদীন্ ॥৪৯॥

মহারাজ! তখন সুশর্ম্মা প্রাণবিহীন হইয়া, সমস্ত পাণ্ডবকে আনন্দিত এবং আপনার পক্ষের সকল লোককে ব্যথিত করিয়া ভূতলে পতিত হইলেন ॥৪৪॥

অর্জ্জুন সুশর্ম্মাকে বধ করিয়া, তাহার পঁয়তাল্লিশ জন মহারথ পুত্রকেও বিনাশ করিলেন ॥৪৫॥

তদনন্তর মহারথ অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা সুশর্ম্মার অনুচরগণকে বিনাশ করিয়া, হতাবশিষ্ট কৌরবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৪৬॥

নরনাথ! ওদিকে ভীমসেন ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন সুধার বাণসমূহে আপনার পুত্র সুদর্শনকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৪৭॥

মিত্রেতি। সমানো লোকঃ স্থানং যেষাং তে তথা তেষাং ভাবস্তাম্ ॥৩৮॥
রুদ্রাণামিতি। অতীতানি জৈগীষব্যেণেতি শেষঃ ॥৩৯॥
আরুহ্যেতি। ব্রহ্মাণো বিপ্রাশ্চ তে সত্রিণো যাজ্ঞিকাশ্চেতি তেষাম্ ॥৪০॥
ত্রীনিতি। বিপ্রং জৈগীষব্যম্। পতিব্রতানাং নারীণাম্ ॥৪১॥

যাঁহারা দুষ্কর সর্ব্বমেধযজ্ঞ ও সৌত্রামণিযজ্ঞ করিয়া থাকেন, দেবল জৈগীষব্যকে তাঁহাদের লোকে গমন করিতে দর্শন করিলেন ॥৩৬॥

রাজা! যাঁহারা দ্বাদশাহসাধ্য নানাবিধ যজ্ঞের অনুষ্ঠান করেন, জৈগীষব্য তাঁহাদের লোকে যাইতেছেন, ইহা দেবল দেখিতে পাইলেন ॥৩৭॥

তদনন্তর জৈগীষব্য যথাক্রমে মিত্র, বরুণ ও সূর্য্যলোকে গমন করিতেছেন, ইহা দেবলমুনি দর্শন করিলেন ॥৩৮॥

পরে রুদ্রগণ, বসুগণ ও বৃহস্পতির যে সকল লোক আছে, জৈগীষব্য ক্রমশঃ সেইগুলিকেও অতিক্রম করিলেন, ইহা দেবল দেখিতে পাইলেন ॥৩৯॥

তৎপরে দেবল দেখিতে পাইলেন—জৈগীষব্যমুনি গোলোকে আরোহণ করিয়া, ব্রাহ্মণযাজ্ঞিকগণের লোকে গমন করিতেছেন ॥৪০॥

পরে দেবল দর্শন করিলেন—ব্রাহ্মণ জৈগীষব্য নিজ তেজে পর পর তিনলোকে উঠিতেছেন এবং পতিব্রতালোকে গমন করিতেছেন ॥৪১॥

CENTRAL LIBRARY

ততো মুনিবরং ভূয়ো জৈগীষব্যমথাসিতঃ।
নান্বপশ্যত যোগস্থমন্তর্হিতমরিন্দম ! ॥৪২॥
সোঽচিন্তয়ন্মহাভাগো জৈগীষব্যস্য দেবলঃ।
প্রভাবং সুব্রতত্বঞ্চ সিদ্ধিং যোগস্য চাতুলাম্ ॥৪৩॥
অসিতোঽপৃচ্ছত তদা সিদ্ধান্ লোকেষু সত্তমান্।
ব্রজতঃ প্রাঞ্জলির্ভূত্বা ধীরস্তান্ ব্রহ্মসত্রিণঃ ॥৪৪॥
জৈগীষব্যং ন পশ্যামি তং শংসধ্বং মহৌজসম্।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং পরং কৌতূহলং হি মে ॥৪৫॥
সিদ্ধা ঊচুঃ।
শৃণু দেবল ! ভূতার্থং শংসতাং নো দৃঢ়ব্রত !।
জৈগীষব্যঃ স বৈ লোকং শাশ্বতং ব্রহ্মণো গতঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তত ইতি। যোগস্থং পূর্ব্ববদ্‌যোগপ্রভাবপ্রকাশকম্ ॥৪২॥
স ইতি। প্রভাবং যোগজশক্তিম্, সুব্রতত্বং সম্যগনুষ্ঠিতযোগশাস্ত্রনিয়মম্ ॥৪৩॥
অসিত ইতি। ব্রহ্মাণো বিপ্রাশ্চেতি তে সত্রিণো যাজ্ঞিকাশ্চেতি তান্ ॥৪৪॥
জৈগীষব্যমিতি। শংসধ্বং কথয়ত। মহৌজসং মহাতপস্তেজস্কম্ ॥৪৫॥
শৃণ্বিতি। ভূতার্থং সত্যবিষয়ম্, শংসতাং ব্রুবতাম্, নঃ অস্মাকম্ ॥৪৬॥

শত্রুদমনকারী রাজা ! তাহার পর দেবল আর মুনিবর জৈগীষব্যকে যোগ-প্রভাব প্রকাশ করিতে দেখিলেন না ; তিনি তখন অন্তর্হিত হইয়াছিলেন ॥৪২॥

তখন মহাত্মা দেবল মনে মনে চিন্তা করিলেন যে, 'মহামুনি জৈগীষব্যের প্রভাব, যথানিয়মে ব্রতানুষ্ঠান ও যোগসিদ্ধি অতুলনীয়ই বটে' ॥৪৩॥

তখন দেবল ধীরস্থির থাকিয়া, কৃতাঞ্জলি হইয়া, গমনকারী লোকশ্রেষ্ঠ সিদ্ধ-যাজ্ঞিকব্রাহ্মণদিগকে জিজ্ঞাসা করিলেন—॥৪৪॥

'সিদ্ধপুরুষগণ ! আমি ত জৈগীষব্যমুনিকে দেখিতে পাইতেছি না ! আপনারা সেই মহাতেজার বিষয় বলুন, ইহা আমি শুনিতে ইচ্ছা করি। কারণ, আমার অত্যন্ত কৌতুক জন্মিয়াছে' ॥৪৫॥

সিদ্ধপুরুষেরা বলিলেন—'দৃঢ়ব্রত দেবল ! আমরা যথার্থ বিষয় বলিতেছি, তুমি শ্রবণ কর—সেই মহর্ষি জৈগীষব্য চিরস্থায়ী ব্রহ্মলোকে গমন করিয়াছেন' ॥৪৬॥

---

(৪৬)···ব্রহ্মণো ক্ষয়ম্···নি।

CENTRAL LIBRARY

বৈশম্পায়ন উবাচ।

স শ্রুত্বা বচনং তেষাং সিদ্ধানাং ব্রহ্মসত্রিণাম্।
অসিতো দেবলস্তূর্ণমুৎপপাত পপাত চ ॥৪৭॥
ততঃ সিদ্ধাস্তমূচুর্হি দেবলং পুনরেব হ।
ন দেবল! গতিস্তত্র তব গন্তুং তপোধন!।
ব্রহ্মণঃ সদনং বিপ্র! জৈগীষব্যো যদাপ্তবান্ ॥৪৮॥

বৈশম্পায়ন উবাচ।

তেষাং তদ্বচনং শ্রুত্বা সিদ্ধানাং দেবলঃ পুনঃ।
আনুপূর্ব্ব্যেণ লোকাংস্তান্ সর্ব্বানবততার হ ॥৪৯॥
স্বমাশ্রমপদং পুণ্যমাজগাম পতঙ্গবৎ।
প্রবিশন্নেব চাপশ্যজ্জৈগীষব্যং স দেবলঃ ॥৫০॥
ততো বুদ্ধ্যা ব্যগণয়দ্দেবলো ধর্ম্মযুক্তয়া।
দৃষ্ট্বা প্রভাবং তপসো জৈগীষব্যস্য যোগজম্ ॥৫১॥

ভারতকৌমুদী

স ইতি। উৎপপাত ব্রহ্মলোকদর্শনার্থমূর্দ্ধগগনম্, পপাত পূর্ব্বগগনদেশে ॥৪৭॥
তত ইতি। গতিরুপায়ো নাস্তি, তাদৃশযোগাভাবাৎ। সদনং লোকম্। ষট্‌পাদঃ ॥৪৮॥
তেষামিতি। আনুপূর্ব্ব্যেণ পূর্ব্বক্রমেণ, তান্ পূর্ব্বোদ্গতান্ ॥৪৯॥
স্বমিতি। পতঙ্গবৎ পক্ষীব। প্রবিশন্ তদাশ্রমাভ্যন্তরে ॥৫০॥
তত ইতি। ব্যগণয়ৎ সমালোচয়ৎ ॥৫১॥

বৈশম্পায়ন বলিলেন—তখন অসিতদেবল সেই সিদ্ধযাজ্ঞিকব্রাহ্মণগণের বাক্য শুনিয়া, বেগে ঊর্দ্ধে উঠিলেন, আবার পূর্ব্বের সেইস্থানে পতিত হইলেন ॥৪৭॥

তাহার পর সেই সিদ্ধপুরুষেরা পুনরায় দেবলকে বলিলেন—'ব্রাহ্মণ দেবল! জৈগীষব্য যে লোকে গমন করিয়াছেন, সেই ব্রহ্মলোকে তোমার গমন করিবার শক্তি নাই' ॥৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—দেবল সেই সিদ্ধপুরুষগণের বাক্য শুনিয়া, আনুপূর্ব্বীক্রমে সেই সেই লোকে অবতরণ করিলেন ॥৪৯॥

ক্রমে দেবল পক্ষীর ন্যায় নিজের আশ্রমে আগমন করিলেন এবং তাহার ভিতরে প্রবেশ করিয়াই জৈগীষব্যকে দেখিতে পাইলেন ॥৫০॥

তখন দেবল জৈগীষব্যের তপস্যা ও যোগের প্রভাব দেখিয়া, ধর্ম্মবুদ্ধিদ্বারা তাহার সমালোচনা করিলেন ॥৫১॥

CENTRAL LIBRARY

ততোঽব্রবীন্মহাত্মানং জৈগীষব্যং স দেবলঃ।
বিনয়াবনতো রাজন্! উপসর্প্য মহামুনিম্।
মোক্ষধর্ম্মং সমাস্থাতুমিচ্ছেয়ং ভগবন্! অহম্ ॥৫২॥
তস্য তদ্বচনং শ্রুত্বা উপদেশং চকার সঃ।
বিধিঞ্চ যোগস্য পরং কার্য্যাকার্য্যঞ্চ শাস্ত্রতঃ ॥৫৩॥
সন্ন্যাসকৃতবুদ্ধিং তং ততো দৃষ্ট্বা মহাতপাঃ।
সর্বাশ্চাস্য ক্রিয়াশ্চক্রে বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৫৪॥
সন্ন্যাসকৃতবুদ্ধিং তং ভূতানি পিতৃভিঃ সহ।
ততো দৃষ্ট্বা প্ররুরুদুঃ কোঽস্মান্ সংবিভজিষ্যতি ॥৫৫॥
দেবলস্তু বচঃ শ্রুত্বা ভূতানাং করুণং তথা।
দিশো দশ ব্যাহরতাং মোক্ষং ত্যক্তুং মনো দধে ॥৫৬॥

ভারতকৌমুদী

তত ইতি। উপসর্প্য সমীপমুপেত্য। সমাস্থাতুমবলম্বিতুম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫২॥
তস্যেতি। স জৈগীষব্যঃ। পরমুত্তমম্, শাস্ত্রতঃ শাস্ত্রানুসারেণ ॥৫৩॥
সন্ন্যাসেতি। মহাতপা জৈগীষব্যঃ। অস্য সন্ন্যাসধর্ম্মস্য, ক্রিয়া আচার্য্যকার্য্যাণি ॥৫৪॥
সন্ন্যাসেতি। ভূতানি কাকাদয়ঃ প্রাণিনঃ। সংবিভজিষ্যতি বিভজ্যান্নং দাস্যতি ॥৫৫॥
দেবল ইতি। বচো বাক্যমিব রবম্। ব্যাহরতাং রুবতাম, মোক্ষং তদুপায়ং সন্ন্যাসম ॥৫৬॥

রাজা! তদনন্তর দেবল বিনয়ে অবনত হইয়া, নিকটে যাইয়া, মহামুনি জৈগীষব্যকে বলিলেন—'ভগবন্! আমি আপনার নিকট মোক্ষধর্ম্ম শিক্ষা করিতে ইচ্ছা করি' ॥৫২॥

তখন জৈগীষব্য দেবলের সেই কথা শুনিয়া, তাঁহার প্রতি যোগের উত্তম বিধি এবং শাস্ত্র অনুসারে কর্ত্তব্য ও অকর্ত্তব্য বিষয় উপদেশ দিলেন ॥৫৩॥

দেবল সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করিবার ইচ্ছা করিয়াছেন জানিয়া, মহাতপা জৈগীষব্য শাস্ত্রদৃষ্টপ্রণালী অনুসারে দেবলের সন্ন্যাসধর্ম্মের সমস্ত কার্য্য করিলেন ॥৫৪॥

তাহার পর, দেবল সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করিবার ইচ্ছা করিয়াছেন দেখিয়া, আশ্রমস্থ সমস্ত প্রাণীই এই বলিয়া রোদন করিতে লাগিল যে, 'এখন ভাগ করিয়া ভাগ করিয়া কে আমাদিগকে অন্ন দান করিবে' ॥৫৫॥

আশ্রমের প্রাণীরা দশ দিকেই করুণ রব করিতে লাগিলে, তাহাদের সেই রবের ভাব বুঝিয়া, দেবল আবার সেই সন্ন্যাসধর্ম্ম ত্যাগ করিবার ইচ্ছা করিলেন ॥৫৬॥

(৫৩)···বিধিং যোগস্য পরমং কার্য্যাকার্য্যস্য···নি। (৫৪) সন্ন্যাসে কৃতবুদ্ধিং তং···নি।

CENTRAL LIBRARY

ততস্তু ফলমূলানি পবিত্রাণি চ ভারত ! ।
পুষ্পাণ্যোষধয়শ্চৈব রোরূয়ন্তে সহস্রশঃ ॥৫৭॥
পুনর্নো দেবলঃ ক্ষুদ্রো নূনং ছেৎস্যতি দুর্মতিঃ।
অভয়ং সর্ব্বভূতেভ্যো যো দত্ত্বা নাববুধ্যতে ॥৫৮॥
ততো ভূয়ো ব্যগণয়ৎ স্ববুদ্ধ্যা মুনিসত্তমঃ।
মোক্ষে গার্হস্থ্যধর্ম্মে বা কিন্নু শ্রেয়স্করং ভবেৎ ॥৫৯॥
ইতি নিশ্চিত্য মনসা দেবলো রাজসত্তম ! ।
ত্যক্ত্বা গার্হস্থ্যধর্ম্মং স মোক্ষধর্ম্মমরোচয়ৎ ॥৬০॥
এবমাদীনি সঞ্চিন্ত্য দেবলো নিশ্চয়াত্ততঃ।
প্রাপ্তবান্ পরমাং সিদ্ধিং পরং যোগঞ্চ ভারত ! ॥৬১॥
ততো দেবাঃ সমাগম্য বৃহস্পতিপুরোগমাঃ।
জৈগীষব্যং তপশ্চাস্য প্রশংসন্তি তপস্বিনঃ ॥৬২॥

ভারতকৌমুদী

তত ইতি। ওষধয়ো লতাদয়ঃ, রোরূয়ন্তে পুনঃ পুনঃ রুবন্তি স্মেব ॥৫৭॥
পুনরিতি। নঃ অস্মান্। নাববুধ্যতে ন স্মরতি ॥৫৮॥
তত ইতি। ব্যগণয়ৎ মনসা ব্যতর্কয়ৎ। মোক্ষে মোক্ষোপযোগিসন্ন্যাসে ॥৫৯॥
ইতীতি। নিশ্চিত্য সন্ন্যাসস্যৈব শ্রেয়স্করত্বম্, মোক্ষধর্ম্মং সন্ন্যাসম্ ॥৬০॥
এবমিতি। নিশ্চয়াৎ সন্ন্যাসধর্ম্মস্যৈব শ্রেয়স্করত্বনির্ণয়াৎ। যোগং যোগফলং মোক্ষম্ ॥৬১॥
তত ইতি। তপস্বিনশ্চ সমাগম্য প্রশংসন্তি স্মেত্যর্থঃ ॥৬২॥

ভরতনন্দন ! তদনন্তর ওদিকে আবার ফল, মূল, পুষ্প ও লতাপ্রভৃতি সহস্র সহস্র পদার্থ বার বার করুণ রব করিতে লাগিল—॥৫৭॥

'যে, সমস্ত প্রাণীকে অভয় দান করিয়া, এখন তাহা স্মরণ করিতেছে না, সেই ক্ষুদ্র ও দুর্ম্মতি দেবল, আবারও আমাদিগকে ছেদন করিবে' ॥৫৮॥

তৎপরে মুনিশ্রেষ্ঠ দেবল মনে মনে এইরূপ বিতর্ক করিলেন যে, 'সন্ন্যাসধর্ম্ম ও গৃহস্থধর্ম্ম—এই উভয়ের মধ্যে কোন্ ধর্ম্ম আমার মঙ্গলজনক হইবে' ॥৫৯॥

রাজশ্রেষ্ঠ ! দেবল এইরূপে মনে মনে সন্ন্যাসধর্ম্মেরই প্রাধান্য স্থির করিয়া, গৃহস্থধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিবারই অভিপ্রায় করিলেন ॥৬০॥

ভরতনন্দন ! দেবল এই সকল বিষয় চিন্তাপূর্ব্বক কর্ত্তব্য নিশ্চয় করিয়া, পরমসিদ্ধি ও যোগের ফল—মুক্তি লাভ করিলেন ॥৬১॥

(৬১)···নিশ্চয়ান্বিতঃ···নি।

CENTRAL LIBRARY

অথাব্রবীদৃষিবরো দেবান্ বৈ নারদস্তথা।
জৈগীষব্যে তপো নাস্তি বিস্মাপয়তি যোঽসিতম্ ॥৬৩॥
তমেবংবাদিনং ধীরং প্রত্যূচুস্তে দিবৌকসঃ।
মৈবমিত্যেব শংসন্তো জৈগীষব্যং মহামুনিম্ ॥৬৪॥
নাতঃ পরতরং কিঞ্চিত্তুল্যমস্তি প্রভাবতঃ।
তেজসস্তপসশ্চাস্য যোগস্য চ মহাত্মনঃ ॥৬৫॥
এবং প্রভাবো ধর্ম্মাত্মা জৈগীষব্যস্তথাসিতঃ।
তয়োরিদং স্থানবরং তীর্থঞ্চৈব মহাত্মনোঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

অথেতি। তপস্তপোগুণো নাস্তি, তৎপ্রভাবপ্রদর্শননিষেধাদিতি ভাবঃ, বিস্মাপয়তি সমুদ্রগতাগতিস্বর্লোকভ্রমণাদিনা ॥৬৩॥

তমিতি। মৈবং ব্রূহীতি শেষঃ, শংসন্তস্তবন্তঃ ॥৬৪॥

নেতি। মহাত্মনো জৈগীষব্যস্য ॥৬৫॥

এবমিতি। এবমীদৃশঃ প্রভাবো যস্য সঃ ॥৬৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নেবেতি ॥১—৪৫॥ ভূতার্থং যথাভূতার্থম্ ॥৪৬॥ উৎপপাত ব্রহ্মলোকং গন্তুমিতি শেষঃ, পপাত চ গগনাৎ ॥৪৭—৫৩॥ সর্ব্বাঃ ক্রিয়া উৎসর্গেষ্ট্যাদয়ঃ ॥৫৪॥ সন্ন্যাসে কৃতা বুদ্ধির্যেন তম্ ॥৫৫॥ মোক্ষং সন্ন্যাসং ত্যক্তুং মনো দধে উৎসৃষ্টানামগ্নীনাং পুনরাধানং কর্ত্তুমৈচ্ছৎ ॥৫৬—৬২॥ জৈগীষব্যে তত্ত্ববিদি তপো নাস্তি পূর্ব্বস্য তপসো দগ্ধত্বাৎ ক্রিয়মাণস্য চাশ্লেষাৎ। তথা চ শ্রুতী ভবতঃ—"তদ্যথৈষীকতূলমগ্নৌ প্রোতং প্রদূয়েতৈবং হাস্য সর্ব্বে পাপ্মানঃ প্রদূয়ন্তে তদ্যথা পুষ্করপলাশে আপো ন শ্লিষ্যন্ত এবমেবামুষ্মিন্ পাপকং কর্ম্ম নাশ্লিষ্যত" ইতি ॥৬৩—৬৫॥ অসিতো দেবলঃ ॥৬৬—৬৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

তাহার পর তপস্বীরা ও দেবতারা বৃহস্পতিকে অগ্রবর্ত্তী করিয়া আসিয়া, জৈগীষব্যের ও তাঁহার তপস্যার প্রশংসা করিতে লাগিলেন ॥৬২॥

তদনন্তর ঋষিশ্রেষ্ঠ নারদ দেবগণকে বলিলেন—'জৈগীষব্যের তপস্যার কোন গুণ হয় নাই। কারণ, যিনি দেবলকে বিস্মিত করিয়াছেন' ॥৬৩॥

জ্ঞানী নারদ এইরূপ বলিতে লাগিলে, মহর্ষি জৈগীষব্যের প্রশংসাকারী দেবতারা নারদকে বলিলেন—'আপনি এরূপ বলিবেন না ॥৬৪॥

এই মহাত্মা জৈগীষব্যের এই প্রভাব, তপস্যা, তেজ ও যোগশক্তি হইতে শ্রেষ্ঠ বা তুল্য প্রভাবপ্রভৃতি কাহারও নাই' ॥৬৫॥

ধর্ম্মাত্মা জৈগীষব্য ও দেবলের এইরূপ প্রভাব ছিল। সেই মহাত্মাদেরই এই উত্তম স্থান ও তীর্থ ॥৬৬॥

তত্রাপ্যুপস্পৃশ্য ততো মহাত্মা দত্ত্বা চ বিত্তং হলভৃদ্দ্বিজেভ্যঃ।
অবাপ্য ধর্ম্মং পরমার্য্যকর্ম্মা জগাম সোমস্য মহৎ সুতীর্থম্ ॥৬৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বতোপাখ্যানে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

——:০*০:——

বৈশম্পায়ন উবাচ।

যত্রেজিবানুড়ুপতী রাজসূয়েন ভারত!।
তস্মিংস্তীর্থে মহানাসীৎ সংগ্রামস্তারকাময়ঃ ॥১॥
তত্রাপ্যুপস্পৃশ্য বলো দত্ত্বা দানানি চাত্মবান্।
সারস্বতস্য ধর্ম্মাত্মা মুনেস্তীর্থং জগাম হ ॥২॥

ভারতকৌমুদী

তত্রেতি। উপস্পৃশ্য স্নাত্বা। পরমম্ আর্য্যকর্ম্ম সজ্জনকার্য্যং যস্য সঃ ॥৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

অথ তস্য সোমতীর্থমিতি নাম কুত ইত্যাহ যত্রেতি। ইজিবান্ যজতি স্ম, উড়ুপতি-শ্চন্দ্রঃ। তারকস্য তদাখ্যস্য অসুরস্য আময়ঃ পীড়নং যত্র সঃ ॥১॥

তত্রেতি। উপস্পৃশ্য স্নাত্বা, বলো রামঃ। আত্মবান্ তীর্থভ্রমণে যত্নবান্ ॥২॥

তাহার পর মহাত্মা ও অত্যন্ত সজ্জনকার্য্যকারী বলরাম সেই তীর্থেও স্নান এবং ব্রাহ্মণগণকে ধন দান করিয়া, ধর্ম্ম সঞ্চয়পূর্ব্বক সোমতীর্থে গমন করিলেন ॥৬৭॥

——:-০-:——

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন! চন্দ্র যে তীর্থে রাজসূয়যজ্ঞ করিয়াছিলেন; সেই সোমতীর্থে তারকাসুরের সহিত দেবগণের মহাযুদ্ধ হইয়াছিল ॥১॥

(৬৭)···পরমার্থকর্ম্মা···নি। * '···পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···এক-পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি। (১)···যস্মিন্ বৃত্তে মহানাসীৎ···পি।

CENTRAL LIBRARY

তত্র দ্বাদশবার্ষিক্যামনাবৃষ্ট্যাং দ্বিজোত্তমান্ ।
বেদানধ্যাপয়ামাস পুরা সারস্বতো মুনিঃ ॥৩॥

জনমেজয় উবাচ ।

কথং দ্বাদশবার্ষিক্যামনাবৃষ্ট্যাং তপোধন ! ।
ঋষীনধ্যাপয়ামাস পুরা সারস্বতো মুনিঃ ॥৪॥

বৈশম্পায়ন উবাচ ।

আসীৎ পূর্ব্বং মহারাজ ! মুনির্ধীমান্ মহাতপাঃ ।
দধীচিরিতি বিখ্যাতো ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ ॥৫॥
তস্যাতিতপসঃ শক্রো বিভেতি সততং বিভো ! ।
ন স লোভয়িতুং শক্যঃ ফলৈর্বহুবিধৈরপি ॥৬॥
প্রলোভনার্থং তস্যাথ প্রাহিণোৎ পাকশাসনঃ ।
দিব্যামপ্সরসাং পুণ্যাং দর্শনীয়ামলম্বুষাম্ ॥৭॥

ভারতকৌমুদী

তত্রেতি। দ্বাদশবার্ষিক্যাং দ্বাদশবর্ষব্যাপিন্যাম্। সারস্বতো নাম ॥৩॥
কথমিতি। কথং কিমর্থমিত্যর্থঃ ॥৪॥
আসীদিতি। ব্রহ্মচারী দক্ষোক্তাষ্টবিধমৈথুনত্যাগী, তদ্বচনঞ্চ প্রাগুক্তম্ ॥৫॥
তস্যেতি। বিভেতি স্বপদাধিকারাশঙ্কাবশাদিতি ভাবঃ ॥৬॥
প্রেতি। দর্শনীয়াং সুন্দরীম্, অলম্বুষাং নাম ॥৭॥

তীর্থপর্য্যটনে যত্নবান্ ও ধর্ম্মাত্মা বলরাম সেই তীর্থেও স্নান এবং দান করিয়া, সারস্বতমুনির তীর্থে গমন করিলেন ॥২॥

পূর্ব্বকালে সেই তীর্থে দ্বাদশবর্ষব্যাপী অনাবৃষ্টির সময়ে সারস্বতমুনি ব্রাহ্মণগণকে বেদ পড়াইয়াছিলেন ॥৩॥

জনমেজয় বলিলেন—'তপোধন ! পূর্ব্বকালে দ্বাদশবর্ষব্যাপী অনাবৃষ্টির সময়ে সারস্বতমুনি কি জন্য ব্রাহ্মণগণকে বেদ পড়াইয়াছিলেন' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ ! পূর্ব্বে জ্ঞানী, মহাতপা, ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় 'দধীচি'নামে বিখ্যাত এক মুনি ছিলেন ॥৫॥

রাজা ! ইন্দ্র সর্ব্বদাই সেই দধীচির গুরুতর তপস্যায় ভয় করিতেন ; বিবিধ ফলদানের প্রলোভন দেখাইয়াও ইন্দ্র তাঁহাকে প্রলুব্ধ করিতে পারিতেন না ॥৬॥

(৫)···দধীচ ইতি বিখ্যাতঃ—বঙ্গ বর্দ্ধ ।

CENTRAL LIBRARY

তস্য তর্পয়তো দেবান্ সরস্বত্যাং মহাত্মনঃ।
সমীপতো মহারাজ! সোপাতিষ্ঠত ভাবিনী ॥৮॥
তাং দিব্যবপুষং দৃষ্ট্বা তস্যর্ষের্ভাবিতাত্মনঃ।
রেতঃ স্কন্নং সরস্বত্যাং তৎ সা জগ্রাহ নিম্নগা ॥৯॥
কুক্ষৌ চাপ্যদধদ্ধৃষ্টা তদ্রেতঃ পুরুষর্ষভ!।
সা দধার চ তং গর্ভং পুত্রহেতোর্মহানদী ॥১০॥
সুষুবে চাপি সময়ে পুত্রং সা সরিতাং বরা।
জগাম পুত্রমাদায় তমৃষিং প্রতি চ প্রভো! ॥১১॥
ঋষিসংসদি তং দৃষ্ট্বা সা নদী মুনিসত্তমম্।
ততঃ প্রোবাচ রাজেন্দ্র! দদতী পুত্রমস্য তম্ ॥১২॥

ভারতকৌমুদী

তস্যেতি। দেবান্ ইত্যুপলক্ষণং পিতৄনপি। ভাবিনী কামচেষ্টাবতী ॥৮॥
তামিতি। ভাবিতাত্মনঃ অনুরক্তচিত্তস্য। স্কন্নং পতিতম, নিম্নগা নদী ॥৯॥
কুক্ষাবিতি। হৃষ্টা, পুত্রসম্ভাবনয়েতি ভাবঃ ॥১০॥
সুষুব ইতি। সময়ে যথাকালে। তং দধীচিম্ ॥১১॥

তাহার পর ইন্দ্র সেই দধীচির প্রলোভনের জন্য পবিত্রবেশধারিণী ও স্বর্গবাসিনী 'অলম্বুষা'নাম্নী সুন্দরী একটী অপ্সরাকে প্রেরণ করিলেন ॥৭॥

মহারাজ! একদা মহাত্মা দধীচি সরস্বতীনদীতে দেবগণ ও পিতৃগণের তর্পণ করিতেছিলেন, এমন সময়ে সেই অলম্বুষা যাইয়া, কামচেষ্টা দেখাইতে থাকিয়া, দধীচির নিকটে উপস্থিত হইল ॥৮॥

পরমসুন্দরী সেই অলম্বুষাকে দেখিয়া, দধীচির মন কামে আকুল হইয়া পড়িল; তখন তাঁহার বীর্য্য পতিত হইল এবং তাহা সরস্বতীনদী গ্রহণ করিল ॥৯॥

পুরুষশ্রেষ্ঠ! এবং মহানদী সরস্বতী আনন্দিত হইয়া, সেই বীর্য্য উদরে ধারণ করিল। বস্তুত সরস্বতী পুত্র প্রসবের জন্যই গর্ভরূপে তাহা ধারণ করিয়াছিল ॥১০॥

রাজা! নদীশ্রেষ্ঠা সরস্বতী যথাসময়ে একটী পুত্র প্রসব করিল এবং সেই পুত্রটীকে লইয়া, দধীচির নিকটে গেল ॥১১॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে সরস্বতী মুনিগণের সভায় মুনিশ্রেষ্ঠ দধীচিকে দেখিয়া, সেই পুত্রটী সমর্পণ করিতে থাকিয়া, দধীচিকে বলিল—॥১২॥

(৮)··সোপাতিষ্ঠত ভামিনী—নি। (১০)···পুত্রহেতোর্মহাত্মনঃ—নি। (১১)··জগাম পুত্রমাদায় সা নদী মুনিসত্তমম—পি,···সুষুবে চাপি সময়ে পুত্রং সারস্বতং বরং···নি। (১২) ঋষিং সংসদি···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

ব্রহ্মর্ষে ! তব পুত্রোঽয়ং ত্বদ্ভক্ত্যা ধারিতো ময়া ।
দৃষ্ট্বা তেঽপ্সরসং রেতো যৎ স্কন্নং প্রাগলম্বুষাম্ ॥১৩॥
তৎ কুক্ষিণা বৈ ব্রহ্মর্ষে ! ত্বদ্ভক্ত্যা ধৃতবত্যহম্ ।
ন বিনাশমিদং গচ্ছেত্ত্বত্তেজ ইতি নিশ্চয়াৎ ॥১৪॥ (যুগ্মকম্)
প্রতিগৃহ্ণীষ্ব পুত্রং স্বং ময়া দত্তমনিন্দিতম্ ।
ইত্যুক্তঃ প্রতিজগ্রাহ প্রীতিঞ্চাবাপ পুষ্কলাম্ ॥১৫॥
স্বসুতঞ্চাপ্যজিঘ্রত্তং মূর্দ্ধ্নি প্রেম্ণা দ্বিজোত্তমঃ ।
পরিষ্বজ্য চিরং কালং তদা ভরতসত্তম ! ॥১৬॥
সরস্বত্যৈ বরং প্রাদাৎ প্রীয়মাণো মহামুনিঃ ।
বিশ্বেদেবাঃ সপিতরো গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ ।
তৃপ্তিং যাস্যন্তি সুভগে ! তর্প্যমাণাস্তবাম্ভসা ॥১৭॥
ইত্যুক্ত্বা স তু তুষ্টাব বচোভির্বৈ মহানদীম্ ।
প্রীতঃ পরমহৃষ্টাত্মা যথাবৎ শৃণু পার্থিব ! ॥১৮॥

ভারতকৌমুদী

ঋষীতি । ঋষিসংসদি ঋষিসভায়াম্ । অস্ত দধীচেরন্তিকে ॥১২॥
ব্রহ্মেতি । স্কন্নং পতিতম্ । তেজো রেতঃ ॥১৩—১৪॥
প্রতীতি । ইত্যুক্তো দধীচিঃ । পুষ্কলাং প্রচুরাম্ ॥১৫॥
স্বেতি । প্রেম্ণা স্নেহেন । পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥১৬॥
সরস্বত্যা ইতি । তর্প্যমাণা মানবৈরিতি শেষঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

'ব্রহ্মর্ষি ! আমি আপনার প্রতি ভক্তিবশতঃ আপনার এই পুত্রটীকে উদরে ধারণ করিয়াছি । ব্রহ্মর্ষি ! পূর্ব্বে অপ্সরা অলম্বুষাকে দেখিয়া আপনার যে বীর্য্য স্খলিত হইয়াছিল, সে বীর্য্য কখনও বিনষ্ট হইতে পারে না—ইহা নিশ্চয় করিয়া, আপনার প্রতি ভক্তিবশতঃ আমি তাহা উদরে ধারণ করিয়াছিলাম ॥১৩—১৪॥

আমি দান করিলাম, আপনি আপনার নিজের এই পুত্রটীকে গ্রহণ করুন ।' সরস্বতী এইরূপ বলিলে, দধীচি পুত্রটীকে গ্রহণ করিলেন এবং অত্যন্ত আনন্দিত হইলেন ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ ! তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ দধীচি স্নেহবশতঃ দীর্ঘকাল সেই পুত্রটীকে আলিঙ্গন করিয়া, তাহার মস্তক আঘ্রাণ করিলেন ॥১৬॥

মহর্ষি দধীচি বিশেষ সন্তুষ্ট হইয়া, সরস্বতীকে এই বর দিলেন যে, 'সুভগে ! মানুষেরা তোমার জলদ্বারা তর্পণ করিলে, সমস্ত দেবতা, পিতৃলোক, গন্ধর্ব্বগণ এবং অপ্সরাগণ তৃপ্তিলাভ করিবেন' ॥১৭॥

CENTRAL LIBRARY

প্রস্রুতাসি মহাভাগে! সরসো ব্রহ্মণঃ পুরা।
জানন্তি ত্বাং সরিচ্ছ্রেষ্ঠে! মুনয়ঃ সংশিতব্রতাঃ ॥১৯॥
মম প্রিয়করী চাপি সততং প্রিয়দর্শনে!।
তস্মাৎ সারস্বতঃ পুত্রো মহাংস্তে বরবর্ণিনি! ॥২০॥
তবৈব নাম্না প্রথিতঃ পুত্রস্তে লোকভাবনঃ।
সারস্বত ইতি খ্যাতো ভবিষ্যতি মহাতপাঃ ॥২১॥
এষ দ্বাদশবার্ষিক্যামনাবৃষ্ট্যাং দ্বিজোত্তমান্।
সারস্বতো মহাভাগে! বেদানধ্যাপয়িষ্যতি ॥২২॥
পুণ্যাভ্যশ্চ সরিদ্ভ্যস্ত্বং সদা পুণ্যতমা শুভে!।
ভবিষ্যসি মহাভাগে! মৎপ্রসাদাৎ সরস্বতি! ॥২৩॥

ভারতকৌমুদী

ইতীতি। স দধীচিঃ, মহানদীং সরস্বতীম্ ॥১৮॥
প্রেতি। প্রস্রুতা নির্গতা, সরসো মানসাখ্যাৎ। জানন্তি পবিত্রতয়া ॥১৯॥
মমেতি। প্রিয়করী এতৎপুত্রার্পণাৎ। সরস্বত্যা অপত্যমিতি সারস্বতঃ ॥২০॥
তবেতি। তবৈব নাম্না অপত্যার্থপ্রত্যয়ান্তেন, লোকানাং ভাবনঃ শুভকরঃ ॥২১॥
এষ ইতি। অধ্যাপয়িষ্যতি, স্বয়ং মহাবেদবিৎ সন্নিতি শেষঃ ॥২২॥

রাজা! এই কথা বলিয়া দধীচিমুনি পরমসন্তুষ্ট ও অত্যন্ত আনন্দিত হইয়া, বাক্যদ্বারা যথাযথভাবে মহানদী সরস্বতীর স্তব করিলেন; তাহা আপনি শ্রবণ করুন ॥১৮॥

'মহাভাগে! নদীশ্রেষ্ঠে! তুমি পূর্ব্বকালে ব্রহ্মার মানসসরোবর হইতে নির্গত হইয়াছিলে এবং দৃঢ়ব্রতমুনিরা তোমাকে পরমপবিত্র বলিয়া জানেন ॥১৯॥

প্রিয়দর্শনে! তুমি সর্ব্বদাই আমার প্রীতিকারিণী হইবে। অতএব, বরবর্ণিনি! তোমার এই পুত্রটীর নাম হইবে—'সারস্বত' ॥২০॥

ভাগ্যবতি! জগতের মঙ্গলকারী তোমার এই পুত্রটীর সারস্বতনাম তোমার নাম অনুসারেই প্রসিদ্ধ হইবে এবং সারস্বতনামে প্রসিদ্ধ এই পুত্রটী যথাসময়ে মহাতপস্বীও হইবে ॥২১॥

মহাভাগে! এই সারস্বত দ্বাদশবর্ষব্যাপী অনাবৃষ্টির সময়ে ব্রাহ্মণগণকে বেদ পড়াইবেন ॥২২॥

মহাভাগে! কল্যাণি! সরস্বতি! তুমি আমার অনুগ্রহে অন্যান্য সমস্ত পবিত্র নদী হইতে অত্যন্ত পবিত্রা হইবে' ॥২৩॥

(২০) পুত্রমদধা বরবর্ণিনি!—নি।

CENTRAL LIBRARY

এবং সা সংস্তুতা তেন বরং লব্ধা মহানদী।
পুত্রমাদায় মুদিতা জগাম ভরতর্ষভ! ॥২৪॥
এতস্মিন্নেব কালে তু বিরোধে দেবদানবৈঃ।
শক্রঃ প্রহরণান্বেষী লোকাংস্ত্রীন্ বিচচার হ ॥২৫॥
ন চোপলেভে ভগবান্ শক্রঃ প্রহরণং তদা।
যদ্বৈ তেষাং ভবেদ্‌যোগ্যং বধায় বিবুধদ্বিষাম্ ॥২৬॥
ততোঽব্রবীৎ সুরান্ শক্রো ন মে শক্যা মহাসুরাঃ।
ঋতেঽস্থিভির্দধীচস্য নিহন্তুং ত্রিদশদ্বিষঃ ॥২৭॥
তস্মাদ্‌গত্বা ঋষিশ্রেষ্ঠো যাচ্যতাং সুরসত্তমাঃ!।
দধীচাস্থীনি দেহীতি তৈর্বধিষ্যাম্যহে রিপূন্ ॥২৮॥
স চ তৈর্যাচিতোঽস্থীনি যত্নাদৃষিবরস্তদা।
প্রাণত্যাগং কুরুশ্রেষ্ঠ! চকারৈবাবিচারয়ন্ ॥২৯॥

ভারতকৌমুদী

পুণ্যাভ্য ইতি। পুণ্যাভ্যঃ পবিত্রাভ্যঃ, পুণ্যতমা অতীবপবিত্রা ॥২৩॥
এবমিতি। সংস্তুতা প্রশংসিতা। মুদিতা আনন্দিতা সতী ॥২৪॥
এতস্মিন্নিতি। দেবদানবৈর্দেবদানবানাম্। প্রহরণান্বেষী অস্ত্রান্বেষী ॥২৫॥
নেতি। প্রহরণমস্ত্রম্। বিবুধদ্বিষামসুরাণাম্ ॥২৬॥
তত ইতি। ঋতে বিনা, দধীচস্য দধীচেঃ ॥২৭॥
তস্মাদিতি। তদস্থ্যমতিপ্রাচীনতয়া সুদৃঢ়ত্বমিতি ভাবঃ ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! দধীচিমুনি এইরূপ প্রশংসা করিলে, মহানদী সরস্বতী তাঁহার নিকট বর লাভ করিয়া, আনন্দিত হইয়া, পুত্রটীকে লইয়া চলিয়া গেল ॥২৪॥

এই সময়ই দেবতা ও দানবগণের মধ্যে বিরোধ চলিতেছিল; তাহাতে ইন্দ্র অস্ত্রান্বেষণ করিতে থাকিয়া, ত্রিভুবনে বিচরণ করিতেছিলেন ॥২৫॥

যে অস্ত্র সেই অসুরগণকে বধ করিবার যোগ্য হইতে পারে, তেমন অস্ত্র তখন ইন্দ্র ত্রিভুবনে বিচরণ করিয়াও লাভ করেন নাই ॥২৬॥

তাহার পর ইন্দ্র দেবগণকে বলিলেন—'দধীচিমুনির অস্থিব্যতীত আমি দেবদ্বেষী অসুরগণকে বধ করিতে সমর্থ হইব না ॥২৭॥

অতএব, দেবশ্রেষ্ঠগণ! আপনারা যাইয়া মুনিশ্রেষ্ঠ দধীচির নিকট প্রার্থনা করুন যে—'দধীচিমুনি! আপনি আপনার অস্থিগুলিকে আমাদিগকে দান করুন; আমরা সেইগুলিদ্বারা শত্রুসংহার করিব' ॥২৮॥

(২৮) তস্মাদ্‌যত্নাৎ·· কার্য্যসিদ্ধয়ে·· নি। (২৯)·· সাহায্যং নঃ কুরুষ্বেতি·· নি।

স লোকানক্ষয়ান্ প্রাপ্তো দেবপ্রিয়করস্তদা।
তস্যাস্থিভিরথো শক্রঃ সংপ্রহৃষ্টমনাস্তদা ॥৩০॥
কারয়ামাস দিব্যানি নানাপ্রহরণান্যুত।
বজ্রাণি চক্রাণি গদা গুরূন্ দণ্ডাংশ্চ পুষ্কলান্ ॥৩১॥ (যুগ্মকম্)
স হি তীব্রেণ তপসা সংভূতঃ পরমর্ষিণা।
প্রজাপতিসুতেনাথ ভৃগুণা লোকভাবনঃ ॥৩২॥
অতিকায়ঃ স তেজস্বী লোকসারো বিনির্ম্মিতঃ।
জজ্ঞে শৈলগুরুঃ প্রাংশুর্মহিম্না প্রথিতঃ প্রভুঃ ॥৩৩॥
নিত্যমুদ্বিজতে চাস্য তেজসঃ পাকশাসনঃ।
তেন বজ্রেণ ভগবান্ মন্ত্রযুক্তেন ভারত! ॥৩৪॥
বিচুক্রোশ বিসৃষ্টেন ব্রহ্মতেজোভবেন চ।
দৈত্যদানববীরাণাং জঘান নবতীর্নব ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। তৈঃ সুরসত্তমৈঃ। চকারৈব স্বজীবনাপেক্ষয়া জগন্মঙ্গলস্য প্রাধান্যাৎ ॥২৯॥

স ইতি। লোকান্ স্বর্গান্। গুরূন্ মহতঃ, পুষ্কলান্ প্রচুরান্ ॥৩০—৩১॥

অথ তস্যাক্ষয়স্বর্গলাভঃ কুত ইত্যাহ স ইতি। লোকানাং ভাবনো মঙ্গলকরঃ ॥৩২॥

নন্বেকস্যাস্থ্নঃ কথমনেকাস্ত্রনির্ম্মাণমিত্যাহ অতীতি। অতিকায়ঃ সুদীর্ঘদেহঃ, লোকেষু সারঃ সুদৃঢ়ঃ। বিনির্ম্মিতো ভৃগুণা। শৈলঃ পর্ব্বত ইব গুরুর্ভারবান্। প্রাংশুঃ শৈল ইবোন্নতঃ। প্রভুঃ প্রভাববাংশ্চ ॥৩৩॥

নিত্যমিতি। উদ্বিজতে স্বপদভ্রংশাশঙ্কয়া। বিচুক্রোশ যুদ্ধে দৈত্যানাজুহাব ॥৩৪—৩৫॥

কৌরবশ্রেষ্ঠ! দেবতারা যাইয়া যত্নপূর্ব্বক সেইরূপ প্রার্থনা করিলে, দধীচিমুনি কোনও বিচার না করিয়াই প্রাণ ত্যাগ করিলেন ॥২৯॥

তখন দেবগণের প্রিয়কার্য্যকারী দধীচি অক্ষয় স্বর্গ লাভ করিলেন; তাহার পর ইন্দ্র আনন্দিত হইয়া, দধীচির সেই সকল অস্থিদ্বারা বজ্র, চক্র, গদা ও বহুতর উত্তম দণ্ডপ্রভৃতি নানাবিধ অস্ত্র নির্ম্মাণ করাইলেন ॥৩০—৩১॥

ব্রহ্মার পুত্র মহর্ষি ভৃগু তীব্র তপস্যার বলে সেই দধীচিকে জগতের মঙ্গলজনক-রূপে উৎপাদন করিয়াছিলেন ॥৩২॥

দধীচিও পর্ব্বতের ন্যায় ভারবান্ ও উচ্চ, অতিদীর্ঘদেহ, তেজস্বী, মানুষের মধ্যে অতিদৃঢ়, প্রভাবশালী এবং আপন মাহাত্ম্যে প্রসিদ্ধ হইয়াছিলেন ॥৩৩॥

এবং ভগবান্ ইন্দ্র তাঁহার তেজে সর্বদা উদ্বিগ্ন থাকিতেন। সে যাহা হউক,

(৩৫) ভৃশং ক্রোধবিসৃষ্টেন ব্রহ্মতেজোদ্ভবেন চ···নি।

CENTRAL LIBRARY

অথ কালে ব্যতিক্রান্তে মহত্যতিভয়ঙ্করী।
অনাবৃষ্টিরনুপ্রাপ্তা রাজন্! দ্বাদশবার্ষিকী ॥৩৬॥
তস্যাং দ্বাদশবার্ষিক্যামনাবৃষ্ট্যাং মহর্ষয়ঃ।
বৃত্ত্যর্থং প্রাদ্রবন্ রাজন্! ক্ষুধার্ত্তাঃ সর্ব্বতো দিশম্ ॥৩৭॥
দিগ্‌ভ্যস্তান্ প্রদ্রুতান্ দৃষ্ট্বা মুনিঃ সারস্বতস্তদা।
গমনায় মতিঞ্চক্রে তং প্রোবাচ সরস্বতী ॥৩৮॥
ন গন্তব্যমিতঃ পুত্র! তবাহারমহং সদা।
দাস্যামি মৎস্যপ্রবরানঘ্নতামিতি ভারত! ॥৩৯॥
ইত্যুক্তস্তর্পয়ামাস স পিতৄন্ দেবতাস্তথা।
আহারমকরোন্নিত্যং প্রাণান্ বেদাংশ্চ ধারয়ন্ ॥৪০॥

ভারতকৌমুদী

অথেতি। ব্যতিক্রান্তে অতীতে। অনুপ্রাপ্তা উপস্থিতা ॥৩৬॥
তস্যামিতি। বৃত্ত্যর্থমাহারেণ জীবনরক্ষানির্ব্বাহার্থম্। প্রাদ্রবন্ অধাবন্ ॥৩৭॥
দিগ্‌ভ্য ইতি। প্রদ্রুতান্ ধাবতঃ। গমনায় তদ্দেশাদাহারান্বেষণায় ॥৩৮॥
নেতি। আহারমাহারভূতান্। অঘ্নতাং ত্বয়া স মৎস্যগণঃ খাদ্যতাম্ ॥৩৯॥
ইতীতি। আহারং সরস্বতীপ্রদত্তমৎস্যভোজনম্ ॥৪০॥

ভরতনন্দন! ক্রমে দেবরাজ ইন্দ্র অসুরগণকে যুদ্ধে আহ্বান করিলেন এবং মন্ত্রপূত, ব্রহ্মতেজে উৎপন্ন ও তেজস্বী সেই বজ্র নিক্ষেপ করিয়া, আটশত দশজন দৈত্যদানববীরকে বধ করিলেন ॥৩৪—৩৫॥

রাজা! তাহার পর অতিদীর্ঘকাল অতীত হইলে, দ্বাদশবর্ষব্যাপী অতিভয়ঙ্কর অনাবৃষ্টি উপস্থিত হইল ॥৩৬॥

রাজা! সেই দ্বাদশবর্ষব্যাপী অনাবৃষ্টি চলিতে লাগিলে, মহর্ষিরা জীবন রক্ষা করিবার জন্য ক্ষুধার্ত্ত অবস্থায় নানাদিকে ছুটাছুটী করিতে লাগিলেন ॥৩৭॥

তখন সারস্বতমুনি সেই সকল মহর্ষিকে নানাদিকে ধাবিত হইতে দেখিয়া, নিজেও সেস্থান হইতে গমন করিবার ইচ্ছা করিলেন। তখন সরস্বতী তাঁহাকে বলিল—॥৩৮॥

'পুত্র! এস্থান হইতে তোমার যাইতে হইবে না; আমি তোমাকে তোমার খাদ্যরূপে উত্তম উত্তম মৎস্য দান করিব; তুমি তাহাই ভোজন করিতে থাক।' ভরতনন্দন! সরস্বতী সারস্বতমুনিকে এই কথা বলিয়াছিল ॥৩৯॥

(৩৬) ··মহত্যতিভয়ঙ্করে···পি বঙ্গ বর্দ্ধ। (৩৯) ··মৎস্যপ্রবরানুঘ্নতামিহ···বঙ্গ বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

অথ তস্যামনাবৃষ্ট্যামতীতায়াং মহর্ষয়ঃ।
অন্যোন্যং পরিপপ্রচ্ছুঃ পুনঃ স্বাধ্যায়কারণাৎ ॥৪১॥
তেষাং ক্ষুধাপরীতানাং নষ্টা বেদা বিধাবতাম্।
সর্ব্বেষামেব রাজেন্দ্র! ন কশ্চিৎ প্রতিভানবান্ ॥৪২॥
অথ কশ্চিদৃষিস্তেষাং সারস্বতমুপেযিবান্।
কুর্ব্বাণং সংযতাত্মানং স্বাধ্যায়মৃষিসত্তমম্ ॥৪৩॥
স গত্বাচষ্ট তেভ্যশ্চ সারস্বতমতিপ্রভম্।
স্বাধ্যায়মমরপ্রখ্যং কুর্ব্বাণং বিজনে বনে ॥৪৪॥
ততঃ সর্ব্বে সমাজগ্মুস্তত্র রাজন্! মহর্ষয়ঃ।
সারস্বতং মুনিশ্রেষ্ঠমিদমূচুঃ সমাগতাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

অথেতি। পপ্রচ্ছুঃ ইদং বেদবাক্যং কীদৃশমিত্থমিতি ভাবঃ। স্বাধ্যায়কারণাৎ বেদস্মৃতি-হেতোঃ ॥৪১॥

তেষামিতি। ক্ষুধয়া পরীতানামাক্রান্তানাম্। প্রতিভানবান্ অধীতবেদস্মৃতিমান্ ॥৪২॥

অথেতি। উপেযিবানপগতবান্। স্বাধ্যায়ং বেদপাঠং কুর্ব্বাণম্ ॥৪৩॥

স ইতি। অতিপ্রভং মহাতেজসম্। অমরপ্রখ্যং দেবতুল্যম্ ॥৪৪॥

সরস্বতী এইরূপ বলিলে, সারস্বতমুনি দেবগণ ও পিতৃগণের তর্পণ করিতে লাগিলেন এবং প্রাণ ও বেদ ধারণ করিবার উদ্দেশে প্রত্যহ সরস্বতীপ্রদত্ত মৎস্য ভোজন করিতে থাকিলেন ॥৪০॥

তাহার পর সেই অনাবৃষ্টি অতীত হইলে, মহর্ষিরা পুনরায় অধীত বেদ স্মরণ করিবার জন্য পরস্পর প্রশ্ন করিতে লাগিলেন ॥৪১॥

রাজশ্রেষ্ঠ! সেই মহর্ষিরা যখন ক্ষুধায় কাতর হইয়া, নানা দিকে ধাবিত হইতে-ছিলেন; তখন তাঁহাদের সকলেরই অধীত বেদের বিস্মৃতি হইয়াছিল। কেহই আর তাহা স্মরণ করিতে পারেন নাই ॥৪২॥

তৎপরে তাঁহাদের মধ্যে কোন ঋষি সংযতচিত্তে বেদপাঠে নিরত ঋষিশ্রেষ্ঠ সারস্বতের নিকট গমন করিলেন ॥৪৩॥

ক্রমে সেই ঋষি অত্যন্ত তেজস্বী এবং নির্জ্জন বনমধ্যে বেদপাঠে নিরত সারস্বতমুনির নিকট যাইয়া, আবার তথা হইতে ফিরিয়া আসিয়া, সেই বেদপাঠের বৃত্তান্ত পূর্ব্বোক্ত ঋষিগণের নিকট বলিলেন ॥৪৪॥

(৪২)···নষ্টা ধীরভিধাবতাম্···পি, নষ্টা বেদাভিধাবতাম্—বঙ্গ। ন কিঞ্চিৎ প্রতিভাতি হ—নি। (৪৩)···কুর্ব্বাণং সংশিতাত্মানং···নি।

CENTRAL LIBRARY

অস্মানধ্যাপয়স্বেতি তানুবাচ ততো মুনিঃ।
শিষ্যত্বমুপগচ্ছধ্বং বিধিবদ্ধি মমেত্যুত ॥৪৬॥
তত্রাব্রুবন্ মুনিগণা বালস্ত্বমসি পুত্রক!।
স তানাহ ন মে ধর্ম্মো নশ্যেদিতি পুনর্মুনীন্ ॥৪৭॥
যো হ্যধর্ম্মেণ বৈ ব্রূয়াদ্‌গৃহ্ণীয়াদ্বাপ্যধর্ম্মতঃ।
হীয়েতাং তাবুভৌ ক্ষিপ্রং স্যাতাং বা বৈরিণাবুভৌ ॥৪৮॥
ন হায়নৈর্ন পলিতৈর্ন বিত্তেন ন বন্ধুভিঃ।
ঋষয়শ্চক্রিরে ধর্ম্মং যোঽনূচানঃ স নো মহান্ ॥৪৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তত্র সারস্বতস্যৈব তপোবনে ॥৪৫॥

অস্মানিতি। মুনিঃ সারস্বতঃ। উপগচ্ছধ্বং প্রাপ্নুত ॥৪৬॥

তত্রেতি। স সারস্বতঃ। ধর্ম্মঃ অধ্যাপকধর্ম্মঃ ॥৪৭॥

ধর্ম্মনাশসম্ভাবনামাহ য ইতি। যঃ অধ্যাপনযোগ্যো জনঃ, অধর্ম্মেণ গুরুশিষ্যন্যায়-ব্যত্যয়েন, ব্রূয়াৎ শিষ্যমধ্যাপয়েৎ; যশ্চাধ্যয়নার্থী, অধর্ম্মতস্তন্ন্যায়ব্যত্যয়েন, গৃহ্ণীয়াৎ অধীয়ীত। তাবুভাবেব গুরুশিষ্যৌ, ক্ষিপ্রম, হীয়েতাং হানিং লভেতাম্, বৈরিণৌ পরস্পর-শত্রু বা স্যাতাম, ধর্ম্মত্যাগাদেবেতি ভাবঃ ॥৪৮॥

অথ ত্বত্তঃ প্রাচীনা বয়ং কথং তে শিষ্যত্বমুপগচ্ছাম ইত্যাহ নেতি। ঋষয়ঃ, হায়নৈর্বৎসরৈ-র্বয়োভিরিত্যর্থঃ; পলিতৈর্বয়োঽল্পত্বেঽপি রোগাদিনা বৃদ্ধভাবৈঃ, বিত্তেন ধনেন, বন্ধুভিঃ সহায়বাহুল্যেন চ, ধর্ম্মং প্রাধান্যন্যায়ম, ন চক্রিরে ন নির্দ্ধারয়ামাসুঃ; যঃ খলু জনঃ অনূচানঃ স্বাঙ্গবেদবিৎ, স জন এব, নঃ অস্মাকং ব্রাহ্মণানাং মধ্যে, মহান্ প্রধানঃ। অতএব যুষ্মাকং বয়োবাহুল্যেঽপি অনূচানতয়া সর্ব্বথৈবাহং গুরুত্বযোগ্য ইতি ভাবঃ। "অনূচানঃ প্রবচনে স্বাঙ্গেঽধীতী" ইত্যমরঃ ॥৪৯॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর সেই মহর্ষিরা সেইখানে সারস্বতমুনির নিকট গমন করিলেন এবং যাইয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥৪৫॥

'আপনি আমাদিগকে বেদ অধ্যয়ন করান'। তাহার পর সারস্বতমুনি তাঁহাদিগকে বলিলেন—'আপনারা যথাবিধানে আমার শিষ্য হউন' ॥৪৬॥

তখন সেই মুনিরা বলিলেন—'পুত্র! তুমি ত বালক।' পরে সারস্বত সেই মুনিগণকে পুনরায় বলিলেন—'না হইলে, আমার অধ্যাপকের ধর্ম্ম নষ্ট হইবে' ॥৪৭॥

যিনি গুরুশিষ্যের ধর্ম্ম অনুসরণ না করিয়া, অধ্যয়ন করান; কিংবা যে সেই ধর্ম্ম পরিত্যাগ করিয়া অধ্যয়ন করে; তাঁহারা দুইজনই ক্ষতিগ্রস্ত হন; কিংবা পরস্পর শত্রু হইয়া থাকেন ॥৪৮॥

(৪৮)···ম্রিয়েতাং তাবুভৌ···নি।

এতচ্ছ্রুত্বা বচস্তস্য মুনয়স্তে বিধানতঃ।
তস্মাদ্বেদাননুপ্রাপ্য পুনর্ধর্ম্মং প্রচক্রিরে ॥৫০॥
ষষ্টির্মুনিসহস্রাণি শিষ্যত্বং প্রতিপেদিরে।
সারস্বতস্য বিপ্রর্ষের্বেদস্বাধ্যায়কারণাৎ ॥৫১॥
মুষ্টিং মুষ্টিং ততঃ সর্ব্বে দর্ভাণাং তে হ্যপাহরন্।
তস্যাসনার্থং বিপ্রর্ষের্বালস্যাপি বশে স্থিতাঃ ॥৫২॥
তত্রাপি দত্ত্বা বসু রৌহিণেয়ো মহাবলঃ কেশবপূর্বজোঽথ।
জগাম তীর্থং মুদিতঃ ক্রমেণ তং বৃদ্ধকন্যাশ্রমমেব বীরঃ ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি
গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বতোপাখ্যানে
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। বিধানতঃ শাস্ত্রবিধানানুসারেণ শিষ্যত্বোপগমেনেত্যর্থঃ। ধর্ম্মং ধর্ম্মকার্য্যম ॥৫০॥

ষষ্টিরিতি। বেদানাং স্বাধ্যায়কারণাৎ সম্যগধ্যয়নহেতোঃ ॥৫১॥

মুষ্টিমিতি। দর্ভাণাং কুশানাম্। আসনার্থমুপবেশনার্থম্ ॥৫২॥

ভারতভাবদীপঃ

যত্রেতি ॥১—৩১॥ পরমর্ষিণা দধীচিনা, স দেহস্তপসা সম্ভৃতঃ ॥৩২—৩৩॥ অস্য মুনেঃ। তদস্থিজেন বজ্রেণ ॥৩৪॥ নবতীর্নব দশাধিকামষ্টশতীম্ ॥৩৫—৫৩॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

ঋষরা বয়স, বার্দ্ধক্য, ধন ও সহায় অধিক হইলেই গুরু হওয়ার নিয়ম করেন নাই; কিন্তু যিনি অধিক শাস্ত্রজ্ঞ, তিনি আমাদের ব্রাহ্মণদের মধ্যে প্রধান (গুরু হইবার যোগ্য) ॥৪৯॥

সেই মুনিরা সারস্বতের এই কথা শুনিয়া, যথাবিধানে তাঁহার শিষ্যত্ব স্বীকার করিয়া, তাঁহার নিকটে বেদ অধ্যয়নপূর্ব্বক পুনরায় ধর্ম্মাচরণ করিতে লাগিলেন ॥৫০॥

ষষ্টিসহস্রমুনি সম্যগ্‌বেদ অধ্যয়ন করিবার জন্য ব্রহ্মর্ষি সারস্বতের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন ॥৫১॥

সেই মুনিরা বালক সারস্বতেরও বশীভূত থাকিয়া, তাঁহার উপবেশন করিবার জন্য এক এক মুট করিয়া কুশ আনয়ন করিতেন ॥৫২॥

(৫৩)···খ্যাতং মহদ্বৃদ্ধকন্যা স্ব যত্র—বঙ্গ বর্দ্ধ,···খ্যাতং কুমার্য্যা তপো যত্র তপ্তম্··· পি। * '···একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

জনমেজয় উবাচ।

কথং কুমারী ভগবন্! তপোযুক্তা হ্যভূৎ পুরা।
কিমর্থঞ্চ তপস্তেপে কো বাস্যা নিয়মোঽভবৎ ॥১॥
সুদুষ্করমিদং ব্রহ্মন্! ত্বত্তঃ শ্রুতমনুত্তমম্।
আখ্যাহি তত্ত্বমখিলং যথা তপসি সা স্থিতা ॥২॥

বৈশম্পায়ন উবাচ।

ঋষিরাসীন্মহাবীর্য্যঃ কুণিগর্গো মহাযশাঃ।
স তপ্ত্বা বিপুলং রাজন্! তপো বৈ তপসাং বরঃ।
মনসাথ সুতাং সুভ্রুং সমুৎপাদিতবান্ বিভুঃ ॥৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। রৌহিণেয়ো রোহিণীপুত্রো রামঃ, বসু ধনম্। তীর্থং তীর্থভূতম্ ॥৫৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

সামান্যেন শ্রুতং কন্যাবৃত্তান্তং বিশেষাবগমায় পৃচ্ছতি কথমিতি। তেপে চকার ॥১॥
সুদুষ্করমিতি। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তত্তাদৃশমুপাখ্যানম্। সা কুমারী ॥২॥

কৃষ্ণের অগ্রজ, মহাবল ও বীর বলরাম সেই সারস্বততীর্থেও ধন দান করিয়া, আনন্দিত হইয়া, ক্রমে বৃদ্ধকন্যাশ্রমতীর্থে গমন করিলেন ॥৫৩॥

জনমেজয় বলিলেন—'মাহাত্ম্যশালী মহর্ষি! সেই ঋষিকন্যা কি প্রকার তপস্বিনী হইয়াছিলেন? তিনি কি জন্য তপস্যা করিয়াছিলেন? এবং কি প্রকারই বা তাঁহার তপস্যার নিয়ম হইয়াছিল? ॥১॥

ব্রাহ্মণ! আমি আপনার নিকট অতিদুষ্কর তপস্যার বিষয়ে অতি উত্তম উপাখ্যান সকল শুনিলাম। এখন সেই ঋষিকন্যা যেরূপ তপস্যা করিয়াছিলেন, সেই সকল বিষয় আপনি বলুন' ॥২॥

(৩)···কুণিকুক্ষো···পি,···কুণিগার্গ্যো···নি, কুণির্গর্গো—বঙ্গ।

CENTRAL LIBRARY

তাঞ্চ দৃষ্ট্বা মুনিঃ প্রীতঃ কুণিগর্গো মহাযশাঃ।
জগাম ত্রিদিবং রাজন্! সন্ত্যজ্যেহ কলেবরম্ ॥৪॥
সুভ্রূঃ সা হ্যথ কল্যাণী পুণ্ডরীকনিভেক্ষণা।
মহতা তপসোগ্রেণ কৃত্বাশ্রমমনিন্দিতা ॥৫॥
উপবাসৈঃ পূজয়ন্তী পিতৄন্ দেবাংশ্চ সা পুরা।
তস্যাস্তু তপসোগ্রেণ মহান্ কালোঽত্যগান্নৃপ! ॥৬॥ (যুগ্মকম্)
সা পিত্রা দীয়মানাপি তত্র নৈচ্ছদনিন্দিতা।
আত্মনঃ সদৃশং সা তু ভর্ত্তারং নান্বপশ্যত ॥৭॥
ততঃ সা তপসোগ্রেণ পীড়য়িত্বাত্মনস্তনুম্।
পিতৃদেবার্চ্চনরতা বভূব বিজনে বনে ॥৮॥

ভারতকৌমুদী

ঋষিরিতি। তপসাং তপস্বিনাম্। সুভ্রূং কাঞ্চিৎ কন্যাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥
তামিতি। তাং বয়স্থামিতি শেষঃ। ত্রিদিবং স্বর্গম্ ॥৪॥
সুভ্রূরিতি। সুভ্রূর্নাম, পুণ্ডরীকনিভেক্ষণা পদ্মনয়না। অত্যগাৎ অতীতবান্ ॥৫—৬॥
সেতি। দীয়মানা বরায় দাতুমিষ্যমাণাপি। নৈচ্ছদ্বরমিতি শেষঃ ॥৭॥
তত ইতি। তপসা বৈধক্লেশেন ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! মহাতেজা ও মহাযশা 'কুণিগর্গ'নামে এক ঋষি ছিলেন। তপস্বিশ্রেষ্ঠ ও প্রভাবশালী সেই কুণিগর্গ গুরুতর তপস্যা করিয়া, সুভ্রূনাম্নী একটী মানসী কন্যা সৃষ্টি করিয়াছিলেন ॥৩॥

রাজা! কালক্রমে মহাযশা কুণিগর্গ সেই কন্যাটীকে বয়স্থা দেখিয়া, আনন্দিত হইয়া, দেহত্যাগ করিয়া, স্বর্গে গমন করিয়াছিলেন ॥৪॥

নরনাথ! তাহার পর অনিন্দ্যসুন্দরী ও পদ্মনয়না কল্যাণী সেই সুভ্রূ আশ্রম নির্ম্মাণ করিয়া, গুরুতর ও ভয়ঙ্কর তপস্যা করিতে থাকিয়া, উপবাস অবলম্বনপূর্ব্বক দেবগণ ও পিতৃগণের পূজায় ব্যাপৃত ছিলেন। তিনি যে ভীষণ তপস্যা করিতেছিলেন, তাহাতে দীর্ঘকাল অতীত হইয়াছিল ॥৫—৬॥

পিতা তাঁহাকে বরহস্তে সম্প্রদান করিবার ইচ্ছা করিলেও অনিন্দ্যসুন্দরী সুভ্রূ সে বিষয়ে ইচ্ছা করেন নাই; কারণ, তিনি নিজের উপযুক্ত বরই দেখিতে পান নাই ॥৭॥

তাহার পর সুভ্রূ ভয়ঙ্কর তপস্যাদ্বারা আপন দেহের কষ্ট জন্মাইতে থাকিয়া, নির্জ্জন বনমধ্যে পিতৃলোক ও দেবলোকের পূজায় ব্যাপৃত হইলেন ॥৮॥

(৭)···পতিং নৈচ্ছদনিন্দিতা নি।

CENTRAL LIBRARY

আত্মানং মন্যমানাপি কৃতকৃত্যং শ্রমান্বিতা।
বার্দ্ধক্যেন চ রাজেন্দ্র! তপসা চৈব কর্ষিতা ॥৯॥
সা নাশকদ্‌যদা গন্তুং পদাৎ পদমপি স্বয়ম্।
চকার গমনে বুদ্ধিং পরলোকায় বৈ তদা ॥১০॥ (যুগ্মকম্)
মোক্তুকামান্তু তাং দৃষ্ট্বা শরীরং নারদোঽব্রবীৎ।
অসংস্কৃতায়াঃ কন্যায়াঃ কুতো লোকাস্তবানঘে! ॥১১॥
এবন্তু শ্রুতমস্মাভির্দেবলোকে মহাব্রতে!।
তপঃ পরমকং প্রাপ্তং ন তু লোকাস্ত্বয়া জিতাঃ ॥১২॥
তন্নারদবচঃ শ্রুত্বা সাব্রবীদৃষিসংসদি।
তপসোঽর্দ্ধং প্রয়চ্ছামি পাণিগ্রাহস্য সত্তম! ॥১৩॥
ইত্যুক্তে চাস্যা জগ্রাহ পাণিং গালবসম্ভবঃ।
ঋষিঃ প্রাক্‌শৃঙ্গবান্ নাম সময়ঞ্চেদমব্রবীৎ ॥১৪॥

ভারতকৌমুদী

আত্মানমিতি। কর্ষিতা কৃশীকৃতা। স্বয়ং যষ্ট্যাদ্যনবলম্বনেন ॥৯—১০॥
মোক্তুকামামিতি। মোক্তুকামাং ত্যক্তুমিচ্ছুম্। অসংস্কৃতায়া অবিবাহিতায়াঃ ॥১১॥
এবমিতি। প্রাপ্তং সঞ্চিতম্। লোকাঃ স্বর্গাঃ, জিতাঃ আয়ত্তীকৃতাঃ ॥১২॥
তদিতি। যো মে পাণিং গ্রহীষ্যতি তস্মৈ তপসোঽর্দ্ধং দাস্যামীত্যর্থঃ ॥১৩॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে সুভ্রূ তপস্যার গুণে আপনাকে কৃতকার্য্য মনে করিয়া, বার্দ্ধক্য ও তপস্যার ফলে শ্রান্ত ও কৃশ দেহ হইয়া, যখন নিজে একপদ হইতে অপর পদে গমন করিতে সমর্থ হইতে লাগিলেন না, তখন পরলোকে গমন করিবার ইচ্ছা করিলেন ॥৯—১০॥

তিনি যখন দেহত্যাগ করিবার ইচ্ছা করিলেন, তখন নারদ আসিয়া, তাহা দেখিয়া বলিলেন—'নিষ্পাপে! অবিবাহিতা নারীর স্বর্গলাভ হইবে কি করিয়া? ॥১১॥

মহাব্রতে! আমরা স্বর্গবিষয়ে এইরূপই শুনিয়াছি। তুমি গুরুতর তপস্যা করিয়াছ বটে; কিন্তু বিবাহ না হওয়ায় স্বর্গ আয়ত্ত করিতে পার নাই' ॥১২॥

নারদের সেই কথা শুনিয়া সুভ্রূ ঋষিগণের সভায় বলিলেন—'সাধুশ্রেষ্ঠ! যিনি আমার পাণিগ্রহণ করিবেন; তাঁহাকে আমি আমার তপস্যার অর্দ্ধ দান করিব' ॥১৩॥

(১৩)···পাণিগ্রাহস্য সত্তমাঃ!—পি নি।

CENTRAL LIBRARY

সময়েন তবাদ্যাহং পাণিং স্প্রক্ষ্যামি শোভনে!।
যদ্যেকরাত্রং বস্তব্যং ত্বয়া সহ ময়েতি বৈ।
তথেতি সা প্রতিশ্রুত্য তস্মৈ পাণিং দদৌ তদা ॥১৫॥
যথাদৃষ্টেন বিধিনা হুত্বা চাগ্নিং বিধানতঃ।
চক্রে চ পাণিগ্রহণং তস্যোদ্বাহঞ্চ গালবিঃ ॥১৬॥
সা রাত্রাবভবদ্রাজন্! তরুণী বরবর্ণিনী।
দিব্যাভরণবস্ত্রা চ দিব্যস্রগনুলেপনা ॥১৭॥
তাং দৃষ্ট্বা গালবিঃ প্রীতো দীপয়ন্তীমিব শ্রিয়া।
উবাস চ ক্ষপামেকাং প্রভাতে সাব্রবীচ্চ তম্ ॥১৮॥
যস্ত্বয়া সময়ো বিপ্র! কৃতো মে তপতাংবর!।
তেনোষিতাস্মি ভদ্রং তে স্বস্তি তেঽস্তু ব্রজাম্যহম্ ॥১৯॥

ভারতকৌমুদী

ইতীতি। জগ্রাহ গ্রহীতুমিয়েষ। গালবসম্ভবো গালবমুনিপুত্রঃ ॥১৪॥
সময়েনেতি। স্প্রক্ষ্যামি গ্রহীষ্যামি। সা সুভ্রূঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
যথেতি। তস্যোদ্বাহমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। গালবির্গালবপুত্রঃ ॥১৬॥
সেতি। অভবৎ, তপঃপ্রভাবাদেবেতি ভাবঃ। বরবর্ণিনী উত্তমাঙ্গনা ॥১৭॥
তামিতি। দীপয়ন্তীমালোকং প্রসারয়ন্তীম্। ক্ষপাং রাত্রিম্ ॥১৮॥
য ইতি। সময়ো নিয়মঃ। ভদ্রং মঙ্গলম্, স্বস্তি পুণ্যম্ ॥১৯॥

সুভ্রূ এইরূপ বলিলে, গালবের পুত্র প্রাক্‌শৃঙ্গবান্ তাঁহার পাণিগ্রহণ করিবার ইচ্ছা জানাইলেন এবং এই নিয়মের বিষয় বলিলেন—॥১৪॥

'শোভনে! আমি যদি তোমার সহিত একরাত্রি যথানিয়মে বাস করিতে পারি, তাহা হইলেই আমি তোমার পাণিগ্রহণ করিব'। তখন সুভ্রূ 'তাহাই হইবে' এই কথা বলিয়া, গালবিকে পাণি সমর্পণ করিলেন ॥১৫॥

ক্রমে গালবি শাস্ত্রদৃষ্ট বিধান অনুসারে হোম করিয়া, যথাবিধানে সুভ্রূর পাণিগ্রহণ ও বিবাহ করিলেন ॥১৬॥

রাজা! সুভ্রূ সেই রাত্রিতে তপস্যার প্রভাবে দিব্য অলঙ্কার, বস্ত্র, মাল্য ও অনুলেপনধারিণী যুবতি এবং উত্তমস্ত্রীরূপিণী হইলেন ॥১৭॥

সুভ্রূ তৎকালে আপন কান্তিতে সকল দিক্ আলোকিত করিতেছেন দেখিয়া, সন্তুষ্ট হইয়া, গালবি তাঁহার সহিত একরাত্রি বাস করিলেন এবং প্রভাতকালে সুভ্রূ গালবিকে বলিলেন—॥১৮॥

'তপস্বিশ্রেষ্ঠ ব্রাহ্মণ! আপনি আমার বিষয়ে যে নিয়ম করিয়াছিলেন, সেই

CENTRAL LIBRARY

সানুজ্ঞাতাব্রবীদ্ভূয়ো যোঽস্মিংস্তীর্থে সমাহিতঃ।
বৎস্যতে রজনীমেকাং তর্পয়িত্বা দিবৌকসঃ ॥২০॥
চত্বারিংশতমষ্টৌ চ দ্বৌ চাষ্টৌ সম্যগাচরেৎ।
যো ব্রহ্মচর্য্যং বর্ষাণি ফলং তস্য লভেত সঃ ॥২১॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা ততঃ সাধ্বী দেহং ত্যক্ত্বা দিবং গতা।
ঋষিরপ্যভবদ্দীনস্তস্যা রূপং বিচিন্তয়ন্ ॥২২॥
সময়েন তপোঽর্দ্ধঞ্চ কৃচ্ছ্রাৎ প্রতিগৃহীতবান্।
সাধয়িত্বা তদাত্মানং তস্যাঃ স গতিমাপ্তবান্।
দুঃখিতো ভরতশ্রেষ্ঠ! তস্যা রূপবলাৎকৃতঃ ॥২৩॥

ভারতকৌমুদী

সেতি। অনুজ্ঞাতা স্বর্গগমনায় গালবিনা। চত্বারিংশতং বর্ষাণীত্যাদি সম্বন্ধঃ, দ্বৌ বৎসরৌ। ব্রহ্মচর্য্যং প্রাগুক্তাষ্টবিধমৈথুনত্যাগম্ ॥২০—২১॥

এবমিতি। ঋষির্গালবিঃ, দীনঃ শোককাতরঃ ॥২২॥

সময়েনেতি। সময়েন প্রাগুক্তনিয়মেন। সাধয়িত্বা দেহহীনং নিষ্পাদ্য। ষট্পাদঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—২০॥ চত্বারিংশতমষ্টৌ চেতি প্রতিবেদং দ্বাদশবর্ষাণীতি বেদচতুষ্টয়াধ্যয়নায়াষ্টচত্বারিংশদ্বর্ষাণি। ততো দ্বৌ বৎসরৌ স্নাতকেন গুরোরানৃণ্যার্থং সেবা কার্য্যা, ততোঽষ্টবার্ষিকীং কন্যাং পরিণীয় তস্যা যৌবনাবধ্যষ্টবর্ষাণীত্যষ্টপঞ্চাশদ্বর্ষাণি ব্রহ্মচর্য্যং সর্ব্বস্যেষ্টম্ ॥২১—২৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৮॥

নিয়ম অনুসারে আমি আপনার সহিত একরাত্রি বাস করিলাম; এখন আমি চলিয়া যাইব, আপনার মঙ্গল হউক এবং আপনি ধর্ম্ম সঞ্চয় করুন' ॥১৯॥

গালবি সে বিষয়ে অনুমতি করিলে, সুভ্রূ পুনরায় তাঁহাকে বলিলেন—'যে লোক এই তীর্থে দেবগণের তর্পণ করিয়া একরাত্রি বাস করিবে; সেই লোক—আটচল্লিশ বৎসর, আট বৎসর ও দুই বৎসর যাবৎ যথানিয়মে ব্রহ্মচর্য্যব্রতাচরণকারীর ফল লাভ করিবে' ॥২০—২১॥

এই কথা বলিয়া সাধ্বী সুভ্রূ দেহ ত্যাগ করিয়া, স্বর্গে চলিয়া গেলেন; গালবিও তাঁহার রূপ স্মরণ করিয়া, শোকে কাতর হইয়া পড়িলেন ॥২২॥

ভরতশ্রেষ্ঠ! গালবি পূর্ব্বোক্ত নিয়মে কষ্টে সুভ্রূর তপস্যার অর্দ্ধ গ্রহণ করিয়াছিলেন; সুতরাং তিনিও তখন সুভ্রূর রূপে আকৃষ্ট ও দুঃখিত হইয়া, দেহ ত্যাগ করিয়া, তাঁহারই অনুসরণ করিলেন ॥২৩॥

(২৩)···তস্যাঃ সা গতিমন্বিয়াৎ—পি,···স গতিমন্বিয়াৎ—বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

এতত্তে বৃদ্ধকন্যায়া ব্যাখ্যাতং চরিতং মহৎ।
তথৈব ব্রহ্মচর্য্যঞ্চ স্বর্গস্য চ গতিঃ শুভা ॥২৪॥
তত্রস্থশ্চাপি শুশ্রাব হতং শল্যং হলায়ুধঃ।
তত্রাপি দত্ত্বা দানানি দ্বিজাতিভ্যঃ পরন্তপ!।
শুশোচ শল্যং সংগ্রামে নিহতং পাণ্ডবৈস্তদা ॥২৫॥
সমন্তপঞ্চকদ্বারাত্ততো নিষ্ক্রম্য মাধবঃ।
পপ্রচ্ছর্ষিগণান্ রামঃ কুরুক্ষেত্রস্য যৎ ফলম্ ॥২৬॥
তে পৃষ্টা যদুসিংহেন কুরুক্ষেত্রফলং বিভো!।
সমাচখ্যুর্মহাত্মানস্তস্মৈ সর্ব্বং যথাতথম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বতোপাখ্যানে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। বৃদ্ধকন্যায়াঃ সুভ্রুবঃ, ব্যাখ্যাতং বিশেষেণোক্তম্ ॥২৪॥
তত্রেতি। দীয়ন্ত ইতি দানানি ধনানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥
সমন্তেতি। মাধবো মধুবংশীয়ো রামঃ। কুরুক্ষেত্রস্য কুরুক্ষেত্রযুদ্ধস্য ॥২৬॥
ত ইতি। যদুসিংহেন যদুবংশশ্রেষ্ঠেন রামেণ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! এই আপনার নিকট বৃদ্ধকন্যার উদার চরিত্র, ব্রহ্মচর্য্য ও স্বর্গ লাভের বিষয় বলিলাম ॥২৪॥

শত্রুসন্তাপকারী রাজা! বলরাম সেই স্থানে থাকিয়া শুনিতে পাইলেন যে, যুদ্ধে শল্য নিহত হইয়াছেন; পরে বলরাম সেই তীর্থেও ব্রাহ্মণগণকে ধন দান করিয়া, যুদ্ধে পাণ্ডবনিহত শল্যের বিষয়ে শোক করিলেন ॥২৫॥

তাহার পর মধুবংশীয় বলরাম সেই তীর্থ হইতে সমন্তপঞ্চকের পথে আসিয়া, ঋষিগণের নিকট কুরুক্ষেত্রযুদ্ধের ফল জিজ্ঞাসা করিলেন ॥২৬॥

রাজা! যদুবংশশ্রেষ্ঠ বলরাম সেই ঋষিগণের নিকটে কুরুক্ষেত্রযুদ্ধের ফল জিজ্ঞাসা করিলে, সেই মহাত্মারা বলরামের নিকটে যথাযথভাবে কুরুক্ষেত্রযুদ্ধের ফল বলিলেন ॥২৭॥

---

* '...দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

প্রজাপতেরুত্তরবেদিরুচ্যতে সনাতনী রাম! সমন্তপঞ্চকম্।
সমীজিরে যত্র পুরা দিবৌকসো বরেণ সত্রেণ মহাবরপ্রদাঃ ॥১॥
পুরা চ রাজর্ষিবরেণ ধীমতা বহূনি বর্ষাণ্যমিতেন তেজসা।
প্রকৃষ্টমেতৎ কুরুণা মহাত্মনা ততঃ কুরুক্ষেত্রমিতীহ পপ্রথে ॥২॥

রাম উবাচ।

কিমর্থং কুরুণা কৃষ্টং ক্ষেত্রমেতন্মহাত্মনা।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং কথ্যমানং তপোধনাঃ! ॥৩॥

ঋষয় উচুঃ।

পুরা কিল কুরুং রাম! কর্ষন্তং সততোত্থিতম্।
অভ্যেত্য শক্রস্ত্রিদিবাৎ পর্য্যপৃচ্ছত কারণম্ ॥৪॥

ভারতকৌমুদী

সমন্তপঞ্চকস্যোৎকর্ষমাহ প্রজেতি। প্রজাপতের্ব্রহ্মণঃ, উত্তরবেদির্যজ্ঞস্য উত্তমা পরিষ্কৃতা ভূমিঃ, সনাতনী চিরন্তনী, সমন্তপঞ্চকশব্দস্য ব্যুৎপত্তিস্তু প্রাগেব দর্শিতা। সত্রেণ যজ্ঞেন ॥১॥

কুরুক্ষেত্রপদস্য ব্যুৎপত্তিমাহ পুরেতি। প্রকৃষ্টং কর্ষণাস্পদীকৃতম্। পপ্রথে প্রথিতম্ ॥২॥

কিমিতি। কুরুণা তদাখ্যেন রাজ্ঞা, ক্ষেত্রং ভূমিঃ ॥৩॥

পুরেতি। সততোত্থিতং কর্ষণ এব সর্ব্বদোদ্যোগিনম্। কারণং কর্ষণহেতুম্ ॥৪॥

ঋষিরা বলিলেন—'রাম! প্রধান বরদাতা দেবতারা পূর্ব্বকালে যে স্থানে উত্তম যজ্ঞ করিয়াছিলেন, এই সেই—'সমন্তপঞ্চক', ইহাকে ব্রহ্মার সনাতনী উত্তর-বেদি বলে ॥১॥

পূর্ব্বকালে রাজর্ষিশ্রেষ্ঠ, বুদ্ধিমান্ ও মহাত্মা কুরু নিজের অসাধারণ শক্তির গুণে এই ক্ষেত্র সকল বহু বৎসর যাবৎ কর্ষণ করিয়াছিলেন, সেই জন্যই এই স্থানটী—'কুরুক্ষেত্র'নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে' ॥২॥

বলরাম বলিলেন—'তপস্বিগণ! মহাত্মা কুরু এই ক্ষেত্রটীকে কেন কর্ষণ করিয়াছিলেন? তাহা আপনারা বলুন, আমি শুনিতে ইচ্ছা করি' ॥৩॥

ঋষিরা বলিলেন—'রাম! পূর্ব্বকালে রাজা কুরু সর্ব্বদা উদ্যোগী হইয়া এই

CENTRAL LIBRARY

ইন্দ্র উবাচ।

কিমিদং বর্ত্ততে রাজন্! প্রযত্নেন পরেণ চ।
রাজর্ষে! কিমভিপ্রেতং যেনেয়ং কৃষ্যতে ক্ষিতিঃ ॥৫॥

কুরুরুবাচ।

ইহ যে পুরুষাঃ ক্ষেত্রে মরিষ্যন্তি শতক্রতো!।
তে গমিষ্যন্তি সুকৃতান্ লোকান্ পাপবিবর্জ্জিতান্ ॥৬॥
অবহস্য ততঃ শক্রো জগাম ত্রিদিবং প্রভুঃ।
রাজর্ষিরপ্যনির্ব্বিণ্ণঃ কর্ষত্যেব বসুন্ধরাম্ ॥৭॥
আগম্যাগম্য চৈবৈনং ভূয়ো ভূয়োঽবহস্য চ।
শতক্রতুরনির্ব্বিণ্ণং পৃষ্ট্বা পৃষ্ট্বা জগাম হ ॥৮॥

ভারতকৌমুদী

কিমিতি। পরেণ মহতা। অভিপ্রেতং ত্বয়েতি শেষঃ ॥৫॥

ইহেতি। পুরুষা মানুষাঃ। সুকৃতান্ পুণ্যময়ান্, লোকান্ স্বর্গান্ ॥৬॥

অবেতি। অবহস্য কুরোরিচ্ছামাত্রেণ মৃতানাং স্বর্গলাভাসম্ভবেন তস্য নির্ব্বোধত্বসম্ভাবনয়া কৌতুকোদয়াদিতি ভাবঃ। অনির্ব্বিণ্ণ ইন্দ্রাবহাসেঽপি আত্মগ্লানিমনাপন্নঃ ঔৎসুক্য-প্রাবল্যাৎ ॥৭॥

আগম্যেতি। ভূয়ো ভূয়ঃ পুনঃ পুনঃ। পৃষ্ট্বা পৃষ্ট্বা কর্ষণকারণমিতি শেষঃ ॥৮॥

ক্ষেত্র কর্ষণ করিতে লাগিলে, ইন্দ্র স্বর্গ হইতে আসিয়া, উহার কারণ জিজ্ঞাসা করিলেন' ॥৪॥

ইন্দ্র বলিলেন—'রাজা! এটা কি হইতেছে! রাজর্ষি! আপনি কি ইচ্ছা করিয়াছেন? যেহেতু আপনি মহাযত্নে এই ভূমি কর্ষণ করিতেছেন' ॥৫॥

কুরু বলিলেন—'দেবরাজ! যে সকল মানুষ এই ক্ষেত্রে প্রাণ ত্যাগ করিবে, তাহারা পুণ্যময় ও পাপশূন্য স্বর্গলোকে যাইবে' ॥৬॥

তদনন্তর প্রভাবশালী ইন্দ্র উপহাস করিয়া, পুনরায় স্বর্গে চলিয়া গেলেন; এদিকে রাজর্ষি কুরুও সে উপহাসে আত্মগ্লানি অনুভব না করিয়া, ভূমি কর্ষণই করিতে লাগিলেন ॥৭॥

তৎপরে ইন্দ্র আসিয়া আসিয়া, বার বার উপহাস করিয়া, আত্মগ্লানিশূন্য কুরুকে ঐ কথা জিজ্ঞাসা করিয়া করিয়া, যাইতে লাগিলেন ॥৮॥

(৫) কিমিদং বর্ত্ততে কর্ম্ম···নি। (৬)···তে গমিষ্যন্তি স্বর্গলোকান্···পি, ক্ষেত্রে জনিষ্যন্তি···নি। (৮)···দৃষ্ট্বা পৃষ্ট্বা জগাম হ—পি।

CENTRAL LIBRARY

যদা তু তপসোগ্রেণ চকর্ষ বসুধাং নৃপঃ।
ততঃ শক্রোঽব্রবীদ্দেবান্ রাজর্ষের্যচ্চিকীর্ষিতম্ ॥৯॥
এতচ্ছ্রুত্বাব্রুবন্ দেবাঃ সহস্রাক্ষমিদং বচঃ।
বরেণ চ্ছন্দ্যতাং শক্র! রাজর্ষির্যদি শক্যতে ॥১০॥
যদি হ্যত্র প্রমীতা বৈ স্বর্গে গচ্ছন্তি মানবাঃ।
অস্মাননিষ্ট্বা ক্রতুভির্ভাগো নো ন ভবিষ্যতি ॥১১॥
আগম্য চ ততঃ শক্রস্তদা রাজর্ষিমব্রবীৎ।
অলং খেদেন ভবতঃ ক্রিয়তাং বচনং মম ॥১২॥
মানবা যে নিরাহারা দেহং ত্যক্ষ্যন্ত্যতন্দ্রিতাঃ।
যুধি বা নিহতাঃ সম্যগপি তির্য্যগ্‌গতা নৃপ! ॥১৩॥
তে স্বর্গভাজো রাজেন্দ্র! ভবিষ্যন্তি মহামতে!।
তথাস্ত্বিতি ততো রাজা কুরুঃ শক্রমুবাচ হ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদেতি। নৃপঃ কুরুঃ। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্ ॥৯॥
এতদিতি। সহস্রাক্ষমিন্দ্রম্। ছন্দ্যতাং স্বোপদেশরক্ষায়ামভিমুখীক্রিয়তাম্ ॥১০॥
যদীতি। প্রমীতা মৃতাঃ। অনিষ্ট্বা যজ্ঞেনাপূজয়িত্বা। ভাগো যজ্ঞাংশঃ ॥১১॥
আগম্যেতি। খেদেন এতৎ ক্ষেত্রকর্ষণপরিশ্রমেণ ॥১২॥
মানবা ইতি। নিরাহারা যজ্ঞাদৌ, অতন্দ্রিতা ইষ্টদেবস্মরণে প্রবৃত্তাঃ। তির্য্যগ্‌গতা মনুষ্যেতরপ্রাণিনঃ। স্বর্গভাজঃ স্বর্গগামিনঃ ॥১৩—১৪॥

তাহার পর কুরু যখন ভীষণ তপস্যা করিয়া, ভূমি কর্ষণ করিতে থাকিলেন, তখন ইন্দ্র রাজর্ষি কুরুর যাহা অভিপ্রেত ছিল, তাহা দেবগণকে বলিলেন—॥৯॥

ইন্দ্রের সেই কথা শুনিয়া, দেবতারা তাঁহাকে এই কথা বলিলেন—'দেবরাজ! আপনি যদি পারেন, তাহা হইলে বর দান করিয়া, রাজর্ষিকে নিবৃত্ত করুন ॥১০॥

মানুষেরা যদি যজ্ঞদ্বারা আমাদের সন্তোষবিধান না করিয়া, কেবল এইস্থানে মরিয়াই স্বর্গে যায়, তাহা হইলে আমাদের আর যজ্ঞভাগ লাভ হইবে না' ॥১১॥

তদনন্তর দেবরাজ আসিয়া রাজর্ষি কুরুকে বলিলেন—'মহারাজ! আপনার পরিশ্রম করিবার প্রয়োজন নাই; আমার কথা রক্ষা করুন ॥১২॥

মহামতি রাজশ্রেষ্ঠ রাজা! যে সকল মানুষ পূর্ব্বে যজ্ঞে অনাহারে থাকিয়া, পরে ইষ্টদেবস্মরণে প্রবৃত্ত হইয়া, এই স্থানে প্রাণ ত্যাগ করিবে, কিংবা যুদ্ধে নিহত হইবে; অথবা মনুষ্য ভিন্ন যে সকল প্রাণী এইস্থানে দেহ ত্যাগ করিবে, তাহারা

(১৪)···ভবন্তীহ হতাস্ত যে···নি।

CENTRAL LIBRARY

ততস্তমভ্যনুজ্ঞাপ্য প্রহৃষ্টেনান্তরাত্মনা।
জগাম ত্রিদিবং ভূয়ঃ ক্ষিপ্রং বলনিসূদনঃ ॥১৫॥
এবমেতদ্‌যদুশ্রেষ্ঠ! কৃষ্টং রাজর্ষিণা পুরা।
শক্রেণ চাভ্যনুজ্ঞাতং পুণ্যং প্রাণান্ বিমুঞ্চতাম্ ॥১৬॥
ব্রহ্মাদ্যৈশ্চ সুরশ্রেষ্ঠৈঃ পুণ্যৈ রাজর্ষিভিস্তথা।
নাতঃ পরতরং পুণ্যং ভূমেঃ স্থানং ভবিষ্যতি ॥১৭॥
ইহ তপ্স্যন্তি যে কেচিত্তপঃ পরমকং নরাঃ।
দেহত্যাগেন তে সর্ব্বে যাস্যন্তি ব্রহ্মণঃ ক্ষয়ম্ ॥১৮॥
যে পুনঃ পুণ্যভাজো বৈ দানং দাস্যন্তি মানবাঃ।
তেষাং সহস্রগুণিতং ভবিষ্যত্যচিরেণ বৈ ॥১৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ত্রিদিবং স্বর্গম্, বলনিসূদন ইন্দ্রঃ ॥১৫॥

এবমিতি। রাজর্ষিণা কুরুণা। পুণ্যং পুণ্যজনকতয়া স্বর্গজনকম্, অতএবেদং কুরুক্ষেত্রং কুরুপাণ্ডবৈর্যুদ্ধক্ষেত্রতয়া কল্পিতমিতি ভাবঃ ॥১৬॥

ব্রহ্মেতি। ভবিষ্যতি, ইত্যন্তমুক্তমিতি শেষঃ ॥১৭॥

ইহেতি। ক্ষয়ং ভবনম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥১৮॥

য ইতি। পুণ্যভাজঃ পুণ্যার্জনার্থিনঃ। অত্র কুরুক্ষেত্র ইতি শেষঃ ॥১৯॥

সকলেই স্বর্গলোকে গমন করিবে'। 'তাহাই হউক' এই কথা কুরু ইন্দ্রকে বলিলেন ॥১৩—১৪॥

তাহার পর ইন্দ্র কুরুর অনুমতি লইয়া, হৃষ্টচিত্তে পুনরায় সত্বর স্বর্গে চলিয়া গেলেন ॥১৫॥

যদুশ্রেষ্ঠ! পূর্ব্বকালে রাজর্ষি কুরু এই জন্য এইস্থান কর্ষণ করিয়াছিলেন এবং ইন্দ্রও এই স্থানটীকে মুমূর্ষু ব্যক্তিগণের পক্ষে পুণ্যজনক বলিয়া অনুমোদন করিয়াছিলেন ॥১৬॥

আর ব্রহ্মাদি প্রধান দেবতারা এবং পুণ্যবান্ রাজর্ষিরা বলিয়াছিলেন যে, 'সমগ্র পৃথিবীর মধ্যে এইস্থান অপেক্ষা অধিক পুণ্যজনক স্থান আর হইবে না' ॥১৭॥

যে কোন মানুষ এই কুরুক্ষেত্রে গুরুতর তপস্যা করিবে, তাহারা সকলেই দেহ ত্যাগ করিয়া, ব্রহ্মলোকে গমন করিবে ॥১৮॥

---

(১৬)···পুণ্যে প্রাণান্ মুমোচ হ—নি।

CENTRAL LIBRARY

যে চেহ নিত্যং মনুজা নিবৎস্যন্তি শুভৈষিণঃ।
যমস্য বিষয়ং তে তু ন দ্রক্ষ্যন্তি কদাচন ॥২০॥
যক্ষ্যন্তি যে চ ক্রতুভির্মহদ্ভির্মনুজেশ্বরাঃ।
তেষাং ত্রিপিষ্টপে বাসো যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥২১॥
অপি চাত্র স্বয়ং শক্রো জগৌ গাথাং সুরাধিপঃ।
কুরুক্ষেত্রে নিবদ্ধাং বৈ তাং শৃণুষ্ব হলায়ুধ! ॥২২॥
পাংশবোঽপি কুরুক্ষেত্রাদ্বায়ুনা সমুদীরিতাঃ।
অপি দুষ্কৃতকর্ম্মাণং নয়ন্তি পরমাং গতিম্ ॥২৩॥
সুরর্ষভা ব্রাহ্মণসত্তমাশ্চ তথা নৃগাদ্যা নরদেবমুখ্যাঃ।
ইষ্ট্বা মহার্হৈঃ ক্রতুভির্নৃসিংহাঃ সন্ত্যজ্য দেহান্ সুগতিং প্রপন্নাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

য ইতি। বিষয়ং দেশং লোকমিতি যাবৎ। ন দ্রক্ষ্যন্তি স্বর্গগমনাৎ ॥২০॥
যক্ষ্যন্তীতি। ক্রতুভির্যজ্ঞৈঃ। ত্রিপিষ্টপে স্বর্গে, ধরিষ্যতি স্থাস্যতি ॥২১॥
অপীতি। গাথাং গানরূপতয়া বদ্ধাং বাচম্। নিবদ্ধাং রচিতাম্ ॥২২॥
পাংশব ইতি। পাংশবো দুষ্কৃতকর্ম্মাণং স্পৃশন্তো ধূলয়ঃ, সমুদীরিতাঃ প্রেরিতাঃ ॥২৩॥
সুরেতি। সুরর্ষভা দেবশ্রেষ্ঠাঃ, নরদেবমুখ্যা রাজশ্রেষ্ঠাঃ। ইষ্ট্বা যাগং কৃত্বা, মহার্হৈরতিপ্রশস্তৈঃ। সুরর্ষভা ইত্যস্য ইষ্টেতিমাত্রেণান্বয়ঃ, অমরাণাং তেষাং দেহত্যাগাসম্ভবাৎ ॥২৪॥

সে সকল মানুষ পুণ্য লাভ করিবার ইচ্ছা করিয়া, এইস্থানে দান করিবে, তাহাদের সেই দানফল অচিরকালমধ্যেই সহস্র গুণ হইবে ॥১৯॥

যে সকল মানুষ শুভার্থী হইয়া, সর্ব্বদা এইস্থানে বাস করিবে, তাহারা কখনও যমলোক দর্শন করিবে না ॥২০॥

যে সকল রাজা এইস্থানে মহাযজ্ঞ করিবেন, যত কাল পৃথিবী থাকিবে, তত কাল তাঁহাদের স্বর্গে বাস হইবে ॥২১॥

রাম! দেবরাজ ইন্দ্র এই কুরুক্ষেত্রে যে গাথাটী রচনা করিয়া, গান করিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন—॥২২॥

'কুরুক্ষেত্র হইতে বায়ুকর্ত্তৃক উত্তোলিত ধূলিও পাপিলোককেও পরম গতি লাভ করাইয়া থাকে ॥২৩॥

দেবশ্রেষ্ঠগণ, প্রধান ব্রাহ্মণগণ এবং নরশ্রেষ্ঠ ও রাজশ্রেষ্ঠ নৃগপ্রভৃতি রাজগণ এইস্থানে অতিপ্রশস্ত যজ্ঞ করিয়া, দেহত্যাগপূর্ব্বক পরম গতি লাভ করিয়াছেন ॥২৪॥

তারন্তকারন্তকয়োর্যদন্তরং রামহ্রদানাঞ্চ মচক্রুকস্য।
এতৎ কুরুক্ষেত্রসমন্তপঞ্চকং প্রজাপতেরুত্তরবেদিরুচ্যতে ॥২৫॥
শিবং মহৎ পুণ্যমিদং দিবৌকসাং সুসম্মতং সর্বগুণৈঃ সমন্বিতম্।
অতশ্চ সর্ব্বেঽত্র নৃপা হতা রণে যাস্যন্তি পুণ্যাং গতিমক্ষয়াং সদা ॥২৬॥
ইত্যুবাচ স্বয়ং শক্রঃ কুরুক্ষেত্রমহোদয়ম্।
তচ্চানুমোদিতং সর্ব্বং ব্রহ্মবিষ্ণুমহেশ্বরৈঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বতোপাখ্যানে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কুরুক্ষেত্রস্য সর্ব্বতঃ সীমামাহ তারন্তকেতি। তারন্তকারন্তকাখ্যৌ স্থানবিশেষৌ তয়োর্যদন্তরং মধ্যম্, রামহ্রদানাং জামদগ্ন্যকৃতপিতৃতর্পণার্থকগর্ত্তানাম্, মচক্রুকস্য তদাখ্যস্য স্থানস্য চ যদন্তরম্, এতত্তৎ কুরুক্ষেত্রস্য সমন্তপঞ্চকং নাম স্থানম্; তদেব চ প্রজাপতের্ব্রহ্মণঃ, উত্তরবেদির্নামোচ্যতে মুনিভিঃ, অস্য প্রাগুক্তত্বেঽপি প্রসঙ্গভেদাদপুনরুক্তিঃ ॥২৫॥

শিবমিতি। শিবং জীবতাং মঙ্গলকরম্, পুণ্যং জনকম্, দিবৌকসাং দেবানাম্ ॥২৬॥

ইতীতি। উবাচ গাথাত্বেন, কুরুক্ষেত্রস্য মহোদয়মত্যুৎকর্ষম্ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

প্রজাপতেরিতি ॥১—১৭॥ ব্রহ্মণঃ ক্ষয়ং নিবাসম্ ॥১৮—২৫॥ সারস্বতানাং তীর্থানাং বর্ণনং কুরুক্ষেত্রমাহাত্ম্যজ্ঞাপনার্থম্। তদপি তত্র মৃতানামন্যেষামপি স্বর্গতিপ্রদং কিমুত-ক্ষত্রধর্ম্মেণ মৃতানামিত্যেতদর্থম্। তদেবোপসংহরন্ দর্শয়তি—অতশ্চেতি ॥২৬—২৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

তারন্তক, অরন্তক, রামহ্রদ ও মচক্রুকের যাহা মধ্যস্থান, তাহাকেই কুরুক্ষেত্রের 'সমন্তপঞ্চক' বলে এবং মুনিরা ইহাকেই ব্রহ্মার উত্তরবেদি বলিয়া থাকেন ॥২৫॥

এই স্থানটী—মঙ্গলময়, পুণ্যজনক, দেবগণের অত্যন্ত প্রিয় ও সর্ব্বগুণসমন্বিত; অতএব রাজারা এইস্থানে যুদ্ধে নিহত হইয়া, সর্ব্বদা অক্ষয় স্বর্গ লাভ করিবেন' ॥২৬॥

স্বয়ং দেবরাজ কুরুক্ষেত্রের এইরূপ বিশেষ উৎকর্ষের কথা বলিয়াছেন, আর ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশ্বরও তাহা অনুমোদন করিয়াছেন' ॥২৭॥

---

(২৫) তাবর্ণকাবর্ণকয়োঃ··পি,···মচক্রুকস্য···বঙ্গ বর্দ্ধ। * '···ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '···চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

বৈশম্পায়ন উবাচ।

কুরুক্ষেত্রং ততো দৃষ্ট্বা দত্ত্বা দায়াংশ্চ সাত্বতঃ।
আশ্রমং সুমহদ্দিব্যমগমজ্জনমেজয়! ॥১॥
মধূকাম্রবণোপেতং প্লক্ষন্যগ্রোধসঙ্কুলম্।
চিরবিল্ববৃতং পুণ্যং পনসার্জ্জুনসঙ্কুলম্ ॥২॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা যাদবশ্রেষ্ঠঃ প্রবরং পুণ্যলক্ষণম্।
পপ্রচ্ছ তানৃষীন্ সর্ব্বান্ কস্যাশ্রমবরস্ত্বয়ম্ ॥৩॥
তে তু সর্বে মহাত্মান উচূ রাজন্! হলায়ুধম্।
শৃণু বিস্তরশো রাম! যস্যায়ং পূর্ব আশ্রমঃ ॥৪॥
অত্র বিষ্ণুঃ পুরা দেবস্তপ্তবাংস্তপ উত্তমম্।
অত্রাস্য বিধিবদ্‌যজ্ঞঃ সর্বে বৃত্তাঃ সনাতনাঃ ॥৫॥

ভারতকৌমুদী

কুরুক্ষেত্রমিতি। দীয়ন্ত ইতি দায়া ধনানি তান্, সাত্বতস্তদ্বংশীয়ো রামঃ। মধূকা মধুদ্রুমাঃ, প্লক্ষাঃ পর্কটীবৃক্ষাঃ ন্যগ্রোধা বটবৃক্ষাশ্চ তৈ সঙ্কুলং ব্যাপ্তম্ ॥১—২॥

তমিতি। প্রবরমুত্তমম্, পুণ্যলক্ষণং পবিত্রস্বরূপম্ ॥৩॥

ত ইতি। হলায়ুধং বলরামম্। আশ্রম আসীদিতি শেষঃ ॥৪॥

অত্রেতি। তপ্তবান্ কৃতবান্। বৃত্তাঃ নিষ্পন্নাঃ, সনাতনাশ্চিরস্থায়িফলাঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! তাহার পর বলরাম কুরুক্ষেত্র দেখিয়া এবং সেস্থানে দান করিয়া, অতিবিশাল ও মনোহর একটী আশ্রমে গমন করিলেন। সেই আশ্রমটীতে মহুয়া ও আম্রবন, বহুতর পর্কটী ও বটবৃক্ষ, বহু দিন হইতে বিল্ববৃক্ষ এবং পনস ও অর্জ্জুনবৃক্ষ সকল বিদ্যমান ছিল ॥১—২॥

যদুবংশশ্রেষ্ঠ বলরাম সেই উত্তম ও পবিত্র আশ্রমটী দেখিয়া, ঋষিগণের নিকট জিজ্ঞাসা করিলেন—'এই উত্তম আশ্রমটী কাঁহার' ॥৩॥

রাজা! তখন সেই মহাত্মারা সকলে বলরামকে বলিলেন—'রাম! পূর্ব্বে যাঁহার এই আশ্রমটী ছিল, তাঁহার বিষয় আপনি বিস্তরক্রমে শ্রবণ করুন—॥৪॥

(১)···আশ্রমং সুমহৎ পুণ্যং···পি নি।

CENTRAL LIBRARY

অত্রৈব ব্রাহ্মণী সিদ্ধা কৌমারব্রহ্মচারিণী।
যোগযুক্তা দিবং যাতা তপঃসিদ্ধা তপস্বিনী ॥৬॥
বভূব শ্রীমতী রাম! শাণ্ডিল্যস্য মহাত্মনঃ।
সুতা ধৃতব্রতা সাধ্বী নিয়তা ব্রহ্মচারিণী ॥৭॥
সা তু তপ্ত্বা তপো ঘোরং দুশ্চরং স্ত্রীজনেন হ।
গতা স্বর্গং মহাভাগা দেবব্রাহ্মণপূজিতা।
শ্রুত্বা ঋষীণাং বচনমাশ্রমং তং জগাম হ ॥৮॥
ঋষীংস্তানভিবাদ্যাথ পার্শ্বে হিমবতোঽচ্যুতঃ।
সন্ধ্যাকার্য্যাণি সর্বাণি নির্বর্ত্ত্যারুরুহেঽচলম্ ॥৯॥
নাতিদূরং ততো গত্বা নগং তালধ্বজো বলী।
পুণ্যং তীর্থবরং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং গতঃ ॥১০॥

ভারতকৌমুদী

অত্রেতি। কৌমারাৎ শৈশবাদারভ্যৈব ব্রহ্মচারিণী জিতেন্দ্রিয়া ॥৬॥

বভূবেতি। শ্রীমতী সুন্দরী। নিয়তা সংযতচিত্তা, ব্রহ্মচারিণী যথাকালেঽপি মৈথুন-ত্যাগিনী ॥৭॥

সেতি। জগাম প্রকরণাদ্বলরাম ইতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

ঋষীনিতি। অচ্যুতো ধর্ম্মকার্য্যাদভ্রষ্টো রামঃ। নির্বর্ত্ত্য সমাপ্য ॥৯॥

নেতি। নগং পর্ব্বতং হিমবন্তম্, তালধ্বজো রামঃ ॥১০॥

এই স্থানে পূর্ব্বকালে ভগবান্ নারায়ণ গুরুতর তপস্যা করিয়াছিলেন এবং এই স্থানেই চিরস্থায়ী ফলজনক তাঁহার নানাবিধ যজ্ঞ সম্পন্ন হইয়াছিল ॥৫॥

এই স্থানেই বাল্যকালাবধি জিতেন্দ্রিয়া, তপস্বিনী ও যোগাভ্যাসকারিণী একটী ব্রাহ্মণকন্যা তপস্যায় সিদ্ধিলাভ করিয়াছিলেন ॥৬॥

রাম! তিনি মহাত্মা শাণ্ডিল্যের কন্যা, পরমসুন্দরী, সংযতচিত্তা, ব্রতাবলম্বিনী, সাধুস্বভাবা ও ব্রহ্মচারিণী ছিলেন ॥৭॥

দেবতা ও ব্রাহ্মণগণের সম্মানিতা, মহাভাগা সেই শাণ্ডিল্যকন্যা স্ত্রীলোকের পক্ষে দুষ্কর ভয়ঙ্কর তপস্যা করিয়া, যথাসময়ে স্বর্গলোকে গমন করিয়াছেন।' বলরাম ঋষিগণের সেই সকল বাক্য শুনিয়া, সেই আশ্রমে গমন করিলেন ॥৮॥

তাহার পর ধার্ম্মিক বলরাম ঋষিগণকে অভিবাদন করিয়া, হিমালয়ের পার্শ্বদেশে সন্ধ্যাবন্দনাদি কার্য্য সমাপনপূর্ব্বক হিমালয়ে আরোহণ করিলেন ॥৯॥

(৭)···বভূব শ্রীমতী রাজন্!—বঙ্গ বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

প্রভাবঞ্চ সরস্বত্যাঃ প্লক্ষপ্রস্রবণং বলঃ।
সংপ্রাপ্তঃ কারবপনং প্রবরং তীর্থমুত্তমম্ ॥১১॥
হলায়ুধস্তত্র চাপি দত্ত্বা দানং মহাবলঃ।
আপ্লুতঃ সলিলে পুণ্যে সুশীতে বিমলে শুচৌ।
সন্তর্পয়ামাস পিতৄন্ দেবাংশ্চ রণদুর্ম্মদঃ ॥১২॥
তত্রোষ্যৈকান্ত রজনীং যতিভির্ব্রাহ্মণৈঃ সহ।
মিত্রাবরুণয়োঃ পুণ্যং জগামাশ্রমমচ্যুতঃ ॥১৩॥
ইন্দ্রোঽগ্নিরর্য্যমা চৈব যত্র প্রাক্ প্রীতিমাপ্নুবন্।
তং দেশং কারবপনাদ্‌যমুনায়াং জগাম হ ॥১৪॥
স্নাত্বা তত্রাপি ধর্ম্মাত্মা পরাং প্রীতিমবাপ্য চ।
ঋষিভিশ্চৈব সিদ্ধৈশ্চ সহিতো বৈ মহাবলঃ।
উপবিষ্টঃ কথাঃ শুভ্রাঃ শুশ্রাব যদুপুঙ্গবঃ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রভাবমিতি। প্লক্ষাৎ পর্কটীবনাৎ প্রস্রবণং প্রবহণরূপম্। কারবপনং নাম ॥১১॥
হলেতি। আপ্লুতঃ কৃতস্নানঃ, শুচৌ পবিত্রে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥
তত্রেতি। উষ্য উষিত্বা, যতিভির্জিতেন্দ্রিয়ৈঃ। অচ্যুতো ধর্ম্মাদভ্রষ্টঃ ॥১৩॥
ইন্দ্র ইতি। অর্য্যমা সূর্য্যঃ, কারবপনাৎ তদাখ্যাদ্দেশাৎ ॥১৪॥
স্নাত্বেতি। সিদ্ধৈস্তপোযোগানুষ্ঠানেন কৃতার্থৈঃ। শুভ্রা নির্ম্মলাঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৫॥

বলবান্ বলরাম সে স্থান হইতে পর্বতপথেই অনতিদূরে যাইয়া, উত্তম একটী পবিত্র তীর্থ দেখিয়া, অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥১০॥

ক্রমে বলরাম কারবপননামক উত্তম ও শ্রেষ্ঠ তীর্থে যাইয়া উপস্থিত হইলেন; সেই তীর্থে সরস্বতীনদী পর্কটীবন হইতে নির্গত হইতেছিল এবং তথায় তাহার খরস্রোত বহিতেছিল ॥১১॥

মহাবল ও যুদ্ধদুর্দ্ধর্ষ বলরাম সেই তীর্থেও পবিত্র, শীতল ও নির্ম্মল জলে স্নান এবং দান করিয়া, দেবগণ ও পিতৃগণের তর্পণ করিলেন ॥১২॥

ধার্ম্মিক বলরাম জিতেন্দ্রিয় ব্রাহ্মণগণের সহিত সেই তীর্থে একরাত্রি বাস করিয়া, মিত্রাবরুণের পবিত্র আশ্রমে গমন করিলেন ॥১৩॥

পরে ইন্দ্র, অগ্নি ও সূর্য্য যে স্থানে প্রীতিলাভ করিয়াছিলেন, বলরাম কারবপন হইতে যমুনানদীর সেই স্থানে গমন করিলেন ॥১৪॥

(১৪)··· যদুশ্রেষ্ঠো জগাম হ—পি,···স তস্মাদাজগাম হ—নি।

CENTRAL LIBRARY

তথা তু তিষ্ঠতাং তেষাং নারদো ভগবানৃষিঃ।
আজগামাথ তং দেশং যত্র রামো ব্যবস্থিতঃ ॥১৬॥
জটামণ্ডলসংবীতঃ স্বর্ণচীরো মহাতপাঃ।
হেমদণ্ডধরো রাজন্! কমণ্ডলুধরস্তথা ॥১৭॥
কচ্ছপীং সুখশব্দাং তাং গৃহ্য বীণাং মনোরমাম্।
নৃত্যে গীতে চ কুশলো দেবব্রাহ্মণপূজিতঃ ॥১৮॥
প্রকর্ত্তা কলহানাঞ্চ নিত্যঞ্চ কলহপ্রিয়ঃ।
তং দেশমগমদ্‌যত্র শ্রীমান্ রামো ব্যবস্থিতঃ ॥১৯॥ (বিশেষকম্)
প্রত্যুত্থায় তু তং সম্যক্ পূজয়িত্বা যতব্রতম্।
দেবর্ষিং পর্য্যপৃচ্ছৎ স যথাবৃত্তং কুরূন্ প্রতি ॥২০॥

ভারতকৌমুদী

তথেতি। তথা নির্ম্মলকথালাপেন। তেষামৃষীণাং সমীপে ॥১৬॥

জটেতি। জটানাং মণ্ডলেন সমূহেন সংবীত আবৃতঃ, স্বর্ণচীরঃ সুবর্ণময়কৌপীনধারী। কচ্ছপীং নাম, সুখশব্দাং সুখজনকরবাম্, গৃহ্য গৃহীত্বা। প্রকর্ত্তা প্রকর্ষেণ ঘটয়িতা। শ্রীমান্ কান্তিমান্ ॥১৭—১৯॥

প্রতীতি। যতং সংযম এব ব্রতং নিয়মো যস্য তম্ ॥২০॥

ধর্ম্মাত্মা ও মহাবল যদুবংশশ্রেষ্ঠ বলরাম সেই তীর্থেও স্নান ও বিশেষ প্রীতিলাভ করিয়া, ঋষিগণ ও সিদ্ধগণের সহিত উপবিষ্ট থাকিয়া, নির্ম্মল উপাখ্যান সকল শুনিতে লাগিলেন ॥১৫॥

ঋষিরা সেইভাবে অবস্থান করিতে থাকিলে, বলরাম যে স্থানে বসিয়াছিলেন, ভগবান্ নারদ সেইস্থানে আগমন করিলেন ॥১৬॥

রাজা! তৎকালে নারদ মনোহর ও মধুররবসম্পন্ন কচ্ছপীনাম্নী বীণা, স্বর্ণময় কৌপীন, স্বর্ণময় দণ্ড ও সুন্দর একটী কমণ্ডলু ধারণ করিতেছিলেন এবং জটামণ্ডলে তাঁহার সমস্ত দেহ আবৃত ছিল, এইভাবে মহাতপস্বী, নৃত্যগীতনিপুণ, দেবগণ ও ব্রাহ্মণগণপূজিত, কলহপ্রিয় এবং লোকমধ্যে পরস্পর কলহঘটক দেবর্ষি নারদ শ্রীমান্ বলরাম যেখানে বসিয়াছিলেন, সেইখানে আসিয়া উপস্থিত হইলেন ॥১৭—১৯॥

তখন বলরাম গাত্রোত্থান ও অভিবাদন করিয়া, চিরসংযমী নারদের নিকটে কুরুপাণ্ডবগণের বিষয় জিজ্ঞাসা করিলেন ॥২০॥

(১৭)···কুশচীরী···নি। (২০)···যতব্রতী···পি।

CENTRAL LIBRARY

ততোঽস্যাকথয়দ্রাজন্ ! নারদঃ সর্ব্বধর্ম্মবিৎ ।
সর্ব্বমেতদ্‌যথাবৃত্তমতীব কুরুসংক্ষয়ম্ ॥২১॥
ততোঽব্রবীদ্‌রৌহিণেয়ো নারদং দীনয়া গিরা ।
কিমবস্থস্তু তৎক্ষেত্রং যে চ তত্রাভবন্নৃপাঃ ॥২২॥
শ্রুতমেতন্ময়া পূর্ব্বং সর্ব্বমেব তপোধন ! ।
বিস্তরশ্রবণে জাতং কৌতূহলমতীব মে ॥২৩॥

নারদ উবাচ ।

পূর্ব্বমেব হতো ভীষ্মো দ্রোণঃ সিন্ধুপতিস্তথা ।
হতো বৈকর্ত্তনঃ কর্ণঃ পুত্রাশ্চাস্য মহারথাঃ ॥২৪॥
ভূরিশ্রবা রৌহিণেয় ! মদ্ররাজশ্চ বীর্য্যবান্ ।
এতে চান্যে চ বহবস্তত্র তত্র মহাবলাঃ ॥২৫॥
প্রিয়ান্ প্রাণান্ পরিত্যজ্য জয়ার্থং কৌরবস্য বৈ ।
রাজানো রাজপুত্রাশ্চ সমরেষ্বনিবর্ত্তিনঃ ॥২৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি । অতীবকুরুসংক্ষয়ঃ কুরুবংশধ্বংসো যস্মিন্ তত্তাদৃশমুপাখ্যানম্ ॥২১॥
তত ইতি । রৌহিণেয়ো রামঃ, দীনয়া উদ্বেগাৎ কাতরয়া । অভবন্ আসন্ ॥২২॥
নন্থ কিমিতঃ পূর্ব্বং ন শ্রুতমিদমিত্যাহ শ্রুতমিতি । শ্রুতং সংক্ষেপেণেতি ভাবঃ ॥২৩॥
পূর্ব্বমিতি । সিন্ধুপতির্জয়দ্রথঃ । বৈকর্ত্তন ইত্যস্য ব্যুৎপত্তিস্তু প্রাগ্‌বহুশ উক্তাঃ ॥২৪॥
ভূরীতি । মদ্ররাজঃ শল্যঃ । হতা ইত্যনুবৃত্তিঃ ॥২৫—২৬॥

রাজা ! তাহার পর সর্ব্বধর্ম্মজ্ঞ নারদ বলরামের নিকটে যুদ্ধে যে কুরুপাণ্ডবগণের ক্ষয় হইয়াছে, সেই বৃত্তান্ত যথাযথভাবে বলিতে লাগিলেন ॥২১॥

তাহার পর বলরাম কাতর বাক্যে নারদের নিকট জিজ্ঞাসা করিলেন—'বর্ত্তমান সময়ে কুরুক্ষেত্রের অবস্থা কি ? এবং সেখানে যে সকল রাজা আসিয়াছিলেন, তাঁহাদেরই বা কি দশা হইয়াছে ? ॥২২॥

তপোধন ! আমি পূর্ব্বে সংক্ষেপে এই যুদ্ধের বৃত্তান্ত সমস্তই শুনিয়াছি ; কিন্তু এক্ষণে বিস্তরক্রমে শুনিতে আমার অত্যন্ত কৌতুক জন্মিয়াছে' ॥২৩॥

নারদ বলিলেন—'পূর্ব্বেই ভীষ্ম, দ্রোণ, জয়দ্রথ, বৈকর্ত্তন কর্ণ এবং উঁহার মহারথ পুত্রেরা নিহত হইয়াছেন ॥২৪॥

রোহিণীনন্দন ! ভূরিশ্রবা ও বলবান্ শল্য ইহারা এবং অন্য বহুতর মহাবল

(২১)··· সর্ব্ববেদবিৎ··· নি । (২৬)···প্রিয়ার্থং কৌরবস্য বৈ···নি ।

CENTRAL LIBRARY

অহতাংশ্চ মহাবাহো! শৃণু মে তত্র মাধব!।
ধার্ত্তরাষ্ট্রবলে শেষাস্ত্রয়ঃ সমিতিমর্দ্দনাঃ ॥২৭॥
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রোণপুত্রশ্চ বীর্য্যবান্।
তেঽপি বৈ বিদ্রুতা রাম! দিশো দশ ভয়াত্তদা ॥২৮॥
দুর্য্যোধনো হতে শল্যে প্রদ্রুতেষু কৃপাদিষু।
হ্রদং দ্বৈপায়নং নাম বিবেশ ভৃশদুঃখিতঃ ॥২৯॥
শয়ানং ধার্ত্তরাষ্ট্রন্তু স্তম্ভিতে সলিলে তদা।
পাণ্ডবাঃ সহ কৃষ্ণেন বাগ্‌ভিরুগ্রাভিরার্দ্দয়ন্ ॥৩০॥
স তুদ্যমানো বলবান্ বাগ্‌ভী রাম! সমন্ততঃ।
উত্থিতঃ স হ্রদাদ্বীরঃ প্রগৃহ্য মহতীং গদাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

অহতানিতি। সমিতৌ যুদ্ধে। মর্দ্দয়ন্তি বিপক্ষান্ নিপীড়য়ন্তীতি তে তথোক্তাঃ ॥২৭॥
অথ কে ত ইত্যাহ কৃপ ইতি। বিদ্রুতাঃ পলায়িতাঃ ॥২৮॥
দুর্য্যোধন ইতি। প্রদ্রুতেষু পলায়িতেষু। আদিপদেন কৃতবর্ম্মাশ্বত্থাম্নোর্গ্রহণম্ ॥২৯॥
শয়ানমিতি। শয়ানমবতিষ্ঠমানম্, ধার্ত্তরাষ্ট্রং দুর্য্যোধনম্ ॥৩০॥
স ইতি। তুদ্যমানো ব্যথ্যমানঃ, সমন্ততো হ্রদস্য সর্ব্বাসু দিক্ষু ॥৩১॥

যোদ্ধা, আর যুদ্ধে অনিবর্ত্তী অনেক রাজা ও রাজপুত্র দুর্য্যোধনের জয়ের নিমিত্ত যুদ্ধে প্রিয় প্রাণ পরিত্যাগ করিয়া, লোকান্তরে গমন করিয়াছেন ॥২৫—২৬॥

মহাবাহু রাম! যাঁহারা সেস্থানে নিহত হন নাই, তাঁহাদের নামও শ্রবণ কর—দুর্য্যোধনের সমগ্র সৈন্যমধ্যে এখন মাত্র যুদ্ধবিজয়ী তিন জন অবশিষ্ট আছেন ॥২৭॥

রাম! কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও বলবান্ অশ্বত্থামা এই তিন জন মাত্র অবশিষ্ট রহিয়াছেন; তাঁহারাও তখন ভয়ে দশ দিকে পলায়ন করিতেছিলেন ॥২৮॥

শল্য নিহত হইলে এবং কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা পলায়ন করিলে, দুর্য্যোধন অত্যন্ত দুঃখিত হইয়া, দ্বৈপায়নহ্রদে প্রবেশ করিয়াছিলেন ॥২৯॥

তখন দুর্য্যোধন হ্রদের জল স্তম্ভিত করিয়া অবস্থান করিতে লাগিলে, পাণ্ডবেরা কৃষ্ণের সহিত আসিয়া, ভীষণ বাক্যদ্বারা তাঁহাকে পীড়ন করিয়াছিলেন ॥৩০॥

রাম! পাণ্ডবেরা সকল দিক্ হইতে বাক্যদ্বারা ভর্ৎসনা করিলে লাগিলে, বীর দুর্য্যোধন গদা ধারণ করিয়া হ্রদ হইতে উত্থিত হইয়াছেন ॥৩১॥

(২৭)···ত্রয়ঃ সমিতিশোভনাঃ···পি। (২৯)···হতে সৈন্যে প্রদ্রুতেষু কৃপাদিষু···পি,··· হতে সৈন্যে প্রদ্রুতেষু পদাতিষু···নি।

CENTRAL LIBRARY

স চাপ্যুপগতে যোদ্ধুং ভীমেন সহ সাম্প্রতম্ ।
ভবিষ্যতি তয়োরদ্য যুদ্ধং রাম ! সুদারুণম্ ॥৩২॥
যদি কৌতূহলং তেঽস্তি ব্রজ মাধব ! মা চিরম্ ।
পশ্য যুদ্ধং মহাঘোরং শিষ্যয়োর্যদি মন্যসে ॥৩৩॥

বৈশম্পায়ন উবাচ ।

নারদস্য বচঃ শ্রুত্বা তানভ্যর্চ্চ্য দ্বিজর্ষভান্ ।
সর্ব্বান্ বিসর্জয়ামাস যে তেনাভ্যাগতাঃ সহ ॥৩৪॥
গম্যতাং দ্বারকা চেতি সোঽন্বশাদনুযায়িনঃ ।
সোঽবতীর্য্যাচলশ্রেষ্ঠাৎ প্লক্ষপ্রস্রবণাৎ শুভাৎ ॥৩৫॥
ততঃ প্রীতমনা রামঃ শ্রুত্বা তীর্থফলং মহৎ ।
বিপ্রাণাং সন্নিধৌ শ্লোকমগায়দিদমচ্যুতঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
সরস্বতীবাসসমা কুতো রতিঃ সরস্বতীবাসসমাঃ কুতো গুণাঃ ।
সরস্বতীং প্রাপ্য দিবং গতা জনাঃ সদা স্মরিষ্যন্তি নদীং সরস্বতীম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

স ইতি। স দুর্য্যোধনঃ। অদ্য ইদানীম্ ॥৩২॥
যদীতি। কৌতূহলং যুদ্ধদর্শনে, মা চিরং বিলম্বং কুরুষ্বেতি শেষঃ ॥৩৩॥
নারদস্যেতি। অভ্যর্চ্চ্য দানমানাভ্যাং সৎকৃত্য। অভ্যাগতাস্তীর্থযাত্রাকালে ॥৩৪॥
গম্যতামিতি। অন্বশাদাদিষ্টবান্। শ্লোকশব্দস্য পুংস্ত্বমপি, "শ্লোকান্তমুনি দশ পঞ্চ চ রাজপুত্রি!" ইতি কলাপচন্দ্রিকায়াং সুষেণধৃতবচনাচ্চ। অচ্যুতো ধর্ম্মাদভ্রষ্টঃ ॥৩৫—৩৬॥

রাম! এবং তিনি এখন ভীমসেনের সহিত যুদ্ধ করিবার জন্য উপস্থিত হইয়াছেন। অতএব আজ তাঁহাদের অতিদারুণ যুদ্ধ হইবে ॥৩২॥

মধুবংশনন্দন! সেই যুদ্ধ দেখিতে তোমার যদি কৌতুক হয়, তবে সত্বর যাও, বিলম্ব করিও না। যদি ভাল মনে কর, তবে সেই শিষ্য দুই জনের অতিদারুণ যুদ্ধ দর্শন কর' ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—বলরাম নারদের কথা শুনিয়া—যাঁহারা তাঁহার সহিত আসিয়াছিলেন, তাঁহাদের সকলকেই সম্মান দেখাইয়া বিদায় করিলেন ॥৩৪॥

'আপনারা দেশে যাইতে পারেন' এইভাবে বলরাম অনুচরগণকে আদেশ করিলেন। তাহার পর ধার্ম্মিক বলরাম মঙ্গলময় প্লক্ষপ্রস্রবণপর্ব্বত হইতে অবতরণ করিয়া, তীর্থের মহাফল শ্রবণপূর্ব্বক আনন্দিত হইয়া, ব্রাহ্মণগণের নিকটে এই শ্লোক বলিলেন—॥৩৫—৩৬॥

সরস্বতী সর্বনদীষু পুণ্যা সরস্বতী লোকসুখাবহা সদা।
সরস্বতীং প্রাপ্য জনাঃ সুদুষ্কৃতং সদা ন শোচন্তি পরত্র চেহ চ ॥৩৮॥
ততো মুহুর্মুহুঃ প্রীত্যা প্রেক্ষমাণঃ সরস্বতীম্।
হয়ৈর্যুক্তং রথং শুভ্রমাতিষ্ঠত পরন্তপঃ ॥৩৯॥
স শীঘ্রগামিনা তেন রথেন যদুপুঙ্গবঃ।
দিদৃক্ষুরভিসংপ্রাপ্তঃ শিষ্যযুদ্ধমুপস্থিতম্ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বতোপাখ্যানে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সরস্বতীতি। সরস্বতীবাসসমা সরস্বতীতীরবাসানন্দতুল্যা। এবমন্যত্র। কুতঃ কুত্র, রতিরানন্দঃ। গুণাঃ স্বাস্থ্যলাভাদয়ো দৈহিকোৎকর্ষাঃ। দিবং স্বর্গম্, গতাঃ স্নানাদিনা ॥৩৭॥

সরস্বতীতি। পুণ্যা অধিকপুণ্যজনিকা। সুখাবহা নির্ম্মলজলাদিনা। সুদুষ্কৃতং স্বকৃত-গুরুতরপাপম, পরত্র ইহ চ লোক ইতি শেষঃ ॥৩৮॥

তত ইতি। আতিষ্ঠত আরোহৎ, পরন্তপো বলরামঃ ॥৩৯॥

স ইতি। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ, অভিসংপ্রাপ্তস্তদ্যুদ্ধদেশং গতঃ ॥৪০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

'সরস্বতীনদীর তীরে বাস করার আনন্দের তুল্য আনন্দ আর কোথায় পাওয়া যায়, সরস্বতীনদীর তীরে বাস করায় যেমন স্বাস্থ্যলাভ হয়, তেমন স্বাস্থ্য লাভ আর কোথায় হইয়া থাকে; মানুষ সরস্বতীনদীতে যাইয়া স্নান ও দান করার ফলে স্বর্গলোকে গমন করিয়াও সরস্বতীনদীকে স্মরণ করে ॥৩৭॥

সরস্বতীনদী অন্যান্য সমস্ত নদীর মধ্যেই অধিক পুণ্য উৎপাদন করে, সরস্বতী-নদী সর্বদাই লোকের সুখ সম্পাদন করিয়া থাকে এবং মানুষ সরস্বতীনদীর সংসর্গ লাভ করিয়া, ইহলোকে কিংবা পরলোকে নিজকৃত গুরুতর পাপের বিষয়েও শোক করে না' ॥৩৮॥

তাহার পর শত্রুসন্তাপকারী বলরাম প্রীতিসহকারে সরস্বতীনদীর দিকে মুহুর্মুহু দৃষ্টিপাত করিতে থাকিয়া, অশ্বযুক্ত শুভ্রবর্ণ রথে আরোহণ করিলেন ॥৩৯॥

ক্রমে যদুবংশশ্রেষ্ঠ বলরাম উপস্থিত শিষ্য দুই জনের যুদ্ধ দর্শন করিবার ইচ্ছা করিয়া, শীঘ্রগামী সেই রথে যাইয়া যুদ্ধস্থানে উপস্থিত হইলেন ॥৪০॥

* '...চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

এবং তদভবদ্‌যুদ্ধং তুমুলং জনমেজয়!।
যত্র দুঃখান্বিতো রাজা ধৃতরাষ্ট্রোঽব্রবীদিদম্ ॥১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

রামং সন্নিহিতং দৃষ্ট্বা গদাযুদ্ধ উপস্থিতে।
মম পুত্রঃ কথং ভীমং প্রত্যযুধ্যত সঞ্জয়! ॥২॥

সঞ্জয় উবাচ।

রামসান্নিধ্যমাসাদ্য পুত্রো দুর্য্যোধনস্তব।
যুদ্ধকামো মহাবাহুঃ সমহৃষ্যত বীর্য্যবান্ ॥৩॥
দৃষ্ট্বা লাঙ্গলিনং রাজা প্রত্যুত্থায় চ ভারত!।
প্রীত্যা পরময়া যুক্তঃ সমভ্যর্চ্চ্য যথাবিধি।
আসনঞ্চ দদৌ তস্মৈ পর্য্যপৃচ্ছদনাময়ম্ ॥৪॥

ভারতকৌমুদী

প্রকৃতমুপাপয়তি এবমিতি। এবং রামতীর্থভ্রমণসমাপ্তৌ সত্যাম্। অব্রবীৎ সঞ্জয়ং প্রতি ॥১॥

রামমিতি। পুত্রো দুর্য্যোধনঃ, কথং কীদৃশম্ ॥২॥

রামমিতি। যুদ্ধং কাময়ত ইতি যুদ্ধকামঃ, সমহৃষ্যত রামসান্নিধ্যলাভেন ন্যায়যুদ্ধ-সম্ভবাৎ ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! এইভাবে বলরামের তীর্থপর্য্যটন সমাপ্ত হইলে, ভীম ও দুর্য্যোধনের সেই তুমুল যুদ্ধ হইয়াছিল; যে যুদ্ধবিষয়ে রাজা ধৃতরাষ্ট্র দুঃখিত হইয়া, সঞ্জয়ের নিকট এই কথা বলিয়াছিলেন ॥১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সেই গদাযুদ্ধ উপস্থিত হইলে, আমার পুত্র দুর্য্যোধন রামকে সন্নিহিত দেখিয়া, ভীমের সহিত কি প্রকার যুদ্ধ করিয়াছিলেন?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পুত্র বলবান্ ও যুদ্ধার্থী দুর্য্যোধন রামের সান্নিধ্য লাভ করিয়া আনন্দিত হইলেন ॥৩॥

---

(২)···সন্নিহিতং শ্রুত্বা···বা নি। (৩)···যোদ্ধুকামো মহাবাহুঃ—পি বা নি।

CENTRAL LIBRARY

ততো যুধিষ্ঠিরং রামো বাক্যমেতদুবাচ হ।
মধুরং ধর্ম্মসংযুক্তং শূরাণাং হিতমেব চ ॥৫॥
ময়া শ্রুতং কথয়তামৃষীণাং রাজসত্তম!।
কুরুক্ষেত্রং পরং পুণ্যং পাবনং স্বর্গ্যমেব চ।
দৈবতৈর্ঋষিভির্জুষ্টং ব্রাহ্মণৈশ্চ মহাত্মভিঃ ॥৬॥
তত্র বৈ যোৎস্যমানা যে দেহং ত্যক্ষ্যন্তি মানবাঃ।
তেষাং স্বর্গে ধ্রুবো বাসঃ শক্রেণ সহ মারিষ! ॥৭॥
তস্মাৎ সমন্তপঞ্চকমিতো যাম দ্রুতং নৃপ!।
প্রথিতোত্তরবেদী সা দেবলোকে প্রজাপতেঃ ॥৮॥
তস্মিন্মহাপুণ্যতমে ত্রৈলোক্যস্য সনাতনে।
সংগ্রামে নিধনং প্রাপ্য ধ্রুবং স্বর্গো ভবিষ্যতি ॥৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। লাঙ্গলিনং রামম্, রাজা যুধিষ্ঠিরঃ। অভ্যর্চ্চ্য প্রণম্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪॥
তত ইতি। শূরাণাং হিতং হতত্বেঽপি স্বর্গলাভসম্ভবাদিতি ভাবঃ ॥৫॥
ময়েতি। পুণ্যং পুণ্যজনকম্ অতএব স্বর্গ্যং স্বর্গজননোপযোগি। জুষ্টং সেবিতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
তত্রেতি। হে মারিষ! আর্য্য, সজ্জন! ইতি যাবৎ, "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৭॥
তস্মাদিতি। উত্তরবেদী যজ্ঞস্য উত্তমা পরিষ্কৃতা ভূমিঃ, প্রজাপতের্ব্রহ্মণঃ ॥৮॥

ভরতনন্দন! রাজা যুধিষ্ঠির বলরামকে দেখিয়া গাত্রোত্থান করিয়া, অত্যন্ত আনন্দিত হইয়া যথাবিধানে প্রণামপূর্ব্বক রামকে বসিবার আসন দান করিলেন এবং তাঁহার স্বাস্থ্যের বিষয় জিজ্ঞাসা করিলেন ॥৪॥

তাহার পর রাম যুধিষ্ঠিরকে মধুর, ধর্ম্মসঙ্গত ও বীরগণের হিতজনক এই বাক্য বলিলেন—॥৫॥

'রাজশ্রেষ্ঠ! ঋষিরা বলিতেছিলেন, আমি তখন শুনিয়াছি যে, কুরুক্ষেত্র—মহাপুণ্যজনক, পবিত্র ও স্বর্গজননোপযোগী। সেই জন্যই দেবতারা, ঋষিরা ও মহাত্মা ব্রাহ্মণেরা উহার সেবা করিয়া থাকেন ॥৬॥

সজ্জন! যে সকল মানুষ সেই কুরুক্ষেত্রে যুদ্ধ করিতে থাকিয়া নিহত হন, তাঁহারা নিশ্চয়ই ইন্দ্রের সহিত স্বর্গলোকে বাস করেন ॥৭॥

অতএব রাজা! আমরা এ স্থান হইতে সত্বর সেই সমন্তপঞ্চকে যাই। কারণ, সেই স্থানটী প্রজাপতির উত্তরবেদী বলিয়া দেবলোকে প্রসিদ্ধ ॥৮॥

(৯) ধ্রুবং স্বর্গং গমিষ্যসি…নি।

CENTRAL LIBRARY

তথেত্যুক্ত্বা মহারাজ ! কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
সমন্তপঞ্চকং বীরঃ প্রায়াদভিমুখঃ প্রভুঃ ॥১০॥
ততো দুর্য্যোধনো রাজা প্রগৃহ্য মহতীং গদাম্ ।
পদ্ভ্যামমর্ষী দ্যুতিমানগচ্ছৎ পাণ্ডবৈঃ সহ ॥১১॥
তথা যান্তং গদাহস্তং বর্ম্মণা চাপি দংশিতম্ ।
অন্তরীক্ষগতা দেবাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্ ।
বাতিকাশ্চারণা যে তু দৃষ্ট্বা তে হর্ষমাগতাঃ ॥১২॥
স পাণ্ডবৈঃ পরিবৃতঃ কুরুরাজস্তবাত্মজঃ ।
মত্তস্যেব গজেন্দ্রস্য গতিমাস্থায় সোঽব্রজৎ ॥১৩॥
ততঃ শঙ্খনিনাদৈশ্চ ভেরীণাঞ্চ মহাস্বনৈঃ ।
সিংহনাদৈশ্চ শূরাণাং দিশঃ সর্ব্বাঃ প্রপূরিতাঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সনাতনে চিরকালীনে। প্রাপ্য গচ্ছত ইতি শেষঃ ॥৯॥

তথেতি। অভিমুখঃ সমন্তপঞ্চকস্যৈব, প্রভুঃ প্রভাববান্ ॥১০॥

তত ইতি। পদ্ভ্যাং রথাদ্যভাবাৎ, অমর্ষী কোপনঃ, দ্যুতিমান্ তেজস্বী ॥১১॥

তথেতি। দংশিতম্ আবৃতদেহম্। বাতেন বায়ুভরেণ আকাশে গচ্ছন্তীতি বাতিকাঃ, চারণা দেবযোনিবিশেষাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

ত্রিভুবনেরই পুণ্যজনক সনাতন সেই সমন্তপঞ্চকে যিনি যুদ্ধে নিহত হন, নিশ্চয়ই তাঁহার স্বর্গলাভ হইয়া থাকে ॥৯॥

মহারাজ ! 'তাহাই হউক' এই কথা বলিয়া প্রভাবশালী ও বীর কুন্তীনন্দন যুধিষ্ঠির অভিমুখ হইয়া সমন্তপঞ্চকে গমন করিলেন ॥১০॥

তখন কোপনস্বভাব ও তেজস্বী রাজা দুর্য্যোধন বিশাল গদা ধারণ করিয়া পাদচারেই পাণ্ডবগণের সহিত গমন করিলেন ॥১১॥

বর্ম্মাবৃতদেহ ও গদাধারী দুর্য্যোধন পাদচারে গমন করিতে লাগিলে, আকাশবর্ত্তী দেবতারা 'সাধু সাধু' বলিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন এবং যে সকল চারণ বায়ুভর করিয়া আকাশে বিচরণ করিতেছিলেন, তাঁহারাও তাহা দেখিয়া আনন্দিত হইলেন ॥১২॥

মহারাজ ! আপনার পুত্র কুরুরাজ দুর্য্যোধন পাণ্ডবগণে পরিবেষ্টিত হইয়া মত্তহস্তীর ন্যায় গতি অবলম্বন করিয়া গমন করিতে লাগিলেন ॥১৩॥

(১১)···পদ্ভ্যামমর্ষাৎ···বঙ্গ বর্দ্ধ সো। (১২)···বাত্তিকাশ্চারণা যে তু···বঙ্গ বর্দ্ধ সো।
(১৪) ততঃ শঙ্খনিনাদেন—বঙ্গ বর্দ্ধ বা সো নি।

CENTRAL LIBRARY

প্রতীচ্যভিমুখং দেশং যথোদ্দিষ্টং সুতেন তে।
গত্বা তু তৈঃ পরিক্ষিপ্তঃ সমন্তাৎ সর্ব্বতো দিশঃ ॥১৫॥
দক্ষিণেন সরস্বত্যাশ্চাপরং তীর্থমুত্তমম্।
তস্মিন্ দেশে সুনির্মুক্তে তে তু যুদ্ধমরোচয়ন্ ॥১৬॥
ততো ভীমো মহাকায়াং গদাং গৃহ্যাথ বর্ম্মভৃৎ।
বিভ্রদ্রূপং মহারাজ! সদৃশং হি গরুত্মতঃ ॥১৭॥
অববদ্ধশিরস্ত্রাণঃ সংখ্যে কাঞ্চনবর্ম্মভৃৎ।
ররাজ রাজন্! পুত্রস্তে কাঞ্চনঃ শৈলরাড়িব।
সৃক্কণী সংলিহন্ রাজন্! ক্রোধরক্তেক্ষণঃ শ্বসন্ ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। গতিমিব গতিং সগর্ব্বং গমনম্, আস্থায় অবলম্ব্য ॥১৩॥

তত ইতি। বাদ্যং নাম বীরাণামুৎসাহবর্দ্ধকমিতি ভাবঃ ॥১৪॥

প্রতীচীতি। সুতেন সহ। পরিক্ষিপ্তস্তব সুতঃ পরিবেষ্টিতঃ, সর্ব্বতঃ সর্ব্বা দিশঃ প্রাপ্য ॥১৫॥

দক্ষিণেনেতি। তীর্থমস্তীতি শেষঃ। সুনির্মুক্তে অনাবৃতে ॥১৬॥

তত ইতি। মহাকায়াং বিশালাম, গৃহ্য গৃহীত্বা। গরুত্মতো গরুড়স্য, বিভ্রৎ ধারয়ন্নাসীদিতি শেষঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—১১॥ বাতিকা বাতেন সহ গচ্ছন্তি তে আকাশচারিণঃ, চারণাঃ সিদ্ধবিশেষাঃ ॥১২—১৪॥ প্রতীচ্যভিমুখমিত্যত্র প্রতীয়েতিপাঠে প্রতিগত্যান্যোন্যাভিমুখং প্রাতিভটোন প্রাপ্যেত্যর্থঃ ॥১৫॥ স্বয়নং সুগতিদম্। অনিরিণে অনুষরে। অনিম্বণে ইতি

তাহার পর শঙ্খধ্বনি, ভেরীর মহাশব্দ ও বীরগণের সিংহনাদে সমস্ত দিক্ পরিপূর্ণ হইয়া গেল ॥১৪॥

ক্রমে পাণ্ডবেরা দুর্য্যোধনের সহিত পশ্চিমাভিমুখে যাইয়া তাঁহাকে সকল দিকে বেষ্টন করিয়া রহিলেন ॥১৫॥

সরস্বতীনদীর দক্ষিণ দিকে অন্য একটী উত্তম তীর্থ আছে; সেই অনাবৃতস্থানে তাঁহারা যুদ্ধ করিবার ইচ্ছা করিলেন ॥১৬॥

মহারাজ! তাহার পর বর্ম্মধারী ভীমসেন বিশাল গদা ধারণ করিয়া, গরুড়ের ন্যায় আকৃতি ধারণ করিলেন ॥১৭॥

(১৬)···তস্মিন্ দেশে স্বনিরিণে···বঙ্গ বর্দ্ধ বা সো নি। (১৭) ততো ভীমো মহাকোটিং···বঙ্গ বর্দ্ধ বা সো নি।

CENTRAL LIBRARY

ততো দুর্য্যোধনো রাজা গদামাদায় বীর্য্যবান্।
ভীমসেনমভিপ্রেক্ষ্য গজো গজমিবাহ্বয়ৎ ॥১৯॥
অদ্রিসারময়ীং ভীমস্তথৈবাদায় বীর্য্যবান্।
আহ্বয়ামাস নৃপতিং সিংহঃ সিংহং যথা বনে ॥২০॥
তাবুদ্যতগদাপাণী দুর্য্যোধনবৃকোদরৌ।
সংযুগে প্রচকাশেতে গিরী সশিখরাবিব ॥২১॥
তাবুভৌ সমিতিক্রুদ্ধাবুভৌ ভীমপরাক্রমৌ।
উভৌ শিষ্যৌ গদাযুদ্ধে রৌহিণেয়স্য ধীমতঃ ॥২২॥
উভৌ সদৃশকর্ম্মাণৌ ময়বাসবয়োরিব।
তথা সদৃশকর্ম্মাণৌ বরুণস্য মহাবলৌ ॥২৩॥

ভারতকৌমুদী

অবেতি। কাঞ্চনঃ স্বর্ণময়ঃ, শৈলরাট্ সুমেরুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

তত ইতি। আহ্বয়ৎ যুদ্ধায়েতি শেষঃ ॥১৯॥

অদ্রীতি। অদ্রিসারময়ীং লৌহময়ীং গদাম্। আহ্বয়ামাস আজুহাব, নৃপতিং দুর্য্যোধনম্ ॥২০॥

তাবিতি। উদ্যতে উত্তোলিতে গদে পাণ্যোর্যয়োস্তৌ। গিরী পর্ব্বতৌ, সশিখরৌ শৃঙ্গযুক্তৌ ॥২১॥

তাবিতি। সমিতি যুদ্ধে। রৌহিণেয়স্য বলরামস্য ॥২২॥

রাজা! এদিকে স্বর্ণময় বর্ম্ম ও শিরস্ত্রাণধারী দুর্য্যোধন সুমেরুপর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং ক্রোধে আরক্তনয়ন হইয়া নিশ্বাস ত্যাগ করতঃ ওষ্ঠপ্রান্তদ্বয় লেহন করিতে থাকিলেন ॥১৮॥

তদনন্তর বলবান্ রাজা দুর্য্যোধন গদাধারণপূর্ব্বক ভীমের দিকে দৃষ্টিপাত করিয়া এক হস্তী যেমন অপর হস্তীকে আহ্বান করে, সেইরূপ ভীমকে যুদ্ধে আহ্বান করিলেন ॥১৯॥

সেইরূপই বলবান্ ভীমসেনও লৌহময়ী গদা ধারণ করিয়া, বনে এক সিংহ যেমন অপর সিংহকে আহ্বান করে, সেইরূপ দুর্য্যোধনকে যুদ্ধে আহ্বান করিলেন ॥২০॥

তৎকালে ভীম ও দুর্য্যোধন উত্তোলিত গদা ধারণ করিয়া শৃঙ্গযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় রণস্থলে প্রকাশ পাইতে লাগিলেন ॥২১॥

তাঁহারা দুই জনই যুদ্ধে ক্রুদ্ধ হইয়াছিলেন এবং ভয়ঙ্করপরাক্রমশালী ও গদাযুদ্ধে বুদ্ধিমান্ বলরামের শিষ্য ছিলেন ॥২২॥

বাসুদেবস্য রামস্য তথা বৈশ্রবণস্য চ।
সদৃশৌ তৌ মহারাজ! মধুকৈটভয়োর্যুধি ॥২৪॥
উভৌ সদৃশকর্ম্মাণৌ তথা সুন্দোপসুন্দয়োঃ।
রামরাবণয়োশ্চৈব বালিসুগ্রীবয়োস্তথা ॥২৫॥
তথৈব কালস্য সমৌ মৃত্যোশ্চৈব পরন্তপৌ।
অন্যোন্যমভিধাবন্তৌ মত্তাবিব মহাদ্বিপৌ।
বাসিতাসঙ্গমে দৃপ্তৌ শরদীব মদোৎকটৌ ॥২৬॥
উভৌ ক্রোধবিষং দীপ্তং বমন্তাবুরগাবিব।
অন্যোন্যমভিসংরব্ধৌ প্রেক্ষমাণাবরিন্দমৌ ॥২৭॥
উভৌ ভরতশার্দ্দূলৌ বিক্রমেণ সমন্বিতৌ।
সিংহাবিব দুরাধর্ষৌ গদাযুদ্ধে পরন্তপৌ ॥২৮॥

ভারতকৌমুদী

উভাবিতি। ময়ো নাম দানবঃ, বাসবশ্চেন্দ্রস্তয়োঃ। সদৃশং কর্ম্ম যয়োস্তৌ ॥২৩॥
বাস্বিতি। বাসুদেবস্য কৃষ্ণস্য, রামস্য বলদেবস্য, বৈশ্রবণস্য কুবেরস্য ॥২৪॥
উভাবিতি। সুন্দোপসুন্দয়োর্দানবয়োঃ ॥২৫॥
তথেতি। কালস্য যমস্য রুদ্রস্য বা। বাসিতা ঋতুমতী হস্তিনী। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৬॥
উভাবিতি। অভিসংরব্ধৌ সর্বথা সোৎসাহৌ আস্তামিতি শেষঃ ॥২৭॥
উভাবিতি। ভরতশার্দ্দূলৌ ভরতবংশশ্রেষ্ঠৌ ॥২৮॥

দুই জনই ময়দানব ও ইন্দ্রের তুল্য কার্য্য করিতে পারিতেন এবং বরুণের তুল্য কার্য্যকারী ও মহাবল ছিলেন ॥২৩॥

মহারাজ! তাঁহারা যুদ্ধে কৃষ্ণ, বলরাম, কুবের, মধু ও কৈটভের সমান ছিলেন ॥২৪॥

দুই জনই সুন্দ ও উপসুন্দ, রাম ও রাবণ এবং বালি ও সুগ্রীবের সদৃশ কার্য্য করিতে সমর্থ ছিলেন ॥২৫॥

তাঁহারা দুই জনই রুদ্রের তুল্য ও যমের সমান শত্রুসন্তাপকারী ছিলেন এবং দুইটা মত্ত মহাহস্তীর ন্যায় পরস্পরের প্রতি ধাবিত হইয়াছিলেন, আর শরৎকালে ঋতুমতী হস্তিনীর সঙ্গমার্থে দর্পশালী দুইটা হস্তীর ন্যায় মত্ত হইয়া গিয়াছিলেন ॥২৬॥

শত্রুদমনকারী ভীম ও দুর্য্যোধন—সর্প যেমন বিষ উদ্‌গার করে, সেইরূপ ক্রোধ প্রকাশ করিতেছিলেন এবং পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে থাকিয়া সর্ব্বপ্রকারে উৎসাহী হইয়াছিলেন ॥২৭॥

CENTRAL LIBRARY

মত্তাবিব জিগীষন্তৌ মাতঙ্গৌ ভরতর্ষভ ! ।
নখদংষ্ট্রায়ুধৌ বীরৌ ব্যাঘ্রাবিব দুরুৎসহৌ ॥২৯॥
প্রজাসংহরণে ক্ষুব্ধৌ সমুদ্রাবিব দুস্তরৌ ।
লোহিতাঙ্গাবিব ক্রুদ্ধৌ প্রতপন্তৌ মহারথৌ ॥৩০॥
পূর্ব্বপশ্চিমজৌ মেঘৌ বায়ুনা ক্ষুভিতৌ যথা ।
গর্জ্জমানং সুবিষমং ক্ষরন্তৌ প্রাবৃষীব হি ॥৩১॥
রশ্মিযুক্তৌ মহাত্মানৌ দীপ্তিমন্তৌ মহাবলৌ ।
দদৃশাতে কুরুশ্রেষ্ঠৌ কালসূর্য্যাবিবোদিতৌ ॥৩২॥
ব্যাঘ্রাবিব সুসংরব্ধৌ গর্জন্তাবিব তোয়দৌ ।
জহৃষাতে মহাবাহূ সিংহৌ কেশরিণাবিব ॥৩৩॥

ভারতকৌমুদী

মত্তাবিতি। জিগীষন্তৌ পরস্পরং জেতুমিচ্ছন্তৌ। দুরুৎসহৌ পরেষাং দুঃসহৌ ॥২৯॥

প্রজেতি। প্রজাসংহরণে লোকসংহারকালে। লোহিতাঙ্গাবিব দ্বৌ মঙ্গলগ্রহাবিব ॥৩০॥

পূর্ব্বেতি। ক্ষুভিতৌ সঞ্চালিতৌ। ক্ষরন্তৌ বর্ষন্তৌ, প্রাবৃষি বর্ষাকালে। যথাশব্দ-স্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৩১॥

রশ্মীতি। রশ্মিযুক্তৌ কিরণসমন্বিতৌ। কালসূর্য্যৌ প্রলয়কালীনসূর্য্যৌ ॥৩২॥

ব্যাঘ্রাবিতি। সুসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ, তোয়দৌ মেঘৌ। জহৃষাতে যুদ্ধার্থং হৃষ্টৌ, কেশরিণৌ কেশরযুক্তৌ। এতেনোভয়োরুদ্গতঃ তেজঃ আক্ষিপ্যতে ॥৩৩॥

দুই জনই ভরতবংশশ্রেষ্ঠ, বিক্রমসমন্বিত এবং গদাযুদ্ধে সিংহের ন্যায় দুর্দ্ধর্ষ ও শত্রুসন্তাপক ছিলেন ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! তাঁহারা দুই জনই দুইটা মত্তহস্তীর ন্যায় পরস্পর জয় করিবার ইচ্ছা করিতেছিলেন এবং নখ ও দন্তশস্ত্রধারী দুইটা ব্যাঘ্রের ন্যায় অন্যের দুঃসহ ছিলেন ॥২৯॥

তাঁহারা দুই জনই মহারথ এবং প্রলয়কালে উদ্বেলিত দুইটা সমুদ্রের ন্যায় দুস্তর ছিলেন, আর ক্রুদ্ধ দুইটা মঙ্গলগ্রহের ন্যায় পরস্পর সন্তাপ জন্মাইতেছিলেন ॥৩০॥

বর্ষাকালে বায়ুসঞ্চালিত পূর্ব্ব ও পশ্চিমদিগ্‌বর্ত্তী ভীষণ গর্জ্জন ও বর্ষণকারী দুইটা মেঘের ন্যায় তাঁহারা দৃষ্টিগোচর হইতেছিলেন ॥৩১॥

মহাত্মা, মহাবল ও কৌরবশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধন কিরণযুক্ত ও দীপ্তিশালী প্রলয়কালে উদিত দুইটা সূর্য্যের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥৩২॥

---

(৩১)··· মেঘৌ প্রেক্ষমাণামরিন্দমৌ—নি।

গজাবিব সুসংরব্ধৌ জ্বলিতাবিব পাবকৌ।
দদৃশাতে মহাত্মানৌ সশৃঙ্গাবিব পর্ব্বতৌ ॥৩৪॥
রোষাৎ প্রস্ফুরমাণোষ্ঠৌ নিরীক্ষন্তৌ পরস্পরম্।
তৌ সমেতৌ মহাত্মানৌ গদাহস্তৌ নরোত্তমৌ ॥৩৫॥
উভৌ পরমসংহৃষ্টাবুভৌ পরমসম্মতৌ।
সদশ্বাবিব হেষন্তৌ বৃংহন্তাবিব কুঞ্জরৌ ॥৩৬॥
বৃষভাবিব গর্জ্জন্তৌ দুর্য্যোধনবৃকোদরৌ।
দৈত্যাবিব বলোন্মত্তৌ রেজতুস্তৌ নরোত্তমৌ ॥৩৭॥
ততো দুর্য্যোধনো রাজন্নিদমাহ যুধিষ্ঠিরম্।
ভ্রাতৃভিঃ সহিতঞ্চৈব কৃষ্ণেন চ মহাত্মনা ॥৩৮॥

ভারতকৌমুদী

গজাবিতি। পাবকৌ বহ্নিবয়ম্। সশৃঙ্গাবিত্যনেন উন্নতগদয়োঃ সাদৃশ্যমাক্ষিপ্তম্ ॥৩৪॥
রোষাদিতি। প্রস্ফুরমাণোষ্ঠৌ মৃদুস্পন্দমানাধরৌ। সমেতৌ উপগতৌ ॥৩৫॥
উভাবিতি। হেষন্তৌ হেষারবং কুর্ব্বন্তৌ, বৃংহন্তৌ বৃংহিতধ্বনিঞ্চ কুর্ব্বন্তাবাস্তাম্ ॥৩৬॥
বৃষভাবিতি। রেজতুর্বীরশোভয়া শুশুভাতে ॥৩৭॥
তত ইতি। আহ ব্রবীতি স্ম। সহিতং সম্মিলিতম্ ॥৩৮॥

মহাবাহু ভীম ও দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ দুইটা ব্যাঘ্রের ন্যায়, গর্জ্জনকারী দুইটা মেঘের তুল্য এবং কেশরযুক্ত দুইটা সিংহের সদৃশ, পরস্পর হর্ষ প্রকাশ করিতে লাগিলেন ॥৩৩॥

মহাত্মা ভীম ও দুর্য্যোধন অতিশয় ক্রুদ্ধ দুইটা হস্তীর সমান, প্রজ্বলিত দুইটী অগ্নির সদৃশ এবং শৃঙ্গযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥৩৪॥

ক্রোধকম্পিতোষ্ঠ, পরস্পরনিরীক্ষণকারী, মহাত্মা ও নরশ্রেষ্ঠ ভীম এবং দুর্য্যোধন ক্রমে গদাহস্তে পরস্পর নিকটবর্ত্তী হইলেন ॥৩৫॥

তৎকালে হেষারবকারী উত্তম দুইটা অশ্বের ন্যায় এবং বৃংহিতধ্বনিকারী দুইটা হস্তীর তুল্য, বলবীর্য্যে লোকসম্মত, ভীম ও দুর্য্যোধন দুই জনই যুদ্ধার্থে হৃষ্টচিত্ত হইলেন ॥৩৬॥

ক্রমে নরশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধন দুইটা বৃষের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন এবং দুইটা দৈত্যের ন্যায় বলে উন্মত্ত হইয়া উঠিলেন ॥৩৭॥

রাজা! তাহার পর দুর্য্যোধন—মহাত্মা কৃষ্ণ ও ভ্রাতৃগণের সহিত যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩৮॥

CENTRAL LIBRARY

রামেণামিতবীর্য্যেণ বাক্যং শৌটীর্য্যসম্মতম্ ।
কৈকেয়ৈঃ সৃঞ্জয়ৈর্গুপ্তং পাঞ্চালৈশ্চ মহাত্মভিঃ ॥৩৯॥
ইদং ব্যবস্থিতং যুদ্ধং মম ভীমস্য চোভয়োঃ ।
উপোপবিষ্টাঃ পশ্যধ্বং সহৈভির্নৃপপুঙ্গবৈঃ ।
শ্রুত্বা দুর্য্যোধনবচঃ প্রত্যপদ্যন্ত তত্তথা ॥৪০॥
ততঃ সমুপবিষ্টং তৎ সুমহদ্রাজমণ্ডলম্ ।
বিরাজমানং দদৃশে দিবীবাদিত্যমণ্ডলম্ ॥৪১॥
তেষাং মধ্যে মহাবাহুঃ শ্রীমান্ কেশবপূর্ব্বজঃ ।
উপবিষ্টো মহারাজ ! পূজ্যমানঃ সমন্ততঃ ॥৪২॥
শুশুভে রাজমধ্যস্থো নীলবাসাঃ সিতপ্রভঃ ।
নক্ষত্রৈরিব সম্পূর্ণো বৃতো নিশি নিশাকরঃ ॥৪৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রামেণেতি। শৌটীর্য্যসম্মতং ঔদার্য্যেণ প্রিয়ম্ উক্তমিতি শেষঃ। গুপ্তং রক্ষিতম্, যুধিষ্ঠিরং প্রতীতি শেষঃ ॥৩৯॥

তদ্বাক্যার্থমনুবদতি ইদমিতি। উপোপবিষ্টাঃ সন্নিধৌ সন্নিধৌ আসীনাঃ। প্রত্যপদ্যন্ত অন্বতিষ্ঠন্ সর্ব্ব এবেতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তত ইতি। রাজ্ঞাং মণ্ডলং সমূহঃ। দিবি গগনে ॥৪১॥

তেষামিতি। শ্রীমান্ কান্তিমান্। সিতপ্রভঃ শুভ্রকান্তিঃ ॥৪২—৪৩॥

ভারতভাবদীপঃ

পাঠে নিহীনয়া ঘৃণয়া কথমহং ভ্রাতরং বধিষ্যামীত্যেবংরূপয়া করুণয়া রহিতে, অতএব সমরে নিষ্ঠুরত্বং প্রশস্যতে স্বর্গহেতুত্বাৎ ॥১৬—২৬॥ বাসিতাসঙ্গমে এককরিণীসঙ্গমার্থে, দৃপ্তৌ মোহিতৌ ॥২৭—৩০॥ লোহিতাঙ্গৌ দ্বৌ কুঞ্জাবিবেত্যদ্ভুতোপমা ॥৩১—৩৩॥ জহৃষাতে হর্ষং প্রাপতুঃ ॥৩৪—৩৮॥ শৌটীর্য্যসম্মতং গর্ব্বযুক্তম্ ॥৩৯—৪৫॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫১॥

'অমিতশক্তিশালী রাম—মহাত্মা পাঞ্চালগণ, কেকয়গণ ও সৃঞ্জয়গণরক্ষিত যুধিষ্ঠিরের প্রতি ঔদার্য্যসম্মত বাক্যই বলিয়াছেন ॥৩৯॥

সুতরাং আপনারা সকলে নিকটে নিকটে উপবেশন করিয়া, আমার ও ভীমের এই ব্যবস্থিত যুদ্ধ দর্শন করুন'। দুর্য্যোধনের এই কথা শুনিয়া, তখন সকলেই সেইরূপ করিলেন ॥৪০॥

তৎপরে দেখা গেল—উপবিষ্ট রাজসমূহ আকাশে সূর্য্যমণ্ডলের ন্যায় শোভা পাইতেছেন ॥৪১॥

তৌ তথা তু মহারাজ! গদাহস্তৌ সুদুঃসহৌ।
অন্যোন্যং বাগ্‌ভিরুগ্রাভিস্তক্ষমাণৌ ব্যবস্থিতৌ ॥৪৪॥
অপ্রিয়াণি ততোঽন্যোন্যমুক্ত্বা তৌ কুরুসত্তমৌ।
উদীক্ষন্তৌ স্থিতৌ বীরৌ বৃত্রশক্রৌ যথাহবে ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——:০*০:——

বৈশম্পায়ন উবাচ।

ততো বাগ্‌যুদ্ধমভবত্তুমুলং জনমেজয়!।
যত্র দুঃখান্বিতো রাজা ধৃতরাষ্ট্রোঽব্রবীদিদম্ ॥১॥

ভারতকৌমুদী

তাবিতি। সুদুঃসহাবন্যেষাম্। তক্ষমাণৌ খর্ব্বীকুর্ব্বন্তৌ ॥৪৪॥

অপ্রিয়াণীতি। বৃত্রো নামাসুরঃ শক্র ইন্দ্রশ্চ তৌ, আহবে যুদ্ধে ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তত ইতি। বাগ্‌যুদ্ধং ভীমদুর্য্যোধনয়োরিতি শেষঃ। যত্র বাগ্‌যুদ্ধবিষয়ে ॥১॥

মহারাজ! সুন্দরমূর্ত্তি, শুভ্রকান্তি ও নীলবস্ত্রধারী মহাবাহু বলরাম সেই বীরগণ ও রাজগণের মধ্যে উপবিষ্ট থাকিয়া, রাত্রিকালে নক্ষত্রপরিবেষ্টিত পূর্ণচন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন; তখন সকল দিকে সকলেই তাঁহার সম্মান করিতে থাকিল ॥৪২—৪৩॥

মহারাজ! অন্যের পক্ষে অতিদুঃসহ ও গদাধারী ভীম এবং দুর্য্যোধন ভীষণ বাক্যদ্বারা পরস্পর ভর্ৎসনা করিতে থাকিয়া, যুদ্ধের নিয়মে দাঁড়াইলেন ॥৪৪॥

ক্রমে কৌরবশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধন পরস্পর অপ্রিয় বাক্য সকল বলিয়া, রণস্থলে ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় পরস্পর নিরীক্ষণ করিতে থাকিলেন' ॥৪৫॥

(৪৫)…উদীক্ষন্তৌ স্থিতৌ তত্র… নি। * '… পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '…ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

ধিগস্তু খলু মানুষ্যং যস্য নিষ্ঠেয়মীদৃশী ।
একাদশচমূভর্ত্তা যত্র পুত্রো মমানঘ ! ॥২॥
আজ্ঞাপ্য সর্ব্বান্ নৃপতীন্ ভুক্ত্বা চেমাং বসুন্ধরাম্ ।
গদামাদায় চৈকাকী পদাতিঃ প্রস্থিতো রণে ॥৩॥ (যুগ্মকম্)
ভূত্বা হি জগতো নাথো হ্যনাথ ইব মে সুতঃ ।
গদামুদ্যম্য যো যাতি কিমন্যদ্ভাগধেয়তঃ ॥৪॥
অহো দুঃখং মহৎ প্রাপ্তং পুত্রেণ মম সঞ্জয় ! ।
এবমুক্ত্বা সুদুঃখার্ত্তো বিররাম জনাধিপঃ ॥৫॥

সঞ্জয় উবাচ ।

স মেঘনিনদো হর্ষান্নিনদন্নিব গোবৃষঃ ।
আজুহাব তদা পার্থং যুদ্ধায় যুধি বীর্য্যবান্ ॥৬॥

ভারতকৌমুদী

ধিগিতি । মানুষ্যং মনুষ্যত্বম্ ; নিষ্ঠা পরিণামঃ । একাদশচমূভর্ত্তা একাদশাক্ষৌহিণীপতিঃ । পদাতিঃ পাদচারী সন্ ॥২—৩॥

ভূত্বেতি । অনাথো নিঃসহায়ঃ । সর্ব্বমেতদ্দুর্ভাগ্যস্যৈব ফলমিতি ভাবঃ ॥৪॥

অহো ইতি । বিররাম নীরবো বভূব । জনাধিপো ধৃতরাষ্ট্রঃ ॥৫॥

স ইতি । মেঘনিনদো মেঘ ইব গম্ভীরস্বরঃ । গোবৃষো মহাবৃষভঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয় ! তাহার পর ভীম ও দুর্য্যোধনের তুমুল বাগ্‌যুদ্ধ হইল ; যে বিষয়ে রাজা ধৃতরাষ্ট্র দুঃখিত হইয়া, সঞ্জয়কে এই কথা বলিলেন—॥১॥

'নিষ্পাপ সঞ্জয় ! যাহার পরিণাম এইরূপ সেই মনুষ্যত্বকে ধিক্, যেহেতু আমার পুত্র দুর্য্যোধন একাদশাক্ষৌহিণীর পতি হইয়া, এ যাবৎ সমস্ত রাজাকে আদেশ দিয়া এবং এই পৃথিবী ভোগ করিয়া, পরে গদা লইয়া একাকী পাদচারে রণস্থলে গমন করিয়াছিলেন ॥২—৩॥

আমার যে পুত্র পৃথিবীর নাথ হইয়াও অনাথের ন্যায় একাকী গদা লইয়া গমন করেন, তাহার এই বিষয়ে দুর্ভাগ্য ভিন্ন অন্য কোন্ কারণ বলা যাইতে পারে ॥৪॥

হায় সঞ্জয় ! আমার পুত্র গুরুতর দুঃখই পাইয়াছেন' । রাজা ধৃতরাষ্ট্র অত্যন্ত দুঃখিত হইয়া, এইরূপ বলিয়া বিরত হইলেন ॥৫॥

সঞ্জয় বলিলেন—'তখন মেঘের ন্যায় গম্ভীরস্বর ও বলবান্ দুর্য্যোধন আনন্দ-

---

(৩)···গদামাদায় বেগেন··পি বঙ্গ বর্দ্ধ ।

ভীমমাহ্বয়মানে তু কুরুরাজে মহাত্মনি।
প্রাদুরাসন্ সুঘোরাণি রূপাণি বিবিধান্যুত ॥৭॥
ববুর্বাতাঃ সনির্ঘাতাঃ পাংশুবর্ষং পপাত চ।
বভূবুশ্চ দিশঃ সর্ব্বাস্তিমিরেণ সমাবৃতাঃ ॥৮॥
মহাস্বনাঃ সনির্ঘাতাস্তুমুলা লোমহর্ষণাঃ।
পেতুস্তথোল্কাঃ শতশঃ স্ফোটয়ন্ত্যো নভস্তলাৎ ॥৯॥
রাহুশ্চাগ্রসদাদিত্যমপর্ব্বণি বিশাংপতে!।
চকম্পে চ মহাকম্পং পৃথিবী সবনদ্রুমা ॥১০॥
রূক্ষাশ্চ বাতাঃ প্রববুর্নীচৈঃ শর্করবর্ষিণঃ।
গিরীণাং শিখরাণ্যেব ন্যপতন্ত মহীতলে ॥১১॥

ভারতকৌমুদী

ভীমমিতি। রূপাণি দুর্লক্ষণানি। উতশব্দঃ পাদপূরণে ॥৭॥

ববুরিতি। নির্ঘাতেন বাতাহতবাতপাতেন সহেতি তে, পাংশুবর্ষং ধূলিবৃষ্টিঃ ॥৮॥

মহেতি। স্ফোটয়ন্ত্যো ভুবং বিদারয়ন্ত্য ইব ॥৯॥

রাহুরিতি। অপর্ব্বণি অমাবস্যারূপপর্ব্বণ এব অনির্দ্দিষ্টকালে। তত্তিথেরমাবস্যাত্বেন পর্ব্বরূপত্বাৎ "অমাবস্যান্তু সায়াহ্নে রাজা দুর্য্যোধনো হতঃ" ইতি ভারতসাবিত্র্যুক্তেঃ। অমাবস্যাপ্রতিপৎসন্ধিক্ষণো হি গ্রহণকালো জ্যোতিষশাস্ত্রে নির্দ্দিষ্টো দ্রষ্টব্যঃ। মহান্ কম্পশ্চলনং যস্মিন্ কর্ম্মণি তত্তথা ॥১০॥

সহকারে মহাবৃষের ন্যায় গর্জ্জন করিয়া, যুদ্ধ করিবার জন্য ভীমসেনকে আহ্বান করিলেন ॥৬॥

মহাবল দুর্য্যোধন যুদ্ধে ভীমসেনকে আহ্বান করিলে, অতিভীষণ নানাবিধ দুর্লক্ষণ সকল আবির্ভূত হইতে লাগিল ॥৭॥

(বায়ুকর্ত্তৃক আহত বায়ুপতনের নাম—নির্ঘাত) নির্ঘাতের সহিত বায়ু বহিতে লাগিল, ধূলিবৃষ্টি হইতে থাকিল এবং সমস্ত দিক্‌ই অন্ধকারে আবৃত হইয়া গেল ॥৮॥

বিশালশব্দকারী, তুমুল ও লোমহর্ষণ শত শত উল্কা ভূতল যেন বিদীর্ণ করিতে থাকিয়া, আকাশ হইতে পড়িতে লাগিল ॥৯॥

নরনাথ! রাহু অমাবস্যার অনির্দ্দিষ্টকালে আসিয়া সূর্য্যকে গ্রাস করিল এবং বনবৃক্ষের সহিত ভূমি কাঁপিতে লাগিল; তাহাতে ভূমিস্থিত সকল পদার্থেরই মহাকম্পন হইতে থাকিল ॥১০॥

(৮)···সুনির্ঘাতাঃ···পি বঙ্গ বর্দ্ধ। (৯)···সুনির্ঘাতাঃ···নি। (১১) দীপ্তাশ্চ বাতাঃ ···পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

মৃগা বহুবিধাকারাঃ সংপতন্তি দিশো দশ।
দীপ্তাঃ শিবাশ্চাপ্যনদন্ ঘোররূপাঃ সুদারুণাঃ ॥১২॥
নির্ঘাতাশ্চ মহাঘোরা বভূবুর্লোমহর্ষণাঃ।
দীপ্তায়াং দিশি রাজেন্দ্র! মৃগাশ্চাশুভবেদিনঃ ॥১৩॥
উদপানগতাশ্চাপো ব্যবর্দ্ধন্ত সমন্ততঃ।
অশরীরা মহানাদাঃ শ্রূয়ন্তে স্ম তদা নৃপ! ॥১৪॥
এবমাদীনি দৃষ্ট্বাথ নিমিত্তানি বৃকোদরঃ।
উবাচ ভ্রাতরং জ্যেষ্ঠং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥১৫॥
নৈষ শক্তো রণে জেতুং মন্দাত্মা মাং সুযোধনঃ।
অদ্য ক্রোধং বিমোক্ষ্যামি নিগূঢ়ং হৃদয়ে চিরম্ ॥১৬॥

ভারতকৌমুদী

রূক্ষা ইতি। রূক্ষা অশীতলাঃ। শর্করবর্ষিণঃ অতিক্ষুদ্রপ্রস্তরখণ্ডবর্ষিণঃ ॥১১॥
মৃগা ইতি। সংপতন্তি বিচরন্তি স্ম। দীপ্তা জ্বলিতবদনাঃ, শিবাঃ শৃগালাঃ ॥১২॥
নির্ঘাতা ইতি। দীপ্তায়াং দাহেন রক্তবর্ণায়াম্। অশুভবেদিনঃ অমঙ্গলসূচকাঃ ॥১৩॥
উদেতি। উদপানগতা জলাশয়স্থিতাঃ, আপো জলম্। অশরীরা অশরীরিপ্রযুক্তাঃ ॥১৪॥
এবমিতি। নিমিত্তানি দুর্লক্ষণানি। এতানি তু দুর্য্যোধনং প্রত্যেবেতি ভাবঃ ॥১৫॥

শর্করবর্ষী রূক্ষ বায়ু নীচ দিয়া বহিতে লাগিল এবং পর্ব্বতশৃঙ্গসকল ভূতলে পতিত হইতে থাকিল ॥১১॥

নানাবিধমূর্ত্তি হরিণ সকল দশ দিকে বিচরণ করিতে লাগিল এবং উজ্জ্বলমুখ ও ভীষণমূর্ত্তি শৃগালসমূহ ভয়ঙ্কর রব করিতে থাকিল ॥১২॥

রাজশ্রেষ্ঠ! অতিভয়ঙ্কর ও লোমহর্ষণ নির্ঘাত হইতে লাগিল এবং অমঙ্গলসূচক পশুগণ রক্তবর্ণ দিকে বিচরণ করিতে থাকিল ॥১৩॥

রাজা! সকল দিকের জলাশয়ের জল স্ফীত হইয়া উঠিল এবং আকস্মিক বিশাল শব্দ সকল শুনা যাইতে লাগিল ॥১৪॥

তাহার পর এই সকল দুর্লক্ষণ দেখিয়া, ভীমসেন জ্যেষ্ঠভ্রাতা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৫॥

'এই অল্পবুদ্ধি দুর্য্যোধন যুদ্ধে আমাকে জয় করিতে সমর্থ হইবে না। কিন্তু চিরকাল আমি যে ক্রোধ হৃদয়ে লুকায়িত রাখিয়াছিলাম, আজ তাহা প্রকাশ করিব ॥১৬॥

(১৩)···মৃগাশ্চাশুভবাদিনঃ—পি নি। (১৪) ইতঃপ্রভৃতি দাক্ষিণাত্যপুস্তকে মহান্ পাঠভেদো বর্ত্ততে।

সুযোধনে কৌরবেন্দ্রে খাণ্ডবে পাবকো যথা।
শল্যমদ্যোদ্ধরিষ্যামি তব পাণ্ডব! হৃচ্ছয়ম্ ॥১৭॥
নিহত্য গদয়া পাপমিমং কুরুকুলাধমম্।
অদ্য কীর্ত্তিময়ীং মালাং প্রতিমোক্ষ্যাম্যহং ত্বয়ি ॥১৮॥
হত্বেমং পাপকর্ম্মাণং গদয়া রণমূর্দ্ধনি।
অদ্যাস্য শতধা দেহং ভিনদ্মি গদয়ানয়া।
নায়ং প্রবেষ্টা নগরং পুনর্বারণসাহ্বয়ম্ ॥১৯॥
সর্পোৎসর্গস্য শয়নে বিষদানস্য ভোজনে।
প্রমাণকোট্যাং পাতস্য দাহস্য জতুবেশ্মনি ॥২০॥
সভায়ামবহাসস্য সর্বস্বহরণস্য চ।
বর্ষমজ্ঞাতবাসস্য বনবাসস্য চানঘ! ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। মন্দাত্মা অল্পবুদ্ধিঃ, অসম্ভাব্যবিষয়ে লোভকরণাদিত্যাশয়ঃ ॥১৬॥
সুযোধন ইতি। শল্যং কোপশেলম্। হৃদি শেতে বর্ত্তত ইতি হৃচ্ছয়ম্ ॥১৭॥
নিহত্যেতি। কীর্ত্তিময়ীং কীর্ত্তিরূপাম্, প্রতিমোক্ষ্যামি পরিধাপয়িষ্যামি ॥১৮॥
হত্বেতি। প্রবেষ্টা প্রবেক্ষ্যতি, বারণসাহ্বয়ং হস্তিনাখ্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥
সর্পেতি। শয়নে মম শয্যায়াম্, সর্পোৎসর্গস্য মম দংশায় সর্পনিক্ষেপস্য, ভোজনে মম খাদ্যে, বিষদানস্য গরলমিশ্রণস্য। প্রমাণকোট্যাং তদাখ্যস্থানে পাতস্য নিদ্রিতস্য মে জলে

পাণ্ডুনন্দন! খাণ্ডববনে যেমন অগ্নি ছিল, সেইরূপ এযাবৎ কুরুরাজ দুর্য্যোধনের বিষয়ে আপনার হৃদয়ে যে ক্রোধশেল ছিল, তাহা আজ আমি উদ্ধার করিব ॥১৭॥

গদাদ্বারা আজ এই কুরুকুলাধম পাপাত্মাকে বধ করিয়া, আপনার কণ্ঠে কীর্ত্তিময়ী মালা পড়াইয়া দিব ॥১৮॥

আজ এই গদাদ্বারা পাপকর্ম্মা দুর্য্যোধনকে বধ করিয়া, উহার দেহটাকে শত ভাগে বিচ্ছিন্ন করিব; এই দুরাত্মা আর হস্তিনানগরে প্রবেশ করিতে পারিবে না ॥১৯॥

নিষ্পাপ ভরতবংশশ্রেষ্ঠ! আমার শয্যায় সর্পনিক্ষেপ, আমার খাদ্যে বিষমিশ্রণ, প্রমাণকোটীগ্রামে আমাকে নিদ্রিত অবস্থায় জলে নিক্ষেপ, জতুগৃহে আমাদিগকে দগ্ধ করিবার উপক্রম, দ্যূতসভায় আমাদিগকে উপহাস, আমাদের সর্ব্বস্ব হরণ, দ্বাদশ বৎসর বনবাস এবং এক বৎসর অজ্ঞাতবাস—এই সকল ব্যাপার দীর্ঘকালের

CENTRAL LIBRARY

অদ্যান্তমেষাং দুঃখানাং গন্তাহং ভরতর্ষভ ! ।
একাহ্না বিনিহত্যেমং ভবিষ্যাম্যাত্মনোঽনৃণঃ ॥২২॥ (বিশেষকম্)
অদ্যায়ুর্ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেরকৃতাত্মনঃ ।
সমাপ্তং ভরতশ্রেষ্ঠ ! মাতাপিত্রোশ্চ দর্শনম্ ॥২৩॥
অদ্য সৌখ্যন্তু রাজেন্দ্র ! কুরুরাজস্য দুর্ম্মতেঃ ।
সমাপ্তঞ্চ মহারাজ ! নারীণাং দর্শনং পুনঃ ॥২৪॥
অদ্যায়ং কুরুরাজস্য শান্তনোঃ কুলদূষণঃ ।
প্রাণান্ শ্রিয়ঞ্চ রাজ্যঞ্চ ত্যক্ত্বা শেষ্যতি ভূতলে ॥২৫॥
রাজা চ ধৃতরাষ্ট্রোঽদ্য শ্রুত্বা পুত্রং নিপাতিতম্ ।
স্মরিষ্যত্যশুভং কর্ম্ম যত্তচ্ছকুনিবুদ্ধিজম্ ॥২৬॥
ইত্যুক্ত্বা রাজশার্দ্দূল ! গদামাদায় বীর্য্যবান্ ।
অবাতিষ্ঠত যুদ্ধায় শক্রো বৃত্রমিবাহ্বয়ন্ ॥২৭॥

ভারতকৌমুদী

নিক্ষেপস্য, দাহস্য দাহোপক্রমস্য। সভায়াং দ্যূতপরিষদি, অবহাসস্য উপহাসস্য, বর্ষমেকবৎসরং যাবৎ; দ্বাদশবর্ষাণি যাবৎ বনবাসস্য। এতে বৃত্তান্তাঃ প্রাগ্ দ্রষ্টব্যাঃ। গন্তা গমিষ্যামি ॥২০—২২॥

অদ্যেতি। অকৃতাত্মনঃ অশিক্ষিতবুদ্ধেঃ ॥২৩॥

অদ্যেতি। সৌখ্যং রাজ্যসুখভোগঃ। সমাপ্তং মৃত্যুনা গ্রাসাৎ ॥২৪॥

অদ্যেতি। শ্রিয়ং সম্পদম, শেষ্যতি শেষ্যতে শয়নং করিষ্যতীত্যর্থঃ ॥২৫॥

রাজেতি। অশুভং জগতামমঙ্গলকরম, কর্ম্ম অস্মন্নির্বাসনাদিকম্ ॥২৬॥

চেষ্টায় করিয়া, দুর্য্যোধন আমাদিগকে যে দুঃখ দিয়াছে ; আজ এই সেই দুর্য্যোধনকে বধ করিয়া, আমি এক দিনেই সেই সকল দুঃখের অবসান করিব এবং নিজের নিকট অনৃণী হইব ॥২০—২২॥

ভরতশ্রেষ্ঠ ! আজ দুর্ম্মতি ও অশিক্ষিতবুদ্ধি দুর্য্যোধনের আয়ু ও মাতাপিতার দর্শন সমাপ্ত হইবে ॥২৩॥

রাজশ্রেষ্ঠ মহারাজ ! আজ দুর্ম্মতি দুর্য্যোধনের রাজ্যসুখভোগ ও রমণীগণের দর্শন শেষ হইবে ॥২৪॥

আজ কুরুরাজ শান্তনুর বংশদূষক এই পাপাত্মা প্রাণ, সম্পদ ও রাজ্য পরিত্যাগ করিয়া, ভূতলে শয়ন করিবে ॥২৫॥

আজ রাজা ধৃতরাষ্ট্র পুত্রকে নিহত শ্রবণ করিয়া—শকুনির বুদ্ধিপ্রযুক্ত যে সকল কার্য্য করিয়াছিলেন, সেই সকল অমঙ্গলজনক কার্য্য স্মরণ করিবেন' ॥২৬॥

(২৭)···অভ্যতিষ্ঠত যুদ্ধায়···নি।

তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
ভীমসেনঃ পুনঃ ক্রুদ্ধো দুর্য্যোধনমুবাচ হ ॥২৮॥
রাজ্ঞশ্চ ধৃতরাষ্ট্রস্য তথা ত্বমপি চাত্মনঃ।
স্মর তদ্দুষ্কৃতং কর্ম্ম যদ্বৃত্তং বারণাবতে ॥২৯॥
দ্রৌপদী চ পরিক্লিষ্টা সভামধ্যে রজস্বলা।
দ্যূতেন বঞ্চিতো রাজা যত্ত্বয়া সৌবলেন চ ॥৩০॥
বনে দুঃখঞ্চ যৎপ্রাপ্তমস্মাভিস্ত্বৎকৃতং মহৎ।
বিরাটনগরে চৈব যোন্যন্তরগতৈরিব।
তৎ সর্ব্বং যাতয়াম্যদ্য দিষ্ট্যা দৃষ্টোঽসি দুর্ম্মতে! ॥৩১॥
ত্বৎকৃতেঽসৌ হতঃ শেতে শরতল্পে প্রতাপবান্।
গাঙ্গেয়ো রথিনাং শ্রেষ্ঠো রথিনা যাজ্ঞসেনিনা ॥৩২॥

ভারতকৌমুদী

ইতীতি। অবাতিষ্ঠত ভীমসেনঃ। আহ্বয়ন্ দুর্য্যোধনমিতি শেষঃ ॥২৭॥

তমিতি। উদ্যতা উত্তোলিতা গদা যেন তম্, অতএব শৃঙ্গিণং শৃঙ্গবন্তং কৈলাসমিব স্থিতম্ ॥২৮॥

রাজ্ঞ ইতি। বৃত্তং জাতম, অস্মাকং জতুগৃহে দাহচেষ্টিতমিত্যর্থঃ ॥২৯॥

দ্রৌপদীতি। রাজা যুধিষ্ঠিরঃ, সৌবলেন শকুনিনা, তদপি স্মরেতি ভাবঃ ॥৩০॥

বন ইতি। যাতয়ামি প্রতিশোধয়ামি, দিষ্ট্যা ভাগ্যেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

রাজশ্রেষ্ঠ! এই কথা বলিয়া, বলবান্ ভীমসেন গদা লইয়া—পূর্ব্বে ইন্দ্র যেমন বৃত্রাসুরকে আহ্বান করিয়াছিলেন, সেইরূপ দুর্য্যোধনকে আহ্বান করিয়া, যুদ্ধের জন্য অবস্থান করিলেন ॥২৭॥

দুর্য্যোধন গদা উত্তোলন করিয়া, শৃঙ্গযুক্ত কৈলাসপর্ব্বতের ন্যায় দাঁড়াইয়া রহিয়াছেন দেখিয়া, ভীমসেন ক্রুদ্ধ হইয়া, পুনরায় তাঁহাকে বলিলেন—॥২৮॥

'দুরাত্মা দুর্য্যোধন! বারণাবতনগরে যাহা ঘটিয়াছিল, রাজা ধৃতরাষ্ট্রের ও তোমার সেই দুষ্কার্য্য এখন স্মরণ কর ॥২৯॥

তুমি ও শকুনি দ্যূতসভামধ্যে রজস্বলা দ্রৌপদীর যে কষ্ট দিয়াছিলে এবং রাজা যুধিষ্ঠিরকে দ্যূতক্রীড়ায় যে প্রতারণা করিয়াছিলে, তাহা এখন স্মরণ কর ॥৩০॥

দুর্ম্মতি! আমরা তোমার প্রদত্ত যে বনবাসের মহাদুঃখ পাইয়াছি এবং জন্মান্তর প্রাপ্ত হইয়াই যেন বিরাটনগরে যে অজ্ঞাতবাসের কষ্ট ভোগ করিয়াছি; আজ সেই সমস্ত দুঃখ-কষ্টেরই প্রতিশোধ দিব। কেন না, ভাগ্যবশতই তুমি আজ আমার দৃষ্টিগোচর হইয়াছ ॥৩১॥

(৩১)··· তৎ সর্ব্বং পাতয়াম্যদ্য···নি। (৩২)···নিহতো যাজ্ঞসেনিনা—পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

হতো দ্রোণশ্চ কর্ণশ্চ তথা শল্যঃ প্রতাপবান্।
বৈরাগ্নেরাদিকর্ত্তাসৌ শকুনিঃ সৌবলো হতঃ ॥৩৩॥
প্রাতিকামী তথা পাপো দ্রৌপদ্যাঃ ক্লেশকৃদ্ধতঃ।
ভ্রাতরস্তে হতাঃ সর্ব্বে শূরা বিক্রান্তযোধিনঃ ॥৩৪॥
এতে চান্যে চ বহবো নিহতাস্ত্বৎকৃতে নৃপাঃ।
ত্বামদ্য নিহনিষ্যামি গদয়া নাত্র সংশয়ঃ ॥৩৫॥
ইত্যেবমুচ্চৈ রাজেন্দ্র! ভাষমাণং বৃকোদরম্।
উবাচ বীতভী রাজন্! পুত্রস্তে সত্যবিক্রমঃ ॥৩৬॥
কিং কত্থিতেন বহুনা যুধ্যস্ব ত্বং বৃকোদর!।
অদ্য তেঽহং বিনেষ্যামি যুদ্ধশ্রদ্ধাং কুলাধম! ॥৩৭॥

ভারতকৌমুদী

ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তম্, শরতল্পে শরশয্যায়াম্। যাজ্ঞসেনিনা শিখণ্ডিনা ॥৩২॥
হত ইতি। আদিশ্চাসৌ কর্ত্তা চেতি সঃ, সৌবলঃ সুবলপুত্রঃ ॥৩৩॥
প্রাতীতি। প্রাতিকামী নাম দুর্য্যোধনস্য কশ্চিদনুচরঃ ॥৩৪॥
এত ইতি। অন্যে ভগদত্তাদয়ঃ, ত্বৎকৃতে ত্বন্নিমিত্তম্ ॥৩৫॥
ইতীতি। বীতভীস্ত্যক্তভয়ঃ, বীতভীত্বাৎ সত্যবিক্রমত্বাচ্চৈবং ব্যবহার ইতি ভাবঃ ॥৩৬॥

প্রতাপশালী ও রথিশ্রেষ্ঠ ভীষ্ম তোমার জন্যই শিখণ্ডিকর্ত্তৃক আহত হইয়া ঐ শরশয্যায় শয়ন করিয়া রহিয়াছেন ॥৩২॥

দ্রোণ, কর্ণ, প্রতাপশালী শল্য এবং বৈরানলের প্রথম প্রবর্ত্তক সুবলপুত্র শকুনিও নিহত হইয়াছেন ॥৩৩॥

দ্রৌপদীর ক্লেশদাতা পাপাত্মা প্রাতিকামী নিহত হইয়াছে এবং বীর ও বিক্রম-সহকারে যুদ্ধকারী তোমার ভ্রাতারাও নিহত হইয়াছে ॥৩৪॥

দুর্য্যোধন! তোর জন্যই এই সকল রাজা এবং অন্যান্য বহুতর রাজাও যুদ্ধে নিহত হইয়াছেন; আজ তোকেও বধ করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ রাজা! ভীমসেন উচ্চস্বরে এইরূপ বলিতে লাগিলে, নির্ভয়চিত্ত ও যথার্থবিক্রমশালী আপনার পুত্র দুর্য্যোধন বলিলেন—॥৩৬॥

'কুরুকুলাধম বৃকোদর! বহু আত্মশ্লাঘা করিবার প্রয়োজন কি? তুই যুদ্ধ কর, আজ আমি তোর যুদ্ধের লালসা দূর করিব ॥৩৭॥

---

(৩৫)···নিহতাস্ত্বৎকৃতে রণে···পি। (৩৬) ইতঃপ্রভৃতি দাক্ষিণাত্যপুস্তকে মহান্ পাঠভেদো বর্ত্ততে।

নৈব দুর্য্যোধনঃ ক্ষুদ্র ! কেনচিত্ত্বদ্বিধেন বৈ।
শক্যস্ত্রাসয়িতুং বাচা যথান্যঃ প্রাকৃতো নরঃ ॥৩৮॥
চিরকালেপ্সিতং দিষ্ট্যা হৃদয়স্থমিদং মম।
ত্বয়া সহ গদাযুদ্ধং ত্রিদশৈরুপপাদিতম্ ॥৩৯॥
কিং বাচা বহুনোক্তেন কথিতেন চ দুর্ম্মতে !।
বাণী সম্পাদ্যতামেষা কর্ম্মণা মা চিরং কৃথাঃ ॥৪০॥
তস্য তদ্বচনং শ্রুত্বা সর্ব্ব এবাভ্যপূজয়ন্।
রাজানঃ সোমকাশ্চৈব যে তত্রাসন্ সমাগতাঃ ॥৪১॥
ততঃ সংপূজিতঃ সর্ব্বৈঃ সংপ্রহৃষ্টতনূরুহঃ।
ভূয়ো ধীরাং মতিঞ্চক্রে যুদ্ধায় কুরুনন্দনঃ ॥৪২॥
তং মত্তমিব মাতঙ্গং তলশব্দৈর্নরাধিপাঃ।
ভূয়ঃ সংহর্ষয়াঞ্চক্রুর্দুর্য্যোধনমমর্ষণম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

কিমিতি। কথিতেন আত্মশ্লাঘাকরণেন। বিনেষ্যামি বিনাশয়িষ্যামি ॥৩৭॥
নেতি। বাচা বাক্মাত্রেণ, প্রাকৃতঃ সাধারণঃ ॥৩৮॥
চিরেতি। দিষ্ট্যা ভাগ্যেন। ত্রিদশৈর্দেবৈঃ, উপপাদিতং সঙ্ঘটিতম্ ॥৩৯॥
কিমিতি। বাণী বচনার্থঃ, মা চিরং কৃথা বিলম্বং ন কুরুষ্ব ॥৪০॥
তস্যেতি। অভ্যপূজয়ন্ প্রাশংসন্, একাকিত্বেঽপি মহাবীরতয়া নির্ভয়ত্বাদিতি ভাবঃ ॥৪১॥
তত ইতি। সংপ্রহৃষ্টানি হর্ষাবুদ্গতানি তনূরুহাণি লোমানি যস্য সঃ ॥৪২॥

অরে ক্ষুদ্র ! তুই বা তোর মত অন্য কোন্ লোক যে ভাবে কেবল বাক্যদ্বারা সামান্য ব্যক্তির ভয় উৎপাদন করে, সে ভাবে দুর্য্যোধনের ভয় উৎপাদন করিতে পারিবি না ॥৩৮॥

আমি চিরকালই তোর সহিত গদাযুদ্ধ করিবার ইচ্ছা করিয়া আসিতেছি; আজ ভাগ্যবশতঃ দেবতারা তাহা ঘটাইয়া দিয়াছেন ॥৩৯॥

দুর্ম্মতি ভীম ! কেবল বাক্যদ্বারা বহুবিষয় বলিবার বা গর্ব্ব প্রকাশ করিবার প্রয়োজন কি ? এখন কর্ম্মদ্বারা এই বাক্য সফল কর্, বিলম্ব করিস্ না' ॥৪০॥

দুর্য্যোধনের সেই বাক্য শুনিয়া, রাজারা, সোমকেরা এবং অন্যান্য যাঁহারা সেখানে উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥৪১॥

তাহার পর সকলে প্রশংসা করিলে, দুর্য্যোধনের দেহে রোমাঞ্চ উৎপন্ন হইল, তখন তিনি পুনরায় যুদ্ধে বুদ্ধি স্থির করিলেন ॥৪২॥

(৪৩) উন্মত্তমিব মাতঙ্গং···পি।

তং মহাত্মা মহাত্মানং গদামুদ্যম্য পাণ্ডবঃ।
অভিদুদ্রাব বেগেন ধার্ত্তরাষ্ট্রং বৃকোদরঃ ॥৪৪॥
বৃংহন্তি কুঞ্জরাস্তত্র হয়া হেষন্তি চাসকৃৎ।
শস্ত্রাণি চাপ্যদীপ্যন্ত পাণ্ডবানাং জয়ৈষিণাম্ ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি
গদাযুদ্ধে গদাযুদ্ধারম্ভে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——:০*০:——

সঞ্জয় উবাচ।
ততো দুর্য্যোধনো দৃষ্ট্বা ভীমসেনং তথাগতম্।
প্রত্যুদ্যযাবদীনাত্মা বেগেন মহতা নদন্ ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। তলশব্দৈঃ করতলধ্বনিভিঃ। এতেনেদানীমিব তদানীমপি হর্ষে করতলধ্বনিকরণব্যবহার আসীদিতি প্রতীয়তে। অমর্ষণমসহিষ্ণুম্ ॥৪৩॥

তমিতি। উদ্যম্য উত্তোল্য। অভিদুদ্রাব অভিদধাব ॥৪৪॥

বৃংহন্তীতি। বৃংহন্তি বৃংহিতধ্বনিং কুর্ব্বন্তি স্ম, হেষন্তি হেষারবং কুর্ব্বতে স্ম ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তত ইতি। আগতমাগচ্ছন্তম্। অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥১॥

পরে রাজারা করতলধ্বনিদ্বারা মত্তহস্তীর ন্যায় অসহিষ্ণু দুর্য্যোধনকে আরও আনন্দিত করিলেন ॥৪৩॥

তখন মহাবল পাণ্ডুনন্দন ভীমসেন গদা উত্তোলন করিয়া, মহাবল দুর্য্যোধনের অভিমুখে বেগে ধাবিত হইলেন ॥৪৪॥

তৎকালে হস্তী সকল বৃংহিতধ্বনি ও অশ্বগণ হেষারব করিতে লাগিল এবং জয়াভিলাষী পাণ্ডবগণের উত্তোলিত অস্ত্রগুলি উজ্জ্বল হইয়া উঠিল' ॥৪৫॥

(৪৫)…শস্ত্রাণি চাভ্যদীপ্যন্ত…পি। * '…ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '…সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

সমাপেততুরন্যোন্যং শৃঙ্গিণৌ গোবৃষাবিব।
মহানির্ঘাতঘোষশ্চ প্রহারাণামজায়ত ॥২॥
অভবচ্চ তয়োর্যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
জিগীষতোর্যুধান্যোন্যমিন্দ্রপ্রহ্লাদয়োরিব ॥৩॥
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গৌ গদাহস্তৌ মনস্বিনৌ।
দদৃশাতে মহাত্মানৌ পুষ্পিতাবিব কিংশুকৌ ॥৪॥
তথা তস্মিন্মহাযুদ্ধে বর্ত্তমানে সুদারুণে।
খদ্যোতসংঘৈরিব খং দর্শনীয়ং ব্যরোচত ॥৫॥
তথা তস্মিন্ বর্ত্তমানে সঙ্কুলে তুমুলে ভৃশম্।
উভাবপি পরিশ্রান্তৌ যুধ্যমানাবরিন্দমৌ ॥৬॥

ভারতকৌমুদী

সমিতি। গোবৃষৌ মহাবৃষভৌ। মহান্ যো নির্ঘাতো বাতাহতবাতপাতস্তস্যেব ঘোষঃ ॥২॥

অভবদিতি। জিগীষতোর্জেতুমিচ্ছতোঃ, যুধা যুদ্ধেন ॥৩॥

রুধিরেতি। রুধিরেণ উক্ষিতানি সিক্তানি সর্ব্বাণ্যঙ্গানি যয়োস্তৌ ॥৪॥

তথেতি। খদ্যোতসংঘৈর্জ্যোতিরিঙ্গণগণৈঃ, গদাভ্যামগ্নিকণনির্গমাৎ ॥৫॥

তথেতি। সঙ্কুলে ঘনপ্রহারব্যাপ্তে যুদ্ধে। পরিশ্রান্তাবভবতাম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর ভীমসেন সেইভাবে আসিতেছেন দেখিয়া, দুর্য্যোধন অকাতরচিত্তে গর্জ্জন করিতে করিতে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১॥

ক্রমে তাঁহারা শৃঙ্গযুক্ত দুইটা মহাবৃষের ন্যায় পরস্পরের উপরে পতিত হইলেন এবং মহানির্ঘাতশব্দের ন্যায় তাঁহাদের গদাপ্রহারের শব্দ হইতে লাগিল ॥২॥

পূর্ব্বকালে পরস্পর জয়াভিলাষী ইন্দ্র ও প্রহ্লাদের যেমন যুদ্ধ হইয়াছিল, সেইরূপ তখন পরস্পর জয়াভিলাষী ভীম ও দুর্য্যোধনের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে থাকিল ॥৩॥

তখন রক্তাক্তগাত্র, মহাবল, গদাধারী এবং অকাতরচিত্ত ভীম ও দুর্য্যোধন পুষ্পসমন্বিত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৪॥

অতিদারুণ সেই মহাযুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, গগনমণ্ডল খদ্যোতসমূহের ন্যায় অগ্নিস্ফুলিঙ্গে সুদৃশ্য হইয়া প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

তুমুল ও সঙ্কুল সেই যুদ্ধ গুরুতরভাবে চলিতে লাগিলে, শত্রুদমনকারী ভীম ও দুর্য্যোধন দুই জনই ক্রমে পরিশ্রান্ত হইয়া পড়িলেন ॥৬॥

(৩)·· জিগীষতোর্যথান্যোন্যং·· নি।

CENTRAL LIBRARY

তৌ মুহূর্ত্তং সমাশ্বস্য পুনরেব পরন্তপৌ।
সংপ্রহারয়তাং চিত্রে সংপ্রগৃহ্য গদে শুভে ॥৭॥
তৌ তু দৃষ্ট্বা মহাবীর্য্যৌ সমাশ্বস্তৌ নরর্ষভৌ।
বলিনৌ বারণৌ যদ্বদ্বাসিতার্থে মদোৎকটৌ ॥৮॥
সমানবীর্য্যৌ সংপ্রেক্ষ্য প্রগৃহীতগদাবুভৌ।
বিস্ময়ং পরমং জগ্মুর্দেবগন্ধর্ব্বমানবাঃ ॥৯॥ (যুগ্মকম্)
প্রগৃহীতগদৌ দৃষ্ট্বা দুর্য্যোধনবৃকোদরৌ।
সংশয়ঃ সর্ব্বভূতানাং বিজয়ে সমপদ্যত ॥১০॥
সমাগম্য ততো ভূয়ো ভ্রাতরৌ বলিনাং বরৌ।
অন্যোন্যস্যান্তরং প্রেপ্সূ প্রচক্রাতেঽন্তরং প্রতি ॥১১॥
যমদণ্ডোপমাং গুর্ব্বীমিন্দ্রাশনিমিবোদ্যতাম্।
দদৃশুঃ প্রেক্ষকা রাজন্! রৌদ্রীং বিশসনীং গদাম্ ॥১২॥

ভারতকৌমুদী

তাবিতি। সংপ্রহারয়তাং সম্যক্প্রহারমকুরুতাম্, অড়াগমাভাব ইন্প্রত্যয়শ্চাযৌ ॥৭॥

তাবিতি। বারণৌ গজৌ, বাসিতার্থে ঋতুমত্যা হস্তিন্যাঃ সঙ্গমার্থে, মদোৎকটৌ কামমদেন বলমদেন চ উন্মত্তৌ। প্রগৃহীতে গদে যাভ্যাং তৌ ॥৮—৯॥

প্রেতি। সর্ব্বভূতানাং তত্রত্যসর্ব্বজনানাম্। সমপদ্যত সমজায়ত ॥১০॥

সমিতি। অন্তরং প্রহারাবকাশম, প্রচক্রাতে দৃষ্টিমিতি শেষঃ ॥১১॥

যমেতি। অশনিং বজ্রম্। বিশস্যতে হিংস্যতে অনয়েতি তাম্ ॥১২॥

পরে শত্রুসন্তাপকারী ভীম ও দুর্য্যোধন কিয়ৎকাল বিশ্রাম করিয়া, বিচিত্র ও সুন্দর দুইটী গদা ধারণ করিয়া, আবার প্রহার করিতে প্রবৃত্ত হইলেন ॥৭॥

মহাবল, বিশ্রান্ত, নরশ্রেষ্ঠ ও ঋতুমতী হস্তিনীর সঙ্গমের জন্য মদমত্ত দুইটা বলবান্ হস্তীর ন্যায় সমান বলশালী ভীম ও দুর্য্যোধনকে দেখিয়া এবং তাঁহারা দুইটা গদা উত্তোলন করিয়াছেন দর্শন করিয়া, আকাশবর্ত্তী দেবতা ও গন্ধর্ব্বেরা এবং ভূতলস্থিত মনুষ্যেরা অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥৮—৯॥

গদাধারী ভীম ও দুর্য্যোধনকে দেখিয়া, তাঁহাদের জয়লাভের বিষয়ে তত্রত্য লোকদিগের সন্দেহ জন্মিল ॥১০॥

তদনন্তর বলিশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধন দুই ভ্রাতা পরস্পরের ছিদ্র লাভ করিবার ইচ্ছায় সেই ছিদ্রের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥১১॥

(৭)···সমভ্যধাবত···পি,···অভ্যহারয়ত—বঙ্গ বর্দ্ধ। (৯)···দেবগন্ধর্ব্বদানবাঃ—নি।

CENTRAL LIBRARY

আবিধ্যতো গদাং তস্য ভীমসেনস্য সংযুগে।
শব্দঃ সুতুমুলো ঘোরো মুহূর্ত্তং সমপদ্যত ॥১৩॥
আবিধ্যন্তমরিং প্রেক্ষ্য ধার্ত্তরাষ্ট্রোঽথ পাণ্ডবম্।
গদামতুলবেগাং তাং বিস্মিতঃ সংবভূব হ ॥১৪॥
চরংশ্চ বিবিধান্মার্গান্মণ্ডলানি চ ভারত!।
অশোভত তদা বীরো ভূয় এব বৃকোদরঃ ॥১৫॥
তৌ পরস্পরমাসাদ্য যত্তাবন্যোন্যরক্ষণে।
মার্জ্জারবিব ভক্ষার্থে ততক্ষাতে মুহুর্মুহুঃ ॥১৬॥
আচরদ্ভীমসেনস্তু মার্গান্ বহুবিধাংস্তথা।
মণ্ডলানি বিচিত্রাণি গতপ্রত্যাগতানি চ ॥১৭॥

ভারতকৌমুদী

আবিধ্যত ইতি। আবিধ্যতো ঘূর্ণয়তঃ। সমপদ্যত সঞ্জাতঃ ॥১৩॥
আবিধ্যন্তমিতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ, পাণ্ডবং ভীমসেনম্ ॥১৪॥
চরন্নিতি। মার্গান্ গদাযুদ্ধনিয়মিতান্ পথঃ, মণ্ডলানি গোলাকারভ্রমণানি ॥১৫॥
তাবিতি। যত্তৌ যত্নবন্তৌ। ততক্ষাতে প্রহারৈঃ খর্ব্বীচক্রতুঃ ॥১৬॥
আচরদিতি। আচরৎ অকরোৎ। গতানি অগ্রগমনানি প্রত্যাগতানি পশ্চাদ্-গমনানি ॥১৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৬॥ অভ্যহারয়তাম্যোন্যং পরস্পরমভ্যহারয়তাং গদে অজিগ্রহীষাতাম্। সন্ধিরার্ষঃ ॥৭—১০॥ অন্তরং গতিবিশেষম্ ॥১১—১৪॥ মণ্ডলানি শত্রোঃ পরিবেষ্টনানি পরিতো ভ্রমণানি ॥১৫—১৬॥ গতং শত্রোঃ সম্মুখগমনম্, প্রত্যাগতম্ আভিমুখ্যমত্যজত

রাজা! তৎকালে দর্শকেরা যমদণ্ড ও ইন্দ্রের বজ্রের ন্যায় বিশাল, ভীষণ ও হিংসোন্মুখ ভীমের গদা দর্শন করিতে থাকিল ॥১২॥

তৎপরে ভীমসেন যখন গদা ঘূর্ণন করিতে লাগিলেন, তখন কিছুকাল ভীষণ ও তুমুল শব্দ হইতে থাকিল ॥১৩॥

শত্রু ভীমসেন অতুলনীয়বেগসম্পন্ন সেই গদা ঘূর্ণন করিতেছেন দেখিয়া, দুর্য্যোধনের বিস্ময় জন্মিল ॥১৪॥

ভরতনন্দন! বীর ভীমসেন তখন নানাবিধ পথে বিচরণ এবং মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিয়া, অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥১৫॥

তাঁহারা পরস্পর নিকটবর্ত্তী হইয়া এবং আত্মরক্ষায় যত্নবান্ থাকিয়া, খাদ্য-লাভের জন্য দুইটা বিড়ালের ন্যায় মুহুর্মুহুঃ প্রহার করিতে থাকিলেন ॥১৬॥

(১৭) ইতঃপ্রভৃতি দাক্ষিণাত্যপুস্তকে মহান্ পাঠভেদো দ্রষ্টব্যঃ।

CENTRAL LIBRARY

অস্ত্রযন্ত্রাণি চিত্রাণি স্থানানি বিবিধানি চ।
পরিমোক্ষং প্রহারাণাং বর্জ্জনং পরিবারণম্ ॥১৮॥
অভিদ্রবণমাক্ষেপমবস্থানং সবিগ্রহম্।
পরাবর্ত্তনসংবর্ত্তমবপ্লুতমুপপ্লুতম্ ॥১৯॥
উপন্যস্তমপন্যস্তং গদাযুদ্ধবিশারদৌ।
এবং তৌ বিচরন্তৌ তু ন্যন্নতাং বৈ পরস্পরম্ ॥২০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অস্ত্রেতি। অস্ত্রযন্ত্রাণি অস্ত্রনির্ম্মিতযন্ত্রাকারাণি গমনানি, স্থানানি অবস্থানানি। পরিমোক্ষমপসরণেন বিফলীকরণম্, বর্জনং পার্শ্বগমনেনাসংস্পর্শম্, পরিবারণং প্রতিপ্রহারৈঃ। অভিদ্রবণমাভিমুখ্যেন ধাবনম্, আক্ষেপং হস্তপদগ্রহণেনাকর্ষণম্, অবস্থানং তথাত্বেঽপি স্বস্থান এব স্থিতিম্, বিগ্রহেণ যুদ্ধেন সহেতি সবিগ্রহম্, পরাবর্ত্তনং কিঞ্চিদপসরণম্, তস্মিন্নেকতরেণ কৃতে সতীত্যর্থঃ, সংবর্ত্তমন্যতরস্য তদভিমুখগমনম্, অবপ্লুতমবনমনেন লম্ফনপূর্ব্বকং গমনম্, উপপ্লুতমুল্লম্ফ্যোল্লম্ফ্য গমনম্; উপন্যস্তমুল্লম্ফনম্, অপন্যস্তমপসৃত্যাপসৃত্য লম্ফনম্, বিচরন্তৌ কুর্ব্বন্তৌ ॥১৮—২০॥

ভারতভাবদীপঃ

এবাপসরণম্ ॥১৭॥ অস্ত্রযন্ত্রাণি কঞ্চিন্মর্ম্মদেশমাক্ষিপ্য যেন শত্রোরুৎক্ষেপণমপক্ষেপণঞ্চ ক্রিয়তে তদস্ত্রযন্ত্রম্, অস্যতে ক্ষিপ্যতেঽনেনেত্যস্ত্রং তচ্চ তদ্যন্ত্রং নিগ্রহণং চাস্ত্রযন্ত্রমিতি সমাসঃ। স্থানানি তেষামেবোপযোগীনি মর্ম্মদেশাদীনি। পরিধাবনং বেগেন সব্যাপসব্যকরণম্ ॥১৮॥ অভিদ্রবণং বেগেনাভ্যাগমনম্। আক্ষেপং পরযন্ত্রস্য তৎপাতনহেতুতাসম্পাদনম্। অবস্থানমচাঞ্চল্যং সবিগ্রহং শত্রাবুত্থিতে পুনস্তেন সহ যুদ্ধকরণম্। পরিবর্ত্তনং শত্রুং প্রহর্ত্তুং পরিতঃ প্রসরণম্। সংবর্ত্তং শত্রুপ্রসরণস্যাবরোধনম্। অবপ্লুতং প্রহারবঞ্চনার্থং নম্রীভূয় নিঃসরণম্। উপপ্লুতং তদেবার্ব্বাগ্‌গমনযুক্তম্ ॥১৯॥ উপন্যস্তম্ উপেত্যায়ুধ-

---

ভীমসেন নানাবিধ পথে গমন, মণ্ডলাকারে বিচিত্র ভ্রমণ, অগ্রগমন এবং পশ্চাৎ অপসরণ করিতে লাগিলেন ॥১৭॥

অস্ত্রনির্ম্মিত যন্ত্রের ন্যায় বিচিত্র গমন, নানাপ্রকারে অবস্থান, পিছনে সরিয়া প্রহার এড়ান, পাশে সরিয়া প্রহার এড়ান, প্রতিপ্রহার করিয়া প্রহার নিষ্ফল করা, অভিমুখে ধাবিত হওয়া, হস্ত বা চরণ ধারণ করিয়া আকর্ষণ করা, আকর্ষণ করিলেও যুদ্ধ করিতে থাকিয়া পূর্ব্বস্থানে দাঁড়াইয়া থাকা, একজন পিছনে সরিলে, অপর জনের সম্মুখে আগমন, অবনত হইয়া লাফাইতে লাফাইতে যাওয়া, উঁচু হইয়া লাফাইতে লাফাইতে যাওয়া, উল্লম্ফন ও প্রলম্ফন ইত্যাদি করিতে থাকিয়া, গদাযুদ্ধবিশারদ ভীম ও দুর্য্যোধন পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥১৮—২০॥

CENTRAL LIBRARY

বঞ্চয়ানৌ পুনশ্চৈব চেরতুঃ কুরুসত্তমৌ।
বিক্রীড়ন্তৌ সুবলিনৌ মণ্ডলানি বিচেরতুঃ ॥২১॥
তৌ দর্শয়ন্তৌ সমরে যুদ্ধক্রীড়াং সমন্ততঃ।
গদাভ্যাং সহসান্যোন্যমাজঘ্নতুররিন্দমৌ ॥২২॥
তৌ পরস্পরমাসাদ্য দংষ্ট্রাভ্যাং দ্বিরদৌ যথা।
অশোভেতাং মহারাজ! শোণিতেন পরিপ্লুতৌ ॥২৩॥
এবং তদভবদ্‌যুদ্ধং ঘোররূপমসংবৃতম্।
পরিবৃত্তেঽহনি ক্রূরং বৃত্রবাসবয়োরিব ॥২৪॥
গদাহস্তৌ ততস্তৌ তু মণ্ডলাবস্থিতৌ বলী।
দক্ষিণং মণ্ডলং রাজন্! ধার্ত্তরাষ্ট্রোঽভ্যবর্ত্তত।
সব্যন্তু মণ্ডলং তত্র ভীমসেনোঽভ্যবর্ত্তত ॥২৫॥

ভারতকৌমুদী

বঞ্চয়ানাবিতি। বঞ্চয়ানৌ অপসরণেন প্রতাড়য়ন্তৌ। বিক্রীড়ন্তৌ খেলন্তাবিব ॥২১॥
তাবিতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। সহসা বেগেন ॥২২॥
তাবিতি। আসাদ্য আহত্য, দংষ্ট্রাভ্যাং দন্তাভ্যাম, দ্বিরদৌ গজৌ ॥২৩॥
এবমিতি। অসংবৃতমবাধম্। পরিবৃত্তে অবসিতে, ক্রূরং নিষ্ঠুরম্ ॥২৪॥
গদেতি। বলী বলবান্ ধার্ত্তরাষ্ট্র ইতি সম্বন্ধঃ। সব্যং বামম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৫॥

কৌরবশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধন পরস্পরকে বঞ্চনা করিতে থাকিয়া এবং পরস্পর যেন খেলা করতঃ, পুনরায় বিচরণ করিতে থাকিলেন ॥২১॥

শত্রুদমনকারী ভীম ও দুর্য্যোধন সকল দিকে রণস্থলে যুদ্ধক্রীড়া দেখাইতে থাকিয়া, গদাদ্বারা বেগে পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥২২॥

মহারাজ! দুইটা হাতী যেমন দন্তদ্বারা পরস্পর আঘাত করে, সেইরূপ তাঁহারা গদাদ্বারা পরস্পর আঘাত করিয়া, রক্তাক্তদেহ হইয়া, শোভা পাইতে থাকিলেন ॥২৩॥

দিবসাবসান সময়ে ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় ভীম ও দুর্য্যোধনের ভীষণ ও নিষ্ঠুর যুদ্ধ অবাধে চলিতে লাগিল ॥২৪॥

রাজা! তাহার পর তাঁহারা গদা ধারণ করিয়া, মণ্ডলীভূত রণস্থলে অবস্থান করিতে লাগিলেন। তাঁহাদের মধ্যে বলবান্ দুর্য্যোধন মণ্ডলের দক্ষিণভাগে এবং ভীমসেন বামভাগে রহিলেন ॥২৫॥

---

(২৪)···ঘোররূপং পরন্তপ!···নি।

CENTRAL LIBRARY

তথা তু চরতস্তস্য ভীমস্য রণমূর্দ্ধনি।
দুর্য্যোধনো মহারাজ! পার্শ্বদেশেঽভ্যতাড়য়ৎ ॥২৬॥
আহতস্তু তদা ভীমঃ পুত্রেণ তব মারিষ!।
আবিধ্যত গদাং গুর্ব্বীং প্রহারং তমচিন্তয়ন্ ॥২৭॥
ইন্দ্রাশনিসমাং ঘোরাং যমদণ্ডমিবোদ্যতাম্।
দদৃশুস্তে মহারাজ! ভীমসেনস্য তাং গদাম্ ॥২৮॥
আবিধ্যন্তং গদাং দৃষ্ট্বা ভীমসেনং তবাত্মজঃ।
সমুদ্যম্য গদাং ঘোরাং প্রত্যবিধ্যৎ পরন্তপঃ ॥২৯॥
গদামারুতবেগেন তব পুত্রস্য ভারত!।
শব্দ আসীৎ সুতুমুলস্তেজশ্চ সমজায়ত ॥৩০॥
স চরন্ বিবিধান্মার্গান্ মণ্ডলানি চ ভাগশঃ।
সমশোভত তেজস্বী ভূয়ো ভীমাৎ সুযোধনঃ ॥৩১॥

ভারতকৌমুদী

তথেতি। তথা মণ্ডলাকারেণ। রণমূর্দ্ধনি রণস্থলে ॥২৬॥
আহত ইতি। হে মারিষ! আর্য্য!। আবিধ্যত অঘূর্ণয়ৎ ॥২৭॥
ইন্দ্রেতি। ইন্দ্রস্য অশনিসমাং বজ্রতুল্যাম, উদ্যতামুত্তোলিতাম্ ॥২৮॥
আবিধ্যন্তমিতি। সমুদ্যম্য সমুত্তোল্য, প্রত্যবিধ্যৎ তদ্গদামেবাতাড়য়ৎ ॥২৯॥
গদেতি। গদায়া মারুতস্যেব বেগেন সবেগাঘাতাতেন। তেজোঽগ্নিকণঃ ॥৩০॥
স ইতি। ভাগশো ভাগে ভাগে। ভূয়ঃ অধিকম্ ॥৩১॥

মহারাজ! ভীমসেন সেইভাবে রণস্থলে বিচরণ করিতে লাগিলে, দুর্য্যোধন গদাদ্বারা তাঁহার পার্শ্বদেশে আঘাত করিলেন ॥২৬॥

মাননীয় রাজা! দুর্য্যোধন সেইভাবে আঘাত করিলে, ভীমসেন সে আঘাত অগ্রাহ্য করিয়া, নিজের বিশাল গদাটা ঘুরাইতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! তখন ইন্দ্রের বজ্রের তুল্য এবং যমের দণ্ডের সদৃশ ভীষণ ভীমের সেই উত্তোলিত গদাটা সকলে দেখিতে থাকিল ॥২৮॥

মহারাজ! ভীম গদা ঘুড়াইতেছেন দেখিয়া, আপনার পুত্র শত্রুসন্তাপকারী দুর্য্যোধন ভীষণ গদা উত্তোলন করিয়া, ভীমের গদার উপরে আঘাত করিলেন ॥২৯॥

ভরতনন্দন! বায়ুর ন্যায় দুর্য্যোধনের গদার গুরুতর আঘাতে তুমুল শব্দ ও অগ্নিস্ফুলিঙ্গ আবির্ভূত হইল ॥৩০॥

(২৭)…তব ভারত!…নি।

আবিদ্ধা সর্ব্ববেগেন ভীমেন মহতী গদা।
সধূমং সার্চ্চিষং সাগ্নিং মুমোচাগ্র্যা মহাস্বনা ॥৩২॥
আধূতাং ভীমসেনেন গদাং দৃষ্ট্বা সুযোধনঃ।
অদ্রিসারময়ীং গুর্ব্বীমাবিধ্য বহ্বশোভত ॥৩৩॥
গদামারুতবেগং হি দৃষ্ট্বা তস্য মহাত্মনঃ।
ভয়ং বিবেশ পাণ্ডূংস্তু সর্ব্বানেব সসোমকান্ ॥৩৪॥
দৃষ্ট্বা ব্যবস্থিতং ভীমং তব পুত্রো মহাবলঃ।
চরংশ্চিত্রতরান্ মার্গান্ কৌন্তেয়মভিদুদ্রুবে ॥৩৫॥
তস্য ভীমো মহাবেগাং জাম্বূনদপরিষ্কৃতাম্।
অভিক্রুদ্ধস্য ক্রুদ্ধস্তু তাড়য়ামাস তাং গদাম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

আবিদ্ধেতি। আবিদ্ধা ঘূর্ণিতা। সধূমং সার্চ্চিষঞ্চাগ্নিম্, সা অগ্র্যা গদা মুমোচ ॥৩২॥
আধূতামিতি। আধূতাং ঘূর্ণিতাম্। অদ্রিসারময়ীং লৌহময়ীম্, আবিধ্য ঘূর্ণয়িত্বা ॥৩৩॥
গদেতি। ভয়ং কর্ত্তৃ, পাণ্ডূন্ পাণ্ডুপুত্রান্ ॥৩৪॥
দৃষ্ট্বেতি। চিত্রতরান্নানাপ্রকারান্, কৌন্তেয়ং ভীমম, অভিদুদ্রুবে অভিদধাব ॥৩৫॥

তেজস্বী দুর্য্যোধন রণস্থলের বিভিন্ন স্থানে নানাবিধ পথে বিচরণ ও মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিয়া, ভীম হইতে অধিক শোভা পাইতে লাগিলেন ॥৩১॥

ভীমকর্ত্তৃক মহাবেগে ঘূর্ণিত বিশাল, উত্তম ও মহাশব্দযুক্ত সেই গদাটা ধূম ও শিখার সহিত অগ্নি আবিষ্কার করিতে থাকিল ॥৩২॥

ভীমসেন গদা ঘুরাইতেছেন দেখিয়া, দুর্য্যোধন লৌহময়ী বিশাল গদা ঘুরাইয়া ঘুরাইয়া, অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥৩৩॥

মহাবল দুর্য্যোধনের গদার বায়ুর বেগ দেখিয়া, সোমক ও পাণ্ডবগণের হৃদয়ে ভয় প্রবেশ করিল ॥৩৪॥

মহারাজ! আপনার পুত্র মহাবল দুর্য্যোধন ভীমসেনকে অবস্থিত দেখিয়া, নানাপ্রকার ভঙ্গীতে গমন করিতে করিতে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৩৫॥

(৩৪) ইতঃ পরং পূর্ব্বলিখিতা অপি ত্রয়ঃ শ্লোকাঃ অবিকলমেব পুনর্লিখিতাঃ—বঙ্গ বর্দ্ধ সো নি। তে চ যথা—
তৌ দর্শয়ন্তৌ সমরে যুদ্ধক্রীড়াং সমন্ততঃ। গদাভ্যাং সহসাস্তোঽন্যমাজঘ্নতুররিন্দমৌ ॥১॥
তৌ পরস্পরমাসাদ্য দংষ্ট্রাভ্যাং দ্বিরদৌ যথা। অশোভেতাং মহারাজ! শোণিতেন পরিপ্লুতৌ ॥
এবং তদভবদ্যুদ্ধং ঘোররূপমসংবৃতম্। পরিবৃত্তেঽহনি ক্রূরং বৃত্রবাসবয়োরিব ॥৩॥

CENTRAL LIBRARY

সবিস্ফুলিঙ্গো নির্হ্রাদস্তয়োস্তত্রাভিঘাতজঃ।
প্রাদুরাসীন্মহারাজ! স্পৃষ্টয়োর্বজ্রয়োরিব ॥৩৭॥
বেগবত্যা তয়া তত্র ভীমসেনেন মুক্তয়া।
নিপতন্ত্যা মহারাজ! পৃথিবী সমকম্পত ॥৩৮॥
তাং নামৃষ্যত কৌরব্যো গদাং প্রতিহতাং রণে।
মত্তো দ্বিপ ইব ক্রুদ্ধঃ প্রতিকুঞ্জরদর্শনাৎ ॥৩৯॥
স সব্যং মণ্ডলং রাজন্! উদ্ভ্রাম্য কৃতনিশ্চয়ঃ।
আজঘ্নে মূর্দ্ধ্নি কৌন্তেয়ং গদয়া ভীমবেগয়া ॥৪০॥
তয়া ত্বভিহতো ভীমঃ পুত্রেণ তব পাণ্ডবঃ।
নাকম্পত মহারাজ! তদদ্ভুতমিবাভবৎ ॥৪১॥

ভারতকৌমুদী

তস্যেতি। জাম্বূনদপরিষ্কৃতাং স্বর্ণপট্টশোভিতাম্ ॥৩৬॥
সেতি। সবিস্ফুলিঙ্গঃ অগ্নিকণসহিতঃ, নির্হ্রাদঃ শব্দঃ। স্পৃষ্টয়োর্নিক্ষিপ্তয়োঃ ॥৩৭॥
বেগেতি। তয়া গদয়া, মুক্তয়া নিক্ষিপ্তয়া। নিপতন্ত্যা ভূমৌ ॥৩৮॥
তামিতি। নামৃষ্যত নাসহত, কৌরব্যো দুর্য্যোধনঃ। ক্রুদ্ধ আসীৎ ॥৩৯॥
স ইতি। সব্যং বামম্, উদ্ভ্রাম্য গদামেব ঘূর্ণয়িত্বা ॥৪০॥
তয়েতি। অদ্ভুতমিবাভবৎ বেগাতিশয়েন কম্পনাবশ্যম্ভাবাৎ ॥৪১॥

তখন ক্রুদ্ধ ভীমসেন গদাদ্বারা সর্ব্বতোভাবে ক্রুদ্ধ দুর্য্যোধনের মহাবেগা ও স্বর্ণপট্টবেষ্টিতা সেই গদার উপরে আঘাত করিলেন ॥৩৬॥

মহারাজ! তৎকালে নিক্ষিপ্ত দুইটা বজ্রের পরস্পর আঘাতজনিত শব্দের ন্যায় সেই গদা দুইটার পরস্পর আঘাতজনিত শব্দ ও অগ্নিস্ফুলিঙ্গ আবির্ভূত হইল ॥৩৭॥

মহারাজ! ভীমসেননিক্ষিপ্ত বেগবতী সেই গদাটা ভূতলে পতিত হইলে, সেই ভূমি কাঁপিয়া উঠিল ॥৩৮॥

তখন দুর্য্যোধন নিজের গদা প্রতিহত হইল দেখিয়া, তাহা সহ্য করিলেন না; প্রত্যুত এক মত্তহস্তী যেমন অপর হস্তী দর্শন করিয়া ক্রুদ্ধ হয়, সেইরূপ ক্রুদ্ধ হইলেন ॥৩৯॥

রাজা! পরে দুর্য্যোধন ভীমসেনের বধে কৃতনিশ্চয় হইয়া, বাম দিকে মণ্ডলাকারে নিজের গদাটা ঘুরাইয়া, সেই ভীষণবেগযুক্ত গদাদ্বারা ভীমসেনের মস্তকে আঘাত করিলেন ॥৪০॥

(৩৭)···দন্তয়োর্গজয়োরিব—পি, স্পৃষ্টয়োর্বজ্রয়োরিব—নি।

আশ্চর্য্যঞ্চাপি তদ্রাজন্! সর্ব্বসৈন্যান্যপূজয়ন্।
যদ্গদাভিহতো ভীমো নাকম্পত পদাৎ পদম্ ॥৪২॥
ততো গুরুতরাং দীপ্তাং গদাং হেমপরিষ্কৃতাম্।
দুর্য্যোধনায় ব্যসৃজৎ ভীমো ভীমপরাক্রমঃ ॥৪৩॥
তং প্রহারমসংভ্রান্তো লাঘবেন মহাবলঃ।
মোঘং দুর্য্যোধনশ্চক্রে তত্রাভূদ্বিস্ময়ো মহান্ ॥৪৪॥
সা তু মোঘা গদা রাজন্! পতন্তী ভীমচোদিতা।
চালয়ামাস পৃথিবীং মহানির্ঘাতনিস্বনা ॥৪৫॥
আস্থায় কৌশিকান্মার্গানুৎপতন্ স পুনঃ পুনঃ।
গদানিপাতং প্রজ্ঞায় ভীমসেনঞ্চ বঞ্চিতম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

আশ্চর্য্যমিতি। অপূজয়ন্ প্রাশংসন্। নাকম্পত নাচলৎ ॥৪২॥
তত ইতি। গুরুতরামতিবিশালাম্, হেমপরিষ্কৃতাং স্বর্ণপট্টশোভিতাম্ ॥৪৩॥
তমিতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ, লাঘবেন দ্রুতমপসরণেন। মোঘং ব্যর্থম্ ॥৪৪॥
সেতি। ভীমেন চোদিতা ক্ষিপ্তা। পৃথিবীং রণভূমিম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

প্রক্ষেপঃ। অপন্যস্তং পরাবৃত্য পৃষ্ঠতঃ কৃতেন হস্তেন শত্রোস্তাড়নম্ ॥২০—৪৫॥ আস্থায়েতি। কৌশিকান্ কুশ উন্মত্তস্তদাচরিতান্মার্গানাস্থায় পুনঃ পুনরুৎপতনেন বঞ্চনেন চ ভীমমুন্মত্তীকৃত্য

মহারাজ! আপনার পুত্র সেইভাবে আঘাত করিলেও ভীমসেন বিচলিত হইলেন না, তাহা যেন অদ্ভুত বলিয়া মনে হইল ॥৪১॥

রাজা! ভীমসেন সেইরূপ আহত হইয়াও এক পদ হইতে অপর পদে যে সরিলেন না, সমস্ত সৈন্যই সেই আশ্চর্য্য ব্যাপারের প্রশংসা করিল ॥৪২॥

তাহার পর ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেন স্বর্ণপট্টবেষ্টিত ও উজ্জ্বল বিশাল গদাটাকে দুর্য্যোধনের উপরে নিক্ষেপ করিলেন ॥৪৩॥

তখন মহাবল দুর্য্যোধন অবিচলিত থাকিয়া, সত্বর অপসৃত হইয়া, ভীমের সেই প্রহারটাকে ব্যর্থ করিলেন; তাহাতে তত্রত্য লোকদিগের গুরুতর বিস্ময় জন্মিল ॥৪৪॥

রাজা! ভীমসেননিক্ষিপ্তা, মহানির্ঘাতের ন্যায় ভীষণশব্দকারিণী সেই গদাটা ব্যর্থ ও পতিত হইয়া রণস্থল কম্পিত করিল ॥৪৫॥

---

(৪৩) ততো গুরুতরীং···বঙ্গ বর্দ্ধ গো।

CENTRAL LIBRARY

বঞ্চয়িত্বা তথা ভীমং গদয়া কুরুসত্তমঃ।
তাড়য়ামাস সংক্রুদ্ধো বক্ষোদেশে মহাবলঃ ॥৪৭॥ (যুগ্মকম্)
গদয়া নিহতো ভীমো মুহ্যমানো মহারণে।
নাভ্যমন্যত কর্ত্তব্যং পুত্রেণাভ্যাহতস্তব ॥৪৮॥
তস্মিংস্তথা বর্ত্তমানে রাজন্! সোমকপাণ্ডবাঃ।
ভৃশোপহতসঙ্কল্পা ন হৃষ্টমনসোঽভবন্ ॥৪৯॥
স তু তেন প্রহারেণ মাতঙ্গ ইব রোষিতঃ।
হস্তিবদ্ধস্তিসঙ্কাশমভিদুদ্রাব তে সুতম্ ॥৫০॥
ততস্তু তরসা ভীমো গদয়া তনয়ং তব।
অভিদুদ্রাব বেগেন সিংহো বনগজং যথা ॥৫১॥

ভারতকৌমুদী

আস্থায়েতি। কৌশিকানাং পেচকানামিব ইতি কৌশিকাস্তান্, পেচকোৎপতনমার্গ-তুল্যানিত্যর্থঃ। গদানিপাতং ভীমসেনেন করিষ্যমাণম্। তথা পুনঃ পুনরুৎপতনেন ॥৪৬—৪৭॥

গদয়েতি। নিহত আহতঃ, মুহ্যমান আসীৎ। নাভ্যমন্যত মনসা স্থিরীকর্ত্তুং নাশক্নোৎ ॥৪৮॥

তস্মিন্নিতি। তস্মিন্ ভীমসেনে, তথা বর্ত্তমানে মূঢ়ে সতি। ভৃশোপহতসঙ্কল্পা অতীব-নিরাশাঃ ॥৪৯॥

স ইতি। স ভীমঃ। অভিদুদ্রাব অভিদধাব ॥৫০॥

তত ইতি। তরসা বলেন, গদয়া সহ ॥৫১॥

ক্রমে মহাবল ও কৌরবশ্রেষ্ঠ দুর্য্যোধন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, ভীমকে বঞ্চিত জানিয়া, তিনি আবারও গদা প্রহার করিবেন বুঝিয়া, পেচকের গতিভঙ্গি অবলম্বন করিয়া, বার বার লাফাইয়া উঠিতে থাকিয়া, আপন গদাদ্বারা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪৬—৪৭॥

মহারাজ! আপনার পুত্র দুর্য্যোধন আঘাত করিলে, ভীমসেন মূর্চ্ছিতপ্রায় হইয়া পড়িলেন এবং মহাযুদ্ধে নিজের কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৪৮॥

রাজা! ভীমসেন সেইরূপ হইয়া পড়িলে, পাণ্ডব ও সোমকেরা জয়ে নিরাশ ও বিষণ্ণ হইয়া পড়িলেন ॥৪৯॥

কিন্তু দুর্য্যোধনের সেই প্রহার হস্তীর ন্যায় ভীমসেনের ক্রোধ উৎপাদন করিল; তাহাতে ভীমসেন হস্তীর ন্যায় হস্তিতুল্য দুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন ॥৫০॥

তাহার পর, সিংহ যেমন বন্যহস্তীর দিকে ধাবিত হয়, সেইরূপ ভীমসেন গদা লইয়া বেগে দুর্য্যোধনের দিকে বলপূর্ব্বক ধাবিত হইলেন ॥৫১॥

(৪৯)···নহৃষ্টমনসোঽভবন্—বঙ্গ সো, নাহৃষ্টমনসোঽভবন্—নি।

উপসৃত্য তু রাজানং গদামোক্ষবিশারদঃ।
আবিধ্যত গদাং রাজন্! সমুদ্দিশ্য সুতং তব ॥৫২॥
অতাড়য়দ্ভীমসেনঃ পার্শ্বে দুর্য্যোধনং তদা।
স বিহ্বলঃ প্রহারেণ জানুভ্যামগমন্মহীম্ ॥৫৩॥
তস্মিন্ কুরুকুলশ্রেষ্ঠে জানুভ্যামবনীং গতে।
উদতিষ্ঠত্ততো নাদঃ সৃঞ্জয়ানাং জগৎপতে! ॥৫৪॥
তেষান্তু নিনদং শ্রুত্বা সৃঞ্জয়ানাং নরর্ষভ!।
অমর্ষাদ্ভরতশ্রেষ্ঠ! পুত্রস্তে সমকুপ্যত ॥৫৫॥
উত্থায় তু মহাবাহুর্মহানাগ ইব শ্বসন্।
দিধক্ষন্নিব নেত্রাভ্যাং ভীমসেনমবৈক্ষত ॥৫৬॥
ততঃ স ভরতশ্রেষ্ঠো গদাপাণিরথাদ্রবৎ।
প্রমথিষ্যন্নিব শিরো ভীমসেনস্য সংযুগে ॥৫৭॥

ভারতকৌমুদী

উপেতি। আবিধ্যত অঘূর্ণয়ৎ, সমুদ্দিশ্য লক্ষ্যীকৃত্য ॥৫২॥
অতাড়য়দিতি। জানুভ্যাং জানুযুগলপাতেনেত্যর্থঃ, অগমৎ আশিশ্রিয়ৎ ॥৫৩॥
তস্মিন্নিতি। নাদ আনন্দকোলাহলঃ, হে জগৎপতে! ভূমিপতে! ॥৫৪॥
তেষামিতি। নিনদমানন্দকোলাহলম্। অমর্ষাৎ অসহিষ্ণুত্বাৎ ॥৫৫॥
উত্থায়েতি। মহানাগ উত্তমসর্পঃ। দিধক্ষন্ দগ্ধুমিচ্ছন্ ॥৫৬॥
তত ইতি। অদ্রবৎ ভীমং প্রত্যধাবৎ। প্রমথিষ্যন্ চূর্ণয়িষ্যন্ ॥৫৭॥

রাজা! গদানিক্ষেপনিপুণ ভীমসেন নিকটবর্ত্তী হইয়া, আপনার পুত্র দুর্য্যোধনকে লক্ষ্য করিয়া, গদাটা ঘূর্ণিত করিতে লাগিলেন ॥৫২॥

পরে ভীমসেন যাইয়া, গদাদ্বারা দুর্য্যোধনের পার্শ্বদেশে আঘাত করিলেন; তখন দুর্য্যোধন জানুযুগল পাতিয়া ভূমি অবলম্বন করিলেন ॥৫৩॥

রাজা! কুরুকুলশ্রেষ্ঠ দুর্য্যোধন জানুযুগলদ্বারা ভূমি অবলম্বন করিলে, সৃঞ্জয়-গণের মধ্যে আনন্দ কোলাহল উত্থিত হইল ॥৫৪॥

নরশ্রেষ্ঠ! সেই সৃঞ্জয়গণের আনন্দকোলাহল শুনিয়া, আপনার পুত্র দুর্য্যোধন অসহিষ্ণুতাবশতঃ অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥৫৫॥

তখন মহাবাহু দুর্য্যোধন গাত্রোত্থান করিয়া, মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া, নয়নযুগলদ্বারা ভীমসেনকে যেন দগ্ধ করিবার ইচ্ছা করিয়া, তাঁহার প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৫৬॥

(৫৭)·· গদাপাণিরভিদ্রবৎ··· পি নি।

CENTRAL LIBRARY

স মহাত্মা মহাত্মানং ভীমং ভীমপরাক্রমঃ।
অতাড়য়চ্ছঙ্খদেশে ন চচালাচলোপমঃ ॥৫৮॥
স ভূয়ঃ শুশুভে পার্থস্তাড়িতো গদয়া রণে।
উদ্ভিন্নরুধিরো রাজন্! প্রভিন্ন ইব কুঞ্জরঃ ॥৫৯॥
ততো গদাং বীরহণীময়োময়ীং প্রগৃহ্য বজ্রাশনিতুল্যনিস্বনাম্।
অতাড়য়চ্ছত্রুমমিত্রকর্ষণো বলেন বিক্রম্য ধনঞ্জয়াগ্রজঃ ॥৬০॥
স ভীমসেনাভিহতস্তবাত্মজঃ পপাত সঙ্কল্পিতদেহবন্ধনঃ।
সুপুষ্পিতো মারুতবেগতাড়িতো বনে মহাশাল ইবাবঘূর্ণিতঃ ॥৬১॥
ততঃ প্রণেদুর্জহৃষুশ্চ পাণ্ডবাঃ সমীক্ষ্য পুত্রং পতিতং ক্ষিতৌ তব।
ততঃ সুতস্তে প্রতিলভ্য চেতনাং সমুৎপপাত দ্বিরদো যথা হ্রদাৎ ॥৬২॥

ভারতকৌমুদী

স ইতি। শঙ্খদেশে ললাটপ্রান্তভাগে, ন চচাল ভীম ইতি শেষঃ ॥৫৮॥
স ইতি। পার্থো ভীমঃ। উদ্ভিন্নরুধিরো নির্গতরক্তঃ, প্রভিন্নো মদস্রাবী ॥৫৯॥
তত ইতি। বীরং হন্তীতি বীরহণীম্, অয়োময়ীং লৌহময়ীম্, অশনির্বিদ্যুৎ ॥৬০॥
স ইতি। সঙ্কল্পিতং বর্ম্মণাবিহিতং দেহবন্ধনং শরীরাবরণং যেন সঃ ॥৬১॥
তত ইতি। সমুৎপপাত ভূতলাদুত্তস্থৌ, দ্বিরদো গজঃ ॥৬২॥

তাহার পর ভরতবংশশ্রেষ্ঠ দুর্য্যোধন গদা ধারণ করিয়া, ভীমসেনের মস্তক চূর্ণ করিবেন বলিয়াই যেন তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫৭॥

ক্রমে মহাবল ও ভীষণপরাক্রমশালী দুর্য্যোধন যাইয়া গদাদ্বারা ভীমসেনের ললাটের উপরিভাগে আঘাত করিলেন; কিন্তু ভীমসেন তাহাতে পর্ব্বতের ন্যায় বিচলিত হইলেন না ॥৫৮॥

রাজা দুর্য্যোধন যুদ্ধে গদাদ্বারা তাড়ন করিলে, ভীমসেনের দেহ হইতে রক্ত নির্গত হইতে থাকিল; তখন তিনি মদস্রাবী হস্তীর ন্যায় অধিক শোভা পাইতে লাগিলেন ॥৫৯॥

তাহার পর শত্রুহন্তা ভীমসেন লৌহময়ী, বীরনাশিনী এবং বজ্র ও বিদ্যুতের ন্যায় শব্দকারিণী গদা ধারণ করিয়া, বিক্রমপ্রকাশপূর্ব্বক সবলে দুর্য্যোধনের দেহে আঘাত করিলেন ॥৬০॥

মহারাজ! ভীমসেন সেইরূপ আঘাত করিলে, আপনার পুত্র বর্ম্মধারী দুর্য্যোধন বনমধ্যে বায়ুবেগে তাড়িত ও পুষ্পসমন্বিত বিশাল শালবৃক্ষের ন্যায় ঘুরিতে লাগিলেন ॥৬১॥

(৬১)···সংকম্পিতদেহবন্ধনঃ···পি বঙ্গ নি।

CENTRAL LIBRARY

স পার্থিবো নিত্যমমর্ষিতস্তদা মহারথঃ শিক্ষিতবৎ পরিভ্রমন্।
অতাড়য়ৎ পাণ্ডবমগ্রতঃ স্থিতং স বিহ্বলাঙ্গো জগতীমুপাস্পৃশৎ ॥৬৩॥
স সিংহনাদং বিননাদ কৌরবো নিপাত্য ভূমৌ যুধি ভীমমোজসা।
বিভেদ চৈবাশনিতুল্যতেজসা গদানিপাতেন শরীররক্ষণম্ ॥৬৪॥
ততোঽন্তরীক্ষে নিনদো মহানভূদ্দিবৌকসামপ্সরসাঞ্চ নেদুষাম্।
পপাত চোচ্চৈরমরপ্রবেরিতং বিচিত্রপুষ্পোৎকরবর্ষমুত্তমম্ ॥৬৫॥
ততঃ পরানাবিশদুত্তমং ভয়ং সমীক্ষ্য ভূমৌ পতিতং নরোত্তমম্।
অহীয়মানঞ্চ বলেন কৌরবং নিশাম্য ভেদং সুদৃঢ়স্য বর্ম্মণঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

স ইতি। জগতীং ভূমিম্, "জগতী ছন্দোবিশেষেঽপি ক্ষিতাবপি" ইত্যমরঃ ॥৬৩॥

স ইতি। বিভেদ বিদারয়ামাস, শরীররক্ষণং বর্ম্ম ॥৬৪॥

তত ইতি। নেদুষাং হর্ষনাদং কৃতবতাম্। অমরৈঃ প্রবেরিতং প্রেরিতম্ ॥৬৫॥

তত ইতি। পরান্ পাণ্ডবান্, নরোত্তমং ভীমম্। কৌরবং দুর্য্যোধনম্, ভেদং বিদারণম্ ॥৬৬॥

ভারতভাবদীপঃ

গদয়া তাড়য়ামাসেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥৩৬—৩৯॥ নষ্টনয়নঃ খিন্নচেতসঃ ॥৫০—৫৮॥ শঙ্খদেশে ললাটপ্রান্তে ॥৫৯—৬৩॥ নেদুষাং নাদং কৃতবতীনাম্ ॥৬৫—৬৯॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৩॥

রাজা! তদনন্তর আপনার পুত্রকে ভূতলে পতিত দেখিয়া, পাণ্ডবেরা আনন্দিত হইলেন এবং কোলাহল করিয়া উঠিলেন। তৎপরে তখনই দুর্য্যোধন চৈতন্য লাভ করিয়া, হস্তী যেমন হ্রদ হইতে গাত্রোত্থান করে, সেইরূপ ভূতল হইতে গাত্রোত্থান করিলেন ॥৬২॥

তাহার পর সর্ব্বদা কোপান্বিত ও মহারথ রাজা দুর্য্যোধন শিক্ষিতের ন্যায় ভ্রমণ করিতে থাকিয়া, সম্মুখবর্ত্তী ভীমসেনকে তাড়ন করিলেন; তখন ভীমসেন বিহ্বল হইয়া ভূতলে পতিত হইলেন ॥৬৩॥

দুর্য্যোধন সেইভাবে বলপূর্ব্বক ভীমসেনকে ভূতলে নিপাতিত করিয়া, সিংহনাদ করিলেন এবং বজ্রতুল্য গদার আঘাতে ভীমের বর্ম্মটাকে বিদীর্ণ করিলেন ॥৬৪॥

তৎপরে আকাশে দেবগণ ও অপ্সরাগণ আনন্দধ্বনি করিতে থাকিলে, সেখানে মহাকোলাহল হইতে লাগিল এবং ঊর্দ্ধ হইতে দেবগণনিক্ষিপ্ত উত্তম পুষ্পবৃষ্টি হইতে থাকিল ॥৬৫॥

তদনন্তর নরশ্রেষ্ঠ ভীমসেন পতিত হইয়াছেন, দুর্য্যোধন সবলই আছেন এবং

CENTRAL LIBRARY

ততো মুহূর্ত্তাদুপলভ্য চেতনাং প্রমৃজ্য বক্ত্রং রুধিরার্দ্রমাত্মনঃ।
ধৃতিং সমালম্ব্য বিবৃত্তলোচনো বলেন সংস্তভ্য বৃকোদরঃ স্থিতঃ ॥৬৭॥
ততো যমৌ যমসদৃশৌ পরাক্রমে সপার্ষতঃ শিনিতনয়শ্চ বীর্য্যবান্।
সমাহ্বয়ন্নহমহমিত্যভিত্বরংস্তবাত্মজং সমভিযযুর্বধৈষিণঃ ॥৬৮॥
নিবর্ত্ত্য তান্ পুনরপি পাণ্ডবো বলী তবাত্মজং স্বয়মভিগম্য কালবৎ।
চচার চাপ্যপগতখেদবেপথুঃ সুরেশ্বরো নমুচিমিবোত্তমং রণে ॥৬৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ধৃতিং ধৈর্য্যম, সংস্তভ্য আত্মানং স্থিরীকৃত্য ॥৬৭॥

তত ইতি। যমৌ নকুলসহদেবৌ, সপার্ষতো ধৃষ্টদ্যুম্নসহিতঃ, শিনিতনয়ঃ সাত্যকিঃ। অহমেব ত্বাং হন্মীতি শেষঃ, বধৈষিণস্তবাত্মজস্তৈব ॥৬৮॥

নিবর্ত্ত্যেতি। পাণ্ডবো ভীমসেনঃ, কালবদ্‌যম ইব। অপগতৌ তিরোহিতৌ খেদ-বেপথূ শ্রমকম্পৌ যস্য সঃ। সুরেশ্বরো দেবরাজঃ, নমুচিং নাম দানবম্ ॥৬৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভীমসেনের বর্ম্ম বিদীর্ণ হইয়াছে, এই সকল দেখিয়া পাণ্ডবগণের গুরুতর ভয় জন্মিল ॥৬৬॥

ওদিকে ভীমসেন কিয়ৎকাল পরে চৈতন্য লাভ করিয়া, নিজের রক্তাক্ত মুখমণ্ডল মুছিয়া, ধৈর্য্যাবলম্বনপূর্ব্বক চিত্ত স্থির করিয়া, চোখ ফিরাইয়া দাঁড়াইলেন ॥৬৭॥

মহারাজ! তৎপরে পরাক্রমে যমের তুল্য নকুল ও সহদেব এবং বলবান্ ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি—দুর্য্যোধনকে আহ্বান করিয়া 'এই আমি তোমাকে বধ করিতেছি, এই আমি তোমাকে বধ করিতেছি' এই কথা বলিয়া, দুর্য্যোধনের দিকে ধাবিত হইবার উপক্রম করিলেন ॥৬৮॥

তখন বলবান্ ভীমসেন তাঁহাদিগকে নিবৃত্ত করিয়া, শ্রম ও কম্প তিরোহিত হইলে, যমের ন্যায় পুনরায় দুর্য্যোধনের দিকে যাইয়া, পূর্ব্বকালে ইন্দ্র যেমন নমুচি-দানবকে লক্ষ করিয়া, যুদ্ধে বিচরণ করিয়াছিলেন, সেইরূপ রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥৬৯॥

(৬৮—৬৯) ইদং শ্লোকদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ বা সো নাস্তি। * '... সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' নি।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সমুদীর্ণং ততো দৃষ্ট্বা সংগ্রামং কুরুমুখ্যয়োঃ।
অথাব্রবীদর্জ্জুনস্তু বাসুদেবং যশস্বিনম্ ॥১॥
অনয়োর্বীরয়োর্যুদ্ধে কো জ্যায়ান্ ভবতো মতঃ।
কস্য বা কো গুণো ভূয়ানেতদ্বদ জনার্দ্দন! ॥২॥

বাসুদেব উবাচ।

উপদেশোঽনয়োস্তুল্যো ভীমস্তু বলবত্তরঃ।
কৃতী যত্নপরস্ত্বেষ ধার্ত্তরাষ্ট্রো বৃকোদরাৎ ॥৩॥
ভীমসেনস্তু ধর্ম্মেণ যুধ্যমানো ন জেষ্যতি।
অন্যায়েন তু যুধ্যন্ বৈ হন্যাদেব সুযোধনম্ ॥৪॥

ভারতকৌমুদী

সমিতি। সমুদীর্ণং ক্রমেণ প্রবৃদ্ধম, কুরুমুখ্যয়োঃ কৌরবপ্রধানয়োর্ভীমদুর্য্যোধনয়োঃ ॥১॥
অনয়োরিতি। জ্যায়ান্ শ্রেষ্ঠঃ। ভূয়ানধিকঃ ॥২॥
উপেতি। উপদেশো গুরোঃ শিক্ষাদানম্। কৃতী নিপুণঃ ॥৩॥
তৎফলমাহ ভীমেতি। ধর্ম্মেণ ন্যায়েন, ন জেষ্যতি বলাপেক্ষয়া নৈপুণ্যস্যাধিক-কার্য্যকারিত্বাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর কৌরবপ্রধান ভীম ও দুর্য্যোধনের গদাযুদ্ধ ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে দেখিয়া, অর্জ্জুন যশস্বী কৃষ্ণকে বলিলেন—॥১॥

'জনার্দ্দন! এই যুধ্যমান বীর দুই জনের মধ্যে কে প্রধান? এবং ইঁহাদের মধ্যে কাঁহার কোন্ গুণই বা অধিক তাহা বল' ॥২॥

কৃষ্ণ বলিলেন—'গুরুর উপদেশ ইঁহাদের দুই জনেরই সমান; কিন্তু ভীমসেন অধিক বলবান্, আর ভীমসেন অপেক্ষা দুর্য্যোধন গদাযুদ্ধে অধিক যত্নবান্ এবং নিপুণ ॥৩॥

অতএব ভীমসেন ন্যায় অনুসারে যুদ্ধ করিতে থাকিয়া, দুর্য্যোধনকে জয় করিতে পারিবেন না; কিন্তু অন্যায়ভাবে যুদ্ধ করিয়া অবশ্যই দুর্য্যোধনকে বধ করিতে পারিবেন ॥৪॥

(২)···কস্য কো হি বশো ভূয়াদেতদ্বদ···পি।

CENTRAL LIBRARY

মায়য়া নির্জিতা দেবৈরসুরা ইতি নঃ শ্রুতম্ ।
বিরোচনস্তু শক্রেণ মায়য়া নির্জিতঃ স বৈ ॥৫॥
মায়য়া চাক্ষিপত্তেজো বৃত্রস্য বলসূদনঃ ।
তস্মান্মায়াময়ং ভীম আতিষ্ঠতু পরাক্রমম্ ॥৬॥
প্রতিজ্ঞাতন্তু ভীমেন দ্যূতকালে ধনঞ্জয় ! ।
উরূ ভেৎস্যামি তে সংখ্যে গদয়েতি সুযোধন ! ॥৭॥
সোঽয়ং প্রতিজ্ঞাং তাঞ্চাপি পালয়ত্বরিকর্ষণঃ ।
মায়াবিনঞ্চ রাজানং মায়য়ৈব নিকৃন্ততু ॥৮॥
যদ্যেষ বলমাস্থায় ন্যায়েন প্রহরিষ্যতি ।
বিষমস্থস্ততো রাজা ভবিষ্যতি যুধিষ্ঠিরঃ ॥৯॥
পুনরেব তু বক্ষ্যামি পাণ্ডবেয় ! নিবোধ মে ।
ধর্ম্মরাজাপরাধেন ভয়ং নঃ পুনরাগতম্ ॥১০॥

ভারতকৌমুদী

অন্যায়যুদ্ধমপি সমর্থয়ন্ দৃষ্টান্তমাহ মায়য়েতি । মায়য়া কূটকৌশলেন ॥৫॥
মায়য়েতি । আক্ষিপৎ অপাসারয়ৎ, বলসূদন ইন্দ্রঃ । আতিষ্ঠতু আশ্রয়তু ॥৬॥
তাং মায়ামেব প্রকাশয়ন্নাহ প্রতীতি । ভেৎস্যামি ভক্ষ্যামি, সংখ্যে যুদ্ধে ॥৭॥
ইদানীং ভীমস্য কর্ত্তব্যমাহ স ইতি । রাজানং দুর্য্যোধনম্, নিকৃন্ততু হন্তু ॥৮॥
পক্ষান্তরে দোষমাহ যদীতি । বিষমস্থো বিপদ্গতঃ, ভীমবধসম্ভবেন সর্ব্বনাশসম্ভবাৎ ॥৯॥

আমরা শুনিয়াছি—দেবতারা কূটকৌশলে (অন্যায় ভাবে) অসুরগণকে জয় করিয়াছিলেন এবং ইন্দ্রও কূটকৌশলেই বিরোচনকে পরাজয় করিয়াছিলেন ॥৫॥

ইন্দ্র কূটকৌশলেই বৃত্রাসুরেরও তেজ নষ্ট করিয়াছিলেন । অতএব ভীমসেন কূটকৌশলবহুল পরাক্রমই অবলম্বন করুন ॥৬॥

অর্জ্জুন ! ভীমসেন দ্যূতক্রীড়ার সময় প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, 'দুর্য্যোধন ! আমি যুদ্ধে গদাদ্বারা তোর উরুযুগল ভগ্ন করিব' ॥৭॥

শত্রুহন্তা এই সেই ভীমসেন সেই প্রতিজ্ঞা রক্ষা করুন ; কূটকৌশলী দুর্য্যোধনকে কূটকৌশলেই বধ করুন ॥৮॥

ভীমসেন যদি ন্যায় অনুসারে যুদ্ধ করেন, তাহা হইলে রাজা যুধিষ্ঠির বিষম বিপদে পড়িবেন ॥৯॥

পাণ্ডুনন্দন ! আমি আবারও বলিতেছি, তুমি শ্রবণ কর ; ধর্ম্মরাজের অপরাধে পুনরায় আমাদের ভয় উপস্থিত হইয়াছে ॥১০॥

(৬) তস্মান্মায়াময়ং বীর ! আতিষ্ঠতু বৃকোদরঃ···নি ।

CENTRAL LIBRARY

কৃত্বা হি সুমহৎ কর্ম্ম হত্বা ভীষ্মমুখান্ কুরূন্।
জয়ঃ প্রাপ্তো যশশ্চাগ্র্যং বৈরঞ্চ প্রতিযাতিতম্ ॥১১॥
তদেবং বিজয়ঃ প্রাপ্তঃ পুনঃ সংশয়িতঃ কৃতঃ।
অবুদ্ধিরেষা মহতী ধর্ম্মরাজস্য পাণ্ডব! ॥১২॥
যদেকবিজয়ে যুদ্ধং পণিতং ঘোরমীদৃশম্।
সুযোধনঃ কৃতী বীর একায়নগতস্তথা ॥১৩॥
অপি চোশনসা গীতঃ শ্রূয়তেঽয়ং পুরাতনঃ।
শ্লোকস্তত্ত্বার্থসহিতস্তন্মে নিগদতঃ শৃণু ॥১৪॥
পুনরাবর্ত্তমানানাং ভগ্নানাং জীবিতৈষিণাম্।
ভেতব্যমরিশেষাণামেকায়নগতা হি তে ॥১৫॥

ভারতকৌমুদী

পুনরিতি। নিবোধ শৃণু। ধর্ম্মরাজস্য যুধিষ্ঠিরস্যাপরাধেন ॥১০॥

অথ কোঽসাবপরাধ ইত্যাহ শ্লোকজাতেন কৃত্বেতি। অগ্র্যমুত্তমম্, প্রতিযাতিতং প্রতিশোধিতম্ ॥১১॥

তদিতি। প্রাপ্তঃ প্রায়েণ লব্ধঃ। অবুদ্ধির্নির্বুদ্ধিতা ॥১২॥

ননু কাসাববুদ্ধিরিত্যাহ যদিতি। একায়নগতঃ কেবলমৃত্যুপথপ্রাপ্তঃ ॥১৩॥

মহাজনোক্তিমুদাহর্ত্তুমাহ অপীতি। উশনসা শুক্রেণ, গীতো গানবৎ প্রচারিতঃ ॥১৪॥

পুনরিতি। ভগ্নানাং পরাজিতানামপি, পুনরাবর্ত্তমানানাং পুনঃ প্রত্যাবৃত্ত্য যোদ্ধুমাগচ্ছতাং জীবিতৈষিণাং পলায়নে জীবননাশাবশ্যম্ভাবসম্ভাবনাৎ পুনঃ প্রত্যাবর্ত্তন এব জীবনরক্ষাসম্ভাবিনাম, অরিশেষাণাং হতাবশিষ্টশত্রূণাং তেভ্য ইত্যর্থঃ, ভেতব্যম্। হি যস্মাৎ, তে অরিশেষা, একমেব অয়নং মরণপথং গতাঃ প্রাপ্তাঃ ॥১৫॥

অতিগুরুতর ব্যাপারের অনুষ্ঠানপূর্ব্বক ভীষ্মপ্রভৃতি কৌরবগণকে বধ করিয়াও উত্তম যশ লাভ করা হইয়াছিল এবং শত্রুতারও প্রতিশোধ দেওয়া হইয়াছিল ॥১১॥

অতএব পাণ্ডুনন্দন! জয় প্রায় হস্তগত হইয়াছিল, এমন অবস্থায় ধর্ম্মরাজ পুনরায় তাহাকে সংশয়াপন্ন করিয়াছেন। সুতরাং এটা ধর্ম্মরাজের অত্যন্ত নির্বুদ্ধিতাই হইয়াছে ॥১২॥

যেহেতু, 'দুর্য্যোধন! তুমি আমাদের মধ্যে এক জনকে জয় করিতে পারিলেই তোমার জয় হইবে' এইরূপে ধর্ম্মরাজ যুদ্ধে ভয়ঙ্কর পণ করিয়াছেন। কারণ, দুর্য্যোধন গদাযুদ্ধে নিপুণ, বীর এবং মরিয়া হইয়া লাগিয়াছেন ॥১৩॥

আরও শুনিতে পাই যে, স্বয়ং শুক্রাচার্য্য পূর্ব্বকালে তত্ত্বার্থসম্পন্ন এই শ্লোকটী প্রচার করিয়াছিলেন; তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর—॥১৪॥

(১১)· ·জয়ঃ প্রাপ্তো যশঃ প্রাগ্যং···নি।

CENTRAL LIBRARY

সহসোৎপতিতানাঞ্চ নিরাশানাঞ্চ জীবিতে।
ন শক্যমগ্রতঃ স্থাতুং শক্রেণাপি ধনঞ্জয়! ॥১৬॥
সুযোধনমিমং ভগ্নং হতসৈন্যং হ্রদং গতম্।
পরাজিতং বনপ্রেপ্সুং নিরাশং রাজ্যলম্ভনে ॥১৭॥
কোঽন্বিষ্য সংযুগে প্রাজ্ঞঃ পুনর্দ্বন্দ্বে সমাহ্বয়েৎ।
অপি নো নির্জ্জিতং রাজ্যং ন হরেত সুযোধনঃ ॥১৮॥ (যুগ্মকম্)
যস্ত্রয়োদশবর্ষাণি গদয়া কৃতনিশ্চয়ঃ।
চরত্যূর্দ্ধঞ্চ তির্য্যক্ চ ভীমসেনজিঘাংসয়া ॥১৯॥
এনঞ্চেন্ন মহাবাহুরন্যায়েন হনিষ্যতি।
এষ বঃ কৌরবো রাজা ধার্ত্তরাষ্ট্রো ভবিষ্যতি ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সহসেতি। উৎপতিতানামাত্মন উপরি জয়ায় বেগেনাপতিতানাম্ ॥১৬॥
উক্তমর্থং দুর্য্যোধনে যোজয়তি সুযোধনমিতি। ভগ্নং ভগ্নোৎসাহম্। দ্বন্দ্বে যুদ্ধে ॥১৭—১৮॥
য ইতি। কৃতনিশ্চয়ো ভীমেন সহ গদাযুদ্ধে। চরতি গদাযুদ্ধাভ্যাসং করোতি স্ম। মহাবাহুর্ভীমসেনঃ। রাজা ভবিষ্যতি ধর্ম্মরাজেন তথৈবোক্তত্বাদিতি ভাবঃ ॥১৯—২০॥

'জীবনার্থী, হতাবশিষ্ট যোদ্ধারা পরাজিত হইয়া, আবারও ফিরিয়া আসিলে, অবশ্যই তাহাদের ভয় করিতে হইবে। কারণ, তাহারা তখন মরণে কৃতনিশ্চয় হইয়াই ফিরিয়া আসিয়া থাকে' ॥১৫॥

অর্জ্জুন! শত্রুরা আপনাদের জীবনে নিরাশ হইয়া, বেগে আসিয়া পড়িলে, স্বয়ং ইন্দ্রও তাহাদের সম্মুখে থাকিতে সমর্থ হন না ॥১৬॥

দুর্য্যোধনের সমস্ত সৈন্য নিহত হইয়াছে, উনি নিজেও পরাজিত হইয়াছেন, সেই অবস্থায় উনি দ্বৈপায়নহ্রদে প্রবেশ করিয়াছিলেন এবং সেখানে থাকিয়া রাজ্য-লাভে নিরাশ হইয়া বনে যাইবারই ইচ্ছা করিতেছিলেন। তা'র পর, দুর্য্যোধন আমাদের বিজিত রাজ্য আবার হরণ না করে, এইরূপ ধারণা করিয়া, কোন্ বুদ্ধিমান্ লোক অন্বেষণপূর্ব্বক পুনরায় তাহাকে যুদ্ধে আহ্বান করেন? ॥১৭—১৮॥

যে দুর্য্যোধন—'ভীমের সহিত অবশ্যই আমার গদাযুদ্ধ হইবে' এইরূপ কৃত-নিশ্চয় হইয়া, ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া, আজ ত্রয়োদশ বৎসর যাবৎ উপরের দিকে ও পার্শ্বদেশে গদাযুদ্ধের অভ্যাস করিয়া আসিতেছেন, মহাবাহু ভীমসেন অন্যায়ভাবে সেই দুর্য্যোধনকে যদি বধ না করেন, তাহা হইলে, এই দুর্য্যোধনই পুনরায় তোমাদের রাজা হইবেন' ॥১৯—২০॥

(১৮) কোঽন্বেকং সংযুগে···সমাহ্বয়ৎ···পি, কোঽন্বেষ সংযুগে·· বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

ধনঞ্জয়স্তু শ্রুত্বৈতৎ কেশবস্য মহাত্মনঃ।
প্রেক্ষতো ভীমসেনস্য সব্যমূরুমতাড়য়ৎ ॥২১॥
গৃহ্য সংজ্ঞাং ততো ভীমো গদয়া ব্যচরদ্রণে।
মণ্ডলানি বিচিত্রাণি যমকানীতরাণি চ ॥২২॥
দক্ষিণং মণ্ডলং সব্যং গোমূত্রকমথাপি চ।
ব্যচরৎ পাণ্ডবো রাজন্! অরিং সম্মোহয়ন্নিব ॥২৩॥
তথৈব তব পুত্রোঽপি গদামার্গবিশারদঃ।
ব্যচরল্লঘু চিত্রঞ্চ ভীমসেনজিঘাংসয়া ॥২৪॥
আধুন্বন্তৌ গদে ঘোরে চন্দনাগুরুরুষিতে।
বৈরস্যান্তং পরীপ্সন্তৌ রণে ক্রুদ্ধাবিবান্তকৌ ॥২৫॥
অন্যোন্যং তৌ জিঘাংসন্তৌ প্রবীরৌ পুরুষর্ষভৌ।
যুযুধাতে গরুত্মন্তৌ যথা নাগামিষৈষিণৌ ॥২৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধনঞ্জয় ইতি। সব্যং বামম্, অতাড়য়ৎ তদ্ভঙ্গপ্রতিজ্ঞাস্মরণার্থমিত্যাশয়ঃ ॥২১॥
গৃহ্যেতি। গৃহ্য প্রাপ্য, যমকানি অন্তরান্তরোভয়পার্শ্বগমননিষ্পাদ্যানি ॥২২॥
দক্ষিণমিতি। সব্যং বামম্, গোমূত্রকং গোমূত্রবৎ বিলম্ব্য বিলম্ব্য কৃতম্ ॥২৩॥
তথেতি। লঘু দ্রুতম্, ভীমসেনস্য জিঘাংসয়া হননেচ্ছয়া ॥২৪॥
আধুন্বন্তাবিতি। আধুন্বন্তৌ ঘূর্ণয়ন্তৌ, চন্দনাগুরুভ্যাং রুষিতে রঞ্জিতে। পরীপ্সন্তৌ

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুন মহাত্মা কৃষ্ণের এই সকল কথা শুনিয়া, ভীমসেন দেখিতে পান এইভাবে হস্তদ্বারা নিজের বাম উরুর উপরে আঘাত করিলেন ॥২১॥

তাহার পর ভীমসেন চৈতন্য লাভ করিয়া, গদাধারণপূর্ব্বক রণস্থলে কখনও ঘুরিয়া ফিরিয়া, কখনও অন্যান্যভাবে বিচিত্র মণ্ডলাকারে বিচরণ করিতে লাগিলেন ॥২২॥

রাজা! ভীমসেন দুর্য্যোধনকে মুগ্ধ করতই যেন কখনও দক্ষিণাবর্ত্তে, কখন বামাবর্ত্তে, কখন গোমূত্রের প্রকারে ভ্রমণ করিতে থাকিলেন ॥২৩॥

মহারাজ! গদামার্গবিশারদ দুর্য্যোধনও ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া, সেইরূপই বিচিত্রভাবে দ্রুত বিচরণ করিতে লাগিলেন ॥২৪॥

দুইটা মহাপক্ষী যেমন মহাসর্পের মাংসের লোভে পরস্পর বধ করিবার ইচ্ছা

(২৬)···নাগমিবৈষিণৌ—বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

মণ্ডলানি বিচিত্রাণি চরতোর্নৃপভীময়োঃ।
গদাসম্পাতজাস্তত্র প্রজজ্ঞুঃ পাবকার্চ্চিষঃ ॥২৭॥
সমং প্রহরতোস্তত্র শূরয়োর্বলিনোর্মৃধে।
ক্ষুব্ধয়োর্বায়ুনা রাজন্! দ্বয়োরিব সমুদ্রয়োঃ ॥২৮॥ (যুগ্মকম্)
তয়োঃ প্রহরতোস্তুল্যং মত্তকুঞ্জরয়োরিব।
গদানির্ঘাতসংহ্রাদঃ প্রহারাৎ সমজায়ত ॥২৯॥
তস্মিংস্তদা সম্প্রহারে দারুণে সঙ্কুলে ভৃশম্।
উভাবপি পরিশ্রান্তৌ যুধ্যমানাবরিন্দমৌ ॥৩০॥
তৌ মুহূর্ত্তং সমাশ্বস্য পুনরেব পরন্তপৌ।
অভ্যহারয়তাং ক্রুদ্ধৌ প্রগৃহ্য মহতীং গদাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

প্রেপ্সন্তৌ, পরস্পরজিঘাংসয়েতি ভাবঃ। অন্তকৌ যমৌ। গরুত্মন্তৌ পক্ষিণৌ, নাগস্তু বৃহৎসর্পস্তু, আমিষৈষিণৌ মাংসলুব্ধৌ ॥২৫—২৬॥

মণ্ডলানীতি। নৃপো রাজা দুর্য্যোধনশ্চ ভীমশ্চ তয়োঃ। পাবকার্চ্চিষো বহ্নিশিখাঃ, সমং সমানম্। ক্ষুব্ধয়োঃ সঞ্চালিতয়োঃ ॥২৭—২৮॥

তয়োরিতি। গদয়োর্নির্ঘাতানাং তীব্রাঘাতানাং সংহ্রাদঃ শব্দঃ ॥২৯॥

তস্মিন্নিতি। সঙ্কুলে তুমুলে সতি। পরিশ্রান্তাবভবতামিতি শেষঃ ॥৩০॥

করিয়া যুদ্ধ করে, সেইরূপ মহাবীর ও পুরুষশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধন শত্রুতার সমাপ্তি করিবার অভিপ্রায়ে পরস্পর বধ করিবার ইচ্ছা করিয়া, চন্দন ও অগুরু-রঞ্জিত ভীষণ দুইটা গদা সঞ্চালন করিতে থাকিয়া, ক্রুদ্ধ দুই জন যমের ন্যায় পরস্পর যুদ্ধ করিতে থাকিলেন ॥২৫—২৬॥

রাজা! বীর ও বলবান্ ভীম ও দুর্য্যোধন বায়ুসঞ্চালিত দুইটা সমুদ্রের ন্যায় রণস্থলে বিচিত্র মণ্ডলাকারে বিচরণ করিতে থাকিয়া, যখন পরস্পর সমান ভাবে গদা প্রহার করিতে থাকিলেন, তখন সেই গদা দুইটা হইতে অগ্নির শিখা নির্গত হইতে লাগিল ॥২৭—২৮॥

দুইটা মত্তহস্তীর ন্যায় ভীম ও দুর্য্যোধন সমান ভাবে পরস্পর প্রহার করিতে লাগিলে, গদা দুইটার পরস্পর আঘাতের গুরুতর শব্দ হইতে লাগিল ॥২৯॥

তখন সেই ভীষণ ও তুমুল প্রহার চলিতে লাগিলে, শত্রুদমনকারী যুধ্যমান ভীম ও দুর্য্যোধন দুই জনই পরিশ্রান্ত হইয়া পড়িলেন ॥৩০॥

(৩১)···অভ্যহারেতামন্যোন্যং প্রগৃহ্য মহতী গদে—পি।

তয়োঃ সমভবদ্‌যুদ্ধং ঘোররূপমসংবৃতম্।
গদানিপাতৈ রাজেন্দ্র! তক্ষতোর্বৈ পরস্পরম্ ॥৩২॥
সমরে প্রদ্রুতৌ তৌ তু বৃষভাক্ষৌ তরস্বিনৌ।
অন্যোন্যং জঘ্নতুর্বীরৌ পঙ্কস্থৌ মহিষাবিব ॥৩৩॥
জর্জ্জরীকৃতসর্ব্বাঙ্গৌ রুধিরেণাভিসংপ্লুতৌ।
দদৃশাতে হিমবতি পুষ্পিতাবিব কিংশুকৌ ॥৩৪॥
দুর্য্যোধনস্তু পার্থেন বিবরে সম্প্রদর্শিতে।
ঈষদুৎস্ময়মানস্তু সহসা প্রসসার হ ॥৩৫॥
তমভ্যাসগতং প্রাজ্ঞো রণে প্রেক্ষ্য বৃকোদরঃ।
অবাক্ষিপদ্‌গদাং তস্মৈ বেগেন মহতা বলী ॥৩৬॥

ভারতকৌমুদী

তাবিতি। সমাশ্বস্য বিশ্রম্য। অভ্যহারয়তাং যুদ্ধমারভেতাম্ ॥৩১॥
তয়োরিতি। অসংবৃতং নির্বাধম্। তক্ষতোস্তনুকুর্ব্বতোঃ প্রহরতোরিত্যর্থঃ ॥৩২॥
সমর ইতি। প্রদ্রুতৌ দ্রুতং বিচরন্তৌ। তরস্বিনৌ বলবন্তৌ ॥৩৩॥
জর্জ্জরীতি। দদৃশাতে তত্রত্যৈর্জনৈঃ, হিমবতি গিরৌ ॥৩৪॥
দুর্য্যোধন ইতি। পার্থেন ভীমেন, বিবরে প্রহারচ্ছিদ্রে। প্রসসার অগ্রেসরো বভূব ॥৩৫॥
তমিতি। অভ্যাসগতং সমীপমুপস্থিতম্। তস্মৈ দুর্য্যোধনায় ॥৩৬॥

তৎপরে শত্রুসন্তাপকারী ভীম ও দুর্য্যোধন কিয়ৎকাল বিশ্রাম করিয়া, বিশাল গদা ধারণপূর্ব্বক পুনরায় যুদ্ধারম্ভ করিলেন ॥৩১॥

রাজশ্রেষ্ঠ! তাঁহারা গদার আঘাতে পরস্পর তাড়ন করিতে লাগিলে, অবাধে ভীষণ যুদ্ধ চলিতে থাকিল ॥৩২॥

বৃষের তুল্য বিশাল নয়ন ও বলবান্ ভীম এবং দুর্য্যোধন বেগে বিচরণ করিতে থাকিয়া, কর্দ্দমস্থিত দুইটা মহিষের ন্যায় পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৩৩॥

প্রহারে প্রহারে তাঁহাদের শরীর জর্জ্জরীভূত ও রক্তাক্ত হইয়া পড়িল; তখন হিমালয়পর্ব্বতে পুষ্পসমন্বিত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় তাঁহাদিগকে দেখা যাইতে লাগিল ॥৩৪॥

পরে ভীমসেন প্রহারের অবকাশ দেখাইলে, দুর্য্যোধন মৃদু হাস্য করিয়া ভীমের দিকে বেগে গমন করিলেন ॥৩৫॥

ওদিকে বুদ্ধিমান্ ও বলবান্ ভীমসেন দুর্য্যোধনকে নিকটবর্ত্তী দেখিয়া, তাঁহার দিকে মহাবেগে গদা নিক্ষেপ করিলেন ॥৩৬॥

CENTRAL LIBRARY

অবক্ষপন্ত তং দৃষ্ট্বা পুত্রস্তব বিশাংপতে ! ।
অবাসর্পত্ততঃ স্থানাৎ সা মোঘা ন্যপতদ্ভুবি ॥৩৭॥
মোক্ষয়িত্বা প্রহারং তং সুতস্তব সসম্ভ্রমাৎ ।
ভীমসেনঞ্চ গদয়া প্রাহরৎ কুরুসত্তমঃ ॥৩৮॥
তস্য বিস্যন্দমানেন রুধিরেণামিতৌজসঃ ।
প্রহারগুরুপাতাচ্চ মূর্চ্ছেব সমজায়ত ॥৩৯॥
দুর্য্যোধনো ন তং বেদ পীড়িতং পাণ্ডবং রণে ।
ধারয়ামাস ভীমোঽপি শরীরমতিপীড়িতম্ ॥৪০॥
অমন্যত স্থিতং হ্যেনং প্রহরিষ্যন্তমাহবে ।
ততো ন প্রাহরত্তস্মৈ পুনরেব তবাত্মজঃ ॥৪১॥

ভারতকৌমুদী

অবেতি। অবাসর্পৎ অপাসরৎ, সা গদা, মোঘা ব্যর্থা সতী ॥৩৭॥
মোক্ষয়িত্বেতি। মোক্ষয়িত্বা ব্যর্থীকৃত্য, সম্ভ্রমাল্লাঘবাৎ ॥৩৮॥
তস্যেতি। বিস্যন্দমানেন স্রবতা। প্রহারস্য গুরুপাতাদ্দৃঢ়সম্বন্ধাৎ ॥৩৯॥
দুর্য্যোধন ইতি। বেদ জানাতি স্ম যথাবদেবাবস্থানাদিতি ভাবঃ ॥৪০॥
অথ তদবসরে কুতো ন পুনঃ প্রাহরদিত্যাহ অমন্যতেতি। বিপক্ষস্য প্রতিপ্রহারাবসরদানং হি বীরনিয়ম ইতি ভাবঃ ॥৪১॥

নরনাথ ! আপনার পুত্র দুর্য্যোধন ভীমসেনের সেই গদানিক্ষেপ দেখিয়া, সত্বর সেস্থান হইতে সরিয়া গেলেন ; তখন সেই গদাটা ব্যর্থ হইয়া ভূতলে পতিত হইল ॥৩৭॥

মহারাজ ! আপনার পুত্র পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন বেগে অপসৃত হইয়া ভীমসেনের সেই প্রহার ব্যর্থ করিয়া, আপন গদাদ্বারা ভীমসেনকে প্রহার করিলেন ॥৩৮॥

ভীমসেনের তেজ অসাধারণ হইলেও দুর্য্যোধনের সেই গুরুতর প্রহারে রক্ত নির্গত হইতে থাকায় তাঁহার যেন মূর্চ্ছা জন্মিল ॥৩৯॥

কিন্তু ভীমসেন যে পীড়িত হইয়াছিলেন, তাহা দুর্য্যোধন বুঝিতে পারেন নাই ; আবার ভীমসেনও অত্যন্ত পীড়িত নিজের শরীর যথাযথভাবেই ধারণ করিতেছিলেন ॥৪০॥

মহারাজ ! ভীমসেন প্রহার করিবেন বলিয়া দাঁড়াইয়াছেন, ইহাই দুর্য্যোধন মনে করিয়াছিলেন ; সুতরাং তিনি পুনরায় ভীমসেনকে প্রহার করেন নাই ॥৪১॥

(৩৭) অবাক্ষিপ্তাস্ত তাং দৃষ্ট্বা ...বঙ্গ বর্দ্ধ। (৪০) তন্নাবুধ্যত পুত্রস্তে ...নি।

CENTRAL LIBRARY

ততো মুহূর্ত্তমাশ্বস্য দুর্য্যোধনমুপস্থিতম্।
বেগেনাভ্যপতদ্রাজন্! ভীমসেনঃ প্রতাপবান্ ॥৪২॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য সংরব্ধমমিতৌজসম্।
মোঘমস্য প্রহারং তং চিকীর্ষুর্ভরতর্ষভ! ॥৪৩॥
অবস্থানে মতিং কৃত্বা পুত্রস্তব মহামনাঃ।
ইয়েষোৎপতিতুং রাজন্! ছলয়িষ্যন্ বৃকোদরম্ ॥৪৪॥ (যুগ্মকম্)
অবুধ্যদ্ভীমসেনস্তদ্রাজ্ঞস্তস্য চিকীর্ষিতম্।
অথাস্য সমভিদ্রুত্য সমুৎক্রুশ্য চ সিংহবৎ ॥৪৫॥
মৃত্যুং বঞ্চয়তো রাজন্! পুনরেবোৎপতিষ্যতঃ।
ঊরুভ্যাং প্রাহিণোদ্রাজন্! গদাং বেগেন পাণ্ডবঃ ॥৪৬॥ (যুগ্মকম্)
সা বজ্রনিষ্পেষসমা প্রহিতা ভীমকর্ম্মণা।
ঊরূ দুর্য্যোধনস্যাথ বভঞ্জ প্রিয়দর্শনৌ ॥৪৭॥

ভারতকৌমুদী

তত ইতি। আশ্বস্য বিলম্বেন সুস্থীভূয়। অভ্যপতৎ আক্রমিতুমধাবৎ ॥৪২॥

তমিতি। সংরব্ধং ক্রুদ্ধম্। কৃত্বা প্রদর্শ্যৈব ॥৪৩—৪৪॥

অবুধ্যদিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টমুৎপতনম্। সমভিদ্রুত্য দ্রুতং সমভিগম্য, সমুৎক্রুশ্য নাদং কৃত্বা। বঞ্চয়ত উৎপতনেনৈব। ঊরুভ্যাম্ ঊরুযুগলোপরি ॥৪৫—৪৬॥

সেতি। সা গদা, বজ্রস্য নিষ্পেষে আঘাতে সমা তুল্যা, প্রহিতা নিক্ষিপ্তা ॥৪৭॥

রাজা! তাহার পর প্রতাপশালী ভীমসেন কিয়ৎকাল পরে সুস্থ হইয়া, নিকটবর্ত্তী দুর্য্যোধনের উপরে বেগে যাইয়া পতিত হইলেন ॥৪২॥

ভরতশ্রেষ্ঠ রাজা! আপনার পুত্র মহামনা দুর্য্যোধন অমিততেজা ও ক্রুদ্ধ ভীমসেনকে আপতিত হইতে দেখিয়া এবং তাঁহার সেই প্রহার ব্যর্থ করিবার ইচ্ছা করিয়া, দাঁড়াইয়া থাকিবার ইচ্ছাই যেন দেখাইয়া, ভীমসেনকে বঞ্চনা করিবেন বলিয়া, উপরের দিকে লাফাইয়া উঠিবার ইচ্ছা করিলেন ॥৪৩—৪৪॥

রাজা! ওদিকে ভীমসেন দুর্য্যোধনের সেই অভিপ্রায় বুঝিতে পারিলেন; দুর্য্যোধনও মৃত্যুকে বঞ্চনা করিয়া লম্ফ প্রদানপূর্ব্বক উপরের দিকে উঠিলেন, ভীমসেনও বেগে যাইয়া, সিংহের ন্যায় গর্জ্জন করিয়া, মহাবেগে দুর্য্যোধনের ঊরু-যুগলের উপরে গদাঘাত করিলেন ॥৪৫—৪৬॥

ভীমকর্ম্মা ভীমসেন আঘাত করিবামাত্র বজ্রাঘাতের ন্যায় আঘাতকারিণী সেই গদাটা দুর্য্যোধনের মনোহর ঊরুযুগল ভগ্ন করিল ॥৪৭॥

(৪৩) তমায়ান্তং স···পি। (৪৫) ···সমুৎপত্য ··নি। (৪৬)···মৃত্যা বঞ্চয়তো···পি নি।

CENTRAL LIBRARY

স পপাত নরব্যাঘ্রো বসুধামনুনাদয়ন্ ।
ভগ্নোরুর্ভীমসেনেন পুত্রস্তব মহীপতে ! ॥৪৮॥
ববুর্বাতাঃ সনির্ঘাতাঃ পাংশুবর্ষং পপাত চ ।
চচাল পৃথিবী চাপি সবৃক্ষা চ সপর্ব্বতা ।
তস্মিন্নিপতিতে বীরে পত্যৌ সর্বমহীক্ষিতাম্ ॥৪৯॥
মহাস্বনা পুনর্দীপ্তা সনির্ঘাতা ভয়ঙ্করী ।
পপাত চোল্কা মহতী পতিতে পৃথিবীপতৌ ॥৫০॥
তথা শোণিতবর্ষঞ্চ পাংশুবর্ষঞ্চ ভারত ! ।
ববর্ষ মঘবাংস্তত্র তব পুত্রে নিপাতিতে ॥৫১॥
যক্ষাণাং রাক্ষসানাঞ্চ পিশাচানাং তথৈব চ ।
অন্তরীক্ষে মহান্নাদঃ শ্রূয়তে ভরতর্ষভ ! ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। বসুধাং রণভূমিম্। ভগ্নৌ উরূ যস্য সঃ ॥৪৮॥

ববুরিতি। নির্ঘাতেন বাতাহতবাতপাতেন সহেতি তে, পাংশুবর্ষং ধূলিবৃষ্টিম্। পত্যাবধিরাজে, সর্বমহীক্ষিতাং সর্বেষাং রাজ্ঞাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

মহেতি। দীপ্তা উজ্জ্বলা। পৃথিবীপতৌ সার্বভৌমে দুর্য্যোধনে ॥৫০॥

তথেতি। পাংশুবর্ষং ধূলিবৃষ্টিম্। ববর্ষ চকার, মঘবানিন্দ্রঃ ॥৫১॥

যক্ষাণামিতি। নাদঃ কোলাহলঃ, শ্রূয়তে স্ম ভূতলবর্ত্তিভির্লোকৈঃ ॥৫২॥

মহারাজ ! ভীমসেন উরুযুগল ভগ্ন করিলে, আপনার পুত্র নরশ্রেষ্ঠ দুর্য্যোধন রণভূমি নিনাদিত করিতে থাকিয়া পতিত হইলেন ॥৪৮॥

রাজাধিরাজ বীর দুর্য্যোধন নিপতিত হইলে, নির্ঘাতের সহিত বায়ু বহিতে লাগিল, ধূলিবৃষ্টি হইতে থাকিল এবং বৃক্ষ ও পর্ব্বতের সহিত পৃথিবী কাঁপিয়া উঠিল ॥৪৯॥

রাজা দুর্য্যোধন নিপতিত হইলে, উজ্জ্বল উল্কাসকল বিশাল শব্দ করিয়া, নির্ঘাতের সহিত পতিত হইতে থাকিল ॥৫০॥

ভরতনন্দন ! আপনার পুত্র নিপাতিত হইলে, ইন্দ্র রক্তধূলি বর্ষণ করিতে লাগিলেন ॥৫১॥

ভরতশ্রেষ্ঠ ! আকাশে যক্ষ, রাক্ষস ও পিশাচগণের বিশাল কোলাহল শুনা যাইতে লাগিল ॥৫২॥

(৪৯)···সবৃক্ষক্ষুপপর্ব্বতা—বঙ্গ বর্দ্ধ নি। (৫২)···তত্র ভারত ! শুশ্রুবে—নি।

তেন শব্দেন ঘোরেণ মৃগাণামথ পক্ষিণাম্।
জজ্ঞে ঘোরতরঃ শব্দো বহূনাং সর্বতো দিশম্ ॥৫৩॥
যে তত্র বাজিনঃ শেষা গজাশ্চ মনুজৈঃ সহ।
মুমুচুস্তে মহানাদং তব পুত্রে নিপাতিতে ॥৫৪॥
ভেরীশঙ্খমৃদঙ্গানামভবচ্চ স্বনো মহান্।
অন্তর্ভূমিগতৈশ্চৈব তব পুত্রে নিপাতিতে ॥৫৫॥
বহুপাদৈর্বহুভুজৈঃ কবন্ধৈর্ঘোরদর্শনৈঃ।
নৃত্যদ্ভির্ভয়দৈর্ব্যাপ্তা দিশস্তত্রাভবন্নৃপ! ॥৫৬॥ (যুগ্মকম্)
ধ্বজবন্তোঽস্ত্রবন্তশ্চ শস্ত্রবন্তস্তথৈব চ।
প্রাকম্পন্ত ততো রাজন্! তব পুত্রে নিপাতিতে ॥৫৭॥
হ্রদাঃ কূপাশ্চ রুধিরমুদ্বেমুর্নৃপসত্তম!।
নদ্যশ্চ সুমহাবেগাঃ প্রতিস্রোতোবহা ভবন্ ॥৫৮॥

ভারতকৌমুদী

তেনেতি। মৃগাণাং পশূনাম্। সর্ব্বতঃ সর্ব্বাং দিশং প্রাপ্য স্থিতানামিতি শেষঃ ॥৫৩॥
য ইতি। শেষা হতাবশিষ্টাঃ। মুমুচুশ্চক্রুঃ ॥৫৪॥
ভেরীতি। অন্তর্ভূমিগতৈর্ভূতলস্থিতৈঃ। কবন্ধৈঃ শিরঃশূন্যশরীরৈঃ ॥৫৫—৫৬॥
ধ্বজেতি। দূরে ক্ষেপণীয়ং হিংসাসাধনমস্ত্রং বাণাদি, সন্নিধৌ হিংসাসাধনঞ্চ শস্ত্রং শূলাদি, "অস্ত্র ক্ষেপণে" "শস্ত্র হিংসায়াম্" ইতি যথাক্রমং ধাত্বর্থানুসারাৎ ॥৫৭॥
হ্রদা ইতি। প্রতিস্রোতোবহা বিপরীতদিগ্‌গামিস্রোতোবাহিন্যঃ ॥৫৮॥

তৎপরে সেইরূপ ভীষণ শব্দ হইতে থাকায়, সকল দিকে বহুতর পশু ও পক্ষীর ঘোরতর শব্দ হইতে থাকিল ॥৫৩॥

মহারাজ! আপনার পুত্র নিপাতিত হইলে, যে সকল হস্তী, অশ্ব ও মনুষ্য অবশিষ্ট ছিল, তাহারাও বিশাল আর্ত্তনাদ করিতে লাগিল ॥৫৪॥

রাজা! আপনার পুত্র নিপাতিত হইলে, ভেরী, শঙ্খ ও মৃদঙ্গের বিশাল শব্দ হইতে থাকিল এবং বহুচরণ ও বহুহস্ত, ভূতলবর্ত্তী ভীষণ কবন্ধসকল নৃত্য করিতে থাকিয়া, সকল দিক্ ব্যাপ্ত করিল ॥৫৫—৫৬॥

রাজা! ভীমসেন আপনার পুত্র দুর্য্যোধনকে নিপাতিত করিলে, ধ্বজধারী, অস্ত্রশালী ও শস্ত্রপাণি লোকেরা কাঁপিতে লাগিল ॥৫৭॥

রাজশ্রেষ্ঠ! হ্রদ ও কূপসকল রক্ত উদ্‌গার করিতে থাকিল এবং মহাবেগযুক্ত নদীগুলির স্রোত প্রতিকূলভাবে চলিতে লাগিল ॥৫৮॥

(৫৮)···রুধিরমুদ্বমন্···পি।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গা ইব নার্য্যস্তু স্ত্রীলিঙ্গাঃ পুরুষাভবন্।
দুর্য্যোধনে তদা রাজন্! পতিতে তনয়ে তব ॥৫৯॥
দৃষ্ট্বা তানদ্ভুতোৎপাতান্ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
আবিগ্নমনসঃ সর্ব্বে বভূবুর্ভরতর্ষভ! ॥৬০॥
যযুর্দেবা যথাকামং গন্ধর্বাপ্সরসস্তথা।
কথয়ন্তোঽদ্ভুতং যুদ্ধং সুতয়োস্তব ভারত! ॥৬১॥
তথৈব সিদ্ধা রাজেন্দ্র! তথা বাতিকচারণাঃ।
নরসিংহৌ প্রশংসন্তো বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে দুর্য্যোধনোরুভঙ্গে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

পুমিতি। পুংসাং লিঙ্গানি বস্ত্রপরিধানপ্রকারাদিচিহ্নানি যাসাং তাঃ, এবং স্ত্রীলিঙ্গা ইত্যত্রাপি। অথবা নার্য্যঃ পুংলিঙ্গা ইব দৃষ্টাঃ পুরুষাশ্চ স্ত্রীলিঙ্গা ইব জাতা অভবন্ ॥৫৯॥

দৃষ্ট্বেতি। আবিগ্নমনসঃ অনর্থপাতশঙ্কয়া উদ্বিগ্নচিত্তাঃ ॥৬০॥

যযুরিতি। সুত আত্মজো দুর্য্যোধনঃ। সুতঃ সুতপর্য্যায়ো ভীমশ্চ তয়োঃ ॥৬১॥

তথেতি। বাতেন বায়ুভরেণ চরন্তীতি বাতিকাশ্চ তে চারণা দেবযোনিবিশেষাশ্চেতি তে ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

রাজা! আপনার পুত্র দুর্য্যোধন নিপতিত হইলে, স্ত্রীলোকেরা যেন পুরুষের ন্যায় হইয়া উঠিল এবং পুরুষেরাও যেন স্ত্রীলোকের ন্যায় হইয়া পড়িল ॥৫৯॥

ভরতশ্রেষ্ঠ! পাণ্ডবেরা এবং পাঞ্চালেরা সেই সমস্ত অদ্ভুত উৎপাত দেখিয়া, সকলেই উদ্বিগ্ন চিত্ত হইলেন ॥৬০॥

ভরতনন্দন! দেবগণ, গন্ধর্ব্বগণ ও অপ্সরাগণ আপনার পুত্রদ্বয়ের অদ্ভুত যুদ্ধের বিষয় পরস্পর আলোচনা করিতে থাকিয়া, অভীষ্টস্থানে গমন করিলেন ॥৬১॥

রাজশ্রেষ্ঠ! সিদ্ধগণ ও বায়ুভরগামী চারণগণ, নরশ্রেষ্ঠ ভীম ও দুর্য্যোধনের প্রশংসা করিতে থাকিয়া, যথাস্থানে চলিয়া গেলেন' ॥৬২॥

——:*:——

* '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '... একোনষষ্টিতমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তং পাতিতং ততো দৃষ্ট্বা মহাশালমিবোদ্গতম্।
প্রহৃষ্টমনসঃ সর্ব্বে দদৃশুস্তত্র পাণ্ডবাঃ ॥১॥
তং মত্তমিব মাতঙ্গং সিংহেন বিনিপাতিতম্।
দদৃশুর্হৃষ্টরোমাণঃ সর্ব্বে তে চাপি সোমকাঃ ॥২॥
ততো দুর্য্যোধনং হত্বা ভীমসেনঃ প্রতাপবান্।
পতিতং কৌরবেন্দ্রং তমুপাগম্যেদমব্রবীৎ ॥৩॥
গৌর্গৌরিতি পুরা মন্দ! দ্রৌপদীমেকবাসসম্।
যৎ সভায়াং হসন্নস্মাংস্তদা বদসি দুর্ম্মতে!।
তস্যাবহাসস্য ফলমদ্য ত্বং সমবাপ্নুহি ॥৪॥
এবমুক্ত্বা স বামেন পদা মৌলিমুপাস্পৃশৎ।
শিরশ্চ রাজসিংহস্য পাদেন সমলোড়য়ৎ ॥৫॥

ভারতকৌমুদী

তমিতি। মহাশালং বৃক্ষম্, উদ্গতমুন্নতম্ ॥১॥
তমিতি। হৃষ্টানি আনন্দাতিশয়েনোদ্গতানি রোমাণি যেষাং তে তাদৃশাঃ সন্তঃ ॥২॥
তত ইতি। হত্বা গদয়া আহত্য উরুযুগলং ভঙ্ক্ত্বেত্যর্থঃ ॥৩॥
গৌরিতি। হে মন্দ! মূঢ়!। একবাসসং রজস্বলারূপত্বাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর পাণ্ডবেরা সকলে দুর্য্যোধনকে উন্নত ও বিশাল শালবৃক্ষের ন্যায় নিপাতিত দেখিয়া, হৃষ্টচিত্তে বিশেষভাবে পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন ॥১॥

এবং সোমকেরা সকলেও রোমাঞ্চিত কলেবর হইয়া, সিংহনিপাতিত মত্তহস্তীর ন্যায় দুর্য্যোধনকে দর্শন করিতে থাকিল ॥২॥

তদনন্তর প্রতাপশালী ভীমসেন দুর্য্যোধনের উরুভঙ্গ করিয়া, নিপতিত সেই কৌরবশ্রেষ্ঠের নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৩॥

'মূর্খ! দুর্ম্মতি! তুই পূর্ব্বে দ্যূতসভায় একবস্ত্রা দ্রৌপদীকে উপহাস করিতে থাকিয়া, আমাদিগকে যে 'গরু' 'গরু' বলিয়াছিলি; আজ সেই উপহাসের সমস্ত ফল ভোগ কর্' ॥৪॥

CENTRAL LIBRARY

তত্রৈব ক্রোধসংরক্তো ভীমঃ পরবলার্দ্দনঃ।
পুনরেবাব্রবীদ্বাক্যং যত্তচ্ছৃণু নরাধিপ ! ॥৬॥
যেঽস্মান্ পুরা প্রনৃত্যন্তি মূঢ়া গৌরিতি গৌরিতি।
তান্ বয়ং প্রতিনৃত্যামঃ পুনর্গৌরিতি গৌরিতি ॥৭॥
নাস্মাকং নিকৃতির্বহ্নির্নাক্ষদ্যূতং ন বঞ্চনা।
স্ববাহুবলমাশ্রিত্য প্রবধামো বয়ং রিপূন্ ॥৮॥
সোঽবাপ্য বৈরস্য পরস্য পারং বৃকোদরঃ প্রাহ শনৈঃ প্রহস্য।
যুধিষ্ঠিরং কেশবসৃঞ্জয়াংশ্চ ধনঞ্জয়ং মাদ্রবতীসুতৌ চ ॥৯॥
রজস্বলাং দ্রৌপদীমানয়ন্ যে যে চাপ্যকুর্ব্বন্ত সদস্যবস্ত্রাম্।
তান্ পশ্যধ্বং পাণ্ডবৈর্ধার্ত্তরাষ্ট্রান্ রণে হতাংস্তপসা যাজ্ঞসেন্যাঃ ॥১০॥

ভারতকৌমুদী

এবমিতি। মৌলিং ললাটোপরিদেশম্। সমলোড়য়ৎ অসকৃৎ সমচালয়ৎ ॥৫॥
তত্রেতি। ক্রোধেন সংরক্তঃ সংরক্তদেহঃ। পরবলার্দ্দনঃ শত্রুসৈন্যপীড়কঃ ॥৬॥
য ইতি। পুরাশব্দযোগাৎ "প্রয়োগতশ্চে"ত্যতীতকালেঽপি প্রনৃত্যন্তীতি বর্ত্তমানা ॥৭॥
নেতি। নিকৃতিঃ শঠতা, বহ্নির্জতুগৃহে বহ্নিদানম্, বঞ্চনা অক্ষদ্যূত এব ॥৮॥
স ইতি। পরস্য নিতান্তস্য, পারমবসানম্। প্রাহ ব্রবীতি স্ম ॥৯॥
রজ ইতি। সদসি দ্যূতসভায়াম্, অকুর্ব্বন্ত কর্ত্তুমচেষ্টন্ত ॥১০॥

এই কথা বলিয়া ভীমসেন বামচরণদ্বারা রাজশ্রেষ্ঠ দুর্য্যোধনের ললাটের উপরিভাগ স্পর্শ করিলেন এবং সেই চরণদ্বারাই তাঁহার মস্তকটীকে অনেকবার সঞ্চালিত করিলেন ॥৫॥

নরনাথ ! ক্রোধে সংরক্তমূর্ত্তি ও শত্রুসৈন্যপীড়নকারী ভীমসেন আবারও যে সকল কথা বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥৬॥

'যে মূর্খেরা পূর্ব্বে আমাদিগকে লক্ষ্য করিয়া, 'গরু' 'গরু' বলিয়া নৃত্য করিয়াছিল, এখন আবার আমরা তাহাদিগকেই লক্ষ্য করিয়া, 'গরু' 'গরু' বলিয়া প্রতিনৃত্য করিতেছি ॥৭॥

আমাদের শঠতা নাই, অগ্নিদান নাই, দ্যূতক্রীড়া নাই এবং বঞ্চনাও নাই ; কিন্তু আমরা আপন বাহুবল অবলম্বন করিয়াই শত্রুগণকে বধ করিয়া আসিতেছি' ॥৮॥

ভীমসেন ভীষণ শত্রুতার শেষ করিয়া, মৃদুহাস্য দেখাইয়া, যুধিষ্ঠির, কৃষ্ণ, অর্জ্জুন, নকুল, সহদেব ও সৃঞ্জয়গণকে বলিলেন—॥৯॥

(৭)···পুরোপানৃত্যন্ত···পি।

CENTRAL LIBRARY

যে নঃ পুরা ষণ্ডতিলানবোচন্ ক্রূরা রাজ্ঞো ধার্ত্তরাষ্ট্রস্য পুত্রাঃ।
তে নো হতাঃ সগণাঃ সানুবন্ধাঃ কামং স্বর্গং নরকং বা পতামঃ ॥১১॥
পুনশ্চ রাজ্ঞঃ পতিতস্য ভূমৌ স তাং গদাং স্কন্ধগতাং প্রগৃহ্য।
বামেন পাদেন শিরঃ প্রমৃদ্য দুর্য্যোধনং নৈকৃতিকেত্যবোচৎ ॥১২॥
হৃষ্টেন রাজন্! কুরুসত্তমস্য ক্ষুদ্রাত্মনা ভীমসেনেন পাদম্।
দৃষ্ট্বা কৃতং মূর্দ্ধনি নাভ্যনন্দন্ ধর্ম্মাত্মানঃ সোমকানাং প্রবর্হাঃ ॥১৩॥
তব পুত্রং তথা হত্বা কথমানং বৃকোদরম্।
নৃত্যমানঞ্চ বহুশো ধর্ম্মরাজোঽব্রবীদিদম্ ॥১৪॥

ভারতকৌমুদী

য ইতি। নঃ অস্মাভিঃ, সানুবন্ধা অনুচরসহিতাঃ, পতামো গচ্ছামঃ, কামং বিধাতা যথেষ্টমনয়োরস্মাকং করোত্বিত্যর্থঃ ॥১১॥

পুনরিতি। প্রগৃহ্য হস্তেন। প্রমৃদ্য নিষ্পিষ্য, হে নৈকৃতিক! শঠ! ॥১২॥

হৃষ্টেনেতি। ক্ষুদ্রাত্মনা নীচমনসা, সার্ব্বভৌমস্যৈব শিরসি পাদার্পণাদিতি ভাবঃ। নাভ্যনন্দন্ ন প্রাশংসন্ অপি ত্বনিন্দন্নেবেত্যর্থঃ। প্রবর্হাঃ শ্রেষ্ঠাঃ ॥১৩॥

তবেতি। কথমানমাত্মশ্লাঘাং কুর্ব্বন্তম্ ॥১৪॥

'যাহারা সেই দ্যূতসভায় রজস্বলা দ্রৌপদীকে লইয়া গিয়াছিল এবং যাহারা তাঁহাকে বিবস্ত্রা করিবার চেষ্টা করিয়াছিল; সেই ধৃতরাষ্ট্রের পুত্রেরা দ্রৌপদীরই তপস্যার প্রভাবে পাণ্ডবগণের হস্তে নিহত হইয়াছে, আপনারা দর্শন করুন ॥১০॥

রাজা ধৃতরাষ্ট্রের যে ক্রূর পুত্রেরা পূর্ব্বে আমাদিগকে 'ষণ্ডতিল' বলিয়াছিল, তাহারা সকলেই পরিজনগণ ও অনুচরগণের সহিত আমাদের হস্তে নিহত হইয়াছে। এখন আমরা স্বর্গেই যাই, কিংবা নরকেই পড়ি, বিধাতার যাহা ইচ্ছা, আমাদের তাই হউক' ॥১১॥

পুনরায় ভীমসেন স্কন্ধস্থিত গদাটা হস্তে ধারণ করিয়া, বামচরণদ্বারা ভূপতিত দুর্য্যোধনের মস্তকটীকে মর্দ্দনপূর্ব্বক তাঁহাকে 'শঠ' বলিয়া তিরস্কার করিলেন ॥১২॥

রাজা! ক্ষুদ্রহৃদয় ভীম আনন্দিত হইয়া, কৌরবশ্রেষ্ঠ দুর্য্যোধনের মস্তকে পদাঘাত করিলেন, ইহা দেখিয়া ধর্ম্মাত্মা সোমকশ্রেষ্ঠেরা ভীমের সেই কার্য্যের প্রশংসা করিলেন না ॥১৩॥

মহারাজ! ভীমসেন আপনার পুত্র দুর্য্যোধনকে আহত করিয়া, আত্মশ্লাঘা ও বহুবিধ নৃত্য করিতেছিলেন, এমন সময়ে যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন—॥১৪॥

(১২)···নৈকৃতিকং হ্যবোচয়ৎ—পি বঙ্গ বর্দ্ধ। (১৩)···কুরুপার্থিবস্য···নি।

CENTRAL LIBRARY

গতোঽসি বৈরস্যানৃণ্যং প্রতিজ্ঞা পূরিতা ত্বয়া।
শুভেনৈবাশুভেনাথ কর্ম্মণা বিরমাধুনা ॥১৫॥
মা শিরোঽস্য পদা মর্দ্দীর্মা ধর্ম্মস্তেঽতিগো ভবেৎ।
রাজা জ্ঞাতির্হতশ্চায়ং নৈতন্ন্যায্যং তবানঘ! ॥১৬॥
একাদশচমূনাথং কুরূণামধিপং তথা।
মা স্প্রাক্ষীর্ভীম! পাদেন রাজানং জ্ঞাতিমেব চ ॥১৭॥
হতবন্ধুর্হতামাত্যো ভ্রষ্টসৈন্যো হতো মৃধে।
সর্ব্বাকারেণ শোচ্যোঽয়ং নাবহাস্যোঽয়মীশ্বরঃ ॥১৮॥
বিধ্বস্তোঽয়ং হতামাত্যো হতভ্রাতা হতপ্রজঃ।
উৎসন্নপিণ্ডো ভ্রাতা চ নৈতন্ন্যায্যং কৃতং ত্বয়া ॥১৯॥

ভারতকৌমুদী

গত ইতি। শুভেন ন্যায্যেন, অশুভেনান্যায্যেন। বিরম দুর্য্যোধনং প্রত্যত্যাচারাৎ ॥১৫॥

মেতি। অস্য দুর্য্যোধনস্য, অতিগো ভবেৎ অতিক্রামেৎ। একস্মিন্নেব দিনে দ্বয়োর্জন্মন্যপি ভীমস্য পূর্ব্বজতয়া জ্যেষ্ঠত্বমাদিপর্ব্বণি টীকায়ামস্মাভিঃ প্রদর্শিতম্। অতো ভীমস্য জ্যেষ্ঠাতিক্রমদোষো যুধিষ্ঠিরেণ নোক্ত ইতি বোধ্যম্ ॥১৬॥

একেতি। একাদশচমূনাথমেকাদশাক্ষৌহিণীসৈন্যস্বামিনম্ ॥১৭॥

হতেতি। নাবহাস্যো নৃশংসতাপাতাৎ, ঈশ্বরো মহারাজাধিরাজঃ ॥১৮॥

বিধ্বস্ত ইতি। হতপ্রজো হতসন্তানঃ। উৎসন্নপিণ্ডো লুপ্তপিণ্ডঃ ॥১৯॥

'ভীম! তুমি সঙ্গত বা অসঙ্গত কার্য্যদ্বারা শত্রুতার প্রতিশোধ দিয়াছ এবং প্রতিজ্ঞাও পূর্ণ করিয়াছ; এখন অত্যাচার হইতে বিরত হও ॥১৫॥

নিষ্পাপ ভীমসেন! তুমি চরণদ্বারা দুর্য্যোধনের মস্তকটীকে নিষ্পেষণ করিও না; ধর্ম্ম যেন তোমাকে অতিক্রম করে না। ইনি রাজা, তোমার জ্ঞাতি এবং প্রায় নিহত হইয়া রহিয়াছেন; অতএব উহাকে তোমার এই পদাঘাত করা সঙ্গত হয় নাই ॥১৬॥

ভীম! ইনি একাদশ অক্ষৌহিণী সৈন্যের অধিপতি, কুরুবংশের নেতা, কুরুদেশের রাজা এবং তোমাদের জ্ঞাতি ছিলেন; অতএব তুমি চরণদ্বারা উহাকে স্পর্শ করিও না ॥১৭॥

ইহার বন্ধুগণ ও অমাত্যগণ নিহত হইয়াছে এবং ইনি সৈন্যশূন্য হইয়া নিহত হইয়াছেন; অতএব সর্ব্বপ্রকারেই ইহার জন্য শোক করাই উচিত, কিন্তু কোন প্রকারেই এই মহারাজাধিরাজের উপহাস করা উচিত নহে ॥১৮॥

ইহার অমাত্যগণ, ভ্রাতৃগণ ও সন্তানগণ নিহত হইয়াছে; সুতরাং ইহার পিণ্ড

CENTRAL LIBRARY

ধার্ম্মিকো ভীমসেনোঽসাবিত্যাহুস্ত্বাং পুরা জনাঃ।
স কস্মাদ্ভীমসেন! ত্বং রাজানমধিতিষ্ঠসি ॥২০॥
ইত্যুক্ত্বা ভীমসেনস্তু সাশ্রুকণ্ঠো যুধিষ্ঠিরঃ।
উপসৃত্যাব্রবীদ্দীনো দুর্য্যোধনমরিন্দমম্ ॥২১॥
তাত! মন্যুর্ন তে কার্য্যো নাত্মা শোচ্যস্ত্বয়া তথা।
নূনং পূর্ব্বকৃতং কর্ম্ম সুঘোরমনুভূয়তে ॥২২॥
ধাত্রোপদিষ্টং বিষমং নূনং ফলমসংস্কৃতম্।
যদ্বয়ং ত্বাং জিঘাংসামস্ত্বঞ্চাস্মান্ কুরুসত্তম! ॥২৩॥
আত্মনো হ্যপরাধেন মহদ্ব্যসনমীদৃশম্।
প্রাপ্তবানসি যল্লোভান্মদাদ্বাল্যাচ্চ ভারত! ॥২৪॥
ঘাতয়িত্বা বয়স্যাংশ্চ ভ্রাতৄনথ পিতৄংস্তথা।
পুত্রান্ পৌত্রাংস্তথা চান্যাংস্ততোঽসি নিধনং গতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ধার্ম্মিক ইতি। অধিতিষ্ঠসি পাদেনাক্রামসি ॥২০॥
ইতীতি। উপসৃত্য দুর্য্যোধনসমীপমুপেত্য, দীনঃ শোককাতরঃ ॥২১॥
তাতেতি। হে তাত! বৎস!, মন্যুর্দৈন্যম্। কর্ম্ম দুষ্কর্ম্মফলম্, অনুভূয়তে ত্বয়া ॥২২॥
ধাত্রেতি। অসংস্কৃতমপরিশোধিতম্। জিঘাংসামো হন্তুমিচ্ছামঃ ॥২৩॥
আত্মন ইতি। ব্যসনং বিপদম্। মদাদ্বলমত্ততাৎ, বাল্যাৎ মূর্খত্বাৎ ॥২৪॥

লোপ পাইয়াছে, নিজেও বিধ্বস্ত হইয়াছেন এবং ইনি তোমার ভ্রাতা। অতএব ইহার উপরে তোমার এই পদাঘাত করা উচিত হয় নাই ॥১৯॥

ভীমসেন! পূর্ব্বে লোকেরা বলিত—'ভীমসেন ধার্ম্মিক'; সুতরাং সেই তুমি কি করিয়া চরণদ্বারা রাজাকে আক্রমণ করিতেছ?' ॥২০॥

যুধিষ্ঠির ভীমসেনকে এই কথা বলিয়া, অশ্রুরুদ্ধ কণ্ঠ ও শোককাতর হইয়া, নিকটে যাইয়া, শত্রুদমনকারী দুর্য্যোধনকে বলিলেন—॥২১॥

'বৎস! তুমি অনুতাপ করিও না এবং নিজের জন্য শোকও করিও না। কারণ, নিশ্চয়ই তুমি পূর্ব্বকৃত অতিদারুণ কর্ম্মের এই ফল অনুভব করিতেছ ॥২২॥

কৌরবশ্রেষ্ঠ! তুমি যে আমাদিগকে বিনাশ করিবার ইচ্ছা করিয়া আসিতেছিলে এবং আমরাও যে তোমাকে ধ্বংস করিবার ইচ্ছা করিতেছিলাম, ইহা বিধাতার উপদিষ্ট, অশোভন, বিষম কর্ম্মের ফল ॥২৩॥

ভরতনন্দন! লোভ, মত্ততা ও মূঢ়তাবশতই তুমি যে এইরূপ গুরুতর ও বিষম বিপদে পতিত হইয়াছ, তাহা নিজের অপরাধেই হইয়াছে ॥২৪॥

CENTRAL LIBRARY

তবাপরাধাদস্মাভির্ভ্রাতরস্তে মহারথাঃ।
নিহতা জ্ঞাতয়শ্চান্যে দিষ্টং মন্যে দুরত্যয়ম্ ॥২৬॥
নাত্মানুশোচনীয়স্তে শ্লাঘ্যো মৃত্যুস্তবানঘ!।
বয়মেবাধুনা শোচ্যাঃ সর্ব্বাবস্থাসু কৌরব!।
কৃপণং বর্ত্তয়িষ্যামস্তৈর্হীনা বন্ধুভিঃ প্রিয়ৈঃ ॥২৭॥
ভ্রাতৄণাঞ্চৈব পুত্রাণাং নপ্তৄণাং শোকবিহ্বলঃ।
কথং দ্রক্ষ্যামি বিধবা বধূঃ শোকপরিপ্লুতাঃ ॥২৮॥
ত্বমেকঃ প্রস্থিতো রাজন্! স্বর্গে তে নিলয়ো ধ্রুবঃ।
বয়ং নারকিসংজ্ঞা বৈ দুঃখং ভোক্ষ্যাম দারুণম্ ॥২৯॥

ভারতকৌমুদী

ঘাতয়িত্বেতি। বয়স্যান্ সখীন্, সর্ব্বমেবেদং দৈবকৃতমিতি ভাবঃ ॥২৫॥
তবেতি। দিষ্টং দৈবম, দুরত্যয়ং দুরতিক্রমম্ ॥২৬॥
নেতি। কথং শোচ্যা ইত্যাহ কৃপণমিতি। কৃপণং দীনম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥
ভ্রাতৄণামিতি। নপ্তৄণাং পৌত্রাণাম, শোকবিহ্বলঃ অহম ॥২৮॥
ত্বমিতি। নিলয়ো বাসঃ। নারকিণ ইতি সংজ্ঞা নামানি যেষাং তে ॥২৯॥

বয়স্যগণ, ভ্রাতৃগণ, পিতৃগণ, পুত্রগণ ও পৌত্রগণকে বিনাশ করাইয়া, পরে তুমি নিজেও বিনষ্ট হইলে ॥২৫॥

আমরা তোমারই অপরাধে তোমার মহারথ ভ্রাতৃগণকে এবং অন্যান্য জ্ঞাতিদিগকে নিহত করিয়াছি; সুতরাং আমি মনে করি—দৈবকে অতিক্রম করা দুষ্কর ॥২৬॥

নিষ্পাপ কৌরবনন্দন! তুমি নিজের জন্য শোক করিও না। কারণ, তোমার শ্লাঘ্য মৃত্যুই হইল। আমরাই এখন শোচনীয় হইয়া পড়িলাম। কেন না, আমরা এখন সেই প্রিয় বন্ধুগণবিহীন হইয়া সমস্ত অবস্থাতেই দীনভাবে দিন অতিবাহিত করিতে থাকিব ॥২৭॥

ভ্রাতৃগণ, পুত্রগণ ও পৌত্রগণের বিধবা বধূরা শোকে আকুল হইয়া থাকিবেন, সে অবস্থায় আমিও শোকে বিহ্বল হইয়া, কি প্রকারে তাঁহাদিগকে দেখিব ॥২৮॥

রাজা! তুমি একাকী প্রস্থান করিলে, নিশ্চয়ই তোমার স্বর্গে বাস হইবে। কিন্তু আমরা 'নারকী' এই নাম ধারণ করিয়া, দারুণ দুঃখ ভোগ করিতে থাকিব ॥২৯॥

(২৮)···নপ্তৄণাং শোকবিহ্বলাঃ···বঙ্গ বর্দ্ধ নি।

স্নুষাশ্চ প্রস্নুষাশ্চৈব ধৃতরাষ্ট্রস্য বিহ্বলাঃ।
গর্হয়িষ্যন্তি নো নূনং বিধবাঃ শোককর্ষিতাঃ ॥৩০॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা সুদুঃখার্ত্তো নিশশ্বাস স পার্থিবঃ।
বিললাপ চিরঞ্চাপি ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে যুধিষ্ঠিরবিলাপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——:০*০:——

ধৃতরাষ্ট্র উবাচ।

অধর্ম্মেণ হতং দৃষ্ট্বা রাজানং মাধবোত্তমঃ।
কিমব্রবীত্তদা সূত! বলদেবো মহাবলঃ ॥১॥

ভারতকৌমুদী

স্নুষা ইতি। স্নুষাঃ পুত্রবধ্বঃ, প্রস্নুষাঃ পৌত্রাদিবধ্বশ্চ। নঃ অস্মান্ ॥৩০॥

এবমিতি। ধর্ম্মপুত্রত্বাদেবেদৃশী সমবস্থেতি ভাবঃ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

অধর্ম্মেণেতি। রাজানং দুর্য্যোধনম, মাধবোত্তমো মধুবংশশ্রেষ্ঠঃ। হে সূত! সঞ্জয়! ॥১॥

মহারাজ ধৃতরাষ্ট্রের বিধবা পুত্রবধূ ও পৌত্রবধূপ্রভৃতিরা শোকে আকুল হইয়া, নিশ্চয়ই আমাদিগকে নিন্দা করিতে থাকিবেন' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—এইরূপ বলিয়া সেই ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির অত্যন্ত দুঃখিত হইয়া, দীর্ঘকাল যাবৎ নিশ্বাস ত্যাগ ও বিলাপ করিলেন' ॥৩১॥

——:*:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভীম অন্যায়ভাবে দুর্য্যোধনকে আহত করিল দেখিয়া, মধুবংশশ্রেষ্ঠ ও মহাবল বলরাম তখন কি বলিলেন? ॥১॥

* '...একোনষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '...ষষ্টিতমোঽধ্যায়ঃ' নি।

CENTRAL LIBRARY

গদাযুদ্ধবিশেষজ্ঞো গদাযুদ্ধবিশারদঃ।
কৃতবান্ রোহিণেয়ো যত্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২॥

সঞ্জয় উবাচ।

উর্ব্বোরভিহতং দৃষ্ট্বা ভীমসেনেন তে সুতম্।
রামঃ প্রহরতাং শ্রেষ্ঠশ্চুক্রোধ বলবদ্বলী ॥৩॥
ততো মধ্যে নরেন্দ্রাণামূর্দ্ধবাহুর্হলায়ুধঃ।
কুর্ব্বন্নার্ত্তস্বরং ঘোরং ধিগ্ ধিগ্ ভীমেত্যুবাচ হ ॥৪॥
অহো ধিগ্ যদধো নাভেঃ প্রহৃতং ধর্ম্মবিগ্রহে।
নৈতদ্দৃষ্টং গদাযুদ্ধে কৃতবান্ যদ্বৃকোদরঃ ॥৫॥
অধো নাভ্যা ন হন্তব্যমিতি শাস্ত্রস্য নিশ্চয়ঃ।
অয়ং ত্বশাস্ত্রবিন্মূঢ়ঃ স্বচ্ছন্দাৎ সংপ্রবর্ত্ততে ॥৬॥
তস্য তত্তদ্ব্রুবাণস্য রোষঃ সমভবন্মহান্।
ততো লাঙ্গলমুদ্যম্য ভীমমভ্যদ্রবদ্বলী ॥৭॥

ভারতকৌমুদী

গদেতি। গদাযুদ্ধে বিশেষং ভীমদুর্য্যোধনয়োস্তারতম্যং জানাতীতি সঃ ॥২॥
উর্ব্বোরিতি। অভিহতমাহতম্। প্রহরতাং বীরাণাম্। বলবৎ সাতিশয়ম ॥৩॥
তত ইতি। আর্ত্তস্বরং স্বসমক্ষমেব স্বশিষ্যস্য ভীমস্যান্যায্যকার্য্যদর্শনাদিত্যাশয়ঃ ॥৪॥
অহো ইতি। ধর্ম্মবিগ্রহে ধর্ম্মযুদ্ধে। দৃষ্টং যুদ্ধশাস্ত্রে লোকে বেতি শেষঃ ॥৫॥
অধ ইতি। স্বচ্ছন্দাৎ নিজেচ্ছাত এব। "অভিপ্রায়শ্ছন্দ আশয়ঃ" ইত্যমরঃ ॥৬॥
তস্যেতি। উদ্যম্য উত্তোল্য, অভ্যদ্রবৎ অভ্যধাবৎ, বলী রামঃ ॥৭॥

সঞ্জয়! গদাযুদ্ধবিশারদ এবং গদাযুদ্ধে ভীম ও দুর্য্যোধনের তারতম্যাভিজ্ঞ বলরাম তখন যাহা করিলেন, তাহা আমার নিকট বল' ॥২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীম আপনার পুত্র দুর্য্যোধনের উরুযুগলে আঘাত করিলেন দেখিয়া, বলবান্ ও বীরশ্রেষ্ঠ বলরাম অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥৩॥

তাহার পর বলরাম উর্দ্ধবাহু হইয়া, রাজাদের মধ্যে থাকিয়া, পীড়াব্যঞ্জক ভীষণ শব্দ করিয়া বলিলেন—'ভীম! ধিক্ ধিক্ ॥৪॥

ওরে ধিক্, যেহেতু ভীম ধর্ম্মযুদ্ধে গদাদ্বারা নাভির নীচে প্রহার করিয়াছে। ভীম গদাযুদ্ধে যাহা করিল, তাহা যুদ্ধশাস্ত্রে কিংবা লোকসমাজে দেখি নাই ॥৫॥

যুদ্ধশাস্ত্রে গদাযুদ্ধের নিয়ম লিখিত আছে যে, নাভির নীচে গদাঘাত করিবে না; কিন্তু অশাস্ত্রজ্ঞ ও মূর্খ এই ভীম নিজের ইচ্ছা অনুসারেই এই যুদ্ধে প্রবৃত্ত হইয়াছে' ॥৬॥

তস্যোর্দ্ধবাহোঃ সদৃশং রূপমাসীন্মহাত্মনঃ।
বহুধাতুবিচিত্রস্য শ্বেতস্যেব মহাগিরেঃ ॥৮॥
তমুৎপতন্তং জগ্রাহ কেশবো বিনয়ানতঃ।
বাহুভ্যাং পীনবৃত্তাভ্যাং প্রযত্নাদ্বলবদ্বলী ॥৯॥
সিতাসিতৌ যদুবরৌ শুশুভাতেঽধিকং তদা।
নভোগতৌ যথা রাজন্! চন্দ্রসূর্য্যৌ দিনক্ষয়ে ॥১০॥
উবাচ চৈনং সংরব্ধং শময়ন্নিব কেশবঃ।
আত্মবৃদ্ধির্মিত্রবৃদ্ধির্মিত্রমিত্রোদয়স্তথা।
বিপরীতং দ্বিষৎস্বেতৎ ষড়্বিধা বৃদ্ধিরাত্মনঃ ॥১১॥

ভারতকৌমুদী

তস্যেতি। শ্বেতস্য কৈলাসাখ্যস্য, নানালঙ্কারভূষিতাঙ্গত্বাদিতি ভাবঃ ॥৮॥

তমিতি। উৎপতন্তং ভীমমাক্রমিতুমুত্তিষ্ঠন্তম্। পীনৌ স্থূলৌ চ তৌ বৃত্তৌ গোলৌ চেতি তাভ্যাম্ ॥৯॥

সিতেতি। সিতঃ শুভ্রশ্চ রামঃ, অসিতঃ কৃষ্ণশ্চ কৃষ্ণস্তৌ। দিনক্ষয়ে সন্ধ্যাকালে ॥১০॥

উবাচেতি। সংরব্ধং ক্রুদ্ধম্, শময়ন্ ক্রোধহীনীকুর্ব্বন্। আত্মনো বৃদ্ধিরুন্নতিঃ, মিত্রমিত্রস্য উদয়ো বৃদ্ধিঃ। দ্বিষৎসু শত্রুষু এতদ্বিপরীতম, অবৃদ্ধিঃ ক্ষয় ইত্যর্থঃ। তথা চ শত্রোঃ ক্ষয়ঃ, শত্রোর্মিত্রস্য ক্ষয়ঃ, শত্রোর্মিত্রমিত্রস্য ক্ষয়শ্চেতি এতত্ত্রয়মপি আত্মনো বৃদ্ধিপক্ষ এব। অতএবোক্তং ষড়্বিধেতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

অধর্ম্মেণেতি ॥১—১০॥ আত্মেতি। আত্মবৃদ্ধিঃ, শত্রুক্ষয়ঃ, স্বমিত্রস্য বৃদ্ধিঃ, শত্রুমিত্রস্য ক্ষয়ঃ, স্বমিত্রমিত্রস্য বৃদ্ধিঃ, শত্রুমিত্রমিত্রস্য ক্ষয়ঃ, এবং ষড়্বিধা আত্মনো বৃদ্ধিঃ।

সেইরূপ বলিতে বলিতেই বলরামের মহাক্রোধ জন্মিল; সুতরাং বলবান্ বলরাম লাঙ্গল উত্তোলন করিয়া, ভীমের দিকে ধাবিত হইলেন ॥৭॥

সেই মহাত্মা বলরাম ঊর্দ্ধবাহু হইলে, তাঁহার রূপটী—বহুধাতুবিচিত্র কৈলাস-পর্ব্বতের রূপের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৮॥

বলরাম ভীমসেনকে আক্রমণ করিবার জন্য গাত্রোত্থান করিতে লাগিলে, বলবান্ কৃষ্ণ বিনয়ে অবনত হইয়া স্থূল ও গোল বাহুযুগলদ্বারা তাঁহাকে দৃঢ়ভাবে ধারণ করিলেন ॥৯॥

রাজা! সন্ধ্যাকালে আকাশস্থিত চন্দ্র ও সূর্য্য যেমন অত্যন্ত শোভা পাইয়া থাকেন, সেইরূপ শ্বেতবর্ণ ও কৃষ্ণবর্ণ যদুবংশশ্রেষ্ঠ রাম ও কৃষ্ণ তখন অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥১০॥

CENTRAL LIBRARY

আত্মন্যপি চ মিত্রেষু বিপরীতং যদা ভবেৎ।
তদা বিদ্ধ্যাত্মনো গ্লানিমাশু শান্তিকরো ভবেৎ ॥১২॥
অস্মাকং সহজং মিত্রং পাণ্ডবাঃ শুদ্ধপৌরুষাঃ।
স্বকাঃ পিতৃষ্বসুঃ পুত্রাস্তে পরৈর্নিকৃতা ভৃশম্ ॥১৩॥
প্রতিজ্ঞাপালনং ধর্ম্মঃ ক্ষত্রিয়স্যেতি বেত্থ তৎ।
সুযোধনস্য গদয়া ভঙ্ক্তাস্ম্যূরূ মহাহবে।
ইতি পূর্ব্বং প্রতিজ্ঞাতং ভীমেন হি সভাতলে ॥১৪॥
মৈত্রেয়েণাভিশপ্তশ্চ পূর্ব্বমেব মহর্ষিণা।
ঊরূ ভেৎস্যতি তে ভীমো গদয়েতি পরন্তপ! ॥১৫॥

ভারতকৌমুদী

আত্মনীতি। বিপরীতং ক্ষয়ঃ। গ্লানিমবনতিম, শান্তিকরস্তস্য ক্ষয়স্য ॥১২॥

অস্মাকমিতি। সহজং স্বাভাবিকম্। শুদ্ধপৌরুষাঃ প্রতারণাদিশূন্যতয়া নির্দ্দোষপুরুষকারাঃ। স্বকাঃ স্বকীয়াঃ, নিকৃতা অত্যাচারিতাঃ ॥১৩॥

প্রতিজ্ঞেতি। বেত্থ ত্বং জানাসি। সভাতলে দ্যূতসভায়াম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৪॥

মৈত্রেয়েণেতি। ভেৎস্যতি বিদারয়িষ্যতি ভঙ্ক্ষ্যতীত্যর্থঃ, তে তব দুর্য্যোধনস্য ॥১৫॥

ভারতভাবদীপঃ

বিপরীতম্ আত্মক্ষয়শত্রুবৃদ্ধ্যাদিকম্। ইদমেব ষট্কম্ ॥১১—১২॥ প্রকৃতিমিত্রবৃদ্ধিরেবাত্মবৃদ্ধিরিত্যাহ, অস্মাকমিতি ॥১৩॥ ভঙ্ক্তা ভঙ্ক্ষ্যে ইতি প্রতিজ্ঞাপালনরূপত্বাদপ্যধোনাভিপ্রহারো

পরে কৃষ্ণ ক্রুদ্ধ বলরামকে শান্ত করিতে থাকিয়াই যেন বলিলেন—'নিজের উন্নতি, মিত্রের উন্নতি এবং মিত্রের মিত্রের উন্নতি; আর শত্রুর ক্ষয়, শত্রুর মিত্রের ক্ষয় এবং শত্রুর মিত্রের মিত্রের ক্ষয়, এই ছয় প্রকার নিজের উন্নতি ॥১১॥

নিজের ও মিত্রদের যখন ক্ষয় আরম্ভ হইবে, তখনই নিজের অবনতি উপস্থিত হইল ইহা জানিবে এবং তখনই সেই ক্ষয়ের নিবৃত্তি করিবার চেষ্টা করিবে ॥১২॥

নির্দ্দোষপুরুষকারসম্পন্ন পাণ্ডবেরা আমাদের স্বাভাবিক মিত্র; কারণ, উহারা আমাদের পিতৃষ্বসার পুত্র, (পিস্তুত ভাই) সুতরাং আত্মীয়; অথ চ বিপক্ষেরা উহাদের উপরে গুরুতর অত্যাচার করিয়াছিল ॥১৩॥

আপনি জানেন যে, প্রতিজ্ঞা রক্ষা করাই ক্ষত্রিয়ের ধর্ম্ম। ভীমসেন পূর্ব্বে দ্যূতসভায় প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, 'আমি মহাযুদ্ধে দুর্য্যোধনের ঊরুভঙ্গ করিব ॥১৪॥

(১৪)···ভেৎস্যাম্যূরূ মহাহবে···পি।

অতো দোষং ন পশ্যামি মা ক্রুধস্ত্বং প্রলম্বহন্ ! ।
যৌনঃ স্বৈঃ সুখহার্দ্দৈশ্চ সম্বন্ধঃ সহ পাণ্ডবৈঃ ॥১৬॥
তেষাং বৃদ্ধ্যা হি নো বৃদ্ধির্মা ক্রুধঃ পুরুষর্ষভ ! ।
বাসুদেববচঃ শ্রুত্বা সীরভৃৎ প্রাহ ধর্ম্মবিৎ ॥১৭॥
ধর্ম্মঃ সুচরিতঃ সদ্ভিঃ স চ দ্বাভ্যাং নিয়চ্ছতি ।
অর্থশ্চাত্যর্থলুব্ধস্য কামশ্চাতিপ্রসঙ্গিনঃ ॥১৮॥
ধর্ম্মার্থৌ ধর্ম্মকামৌ চ কামার্থৌ চাপ্যপীড়য়ন্ ।
ধর্ম্মার্থকামান্ যোঽভ্যেতি সোঽত্যন্তং সুখমশ্নুতে ॥১৯॥

ভারতকৌমুদী

অত ইতি। দোষং নিষিদ্ধস্থানে গদাঘাতেঽপি, মা ক্রুধঃ ন ক্রোধং কুরু, প্রলম্বং নামাসুরং হন্তীতি তৎ সম্বোধনম্। সুখহার্দ্দৈঃ সুখজনকসৌহার্দ্দৈঃ ॥১৬॥

তেষামিতি। বৃদ্ধ্যা উন্নত্যা, নঃ অস্মাকম্। সীরভৃৎ লাঙ্গলী রামঃ ॥১৭॥

ধর্ম্ম ইতি। দ্বাভ্যাং দ্বৌ, নিয়চ্ছতি নিয়মেন দদাতি। কৌ তৌ দ্বাবিত্যাহ অর্থ ইতি ॥১৮॥

ধর্ম্মেতি। ধর্ম্মার্থৌ ধর্ম্ম এব অর্থঃ প্রয়োজনং যয়োস্তৌ, অপীড়য়ন্ কঞ্চিদপ্যবাধমানঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

নাধর্ম্ম ইত্যর্থঃ ॥১৪—১৫॥ যৌনঃ যোনিনিমিত্তঃ সম্বন্ধঃ, অস্মাকং পিতামহঃ পাণ্ডবানাং মাতামহশ্চেক ইতি যৌনসম্বন্ধঃ, এবমর্জ্জুনে জামাতৃত্বাদিরপি সুখহার্দ্দৈঃ অন্যোন্যসুখপ্রদৈঃ সৌহার্দ্দৈঃ স্নেহেন চেত্যর্থঃ ॥১৬॥ সীরভৃৎ রামঃ ॥১৭॥ ধর্ম্ম ইতি। নিয়চ্ছতি নিয়মমেতি অর্থকামাভ্যাং ধর্ম্মঃ সঙ্কোচমেতীত্যর্থঃ ॥১৮॥ ধর্ম্মার্থৌ কামেনাপীড়য়ন্ ধর্ম্মকামাবর্থে-

পরন্তপ আর্য্য ! বিশেষতঃ মহর্ষি মৈত্রেয় দুর্য্যোধনকে অভিসম্পাত করিয়াছিলেন যে, ভীমসেন তোমার উরু ভঙ্গ করিবেন ॥১৫॥

অতএব প্রলম্বনাশক আর্য্য ! ভীমসেন দুর্য্যোধনের উরুদেশে গদাঘাত করিয়া থাকিলেও কোন দোষ দেখিতেছি না ; তা'র পর পাণ্ডবগণের সহিত আমাদের যৌনসম্বন্ধ এবং সুখজনক সৌহার্দ্দ রহিয়াছে ॥১৬॥

অতএব পুরুষশ্রেষ্ঠ ! পাণ্ডবগণের উন্নতিতেই আমাদের উন্নতি ; সুতরাং আপনি ক্রোধ করিবেন না'। কৃষ্ণের এই সকল কথা শুনিয়া, বলরাম বলিলেন—॥১৭॥

'সজ্জনেরা সমীচীনভাবে ধর্ম্মাচরণ করিয়া থাকেন ; সেই ধর্ম্ম আবার নিয়মিতরূপে অর্থলোভীর অর্থ এবং কামার্থীর কাম দান করিয়া থাকে ॥১৮॥

(১৬) যৌনৈস্তৈঃ·· পি বঙ্গ। (১৮) ধর্ম্মশ্চ ধারিতঃ···নি।

CENTRAL LIBRARY

তদিদং ব্যাকুলং সর্ব্বং কৃতং ধর্ম্মস্য পীড়নাৎ।
ভীমসেনেন গোবিন্দ! কামং ত্বন্তু যথাথ মাম্ ॥২০॥

কৃষ্ণ উবাচ।

অরোষণো হি ধর্ম্মাত্মা সততং ধর্ম্মবৎসলঃ।
ভবান্ প্রখ্যায়তে লোকে তস্মাৎ সংশাম্য মা ক্রুধঃ ॥২১॥
প্রাপ্তং কলিযুগং বিদ্ধি প্রতিজ্ঞাং পাণ্ডবস্য চ।
আনৃণ্যং যাতু বৈরস্য প্রতিজ্ঞায়াশ্চ পাণ্ডবঃ ॥২২॥

ভারতকৌমুদী

তদিতি। ইদং বীরবৃন্দম্, ব্যাকুলং বিশেষেণাস্থিরম্, পীড়নাৎ বাধনাৎ ॥২০॥

অরোষণ ইতি। সংশাম্য সম্যক্ শান্তো ভব, মা ক্রুধঃ ক্রোধং ন কুরু ॥২১॥

গান্ধার্য্যাঃ ক্রোধদীপ্তায়াঃ পূর্ব্বং প্রশমনং ভবেৎ ॥১১॥

ভারতকৌমুদী

তত্ত্বত ইতি। হে অধ্বর্য্যুসত্তম ! যজুর্বেদজ্ঞশ্রেষ্ঠ ! । বিনিশ্চয়ে নিশ্চয়েন সম্পাদনে ॥৬॥
ত্বদিতি। তব যুক্তত্বদ্‌যুক্তস্তবৈবোচিত ইত্যর্থঃ ॥৭॥
হতমিতি। ব্যুৎক্রম্য উল্লঙ্ঘ্য, সময়ং গদাযুদ্ধনিয়মম্, নাভেরধোদেশে গদাঘাত এব গদাযুদ্ধনিয়মবিরুদ্ধ ইতি ভাবঃ। অন্যায়েন উক্তাদেব হেতোঃ। সা গান্ধারী ॥৮—১০॥

যজুর্বেদজ্ঞশ্রেষ্ঠ ব্রাহ্মণ ! নিশ্চিতভাবে অভীষ্ট কার্য্য সম্পাদনবিষয়ে যাহা কারণ, তাহা আপনি আমার নিকট যথার্থরূপে বলুন' ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ রাজা ! এইরূপ প্রশ্ন করা আপনার পক্ষে সঙ্গত বটে ; অতএব আমি আপনার নিকট যথাযথভাবে তাহার উত্তর বলিতেছি ॥৭॥

ভরতনন্দন মহারাজ ! ভীমসেন গদাযুদ্ধের নিয়ম অতিক্রম করিয়া, অন্যায়-ভাবে যুদ্ধে ধৃতরাষ্ট্রের পুত্র মহাবল দুর্য্যোধনকে নিহত করিয়াছেন দেখিয়া এবং মহাভাগা গান্ধারীদেবী ভয়ঙ্কর তপস্যাসম্পন্না ; সুতরাং তিনি শাপের প্রভাবে ত্রিভুবনও দগ্ধ করিতে পারেন, ইহা ভাবিয়া, যুধিষ্ঠির অত্যন্ত ভীত হইলেন ॥৮—১০॥

এইরূপ চিন্তা করিতে করিতেই যুধিষ্ঠিরের এই বুদ্ধি জন্মিল যে, পূর্ব্বেই ক্রোধানলে প্রজ্বলিতা গান্ধারীর ক্রোধের শান্তি করা উচিত ॥১১॥

---

(১০) সোঽচিন্তয়মহাভাগাং···নি।

CENTRAL LIBRARY

সা হি পুত্রবধং শ্রুত্বা কৃতমস্মাভিরীদৃশম্ ।
মানসেনাগ্নিনা ক্রুদ্ধা ভস্মসান্নঃ করিষ্যতি ॥১২॥
কথং দুঃখমিদং তীব্রং গান্ধারী সংপ্রশক্ষ্যতি ।
শ্রুত্বা বিনিহতং পুত্রং ছলেনাজিহ্মযোধিনম্ ॥১৩॥
এবং বিচিন্ত্য বহুধা ভয়শোকসমন্বিতঃ ।
বাসুদেবমিদং বাক্যং ধর্ম্মরাজোঽভ্যভাষত ॥১৪॥
তব প্রসাদাদ্গোবিন্দ ! রাজ্যং নিহতকণ্টকম্ ।
অপ্রাপ্যং মনসাপীদং প্রাপ্তমস্মাভিরচ্যুত ! ॥১৫॥
প্রত্যক্ষং মে মহাবাহো ! সংগ্রামে লোমহর্ষণে ।
বিমর্দ্দঃ সুমহান্ প্রাপ্তস্ত্বয়া যাদবনন্দন ! ॥১৬॥
ত্বয়া দেবাসুরে যুদ্ধে বধার্থমমরদ্বিষাম্ ।
যথা সাহ্যং পুরা দত্তং হতাশ্চ বিবুধদ্বিষঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তস্যেতি। ক্রোধেন দীপ্তায়াঃ প্রজ্বলিতায়াঃ, প্রশমনং ক্রোধনিবৃত্তিকরণম্ ॥১১॥
সেতি। ঈদৃশমন্যায্যম্। মানসেন মনোবর্ত্তিনা, অগ্নিনা ক্রোধানলেন ॥১২॥
কথমিতি। সংপ্রশক্ষ্যতি সোঢ়ুমিতি শেষঃ। অজিহ্মযোধিনং ন্যায়েন যুদ্ধকারিণম্ ॥১৩॥
এবমিতি। ভয়ং গান্ধার্য্যাঃ শাপভীতিঃ, শোকশ্চ তদ্দুরবস্থাস্মরণাৎ ॥১৪॥
তবেতি। অপ্রাপ্যং প্রবলশত্রুকরায়ত্তত্বাদিতি ভাবঃ ॥১৫॥
প্রত্যক্ষমিতি। বিমর্দ্দ আক্রমণসংঘর্ষঃ ॥১৬॥

আমরা এইরূপ অন্যায়ভাবে পুত্রকে নিহত করিয়াছি ইহা শুনিয়া, গান্ধারী-দেবী ক্রোধে জ্বলিয়া উঠিয়া, আমাদিগকে ভস্ম করিয়া ফেলিবেন ॥১২॥

পুত্র দুর্য্যোধন ন্যায়ভাবে যুদ্ধ করিতেছিলেন ; কিন্তু আমরা তাঁহাকে ছলপূর্ব্বক বধ করিয়াছি ইহা শুনিয়া, গান্ধারী কি প্রকারে তীব্র দুঃখ সহ্য করিতে পারিবেন ॥১৩॥

যুধিষ্ঠির এইরূপ নানাপ্রকার চিন্তা করিয়া ভয়ে ও শোকে আকুল হইয়া, কৃষ্ণকে এই কথা বলিলেন—॥১৪॥

'গোবিন্দ ! অচ্যুত ! মনেরও অগোচর এই নিষ্কণ্টক রাজ্য, তোমারই অনুগ্রহে আমরা পাইয়াছি ॥১৫॥

মহাবাহু যাদবনন্দন ! তুমি আমাদের সমক্ষেই লোমহর্ষণ যুদ্ধে গুরুতর সঙ্ঘর্ষ ভোগ করিয়াছ ॥১৬॥

সাহ্যং তথা মহাবাহো! দত্তমস্মাকমচ্যুত!।
সারথ্যেন চ বার্ষ্ণেয়! ভবতা হি বৃতা বয়ম্ ॥১৮॥ (যুগ্মকম্)
যদি ন ত্বং ভবেন্নাথঃ ফাল্গুনস্য মহারণে।
কথং শক্যো রণে জেতুং ভবেদেষ বলার্ণবঃ ॥১৯॥
গদা প্রহারা বিপুলাঃ পরিঘৈশ্চাপি তাড়নম্।
শক্তিভির্ভিন্দিপালৈশ্চ তোমরৈঃ সপরশ্বধৈঃ ॥২০॥
অস্মৎকৃতে ত্বয়া কৃষ্ণ! বাচঃ সুপরুষাঃ শ্রুতাঃ।
শস্ত্রাণাঞ্চ নিপাতা বৈ বজ্রস্পর্শোপমা রণে ॥২১॥ (যুগ্মকম্)
তে চ তে সফলা যাতা হতে দুর্য্যোধনেঽচ্যুত!।
তৎ সর্ব্বং ন যথা নশ্যেৎ পুনঃ কৃষ্ণ! তথা কুরু ॥২২॥
সন্দেহদোলাং প্রাপ্তং নশ্চেতঃ কৃষ্ণ! জয়ে সতি।
গান্ধার্য্যা হি মহাবাহো! ক্রোধং বুধ্যস্ব মাধব! ॥২৩॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। সাহ্যং সাহায্যম্, সাহায্যার্থে সাহ্যশব্দো মুনিবু রূঢ় ইতি প্রাগপি বহুশ উক্তম্, বৃতা আবৃতা ইব, তথা ভবতৈব বিপক্ষাঘাতনিবারণাদিত্যাশয়ঃ ॥১৭—১৮॥

যদীতি। নাথো রক্ষকঃ, ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥১৯॥

গদেতি। সোঢ়া ইত্যাদিকং যথাসম্ভবমূহ্যম্। সুপরুষা অতিনিষ্ঠুরাঃ ॥২০—২১॥

ত ইতি। তৎ সর্ব্বং রাজ্যলাভাদিকম্। নশ্যেৎ গান্ধারীকোপেনেতি ভাবঃ ॥২২॥

মহাবাহু বৃষ্ণিনন্দন! তুমি পূর্ব্বকালে অসুরগণের বধের জন্য দেবাসুরযুদ্ধে যেমন দেবগণের সাহায্য ও অসুরগণকে বধ করিয়াছিলে, সেইরূপই এই যুদ্ধে আমাদেরও সাহায্য করিয়াছ এবং তুমি অর্জ্জুনের সারথ্য অবলম্বন করিয়া, যুদ্ধের সময় আমাদিগকে যেন আবৃত রাখিয়াছ ॥১৭—১৮॥

কৃষ্ণ! তুমি যদি মহাযুদ্ধে অর্জ্জুনের রক্ষক না হইতে; তাহা হইলে, অর্জ্জুন কি করিয়া এই সৈন্যসাগর জয় করিতে সমর্থ হইতেন ॥১৯॥

কৃষ্ণ! তুমি আমাদের জন্যই অনেক গদাঘাত এবং পরিঘ, শক্তি, ভিন্দিপাল, তোমর, পরশু ও বজ্রস্পর্শতুল্য অন্যান্য অস্ত্রপ্রহার সহ্য করিয়াছ এবং অনেক নিষ্ঠুর বাক্য শুনিয়াছ ॥২০—২১॥

কৃষ্ণ অচ্যুত! আজ দুর্য্যোধন নিহত হওয়ায় তোমার সে সমস্ত সহ্য করাই সফল হইয়াছে। আবার গান্ধারীর কোপে যাহাতে সে সকল নষ্ট না হয়, তাহা কর ॥২২॥

(২৩) সন্দেহদোলাং প্রাপ্তাঃ স্ম প্রাপ্তে কৃষ্ণ! জয়ে সতি···পি,···ক্রোধস্ত শময়···নি।

CENTRAL LIBRARY

সা হি নিত্যং মহাভাগা তপসোগ্রেণ কর্ষিতা।
পুত্রপৌত্রবধং শ্রুত্বা ধ্রুবং নঃ সংপ্রধক্ষ্যতি।
তস্যাঃ প্রসাদনং বীর! প্রাপ্তকালং মতং মম ॥২৪॥
কশ্চ তাং ক্রোধতাম্রাক্ষীং পুত্রব্যসনকর্ষিতাম্।
বীক্ষিতুং পুরুষঃ শক্তস্ত্বামৃতে পুরুষোত্তম! ॥২৫॥
তত্র মে গমনং প্রাপ্তং রোচতে তব মাধব!।
গান্ধার্য্যাঃ ক্রোধদীপ্তায়াঃ প্রশমার্থমরিন্দম! ॥২৬॥
ত্বং হি কর্ত্তা বিকর্ত্তা চ লোকানাং প্রভবাপ্যয়ঃ।
হেতুকারণসংযুক্তৈর্বাক্যৈঃ কালসমীরিতৈঃ ॥২৭॥
ক্ষিপ্রমেব মহাপ্রাজ্ঞ! গান্ধারীং শময়িষ্যসি।
পিতামহশ্চ ভগবান্ কৃষ্ণস্তত্র ভবিষ্যতি ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সন্দেহেতি। গান্ধার্য্যাঃ কোপেন হি পুনঃ সর্ব্বনাশসম্ভব ইতি ভাবঃ ॥২৩॥

সেতি। কর্ষিতা কৃশীকৃতশরীরা। প্রাপ্তকালমেতৎকালোচিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৪॥

অথ যুষ্মাকমেকতমস্তত্র গচ্ছেদিত্যাহ ক ইতি। পুত্রাণাং ব্যসনেন ধ্বংসেন কর্ষিতাং দুঃখিতাম্ ॥২৫॥

তত্রেতি। প্রাপ্তমুচিতম্। ক্রোধেন দীপ্তায়াঃ প্রজ্বলিতায়াঃ ॥২৬॥

ত্বমিতি। কর্ত্তা প্রকৃতাবস্থাকারী, বিকর্ত্তা বিকৃতিকারী, প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণম, অপ্যেত্যস্মাদিত্যপ্যয়ঃ সংহারকারণঞ্চ। হেতুর্যুক্তিঃ কারণঞ্চ তাভ্যাং সংযুক্তৈঃ, কালসমীরিতৈঃ অবসরক্রমেণোক্তৈঃ। পিতামহঃ অস্মাকম্, পাণ্ডোঃ পিতৃস্বা-

---

মহাবাহু কৃষ্ণ মাধব! জয় হইয়া গেলেও আমাদের মন সন্দেহদোলায় দুলিতেছে। কারণ, গান্ধারীর কোপের বিষয়টা একবার ভাবিয়া দেখ ॥২৩॥

মহাভাগা গান্ধারীদেবী ভয়ঙ্কর তপস্যা করিতে থাকিয়া, শরীরটাকে কৃশ করিয়াছেন; তিনি পুত্র ও পৌত্রপ্রভৃতির বধবৃত্তান্ত শুনিয়া নিশ্চয়ই আমাদিগকে শাপানলে দগ্ধ করিয়া ফেলিবেন। অতএব বীর! বর্ত্তমান সময়ে তাঁহাকে প্রসন্ন করা উচিত ইহাই আমার মত ॥২৪॥

পুরুষোত্তম! তুমি ব্যতীত অন্য কোন্ ব্যক্তি পুত্রমৃত্যুশ্রবণদুঃখিতা ও ক্রোধে আরক্তনয়না সেই গান্ধারীদেবীকে দর্শন করিতে সমর্থ হইবে? ॥২৫॥

শত্রুদমনকারী কৃষ্ণ! ক্রোধে প্রজ্বলিত সেই গান্ধারীদেবীর ক্রোধ নিবৃত্তি করার জন্য তোমারই সেইখানে যাওয়া উচিত; ইহাই আমার অভিমত ॥২৬॥

মহাপ্রাজ্ঞ! তুমি লোকের প্রকৃত অবস্থা ও বিকৃত অবস্থা দুইই করিতে

সর্ব্বথা তে মহাবাহো! গান্ধার্য্যাঃ ক্রোধনাশনম্।
কর্ত্তব্যং সাত্বতাং শ্রেষ্ঠ! পাণ্ডবানাং হিতার্থিনা ॥২৯॥
ধর্ম্মরাজস্য বচনং শ্রুত্বা যদুকুলোদ্বহঃ।
আমন্ত্র্য দারুকং প্রাহ রথঃ সজ্জো বিধীয়তাম্ ॥৩০॥
কেশবস্য বচঃ শ্রুত্বা ত্বরমাণোঽথ দারুকঃ।
ন্যবেদয়দ্রথং সজ্জং কেশবায় মহাত্মনে ॥৩১॥
তং রথং যাদবশ্রেষ্ঠঃ সমারুহ্য পরন্তপঃ।
জগাম হাস্তিনপুরং ত্বরিতঃ কেশবো বিভুঃ ॥৩২॥
ততঃ প্রায়ান্মহারাজ! মাধবো ভগবান্ রথী।
নাগসাহ্বয়মাসাদ্য প্রবিবেশ চ বীর্য্যবান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

দিত্যাশয়ঃ, কৃষ্ণঃ কৃষ্ণদ্বৈপায়নঃ, তত্র গান্ধারীসমীপে, ভবিষ্যতি স্থাস্যতি। স চ গান্ধার্য্যাঃ প্রসাদনে তব সাহায্যং করিষ্যতীতি ভাবঃ ॥২৭—২৮॥

সর্বথেতি। তে ত্বয়া। সাত্বতাং তদ্বংশীয়ানাম্ ॥২৯॥

ধর্ম্মেতি। যদুকুলোদ্বহো যদুবংশধুরন্ধরঃ কৃষ্ণঃ ॥৩০॥

কেশবস্যেতি। সজ্জং ধ্বজপতাকাশ্বাদিভির্যুক্তম্ ॥৩১॥

তমিতি। বিভুঃ সর্ব্বশক্তিমান্ ॥৩২॥

পার এবং তুমি জগতের সৃষ্টিকর্ত্তা ও সংহারকর্ত্তা; সুতরাং তুমি যুক্তিযুক্ত ও তৎকালোচিত বাক্যদ্বারা গান্ধারীদেবীকে প্রসন্ন করিতে পারিবে। বিশেষতঃ তখন সেস্থানে সম্ভবতঃ আমাদের পিতামহ ভগবান্ বেদব্যাস উপস্থিত থাকিবেন ॥২৭—২৮॥

মহাবাহু সাত্বতশ্রেষ্ঠ! তুমি পাণ্ডবগণের হিতৈষী বলিয়া সর্ব্বপ্রকারে গান্ধারীদেবীর ক্রোধ নিবৃত্তি তোমারই করা উচিত' ॥২৯॥

যদুকুলধুরন্ধর কৃষ্ণ যুধিষ্ঠিরের কথা শুনিয়া, নিজ সারথি দারুককে ডাকিয়া বলিলেন—'আমার রথ সজ্জিত কর' ॥৩০॥

দারুক কৃষ্ণের আদেশ শুনিয়া, ত্বরান্বিত হইয়া যাইয়া, পুনরায় আসিয়া কৃষ্ণকে জানাইল যে, রথ সজ্জিত হইয়াছে ॥৩১॥

পরে সর্ব্বশক্তিমান্, যদুবংশশ্রেষ্ঠ ও শত্রুসন্তাপকারী কৃষ্ণ সেই রথে আরোহণ করিয়া, সত্বর হস্তিনানগরের দিকে প্রস্থান করিলেন ॥৩২॥

---

(৩০)···রথসজ্জা বিধীয়তাম্—পি।

CENTRAL LIBRARY

প্রবিশ্য নগরীং বীরো রথঘোষেণ নাদয়ন্ ।
বিদিতো ধৃতরাষ্ট্রস্য সোঽবতীর্য্য রথোত্তমাৎ ॥৩৪॥
অভ্যগচ্ছদদীনাত্মা ধৃতরাষ্ট্রনিবেশনম্ ।
পূর্ব্বঞ্চাভিগতং তত্র সোঽপশ্যদৃষিসত্তমম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
পাদৌ প্রপীড্য কৃষ্ণস্য রাজ্ঞশ্চাপি জনার্দ্দনঃ ।
অভ্যবাদয়দব্যগ্রো গান্ধারীঞ্চাপি কেশবঃ ॥৩৬॥
ততস্তু যাদবশ্রেষ্ঠো ধৃতরাষ্ট্রমধোক্ষজঃ ।
পাণিমালম্ব্য রাজেন্দ্র ! সুস্বরং প্ররুরোদ হ ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। নাগসাহ্বয়ং হস্তিনানগরম্ ॥৩৩॥
প্রবিশ্যেতি। বিদিতো রথঘোষেণৈব। অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥৩৪—৩৫॥
পাদাবিতি। কৃষ্ণস্য কৃষ্ণদ্বৈপায়নস্য, রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য ॥৩৬॥
তত ইতি। ধৃতরাষ্ট্রং তদীয়ম্, অধোক্ষজঃ কৃষ্ণঃ। সুস্বরং মুক্তকণ্ঠম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৬॥ হেতুকারণসংযুক্তৈঃ হেতবো দৃষ্টা অপরাধাঃ, কারণানি অদৃষ্টাস্তবস্তুস্তাবীনি, তৈর্যুক্তানি তৈঃ ॥২৭—৩২॥ প্রায়াদগচ্ছৎ ॥৩৩—৩৫॥ কৃষ্ণস্য ব্যাসস্য ॥৩৬—৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্ধুরীণবংশাবতংসশ্রীগোবিন্দহরিসূনুশ্রীনীলকণ্ঠবিরচিতে ভারতভাবদীপে শল্যপর্ব্বার্থপ্রকাশে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

মহারাজ ! রথারোহী ভগবান্ কৃষ্ণ যাইতে যাইতে নিকটবর্ত্তী হইয়া, হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৩৩॥

বীর কৃষ্ণ রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া, হস্তিনানগরে প্রবেশ করিয়া, উত্তম রথ হইতে অবতীর্ণ হইয়া, অকাতরচিত্তে ধৃতরাষ্ট্রের গৃহে প্রবেশ করিলেন এবং সেস্থানে পূর্ব্বেই সমাগত বেদব্যাসকে দেখিতে পাইলেন ; ওদিকে ধৃতরাষ্ট্রও রথের শব্দে কৃষ্ণ আসিয়াছেন বলিয়া জানিতে পারিলেন ॥৩৪—৩৫॥

ক্রমে কৃষ্ণ অনাকুলভাবে বেদব্যাস, ধৃতরাষ্ট্র ও গান্ধারীর চরণ স্পর্শ করিয়া, তাঁহাদিগকে অভিবাদন করিলেন ॥৩৬॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পর যদুবংশপ্রধান কৃষ্ণ ধৃতরাষ্ট্রের হস্ত ধারণ করিয়া, মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৩৭॥

CENTRAL LIBRARY

স মুহূর্ত্তাদিবোৎসৃজ্য বাষ্পং শোকসমুদ্ভবম্।
প্রক্ষাল্য বারিণা নেত্রে হ্যাচম্য চ যথাবিধি।
উবাচ প্রসৃতং বাক্যং ধৃতরাষ্ট্রমরিন্দমঃ ॥৩৮॥
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদ্ভূতভব্যস্য ভারত!।
কালস্য চ যথাবৃত্তং তত্তে সুবিদিতং প্রভো! ॥৩৯॥
যতিতং পাণ্ডবৈঃ সর্বৈস্তব চিত্তানুরোধিভিঃ।
কথং কুলক্ষয়ো ন স্যাত্তথা ক্ষত্রস্য ভারত! ॥৪০॥
ভ্রাতৃভিঃ সময়ং কৃত্বা ক্ষান্তবান্ ধর্ম্মবৎসলঃ।
দ্যূতচ্ছলজিতৈঃ শুদ্ধৈর্বনবাসোঽভ্যুপাগতঃ ॥৪১॥
অজ্ঞাতবাসচর্য্যা চ নানাবেশসমাবৃতৈঃ।
অন্যে চ বহবঃ ক্লেশাস্ত্বশক্তৈরিব নিত্যদা ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। আচম্য বাষ্পত্যাগনিবন্ধনাপবিত্রত্বব্যপোহনার্থম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৮॥
নেতি। ভূতভব্যস্য অতীতবর্ত্তমানস্য। বৃত্তং বৃত্তান্তঃ ॥৩৯॥
যতিতমিতি। যতিতং যত্নঃ কৃতঃ। ক্ষত্রস্য ক্ষত্রিয়গণস্য তথা ক্ষয়ঃ ॥৪০॥
ভ্রাতৃভিরিতি। ক্ষান্তবান্ ত্বৎপুত্রাণামত্যাচারং সোঢ়বান্। অভ্যুপাগতঃ অঙ্গীকৃতঃ ॥৪১॥
অজ্ঞাতেতি। নানাবেশসমাবৃতৈঃ কঙ্কাদিরূপধারিভিঃ। ক্লেশাঃ সোঢ়া ইতি শেষঃ ॥৪২॥

তৎপরে শত্রুদমনকারী কৃষ্ণ শোকসঞ্জাত অশ্রুজল সংবরণপূর্ব্বক, জলদ্বারা নয়নযুগল প্রক্ষালন ও আচমন করিয়া, বিস্তৃতভাবে ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন—॥৩৮॥

'ভরতনন্দন মহারাজ! অতীত ও বর্ত্তমান কালের কোন ঘটনাই আপনার অবিদিত নাই এবং যে সকল ঘটনা ঘটিয়া গিয়াছে, সে সমস্তই আপনার বিশেষ-ভাবে জানা আছে ॥৩৯॥

ভরতনন্দন! যাহাতে বংশের ও ক্ষত্রিয়গণের ক্ষয় না হয়, তাহার জন্য আপনার চিত্তানুবর্ত্তী পাণ্ডবেরা সকলেই যত্ন করিয়াছিলেন ॥৪০॥

ধর্ম্মবৎসল যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, সময়ের প্রতীক্ষা করিয়া, সমস্ত কষ্টই সহ্য করিয়াছেন এবং নির্দ্দোষ পাণ্ডবেরা দ্যূতক্রীড়ায় শকুনির শঠতায় পরাজিত হইয়া, বনবাস স্বীকার করিয়াছেন ॥৪১॥

তাঁহারা নানাবিধ বেশ ধারণ করিয়া, বিরাটনগরে অজ্ঞাতবাস করিয়াছেন এবং সর্ব্বদা অসমর্থের ন্যায় থাকিয়া, অন্য বহুবিধ ক্লেশও সহ্য করিয়াছেন ॥৪২॥

(৩৮)··· উবাচ প্রস্তুতং বাক্যং—বঙ্গ।···উবাচপ্রশ্রিতং বাক্যং···নি।

CENTRAL LIBRARY

ময়া চ স্বয়মাগম্য যুদ্ধকাল উপস্থিতে।
সর্ব্বলোকস্য সান্নিধ্যে গ্রামাংস্ত্বং পঞ্চ যাচিতঃ ॥৪৩॥
ত্বয়া কালোপসৃষ্টেন লোভতো নাপবর্জিতাঃ।
তবাপরাধান্নৃপতে! সর্ব্বং ক্ষত্রং ক্ষয়ং গতম্ ॥৪৪॥
ভীষ্মেণ সোমদত্তেন বাহ্লীকেন কৃপেণ চ।
দ্রোণেন চ সপুত্রেণ বিদুরেণ চ ধীমতা।
যাচিতস্ত্বং শমং নিত্যং ন চ তৎ কৃতবানসি ॥৪৫॥
কালোপহতচিত্তো হি সর্ব্বো মুহ্যতি ভারত!।
যথা মূঢ়ো ভবান্ পূর্ব্বমস্মিন্নর্থে সমুদ্যতে ॥৪৬॥
কিমন্যৎ কালযোগাদ্ধি দিষ্টমেব পরায়ণম্।
মা চ দোষান্মহাপ্রাজ্ঞ! পাণ্ডবেষু নিবেশয় ॥৪৭॥
অল্পোঽপ্যতিক্রমো নাস্তি পাণ্ডবানাং মহাত্মনাম্।
ধর্ম্মতো ন্যায়তশ্চৈব স্নেহতশ্চ পরন্তপ! ॥৪৮॥

ভারতকৌমুদী

ময়েতি। যাচিতঃ পরিশেষে পাণ্ডবার্থ ইতি ভাবঃ ॥৪৩॥
ত্বয়েতি। কালোপসৃষ্টেন কালপ্রেরিতেন, নাপবর্জিতাস্তে পঞ্চ গ্রামা অপি ন দত্তাঃ ॥৪৪॥
ভীষ্মেণেতি। সপুত্রেণ অশ্বত্থামসহিতেন। শমং সন্ধিনিবন্ধনাং শান্তিম্। ষট্‌পাদঃ ॥৪৫॥
কালেতি। কালেন উপহতং সদর্থনির্ণয়াক্ষমীকৃতং চিত্তং যস্য সঃ। সমুদ্যতে উপস্থিতে ॥৪৬॥
কিমিতি। দিষ্টং দৈবম্, পরায়ণম্ অস্মিন্ ক্ষয়ে পরমো হেতুঃ ॥৪৭॥

তা'র পর যুদ্ধের কাল উপস্থিত হইলে, আমি নিজে আসিয়া, সমস্ত লোকের সমক্ষে পাণ্ডবগণের জন্য আপনার নিকটে পাঁচখানি গ্রাম চাহিয়াছিলাম ॥৪৩॥

কিন্তু আপনি কালপ্রেরিত ও লোভাকৃষ্ট হইয়া, তখন তাহা দেন নাই; অতএব রাজা! আপনার অপরাধেই সমস্ত ক্ষত্রিয় ক্ষয় পাইয়াছে ॥৪৪॥

বুদ্ধিমান্ ভীষ্ম, দ্রোণ, কৃপ, অশ্বত্থামা, বিদুর, সোমদত্ত ও বাহ্লীক সর্ব্বদাই আপনার নিকট সন্ধি-শান্তির প্রার্থনা করিতেন; কিন্তু আপনি তাহা করেন নাই ॥৪৫॥

ভরতনন্দন! সমস্ত মানুষই কালের প্রভাবে মুগ্ধ হইয়া থাকে; যেমন আপনি এই বিষয় উপস্থিত হইলে মুগ্ধ হইয়াছিলেন ॥৪৬॥

কাল ব্যতীত এই ক্ষয়ের প্রতি অন্য কি কারণ হইতে পারে; অতএব এই ক্ষয়ের প্রতি সেই কাল ও দৈবই প্রধান কারণ; সুতরাং মহাপ্রাজ্ঞ! আপনি পাণ্ডবগণের উপরে দোষারোপ করিবেন না ॥৪৭॥

CENTRAL LIBRARY

এতৎ সর্ব্বন্তু বিজ্ঞায় হ্যাত্মদোষকৃতং ফলম্।
অসূয়াং পাণ্ডুপুত্রেষু ন ভবান্ কর্ত্তুমর্হতি ॥৪৯॥
কুলং বংশশ্চ পিণ্ডশ্চ যচ্চ পুত্রকৃতং ফলম্।
গান্ধার্য্যাস্তব চৈবাথ পাণ্ডবেষু প্রতিষ্ঠিতম্ ॥৫০॥
ত্বঞ্চৈব কুরুশার্দ্দূল! গান্ধারী চ যশস্বিনী।
মা শুচো নরশার্দ্দূল! পাণ্ডবান্ প্রতি কিল্বিষম্ ॥৫১॥
এতৎ সর্ব্বমনুধ্যাত্বা আত্মনশ্চ ব্যতিক্রমম্।
শিবেন পাণ্ডবান্ ধ্যাহি নমস্তে ভরতর্ষভ! ॥৫২॥
জানাসি চ মহাবাহো! ধর্ম্মরাজস্য যা ত্বয়ি।
ভক্তির্ভরতশার্দ্দূল! স্নেহশ্চাপি স্বভাবতঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

অল্প ইতি। অতিক্রমো লঙ্ঘনম্। ধর্ম্মত ইত্যাদৌ সর্বত্র ষষ্ঠ্যাস্তম্ ॥৪৮॥
এতদিতি। অসূয়াং দোষারোপম্ ॥৪৯॥
কুলমিতি। কুলং কুলগৌরবম্, ফলং ভরণপোষণাদিকম্ ॥৫০॥
ত্বমিতি। কিল্বিষং জ্ঞাতিবধপাপং লক্ষ্যীকৃত্য ॥৫১॥
এতদিতি। অনুধ্যাত্বা বিচিন্ত্য, ব্যতিক্রমং ন্যায়লঙ্ঘনম্। শিবেন মঙ্গলময়েন চেতসা ॥৫২॥
জানাসীতি। অতএব তং প্রতি রোষো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৫৩॥

শত্রুসন্তাপক রাজা! এই বিষয়ে মহাত্মা পাণ্ডবগণ ধর্ম্ম, ন্যায় ও স্নেহের অল্পমাত্র অতিক্রমও করেন নাই ॥৪৮॥

মহারাজ! এই সমস্তই আপনার আত্মকৃত দোষের ফল; ইহা বুঝিয়া আপনি পাণ্ডবগণের উপরে দোষারোপ করিতে পারেন না ॥৪৯॥

আপনার ও গান্ধারীদেবীর বংশগৌরব, বংশরক্ষা, পিণ্ড প্রত্যাশা এবং পুত্রের যে সকল প্রয়োজন আছে; সে সমস্তই এখন পাণ্ডবগণের উপরে প্রতিষ্ঠিত হইল ॥৫০॥

কৌরবশ্রেষ্ঠ নরনাথ! আপনি এবং যশস্বিনী গান্ধারীদেবী পাণ্ডবগণের এই অপরাধ বিষয়ে শোক করিবেন না ॥৫১॥

ভরতশ্রেষ্ঠ! এই সমস্ত বিষয় ও নিজের দোষ স্মরণ করিয়া, মঙ্গলময় চিত্তে পাণ্ডবগণের বিষয় চিন্তা করিতে থাকুন। আপনাকে নমস্কার করি ॥৫২॥

ভরতশ্রেষ্ঠ! আপনার উপরে স্বভাবতই যুধিষ্ঠিরের যে ভক্তি ও স্নেহ আছে, তাহা আপনি জানেন ॥৫৩॥

(৪৯)···তন্মহ্যং পাণ্ডুপুত্রেষু···নি।

CENTRAL LIBRARY

এতচ্চ কদনং কৃত্বা শত্রূণামপকারিণাম্ ।
দহ্যতে চ দিবারাত্রৌ ন চ শর্ম্মাধিগচ্ছতি ॥৫৪॥
ত্বাঞ্চৈব নরশার্দ্দূল ! গান্ধারীঞ্চ যশস্বিনীম্ ।
স শোচন্ নরশার্দ্দূলো ন শান্তিমধিগচ্ছতি ॥৫৫॥
হ্রিয়া পরময়াবিষ্টো ভবন্তং নাধিগচ্ছতি ।
পুত্রশোকাভিসন্তপ্তং বুদ্ধিব্যাকুলিতেন্দ্রিয়ম্ ॥৫৬॥
এবমুক্ত্বা মহারাজ ! ধৃতরাষ্ট্রং যদূত্তমঃ ।
উবাচ পরমং বাক্যং গান্ধারীং শোককর্ষিতাম্ ॥৫৭॥
সৌবলেয়ি ! নিবোধ ত্বং যত্ত্বাং বক্ষ্যামি সুব্রতে ! ।
ত্বৎসমা নাস্তি লোকেঽস্মিন্নদ্য সীমন্তিনী শুভে ! ॥৫৮॥
জানাসি চ যথা রাজ্ঞি ! সভায়াং মম সন্নিধৌ ।
ধর্ম্মার্থসহিতং বাক্যমুভয়োঃ পক্ষয়োর্হিতম্ ॥৫৯॥
উক্তবত্যসি কল্যাণি ! ন চ তে তনয়ৈঃ কৃতম্ ।
দুর্য্যোধনস্ত্বয়া চোক্তো জয়ার্থী পরুষং বচঃ ॥৬০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতদিতি। কদনং মহামারীম্। দহ্যতে অনুতাপানলেন। শর্ম্ম সুখম্ ॥৫৪॥
ত্বামিতি। শোচন্ পুত্রপৌত্রাদিক্ষয়াৎ রাজ্যনাশাচ্চেতি ভাবঃ ॥৫৫॥
হ্রিয়েতি। হ্রিয়া লজ্জয়া। বুদ্ধ্যা সহ ব্যাকুলিতানি ইন্দ্রিয়াণি যস্য তম্ ॥৫৬॥
এবমিতি। যদূত্তমঃ কৃষ্ণঃ। শোকেন কর্ষিতাং দুঃখসাগরে আকৃষ্টাম্ ॥৫৭॥
সৌবেতি। সুবলস্যাপত্যং স্ত্রীতি সৌবলেয়ী, তৎসম্বোধনম্। নিবোধ শৃণু ॥৫৮॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির অপকারী শত্রুগণের এইরূপ মহামারী ঘটাইয়া দিবারাত্রই অনুতাপানলে দগ্ধ হইতেছেন ; কখনই শান্তি পাইতেছেন না ॥৫৪॥

নরশ্রেষ্ঠ ! রাজা যুধিষ্ঠির আপনার ও গান্ধারীদেবীর বিষয়ে শোক করিতে থাকিয়া, কোন সময়েই শান্তি পাইতেছেন না ॥৫৫॥

রাজা ! আপনি পুত্রশোকে সর্ব্বতোভাবে সন্তপ্ত হইয়াছেন এবং আপনার বুদ্ধি ও ইন্দ্রিয়গুলি শোকে বিশেষ আকুল হইয়া গিয়াছে ; তথাপি রাজা যুধিষ্ঠির অত্যন্ত লজ্জিত হওয়ায় আপনার নিকট আসিতেছেন না' ॥৫৬॥

মহারাজ ! যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ ধৃতরাষ্ট্রকে এইরূপ বলিয়া, শোকাকুল গান্ধারী-দেবীকে উত্তম বাক্য সকল বলিতে লাগিলেন—॥৫৭॥

'সুবলনন্দিনি সুব্রতে ! আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ করুন। কল্যাণি ! বর্ত্তমান সময়ে এই জগতে আপনার তুল্য নারী নাই ॥৫৮॥

শৃণু মূঢ়! বচো মহ্যং যতো ধর্ম্মস্ততো জয়ঃ।
তদিদং সমনুপ্রাপ্তং তব বাক্যং নৃপাত্মজে! ॥৬১॥
এবং বিদিত্বা কল্যাণি! মা স্ম শোকে মনঃ কৃথাঃ।
পাণ্ডবানাং বিনাশায় মা তে বুদ্ধিঃ কদাচন ॥৬২॥
শক্তা চাসি মহাভাগে! পৃথিবীং সচরাচরাম্।
চক্ষুষা ক্রোধদীপ্তেন নির্দগ্ধুং তপসো বলাৎ ॥৬৩॥
বাসুদেববচঃ শ্রুত্বা গান্ধারী বাক্যমব্রবীৎ।
এবমেতন্মহাবাহো! যথা বদসি কেশব! ॥৬৪॥
আধিভির্দহ্যমানায়া মতিঃ সঞ্চালিতা মম।
সা মে ব্যবস্থিতা শ্রুত্বা তব বাক্যং জনার্দ্দন! ॥৬৫॥

ভারতকৌমুদী

জানাসীতি। ধর্ম্মো ন্যায়ঃ অর্থো যুক্তিশ্চ তাভ্যাং সহিতম্। পরুষং নিষ্ঠুরম্ ॥৫৯—৬০॥
শৃণ্বিতি। মহ্যং মম, যতো যত্র, ততস্তত্র। সমনুপ্রাপ্তমুপস্থিতম্ ॥৬১॥
এবমিতি। মা ভূঃ ন ভবত্বিত্যর্থঃ, তেষামপরাধাভাবাৎ ॥৬২॥
শক্তেতি। চরৈর্জঙ্গমৈঃ অচরৈঃ স্থাবরৈশ্চ সহেতি তাম্। ক্রোধেন দীপ্তং জ্বলিতং তেন ॥৬৩॥
বাস্বিতি। এবমেতৎ নির্দগ্ধুং শক্তাস্যেবেত্যর্থঃ ॥৬৪॥

রাজ্ঞি! আপনি জানেন যে, তৎকালে আপনি সভায় আমার সমক্ষে উভয় পক্ষের হিতজনক ও ধর্ম্মার্থযুক্ত অনেক কথা বলিয়াছিলেন; কিন্তু আপনার পুত্রেরা আপনার সে বাক্য রক্ষা করেন নাই। কল্যাণি! তাহার পর আপনি দুর্য্যোধনকে অনেক নিষ্ঠুর কথা বলিয়াছিলেন—॥৫৯—৬০॥

'মূঢ় দুর্য্যোধন! তুই আমার কথা শোন—যেখানে ধর্ম্ম থাকে, সেইখানেই জয়ও থাকে'। রাজপুত্রি! এখন আপনার সেই বাক্য এই উপস্থিত হইয়াছে ॥৬১॥

কল্যাণি! এইরূপ বুঝিয়া আপনি আর শোকের দিকে মন দিবেন না এবং কখনও পাণ্ডবগণের বিনাশের দিকে বুদ্ধি করিবেন না ॥৬২॥

মহাভাগে! আপনি তপস্যার প্রভাবে ক্রোধজ্বলিত নয়নদ্বারা স্থাবর ও জঙ্গমের সহিত সমগ্র পৃথিবীই দগ্ধ করিতে পারেন' ॥৬৩॥

তখন গান্ধারী কৃষ্ণের কথা শুনিয়া, এই বাক্য বলিলেন—'মহাবাহু কৃষ্ণ! তুমি যাহা বলিলে, তাহা সত্য বটে ॥৬৪॥

জনার্দ্দন! মনের বেদনায় আমার বুদ্ধি বিচলিত হইয়াছিল; কিন্তু তোমার বাক্য শুনিয়া, আমার সে বুদ্ধি এখন স্থির হইয়াছে ॥৬৫॥

CENTRAL LIBRARY

রাজস্ত্বন্ধস্য বৃদ্ধস্য হতপুত্রস্য কেশব !।
ত্বং গতিঃ সহিতৈর্বীরৈঃ পাণ্ডবৈর্দ্বিপদাংবর ! ॥৬৬॥
এতাবদুক্ত্বা বচনং মুখং প্রচ্ছাদ্য বাসসা।
পুত্রশোকাভিসন্তপ্তা গান্ধারী প্ররুরোদ হ ॥৬৭॥
তত এনাং মহাবাহুঃ কেশবঃ শোককর্ষিতাম্।
হেতুকারণসংযুক্তৈর্বাক্যৈরাশ্বাসয়ৎ প্রভুঃ ॥৬৮॥
সমাশ্বাস্য চ গান্ধারীং ধৃতরাষ্ট্রঞ্চ মাধবঃ।
দ্রৌণিসঙ্কল্পিতং ভাবমন্ববুধ্যত কেশবঃ ॥৬৯॥
ততস্ত্বরিত উত্থায় পাদৌ মূর্দ্ধ্না প্রণম্য চ।
দ্বৈপায়নস্য রাজেন্দ্র ! ততঃ কৌরবমব্রবীৎ ॥৭০॥
আপৃচ্ছে ত্বাং কুরুশ্রেষ্ঠ ! মা চ শোকে মনঃ কৃথাঃ।
দ্রৌণেঃ পাপোঽস্ত্যভিপ্রায়স্তেনাস্মি সহসোত্থিতঃ ॥৭১॥

ভারতকৌমুদী

আধিভিরিতি। আধিভির্মনোব্যথাভিঃ। ব্যবস্থিতা স্থিরীভূতা ॥৬৫॥
রাজ্ঞ ইতি। সহিতৈঃ সম্মিলিতৈঃ, পাণ্ডবৈঃ সহ, দ্বিপদাং মনুষ্যাণাম্ ॥৬৬॥
এতাবদিতি। মুখাচ্ছাদনং পরদর্শনলজ্জানিবারণার্থম্ ॥৬৭॥
তত ইতি। হেতুর্যুক্তিঃ কারণঞ্চ তাভ্যাং সংযুক্তৈঃ, প্রভুঃ সর্বশক্তিমান্ ॥৬৮॥
সমিতি। দ্রৌণিনা অশ্বত্থাম্না সঙ্কল্পিতং মনসা নিরূপিতম্, ভাবং রাত্রৌ পাণ্ডবানাং গুপ্তহত্যাম্। অন্ববুধ্যত সর্বান্তর্যামিত্বাদিত্যাশয়ঃ ॥৬৯॥
তত ইতি। মূর্দ্ধ্না, দ্বৈপায়নস্য পাদৌ প্রণম্যেতি সম্বন্ধঃ ॥৭০॥

মনুষ্যশ্রেষ্ঠ কেশব ! সম্মিলিত পাণ্ডবগণের সহিত তুমিই এখন অন্ধ, বৃদ্ধ ও হতপুত্র রাজার একমাত্র অবলম্বন' ॥৬৬॥

পুত্রশোকসন্তপ্তা গান্ধারী এই পর্য্যন্ত বলিয়া, বস্ত্রদ্বারা মুখ আচ্ছাদন করিয়া, রোদন করিতে লাগিলেন ॥৬৭॥

তাহার পর সর্ব্বশক্তিমান্ ও মহাবাহু কৃষ্ণ যুক্তি ও কারণযুক্ত বহুবিধ বাক্যদ্বারা শোকাকুলা গান্ধারীকে আশ্বস্ত করিলেন ॥৬৮॥

কৃষ্ণ সেইভাবে ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে আশ্বস্ত করিয়া, অশ্বত্থামার সঙ্কল্পিত বিষয় বুঝিতে পারিলেন ॥৬৯॥

রাজশ্রেষ্ঠ ! তদনন্তর কৃষ্ণ সত্বর গাত্রোত্থানপূর্ব্বক, মস্তকদ্বারা বেদব্যাসের চরণযুগলে নমস্কার করিয়া ধৃতরাষ্ট্রকে বলিলেন—॥৭০॥

'কৌরবশ্রেষ্ঠ ! আমি আপনার নিকট আমার প্রস্থানের অনুমতি প্রার্থনা

CENTRAL LIBRARY

পাণ্ডবানাং বধে রাত্রৌ বুদ্ধিস্তেন প্রবর্ত্তিতা।
এতচ্ছ্রুত্বা তু বচনং গান্ধার্য্যা সহিতোঽব্রবীৎ ॥৭২॥
ধৃতরাষ্ট্রো মহাবাহুঃ কেশবং কেশিসূদনম্।
শীঘ্রং গচ্ছ মহাবাহো! পাণ্ডবান্ পরিপালয় ॥৭৩॥ (যুগ্মকম্)
ভূয়স্ত্বয়া সমেষ্যামি ক্ষিপ্রমেব জনার্দ্দন!।
প্রায়াত্ততস্তু ত্বরিতো দারুকেণ সহাচ্যুতঃ ॥৭৪॥
বাসুদেবে গতে রাজন্! ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্।
আশ্বাসয়দমেয়াত্মা ব্যাসো লোকনমস্কৃতঃ ॥৭৫॥
বাসুদেবোঽপি ধর্ম্মাত্মা কৃতকৃত্যো জগাম হ।
শিবিরং হাস্তিনপুরাদ্দিদৃক্ষুঃ পাণ্ডবান্ নৃপ! ॥৭৬॥

ভারতকৌমুদী

আপৃচ্ছ ইতি। আপৃচ্ছে প্রস্থানানুমতিং প্রার্থয়ামীত্যর্থঃ। অথ প্রস্থানে কথমিয়ং ত্বরেত্যাহ দ্রৌণেরিতি। পাপঃ পাণ্ডবানাং গুপ্তহত্যাবিষয়ত্বাদিত্যাশয়ঃ ॥৭১॥

পাণ্ডবানামিতি। বধে গুপ্তহত্যায়াম্, তেন দ্রৌণিনা, প্রবর্ত্তিতা কৃতা। কেশিসূদনং কেশিনামকদানবহন্তারম্। এতেন ভাবিসৌপ্তিকপর্ব্ব সূচিতম্ ॥৭২—৭৩॥

ভূয় ইতি। ভূয়ঃ পুনঃ, ত্বয়া সহ, সমেষ্যামি সম্মিলিতো ভবিষ্যামি ॥৭৪॥

বাস্বিতি। অমেয়াত্মা প্রাকৃতলোকৈরজ্ঞেয়স্বভাবঃ, লোকনমস্কৃতস্তপোমাহাত্ম্যাৎ ॥৭৫॥

বাস্বিতি। কৃতং কৃত্যং করণীয়ং গান্ধারীকোপশমনং যেন সঃ। শিবিরং প্রাগুক্তং নদীতীরস্থম্, তদানীং তত্রৈব পাণ্ডবানামবস্থানস্য পূর্ব্বমুক্তত্বাৎ। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ ॥৭৬॥

করিতেছি। আপনি আর শোকের দিকে মন দিবেন না। অশ্বত্থামার পাপ অভিপ্রায় জন্মিয়াছে; আমি সেই জন্যই হঠাৎ গাত্রোত্থান করিয়াছি ॥৭১॥

অশ্বত্থামা রাত্রিতে পাণ্ডবগণের গুপ্তহত্যা বিষয়ে সঙ্কল্প করিয়াছেন'। এই কথা শুনিয়া, মহাবাহু ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত মিলিত হইয়া কেশিহন্তা কৃষ্ণকে বলিলেন—'মহাবাহু! তুমি সত্বর যাও, পাণ্ডবগণকে রক্ষা কর ॥৭২—৭৩॥

জনার্দ্দন! আমি আবার তোমার সহিত সম্মিলিত হইব'। তাহার পর কৃষ্ণ ত্বরান্বিত হইয়া দারুকের সহিত প্রস্থান করিলেন ॥৭৪॥

রাজা! কৃষ্ণ চলিয়া গেলে, অজ্ঞেয়স্বভাব ও সর্ব্বলোকনমস্কৃত বেদব্যাস রাজা ধৃতরাষ্ট্রকে আশ্বস্ত করিতে লাগিলেন ॥৭৫॥

নরনাথ! ওদিকে ধর্ম্মাত্মা কৃষ্ণও কৃতকার্য্য হইয়া, পাণ্ডবগণের সহিত সাক্ষাৎ করিবার ইচ্ছা করিয়া, হস্তিনানগর হইতে সেই নদীতীরস্থ শিবিরে গমন করিলেন ॥৭৬॥

CENTRAL LIBRARY

আগম্য শিবিরং রাত্রৌ সোঽভ্যগচ্ছত পাণ্ডবান্ ।
তচ্চ তেভ্যঃ সমাখ্যায় সহিতস্তৈঃ সমাহিতঃ ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ধৃতরাষ্ট্রগান্ধারীপ্রবোধনে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

সমাপ্তঞ্চেদং শল্যপর্ব্ব ॥০॥ ‡

ভারতকৌমুদী

আগম্যেতি। তদ্‌গান্ধারীকোপশমনবৃত্তম্। সমাহিতঃ পরকর্ত্তব্যবিষয়ে একাগ্রচিত্তঃ অভবদিতি শেষঃ ॥৭৭॥

ব্রহ্মর্ত্তুবস্বিন্দুমিতে শকাব্দে সৌরে তপস্যেঽহনি পঞ্চমে চ।
শল্যাশ্রিতা ভারতকৌমুদীয়ং বঙ্গানুবাদাদিযুতা সমাপ্তা ॥১॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানুনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধরশর্ম্মসূনুর্যঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥২॥
চিরমুনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
নহু তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তঞ্চেদং শল্যপর্ব্ব ॥০॥

কৃষ্ণ সেই রাত্রিকালে নদীতীরস্থ পাণ্ডবশিবিরে আগমন করিয়াই পাণ্ডবগণের নিকটে গমন করিলেন এবং তাঁহাদের নিকটে গান্ধারীর কোপ নিবৃত্তির বিষয় বলিয়া, তাঁহাদের সহিত মিলিত হইয়া, পরকর্ত্তব্য বিষয়ে নিবিষ্টচিত্ত থাকিয়া, অবস্থান করিতে লাগিলেন ॥৭৭॥

শল্যপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

---

* '…ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '…চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' নি।

‡ ইতঃ পরমপি বহুষ্বেব পুস্তকেষু দুর্য্যোধনবিলাপ-তদন্তিককৃতবর্ম্মাদ্যাগমনসূচকমধ্যায়-দ্বয়ং শল্যপর্ব্বণ এবান্তিমাধ্যায়তয়া সন্নিবেশিতং দৃশ্যতে। তচ্চাতীবাসঙ্গতম্, পর্ব্বসংগ্রহা-ধ্যায়োক্তিবিরোধাৎ। তথা চ পর্ব্বসংগ্রহাধ্যায়ে—(আদিপর্ব্বণি দ্বিতীয়াধ্যায়ে) "…উরু ভগ্নৌ প্রসহ্যাজৌ গদয়া ভীমবেগয়া। নবমং পর্ব্ব নির্দ্দিষ্টমেতদদ্ভুতমর্থবৎ॥ অতঃ পরং প্রবক্ষ্যামি সৌপ্তিকং পর্ব্ব দারুণম্। ভগ্নোরুং যত্র রাজানং দুর্য্যোধনমমর্ষণম্॥ অপযাতেষু পার্থেষু ত্রয়স্তেঽভ্যাযযু রথাঃ। কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিঃ সায়াহ্নে রুধিরোক্ষিতম্॥" এতেন তদধ্যায়দ্বয়স্য শল্যপর্ব্বণঃ অ-শেষাংশতয়া সৌপ্তিকপর্ব্বণ এব চ প্রাথমিকতয়া স্বয়ং মুনি-নৈবাভিহিতত্বমিত্যকামেনাপি মন্তব্যম্। কিঞ্চ ষড়শীতিশ্লোকাত্মকতদধ্যায়দ্বয়স্য শল্যপর্ব্ব-স্থিতৌ শল্যপর্ব্বণি তাবৎসংখ্যকশ্লোকাধিক্যম্, সৌপ্তিকপর্ব্বণি চ তাবৎসংখ্যকশ্লোকন্যূনত্বঞ্চ প্রসজ্যেত। বস্তুতস্তু নাটকাদৌ দৃশ্যকাব্যে অঙ্কাংশাবতার ইব সৌপ্তিকপর্ব্ব শল্যপর্ব্বণ এব অংশবিশেষ ইতি লেখকপ্রমাদঃ সর্ব্বথৈব সম্ভবতীতি সুধীভির্বিভাবনীয়ম্।

CENTRAL LIBRARY

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

সৌপ্তিকপর্ব্ব

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকসূরিবস্থ সিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৭ বঙ্গাব্দে

CENTRAL LIBRARY

কলিকাতা ৪১সংখ্যক-সূরিবর্ত্মস্থ-

সিদ্ধান্তযন্ত্রে

সহকারিসম্পাদক— শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যেণ মুদ্রিতম্।

CENTRAL LIBRARY

নিবেদন

পরমকারুণিক পরমেশ্বরের করুণায় মহাভারতের সৌপ্তিকপর্ব্ব প্রকাশিত হইল। পূর্ব্ব পূর্ব্ব পর্ব্বে অন্যান্য অনেক বিষয়ের আলোচনা করিয়াছি, কিন্তু মহাভারতের টীকা বা অন্য প্রকার ব্যাখ্যাগ্রন্থের অনুসন্ধান চলিতেছিল বলিয়া, তাহার কোন আলোচনা করা হয় নাই। এ যাবৎ যে সকল সটীক মহাভারত প্রকাশিত হইয়াছে, তাহাতে একমাত্র নীলকণ্ঠের টীকাই দেখিতে পাওয়া যায় এবং নীলকণ্ঠের টীকারও অনেক স্থানে 'ইতি প্রাঞ্চঃ' 'ইতি প্রাচীনাঃ' এইরূপ উল্লেখ দেখা যায়। ইহাদ্বারা নীলকণ্ঠ কি তদানীন্তন প্রাচীন ব্যক্তিবিশেষগণকে বা প্রাচীন টীকাকারদিগকে লক্ষ্য করিয়াছেন, তাহা নিরূপণ করা দুষ্কর। কেহ কেহ বলেন—দেববোধ, বিমলবোধ ও বিষমপদভঞ্জিকাপ্রভৃতি নামে মহাভারতের অনেকগুলি টীকা আছে। অর্জ্জুনমিশ্রকৃত মহাভারতের টীকাও প্রসিদ্ধ। যাঁহারা এরূপ বলেন, তাঁহারাও সেই সকল গ্রন্থ দেখাইতে পারেন না, এমন কি সেই টীকাগুলি সংক্ষিপ্ত কিংবা বিস্তৃত তাহাও বিশেষ করিয়া বলিতে পারেন না। আমরা কিন্তু বিশেষ অনুসন্ধান করিয়া কেবল নীলকণ্ঠের টীকাই সম্পূর্ণ পাইয়াছি এবং আদিপর্ব ও উদ্‌যোগপর্বের কিয়দংশের এবং সম্পূর্ণ বিরাটপর্ব্বের অর্জ্জুনমিশ্রকৃত টীকা দেখিয়াছি; কিন্তু দেববোধ, বিমলবোধ ও বিষমপদভঞ্জিকাপ্রভৃতি টীকার কোন অংশই দেখিতে পাই নাই। তা'র পর বহুকাল পূর্বে কাশীধামে ও লাহোরে যে সটীক মহাভারত প্রকাশিত হইয়াছিল, তাহাতেও কেবল নীলকণ্ঠের টীকাই সংযোজিত ছিল দেখিতে পাই। ইহাতে স্পষ্টই বুঝা যায় যে, দেববোধ ও বিমলবোধপ্রভৃতি টীকা রচিত হইয়া থাকিলেও, তাহা কাললুপ্ত হইয়া গিয়াছে বা সেই সময়েও তাহার সম্পূর্ণ অংশ পাওয়া যায় নাই। তা'র পর বিষম-পদভঞ্জিকা এই শব্দটীর ব্যুৎপত্তি অনুসারে বুঝা যায় যে, উক্ত টীকাকার মহাভারতের যে যে শব্দ কঠিন মনে করিতেন, সেই সেই শব্দেরই তিনি ব্যাখ্যা মাত্র করিয়া গিয়াছেন; সুতরাং সে টীকাও যে অত্যন্ত সংক্ষিপ্ত হইয়াছিল, এ বিষয়ে কোন সন্দেহ নাই। স্থূল কথা এই যে, পূর্ব্বে মহাভারতের বিস্তৃত টীকা রচিত হয় নাই। দুঃখের বিষয় এই যে, নীলকণ্ঠ মহাভারতের প্রথম হইতে শেষ পর্য্যন্ত যে টীকা লিখিয়া গিয়াছেন, তাহাও অত্যন্ত সংক্ষিপ্ত। তিনি কোন কোন দার্শনিক স্থলে অত্যন্ত বিস্তৃত টীকা করিয়া থাকিলেও, সম্পূর্ণ মহাভারতের এক দশমাংশের অধিক স্থলে লেখনী বিন্যাস করেন নাই। তাঁহার পরিত্যক্ত স্থলে যে ব্যাখ্যেয় বিষয় নাই, তাহাও বলা চলে না। আমি এই সমস্ত বিষয় পর্য্যালোচনা করিয়া আমার টীকায় সমস্ত শ্লোকই ধরিতেছি এবং দুরূহ শ্লোকগুলির অন্বয়-মুখে বিস্তৃত ব্যাখ্যা করিয়া যাইতেছি। তদ্ভিন্ন বিরুদ্ধ মতের প্রতিবাদ, নানা বিষয়ের উপপত্তি ও বিভিন্ন বিষয়ের সমালোচনাপ্রভৃতিও লিখিতেছি। এইভাবে এই টীকা শেষ করিতে পারিলে, সম্ভবতঃ ইহাই মহাভারতের সর্ব্বাপেক্ষা বিস্তৃত টীকা হইবে।

CENTRAL LIBRARY

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিলিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।

বঙ্গ—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বর্দ্ধ—বর্দ্ধমানরাজপ্রকাশিত পশ্চিমবঙ্গদেশীয় মুদ্রিত পুস্তক।

বা—বাপুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।

সো—কলিকাতা সোসাইটীমুদ্রিত পুস্তক।

নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণদেশীয় পুস্তক।

এতদ্ভিন্ন অন্যান্য পুস্তকও প্রয়োজন অনুসারে দেখা হইয়া থাকে। ইতি—

কলিকাতা, ৪১নং স্থরিলেন
সিদ্ধান্তবিদ্যালয়।
১৩৪৭ সাল, ৩রা জ্যৈষ্ঠ।

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

CENTRAL LIBRARY

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

—:০:—

সৌপ্তিকপর্ব্ব

—:০:—

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
সঞ্জয়ের নিকট ধৃতরাষ্ট্রের প্রশ্ন ...	১	১-
সঞ্জয়ের প্রতি দুর্য্যোধনের আক্ষেপোক্তি ...	৩	৭-
দুর্য্যোধনের আত্মশ্লাঘা প্রকাশ ...	৫	১৮-
সঞ্জয়ের প্রতি দুর্য্যোধনের আদেশ	৭	২৯-
লোকমুখে দুর্য্যোধনের পতন শুনিয়া অশ্বত্থামা, কৃপাচার্য্য ও কৃতবর্ম্মার দুর্য্যোধনের নিকটে আগমন	১০	১-
দুর্য্যোধনের প্রতি অশ্বত্থামার সকরুণ বাক্য	১২	১৩-
অশ্বত্থামাদির প্রতি দুর্য্যোধনের উক্তি	১৪	২৩-
সমস্ত পাঞ্চালসংহার বিষয়ে অশ্বত্থামার প্রতিজ্ঞা ...	১৬	৩৬
দুর্য্যোধনের আদেশে কৃপাচার্য্য-কর্ত্তৃক তৎকালীন সেনাপতিরূপে অশ্বত্থামার অভিষেক ...	১৭	৩৭-
কৃপ, কৃতবর্ম্মা ও অশ্বত্থামার তথা হইতে প্রস্থান এবং কোন বনের নিকটে যাইয়া অবস্থান ...	১৯	১-
ধৃতরাষ্ট্রের আক্ষেপোক্তি ...	২০	৬
কৃপাচার্য্যপ্রভৃতির এক বটবৃক্ষের তলে উপবেশন ও সন্ধ্যোপাসনা	২৩	২২
সেই বটবৃক্ষের তলে কৃপ ও কৃতবর্ম্মার নিদ্রা	২৪	৩০
অশ্বত্থামা সেই বটবৃক্ষের সমস্ত স্থান নিরীক্ষণ করিতে লাগিয়া দেখিলেন—একটী ভীষণ পেচক আসিয়া নিদ্রিত কাকগণকে বিনাশ করিয়া চলিয়া গেল। অশ্বত্থামা ইহা দেখিয়া নিদ্রিত অবস্থায় পাণ্ডব ও পাঞ্চালগণকে সংহার করিবেন এইরূপ স্থির করিলেন	২৭	৪৪-
শত্রুসংহারের অবস্থা বর্ণন ...	২৯	৫২-
কৃপাচার্য্যকর্ত্তৃক অশ্বত্থামার মতের প্রতিবাদ	৩২	১-
কৃপাচার্য্যের স্বাভিপ্রায়জ্ঞাপন	৪০	৩২-
অশ্বত্থামার নিজাভিপ্রায় জ্ঞাপন	৪১	১-
কৃপাচার্য্যকর্ত্তৃক অশ্বত্থামাকে সৎপরামর্শ দান	৪৮	৩৬-
কৃপাচার্য্যের মতের উপরে অশ্বত্থামার প্রতিবাদ	৫২	৫৬-
সুপ্তবধে কৃপাচার্য্যের অসম্মতি জ্ঞাপন	৫৫	১-
সুপ্তবধে অশ্বত্থামার দৃঢ়প্রতিজ্ঞা	৫৮	১৮-
কৃপ ও কৃতবর্ম্মার সহিত কর্ত্তব্য বিষয়ে আলোচনা করিয়া অশ্বত্থামার পাণ্ডবশিবিরদ্বারে গমন	৬১	৩০-
পাণ্ডবশিবিরদ্বারে এক বিকটাকার পুরুষকে দেখিয়া তাহার প্রতি অশ্বত্থামার অস্ত্রনিক্ষেপ এবং সেই পুরুষকর্ত্তৃক অশ্বত্থামার সমস্ত অস্ত্র গ্রাস	৬৪	৩-

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
ক্রমে আকাশে অশ্বত্থামার অসংখ্য বিষ্ণুমূর্ত্তি দর্শন ...	৬৭	১৭
অশ্বত্থামার অনুতাপ ...	৬৭	১৯-
অশ্বত্থামার মহাদেবারাধনায় প্রবৃত্তি	৭০	৩২-
অশ্বত্থামার সম্মুখে একটী যজ্ঞবেদীর আবির্ভাব ও তাহার উপরে অশ্বত্থামার প্রজ্বলিত অগ্নিদর্শন	৭৪	১৩-
মহাদেবের অনুচর ভূতগণের আবির্ভাব এবং তাহাদের স্বরূপ ও শক্তি বর্ণনা	৭৪	১৬-
মহাদেবকে অশ্বত্থামার আরাধনা ও উপহার দান ...	৮১	৫১-
কৃষ্ণকর্ত্তৃক মহাদেবের আরাধনা এবং কৃষ্ণেরই সন্তোষের জন্য মহাদেবের সেই শিবিরদ্বার রক্ষা	৮৩	৬২-
অশ্বত্থামার দেহে মহাদেবের অধিষ্ঠান ও মহাদেবকর্ত্তৃক অশ্বত্থামাকে খড়্গ দান ...	৮৪	৬৫
অশ্বত্থামা পাণ্ডবশিবিরের দিকে গমন করিলে, কৃপ ও কৃতবর্ম্মার দ্বারদেশে অবস্থান ...	৮৫	৪
কৃপ ও কৃতবর্ম্মার প্রতি কর্ত্তব্য নির্দ্দেশ করিয়া অস্ত্রার দিয়া অশ্বত্থামার পাণ্ডবশিবিরে প্রবেশ ...	৮৬	৬-
অশ্বত্থামার ধৃষ্টদ্যুম্ন দর্শন ও পদাঘাতদ্বারা ধৃষ্টদ্যুম্নকে প্রবুদ্ধ করণ	৮৭	১১-
অশ্বত্থামকর্ত্তৃক ধৃষ্টদ্যুম্নের কেশাকর্ষণ ও ভূতলে মুখনিষ্পেষণ, ধৃষ্টদ্যুম্নের সবিনয়োক্তি ও অশ্বত্থামার তীব্রপ্রত্যুত্তর এবং ধৃষ্টদ্যুম্নকে পশুর ন্যায় হত্যা	৮৮	১৫-
অশ্বত্থামকর্ত্তৃক ধৃষ্টদ্যুম্নের অনুচরগণ বধ	৯০	২৮-
অশ্বত্থামার হস্তে উত্তমৌজা ও যুধামন্যুর মৃত্যু ...	৯১	৩২-
অশ্বত্থামার অবাধে পাণ্ডবসৈন্য সংহার	৯২	৩৬-
অশ্বত্থামার সহিত দ্রৌপদীর পুত্রগণের যুদ্ধ ও অশ্বত্থামার হস্তে তাহাদের মৃত্যু ...	৯৪	৪৪-
অশ্বত্থামকর্ত্তৃক শিখণ্ডী বধ ...	৯৭	৫৯
অশ্বত্থামকর্ত্তৃক প্রভদ্রকগণ, দ্রুপদের পুত্র ও পৌত্রগণ, বিরাট-সৈন্যগণ এবং অন্যান্য বহু সৈন্য সংহার	৯৭	৬১-
স্বপ্নে পাণ্ডবসৈন্যগণের কালীমূর্ত্তি দর্শন এবং অশ্বত্থামকর্ত্তৃক নিজেদের নিধন দর্শন ...	৯৮	৬৪-
নানাভাবে অশ্বত্থামার পাণ্ডবসৈন্য সংহার ...	৯৯	৭২-
ভয়ার্ত্ত পাণ্ডবসৈন্যেরা শিবির হইতে নির্গত হইতে লাগিলে, কৃপ ও কৃতবর্ম্মকর্ত্তৃক তাহাদের বধ	১০৫	১০১-
পাণ্ডবসৈন্য মধ্যে অশ্বত্থামার অত্যাচারের আলোচনা ...	১০৮	১১৬-
সমগ্র পাণ্ডবসৈন্য সংহারে কৃপপ্রভৃতির আনন্দ প্রকাশ	১১৫	১৪৯-
কৃপপ্রভৃতির দুর্য্যোধনের নিকটে গমন ...	১১৬	১-
কৃপাচার্য্যের সখেদোক্তি ...	১১৮	১০-
দুর্য্যোধন স্বর্ণবর্ণ ছিলেন ...	১১৮	১১
অশ্বত্থামার সকরুণ ও সাক্ষেপোক্তি ...	১২০	১৮-
দুর্য্যোধনের নিকটে অশ্বত্থামার সর্ব্ব পাণ্ডবসৈন্য সংহার জ্ঞাপন এবং পাণ্ডবপক্ষে সাত জন ও কৌরবপক্ষে তিন জন অবশিষ্ট ইহা নিবেদন ...	১২৫	৪৭-
অশ্বত্থামার প্রতি দুর্য্যোধনের সন্তোষোক্তি ও প্রাণ ত্যাগ	১২৭	৫৩-
দুর্য্যোধনের প্রাণত্যাগের পরে সঞ্জয়ের ব্যাসদত্ত দিব্যদৃষ্টির তিরোধান ...	১২৮	৬১
প্রভাতকালে ধৃষ্টদ্যুম্নের সারথি যাইয়া যুধিষ্ঠিরপ্রভৃতির নিকটে সেই সুপ্তবধবৃত্তান্ত জানাইয়াছিল	১৩০	২-
সুপ্তবধবৃত্তান্ত শুনিয়া যুধিষ্ঠিরের বিলাপ ...	১৩১	১০-
দ্রৌপদীকে আনয়ন করিবার জন্য যুধিষ্ঠিরের নকুলকে প্রেরণ	১৩৬	২৭

CENTRAL LIBRARY

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
যুধিষ্ঠিরের স্বকীয় পূর্ব্ব শিবিরে গমন, সুপ্তবধ দর্শন ও শোকে ভূতলে পতন ...	১৩৬	২৯-
দ্রৌপদীর আগমন ও শোকে পতন এবং ভীমকর্ত্তৃক তাঁহাকে ধারণ	১৩৮	৪-
দ্রৌপদীর সাক্রোশোক্তি ও প্রায়োপবেশন ...	১৩৯	১১-
অশ্বত্থামার মস্তকমণি আনয়নের জন্য দ্রৌপদীর প্ররোচনা ও ভীমকে প্রেরণ ...	১৪১	২০-
অশ্বত্থামার রথচিহ্ন অনুসারে তাঁহার প্রতি ভীমের অনুসরণ	১৪৩	৩১
দ্রোণের নিকটে অশ্বত্থামার 'ব্রহ্মশির' অস্ত্র লাভ, কৃষ্ণের নিকটে গমন ও তাঁহার সুদর্শনচক্র প্রার্থনা এবং সেই সুদর্শনচক্র চালনে অসামর্থ্য	১৪৪	২-
কৃষ্ণের রথে আরোহণ করিয়া অর্জ্জুনপ্রভৃতির ভীমসেনের অনুগমন	১৫২	৪১-
পাণ্ডবগণকর্ত্তৃক বেদব্যাসের নিকটে অশ্বত্থামাকে দর্শন এবং ভীমকর্ত্তৃক তাঁহাকে আক্রমণ	১৫৪	৫৩-
অশ্বত্থামার ঐষীকাস্ত্র (ব্রহ্মশির অস্ত্র) নিক্ষেপ	১৫৫	৫৮
কৃষ্ণের উপদেশে অশ্বত্থামার প্রতি অর্জ্জুনেরও ব্রহ্মশির অস্ত্রক্ষেপ	১৫৭	৫-
উভয় অস্ত্রের মধ্যস্থানে নারদ ও বেদব্যাসের গমন এবং সেই অস্ত্র উপসংহার করিবার জন্য উভয়ের প্রতি অনুরোধ	১৫৮	১২-
অর্জ্জুনকর্ত্তৃক আপন অস্ত্রের উপসংহার ...	১৬০	১-
ব্রহ্মশির অস্ত্র উপসংহারে অশ্বত্থামার অসামর্থ্যজ্ঞাপন	১৬২	১৩-
অশ্বত্থামার প্রতি বেদব্যাসের উপদেশ	১৬৪	১৯-
অশ্বত্থামার মণির উৎকর্ষ জ্ঞাপন এবং উত্তরার গর্ভে ঐষীকাস্ত্র পতন নিবেদন ...	১৬৫	২৮-
কৃষ্ণকর্ত্তৃক 'পরিক্ষিৎ' নামের ব্যুৎপত্তিকথন ...	১৬৮	২-
উত্তরার গর্ভে ঐষীকাস্ত্র পতনের বিষয়ে অশ্বত্থামার দৃঢ়তাজ্ঞাপন (অভিশাপ) ...	১৬৮	৬-
অশ্বত্থামার প্রতি কৃষ্ণের অভিশাপ ...	১৬৯	৮-
উত্তরার গর্ভ রক্ষা বিষয়ে কৃষ্ণের সগর্ব্বোক্তি ...	১৭০	১৬
পাণ্ডবগণকে মণি দান করিয়া অশ্বত্থামার বনে গমন ...	১৭১	২০-
অশ্বত্থামার মণি লইয়া পাণ্ডবগণের দ্রৌপদী সমীপে আগমন	১৭১	২২-
ভীমকর্ত্তৃক দ্রৌপদীকে আশ্বাসন	১৭২	২৭-
মস্তকে মণি ধারণ করিবার জন্য যুধিষ্ঠিরের প্রতি দ্রৌপদীর অনুরোধ এবং যুধিষ্ঠিরের মস্তকে সেই মণি ধারণ ...	১৭৪	৩৪-
'একাকী অশ্বত্থামা কি করিয়া ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি সমস্ত পাণ্ডবযোদ্ধাদিগকে বধ করিল' যুধিষ্ঠিরের এইরূপ প্রশ্নের উত্তরে কৃষ্ণের সম্ভাবনা জ্ঞাপন ...	১৭৫	১-
কৃষ্ণকর্ত্তৃক মহাদেবের মাহাত্ম্য বর্ণন ...	১৭৭	৮-
দেবগণকর্ত্তৃক মহাদেব ব্যতীত অন্য দেবগণের যজ্ঞভাগ কল্পনা, মহাদেবের ক্রোধ এবং মহাদেবকর্ত্তৃক ভগের নেত্র নাশ, সূর্য্যের বাহু চ্ছেদন ও অন্যান্য দেবতার নানাদুর্দ্দশা করণ ...	১৮১	১-
সেই যজ্ঞ মহাদেবকর্ত্তৃক বিদ্ধ হইয়া মৃগরূপ ধারণ করিয়া আকাশে গমন করিয়াছিল	১৮৪	১২-
মহাদেবের আপন ক্রোধকে সমুদ্রে বিসর্জ্জন এবং সেই ক্রোধেরই বড়বানলত্ব প্রাপ্তি ...	১৮৬	১৯
দেবগণ মহাদেবের শরণাপন্ন হইলে, মহাদেবের পুনরায় দেবগণকে সেই সেই অস্ত্র দান	১৮৭	২০-

পাঠক্রমে সৌপ্তিকপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত ॥০॥

CENTRAL LIBRARY

সৌপ্তিকপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

——:*:——

মহর্ষি মহাভারতের আদিপর্ব্ব-দ্বিতীয় অধ্যায়ে গণনা করিয়াছেন—

"এতদ্বৈ দশমং পর্ব্ব সৌপ্তিকং সমুদাহৃতম্।
অষ্টাদশাশ্বিন্নধ্যায়াঃ পর্ব্বণ্যুক্তা মহাত্মনা ॥৩১০॥
শ্লোকানাং কথিতান্যত্র শতান্যষ্টৌ প্রসংখ্যয়া।
শ্লোকাশ্চ সপ্ততিঃ প্রোক্তা মুনিনা ব্রহ্মবাদিনা ॥৩১১॥"

অর্থাৎ এই সৌপ্তিকপর্ব্বে ১৮টী অধ্যায় এবং ৮৭০টী শ্লোক আছে। নিম্নলিখিত তালিকাটী দেখিলেই ইহার সম্পূর্ণ মিল বুঝা যাইবে।

অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা
১	...	৪৩	৭	...	৩৪	১৩	...	৬১
২	...	৪৩	৮	...	৬৭	১৪	...	১৬
৩	...	৬৭	৯	...	১৫২	১৫	...	৩৪
৪	...	৩৪	১০	...	৬২	১৬	...	৩৭
৫	...	৬৮	১১	...	৩১	১৭	...	২৬
৬	..	৪০	১২	...	৩১	১৮	...	২৪
		২৯৫			৩৭৭			১৯৮

একুন = ২৯৫ + ৩৭৭ + ১৯৮ = ৮৭০

——:০:——

সৌপ্তিকপর্ব্বের উপপর্ব্ব

		পৃষ্ঠাঙ্ক
১।	সুপ্তবধপর্ব্ব	১-
২।	ঐষীকপর্ব্ব	১২৯-

CENTRAL LIBRARY

মহাভারতম্

সৌপ্তিকপর্ব্ব

(১। সুপ্তবধপর্ব্ব।)

প্রথমোঽধ্যায়ঃ। *

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অধিষ্ঠিতঃ পদা মূর্দ্ধ্নি ভগ্নসক্থো মহীং গতঃ।
শৌটীর্য্যমানী পুত্রো মে কিমভাষত সঞ্জয়!॥১॥

ভারতকৌমুদী

প্রভুরসি ভুবনানাং ভাসি বামাপদাধঃ
বসসি নিখিলভূতে মাদৃশৈর্নাস্থভূতঃ।
সৃজসি জগদশেষং নিষ্ক্রিয়ঃ পাসি হংসি
স্মরহর! তব ভাবং নৈব জানাতি কোঽপি॥
সমাধিমাদধানায় নাগরাজেন রাজতে।
ভবায় ভবপারায় যোগিনে ভোগিনে নমঃ॥

অথ পূর্ব্বপর্ব্বান্তিমাধ্যায়ে "সমাশ্বাস্য চ গান্ধারীং ধৃতরাষ্ট্রঞ্চ মাধবঃ। দ্রৌণিসঙ্কল্পিতং ভাবমন্ববুধ্যত কেশবঃ॥" ইত্যনেন প্রাক্‌সূচিতং সৌপ্তিকপর্ব্বারভতে ধৃতরাষ্ট্র উবাচ।

* অয়ং প্রথমাধ্যায়ো দ্বিতীয়াধ্যায়শ্চ বহুষ্বেব পুস্তকেষু শল্যপর্ব্বশেষে সন্নিবেশিতৌ দৃশ্যেতে; তচ্চাতীবাসঙ্গতম্। আর্ষপ্রমাণমুপন্যস্তৈব তদস্মাভিঃ শল্যপর্ব্বান্তিমভাগে সপ্রমাণীকৃতং দ্রষ্টব্যম্।

CENTRAL LIBRARY

অত্যর্থং কোপনো রাজা জাতবৈরশ্চ পাণ্ডুষু ।
ব্যসনং পরমং প্রাপ্তঃ কিমাহ পরমাহবে ॥২॥

সঞ্জয় উবাচ ।

শৃণু রাজন্ ! প্রবক্ষ্যামি যথাবৃত্তং নরাধিপ ! ।
রাজ্ঞা যদুক্তং ভগ্নেন তস্মিন্ ব্যসন আগতে ॥৩॥
ভগ্নসক্থো নৃপো রাজন্ ! পাংশুনা সোঽবগুণ্ঠিতঃ ।
যময়ন্ মূর্দ্ধজাংস্তত্র বীক্ষ্য চৈব দিশো দশ ॥৪॥
কেশান্ নিয়ম্য যত্নেন নিশ্বসন্নুরগো যথা ।
সংরম্ভাশ্রুপরীতাভ্যাং নেত্রাভ্যামভিবীক্ষ্য মাম্ ।
বাহূ ধরণ্যাং নিষ্পিষ্য মুহূর্ত্ত ইব দ্বিপঃ ॥৫॥
প্রকীর্ণান্ মূর্দ্ধজান্ ধুন্বন্ দন্তৈর্দন্তানুপস্পৃশন্ ।
গর্হয়ন্ পাণ্ডবং জ্যেষ্ঠং নিশ্বস্যেদমথাব্রবীৎ ॥৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অথেতি । হে সঞ্জয় ! ভগ্নে সক্থিনী উরূ যস্য সঃ, অতএব মহীং গতো ভূপতিতঃ, শৌটীর্য্য-মানী আত্মনঃ সর্ব্বপ্রধানবীরত্বাভিমানী, মে মম পুত্রো দুর্য্যোধনঃ, মূর্দ্ধ্নি মস্তকে, পদা পাদেন অধিষ্ঠিতো ভীমেনাক্রান্তঃ স্পৃষ্টঃ সন্নিত্যর্থঃ, কিম্ অভাষত ॥১॥

অত্যর্থমিতি । পাণ্ডুষু পাণ্ডবেষু । ব্যসনং বিপদম্ ॥২॥

শৃণ্বিতি । বৃত্তং জাতম্ । ভগ্নেন ভগ্নোরুণা ॥৩॥

ভগ্নেতি । পাংশুনা ধূল্যা, অবগুণ্ঠিত আবৃতগাত্রঃ । যময়ন্ সমীকুর্ব্বন্, মূর্দ্ধজান্ কেশান্ । নিয়ম্য যথাস্থানে সংস্থাপ্য । সংরম্ভাশ্রুণা ক্রোধাগতনয়নজলেন পরীতাভ্যাং

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! ভীম বামচরণদ্বারা নিজের মস্তক স্পর্শ করিলে, ভগ্নোরু, ভূপতিত ও সর্ব্বপ্রধান্যাভিমানী আমার পুত্র দুর্য্যোধন কি বলিলেন ॥১॥

অত্যন্তকোপনস্বভাব, পাণ্ডবগণের প্রতি চিরবৈরযুক্ত ও রাজা দুর্য্যোধন রণস্থলে গুরুতর বিপদাপন্ন হইয়া তৎপরে কি করিলেন ?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ রাজা ! ভগ্নোরু দুর্য্যোধন সেই বিপদের সময় যাহা বলিয়াছিলেন এবং যে যে ঘটনা ঘটিয়াছিল, তাহা আমি আপনার নিকট বলিব, আপনি শ্রবণ করুন ॥৩॥

রাজা ! ভগ্নোরু ও ধূলিধূসরদেহ রাজা দুর্য্যোধন দশ দিকে দৃষ্টিপাত করিয়া, ইতস্ততঃ বিক্ষিপ্ত কেশগুলিকে সমীকরণপূর্ব্বক যথাস্থানে রাখিয়া, সর্পের ন্যায়

(৩)···তস্মিন্ ব্যসনসাগরে—নি ।

ভীষ্মে শান্তনবে নাথে কর্ণে চাস্ত্রভৃতাং বরে।
গৌতমে শকুনৌ চাপি দ্রোণে চাস্ত্রভৃতাং বরে ॥৭॥
অশ্বত্থাম্নি তথা শল্যে শূরে চ কৃতবর্ম্মণি।
ইমামবস্থাং প্রাপ্তোঽস্মি কালো বৈ দুরতিক্রমঃ ॥৮॥ (যুগ্মকম্)
একাদশচমূভর্ত্তা সোঽহমেতাং দশাং গতঃ।
কালং প্রাপ্য মহাবাহো! ন কশ্চিদতিবর্ত্ততে ॥৯॥
আখ্যাতব্যং মদীয়ানাং যেঽস্মিন্ জীবন্তি সংযুগে।
যথাহং ভীমসেনেন ব্যুৎক্রম্য সময়ং হতঃ ॥১০॥
বহূনি সুনৃশংসানি কৃতানি খলু পাণ্ডবৈঃ।
ভূরিশ্রবসি কর্ণে চ ভীষ্মে দ্রোণে চ শ্রীমতি ॥১১॥

ভারতকৌমুদী

ব্যাপ্তাভ্যাম্। মাং সঞ্জয়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। প্রকীর্ণান্ বিক্ষিপ্তান্, ধুন্বন্ কম্পয়ন্, উপস্পৃশন্ ঘর্ষয়ন্ ॥৪—৬॥

ভীষ্ম ইতি। শান্তনোরপত্যমিতি শান্তনবস্তস্মিন্, নাথে মহাবীরতয়া অস্মাকং রক্ষকে সতি। অস্য সর্বত্রান্বয়ঃ। গৌতমে কৃপে। কালো বিরোধীত্যাশয়ঃ ॥৭—৮॥

একেতি। একাদশচমূভর্ত্তা একাদশাক্ষৌহিণীসৈন্যপতিঃ। অতিবর্ত্ততে অতিক্রমিতুমর্হতি ॥৯॥

আখ্যেতি। আখ্যাতব্যং বক্তব্যম্। ব্যুৎক্রম্য অতিক্রম্য, সময়ং গদাযুদ্ধনিয়মম্ ॥১০॥

নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া, মত্তহস্তীর তুল্য ভূতলে হস্ত সঞ্চালন, কেশ কম্পন ও দন্তে দন্তঘর্ষণ করতঃ, ক্রোধাশ্রুপ্লাবিত নেত্রে আমার দিকে চাহিয়া, যুধিষ্ঠিরকে নিন্দা করিতে করিতে নিশ্বাস ত্যাগের সহিত এই কথা বলিলেন—॥৪—৬॥

'শান্তনুনন্দন ভীষ্ম, অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ, কৃপ, বীরশ্রেষ্ঠ কর্ণ, শকুনি, অশ্বত্থামা, শল্য ও কৃতবর্ম্মা—এই সকল বীর আমার রক্ষক ছিলেন; তথাপি আমি এই অবস্থা প্রাপ্ত হইলাম। হায়, কালকে অতিক্রম করা দুষ্কর ॥৭—৮॥

মহাবাহু সঞ্জয়! একাদশ অক্ষৌহিণী সৈন্যের অধিপতি সেই আমি এই অবস্থা প্রাপ্ত হইলাম! অতএব আমি মনে করি, কোন লোকই কালকে অতিক্রম করিতে সমর্থ হয় না ॥৯॥

সঞ্জয়! এই যুদ্ধে যাঁহারা জীবিত আছেন; তুমি তাঁহাদের নিকটে বলিবে যে, ভীম গদাযুদ্ধের নিয়ম লঙ্ঘন করিয়া, আমাকে নিহত করিয়াছে ॥১০॥

পাণ্ডবেরা মহাবীর ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও ভূরিশ্রবার বিষয়ে অতিনিষ্ঠুর বহুতর কার্য্য করিয়াছে ॥১১॥

CENTRAL LIBRARY

ইদঞ্চাকীর্ত্তিজং কর্ম্ম নৃশংসৈঃ পাণ্ডবৈঃ কৃতম্।
যেন তে সৎসু নির্ব্বেদং গমিষ্যন্তীতি মে মতিঃ ॥১২॥
কা প্রীতিঃ সত্ত্বযুক্তস্য কৃত্বোপধিকৃতং জয়ম্।
কো বা সময়ভেত্তারং বুধঃ সংমন্তুমর্হতি ॥১৩॥
অধর্ম্মেণ জয়ং লব্ধ্বা কো নু হৃষ্যেত পণ্ডিতঃ।
যথা সংহৃষ্যতে পাপঃ পাণ্ডুপুত্রো বৃকোদরঃ ॥১৪॥
কিন্নু চিত্রমতস্ত্বদ্য ভগ্নসক্থস্য যন্মম।
ক্রুদ্ধেন ভীমসেনেন পাদেন মৃদিতং শিরঃ ॥১৫॥
প্রতপন্তং শ্রিয়া জুষ্টং বর্ত্তমানঞ্চ বন্ধুষু।
এবং কুর্য্যান্নরো যো বৈ স হি সঞ্জয়! পূজিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

বহুনীতি। সুনৃশংসানি অতিনিষ্ঠুরকর্ম্মাণি। শ্রীমতি শৌর্য্যশোভাসম্পন্নে ॥১১॥

ইদমিতি। যেন কর্ম্মণা, তে পাণ্ডবাঃ, সৎসু সজ্জনমধ্যে, নির্ব্বেদমাত্মগ্লানিম্ ॥১২॥

নির্ব্বেদপ্রাপ্তৌ হেতুমাহ কেতি। সত্ত্বযুক্তস্য বলবতঃ, উপধিকৃতং ছলসম্পাদিতম্। সময়ভেত্তারমাচারলঙ্ঘয়িতারম্, সংমন্তুং বীরাদিরূপতয়া অভিমন্তুম্ ॥১৩॥

অধর্ম্মেণেতি। অয়ং জয়ো হর্ষশ্চ দ্বয়মেব গ্লানিকরমিতি ভাবঃ ॥১৪॥

কিমিতি। অতো বীরগ্লানিকরকার্য্যপ্রবৃত্তেঃ। ভগ্নসক্থস্য ভগ্নোরোঃ ॥১৫॥

প্রেতি। শ্রিয়া সম্পদা, জুষ্টং সেবিতম্। কুর্য্যাৎ কর্ত্তুং শক্নুয়াৎ ॥১৬॥

সঞ্জয়! আমার ধারণা হয়, নৃশংস পাণ্ডবেরা এমন নিন্দাজনক এই কার্য্য করিয়াছে, যাহাতে তাহারা সমাজে আত্মধিক্কার প্রাপ্ত হইবে ॥১২॥

ছলক্রমে জয় করিয়া বলবানের কি প্রীতি হইতে পারে। কোন্ বুদ্ধিমান্ লোক নিয়মলঙ্ঘনকারী লোককে আচারপালক বলিয়া মনে করিতে পারেন ॥১৩॥

পাপাত্মা পাণ্ডুপুত্র ভীমটা যেমন আনন্দ প্রকাশ করিতেছে। শিক্ষিত কোন্ লোক অধর্ম্ম অনুসারে জয় লাভ করিয়া, এইরূপ আনন্দ প্রকাশ করেন? ॥১৪॥

অতএব আজ ভগ্নোরু অবস্থায় আমার মস্তকে ক্রুদ্ধ ভীম যে পদাঘাত করিয়াছে, তাহাতে আর বৈচিত্র্য আছে কি? ॥১৫॥

সঞ্জয়! প্রতাপশালী, সম্পদ্‌যুক্ত ও বন্ধুগণের মধ্যে বিদ্যমান লোকের উপরে এইরূপ ব্যবহার যে লোক করিতে পারে, সেই লোকই বীরসমাজে সম্মানিত হয় ॥১৬॥

(১২) ইদঞ্চ গর্হিতং কর্ম্ম···নি। (১৩)···কৃত্বোপাধিকৃতং জয়ম্···বঙ্গ বর্দ্ধ নি।

CENTRAL LIBRARY

অভিজ্ঞৌ যুদ্ধধর্ম্মস্য মম মাতা পিতা চ মে।
তৌ হি সঞ্জয়! দুঃখার্ত্তৌ বিজ্ঞাপ্যৌ বচনান্মম ॥১৭॥
ইষ্টং ভৃত্যা ভৃতাঃ সম্যগ্ভূঃ প্রশাস্তা সসাগরা।
মূর্দ্ধ্নি স্থিতমমিত্রাণাং জীবতামেব সঞ্জয়! ॥১৮॥
দত্তা দায়া যথাশক্তি মিত্রাণাঞ্চ প্রিয়ং কৃতম্।
অমিত্রা বাধিতাঃ সর্ব্বে কো নু স্বস্ততরো ময়া ॥১৯॥
যাতানি পররাষ্ট্রাণি নৃপা ভুক্তাশ্চ দাসবৎ।
প্রিয়েভ্যঃ প্রকৃতং সাধু কো নু স্বস্ততরো ময়া ॥২০॥
মানিতা বান্ধবাঃ সর্ব্বে বশ্যঃ সংপূজিতো জনঃ।
ত্রিতয়ং সেবিতং সর্ব্বং কো নু স্বস্ততরো ময়া ॥২১॥

ভারতকৌমুদী

উপদিশতি অভিজ্ঞাবিতি। বিজ্ঞাপ্যৌ ত্বয়েতি শেষঃ ॥১৭॥

ইষ্টমিতি। ইষ্টং যাগঃ কৃতঃ, ভৃতা অন্নদানাদিনা পুষ্টাঃ ॥১৮॥

দত্তা ইতি। দীয়ন্ত ইতি দায়া ধনানি। বাধিতাঃ পীড়িতাঃ। স্বষ্ঠু সম্যক্ অন্ততরঃ সদৃশতরঃ, অপি তু কোঽপি নেত্যর্থঃ। "অন্তঃ স্বরূপে নাশে না" ইত্যমরঃ ॥১৯॥

যাতানীতি। যাতানি আক্রান্তানি, ভুক্তাঃ পালিতাঃ। সাধু সৎকারঃ ॥২০॥

সঞ্জয়! আমার পিতা ও মাতা যুদ্ধধর্ম্মে অভিজ্ঞই বটেন; তথাপি তাঁহারা এখন দুঃখার্ত্তই আছেন; সুতরাং তুমি আমার আদেশ অনুসারে তাঁহাদিগকে জানাইবে—॥১৭॥

সঞ্জয়! আমি যজ্ঞ করিয়াছি, পোষ্যবর্গের সম্যক্ ভরণপোষণ করিয়াছি, সসাগরা পৃথিবী শাসন করিয়াছি এবং জীবিত শত্রুগণেরই মাথার উপরে রহিয়াছি ॥১৮॥

শক্তি অনুসারে দান করিয়াছি, বন্ধুগণের প্রীতিবিধান করিয়াছি এবং সমস্ত শত্রুকেই দমন করিয়াছি। অতএব সর্ব্বপ্রকারে আমার তুল্য লোক আর কে আছে ॥১৯॥

শত্রুর রাজ্য আক্রমণ করিয়াছি, রাজগণকে ভৃত্যের ন্যায় শাসন করিয়াছি এবং বন্ধুগণের সহিত সদ্ব্যবহার করিয়াছি। অতএব সর্ব্বপ্রকারে আমার তুল্য লোক আর কে আছে ॥২০॥

সমস্ত বন্ধুজনের সম্মান করিয়াছি, বশীভূত লোককেও সম্মানের সহিত পালন করিয়াছি এবং যথানিয়মে ধর্ম্ম, অর্থ ও কামের সেবা করিয়াছি। অতএব সর্ব্বপ্রকারে আমার তুল্য লোক আর কে আছে ॥২১॥

CENTRAL LIBRARY

আজ্ঞপ্তং নৃপমুখ্যেষু মানঃ প্রাপ্তঃ সুদুর্লভঃ।
আজানেয়ৈস্তথা যাতং কো নু স্বন্ততরো ময়া ॥২২॥
অধীতং বিধিবদ্দত্তং প্রাপ্তমায়ুর্নিরাময়ম্।
স্বধর্ম্মেণ জিতা লোকাঃ কো নু স্বন্ততরো ময়া ॥২৩॥
দিষ্ট্যা নাহং জিতঃ সংখ্যে পরান্ প্রেষ্যবদাশ্রিতঃ।
দিষ্ট্যা মে বিপুলা লক্ষ্মীর্মৃতে ত্বন্যং গতা বিভো! ॥২৪॥
যদিষ্টং ক্ষত্রবন্ধূনাং স্বধর্ম্মমনুতিষ্ঠতাম্।
নিধনং তন্ময়া প্রাপ্তং কো নু স্বন্ততরো ময়া ॥২৫॥
দিষ্ট্যা নাহং পরাবৃত্তো বৈরাৎ প্রাকৃতবর্জ্জিতঃ।
দিষ্ট্যা নাবিমতিং কাঞ্চিদ্ভজিত্বা তু পরাজিতঃ ॥২৬॥

ভারতকৌমুদী

মানিতা ইতি। সংপূজিতঃ সম্মানেন পালিতঃ। ত্রিতয়ং ধর্ম্মার্থকামত্রয়ম্ ॥২১॥
আজ্ঞপ্তমিতি। আজ্ঞপ্তমাদেশঃ কৃতঃ। আজানেয়ৈরুত্তমাশ্বৈঃ ॥২২॥
অধীতমিতি। নিরাময়ং নীরোগম্। লোকাঃ শত্রুজনাঃ ॥২৩॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, সংখ্যে যুদ্ধে, প্রেষ্যবদ্দাসবৎ। মৃতে ময়ি ॥২৪॥
যদিতি। ক্ষত্রাণি চ তে বন্ধবশ্চেতি তেষাম্। নিধনং যুদ্ধে মরণম্ ॥২৫॥
দিষ্ট্যেতি। পরাবৃত্তঃ প্রতিনিবৃত্তঃ, প্রাকৃতবৎ সাধারণলোকবৎ। অবিমতিং সম্মুখযুদ্ধ-প্রতিকূলবুদ্ধিম্, ভজিত্বা কৃত্বা ॥২৬॥

প্রধান প্রধান রাজার উপরে আদেশ চালাইয়াছি। অতিদুর্লভ সম্মান পাইয়াছি এবং উত্তম উত্তম অশ্বে আরোহণ করিয়া গমনাগমন করিয়াছি; সুতরাং সর্ব্বপ্রকারে আমার তুল্য লোক আর কে আছে ॥২২॥

যথাবিধানে অধ্যয়ন ও দান করিয়াছি, নিরাময় আয়ু লাভ করিয়াছি এবং ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে শত্রুগণকে জয় করিয়াছি। অতএব সর্ব্বপ্রকারে আমার তুল্য লোক আর কে আছে ॥২৩॥

রাজা! আমি ভাগ্যবশতঃ ভৃত্যের ন্যায় অন্যের আশ্রয়ে থাকিয়া কিংবা যুদ্ধ হইতে ফিরিয়া বিজিত হই নাই এবং ভাগ্যবশতই আমার মৃত্যুর পরেই আমার বিশাল রাজলক্ষ্মী অন্যের উপরে গেল ॥২৪॥

স্বধর্ম্মানুষ্ঠায়ী ক্ষত্রিয়বন্ধুগণের যাহা অভীষ্ট, আমি সেইরূপ নিধনই প্রাপ্ত হইলাম। অতএব সর্ব্বপ্রকারে আমার তুল্য লোক আর কে আছে ॥২৫॥

আমি ভাগ্যবশতঃ সাধারণ লোকের ন্যায় পরাঙ্মুখ হইয়া, বিজিত হই নাই কিংবা কোন ধর্ম্মবিরুদ্ধ বুদ্ধি করিয়া পরাজিত হই নাই ॥২৬॥

সুপ্তং বাথ প্রমত্তং বা যথা হন্যাদ্বিষেণ বা।
এবং ব্যুৎক্রান্তধর্ম্মেণ ব্যুৎক্রম্য সময়ং হতঃ ॥২৭॥
অশ্বত্থামা মহাভাগঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
কৃপঃ শারদ্বতশ্চৈব বক্তব্যা বচনান্মম ॥২৮॥
অধর্ম্মেণ প্রবৃত্তানাং পাণ্ডবানামনেকশঃ।
বিশ্বাসং সময়ঘ্নানাং যূয়ং ন গন্তুমর্হথ ॥২৯॥
বাতিকাংশ্চাব্রবীদ্রাজা পুত্রস্তে সত্যবিক্রমঃ।
অধর্ম্মাদ্ভীমসেনেন নিহতোঽহং যথা রণে ॥৩০॥
সোঽহং দ্রোণং স্বর্গগতং কর্ণশল্যাবুভৌ তথা।
বৃষসেনং মহাবীর্য্যং শকুনিঞ্চাপি সৌবলম্ ॥৩১॥
জলসন্ধং মহাবীর্য্যং ভগদত্তঞ্চ পার্থিবম্।
সৌমদত্তিং মহেষ্বাসং সৈন্ধবঞ্চ জয়দ্রথম্ ॥৩২॥

ভারতকৌমুদী

সুপ্তমিতি। প্রমত্তমসাবধানম্। ব্যুৎক্রান্তধর্ম্মেণ অতিক্রান্তধর্ম্মেণ ভীমেন ॥২৭॥
অশ্বেতি। সাত্বতস্তদ্বংশীয়ঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥২৮॥
অধর্ম্মেণেতি। প্রবৃত্তানাং কার্য্যেষু। সময়ঘ্নানামাচারাতিক্রমকারিণাম্ ॥২৯॥
বাতিকানিতি। বাতিকান্ স্তুতিপাঠকবিশেষান্, তে তব ধৃতরাষ্ট্রস্য পুত্রঃ ॥৩০॥
স ইতি। বৃষসেনং কর্ণপুত্রম্। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্।

মানুষ যেমন নিদ্রিত ও অসাবধান লোককে হত্যা করে কিংবা বিষদ্বারা গোপনে বিনাশ করে; তেমন ভীম ধর্ম্ম অতিক্রমপূর্ব্বক গদাযুদ্ধের নিয়ম লঙ্ঘন করিয়া আমাকে নিহত করিয়াছে ॥২৭॥

সঞ্জয়! তুমি আমার আদেশ অনুসারে মহাত্মা অশ্বত্থামা, সাত্বতবংশীয় কৃতবর্ম্মা এবং শরদ্বানের পুত্র কৃপাচার্য্যকে বলিবে—॥২৮॥

পাণ্ডবেরা অধর্ম্মক্রমে কার্য্য করিয়া আসিতেছে এবং অনেক বার সদাচার লঙ্ঘন করিয়াছে। অতএব আপনারা তাহাদের উপরে আর বিশ্বাস করিতে পারেন না ॥২৯॥

মহারাজ! তাহার পর আপনার পুত্র যথার্থবিক্রমশালী রাজা দুর্য্যোধন স্তুতি-পাঠকদিগকে বলিলেন—ভীম অধর্ম্ম অনুসারে যুদ্ধে আমাকে নিহত করিয়াছে ॥৩০॥

দ্রোণ, কর্ণ, শল্য, মহাবীর বৃষসেন, সুবলনন্দন শকুনি, মহাবল জলসন্ধ, রাজা

(৩২)···সৌমদত্তং মহেষ্বাসং···বঙ্গ সো নি।

CENTRAL LIBRARY

দুঃশাসনপুরোগাংশ্চ ভ্রাতৄনাত্মসমাংস্তথা।
দৌঃশাসনিঞ্চ বিক্রান্তং লক্ষ্মণঞ্চাত্মজাবুভৌ ॥৩৩॥
এতাংশ্চান্যাংশ্চ সুবহূন্ মদীয়াংশ্চ সহস্রশঃ।
পৃষ্ঠতোঽনুগমিষ্যামি সার্থহীন ইবাধ্বগঃ ॥৩৪॥ (কলাপকম্)
কথং ভ্রাতৄন্ হতান্ শ্রুত্বা ভর্ত্তারঞ্চ স্বসা মম।
রোরূয়মাণা দুঃখার্ত্তা দুঃশলা সা ভবিষ্যতি ॥৩৫॥
স্নুষাভিঃ প্রস্নুষাভিশ্চ বৃদ্ধো রাজা পিতা মম।
গান্ধারীসহিতশ্চৈব কাং গতিং প্রতিপৎস্যতে ॥৩৬॥
নূনং লক্ষ্মণমাতাপি হতপুত্রা হতেশ্বরা।
বিনাশং যাস্যতি ক্ষিপ্রং কল্যাণী পৃথুলোচনা ॥৩৭॥
যদি জানাতি চার্ব্বাকঃ পরিব্রাড্‌বাগ্‌বিশারদঃ।
করিষ্যতি মহাভাগো ধ্রুবং সোঽপচিতিং মম ॥৩৮॥

ভারতকৌমুদী

সৈন্ধবং সিন্ধুরাজম্। দৌঃশাসনিং দুঃশাসনপুত্রম্। সমানঃ অর্থঃ প্রয়োজনং যস্য স সার্থঃ সহচরস্তেন হীনঃ। অধ্বগঃ পথিকঃ ॥৩১—৩৪॥

কথমিতি। কথং কীদৃশী, ভর্ত্তারং জয়দ্রথম্, স্বসা ভগিনী। রোরূয়মাণা ভৃশং রুদতী ॥৩৫॥

স্নুষাভিরিতি। স্নুষাভিঃ পুত্রবধূভিঃ, প্রস্নুষাভিঃ পৌত্রবধূভিঃ। গতিমবস্থাম্ ॥৩৬॥

নূনমিতি। লক্ষ্মণমাতা মম ভার্য্যা, হতেশ্বরা হতভর্ত্তৃকা ॥৩৭॥

যদীতি। জানাতি মমান্তায়বধম্, চার্ব্বাকো নাম কশ্চিদ্ধূর্ত্তঃ। অপচিতিং নিষ্ক্রয়ম্ ॥৩৮॥

ভগদত্ত, মহাধনুর্দ্ধর ভূরিশ্রবা, সিন্ধুরাজ জয়দ্রথ, প্রাণের তুল্য দুঃশাসনপ্রভৃতি ভ্রাতৃগণ, বিক্রমশালী দুঃশাসনের পুত্র ও লক্ষ্মণ এই পুত্রদ্বয়, ইঁহারা এবং অন্যান্য বহুতর মৎপক্ষীয় যোদ্ধা ও সহস্র সহস্র বীর স্বর্গে গমন করিয়াছেন; এখন আমি একাকী সঙ্গিবিহীন পথিকের ন্যায় তাঁহাদের পিছনে গমন করিব ॥৩১—৩৪॥

হায়! আমার ভগিনী দুঃশলা ভ্রাতৃগণকে ও ভর্ত্তাকে নিহত শুনিয়া, দুঃখার্ত্ত হইয়া, গুরুতর রোদন করিতে থাকিয়া, কিরূপ হইয়া পড়িবেন ॥৩৫॥

বিশেষতঃ আমার বৃদ্ধ পিতা, গান্ধারীদেবী, পুত্রবধূগণ ও পৌত্রবধূগণের সহিত কিরূপ অবস্থা প্রাপ্ত হইবেন ॥৩৬॥

শুভলক্ষণা ও বিশালনয়না আমার ভার্য্যা—পুত্র ও ভর্ত্তা নিহত হওয়ায় নিশ্চয়ই সত্বর মৃত্যুমুখে পতিত হইবেন ॥৩৭॥

(৩৫) কথং ভ্রাতৃবধং শ্রুত্বা···পি।

সমন্তপঞ্চকে পুণ্যে ত্রিষু লোকেষু বিশ্রুতে।
অহং নিধনমাসাদ্য লোকান্ প্রাপ্স্যামি শাশ্বতান্ ॥৩৯॥
ততো জনসহস্রাণি বাষ্পপূর্ণানি মারিষ!।
প্রলাপং নৃপতেঃ শ্রুত্বা ব্যদ্রবন্ত দিশো দশ ॥৪০॥
সসাগরবনা ঘোরা পৃথিবী সচরাচরা।
চচালাথ সনির্হ্রাদা দিশশ্চৈবাবিলাভবন্ ॥৪১॥
তে দ্রোণপুত্রমাসাদ্য যথাবৃত্তং ন্যবেদয়ন্।
ব্যবহারং গদাযুদ্ধে পার্থিবস্য চ পাতনম্ ॥৪২॥

ভারতকৌমুদী

সমন্তেতি। লোকান্ স্বর্গান্, শাশ্বতান্ চিরস্থায়িনঃ ॥৩৯॥

তত ইতি। নৃপতের্দুর্য্যোধনস্য, ব্যদ্রবন্ত দ্রুতমপাসরন্ ॥৪০॥

সেতি। সচরাচরা জঙ্গমস্থাবরসহিতা। সনির্হ্রাদা সশব্দা, আবিলাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪১॥

ত ইতি। তে জনাঃ। ব্যবহারং ভীমস্যান্যায্যাচরণম্, পার্থিবস্য দুর্য্যোধনস্য ॥৪২॥

ভারতভাবদীপঃ

অধিষ্ঠিত ইতি। শৌটীরঃ শূরঃ স এব শৌটীর্য্যমাত্মানং মন্যতে শৌটীর্য্যমানী ॥১—১৮॥ ময়া মত্তঃ ॥১৯—২৯॥ বার্ত্তিকান্ বার্ত্তাহারিণঃ ॥৩০—৩৭॥ চার্ব্বাকো ব্রাহ্মণবেষধারী রাক্ষসঃ। অপচিতিং প্রতীকারম্ ॥৩৮—৪৩॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

আমার সুহৃদ্, পরিব্রাজক ও বাক্যবিশারদ, মহাত্মা চার্ব্বাক যদি আমার এই অন্যায়বধবৃত্তান্ত জানিতে পারেন, তাহা হইলে নিশ্চয়ই তিনি ইহার প্রতিশোধ লইবেন ॥৩৮॥

ত্রিভুবনবিখ্যাত এই পবিত্র সমন্তপঞ্চকে মৃত্যুমুখে পতিত হইয়া, নিশ্চয়ই আমি চিরস্থায়ী স্বর্গ লাভ করিব ॥৩৯॥

মাননীয় রাজা! তাহার পর সহস্র সহস্র লোক দুর্য্যোধনের বিলাপ শুনিয়া অশ্রুপূর্ণ নয়ন হইয়া, দশ দিকে চলিয়া যাইতে লাগিল ॥৪০॥

তাহার পর সমুদ্র, বন, স্থাবর ও জঙ্গমের সহিত সমগ্র পৃথিবী ভীষণ মূর্ত্তি ধারণ করিয়া কাঁপিয়া উঠিল, তখন দারুণ শব্দ হইল এবং দিক্ সকল মলিন হইয়া পড়িল ॥৪১॥

(৪২) তে তু দ্রৌণিং সমাসাদ্য···পি।

CENTRAL LIBRARY

তদাখ্যায় ততঃ সর্ব্বে দ্রোণপুত্রস্য ভারত ! ।
ধ্যাত্বা চ সুচিরং কালং জগ্মুরার্ত্তা যথাগতম্ ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসক্যাং সৌপ্তিক-
পর্ব্বণি সুপ্তবধে দুর্য্যোধনবিলাপে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০*০:———

দ্বিতীয়োঽধ্যায়ঃ ।

———:০:———

সঞ্জয় উবাচ ।

বাতিকানাং সকাশাত্তু শ্রুত্বা দুর্য্যোধনং হতম্ ।
হতশিষ্টাস্ততো রাজন্ ! কৌরবাণাং মহারথাঃ ॥১॥
বিনির্ভিন্নাঃ শিতৈর্বাণৈর্গদাতোমরশক্তিভিঃ ।
অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্ম্মা চ সাত্বতঃ ॥২॥

ভারতকৌমুদী

তদিতি । ধ্যাত্বা যুদ্ধস্য পূর্ব্বাপরাবস্থাং বিচিন্ত্য, আর্ত্তাঃ শোকপীড়িতাঃ ॥৪৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি সুপ্তবধে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

বাতিকানামিতি । বাতিকানাং প্রাগুক্তজনানাম্ । হতেভ্যঃ শিষ্টা অবশিষ্টাঃ । বিনির্ভিন্না বিদীর্ণশরীরাঃ, শিতৈঃ সুধারৈঃ । সাত্বতস্তদ্বংশীয়ঃ । জবনৈর্বেগবদ্ভিঃ । আয়োধনং গদাযুদ্ধ-

সেই লোকেরা অশ্বত্থামার নিকটে যাইয়া, ভীমের গদাযুদ্ধে অন্যায় ব্যবহার এবং দুর্য্যোধনকে নিপাতিত করা প্রভৃতি সমস্ত ঘটনা অশ্বত্থামাকে যথাযথভাবে জানাইল ॥৪২॥

ভরতনন্দন ! তাহারা সকলে অশ্বত্থামার নিকট সেই বৃত্তান্ত বলিয়া, বহুকাল চিন্তা করিয়া, দুঃখার্ত্ত হইয়া যথাস্থানে চলিয়া গেল' ॥৪৩॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'রাজা ! তাহার পর সুধার বাণ, গদা, তোমর ও শক্তির

* ..'শল্যপর্ব্বণি চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ, '.. শল্যপর্ব্বণি পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' নি ।

CENTRAL LIBRARY

ত্বরিতা জবনৈরশ্বৈরায়োধনমুপাগমন্।
তত্রাপশ্যন্মহাত্মানং ধার্ত্তরাষ্ট্রং নিপাতিতম্ ॥৩॥
প্রভগ্নং বায়ুবেগেন মহাশালং যথা বনে।
ভূমৌ বিচেষ্টমানং তং রুধিরেণ সমুক্ষিতম্ ॥৪॥
মহাগজমিবারণ্যে ব্যাধেন বিনিপাতিতম্।
বিবর্ত্তমানং বহুশো রুধিরৌঘপরিপ্লুতম্ ॥৫॥
যদৃচ্ছয়া নিপতিতং চক্রমাদিত্যগোচরম্।
মহাবাতসমুত্থেন সংশুষ্কমিব সাগরম্ ॥৬॥
পূর্ণচন্দ্রমিব ব্যোম্নি তুষারাবৃতমণ্ডলম্।
রেণুধ্বস্তং দীর্ঘভুজং মাতঙ্গসমবিক্রমম্ ॥৭॥
বৃতং ভূতগণৈর্ঘোরৈঃ ক্রব্যাদৈশ্চ সমন্ততঃ।
যথা ধনং লিপ্সমানৈর্ভৃত্যৈর্নৃপতিসত্তমম্ ॥৮॥
ভ্রুকুটীকৃতবক্ত্রান্তং ক্রোধাদুদ্বৃত্তচক্ষুষম্।
সামর্ষং তং নরব্যাঘ্রং ব্যাঘ্রং নিপতিতং যথা ॥৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

স্থানম। ধার্ত্তরাষ্ট্রং দুর্য্যোধনম। বিচেষ্টমানং বেদনয়া সঞ্চালিতাঙ্গম্। বিবর্ত্তমানং পার্শ্বদ্বয়ে পরিবর্ত্তমানম। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, আদিত্যগোচরং চক্রং সূর্য্যমণ্ডলমিব। মহাবাতসমুত্থেন

আঘাতে ক্ষতবিক্ষতদেহ, কৌরবপক্ষের মহারথ, হতাবশিষ্ট কৃপাচার্য্য, অশ্বত্থামা ও কৃতবর্ম্মা সেই লোকগুলির নিকটে দুর্য্যোধনের নিধনবৃত্তান্ত শুনিয়া, বেগবান্ অশ্বগণের গুণে সত্বর রণস্থলে আগমন করিলেন। তাঁহারা সেখানে আসিয়া দেখিলেন—বনমধ্যে বায়ুবেগে ভগ্ন বিশাল শালবৃক্ষের ন্যায়, ব্যাধকর্ত্তৃক নিপাতিত মহাহস্তীর তুল্য, ঈশ্বরেচ্ছায় ভূতলে নিপতিত সূর্য্যমণ্ডলের সদৃশ, মহাবায়ুবেগে সংশোষিত সমুদ্রের সমান, আকাশে নীহারাবৃত চন্দ্রমণ্ডলের তুল্য এবং নিপতিত ব্যাঘ্রের ন্যায়, মহাবাহু, মহাবল, হস্তীর তুল্য বিক্রমশালী ও নরশ্রেষ্ঠ দুর্য্যোধন ভূতলে নিপাতিত রহিয়াছেন; তিনি তখন রক্তাক্ত দেহে দারুণ বেদনায় ছট্‌ফট্ করিতেছেন এবং বার বার এপাশ ওপাশ করিতেছেন; ধূলিতে তাঁহার দেহ আবৃত হইয়া গিয়াছে; ধনলোভী লোকেরা যেমন রাজাকে সকল দিকে বেষ্টন করিয়া থাকে, সেইরূপ মাংসভোজী প্রাণীরা তাঁহাকে সকল দিকে বেষ্টন করিয়া রহিয়াছে;

(৫) চন্দ্রমাদিত্যগোচরাৎ—নি। (৬) যুগান্তমারুতেনেব শোষিতং মকরালয়ম্—নি।

CENTRAL LIBRARY

তে তং দৃষ্ট্বা মহেষ্বাসা ভূতলে পতিতং নৃপম্।
মোহমভ্যাগমন্ সর্ব্বে কৃপপ্রভৃতয়ো রথাঃ ॥১০॥
অবতীর্য্য রথেভ্যশ্চ প্রাদ্রবন্ রাজসন্নিধৌ।
দুর্য্যোধনঞ্চ সংপ্রেক্ষ্য সর্ব্বে ভূমাবুপাবিশন্ ॥১১॥
ততো দ্রৌণির্মহারাজ! বাষ্পপূর্ণেক্ষণঃ শ্বসন্।
উবাচ ভরতশ্রেষ্ঠং সর্বলোকেশ্বরেশ্বরম্ ॥১২॥
ন নূনং বিদ্যতে সত্যং মানুষে কিঞ্চিদেব হি।
যত্র ত্বং পুরুষব্যাঘ্র! শেষে পাংশুষু রূষিতঃ ॥১৩॥
ভূত্বা হি নৃপতিঃ পূর্বং সমাজ্ঞাপ্য চ মেদিনীম্।
কথমেকোঽদ্য রাজেন্দ্র! তিষ্ঠসে নির্জ্জনে বনে ॥১৪॥

ভারতকৌমুদী

বেগেনেতি শেষঃ। রেণুধ্বস্তং ধূলিভিরদৃশ্যাঙ্গম্। ভূতগণৈঃ প্রাণিসমূহৈঃ, ক্রব্যাদৈর্মাংসভোজিভিঃ। সামর্ষমসহিষ্ণুম্ ॥১—৯॥

ত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। রথা রথারোহিণঃ ॥১০॥

অবেতি। প্রাদ্রবন্ দ্রুতমগচ্ছন্ ॥১১॥

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। সর্বেষাং লোকেশ্বরাণাং রাজ্ঞামীশ্বরমধিপতিম্ ॥১২॥

নেতি। সত্যং সত্যতয়া স্থায়ি। শেষে স্বপিষি, পাংশুষু ধূলিষু ॥১৩॥

ক্রোধে তাঁহার মুখমণ্ডলে ভীষণ ভ্রূকুটী প্রকাশ পাইতেছে, নয়নযুগল উপরে উঠিয়াছে এবং তিনি আর বেদনা, দুঃখ ও আক্ষেপ সহিতে পারিতেছেন না ॥১—৯॥

মহাধনুর্দ্ধর সেই কৃপাচার্য্যপ্রভৃতি রথীরা—রাজা দুর্য্যোধনকে ভূতলে নিপতিত দেখিয়া, প্রথমে যেন মোহ প্রাপ্ত হইলেন ॥১০॥

তাহার পর তাঁহারা সকলে রথ হইতে অবতরণ করিয়া দুর্য্যোধনকে দেখিয়া, বেগে তাঁহার নিকট গমন করিলেন এবং ভূতলেই উপবেশন করিলেন ॥১১॥

মহারাজ! তদনন্তর অশ্বত্থামা অশ্রুপূর্ণ নয়ন হইয়া, নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া, ভরতবংশশ্রেষ্ঠ ও সমস্ত রাজার অধীশ্বর দুর্য্যোধনকে বলিতে লাগিলেন— ॥১২॥

'নরশ্রেষ্ঠ! নিশ্চয়ই মনুষ্যলোকে কোন বস্তুই চিরস্থায়ী নহে। যেহেতু আপনি ধূলিধূসর দেহে ধূলির উপরেই শয়ন করিয়া রহিয়াছেন ॥১৩॥

রাজশ্রেষ্ঠ! আপনি পূর্ব্বে রাজা হইয়া, সমগ্র পৃথিবীর উপরে আদেশ চালাইয়া, আজ কেন একাকী নির্জ্জন বনের ন্যায় এই রণস্থলে অবস্থান করিতেছেন ॥১৪॥

CENTRAL LIBRARY

দুঃশাসনং ন পশ্যামি নাপি কর্ণং মহারথম্।
নাপি তান্ সুহৃদঃ সর্বান্ কিমিদং পুরুষর্ষভ! ॥১৫॥
দুঃখং নূনং কৃতান্তস্য গতিং জ্ঞাতুং কথঞ্চন।
লোকানাঞ্চ ভবান্ যত্র শেতে পাংশুষু রূষিতঃ ॥১৬॥
এষ মূর্দ্ধাভিষিক্তানামগ্রে গত্বা পরন্তপঃ।
স ভৃশং গ্রসতে পাংশুং পশ্য কালবিপর্য্যয়ম্ ॥১৭॥
ক্ব তে তদমলং ছত্রং ব্যজনং ক্ব চ পার্থিব!।
সা চ তে মহতী সেনা ক্ব গতা পার্থিবোত্তম! ॥১৮॥
দুর্বিজ্ঞেয়া গতির্নূনং কার্য্যাণাং কারণান্তরে।
যদ্বৈ লোকগুরুর্ভূত্বা ভবানেতাং দশাং গতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ভূত্বেতি। মেদিনীং মেদিনীস্থান্ সর্বান্ লোকান্। নির্জ্জনে বন ইব ॥১৪॥
দুঃশাসনমিতি। সুহৃদো ভূরিশ্রবঃপ্রভৃতীন্ ॥১৫॥
দুঃখমিতি। কৃতান্তস্য দৈবস্য। লোকানাঞ্চ গতিমিতি সম্বন্ধঃ ॥১৬॥
উপস্থিতানুদ্দিশ্য ব্রবীতি এষ ইতি। মূর্দ্ধাভিষিক্তানাং রাজ্ঞাম্। পাংশুং ধূলিম্ ॥১৭॥
ক্বেতি। কালবিপর্য্যয়াদেব তবৈতৎ সর্বং বিনষ্টমিতি ভাবঃ ॥১৮॥
দুরিতি। কারণান্তরে বিভিন্নহেতাবুপস্থিতে সতি। লোকগুরুর্লোকশ্রেষ্ঠঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

বার্ত্তিকানামিতি ॥১—৫॥ চক্রমাদিত্যগোচরং সূর্য্যমণ্ডলমিবেতি লুপ্তোপমা ॥৬—১৮॥
কারণান্তরে অদৃষ্টরূপে সতি, তেন দৃষ্টসামগ্রীবৈয়র্থ্যং জায়ত ইতি ভাবঃ ॥১৯—৪৩॥
ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫॥

পুরুষশ্রেষ্ঠ! দুঃশাসন, মহারথ কর্ণ এবং সেই সকল বন্ধুদিগকে দেখিতেছি না; এটা কি ব্যাপার! ॥১৫॥

দৈবের কোন গতি ও মানুষের অবস্থা জানা নিশ্চয়ই দুষ্কর। যেহেতু আপনি ধূলিধূসর দেহে ধূলির উপরেই শয়ন করিয়া রহিয়াছেন ॥১৬॥

ইনি রাজগণের অগ্রবর্ত্তী থাকিয়া, শত্রু দমন করিতেন; আর আজ ধূলি ভক্ষণ করিতেছেন। কালের পরিবর্ত্তনটা দেখ ॥১৭॥

রাজা! আপনার সেই নির্ম্মল ছত্র কোথায়, চামর কোথায় গেল এবং রাজশ্রেষ্ঠ! আপনার সেই বিশাল সৈন্যই বা কোথায় গিয়াছে ॥১৮॥

বিভিন্ন কারণ উপস্থিত হইলে কার্য্যও যে ভিন্ন ভিন্ন প্রকার হইতে থাকে, পূর্ব্বে

(১৬)···লোকনাথো ভবান্ যত্র শেষে···নি।

CENTRAL LIBRARY

অধ্রুবা সর্ব্বমর্ত্ত্যেষু ধ্রুবং শ্রীরুপলক্ষ্যতে।
ভবতো ব্যসনং দৃষ্ট্বা শক্রবিস্পর্দ্ধিনো ভৃশম্ ॥২০॥
তস্য তদ্বচনং শ্রুত্বা দুঃখিতস্য বিশেষতঃ।
উবাচ রাজন্! পুত্রস্তে প্রাপ্তকালমিদং বচঃ ॥২১॥
বিমৃজ্য নেত্রে পাণিভ্যাং শোকজং বাষ্পমুৎসৃজন্।
কৃপাদীন্ স তদা বীরান্ সর্ব্বানেব নরাধিপঃ ॥২২॥ (যুগ্মকম্)
ঈদৃশো মর্ত্ত্যধর্ম্মোঽয়ং ধাত্রা নির্দ্দিষ্ট উচ্যতে।
বিনাশঃ সর্ব্বভূতানাং কালপর্য্যায়কারিতঃ ॥২৩॥
সোঽয়ং মাং সমনুপ্রাপ্তঃ প্রত্যক্ষং ভবতাং হি যঃ।
পৃথিবীং পালয়িত্বাহমেতাং নিষ্ঠামুপাগতঃ ॥২৪॥
দিষ্ট্যা নাহং পরাবৃত্তো যুদ্ধে কস্যাঞ্চিদাপদি।
দিষ্ট্যাহং নিহতঃ পাপৈশ্ছলেনৈব বিশেষতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

অধ্রুবেতি। অধ্রুবা অচিরস্থায়িনী, শ্রীঃ সম্পৎ। ব্যসনং বিপদম্ ॥২০॥
তস্যেতি। বিশেষত আধিক্যেন। প্রাপ্তকালং তৎকালোচিতম্। বাষ্পমশ্রু ॥২১—২২॥
ঈদৃশ ইতি। কালস্য পর্য্যায়েণ পরিবর্ত্তনেন কারিতঃ ॥২৩॥
স ইতি। নিষ্ঠাং নিষ্পত্তিং পরিণামমিতি যাবৎ ॥২৪॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, পরাবৃত্তঃ পরাঙ্মুখীভূতঃ। ছলেন নাভেরধঃপ্রহারাৎ ॥২৫॥

সেগুলির অবস্থা জানা দুষ্কর। যেহেতু আপনি লোকশ্রেষ্ঠ হইয়া বর্ত্তমান সময়ে এইরূপ অবস্থা প্রাপ্ত হইলেন ॥১৯॥

আপনি ইন্দ্রেরও স্পর্দ্ধা করিতেন; অথচ বর্ত্তমান সময়ে আপনার এই বিপদ দেখিয়া ইহাই স্থির বুঝিতেছি যে, মানুষের সম্পদ চিরস্থায়ী নহে' ॥২০॥

রাজা! আপনার পুত্র রাজা দুর্য্যোধন অত্যন্তদুঃখিত অশ্বত্থামার সেই কথা শুনিয়া হস্তযুগলদ্বারা নয়ন মার্জ্জনা করিয়া, অশ্রু বিসর্জ্জন করিতে থাকিয়া, কৃপাচার্য্যপ্রভৃতি বীরগণকে তৎকালোচিত এই কথা বলিলেন—॥২১—২২॥

'কালের পরিবর্ত্তনবশতঃ সমস্ত পদার্থই যে ধ্বংস হয়, ইহা বিধাতারই নির্দ্দিষ্ট প্রাণিজগতের ধর্ম্ম ॥২৩॥

সেই অবস্থাই আমার উপস্থিত হইয়াছে, যাহা আপনারা প্রত্যক্ষ করিতেছেন। আমি পৃথিবী পালন করিয়া শেষে এই অবস্থা প্রাপ্ত হইলাম ॥২৪॥

(২৩)…কালপর্য্যায়মাগতঃ—পি বঙ্গ বর্দ্ধ। (২৫) দিষ্ট্যা নাহং পরাভূতো যুদ্ধে পি।

উৎসাহশ্চ কৃতো নিত্যং ময়া দিষ্ট্যা যুযুৎসতা।
দিষ্ট্যা চাস্মি হতো যুদ্ধে নিহতজ্ঞাতিবান্ধবঃ ॥২৬॥
দিষ্ট্যা চ বোঽহং পশ্যামি মুক্তানস্মাজ্জনক্ষয়াৎ।
স্বস্তিযুক্তাংশ্চ কল্যাংশ্চ তন্মে প্রিয়মনুত্তমম্ ॥২৭॥
মা ভবন্তোঽনুতপ্যন্তাং সৌহৃদান্নিধনেন মে।
যদি বেদাঃ প্রমাণং বো জিতা লোকা ময়াক্ষয়াঃ ॥২৮॥
মন্যমানঃ প্রভাবঞ্চ কৃষ্ণস্যামিততেজসঃ।
তেন ন চ্যাবিতশ্চাহং ক্ষত্রধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ ॥২৯॥
স ময়া সমনুপ্রাপ্তো নাস্মি শোচ্যঃ কথঞ্চন।
কৃতং ভবদ্ভিঃ সদৃশমনুরূপমিবাত্মনঃ।
যতিতং বিজয়ে নিত্যং দৈবন্তু দুরতিক্রমম্ ॥৩০॥

ভাবতকৌমুদী

উৎসাহ ইতি। যুযুৎসতা যোদ্ধুমিচ্ছতা। নিহতা জ্ঞাতয়ো বান্ধবাশ্চ যস্য সঃ ॥২৬॥
দিষ্ট্যেতি। স্বস্তিযুক্তান্ কুশলিনঃ, কল্যান্ নিরাময়ান্। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ ॥২৭॥
মেতি। বেদা "দ্বাবিমৌ পুরুষৌ লোকে" ইত্যাদ্যুক্তমূলশ্রুতয়ঃ ॥২৮॥
মন্যেতি। চ্যাবিতঃ পরাঙ্মুখত্ববিধানাদিনা ন ভ্রংশিতঃ ॥২৯॥
স ইতি। স ক্ষত্রধর্ম্মঃ। সদৃশং যোগ্যং কর্ম্ম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

ভাগ্যবশতঃ আমি যুদ্ধে কোন সঙ্কটের সময়েই পরাঙ্মুখ হই নাই এবং ভাগ্যবশতঃ পাপাত্মারা বিশেষ ছলপূর্ব্বকই আমাকে নিহত করিয়াছে ॥২৫॥

আমি ভাগ্যবশতই যুদ্ধ করিবার অভিপ্রায়ে সর্ব্বদা উৎসাহ প্রকাশ করিয়াছি এবং ভাগ্যবশতই আমি জ্ঞাতিগণ ও বন্ধুগণ নিহত হওয়ার পরেই নিহত হইয়াছি ॥২৬॥

ভাগ্যবশতই আমি আপনাদিগকে কুশলে ও অক্ষতদেহে এই লোকক্ষয় হইতে মুক্ত দেখিতেছি। তাহা আমার অত্যন্ত প্রীতিকর হইয়াছে ॥২৭॥

আপনারা আমার মৃত্যুতে সৌহার্দ্দবশতঃ অনুতপ্ত হইবেন না। কারণ, বেদবাক্য যদি প্রমাণ বলিয়া আপনাদের অভিমত হয়, তাহা হইলে আমি অক্ষয় স্বর্গ জয় করিয়াছি ॥২৮॥

অমিততেজা কৃষ্ণের প্রভাব আমি জানি; কিন্তু তথাপি তিনি আমাকে সম্যক্ অনুষ্ঠিত ক্ষত্রিয়ধর্ম্ম হইতে বিচ্যুত করিতে পারেন নাই ॥২৯॥

আমি সেই ক্ষত্রিয়ধর্ম্ম যথাযথভাবে রক্ষা করিয়াছি। অতএব আপনারা

(২৭)···স্বস্তিযুক্তাংশ্চ কল্যাণান্···নি। (২৯)···জানমানঃ প্রভাবঞ্চ···নি।

CENTRAL LIBRARY

এতাবদুক্ত্বা বচনং বাষ্পব্যাকুললোচনঃ।
তূষ্ণীং বভূব রাজেন্দ্র! রুজাসৌ বিহ্বলো ভৃশম্ ॥৩১॥
তথা তু দৃষ্ট্বা রাজানং বাষ্পশোকসমন্বিতম্।
দ্রৌণিঃ ক্রোধেন জজ্বাল যথা বহ্নির্জগৎক্ষয়ে ॥৩২॥
স তু ক্রোধসমাবিষ্টঃ পাণৌ পাণিং প্রপীড্য হ।
বাষ্পবিহ্বলয়া বাচা রাজানমিদমব্রবীৎ ॥৩৩॥
পিতা মে নিহতঃ ক্ষুদ্রৈঃ সুনৃশংসেন কর্ম্মণা।
ন তথা তেন তপ্যামি যথা রাজন্! ত্বয়াদ্য বৈ ॥৩৪॥
শৃণু চেদং বচো মহ্যং সত্যেন বদতঃ প্রভো!।
ইষ্টাপূর্ত্তেন দানেন ধর্ম্মেণ সুকৃতেন চ ॥৩৫॥
অদ্যাহং সর্ব্বপাঞ্চালান্ বাসুদেবস্য পশ্যতঃ।
সর্ব্বোপায়ৈর্হি নেষ্যামি প্রেতরাজনিবেশনম্।
অনুজ্ঞাস্তু মহারাজ! ভবান্মে দাতুমর্হতি ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতাবদিতি। তূষ্ণীং নীরবঃ, রুজা উরুভঙ্গবেদনয়া ॥৩১॥
তথেতি। রাজানং দুর্য্যোধনম্। দ্রৌণিরশ্বত্থামা ॥৩২॥
স ইতি। স দ্রৌণিঃ। প্রপীড্য নিষ্পিষ্য। রাজানং দুর্য্যোধনম্ ॥৩৩॥
পিতেতি। পিতা দ্রোণঃ। ত্বয়া ছলান্নিহতেনেতি ভাবঃ ॥৩৪॥

কোনপ্রকারেই আমার জন্য শোক করিতে পারেন না। আবার আপনারাও নিজেদের অনুরূপ উপযুক্ত কার্য্য সকল করিয়াছেন। তা'র পর আপনারা সর্ব্বদাই জয়লাভের জন্য চেষ্টা করিয়াছেন; কিন্তু দৈবকে অতিক্রম করা দুষ্কর বলিয়া সে জয় হইল না' ॥৩০॥

রাজশ্রেষ্ঠ! দুর্য্যোধন এই পর্য্যন্ত বলিয়া বেদনায় বিহ্বল হইয়া, বাষ্পাকুল-নয়নে নীরব হইলেন ॥৩১॥

অশ্বত্থামা দুর্য্যোধনকে সেইরূপ শোক ও বাষ্পযুক্ত দেখিয়া, প্রলয়কালীন অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥৩২॥

অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া, হস্তে হস্ত নিষ্পেষণ করিয়া, বাষ্পগদ্গদ বাক্যে দুর্য্যোধনকে এইরূপ বলিলেন—॥৩৩॥

'রাজা! ক্ষুদ্র পাঞ্চালেরা অতিনৃশংসভাবে আমার পিতাকে নিহত করিয়াছে। তাহাতেও আমি সেইরূপ দুঃখিত হই নাই, আজ আপনাকে ছলপূর্ব্বক নিহত করায় যেরূপ দুঃখিত হইয়াছি ॥৩৪॥

ইতি শ্রুত্বা তু বচনং দ্রোণপুত্রস্য কৌরবঃ।
মনসঃ প্রীতিজননং কৃপং বচনমব্রবীৎ।
আচার্য্য! শীঘ্রং কলসং জলপূর্ণং সমানয় ॥৩৭॥
স তদ্বচনমাজ্ঞায় রাজ্ঞো ব্রাহ্মণসত্তমঃ।
কলসং পূর্ণমাদায় রাজ্ঞোঽন্তিকমুপাগমৎ ॥৩৮॥
তমব্রবীন্মহারাজ! পুত্রস্তব বিশাংপতে!।
মমাজ্ঞয়া দ্বিজশ্রেষ্ঠ! দ্রোণপুত্রোঽভিষিচ্যতাম্।
সৈনাপত্যেন ভদ্রং তে মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। মহ্যং মম। ইষ্টমগ্নিহোত্রাদিকরণম্, পূর্ত্তং জলাশয়াদিনির্ম্মাণঞ্চ তেন। সমাহারদ্বন্দ্বে হ্রস্বস্য দীর্ঘতা। অনয়োঃ প্রমাণস্য পূর্ব্বমেবোক্তম্। সুকৃতেন সম্যগনুষ্ঠিতেন। প্রেতরাজনিবেশনং যমালয়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫—৩৬॥

ইতীতি। কৌরবো দুর্য্যোধনঃ। অয়মপি ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

স ইতি। স কৃপঃ, আজ্ঞায় শ্রুত্বা। পূর্ণং জলেন ॥৩৮॥

তমিতি। সৈনাপত্যেন ইদানীন্তনসেনাপতিভাবেন, ভদ্রং মঙ্গলম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

প্রভু! অগ্নিহোত্রপ্রভৃতি যজ্ঞ, জলাশয় নির্ম্মাণ, দান এবং সমীচীনভাবে সম্পাদিত অন্যান্য ধর্ম্মদ্বারা আমি সত্য শপথ করিতেছি; আপনি তাহা শ্রবণ করুন। আজ আমি সর্ব্বপ্রকার উপায়ে কৃষ্ণের সমক্ষেই সমস্ত পাঞ্চালগণকে যমালয়ে প্রেরণ করিব। অতএব মহারাজ! আপনি আমাকে সে বিষয়ে অনুমতি দান করুন' ॥৩৫—৩৬॥

কুরুরাজ দুর্য্যোধন মনের প্রীতিজনক অশ্বত্থামার এইরূপ বাক্য শুনিয়া কৃপাচার্য্যকে বলিলেন—'আচার্য্য! আপনি সত্বর জলপূর্ণ একটী কলস আনয়ন করুন' ॥৩৭॥

তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ কৃপাচার্য্য দুর্য্যোধনের সেই বাক্য শুনিয়া, একটী জলপূর্ণ কুম্ভ লইয়া দুর্য্যোধনের নিকটে উপস্থিত হইলেন ॥৩৮॥

মহারাজ নরনাথ! পরে আপনার পুত্র দুর্য্যোধন কৃপাচার্য্যকে বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তাহা হইলে, আমার আদেশক্রমে অশ্বত্থামাকে সেনাপতিপদে অভিষিক্ত করুন। আপনার মঙ্গল হউক' ॥৩৯॥

---

(৩৭) তচ্ছ্রুত্বা বচনং দ্রৌণের্ধৃতরাষ্ট্র! তবাত্মজঃ···নি।

রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা কৃপঃ শারদ্বতস্ততঃ।
দ্রৌণিং রাজ্ঞো নিয়োগেন সৈনাপত্যেঽভ্যষেচয়ৎ ॥৪০॥
সোঽভিষিক্তো মহারাজ! পরিষ্বজ্য নৃপোত্তমম্।
প্রযযৌ সিংহনাদেন দিশঃ সর্ব্বা নিনাদয়ন্ ॥৪১॥
দুর্য্যোধনোঽপি রাজেন্দ্র! শোণিতৌঘপরিপ্লুতঃ।
তাং নিশাং প্রতিপেদেঽথ সর্ব্বভূতভয়াবহাম্ ॥৪২॥
অপক্রম্য তু তে তূর্ণং তস্মাদায়োধনান্নৃপ!।
শোকসংবিগ্নমনসশ্চিন্তামাপেদিরে ভৃশম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি সুপ্তবধে অশ্বত্থামসৈনাপত্যাভিষেকে দ্বিতীয়োঽধ্যায় ॥০॥ *

ভারতকৌমুদী

রাজ্ঞ ইতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। দ্রৌণিমশ্বত্থামানম্ ॥৪০॥

স ইতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য, নৃপোত্তমং দুর্য্যোধনম্ ॥৪১॥

দুর্য্যোধন ইতি। প্রতিপেদে প্রাপ, সর্ব্বভূতভয়াবহাং মহামারীহেতুত্বাৎ ॥৪২॥

অপেতি। অপক্রম্য অপসৃত্য, আয়োধনাদ্রণস্থলাৎ। শোকেন সংবিগ্নানি অস্থিরাণি মনাংসি যেষাং তে, চিন্তামুদ্দেশ্যসাধনোপায়ানাম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি সুপ্তবধে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর শরদ্বানের পুত্র কৃপাচার্য্য দুর্য্যোধনের আদেশ অনুসারে অশ্বত্থামাকে সেনাপতিপদে অভিষিক্ত করিলেন ॥৪০॥

মহারাজ! তখন অশ্বত্থামা সেনাপতিপদে অভিষিক্ত হইয়া, রাজশ্রেষ্ঠ দুর্য্যোধনকে আলিঙ্গনপূর্ব্বক সিংহনাদে সমস্ত দিক্ নিনাদিত করিয়া প্রস্থান করিলেন ॥৪১॥

রাজশ্রেষ্ঠ! এদিকে রক্তাক্তদেহ দুর্য্যোধনও সমস্ত প্রাণীর ভয়জনক সেই রাত্রি-কাল অতিক্রম করিতে লাগিলেন ॥৪২॥

রাজা! ক্রমে শোকাকুলচিত্ত কৃপাচার্য্য, কৃতবর্ম্মা ও অশ্বত্থামা সেই রণস্থল হইতে অপসৃত হইয়া, উদ্দেশ্যসাধনবিষয়ে গুরুতর চিন্তান্বিত হইলেন ॥৪৩॥

(৩৯) ইতঃ পরং 'রাজ্ঞো নিয়োগাদ্যোদ্ধব্যং ব্রাহ্মণেন বিশেষতঃ। বর্ত্তন্তা ক্ষত্রধর্ম্মেণ হ্যেবং ধর্ম্মবিদো বিদুঃ॥' শ্লোকোঽয়মধিকঃ বঙ্গ বর্দ্ধ নি।

(৪৩)···চিন্তাধ্যানপরাভবন্—পি বঙ্গ বর্দ্ধ।

* 'শল্যপর্ব্বণি···পঞ্চষষ্টিতমোঽধ্যায়' পি বঙ্গ বর্দ্ধ। শল্যপর্ব্বণি ··ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ, নি।

CENTRAL LIBRARY

তৃতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততস্তে সহিতা বীরাঃ প্রয়াতা দক্ষিণামুখাঃ।
সূর্য্যাস্তমনবেলায়াং শিবিরাভ্যাসমাগতাঃ ॥১॥
বিমুচ্য বাহাংস্ত্বরিতা ভীতাঃ সমভবংস্তদা।
গহনং দেশমাসাদ্য প্রচ্ছন্না ন্যবিশন্ত তে ॥২॥
সেনানিবেশমভিতো নাতিদূরমবস্থিতাঃ।
নিকৃত্তা নিশিতৈঃ শস্ত্রৈঃ সমন্তাৎ ক্ষতবিক্ষতাঃ।
দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্য পাণ্ডবানন্বচিন্তয়ন্ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। সূর্য্যাস্তমনবেলায়াং সূর্য্যস্যাস্তগমনসময়ে, শিবিরস্য অভ্যাসং সমীপম্ ॥১॥
বিমুচ্যেতি। বাহান্ রথান্। গহনং তরুলতাদিভির্নিবিড়ম্ ॥২॥
সেনেতি। অভিত আভিমুখ্যেন। নিকৃত্তাঃ কেষুচিদঙ্গেষু কিয়চ্ছিন্নাঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

* শ্রীগণেশায় নমঃ। পূর্ব্বস্মিন্ পর্ব্বণ্যর্থার্থী কুটুম্বনাশমনু স্বয়মপি নশ্যতীত্যুক্তম্, ইদানীং পরমধর্ম্মানুগো ব্রাহ্মণস্তদ্ধর্ম্মেষ্বপি নিন্দ্যতমং কর্ম্ম করোতীত্যুচ্যতে—ততস্তে সহিতা বীরা ইত্যাদিনা সৌপ্তিকপর্ব্বণি। ততঃ দুর্য্যোধনেন সৈন্যাপত্যেঽশ্বত্থাম্নোঽভিষেকানন্তরম্, তে অশ্বত্থামকৃপাচার্য্যকৃতবর্ম্মাণঃ, শিবিরাভ্যাসং শিবিরনিকটস্থং দেশম্ আসাদ্য বাহান্ বিমুচ্য

সঞ্জয় বলিলেন—'তাহার পর সূর্য্যাস্তের সময়ে সেই বীরেরা সম্মিলিত হইয়া, দক্ষিণমুখে যাইতে থাকিয়া, শিবিরের নিকটে আসিয়া উপস্থিত হইলেন ॥১॥

পরে তাঁহারা ভীত হইয়া রথ পরিত্যাগ করিয়া, সত্বর চলিতে লাগিলেন। ক্রমে এক নিবিড় বনের নিকটে আসিয়া, সেখানে গুপ্তভাবে অবস্থান করিলেন ॥২॥

পরে তাঁহারা শিবিরের অভিমুখে অনতিদূরে একটু দাঁড়াইলেন; তৎকালে তাঁহাদের কোন কোন অঙ্গ সুধার অস্ত্রে একটু একটু ছিন্ন এবং সমস্ত অঙ্গই ক্ষত-বিক্ষত ছিল। এইভাবে তাঁহারা সেইস্থানে দাঁড়াইয়া, দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া, পাণ্ডবগণেরই চিন্তা করিতে লাগিলেন ॥৩॥

(১)···উপাস্তমনবেলায়াং···বঙ্গ বর্দ্ধ নি।

* নীলকণ্ঠেন পর্ব্বসংগ্রহাধ্যায়োক্তং বিরোধমনালোচ্য কেবলাদর্শপুস্তকপাঠানুসারেণ প্রাগুক্তমধ্যায়দ্বয়ং শল্যপর্ব্বীয়ং মন্যমান ঈদৃশং ব্যাচষ্টে স্মেতি জ্ঞেয়ম্।

CENTRAL LIBRARY

শ্রুত্বা চ নিনদং ঘোরং পাণ্ডবানাং জয়ৈষিণাম্।
অনুসারভয়াদ্ভীতাঃ প্রাঙ্‌মুখাঃ প্রাদ্রবন্ পুনঃ ॥৪॥
তে মুহূর্ত্তং ততো গত্বা শ্রান্তবাহাঃ পিপাসিতাঃ।
নামৃষ্যন্ত মহেষ্বাসাঃ ক্রোধামর্ষবশংগতাঃ।
রাজ্ঞো বধেন সন্তপ্তা মুহূর্ত্তং সমবস্থিতাঃ ॥৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অশ্রদ্ধেয়মিদং কর্ম্ম কৃতং ভীমেন সঞ্জয়!।
যৎ স নাগায়ুতপ্রাণঃ পুত্রো মম নিপাতিতঃ ॥৬॥
অবধ্যঃ সর্ব্বভূতানাং বজ্রসংহননো যুবা।
পাণ্ডবৈঃ সমরে পুত্রো নিহতো মম সঞ্জয়! ॥৭॥
ন দিষ্টমভ্যতিক্রান্তং শক্যং গাবল্গণে! নরৈঃ।
যৎ সমেত্য রণে পার্থৈঃ পুত্রো মম নিপাতিতঃ ॥৮॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। অনুসারভয়াৎ স্বানুগমনাশঙ্কাতঃ। প্রাদ্রবন্ দ্রুতমগচ্ছন্ ॥৪॥

ত ইতি। গত্বা পুনরপি রথারোহণেন, শ্রান্তা বাহা অশ্বা যেষাং তে। নামৃষ্যন্ত নাক্ষমন্ত। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

অশ্রদ্ধেয়মিতি। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যম্। নাগায়ুতপ্রাণো দশসহস্রহস্তিতুল্যবলঃ ॥৬॥

অবধ্য ইতি। বজ্রসংহননো বজ্রবদ্দৃঢ়শরীরঃ, যুবেত্যস্যোপপত্তিঃ পূর্ব্বমুক্তা ॥৭॥

ভারতভাবদীপঃ

ষড়বিংশেতি যোজনা ॥১—৩॥ অনুসারঃ পৃষ্ঠগমনম্, প্রাদ্রবন্নিতি পুনর্ব্বাহান্ যোজয়িত্বেতি

তদনন্তর তাঁহারা জয়াভিলাষী পাণ্ডবপক্ষের ভয়ঙ্কর কোলাহল শুনিয়া, অনুসরণের আশঙ্কায় ভীত হইয়া, পুনরায় পূর্ব্বমুখে চলিতে থাকিলেন ॥৪॥

ক্রমে তাঁহারা তথা হইতে একটুকাল গমন করিয়া পিপাসার্ত্ত হইয়া পড়িলেন; তাঁহাদের অশ্বগুলিও পরিশ্রান্ত হইল। তৎকালে সেই মহাধনুর্দ্ধরেরা ক্রোধ ও অসহিষ্ণুতার বশবর্ত্তী হইয়া আর ক্ষমা করিবার অভিপ্রায় করিলেন না। দুর্য্যোধনের বধে সন্তপ্ত হইয়া, সেই স্থানেই কিছুকাল দাঁড়াইলেন' ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভীম যে এই কার্য্যটা করিল ইহা বিশ্বাস করা যায় না। কারণ, আমার পুত্র দুর্য্যোধন দশসহস্র হস্তীর তুল্য বলশালী ছিল। তাঁহাকেই সে নিপাতিত করিল! ॥৬॥

সঞ্জয়! বজ্রের ন্যায় দৃঢ় শরীর ও যুবক আমার পুত্র দুর্য্যোধন সমস্ত প্রাণীরই অবধ্য ছিল; কিন্তু পাণ্ডবেরা যুদ্ধে তাঁহাকে বধ করিল! ॥৭॥

CENTRAL LIBRARY

অদ্রিসারময়ং নূনং হৃদয়ং মম সঞ্জয়!।
হতং পুত্রশতং শ্রুত্বা যন্ন দীর্ণং সহস্রধা ॥৯॥
কথং হি বৃদ্ধমিথুনং হতপুত্রং ভবিষ্যতি।
ন হ্যহং পাণ্ডবেয়স্য বিষয়ে বস্তুমুৎসহে ॥১০॥
কথং রাজ্ঞঃ পিতা ভূত্বা স্বয়ং রাজা চ সঞ্জয়!।
প্রেষ্যভূতঃ প্রবর্ত্তেয়ং পাণ্ডবেয়স্য শাসনাৎ ॥১১॥
আজ্ঞাপ্য পৃথিবীং সর্ব্বাং স্থিত্বা মূর্দ্ধনি সঞ্জয়!।
কথমদ্য ভবিষ্যামি প্রেষ্যভূতো দুরন্তকৃৎ ॥১২॥
কথং ভীমস্য বাক্যানি শ্রোতুং শক্ষ্যামি সঞ্জয়!।
যেন পুত্রশতং পূর্ণমেকেন নিহতং মম ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। দিষ্টং দৈবম্। হে গাবল্গণে! গবল্গণপুত্র! সঞ্জয়! ॥৮॥
অদ্রীতি। অদ্রিসারময়ং লৌহময়ম্। নূনং নিশ্চিতম্ ॥৯॥
কথমিতি। কথং কীদৃশম্, বৃদ্ধয়োরাবয়োর্মিথুনং দ্বয়ম্। বিষয়ে দেশে ॥১০॥
কথমিতি। প্রেষ্যভূতো দাসস্বরূপঃ। শাসনাদাদেশাৎ ॥১১॥
আজ্ঞাপ্যেতি। মূর্দ্ধনি রাজ্ঞাং শিরসি। দুরন্তকৃৎ দুষ্করকার্য্যকারী ॥১২॥
অত্যন্তমসহ্যং বিষয়মাহ কথমিতি। পূর্ণম্, ন নূনমিত্যাশয়ঃ ॥১৩॥

সঞ্জয়! মানুষ দৈবকে অতিক্রম করিতে পারেনা। যেহেতু পাণ্ডবেরা যাইয়া আমার সেই পুত্রকে নিপাতিত করিয়াছে ॥৮॥

সঞ্জয়! আমার হৃদয়টা নিশ্চয়ই লৌহময়। যেহেতু একশত পুত্রকে নিহত শুনিয়াও সে হৃদয় সহস্রভাগে বিদীর্ণ হয় নাই ॥৯॥

এই হতপুত্র বৃদ্ধদম্পতির কি অবস্থা হইবে? আমি ত যুধিষ্ঠিরের রাজ্যে বাস করিতে পারিব না ॥১০॥

সঞ্জয়! আমি রাজার পিতা এবং নিজেও রাজা হইয়া কি প্রকারে যুধিষ্ঠিরের আদেশে দাসের ন্যায় কার্য্য করিব ॥১১॥

সঞ্জয়! সমগ্র পৃথিবীর উপরে আদেশ চালাইয়া এবং সমস্ত রাজার মস্তকের উপরে থাকিয়া, এখন কি প্রকারে যুধিষ্ঠিরের দাসের ন্যায় হইয়া চলিব ॥১২॥

হায়, সঞ্জয়! যে ভীম একক আমার পূর্ণ একশত পুত্রকে নিহত করিয়াছে; আমি কি প্রকারে সেই ভীমের বাক্য শ্রবণ করিতে সমর্থ হইব ॥১৩॥

(১২) প্রভুজ্য পৃথিবীং···নি।

CENTRAL LIBRARY

কৃতং সত্যং বচস্তস্য বিদুরস্য মহাত্মনঃ।
অকুর্ব্বতা বচস্তেন মম পুত্রেণ সঞ্জয়! ॥১৪॥
অধর্ম্মেণ হতে তাত! পুত্রে দুর্য্যোধনে মম।
কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিঃ কিমকুর্ব্বত সঞ্জয়! ॥১৫॥

সঞ্জয় উবাচ।

গত্বা তু তাবকা রাজন্! নাতিদূরমবস্থিতাঃ।
অপশ্যন্ত বনং ঘোরং নানাদ্রুমলতাবৃতম্ ॥১৬॥
তে মুহূর্ত্তন্তু বিশ্রম্য লব্ধতোয়ৈর্হয়োত্তমৈঃ।
সূর্য্যাস্তমনবেলায়াং সমাসেদুর্মহদ্বনম্ ॥১৭॥
নানামৃগগণৈর্জুষ্টং নানাপক্ষিগণাবৃতম্।
নানাদ্রুমলতাচ্ছন্নং নানাব্যালনিষেবিতম্ ॥১৮॥
নানাতোয়ৈঃ সমাকীর্ণং নানাপুষ্পোপশোভিতম্।
পদ্মিনীশতসংছন্নং নীলোৎপলসমাযুতম্ ॥১৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কৃতমিতি। অকুর্ব্বতা অরক্ষতা, বচো বিদুরস্য, তেন দুর্য্যোধনেন ॥১৪॥

অধর্ম্মেণেতি। অধর্ম্মেণ নাভেরধো গদাঘাতনিষেধাতিক্রমেণ। দ্রৌণিরশ্বত্থামা ॥১৫॥

গত্বেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ কৃপ-কৃতবর্ম্মাশ্বত্থামানঃ ॥১৬॥

ত ইতি। সমাসেদুর্জগ্মুঃ। মৃগাণাং পশূনাং গণৈঃ, জুষ্টং সেবিতম্। নানাব্যালৈঃ সর্পৈর্নিষেবিতম্। পদ্মিনীনাং পদ্মসরসীনাং শতেন সংছন্নং ব্যাপ্তম্ ॥১৭—১৯॥

সঞ্জয়! আমার পুত্র সেই দুর্য্যোধন বিদুরের বাক্য রক্ষা না করিয়া, সেই মহাত্মা বিদুরের বাক্যগুলিকে সত্য করিয়াছে ॥১৪॥

বৎস সঞ্জয়! ভীম আমার পুত্র দুর্য্যোধনকে অন্যায়ভাবে নিহত করিলে, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামা কি করিলেন'? ॥১৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনার পক্ষের সেই তিন মহাবীর অনতিদূরে যাইয়া দাঁড়াইলেন এবং নানাবিধ বৃক্ষ ও লতায় আবৃত ভয়ঙ্কর একটী বন দেখিলেন ॥১৬॥

তাঁহারা সেইস্থানে কিছুকাল বিশ্রাম করিয়া, উত্তম অশ্বগুলি জলপানে সুস্থ হইলে, গমন করিতে থাকিয়া, সন্ধ্যাকালে বহু পুষ্পশোভিত সেই বিশাল বনে যাইয়া উপস্থিত হইলেন। সেই বনে নানাবিধ পশু ও পক্ষী বিচরণ করিতেছিল; নানাবিধ বৃক্ষলতা অবস্থিত ছিল; বহুবিধ সর্প অবস্থান করিতেছিল এবং বহুতর জলাশয় ছিল। সেগুলিতে আবার অনেক পদ্ম ও নীলোৎপল প্রকাশ পাইতেছিল ॥১৭—১৯॥

প্রবিশ্য তদ্বনং ঘোরং বীক্ষ্যমাণাঃ সমন্ততঃ।
শাখাসহস্রসংছন্নং ন্যগ্রোধং দদৃশুস্ততঃ ॥২০॥
উপেত্য তু তদা রাজন্! ন্যগ্রোধং তে মহারথাঃ।
দদৃশুর্দ্বিপদাং শ্রেষ্ঠাঃ শ্রেষ্ঠং তং বৈ বনস্পতিম্ ॥২১॥
তেঽবতীর্য্য রথেভ্যশ্চ বিপ্রমুচ্য চ বাজিনঃ।
উপস্পৃশ্য যথান্যায়ং সন্ধ্যামন্বাসত প্রভো! ॥২২॥
ততোঽস্তং পর্ব্বতশ্রেষ্ঠমনুপ্রাপ্তে দিবাকরে।
সর্বস্য জগতো ধাত্রী শর্বরী সমপদ্যত ॥২৩॥
গ্রহনক্ষত্রতারাভিঃ প্রকীর্ণাভিরলঙ্কৃতম্।
নভোঽংশুকমিবাভাতি প্রেক্ষণীয়ং সমন্ততঃ ॥২৪॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। ন্যগ্রোধং বটবৃক্ষম্ ॥২০॥

উপেত্যেতি। দ্বিপদাং মানুষাণাম্। বনস্পতিং বৃক্ষম্ ॥২১॥

ত ইতি। উপস্পৃশ্য আচম্য, অন্বাসত উপাসত ॥২২॥

তত ইতি। ধাত্রী বিশ্রামকালতয়া রক্ষিত্রী, শর্বরী রাত্রিঃ, সমপদ্যত সমজায়ত ॥২৩॥

গ্রহেতি। গ্রহা মঙ্গলাদয়ঃ নক্ষত্রাণি ধ্রুবাদীনি তারাস্তদিতরাণি ক্ষুদ্রাকারাণি জ্যোতীংষি তাভিঃ, প্রকীর্ণাভিরিতস্ততো বিক্ষিপ্তাভিঃ। অংশুকং বিচিত্রং নীলবস্ত্রম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

গম্যতে ॥৪॥ নামৃষ্যন্ত -ন পরামৃষ্টবন্তঃ, রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥৫—২১॥ অন্বাসত উপাসিতবন্তঃ ॥২২—২৩॥

তাহার পর কৃপাচার্য্যপ্রভৃতি সেই ভয়ঙ্কর বনে প্রবেশপূর্ব্বক সকলদিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া, বহুশাখাসমাবৃত এক বটবৃক্ষ দর্শন করিলেন ॥২০॥

রাজা! মনুষ্যশ্রেষ্ঠ সেই মহারথেরা তখন সেই বটবৃক্ষের নিকটে যাইয়া, সেই বৃক্ষেরই অবস্থা কিয়ৎকাল দর্শন করিলেন ॥২১॥

রাজা! তাঁহারা রথ হইতে নামিয়া, ঘোড়াগুলিকে ছাড়িয়া দিয়া, আচমন করিয়া যথানিয়মে সন্ধ্যোপাসনা করিলেন ॥২২॥

তাহার পর সূর্য্য অস্তাচলে গমন করিলে, সমস্ত জগতের রক্ষক রাত্রিকাল উপস্থিত হইল ॥২৩॥

ক্রমে নানাস্থানে বিকীর্ণ গ্রহ, নক্ষত্র ও তারাগণে সুশোভিত গগনমণ্ডল সুন্দর সুন্দর সূত্রপুষ্পখচিত নীলবস্ত্রের ন্যায় সুদৃশ্য হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥২৪॥

(১৯) নানাতোয়সমাকীর্ণৈস্তটাকৈরুপশোভিতম্…নি।

ইচ্ছয়া তে প্রবল্‌গন্তি যে সত্ত্বা রাত্রিচারিণঃ।
দিবাচরাশ্চ যে সত্ত্বাস্তে নিদ্রাবশমাগতাঃ ॥২৫॥
রাত্রিঞ্চরাণাং সত্ত্বানাং নির্ঘোষোঽভূৎ সুদারুণঃ।
ক্রব্যাদাশ্চ প্রমুদিতা ঘোরাঃ প্রাপ্তা চ শর্ব্বরী ॥২৬॥
তস্মিন্ রাত্রিমুখে ঘোরে দুঃখশোকসমন্বিতাঃ।
কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিরুপোপবিবিশুঃ সমম্ ॥২৭॥
তত্রোপবিষ্টাঃ শোচন্তো ন্যগ্রোধস্য সমীপতঃ।
তমেবার্থমতিক্রান্তং কুরুপাণ্ডবয়োঃ ক্ষয়ম্ ॥২৮॥
নিদ্রয়া চ পরীতাঙ্গা নিষেদুর্ধরণীতলে।
শ্রমেণ সুদৃঢ় যুক্তা বিক্ষতা বিবিধৈঃ শরৈঃ ॥২৯॥
ততো নিদ্রাবশং প্রাপ্তৌ কৃপভোজৌ মহারথৌ।
সুখোচিতাবদুঃখার্হৌ নিষণ্ণৌ ধরণীতলে ॥৩০॥

ভারতকৌমুদী

ইচ্ছয়েতি। প্রবল্‌গন্তি বিবিধাঃ ক্রিয়াঃ কুর্ব্বন্তি, সত্ত্বাঃ পেচকাদয়ঃ প্রাণিনঃ ॥২৫॥
রাত্রিমিতি। ক্রব্যাদা মাংসভোজিনঃ প্রাণিনঃ, প্রাপ্তা উপস্থিতা ॥২৬॥
তস্মিন্নিতি। রাত্রিমুখে প্রদোষকালে। উপোপবিবিশুঃ নিকটে উপবিষ্টবন্তঃ ॥২৭॥
তত্রেতি। উপবিষ্টা আসন্নিতি শেষঃ। অর্থং বিষয়ম্ ॥২৮॥
নিদ্রয়েতি। পরীতাঙ্গা ব্যাপ্ততয়া অলসগাত্রাঃ; নিষেদুরবতস্থিরে ॥২৯॥
তত ইতি। কৃপশ্চ ভোজো ভোজবংশীয়ঃ কৃতবর্ম্মা চ তৌ। নিষণ্ণৌ শয়িতৌ ॥৩০॥

যে সকল প্রাণী রাত্রিতে বিচরণ করে, তাহারা ইচ্ছা অনুসারে নানাবিধ কার্য্য করিতে থাকিল; আর দিবসচারী প্রাণীরা নিদ্রিত হইয়া পড়িল ॥২৫॥

ক্রমশঃ গভীর রাত্রিকাল উপস্থিত হইল; তখন রাত্রিচারী প্রাণিগণের অতি-দারুণ কোলাহল হইতে লাগিল এবং মাংসভোজী প্রাণীরা আনন্দিত হইল ॥২৬॥

সেই ভয়ঙ্কর প্রদোষকালে দুঃখে ও শোকে আকুল কৃতবর্ম্মা, কৃপাচার্য্য এবং অশ্বত্থামা সমানভাবে নিকটে নিকটে উপবেশন করিলেন ॥২৭॥

তাঁহারা বটবৃক্ষের নিকটে উপবেশন করিয়া অতীত কৌরব ও পাণ্ডবগণের ক্ষয়বিষয়ে শোক করিতে লাগিলেন ॥২৮॥

নানাবিধ বাণে ক্ষতবিক্ষত দেহ, অত্যন্ত পরিশ্রান্ত এবং নিদ্রাগমনিবন্ধন অলস-গাত্র সেই বীরেরা কিয়ৎকাল ভূতলে অবস্থান করিলেন ॥২৯॥

তাহার পর সুখভোগে অভ্যস্ত এবং দুঃখভোগের অযোগ্য মহারথ কৃপাচার্য্য ও কৃতবর্ম্মা ভূতলে শয়ন করিয়া নিদ্রিত হইয়া পড়িলেন ॥৩০॥

CENTRAL LIBRARY

তৌ তু সুপ্তৌ মহারাজ ! শ্রমশোকসমন্বিতৌ।
মহার্হশয়নোপেতৌ ভূমাবেব হ্যনাথবৎ ॥৩১॥
ক্রোধামর্ষবশং প্রাপ্তো দ্রোণপুত্রস্তু ভারত ! ।
নৈব স্ম স জগামাথ নিদ্রাং সর্প ইব শ্বসন্ ॥৩২॥
ন লেভে স তু নিদ্রাং বৈ দহ্যমানো হি মন্যুনা।
বীক্ষাঞ্চক্রে মহাবাহুস্তদ্বনং ঘোরদর্শনম্ ॥৩৩॥
বীক্ষমাণো বনোদ্দেশং নানাসত্ত্বৈর্নিষেবিতম্।
অপশ্যত মহাবাহুর্ন্যগ্রোধং বায়সৈর্বৃতম্ ॥৩৪॥
তত্র কাকসহস্রাণি তাং নিশাং পর্য্যণায়য়ন্।
সুখং স্বপন্তি কৌরব্য ! পৃথক্ পৃথগপাশ্রয়াঃ ॥৩৫॥
সুপ্তেষু তেষু কাকেষু বিশ্রব্ধেষু সমন্ততঃ।
সোঽপশ্যৎ সহসায়ান্তমুলূকং ঘোরদর্শনম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তাবিতি। মহার্হশয়নোপেতৌ পূর্ব্বং প্রাপ্তমহামূল্যশয্যৌ ॥৩১॥
ক্রোধেতি। ক্রোধশ্চ অমর্ষঃ অসহিষ্ণুতা চ তয়োর্বশমধীনতাম্ ॥৩২॥
নেতি। মন্যুনা ক্রোধানলেন। বীক্ষাঞ্চক্রে দদর্শ ॥৩৩॥
বীক্ষেতি। নানাসত্ত্বৈর্বিবিধপ্রাণিভিঃ। ন্যগ্রোধং তমেব বটবৃক্ষম্ ॥৩৪॥
তত্রেতি। পর্য্যণায়য়ন্ অত্যক্রামন্। অপাশ্রয়া অবস্থিতাঃ ॥৩৫॥

মহারাজ ! যাঁহারা পূর্ব্বে মহামূল্য শয্যায় শয়ন করিতেন, সেই কৃপাচার্য্য ও কৃতবর্ম্মাই শ্রান্ত ও দুঃখার্ত্ত হইয়া, অনাথের ন্যায় ভূতলেই নিদ্রিত হইয়া পড়িয়াছিলেন ॥৩১॥

কিন্তু ভরতনন্দন ! ক্রোধে ও অসহিষ্ণুতায় অধীরচিত্ত অশ্বত্থামা সর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া নিদ্রা যাইতে পারিলেন না ॥৩২॥

মহাবাহু অশ্বত্থামা ক্রোধানলে দগ্ধ হইতে থাকিয়া নিদ্রা লাভ করিতে পারেন নাই। সুতরাং তিনি ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া সেই ভয়ঙ্কর বন দর্শন করিতে লাগিলেন ॥৩৩॥

তদনন্তর মহাবাহু অশ্বত্থামা নানাপ্রাণিগণে পরিপূর্ণ সেই বনপ্রদেশ দর্শন করিতে থাকিয়া, ক্রমে কাকপরিবৃত বটবৃক্ষ দর্শন করিলেন ॥৩৪॥

কৌরবনন্দন ! সহস্র সহস্র কাক সেই বটবৃক্ষে থাকিয়া রাত্রি অতিবাহিত করিত এবং সেই বটবৃক্ষেরই ভিন্ন ভিন্ন স্থানে থাকিয়া সুখে নিদ্রা যাইত ॥৩৫॥

(৩৫)…তাং নিশাং পর্য্যণায়য়ন্…পি নি।…সুখং স্বপন্তঃ কৌরব্য !…নি।

CENTRAL LIBRARY

মহাস্বনং মহাকায়ং হর্য্যক্ষং বভ্রুপিঙ্গলম্ ।
সুদীর্ঘঘোণানখরং সুপর্ণমিব বেগিতম্ ॥৩৭॥ (যুগ্মকম্)
সোঽথ শব্দং মৃদুং কৃত্বা লীয়মান ইবাণ্ডজঃ ।
ন্যগ্রোধস্য ততঃ শাখাং প্রার্থয়ামাস ভারত ! ॥৩৮॥
সন্নিপত্য তু শাখায়াং ন্যগ্রোধস্য বিহঙ্গমঃ ।
সুপ্তান্ জঘান সুবহূন্ বায়সান্ বায়সান্তকঃ ॥৩৯॥
কেষাঞ্চিদচ্ছিনৎ পক্ষান্ শিরাংসি চ চকর্ত্ত হ ।
চরণাংশ্চৈব কেষাঞ্চিদ্ভঞ্জ চরণায়ুধঃ ।
ক্ষণেনাহত্য বলবান্ যেঽস্য দৃষ্টিপথে স্থিতাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

সুপ্তেষ্বিতি। বিশ্রব্ধেষু বিশ্বস্তেষু। উলূকং পেচকম্। হর্য্যক্ষং পিঙ্গলনেত্রম্, বভ্রুপিঙ্গলং কৃষ্ণপিঙ্গলবর্ণম্। সুদীর্ঘা ঘোণা নাসিকা নখরাশ্চ যস্য তম্ ॥৩৬—৩৭॥

স ইতি। লীয়মানো লুক্কায়িত ইব। অণ্ডজঃ পক্ষী পেচকঃ॥ শাখাং গন্তুম্ ॥৩৮॥

সমিতি। বিহঙ্গমঃ পক্ষী পেচকঃ। বায়সান্ কাকান্ ॥৩৯॥

কেষাঞ্চিদিতি। চকর্ত্ত চিচ্ছেদ। চরণায়ুধঃ পেচকঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

অলঙ্কৃতং রজতবিন্দুচিত্রিতম্ অংশুকং বস্ত্রম্ ॥২৪—৩০॥ শয়নোপেতৌ প্রাগিতি শেষঃ ॥৩১—৩৪॥ পর্য্যণাময়ন্ পরিণীতবন্ত আসন্ ॥৩৫—৩৬॥ হর্য্যক্ষং হরিমণিনিভলোচনং,

অশ্বত্থামা দেখিলেন—বিশ্বস্তচিত্ত সেই কাকগণ সকলদিকে নিদ্রিত হইয়া পড়িলে, ভীষণমূর্ত্তি ও গরুড়ের ন্যায় বেগবান্ একটা পেচক হঠাৎ সেইস্থানে আগমন করিতে লাগিল ; তাহার কণ্ঠস্বর বৃহৎ, শরীর বিশাল, নয়নযুগল পিঙ্গলবর্ণ, শরীরটাও কৃষ্ণ ও পিঙ্গলবর্ণ এবং নাসিকা ও নখগুলি অতিদীর্ঘ ছিল ॥৩৬—৩৭॥

ভরতনন্দন ! তাহার পর সেই পেচক যেন লুক্কায়িত থাকিয়া মৃদু মৃদু রব করিয়া বটবৃক্ষের শাখাগুলিতে পড়িবার ইচ্ছা করিল ॥৩৮॥

ক্রমে সেই কাকহন্তা পেচক বটবৃক্ষের শাখায় পতিত হইয়া বহুতর নিদ্রিত কাক বিনাশ করিল ॥৩৯॥

বলবান্ সেই পেচকের দৃষ্টিপথে যতগুলি কাক পতিত হইয়াছিল, সেগুলির মধ্যে কতকগুলির পক্ষ ছেদন করিল ; কতকগুলির মাথা কাটিয়া ফেলিল এবং কতকগুলির চরণ ভগ্ন করিল ॥৪০॥

(৩৭)···সুতীক্ষ্ণঘোণানখরং···নি। (৩৮)···পাতয়ামাস ভারত !—নি। (৪০)··· ক্ষণেনাহৎ স বলবান্···নি।

তেষাং শরীরাবয়বৈঃ শরীরৈশ্চ বিশাংপতে!।
ন্যগ্রোধমণ্ডলং সর্ব্বং সংছন্নং সর্ব্বতোঽভবৎ ॥৪১॥
তাংস্তু হত্বা ততঃ কাকান্ কৌশিকো মুদিতোঽভবৎ।
প্রতিকৃত্য যথাকামং শত্রূণাং শত্রুসূদনঃ ॥৪২॥
তদ্দৃষ্ট্বা সোপধং কর্ম্ম কৌশিকেন কৃতং নিশি।
তদ্ভাবে কৃতসঙ্কল্পো দ্রৌণিরেকোঽন্বচিন্তয়ৎ ॥৪৩॥
উপদেশঃ কৃতোঽনেন পক্ষিণা মম সংযুগে।
শত্রূণাং ক্ষয়ণে যুক্তঃ প্রাপ্তকালশ্চ মে মতঃ ॥৪৪॥
নাদ্য শক্যা ময়া হন্তুং পাণ্ডবা জিতকাশিনঃ।
বলবন্তঃ কৃতোৎসাহা লব্ধলক্ষ্যাঃ প্রহারিণঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। ন্যগ্রোধস্য বটবৃক্ষস্য মণ্ডলং গোলাকারঃ অধোদেশঃ ॥৪১॥

তানিতি। কৌশিকঃ পেচকঃ। প্রতিকৃত্য প্রতীকারং বিধায় ॥৪২॥

তদিতি। সোপধং ছলপ্রযুক্তম্, কৌশিকেন পেচকেন। তদ্ভাবে তৎপ্রকারেণ শত্রুসংহারে, কৃতসঙ্কল্পঃ কৌশিকব্যাপারস্য তদুদ্ভাবকত্বাৎ ॥৪৩॥

উপেতি। ক্ষয়ণে ক্ষয়করণে, যুক্তো যোগ্যঃ, প্রাপ্তকাল এতৎকালোচিতঃ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

ঘোণা নাসা, নখরস্তীক্ষ্ণনখঃ ॥৩৭—৪২॥ সোপধং সকপটম্ ॥৪৩॥ তদ্ভাবে কপটভাবে। উপদেশ ইতি। দুর্জ্জনাচরিতং মার্গং প্রমাণং কুর্ব্বতে খলাঃ। বিশ্বস্তান্ হিংসিতুং দ্রৌণিকুলূকমকরোদ্গুরুম্ ॥৪৪—৬৭॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭॥

নরনাথ! সেই কাকগুলির শরীর ও অঙ্গসকল পতিত হওয়ায় বটবৃক্ষের তলদেশ আবৃত হইয়া গেল ॥৪১॥

শত্রুহন্তা পেচক সেই কাকগণকে বিনাশপূর্ব্বক ইচ্ছা অনুসারে শত্রুপক্ষের প্রতীকার করিয়া আনন্দ লাভ করিল ॥৪২॥

পেচক ছলকৌশলে সেই কার্য্য করিল দেখিয়া, সেই প্রকারেই শত্রুসংহারে কৃতসঙ্কল্প হইয়া, একাকী অশ্বত্থামা চিন্তা করিতে লাগিলেন—॥৪৩॥

এই পক্ষীটা শত্রুসংহারবিষয়ে উপযুক্ত উপদেশই আমাকে দিয়াছে এবং আমার এই ধারণা হইয়াছে যে, এই উপদেশ এই সময়ের যোগ্যও বটে ॥৪৪॥

(৪৪)··· শত্রূণাং ক্ষপণং যুক্তং প্রাপ্তঃ কালশ্চ···নি।

CENTRAL LIBRARY

রাজ্ঞঃ সকাশে তেষাঞ্চ প্রতিজ্ঞাতো বধো ময়া।
পতঙ্গাগ্নিসমাং বৃত্তিমাস্থায়াত্মবিনাশিনীম্ ॥৪৬॥
ন্যায়তো যুধ্যমানস্য প্রাণত্যাগো ন সংশয়ঃ।
ছন্মনা তু ভবেৎ সিদ্ধিঃ শত্রূণাঞ্চ ক্ষয়ো মহান্ ॥৪৭॥
তত্র সংশয়িতাদর্থাদ্‌যোঽর্থো নিঃসংশয়ো ভবেৎ।
তং জনা বহু মন্যন্তে যে চ শাস্ত্রবিশারদাঃ ॥৪৮॥
যচ্চাপ্যত্র ভবেদ্‌বাচ্যং গর্হিতং লোকনিন্দিতম্।
কর্ত্তব্যং তন্মনুষ্যেণ ক্ষত্রধর্ম্মেণ বর্ত্ততা ॥৪৯॥

ভারতকৌমুদী

নেতি। ন শক্যা ন্যায়যুদ্ধেন, জিতকাশিনো বিজয়শোভিনঃ ॥৪৫॥

রাজ্ঞ ইতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য। পতঙ্গাগ্নিসমামগ্নিবিনাশে পতঙ্গেন কৃতা প্রতিজ্ঞা যথা তদ্বিনাশিনী ভবেৎ তথেত্যর্থঃ ॥৪৬॥

ন্যায়ত ইতি। যুধ্যমানস্য মম, প্রাণত্যাগঃ, তেষাং প্রবলত্বাদ্বাহুল্যাচ্চেতি ভাবঃ ॥৪৭॥

তত্রেতি। অর্থাদ্বিষয়াৎ, অর্থো বিষয়ঃ। বহু মন্যন্তে আদ্রিয়ন্তে ॥৪৮॥

উক্তার্থে লোকনিন্দামাশঙ্ক্যাহ যদিতি। বর্ত্ততা বর্ত্তমানেন ॥৪৯॥

বর্ত্তমান সময়ে পাণ্ডবেরা বলবান, উৎসাহী ও বিজয়শোভী বলিয়া লক্ষ্য পাইলেই প্রহার করিতে থাকিবে; সুতরাং আমি ন্যায়যুদ্ধে তাহাদিগকে বধ করিতে সমর্থ হইব না ॥৪৫॥

অথচ আমি রাজা দুর্য্যোধনের নিকটে পাণ্ডবগণকে বিনাশ করিবার প্রতিজ্ঞা করিয়াছি; কিন্তু অগ্নিবিনাশের প্রতিজ্ঞা করিলে, পতঙ্গের (ফড়িংএর) যেমন আত্মবিনাশেরই সম্ভাবনা হয়, তেমন ঐ প্রতিজ্ঞায় আমার আত্মবিনাশেরই সম্পূর্ণ সম্ভাবনা আছে ॥৪৬॥

অতএব ন্যায়ভাবে যুদ্ধ করিলে, আমাকে যে প্রাণত্যাগই করিতে হইবে এ বিষয়ে সন্দেহ নাই; আর ছলক্রমে যুদ্ধ করিলে কার্য্য সিদ্ধি হইবে। কেননা তাহাতে শত্রুপক্ষের গুরুতর ক্ষয় হইবে ॥৪৭॥

সুতরাং সন্দিগ্ধবিষয় ও নিশ্চিতবিষয় এই উভয়ের মধ্যে শাস্ত্রজ্ঞ লোকেরা নিশ্চিত বিষয়ই আদরপূর্ব্বক গ্রহণ করিয়া থাকেন ॥৪৮॥

এই জগতে যে কার্য্য বাস্তবিক গর্হিত বলিয়া লোকসমাজে নিন্দাই হয়, ক্ষত্রিয়ধর্ম্মাবলম্বী মানুষের পক্ষে তাহাও কর্ত্তব্য ॥৪৯॥

(৪৬) রাজ্ঞঃ সকাশাত্তেষাঞ্চ··· পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

নিন্দিতানি চ সর্ব্বাণি কুৎসিতানি পদে পদে।
সোপধানি কৃতান্যেব পাণ্ডবৈরকৃতাত্মভিঃ ॥৫০॥
অস্মিন্নর্থে পুরা গীতা শ্রূয়ন্তে ধর্ম্মচিন্তকৈঃ।
শ্লোকা ন্যায়মবেক্ষদ্ভিস্তত্ত্বার্থাস্তত্ত্বদর্শিভিঃ ॥৫১॥
পরিশ্রান্তে বিদীর্ণে বা ভুঞ্জানে বাপি শত্রুভিঃ।
প্রস্থানে বা প্রবেশে বা প্রহর্ত্তব্যং রিপোর্ব্বলম্ ॥৫২॥
নিদ্রার্ত্তমর্দ্ধরাত্রে চ তথা নষ্টপ্রণায়কম্।
ভিন্নযোধং বলং যচ্চ দ্বিধাযুক্তঞ্চ যদ্ভবেৎ ॥৫৩॥
ইত্যেবং নিশ্চয়ং চক্রে সুপ্তানাং নিশি মারণে।
পাণ্ডূনাং সহ পাঞ্চালৈর্দ্রোণপুত্রঃ প্রতাপবান্ ॥৫৪॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামপি তৎকরণমাহ নিন্দিতানীতি। সোপধানি সচ্ছলানি, অকৃতাত্মভিরশিক্ষিত-বুদ্ধিভিঃ ॥৫০॥

অস্মিন্নর্থে প্রাচীনসংবাদমাহ অস্মিন্নিতি। অবেক্ষদ্ভিঃ পশ্যদ্ভিঃ, তত্ত্বার্থা যথার্থার্থাঃ ॥৫১॥

তান্ শ্লোকানাহ পরীতি। বিদীর্ণে ভগ্নসঙ্ঘে। প্রস্থানে পলায়নে, প্রবেশে গুহাদৌ ॥৫২॥

নিদ্রেতি। নষ্টাঃ প্রণায়কাঃ প্রধানবীরা যস্য তৎ। ভিন্নাঃ সঙ্ঘচ্যুতা যোধা যস্য তৎ, দ্বিধাযুক্তং যুদ্ধমিদানীং কর্ত্তব্যং নবেতি সন্দিগ্ধম্, তদপি প্রহর্ত্তব্যমিত্যনুবৃত্তিঃ ॥৫৩॥

ইতীতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্ ॥৫৪॥

অপরিমার্জ্জিত বুদ্ধি পাণ্ডবেরাও ত ছল করিয়াই পদে পদে ঘৃণিত ও নিন্দিত কার্য্যসকল করিয়াছে ॥৫০॥

পূর্ব্বকালে ধর্ম্মচিন্তাকারী, ন্যায়দর্শী ও তত্ত্বজ্ঞ লোকেরাও এই বিষয়েই কতক-গুলি শ্লোক বলিয়া গিয়াছেন ; তাহা আমরা শুনিয়া থাকি—॥৫১॥

শত্রুসৈন্য—পরিশ্রান্ত, ভগ্ন, ভোজনপ্রবৃত্ত, পলায়মান ও কোন অভ্যন্তরে প্রবিষ্ট হইলে, বিপক্ষেরা তাহাদের উপরে প্রহার করিবে ॥৫২॥

এবং শত্রুসৈন্য অর্দ্ধরাত্রকালে নিদ্রিত হইলে কিংবা প্রধান যোদ্ধারা নিহত বা নিরুদ্দেশ হইয়া গেলে, অথবা যোদ্ধারা সঙ্ঘচ্যুত হইয়া পড়িলে কিংবা 'এখন যুদ্ধ কর্ত্তব্য কি না' এইরূপ সংশয়াপন্ন হইলে, তখনও তাহাদের উপরে প্রহার করিবে' ॥৫৩॥

প্রতাপশালী অশ্বত্থামা এইরূপ চিন্তা করিতে থাকিয়া, পাঞ্চালগণের সহিত পাণ্ডবগণের সেই রাত্রিকালে গুপ্তহত্যা করিবার জন্য স্থির সঙ্কল্প করিলেন ॥৫৪॥

(৫১)·· শ্রূয়ন্তে ধর্ম্মবিত্তমৈঃ··নি।

CENTRAL LIBRARY

স ক্রূরাং মতিমাস্থায় বিনিশ্চিত্য মুহুর্মুহুঃ।
সুপ্তৌ প্রাবোধয়ত্তৌ তু মাতুলং ভোজমেব চ ॥৫৫॥
তৌ প্রবুদ্ধৌ মহাত্মানৌ কৃপভোজৌ মহাবলৌ।
নোত্তরং প্রত্যপদ্যেতাং তত্র যুক্তং হ্রিয়াবৃতৌ ॥৫৬॥
স মুহূর্ত্তমিব ধ্যাত্বা বাষ্পবিহ্বলমব্রবীৎ।
হতো দুর্য্যোধনো রাজা একবীরো মহাবলঃ।
যস্যার্থে বৈরমস্মাভিরাসক্তং পাণ্ডবৈঃ সহ ॥৫৭॥
একাকী বহুভিঃ ক্ষুদ্রৈরাহবে শুদ্ধবিক্রমঃ।
পাতিতো ভীমসেনেন একাদশচমূপতিঃ ॥৫৮॥
বৃকোদরেণ ক্ষুদ্রেণ সুনৃশংসমিদং কৃতম্।
মূর্দ্ধাভিষিক্তস্য শিরঃ পাদেন পরিমৃদ্নতা ॥৫৯॥

ভারতকৌমুদী

স ইতি। সুপ্তৌ নিদ্রিতৌ, মাতুলং কৃপম, ভোজং কৃতবর্ম্মাণম্ ॥৫৫॥
তাবিতি। প্রবুদ্ধৌ জাগরিতৌ। প্রত্যপদ্যেতামকুরুতাম্, হ্রিয়া লজ্জয়া ॥৫৬॥
স ইতি। সঃ অশ্বত্থামা। একবীরঃ অদ্বিতীয়বীরঃ। আসক্তং প্রবর্ত্তিতম্। ষট্‌পাদঃ ॥৫৭॥
একাকীতি। একাকী নিঃসহায়ঃ। একাদশচমূপতিরেকাদশাক্ষৌহিণীসৈন্যপতিঃ ॥৫৮॥
বৃকোদরেণেতি। সুনৃশংসমতীবনিষ্ঠুরম। যথাবিধি মূর্দ্ধনি অভিষিক্তস্য রাজ্ঞঃ ॥৫৯॥

অশ্বত্থামা এইরূপ হিংস্রবুদ্ধি অবলম্বনপূর্ব্বক বার বার ঐরূপ নিশ্চয় করিয়া, নিদ্রিত কৃপাচার্য্য ও কৃতবর্ম্মাকে জাগরিত করিলেন ॥৫৫॥

তখন মহাত্মা ও মহাবল কৃপাচার্য্য এবং কৃতবর্ম্মা জাগরিত হইয়া সেই বিষয় শুনিয়া, লজ্জাবশতঃ কোন উত্তর করিতে পারিলেন না ॥৫৬॥

অশ্বত্থামা কিয়ৎকাল চিন্তা করিয়া, বাষ্পগদ্‌গদ্ স্বরে বলিলেন—'আমরা যাঁহার জন্য পাণ্ডবগণের সহিত শত্রুতা ঘটাইয়াছি; সেই অদ্বিতীয় বীর ও মহাবল রাজা দুর্য্যোধন নিহত হইয়াছেন ॥৫৭॥

যথার্থ বিক্রমশালী একাকী রাজা দুর্য্যোধন বহুতর নীচাশয়কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়াছিলেন; পরে সেই একাদশ অক্ষৌহিণী সৈন্যের অধিপতি দুর্য্যোধনকে ভীমসেন নিপাতিত করিয়াছে ॥৫৮॥

নীচাশয় ভীমসেন চরণদ্বারা মূর্দ্ধাভিষিক্ত রাজা দুর্য্যোধনের মস্তক মর্দ্দন করিয়া অতিনৃশংসের কার্য্য করিয়াছে ॥৫৯॥

(৫৬)···নোত্তরং প্রতিপদ্যেতাং···বঙ্গ বর্দ্ধ নি। (৫৭)···তাবুভৌ বাক্যমব্রবীৎ··নি (৫৯)··পাদেন পরিমর্দ্দিতা··পি।

বিনর্দ্দন্তি চ পাঞ্চালাঃ ক্ষ্বেড়ন্তি চ হসন্তি চ।
ধমন্তি শঙ্খান্ শতশো হৃষ্টা ঘ্নন্তি চ দুন্দুভীন্ ॥৬০॥
বাদিত্রঘোষস্তুমুলো বিমিশ্রঃ শঙ্খনিঃস্বনৈঃ।
অনিলেনেরিতো ঘোরো দিশঃ পূরয়তীব হ ॥৬১॥
অশ্বানাং হেষমাণানাং গজানাঞ্চৈব বৃংহতাম্।
সিংহনাদশ্চ শূরাণাং শ্রূয়তে সুমহানয়ম্ ॥৬২॥
দিশং প্রাচীং সমাশ্রিত্য হৃষ্টানাং গচ্ছতাং ভৃশম্।
রথনেমিস্বনাশ্চৈব শ্রূয়ন্তে লোমহর্ষণাঃ ॥৬৩॥
পাণ্ডবৈর্ধার্ত্তরাষ্ট্রাণাং যদিদং কদনং কৃতম্।
বয়মেব ত্রয়ঃ শিষ্টা অস্মিন্মহতি বৈশসে ॥৬৪॥
কেচিন্নাগশতপ্রাণাঃ কেচিৎ সর্ব্বাস্ত্রকোবিদাঃ।
নিহতাঃ পাণ্ডবেয়ৈস্তে মন্যে কালস্য পর্য্যয়ম্ ॥৬৫॥

ভারতকৌমুদী

বিনর্দ্দন্তীতি। ক্ষ্বেড়ন্তি সিংহনাদং কুর্ব্বন্তি। ধমন্তি বাদয়ন্তি। ঘ্নন্তি তাড়য়ন্তি ॥৬০॥
বাদিত্রেতি। অনিলেন বায়ুনা, ঈরিতঃ সঞ্চালিতঃ ॥৬১॥
অশ্বানামিতি। হেষমাণানাং হেষারবং কুর্ব্বতাম্, বৃংহতাং বৃংহিতধ্বনিং কুর্ব্বতাম্ ॥৬২॥
দিশমিতি। রথানাং নেমিস্বনাশ্চক্রপ্রান্তশব্দাঃ ॥৬৩॥
পাণ্ডবৈরিতি। কদনং মহামারী। শিষ্টা অবশেষাঃ স্মঃ, বৈশসে হিংসায়াম্ ॥৬৪॥
কেচিদিতি। নাগশতপ্রাণাঃ শতহস্তিবলতুল্যবলাঃ। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥৬৫॥

তাহাতে পাঞ্চালেরা আনন্দিত হইয়া গর্জ্জন করিতেছে, সিংহনাদ করিতেছে এবং শঙ্খ ও দুন্দুভি বাজাইতেছে ॥৬০॥

শঙ্খধ্বনি মিশ্রিত সেই তুমুল বাদ্যধ্বনি বায়ুকর্ত্তৃক সঞ্চালিত হইয়া, সমস্তদিকই যেন পূর্ণ করিতেছে ॥৬১॥

অশ্বগণের বিশাল হেষারব, হস্তিগণের বৃহৎ বৃংহিতধ্বনি এবং বীরগণের গুরুতর সিংহনাদ এই শুনা যাইতেছে ॥৬২॥

পাণ্ডবেরা আনন্দিত হইয়া পূর্ব্বদিকে গমন করিতেছে; তাহাতে তাহাদের রথচক্রের লোমহর্ষণ শব্দ শুনা যাইতেছে ॥৬৩॥

পাণ্ডবেরা কৌরবপক্ষের এই যে মহামারী ঘটাইয়াছে; সেই মহামারী ব্যাপারে এখন আমরাই তিনজন মাত্র অবশিষ্ট রহিয়াছি ॥৬৪॥

(৬০)···ক্ষেলন্তি চ হসন্তি চ···নি।

এবমেতেন ভাব্যং হি নূনং কার্য্যেণ তত্ত্বতঃ।
যথা হ্যস্যেদৃশী নিষ্ঠা কৃতে কার্য্যেঽপি দুষ্করে ॥৬৬॥
ভবতোস্তু যদি প্রজ্ঞা ন মোহাদপনীয়তে।
ব্যসনেঽস্মিন্মহত্যর্থে যন্নঃ শ্রেয়স্তদুচ্যতাম্ ॥৬৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি সুপ্তবধে দ্রৌণিমন্ত্রণায়াং তৃতীয়োঽধ্যায় ॥০॥ *

চতুর্থোঽধ্যায়ঃ।

কৃপ উবাচ।

শ্রুতস্তে বচনং সর্ব্বং যদ্যদুক্তং ত্বয়া বিভো!।
মমাপি তু বচঃ কিঞ্চিচ্ছৃণুষ্বাদ্য মহাভুজ! ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। এতেন মৎসঙ্কল্পিতেন, কার্য্যেণ পাণ্ডবপক্ষাণাং গুপ্তহত্যাকর্ম্মণা। ভাব্যং দৈবাদেব ভবিতব্যম্। অস্য যুদ্ধস্য, নিষ্ঠা পরিসমাপ্তির্ভবিষ্যতীতি শেষঃ। দুষ্করে কার্য্যে ইয়ন্তং কালং যাবৎ জয়কর্ম্মণি পাণ্ডবৈঃ কৃতেঽপি ॥৬৬॥

ভবতোরিতি। প্রজ্ঞা বুদ্ধিঃ, অপচীয়তে ক্ষীয়তে। ব্যসনে বিপদি ॥৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি সুপ্তবধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥

আমাদের মধ্যে কতকগুলি বীর প্রত্যেকে শত হস্তীর তুল্য বলবান্ ছিলেন, আবার অনেকে সমস্ত অস্ত্রই প্রয়োগ করিতে জানিতেন; তথাপি পাণ্ডবেরা তাঁহাদিগকে নিহত করিয়াছে, ইহাতে আমি মনে করি—এটা কাল পরিবর্ত্তনেরই ফল ॥৬৫॥

পাণ্ডবেরা এইরূপ দুষ্কর কার্য্য করিয়া থাকিলেও নিশ্চয়ই আমার সঙ্কল্পিত এই ব্যাপার এইভাবে ঘটিবে এবং এই ব্যাপারেই এই যুদ্ধের পরিসমাপ্তি হইবে ॥৬৬॥

আপনাদের বুদ্ধি মোহবশতঃ যদি ক্ষীণ না হইয়া থাকে, তবে এই মহাবিপদের সময়ে আমাদের পক্ষে যাহা ভাল হয় তাহা আপনারা বলুন' ॥৬৭॥

---

(৬৬)···কৃতে যত্নেঽপি দুষ্করে—নি। (৬৭)···ন মোহাদপনীয়তে···ব্যপন্নেঽস্মিন্···পি বঙ্গ বর্দ্ধ। * '···প্রথমোঽধ্যায়ঃ···পি বঙ্গ বর্দ্ধ বা সো নি।

আবন্ধান্মানুষাঃ সর্ব্বে নিবদ্ধাঃ কর্ম্মণোর্দ্বয়োঃ।
দৈবে পুরুষকারে চ পরং তাভ্যাং ন বিদ্যতে ॥২॥
ন হি দৈবেন সিধ্যন্তি কার্য্যাণ্যেকেন সত্তম!।
ন চাপি কর্ম্মণৈকেন দ্বাভ্যাং সিদ্ধিস্তু যোগতঃ ॥৩॥
তাভ্যামুভাভ্যাং সর্ব্বার্থা নিবদ্ধা হ্যধমোত্তমাঃ।
প্রবৃত্তাশ্চৈব দৃশ্যন্তে নিবৃত্তাশ্চৈব সর্বশঃ ॥৪॥
পর্জ্জন্যঃ পর্ব্বতে বর্ষন্ কিন্নু সাধয়তে ফলম্।
কৃষ্টে ক্ষেত্রে তথা বর্ষন্ কিং ন সাধয়তে ফলম্ ॥৫॥

ভারতকৌমুদী

শ্রুতমিতি। হে বিভো! মহাবীরত্বাৎ সম্প্রত্যাবয়োর্নায়কত্বাচ্চ প্রভাবান্বিত! ॥১॥

আবন্ধাদিতি। আবন্ধাৎ জন্মগ্রহণাদারভ্য, দ্বয়োঃ কর্ম্মণোঃ প্রাক্তনশুভাশুভকর্ম্মভ্যামিত্যর্থঃ। নিবদ্ধাঃ সংসৃষ্টা ভবন্তি। তেষাঞ্চ দৈবে পুরুষকারে চ সতি কর্ম্মসিদ্ধির্ভবতীতি শেষঃ। তাভ্যাং দৈবপুরুষকারাভ্যাম্, পরমন্যৎ, কর্ম্মসিদ্ধিকারণং ন বিদ্যতে ॥২॥

নেতি। কর্ম্মণা পুরুষকারেণ, যোগতস্তয়োঃ সম্মেলনেন ॥৩॥

তাভ্যামিতি। সর্ব্বে অর্থা বিষয়াঃ, নিবদ্ধা নিয়মিতাঃ। প্রবৃত্তাঃ সম্পন্নাঃ, নিবৃত্তা ব্যাহতাঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

শ্রুতং ত ইতি ॥১॥ দৈবে আ সমন্তাৎ বদ্ধাঃ, পুরুষকারে নিহীনতয়া বদ্ধাঃ, তেন দৈবং প্রধানং পুরুষকার উপসর্জ্জনমিত্যুক্তং ভবতি ॥২—৪॥ বর্ষন্ কিং ফলং ন সাধয়তে অপি তু সাধয়ত্যেব, কৃষিং বিনাপি বনেচরাঃ কেবলং পর্জ্জন্যেন জীবন্তি ন তু কৃষীবলাঃ কেবলয়া কৃষ্ট্যা

কৃপাচার্য্য বলিলেন—'মহাবাহু বীর! তুমি যে যে কথা বলিয়াছ সে সমস্তই আমি শুনিয়াছি। এখন আমারও কিছু কথা তুমি শোন ॥১॥

সমস্ত মানুষই জন্মাবধি শুভাদৃষ্ট ও অশুভাদৃষ্টদ্বারা নিয়মিত হইয়া চলিতে থাকে; তা'র পর দৈব ও পুরুষকার উভয় থাকিলে তাহাদের কার্য্য সিদ্ধি হয়। কেননা দৈব ও পুরুষকারব্যতীত কার্য্যসিদ্ধির অন্য কোন কারণ নাই ॥২॥

বিজ্ঞশ্রেষ্ঠ! একমাত্র দৈবদ্বারাও কার্য্যসিদ্ধি হয় না, আবার একমাত্র পুরুষকারদ্বারাও কার্য্যসিদ্ধি হয় না; কিন্তু দৈব ও পুরুষকার উভয় মিলিত হইলেই কার্য্যসিদ্ধি হইয়া থাকে ॥৩॥

কারণ, ভাল মন্দ সমস্ত কার্য্যই দৈব ও পুরুষকার উভয়দ্বারা নিয়মিত। সুতরাং সমস্ত কার্য্যই দৈব ও পুরুষকার উভয় থাকিলে সফল হয়, আর উহার একটা না থাকিলেই কার্য্য নিষ্ফল হইয়া যায় ॥৪॥

(২) আবন্ধা মানুষাঃ সর্ব্বে···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

উত্থানঞ্চাপ্যদৈবস্য হ্যনুত্থানঞ্চ দৈবতম্।
ব্যর্থং ভবতি সর্ব্বত্র পূর্ব্বকস্তত্র নিশ্চয়ঃ ॥৬॥
সুবৃষ্টে তু যথা দৈবে সম্যক্ ক্ষেত্রে চ কর্ষিতে।
বীজং মহাগুণং ভূয়াত্তথা সিদ্ধির্হি মানুষী ॥৭॥
তয়োর্দ্দৈবং বিনিশ্চিত্য স্বয়ং নৈব প্রবর্ত্ততে।
প্রাজ্ঞাঃ পুরুষকারে তু বর্ত্তন্তে দাক্ষ্যমাস্থিতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

পর্জন্য ইতি। পর্জন্যো মেঘঃ। ক্ষেত্রানুসারেণৈব ফলং ভবতীতি ভাবঃ ॥৫॥

উত্থানমিতি। অদৈবস্য শুভাদৃষ্টশূন্যস্য জনস্য, উত্থানং কার্য্যোদ্যমশ্চ, দৈবতং দৈবপ্রযুক্তং শুভাদৃষ্টপ্রযুক্তমিত্যর্থঃ, অনুত্থানং কার্য্যানুদ্যমশ্চ, তত্র পূর্ব্বকো নিশ্চয়ঃ শ্রেয়ানিতি শেষঃ, তথা চ অসতি শুভাদৃষ্টে কার্য্যোদ্যমঃ ফলং ন সাধয়তি। সতি শুভাদৃষ্টে তু কার্য্যোদ্যমাভাবেঽপি ফলং ভবতীতি শুভাদৃষ্টসত্ত্বা পূর্ব্বং নির্ণেতব্যেতি ভাবঃ ॥৬॥

সুবৃষ্ট ইতি। দৈবে দৈবপ্রযুক্তে, সুবৃষ্টে প্রচুরবর্ষণে সতি, বীজমুপ্তং সৎ, মহাগুণমধিকফলজনকম্। তথা দৈবে পুরুষকারে সতীত্যর্থঃ ॥৭॥

তয়োরিতি। তয়োর্দ্দৈবপুরুষকারয়োর্মধ্যে, দৈবং কর্ত্তৃ, স্বয়ং পুরুষকারনৈরপেক্ষ্যেণ

ভারতভাবদীপঃ

জীবন্তি, এবং পুরুষকারো দৈবমপেক্ষতে দৈবস্তু নাতীব পুরুষকারাপেক্ষমিতি ভাবঃ ॥৫॥ এতদেবাহ উত্থানমিতি। দৈবস্য প্রধানস্যোত্থানম্, পুরুষকারো ব্যর্থং ভবতি তথা অনুত্থানমুত্থানহীনং দৈবমপি ব্যর্থমিতি পক্ষদ্বয়ং সর্ব্বত্র ব্যবস্যতি, তত্র পূর্ব্ব এব পক্ষঃ শ্রেয়ান্ ইত্যর্থঃ ॥৬॥ দ্বয়োরানুকূল্যং শ্রেষ্ঠতরমিত্যাহ সুবৃষ্ট ইতি ॥৭॥ দৈবং বলবদিতি শেষঃ। যতঃ স্বয়মপি পুরুষকারং বিনাপি প্রবর্ত্ততে ফলং দাতুমিতি শেষঃ। তর্হি কিং পুরুষকারে-

মেঘ পর্ব্বতের উপরে বর্ষণ করিয়া কি ফল জন্মাইয়া থাকে? আবার কৃষ্টক্ষেত্রে (কর্ষণ করা ভূমিতে) বর্ষণ করিয়া কোন্ ফল না উৎপাদন করে? ॥৫॥

শুভাদৃষ্টবিহীন লোকের কার্য্য করার উদ্যম এবং শুভাদৃষ্টযুক্ত লোকের কার্য্য করার অনুদ্যম এই উভয়ই সর্ব্বত্র ব্যর্থ হয়। অতএব প্রথমে শুভাদৃষ্ট আছে কি না এই বিষয় নিরূপণ করিতে হইবে ॥৬॥

দৈব প্রচুর বর্ষণ করিলে এবং ভূমিও ভাল কর্ষণ করা থাকিলে, তাহাতে রোপিত বীজ যেমন প্রচুর ফল উৎপাদন করে, মানুষের সিদ্ধিও সেইরূপ (অর্থাৎ দৈব ও পুরুষকার উভয় থাকিলেই মানুষের কার্য্য সিদ্ধি হয়) ॥৭॥

(৬) উত্থানং চাপি দৈবস্য···পূর্ব্বস্তত্র বিনিশ্চয়ঃ—নি।
(৮) তয়োর্দ্দৈবং তু দুশ্চিন্ত্যং স্ববশেনৈব বর্ত্ততে···দৈবমাস্থিতাঃ—নি।

তাভ্যাং সর্ব্বে হি কার্য্যার্থা মনুষ্যাণাং নরর্ষভ ! ।
বিচেষ্টন্তঃ স্ম দৃশ্যন্তে নিবৃত্তাস্ত তথৈব চ ॥৯॥
কৃতঃ পুরুষকারশ্চ সোঽপি দৈবেন সিধ্যতি।
তথাস্য কর্ম্মণঃ কর্ত্তুরভিনির্ব্বর্ত্ততে ফলম্ ॥১০॥
উত্থানন্তু মনুষ্যাণাং দক্ষাণাং দৈববর্জ্জিতম্।
অফলং দৃশ্যতে লোকে সম্যগপ্যুপপাদিতম্ ॥১১॥
তত্রালসা মনুষ্যাণাং যে ভবন্ত্যমনস্বিনঃ।
উত্থানন্তে বিগর্হন্তি প্রাজ্ঞানাং তন্ন রোচতে ॥১২॥

ভারতকৌমুদী

নৈব প্রবর্ত্ততে কার্য্যং সাধয়িতুং ন ঘন্বারভতে, অপি তু পুরুষকারমপেক্ষ্যৈব প্রবর্ত্তত ইত্যর্থঃ, ইতি বিনিশ্চিত্য, প্রাজ্ঞা জনাঃ, দাক্ষ্যং কৌশলম্, আস্থিতা আশ্রিতাঃ সন্তঃ, পুরুষকারে বর্ত্তন্তে পুরুষকারং কর্ত্তুমারভন্ত ইতি তাৎপর্য্যম্ ॥৮॥

তাভ্যামিতি। কার্য্যার্থাঃ কর্ত্তব্যবিষয়াঃ। বিচেষ্টন্তঃ প্রবর্ত্তমানাঃ ॥৯॥

কৃত ইতি। তথা দৈবে সতি, কর্ত্তুঃ পুরুষস্য, কর্ম্মণঃ ফলম্, অভিনির্ব্বর্ত্ততে নিষ্পদ্যতে ॥১০॥

ইদানীং নিষ্কর্ষমাহ উত্থানমিতি। উত্থানং কার্য্যোদ্যমঃ। সম্যক্ সর্ব্বাঙ্গপূর্ণং যথা স্যাত্তথা উপপাদিতং সম্পাদিতমপি উত্থানমিতি সম্বন্ধঃ ॥১১॥

তর্হি পুরুষকারো নিষ্ফল এবেত্যলসমতমুপন্যস্য নিরস্যতি তত্রেতি। অলসাঃ কার্য্যোদ্যমহীনাঃ ॥১২॥

সেই দৈব ও পুরুষকারের মধ্যে দৈব নিজে কোন কার্য্যসাধন করিতে প্রবৃত্ত হয় না (হইতে পারে না)। ইহা নিশ্চিতভাবে বুঝিয়া অভিজ্ঞ লোকেরা কৌশল অবলম্বন করিয়া পুরুষকার প্রকাশ করিতে প্রবৃত্ত হইয়া থাকেন ॥৮॥

নরশ্রেষ্ঠ! মানুষের সমস্ত কর্ত্তব্যবিষয়ই সেই দৈব ও পুরুষকার অনুসরণ করিয়া প্রবৃত্ত হয়, আবার সেই দুয়ের অভাবে ব্যাহত হইয়া যায় ॥৯॥

সেই পুরুষকারও আবার দৈবের সাহায্যেই কার্য্য সাধন করে, তাহাতেই মানুষের কর্ম্মের ফল নিষ্পন্ন হয় ॥১০॥

মানুষ কার্য্যনিপুণ হইলেও এবং তাহার কার্য্যোদ্যম সমীচীনভাবে প্রযুক্ত হইয়া থাকিলেও যদি দৈব না থাকে তবে সেই কার্য্যোদ্যমকে জগতে নিষ্ফল হইতে দেখা যায় ॥১১॥

যাহারা মানুষের মধ্যে অলস ও অমনস্বী তাহারা সমস্ত কার্য্যোদ্যমকেই নিন্দা করিয়া থাকে ; কিন্তু বিচক্ষণ লোকদিগের তাহা অভিপ্রেত নহে ॥১২॥

CENTRAL LIBRARY

প্রায়শো হি কৃতং কর্ম্ম নাফলং দৃশ্যতে ভুবি।
অকৃত্বা চ পুনর্দ্দুঃখং কর্ম্ম পশ্যেন্মহাফলম্ ॥১৩॥
চেষ্টামকুর্ব্বন্ লভতে যদি কিঞ্চিদ্‌যদৃচ্ছয়া।
যো বা ন লভতে কৃত্বা দুর্দ্দশৌ তাবুভাবপি ॥১৪॥
শক্নোতি জীবিতুং দক্ষো নালসঃ সুখমেধতে।
দৃশ্যন্তে জীবলোকেঽস্মিন্ দক্ষাঃ প্রায়ো হিতৈষিণঃ ॥১৫॥
যদি দক্ষঃ সমারম্ভাৎ কর্ম্মণো নাশ্নুতে ফলম্।
নাস্য বাচ্যং ভবেৎ কিঞ্চিল্লব্ধব্যং বাধিগচ্ছতি ॥১৬॥

ভারতকৌমুদী

উক্তার্থে যুক্তিমাহ প্রায়শ ইতি। কর্ম্ম অকৃত্বা দুঃখং পশ্যেদনুভবেৎ ফলালাভাৎ। কর্ম্ম কৃত্বা তু কদাচিন্মহাফলং পশ্যেৎ দৈবানুকূল্যাৎ ॥১৩॥

চেষ্টামিতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। কৃত্বা চেষ্টামিতি শেষঃ, দুর্দ্দশৌ দুরবস্থৌ, আদ্যস্য আলস্যাপবাদাৎ দ্বিতীয়স্য তু কর্ম্মনৈষ্ফল্যাবসাদাদিতি ভাবঃ ॥১৪॥

শক্নোতীতি। জীবিতুং কার্য্যসাধনাৎ সুখেনেত্যর্থঃ, এধতে বর্দ্ধতে। হিতৈষিণঃ প্রবলোদ্যমেনাত্মহিতসাধকাঃ, অত আলস্যং বিহায় উদ্যমঃ কার্য্য এবেতি ভাবঃ ॥১৫॥

যদীতি। নাশ্নুতে ন লভতে। বাচ্যং নিন্দা, লব্ধব্যং ফলম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ণেত্যাশঙ্ক্যাহ প্রাজ্ঞা ইতি। পুরুষাপরাধনিবৃত্তিমাত্রং তৎফলমিত্যর্থঃ ॥৮॥ বিচেষ্টন্তঃ প্রবৃত্তা দৃশ্যন্তে লোকদৃষ্ট্যেত্যর্থঃ ॥৯—১২॥ কর্ম্মাকৃত্বা দুঃখং পশ্যেদিত্যপি প্রায়শোঽস্তি ॥১৩॥ দুর্দ্দশৌ দুর্লভৌ, চেষ্টাবান্ লভতে নিশ্চেষ্টো নালভত ইত্যুৎসর্গমাত্রমিত্যর্থঃ ॥১৪—১৫॥

জগতে বহু কার্য্যকেই নিষ্ফল হইতে দেখা যায় না। মানুষ কর্ম্ম না করিয়া এবং তাহার ফল না পাইয়া দুঃখ অনুভব করে, আবার কর্ম্ম করিয়া কখনও বিশেষ ফলই পাইয়া থাকে ॥১৩॥

যে মানুষ কোন চেষ্টা না করিয়াও ঈশ্বরের ইচ্ছায় কিছু ফল লাভ করে এবং যে লোক চেষ্টা করিয়াও কোন ফল লাভ করে না, সেই দুই প্রকার লোকেরই দুরবস্থা হইয়া থাকে ॥১৪॥

কর্ম্মনিপুণ লোক সুখে জীবন যাপন করিতে সমর্থ হয়, আর অলস লোক সুখে জীবন যাপন করিতে পারে না। এই জীবলোকে প্রায়ই দেখা যায় যে, কর্ম্ম-নিপুণ লোকেরা প্রবল উদ্যমের গুণে আশানুরূপ উন্নতি সাধন করিয়াছে ॥১৫॥

কর্ম্মনিপুণ লোক কর্ম্ম আরম্ভ করিয়া যদি তাহার ফল নাও পায় তথাপি তাহার কোন নিন্দা হয় না; পক্ষান্তরে সে কর্ম্মের ফল পাইয়াও থাকে ॥১৬॥

CENTRAL LIBRARY

অকৃত্বা কর্ম্ম যো লোকে ফলং বিন্দতি বিষ্ঠিতঃ।
স তু বক্তব্যতাং যাতি দ্বেষ্যো ভবতি প্রায়শঃ ॥১৭॥
এবমেতদনাদৃত্য বর্ত্ততে যস্ত্বতোঽন্যথা।
স করোত্যাত্মনোঽনর্থানেষ বুদ্ধিমতাং নয়ঃ ॥১৮॥
হীনং পুরুষকারেণ যদি দৈবেন বা পুনঃ।
কারণাভ্যামথৈতাভ্যামুত্থানমফলং ভবেৎ।
হীনং পুরুষকারেণ কর্ম্ম ত্বিহ ন সিধ্যতি ॥১৯॥
দৈবতেভ্যো নমস্কৃত্য যস্ত্বর্থান্ সম্যগীহতে।
দক্ষো দাক্ষিণ্যসম্পন্নো ন স মোঘং বিহন্যতে ॥২০॥

ভারতকৌমুদী

অকৃত্বেতি। বিন্দতি দৈবাল্লভতে, বিষ্ঠিতঃ অলস এব স্থিতঃ। বক্তব্যতাম্ আলস্যাদেব নিন্দাম্, দ্বেষ্যো ভবতি আলস্যেনাকর্ম্মণ্যত্বাৎ ॥১৭॥

এবমিতি। এতদস্মদুক্তং হিতবাক্যম্। নয়ো নীতিঃ ॥১৮॥

হীনমিতি। এতাভ্যামুভাভ্যামেব বা হীনমিতি সম্বন্ধঃ। উত্থানং কার্য্যোদ্যমঃ। ন সিধ্যতি দৈবে সত্যপীত্যর্থঃ, অতঃ পুরুষকারঃ কর্ত্তব্য এব দৈবস্য সচ্চেদাগচ্ছেদিত্যাশয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

যদিতি। দক্ষো নিন্দ্যতাং ন যাতীতি ভাবঃ ॥১৬॥ অদক্ষস্তু পরপ্রযত্নার্জ্জিতেন জীবন্নপি ভোক্তুমেবায়ং সমর্থো নার্জয়িতুমিতি নিন্দ্যত ইত্যাহ অকৃত্বেতি ॥১৭॥ এতদ্দৈবদাক্ষ্যয়োঃ সাহিত্যম্ অন্যথা তয়োরন্যতরাবলম্বনেন ॥১৮॥ এতদেব স্পষ্টয়তি হীনমিতি। পুরুষকারেণ হীনং দৈবোত্থানমফলমেব দৈবহীনং পুরুষকারস্যোত্থানমপি, তস্মাদ্দ্বাভ্যামপ্যুত্থাতব্যমিত্যর্থঃ

আর যে লোক আলস্যবশতঃ কর্ম্ম না করিয়া দৈবের গুণে ফল লাভ করে, সে লোক নিন্দনীয় হয় এবং বহুলোকের বিদ্বেষের পাত্র হইয়া থাকে ॥১৭॥

এইরূপ এই সকল বাক্য অগ্রাহ্য করিয়া যে লোক অন্যভাবে কার্য্য করিতে প্রবৃত্ত হয়, সে নিজেরই অনর্থ সাধন করে। কারণ, ইহাই বুদ্ধিমানদিগের নীতি ॥১৮॥

দৈব কিংবা পুরুষকার অথবা সেই উভয়ই যদি না থাকে তবে উদ্যম নিষ্ফলই হইয়া যায়। কিন্তু পুরুষকার না থাকিলে এই জগতে কার্য্যসিদ্ধ হয়ই না ॥১৯॥

যে কর্ম্মনিপুণ ও উদারস্বভাব লোক দেবগণকে নমস্কার করিয়া কার্য্য সাধন করিবার চেষ্টা করে, সে লোক ব্যর্থকাম হইয়া কার্য্যচ্যুত হয় না ॥২০॥

(১৭)···ফলং বিন্দতি বিষ্ঠিতঃ···বঙ্গ বর্দ্ধ,· ·বিন্দতি কর্হিচিৎ···নি।

CENTRAL LIBRARY

সম্যগীহা পুনরিয়ং যো বৃদ্ধানুপসেবতে।
আপৃচ্ছতি চ যঃ শ্রেয়ঃ করোতি চ হিতং বচঃ ॥২১॥
উত্থায়োত্থায় হি সদা প্রষ্টব্যা বৃদ্ধসম্মতাঃ।
তে স্ম যোগে পরং মূলং তন্মূলা সিদ্ধিরুচ্যতে ॥২২॥
বৃদ্ধানাং বচনং শ্রুত্বা যোঽভ্যুত্থানং প্রযোজয়েৎ।
উত্থানস্য ফলং সম্যক্ তদা স লভতেঽচিরাৎ ॥২৩॥
রাগাৎ ক্রোধাদ্ভয়াল্লোভাৎ যোঽর্থানীহেত মানবঃ।
অনীশশ্চাবমানী চ স শীঘ্রং ভ্রশ্যতে শ্রিয়ঃ ॥২৪॥
সোঽয়ং দুর্য্যোধনেনার্থো লুব্ধেনাদীর্ঘদর্শিনা।
অসংমন্ত্র্য সমারব্ধো মূঢ়ত্বাদবিচিন্তিতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

দৈবতেভ্য ইতি। ঈহতে সাধয়িতুং চেষ্টতে। বিহন্যতে বিচ্যুতো ভবতি ॥২০॥

সম্যগিতি। ঈহা চেষ্টা। আপৃচ্ছতি বৃদ্ধানেব ॥২১॥

উত্থায়েতি। বৃদ্ধত্বেন সম্মতা বৃদ্ধসম্মতা অভিজ্ঞা জনাঃ। তে বৃদ্ধোপদেশাঃ, যোগে উপায়ে, স উপায় এব মূলং যস্যাঃ সা, সিদ্ধিঃ ফলনিষ্পত্তিঃ ॥২২॥

বৃদ্ধানামিতি। অভ্যুত্থানং সর্ব্বতোভাবেন কার্য্যোদ্যমম্, প্রযোজয়েৎ কুর্য্যাৎ ॥২৩॥

রাগাদিতি। রাগাদুৎকটাভিলাষাৎ, অর্থান্ বিষয়ান্, ঈহেত সাধয়িতুং চেষ্টেত, অনীশঃ তৎসাধনে অসমর্থঃ, শ্রিয়ঃ পূর্ব্বসম্পদোঽপি ॥২৪॥

স ইতি। অর্থো জয়বিষয়ঃ। অসংমন্ত্র্য বৃদ্ধৈঃ সহ ॥২৫॥

যে লোক বৃদ্ধগণের সেবা করে (বৃদ্ধদিগের উপদেশ গ্রহণ করে), বৃদ্ধগণের নিকট হিতবিষয় জিজ্ঞাসা করে এবং তাঁহাদের হিতোপদেশ রক্ষা করিয়া চলে; তাহার সেই আচরণের নামই 'সম্যক চেষ্টা' ॥২১॥

মানুষ প্রতিদিন গাত্রোত্থান করিয়া অভিজ্ঞ লোকদিগের নিকট হিতবিষয় জিজ্ঞাসা করিবে। কারণ, তাঁহাদের সেই উপদেশগুলি উপায় উদ্ভাবনের মূল এবং সেই উপায়মূলকই মানুষের কার্য্যসিদ্ধি হইয়া থাকে ॥২২॥

যে মানুষ অভিজ্ঞ লোকদিগের উপদেশ শুনিয়া সর্ব্বতোভাবে কার্য্যের উদ্যম করে, তখন সে অচিরকালমধ্যেই সেই উদ্যমের ফল লাভ করিতে পারে ॥২৩॥

যে মানুষ প্রবল ইচ্ছা, ক্রোধ, ভয় ও লোভবশতঃ কার্য্যসাধন করিবার চেষ্টা করে সেই মানুষ সেই কার্য্য সাধন করিতে অসমর্থ ও অপমানী হইয়া পূর্ব্বসম্পদ হইতে বিচ্যুত হয় ॥২৪॥

(২৫)···অসমর্থঃ সমারব্ধঃ···বঙ্গ।

CENTRAL LIBRARY

হিতবুদ্ধীননাদৃত্য সংমন্ত্র্যাসাধুভিঃ সহ।
বার্য্যমাণোঽকরোদ্বৈরং পাণ্ডবৈর্গুণবত্তরৈঃ ॥২৬॥
পূর্ব্বমপ্যতিদুঃশীলো ন ধৈর্য্যং কর্ত্তুমর্হতি।
তপত্যর্থে বিপন্নে হি মিত্রাণাং ন কৃতং বচঃ ॥২৭॥
অনুবর্ত্তামহে যত্তু বয়ং তং পাপপূরুষম্।
অস্মানপ্যনয়স্তস্মাৎ প্রাপ্তোঽয়ং দারুণো মহান্ ॥২৮॥
অনেন তু মমাদ্যাপি ব্যসনেনোপতাপিতা।
বুদ্ধিশ্চিন্তয়তঃ কিঞ্চিৎ স্বং শ্রেয়ো নাববুধ্যতে ॥২৯॥

ভারতকৌমুদী

হিতেতি। হিতে বুদ্ধির্যেষাং তান্ ভীষ্মাদীন্, অসাধুভিঃ শকুন্যাদিভিঃ ॥২৬॥
পূর্ব্বমিতি। তপতি ক্রমিকমনুতাপং করোতি। বিপন্নে নষ্টে ॥২৭॥
অন্বিতি। অনুবর্ত্তামহে অনুসরামঃ। অনয়ঃ অনীতিঃ ॥২৮॥
তর্হি তমেবেদানীং কর্ত্তব্যমুপদিশেত্যাহ অনেনেতি। ব্যসনেন বিপদা ॥২৯॥

ভারতভাবদীপঃ

॥১৯॥ কর্ম্ম দৈবম্, ফলিতমাহ দৈবতেভ্য ইতি ॥২০॥ ঈহাং বিবৃণোতি সমাগিতি ॥২১॥ যোগে অলব্ধলাভে ॥২২—২৩॥ অনীশঃ অজিতচিত্তঃ, অবমানী পরমবজানন্ ॥২৪—২৬॥ তপতি সন্তাপং প্রাপ্নোতি ভীমেন ভগ্নোরুঃ সন্ ॥২৭—৩৪॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

লোভী ও অদূরদর্শী দুর্য্যোধন মূঢ়তাবশতঃ অভিজ্ঞলোকদিগের সহিত পরামর্শ না করিয়া এবং নিজেও বিশেষভাবে ভাবিয়া না দেখিয়া কার্য্য আরম্ভ করিয়াছিল ॥২৫॥

কেননা দুর্য্যোধন হিতৈষী অভিজ্ঞলোকদিগকে অগ্রাহ্য করিয়া এবং অসৎ লোকদিগের সহিত পরামর্শ করিয়া, আমরা বারণ করিতে থাকিলেও অধিকগুণ-সম্পন্ন পাণ্ডবগণের সহিত শত্রুতা আরম্ভ করিয়াছিল ॥২৬॥

দুর্য্যোধন পূর্ব্ব হইতেই কুস্বভাবের লোক ছিল। সুতরাং সে ধৈর্য্য ধারণ করিতে পারিত না এবং সুহৃদ্‌গণের উপদেশ রক্ষা করিত না। সেই জন্যই সে কার্য্য নষ্ট হইলে অনুতাপ করিত ॥২৭॥

তা'র পর আমরা যখন সেই পাপাত্মারই অনুসরণ করিয়া আসিতেছি, সেই জন্যই আমাদেরও এই দারুণ ও গুরুতর দুরবস্থা উপস্থিত হইয়াছে ॥২৮॥

এই বিপদে আমার বুদ্ধি বিকল হইয়া গিয়াছে; সুতরাং আমি চিন্তা করিতে থাকিলেও আমার বুদ্ধি নিজের মঙ্গল বুঝিতেছে না ॥২৯॥

CENTRAL LIBRARY

মুহ্যতা তু মনুষ্যেণ প্রষ্টব্যাঃ সুহৃদো জনাঃ।
তত্রাস্য বুদ্ধির্বিনয়স্তত্র শ্রেয়শ্চ পশ্যতি ॥৩০॥
ততোঽস্য মূলং কার্য্যাণাং বুদ্ধ্যা নিশ্চিত্য বৈ বুধাঃ।
তেঽত্র পৃষ্টা যথা ব্রূয়ুস্তৎ কর্ত্তব্যং তথা ভবেৎ ॥৩১॥
তে বয়ং ধৃতরাষ্ট্রঞ্চ গান্ধারীঞ্চ সমেত্য হ।
উপপৃচ্ছামহে গত্বা বিদুরঞ্চ মহামতিম্ ॥৩২॥
তে পৃষ্টাস্তু বদেয়ুর্যৎ শ্রেয়ো নঃ সমনন্তরম্।
তদস্মাভিঃ পুনঃ কার্য্যমিতি মে নৈষ্ঠিকী মতিঃ।
অনারম্ভাত্তু কার্য্যাণাং নার্থঃ সম্পদ্যতে ক্বচিৎ ॥৩৩॥
কৃতে পুরুষকারে চ যেষাং কার্য্যং ন সিধ্যতি।
দৈবেনোপহতাস্তে তু নাত্র কার্য্যা বিচারণা ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়ং বৈয়াসিক্যাং সৌপ্তিক-
পর্ব্বণি সুপ্তবধে দ্রৌণিকৃপসংবাদে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মুহ্যতেতি। মুহ্যতা কর্ত্তব্যেঽর্থে সন্দিহানেন। তত্র সুহৃদুপদেশে সতি, বিনয়ঃ শিক্ষা ॥৩০॥
তত ইতি। মূলমুপায়ম্। কর্ত্তব্যং নিযোজ্যপুরুষস্য ॥৩১॥
ইদানীং স্বমতমাহ ত ইতি। উপপৃচ্ছামহে ইদানীন্তনমস্মাকং কর্ত্তব্যম্ ॥৩২॥
ত ইতি। নৈষ্ঠিকী নিশ্চিতা। অর্থঃ ফলম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

মানুষ মোহাপন্ন হইয়া সুহৃজ্জনের নিকট কর্ত্তব্যবিষয় জিজ্ঞাসা করিবে। সেই সুহৃজ্জনের উপদেশ পাইলে তাহার প্রকৃতবুদ্ধি ও উপায় উদ্ভাবনের ক্ষমতা আপনা হইতে উপস্থিত হয় এবং তখন সে নিজেই নিজের মঙ্গল দেখিতে পায় ॥৩০॥

মানুষ কর্ত্তব্যবিষয়ে সন্দিহান হইয়া সুহৃজ্জনের নিকট জিজ্ঞাসা করিলে, তাঁহারা কার্য্যের উপায় স্থির করিয়া যে প্রকার বলিবেন মানুষ সেই প্রকারে কার্য্য করিবে ॥৩১॥

অতএব আইস, আমরা মিলিত হইয়া যাইয়া ধৃতরাষ্ট্র, গান্ধারী ও মহামতি বিদুরের নিকট কর্ত্তব্যবিষয় জিজ্ঞাসা করি ॥৩২॥

আমরা তাঁহাদের নিকট জিজ্ঞাসা করিলে পর, তাঁহারা আমাদের যে হিতের কথা বলিবেন তাহাই আমাদের কর্ত্তব্য হইবে ইহাই আমার স্থির ধারণা। কার্য্য আরম্ভ না করিলে কখন ফল না ॥৩৩॥

CENTRAL LIBRARY

পঞ্চমোঽধ্যায়ঃ।

———:০:———

সঞ্জয় উবাচ।

কৃপস্য বচনং শ্রুত্বা ধর্ম্মার্থসহিতং শুভম্।
অশ্বত্থামা মহারাজ! দুঃখশোকসমন্বিতঃ ॥১॥
দহ্যমানস্তু শোকেন প্রদীপ্তেনাগ্নিনা যথা।
ক্রূরং মনস্ততঃ কৃত্বা তাবুভৌ প্রত্যভাষত ॥২॥ (যুগ্মকম্)
পুরুষে পুরুষে বুদ্ধির্যা যা ভবতি শোভনা।
তুষ্যন্তি চ পৃথক্ সর্ব্বে প্রজ্ঞয়া তে স্বয়া স্বয়া ॥৩॥
সর্ব্বো হি মন্যতে লোক আত্মানং বুদ্ধিমত্তরম্।
সর্ব্বস্যাত্মা বহুমতঃ সর্ব্বোঽত্মানং প্রশংসতি ॥৪॥

ভারতকৌমুদী

কৃত ইতি। উপহতা নিষ্ফলীকৃতচেষ্টাঃ। অতঃ খলু দুর্য্যোধনঃ সর্ব্বথা দৈবেনৈবোপহত ইতি প্রবন্ধাশয়ঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি সুপ্তবধে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

শরবর্ষৈশ্চ বিবিধৈরবর্ষচ্ছাত্রবাংস্ততঃ ॥৮০॥
পুনশ্চ সুবিচিত্রেণ শতচন্দ্রেণ চর্ম্মণা।
তেন চাকাশবর্ণেন তদাচরত সোঽসিনা ॥৮১॥
তথা স শিবিরং তেষাং দ্রৌণিরাহবদুর্ম্মদঃ।
ব্যক্ষোভয়ত রাজেন্দ্র! মহাহ্রদমিব দ্বিপঃ ॥৮২॥
উৎপেতুস্তেন শব্দেন যোধা রাজন্! বিচেতসঃ।
নিদ্রার্ত্তাশ্চ ভয়ার্ত্তাশ্চ ব্যধাবন্ত ততস্ততঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

তত ইতি। আস্থিত আরূঢ়ঃ। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥৭৮॥
পুনরিতি। উৎপততঃ প্রহারেণ পতিত্বা উত্তিষ্ঠতঃ। কালরাত্র্যৈ ন্যবেদয়দ্ব্যনাশয়ৎ ॥৭৯॥
তথেতি। স্যন্দনস্য স্বরথস্য অগ্রেণ সম্মুখভাগেন, বিধাবতি দ্রুতং চরতি স্ম ॥৮০॥
পুনরিতি। আকাশবর্ণেন আকাশবন্নির্ম্মলেন, অসিনা খড়্গেন চ বিশিষ্টঃ ॥৮১॥
তথেতি। ব্যক্ষোভয়ত ব্যলোড়য়ৎ। দ্বিপো হস্তী ॥৮২॥

তদনন্তর অশ্বত্থামা গুরুতর শব্দকারী রথে আরোহণপূর্ব্বক ধনু ধারণ করিয়া বাণদ্বারা অপর কতকগুলি যোদ্ধাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৭৮॥

নরশ্রেষ্ঠেরা অশ্বত্থামার প্রহারে ভূতলে পতিত হইয়া, আবার উঠিতে লাগিলে এবং অন্য বীরেরা আসিতে থাকিলে, সেই দূরবর্ত্তীদিগকেও অশ্বত্থামা বিনাশ করিতে লাগিলেন ॥৭৯॥

সেইরূপই অশ্বত্থামা রথসম্মুখদ্বারা আলোড়ন করিতে থাকিয়া, বেগে বিচরণ করিতে থাকিলেন এবং নানাবিধ বাণদ্বারা শত্রুগণকে পীড়ন করিতে লাগিলেন ॥৮০॥

পুনরায় অশ্বত্থামা শতচন্দ্রচিহ্নযুক্ত বিচিত্র চর্ম্ম এবং আকাশের ন্যায় নির্ম্মল তরবারি ধারণ করিয়া বিচরণ করিতে থাকিলেন ॥৮১॥

রাজশ্রেষ্ঠ! হস্তী যেমন বিশাল হ্রদ আলোড়ন করে, সেইরূপ যুদ্ধদুর্দ্ধর্ষ অশ্বত্থামা পাণ্ডবশিবির আলোড়ন করিতে লাগিলেন ॥৮২॥

(৮০)·· প্রমথন্ স ব্যরোচত···নি।

CENTRAL LIBRARY

বিস্বরং চুক্রুশুশ্চান্যে বহ্বববদ্ধং তথাবদন্।
ন চ স্ম প্রত্যপদ্যন্ত শস্ত্রাণি বসনানি চ ॥৮৪॥
বিমুক্তকেশাশ্চাপ্যন্যে নাভ্যজানন্ পরস্পরম্।
উৎপতন্তোঽপতঞ্ছান্তাঃ কেচিত্তত্রাভ্রমংস্তথা ॥৮৫॥
পুরীষমসৃজন্ কেচিৎ কেচিন্মূত্রং প্রসুস্রুবুঃ।
বন্ধনানি চ রাজেন্দ্র! সংছিদ্য তুরগা দ্বিপাঃ ॥৮৬॥
সমং পর্য্যপতংশ্চান্যে কুর্ব্বন্তো মহদাকুলম্।
তত্র কেচিন্নরা ভীতা ব্যলীয়ন্ত মহীতলে।
তথৈব তান্ নিপতিতানপিংষন্ গজবাজিনঃ ॥৮৭॥
তস্মিংস্তথা বর্ত্তমানে রক্ষাংসি পুরুষর্ষভ!।
হৃষ্টানি ব্যনদন্নুচ্চৈর্মুদা ভরতসত্তম! ॥৮৮॥

ভারতকৌমুদী

উদিতি। উৎপেতুঃ শয়নাদুত্তস্থুঃ, বিচেতসো নিদ্রান্ধতয়া বিশিষ্টচেতনাহীনাঃ ॥৮৩॥
বিস্বরমিতি। বিস্বরং বিকৃতস্বরং যথা স্যাত্তথা চুক্রুশুরাজুহুবুঃ; অবদ্ধমসংবদ্ধম্ ॥৮৪॥
বিমুক্তেতি। উৎপতন্তঃ শয়নাদুত্তিষ্ঠন্ত এব দ্রৌণিপ্রহারেণাপতন্ ॥৮৫॥
পুরীষমিতি। পুরীষং বিষ্ঠাম্, অসৃজন্ অমুঞ্চন্ ॥৮৬॥
সমমিতি। মহৎ শিবিরম্। ব্যলীয়ন্ত ন্যপতন্ত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৭॥

রাজা! তখন অনেক যোদ্ধা অচেতনপ্রায় অবস্থায় শয্যা হইতে উঠিতে লাগিল এবং নিদ্রান্ধ ও ভয়ার্ত্ত হইয়া ছুটাছুটি করিতে থাকিল ॥৮৩॥

অনেকে বিকৃতস্বরে আত্মীয়গণকে আহ্বান করিতে লাগিল এবং বহুলোক অনেক অসংবদ্ধ কথা বলিতে থাকিল; কিন্তু তাহারা নিদ্রার আবেশে আপনাদের অস্ত্র ও বস্ত্র খুঁজিয়া পাইতে লাগিল না ॥৮৪॥

মুক্তকেশ কতকগুলি লোক নিদ্রার আবেশে পরস্পরকে চিনিতে পারিল না, অনেক লোক শয্যা হইতে উঠিতে থাকিয়া অশ্বত্থামার প্রহারে আবার পতিত হইতে থাকিল এবং অনেকে পরিশ্রান্ত হইয়া ভ্রমণ করিতে লাগিল ॥৮৫॥

রাজশ্রেষ্ঠ! হস্তী ও অশ্বগণ বন্ধন ছেদন করিয়া ভয়ে মল-মূত্র ত্যাগ করিতে থাকিল ॥৮৬॥

অনেক লোক বিশাল পাণ্ডবশিবিরকে আকুল করিতে থাকিয়া যুগপৎ নানা-দিকে ধাবিত হইতে থাকিল, কতকগুলি লোক ভীত হইয়া ভূতলে লুক্কায়িত হইল; সেই সময় হস্তী ও অশ্বগণ তাহাদিগকে নিষ্পেষণ করিতে লাগিল ॥৮৭॥

স শব্দঃ পূরিতো রাজন্! ভূতসংঘৈর্মুদাযুতৈঃ।
অপূরয়দ্দিশঃ সর্ব্বা দিবঞ্চাতিমহাস্বনঃ ॥৮৯॥
তেষামার্ত্তস্বরং শ্রুত্বা বিত্রস্তা গজবাজিনঃ।
মুক্তাঃ পর্য্যপতন্ রাজন্! মৃদ্নন্তঃ শিবিরে জনান্ ॥৯০॥
তৈস্তত্র পরিধাবদ্ভিশ্চরণোদীরিতং রজঃ।
অকরোচ্ছিবিরে তেষাং রজন্যাং দ্বিগুণং তমঃ ॥৯১॥
তস্মিংস্তমসি সঞ্জাতে প্রমূঢ়াঃ শিবিরে জনাঃ।
নাজানন্ পিতরঃ পুত্রান্ ভ্রাতৄন্ ভ্রাতর এব চ ॥৯২॥
গজা গজানতিক্রম্য নির্মনুষ্যান্ হয়া হয়ান্।
অতাড়য়ংস্তথাভঞ্জংস্তথামৃদংশ্চ ভারত! ॥৯৩॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তস্মিন্ জনক্ষয়ে। রক্ষাংসীতি মাংসভোজিপ্রাণিমাত্রপরম্ ॥৮৮॥
স ইতি। পূরিতঃ সশব্দেন বর্দ্ধিতঃ, অতএব মহাস্বনো মহাশব্দতয়া পরিণতঃ ॥৮৯॥
তেষামিতি। মুক্তা বন্ধনাৎ স্খলিতাঃ সন্তঃ, পর্য্যপতন্ সমন্তাদধাবন্ ॥৯০॥
তৈরিতি। চরণৈঃ উদীরিতম্ উত্তোলিতম্, রজো ধূলিঃ ॥৯১॥
তস্মিন্নিতি। প্রমূঢ়া দৃষ্টিশক্তিহীনতয়া প্রকৃতনির্ণয়াক্ষমচিত্তাঃ ॥৯২॥

ভারতভাবদীপঃ

প্রকারৈরেব রক্তোক্ষিতো ন তু স্বদেহস্তাত্তেন প্রহারাদিত্যর্থঃ ॥৪০—৫৪॥ ফলকেহতাড়য়দিত্যন্বয়ঃ ॥৫৫—৭৪॥ পাণ্ডুসৃঞ্জয়ান্ পাণ্ডবসম্বন্ধিনঃ সৃঞ্জয়ান্, পাণ্ডোর্গোত্রাপত্যানি সৃঞ্জয়াশ্চ

ভরতবংশপ্রধান পুরুষশ্রেষ্ঠ! সেইরূপ লোকক্ষয় চলিতে লাগিলে, মাংসভোজী প্রাণীরা আনন্দিত হইয়া উচ্চস্বরে নানাবিধ রব করিতে থাকিল ॥৮৮॥

রাজা! আনন্দিত প্রাণীরা সেই শব্দকে বর্দ্ধিত করিলে, তাহা মহাশব্দে পরিণত হইয়া সমস্ত দিক্ ও আকাশ পূর্ণ করিতে লাগিল ॥৮৯॥

রাজা! তাহাদের আর্ত্তনাদ শুনিয়া হস্তী ও অশ্বগণ ভীত ও বন্ধনমুক্ত হইয়া, শিবিরমধ্যে নিদ্রিত মনুষ্যগণকে নিষ্পেষণ করিতে থাকিয়া, সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥৯০॥

সেগুলি সকল দিকে ধাবিত হইতে লাগিলে, তাহাদের পদাঘাতে ধূলি উত্থিত হইয়া শিবিরের অন্ধকারকে দ্বিগুণ করিয়া ফেলিল ॥৯১॥

সেইরূপ অন্ধকার জন্মিলে শিবিরের লোকদিগের মধ্যে পিতারা পুত্রদিগকে এবং ভ্রাতারা ভ্রাতৃগণকে আর চিনিতে পারিল না ॥৯২॥

(৮৯) স শব্দঃ প্রেরিতো রাজন্—পি বা নি। (৯৩)···নির্মনুষ্যা···নি।

CENTRAL LIBRARY

তে ভগ্নাঃ প্রপতন্তি স্ম নিঘ্নন্তশ্চ পরস্পরম্ ।
ন্যপাতয়ংস্তথা চান্যান্ পাতয়িত্বা তদাপিষন্ ॥৯৪॥
বিচেতসঃ সনিদ্রাশ্চ তমসা চাবৃতা নরাঃ ।
জঘ্নুঃ স্বানেব তত্রাথ কালেনাভিপ্রচোদিতাঃ ॥৯৫॥
ত্যক্ত্বা দ্বারাণি চ দ্বাস্থাস্তথা গুল্মানি গৌল্মিকাঃ ।
প্রাদ্রবন্ত যথাশক্তি কান্দিশীকা বিচেতসঃ ॥৯৬॥
বিপ্রনষ্টাশ্চ তেঽন্যোন্যং নাজানন্তস্তথা বিভো ! ।
ক্রোশন্তস্তাত ! পুত্রেতি দৈবোপহতচেতসঃ ॥৯৭॥
পলায়তাং দিশস্তেষাং তানপ্যুৎসৃজ্য বান্ধবান্ ।
গোত্রনামভিরন্যোন্যমাক্রন্দন্ত ততো জনাঃ ॥৯৮॥

ভারতকৌমুদী

গজা ইতি। নির্মনুষ্যান্ নিয়ামকমনুষ্যশূন্যান্। অমৃদ্নন্ অপিংষন্ ॥৯৩॥

ত ইতি। ভগ্না সঙ্ঘচ্যুতাঃ, প্রপতন্তি পরিধাবন্তি। অপিষন্ অপিংষন্ ॥৯৪॥

বিচেতস ইতি। বিচেতসো বিকৃতচিত্তাঃ। কালেন অভিপ্রচোদিতাঃ প্রেরিতাঃ সন্তঃ ॥৯৫॥

ত্যক্ত্বেতি। দ্বাস্থাঃ দৌবারিকাঃ দ্বারাণি, গৌল্মিকাঃ সেনাবিভাগরক্ষকাশ্চ গুল্মানি সেনাবিভাগান্ ত্যক্ত্বা বিচেতসো ভয়বিমূঢ়চিত্তাঃ, অতএব কাং দিশং গচ্ছাম ইতি কান্দিশীকাঃ সন্তঃ ; যথাশক্তি প্রাদ্রবন্ত দ্রুতমগচ্ছন্। কান্দিশীকা ইতি পৃষোদরাদিত্বাৎ সাধু ॥৯৬॥

বিপ্রেতি। বিপ্রনষ্টা অদর্শনং গতাঃ। ক্রোশন্ত আহ্বয়ন্তঃ ॥৯৭॥

ভরতনন্দন ! হস্তী ও অশ্বগণ মনুষ্যবিহীন হস্তী ও অশ্বদিগকে অতিক্রম করিয়া তাড়ন, ভঞ্জন ও নিষ্পেষণ করিতে লাগিল ॥৯৩॥

সেই হস্তী ও অশ্বগণ সঙ্ঘচ্যুত হইয়া সকল দিকে ছুটাছুটি করিতে লাগিল, পরস্পর আঘাত করিয়া নিপাতিত করিতে থাকিল এবং নিপাতিত করিয়া নিষ্পেষণ করিতে লাগিল ॥৯৪॥

নিদ্রোত্থিত, বিকৃতচিত্ত ও অন্ধকারাচ্ছন্ন লোকেরা এবং নিদ্রাবেশযুক্ত ব্যক্তিরা কালকর্ত্তৃক প্রেরিত হইয়া স্বপক্ষীয় লোকদিগকেই নিহত করিতে লাগিল ॥৯৫॥

দৌবারিকেরা দ্বার এবং সেনাবিভাগরক্ষকেরা স্ব স্ব সেনাবিভাগ পরিত্যাগ করিয়া ভয়াকুলচিত্ত ও 'কোন্ দিকে যাইব' এইরূপ বিমুগ্ধ হইয়া শক্তি অনুসারে বেগে চলিতে লাগিল ॥৯৬॥

রাজা ! তাহারা কর্ত্তব্যবিমূঢ় হইয়া পরস্পরকে চিনিতে না পারিয়া 'তাত ! পুত্র !' এইরূপ আহ্বান করিতে থাকিয়া অদৃশ্য হইতে লাগিল ॥৯৭॥

CENTRAL LIBRARY

হাহাকারঞ্চ কুর্ব্বাণাঃ পৃথিব্যাং শেরতে পরে।
তান্ বুদ্ধা রণমধ্যেঽসৌ দ্রোণপুত্রো ন্যপাতয়ৎ ॥৯৯॥
তত্রাপরে বধ্যমানা মুহুর্মুহুরচেতসঃ।
শিবিরান্নিষ্পতন্তি স্ম ক্ষত্রিয়া ভয়পীড়িতাঃ ॥১০০॥
তাংশ্চ নিষ্পততস্ত্রস্তান্ শিবিরাজ্জীবিতৈষিণঃ।
কৃতবর্ম্মা কৃপশ্চৈব দ্বারদেশে নিজঘ্নতুঃ ॥১০১॥
বিশস্ত্রযন্ত্রকবচান্মুক্তকেশান্ কৃতাঞ্জলীন্।
বেপমানান্ ক্ষিতৌ ভীতান্নৈব কাংশ্চিদমুঞ্চতাম্ ॥১০২॥

ভারতকৌমুদী

পলায়তামিতি। পলায়তাং পলায়মানানাম্। আক্রন্দন্ত আহ্বয়ন্ত ॥৯৮॥
হাহেতি। বুদ্ধা শয়িতত্বেনাবগম্য, ন্যপাতয়ৎ ব্যনাশয়ৎ ॥৯৯॥
তত্রেতি। অচেতসঃ কর্ত্তব্যবিমূঢ়চিত্তাঃ। নিষ্পতন্তি নির্গচ্ছন্তি ॥১০০॥
তানিতি। জীবিতৈষিণো জীবনরক্ষণার্থিনঃ ॥১০১॥
বীতি। বিগতানি শস্ত্রাণি যন্ত্রাণি রথাদীনি কবচানি চ যেষাং তান্। অমুঞ্চতাং কৃতকৃপবর্ম্মাণৌ ॥১০২॥

তাহারা আপন আপন বান্ধবদিগকেও পরিত্যাগ করিয়া নানাদিকে পলায়ন করিতে লাগিলে, অন্যান্য লোকেরা গোত্র ও নাম ধরিয়া তাহাদিগকে আহ্বান করিতে লাগিল ॥৯৮॥

অন্য লোকেরা হাহাকার করিতে থাকিয়া ভয়ে ভূতলে শয়ন করিতে থাকিল, তখন অশ্বত্থামা তাহাদিগকে শয়িত জানিয়া বধ করিতে লাগিলেন ॥৯৯॥

অন্য ক্ষত্রিয়েরা অনবরত নিহত হইতে থাকিয়া, বিমুগ্ধ ও ভয়ে আকুল হইয়া শিবির হইতে নির্গত হইতে লাগিলেন ॥১০০॥

তাঁহারা ভীত হইয়া প্রাণ রক্ষা করিবার ইচ্ছা করিয়া, শিবির হইতে নির্গত হইতে লাগিলে, কৃতবর্ম্মা ও কৃপাচার্য্য দ্বারদেশে তাঁহাদিগকে বধ করিতে লাগিলেন ॥১০১॥

কেহ কেহ নিরস্ত্র, বাহনশূন্য ও বর্ম্মবিহীন হইয়া দ্বারদেশে আসিতে লাগিল, কেহ কেহ মুক্তকেশে দ্বারদেশে উপস্থিত হইতে থাকিল, কেহ কেহ কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইল এবং কেহ কেহ ভয়ে কাঁপিতে লাগিল; কিন্তু কৃপ ও কৃতবর্ম্মা কাহাকেও ছাড়িতে লাগিলেন না ॥১০২॥

(৯৯)···ব্যপোথয়ৎ···বা নি। (১০২) বিস্তত্রযন্ত্রকবচান্—নি।

CENTRAL LIBRARY

নামুচ্যত তয়োঃ কশ্চিৎ নিষ্ক্রান্তঃ শিবিরাদ্বহিঃ।
কৃপস্য চ মহারাজ! হার্দ্দিক্যস্য চ দুর্ম্মতেঃ ॥১০৩॥
ভূয়শ্চৈব চিকীর্ষন্তৌ দ্রোণপুত্রস্য তৌ প্রিয়ম্।
ত্রিষু দেশেষু দদতুঃ শিবিরস্য হুতাশনম্ ॥১০৪॥
ততঃ প্রকাশে শিবিরে খড়্গেন পিতৃনন্দনঃ।
অশ্বত্থামা মহারাজ! ব্যচরৎ কৃতহস্তবৎ ॥১০৫॥
কাংশ্চিদাপততো বীরানপরাংশ্চৈব ধাবতঃ।
ব্যযোজয়ত খড়্গেন প্রাণৈর্দ্বিজবরোত্তমঃ ॥১০৬॥
কাংশ্চিদ্‌যোধান্ স খড়্গেন মধ্যে সংছিদ্য বীর্য্যবান্।
অপাতয়দ্‌দ্রোণপুত্রঃ সংরব্ধস্তিলকাণ্ডবৎ ॥১০৭॥
বিনদদ্ভির্ভূশায়স্তৈর্নরাশ্বদ্বিরদোত্তমৈঃ।
পতিতৈরভবৎ কীর্ণা মেদিনী ভরতর্ষভ! ॥১০৮॥

ভারতকৌমুদী

নেতি। দুর্ম্মতিত্বঞ্চানয়োর্নিরস্ত্রাদীনাং বধপ্রবৃত্তেরিতি ভাবঃ ॥১০৩॥
ভূয় ইতি। চিকীর্ষন্তৌ কর্ত্তুমিচ্ছন্তৌ। ত্রিষু দেশেষ্বিতি সমস্তস্যৈব দহনায় ॥১০৪॥
তত ইতি। প্রকাশে অগ্নিনা আলোকময়ীকৃতে। কৃতহস্তবৎ শিক্ষিতহস্ত ইব ॥১০৫॥
কাংশ্চিদিতি। আপতত আগচ্ছতঃ। দ্বিজবরোত্তম অশ্বত্থামা ॥১০৬॥
কাংশ্চিদিতি। সংরব্ধঃ ক্রুদ্ধঃ, তিলকাণ্ডবৎ তিলদণ্ডবৎ ॥১০৭॥

মহারাজ! তৎকালে শিবিরের বাহিরে নির্গত কোন ব্যক্তিই দুর্ম্মতি কৃপ ও কৃতবর্ম্মার নিকট মুক্তি পাইল না ॥১০৩॥

বিশেষতঃ কৃপ ও কৃতবর্ম্মা অশ্বত্থামার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করিয়া, শিবিরের তিনটা স্থানে অগ্নিসংযোগ করিয়া দিলেন ॥১০৪॥

মহারাজ! তাহার পর সমগ্র শিবিরটাই আলোকময় হইয়া উঠিলে, পিতার আনন্দকারী অশ্বত্থামা শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় খড়্গহস্তে বিচরণ করিতে লাগিলেন ॥১০৫॥

কেহ কেহ আসিতে লাগিলে এবং কেহ কেহ ভাবিত হইতে থাকিলে, অশ্বত্থামা খড়্গদ্বারা তাহাদের সকলকেই প্রাণহীন করিতে থাকিলেন ॥১০৬॥

ক্রুদ্ধ ও বলবান্ অশ্বত্থামা খড়্গদ্বারা তিলদণ্ডের ন্যায় কোন কোন যোদ্ধার শরীরের মধ্যভাগই ছেদন করিতে লাগিলেন ॥১০৭॥

(১০৭) অপাতয়দ্‌দ্রোণপুত্রঃ—বা নি।

CENTRAL LIBRARY

মানুষাণাং সহস্রেষু হতেষু পতিতেষু চ।
উদতিষ্ঠন্ কবন্ধানি বহূন্যুত্থায় চাপতন্ ॥১০৯॥
সায়ুধান্ সাঙ্গদান্ বাহূন্ বিচকর্ত্ত শিরাংসি চ।
হস্তিহস্তোপমান্ ঊরূন্ হস্তান্ পাদাংশ্চ ভারত! ॥১১০॥
পৃষ্ঠচ্ছিন্নান্ শিরশ্ছিন্নান্ পার্শ্বচ্ছিন্নাংস্তথাপরান্।
স মহাত্মাকরোদ্দ্রৌণিঃ কাংশ্চিচ্চাপি পরাঙ্মুখান্ ॥১১১॥
মধ্যদেশে নরানন্যাংশ্চিচ্ছেদান্যাংশ্চ কর্ণতঃ।
অংসদেশে নিহত্যান্যান্ কায়ে প্রাবেশয়চ্ছিরঃ ॥১১২॥
এবং বিচরতস্তস্য নিঘ্নতঃ সুবহূন্ নরান্।
তমসা রজনী ঘোরা বভৌ দারুণদর্শনা ॥১১৩॥

ভারতকৌমুদী

বীতি। ভৃশায়ন্তৈঃ ধাবনাদিনা অতীবশ্রান্তৈঃ। কীর্ণা ব্যাপ্তা, মেদিনী শিবিরভূমিঃ ॥১০৮॥
মানুষাণামিতি। কবন্ধানি শিরোবিহীনশরীরাণি ॥১০৯॥
সায়ুধানিতি। বিচকর্ত্ত চিচ্ছেদ। হস্তিহস্তোপমান্ হস্তিশুণ্ডাতুল্যান্ ॥১১০॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠে ছিন্নান্ পৃষ্ঠচ্ছিন্নান্। এবমন্যত্র। মহাত্মা শত্রুসংহারে মহাযত্নঃ ॥১১১॥
মধ্যেতি। অংসদেশে স্কন্ধস্থানে। প্রাবেশয়ৎ হস্তভরেণ ॥১১২॥
এবমিতি। তস্য অশ্বত্থাম্নঃ। তমসা, তদানীমমাবস্যাতিথিবশাদিতি ভাবঃ ॥১১৩॥

ভরতশ্রেষ্ঠ! তৎকালে অত্যন্ত পরিশ্রান্ত হস্তী, অশ্ব ও মনুষ্যেরা আর্ত্তনাদ করিতে থাকিয়া পতিত হইতে লাগিল; তাহাতে শিবিরভূমি আবৃত হইয়া গেল ॥১০৮॥

সহস্র সহস্র মনুষ্য নিহত হইয়া পতিত হইতে লাগিলে, বহুতর কবন্ধ উঠিতে লাগিল এবং উঠিয়া আবার পতিত হইতে থাকিল ॥১০৯॥

ভরতনন্দন! ক্রমে অশ্বত্থামা তত্রত্য লোকদিগের অস্ত্র ও কেয়ূরযুক্ত বাহু, মস্তক, হস্তিশুণ্ডের তুল্য উরু, হস্ত ও চরণ ছেদন করিতে লাগিলেন ॥১১০॥

তৎকালে শত্রুসংহারে গুরুতর যত্নশীল অশ্বত্থামা অনেকের পৃষ্ঠ, কতকগুলির মস্তক ও বহু লোকের পার্শ্বদেশ ছেদন করিলেন এবং অপর কতকগুলি লোককে পরাঙ্মুখ অবস্থায় কাটিয়া ফেলিলেন ॥১১১॥

তিনি কাহারও কাহারও শরীরের মধ্যদেশ এবং কাহারও কাহারও কর্ণ হইতে ছেদন করিলেন, আর কাহারও কাহারও স্কন্ধদেশে আঘাত করিয়া মস্তকটাকে শরীরের ভিতরে প্রবেশ করাইয়া দিলেন ॥১১২॥

CENTRAL LIBRARY

কিঞ্চিৎপ্রাণৈশ্চ পুরুষৈর্হতৈশ্চান্যৈঃ সহস্রশঃ।
বহুনা চ গজাশ্বেন ভূরভূত্তীমদর্শনা ॥১১৪॥
যক্ষরক্ষঃসমাকীর্ণে রথাশ্বদ্বিপদারুণে।
ক্রুদ্ধেন দ্রোণপুত্রেণ সংছিন্নাঃ প্রাপতন্ ভুবি ॥১১৫॥
ভ্রাতৄনন্যে পিতৄনন্যে পুত্রানন্যে বিচুক্রুশুঃ।
কেচিদূচুর্ন তৎ ক্রুদ্ধৈর্ধার্ত্তরাষ্ট্রৈঃ কৃতং রণে ॥১১৬॥
যৎ কৃতং নঃ প্রসুপ্তানাং রক্ষোভিঃ ক্রূরকর্ম্মভিঃ।
অসান্নিধ্যাদ্ধি পার্থানামিদং নঃ কদনং কৃতম্ ॥১১৭॥
ন দেবাসুরগন্ধর্বৈর্ন যক্ষৈর্ন চ রাক্ষসৈঃ।
শক্যো বিজেতুং কৌন্তেয়ো গোপ্তা যস্য জনার্দ্দনঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

কিঞ্চিদিতি। কিঞ্চিৎপ্রাণৈঃ অশ্বত্থাম্নঃ প্রহারেণাল্পীভূতবলৈঃ ॥১১৪॥
যক্ষেতি। সপ্তম্যন্তদ্বয়ং শিবিরবিশেষণম্ ॥১১৫॥
ভ্রাতৄনিতি। বিচুক্রুশুঃ আহূতবন্তঃ। তৎ তাদৃশং কদনম্ ॥১১৬॥
যদিতি। প্রসুপ্তানাং নিদ্রিতানাম্। পার্থানাং পাণ্ডবানাম্, কদনং মহামারী ॥১১৭॥
অথ পার্থসান্নিধ্যে কঃ খল্বাশ্বাস ইত্যাহ নেতি। কৌন্তেয়োঽর্জ্জুনঃ, গোপ্তা রক্ষকঃ ॥১১৮॥

অশ্বত্থামা এইভাবে শত্রুসংহার করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলে, সেই ভীষণ রাত্রিটা অন্ধকারে আরও ভীষণাকার ধারণ করিল ॥১১৩॥

অশ্বত্থামার প্রহারে অনেকে কাতর হইয়া নিপতিত হইল, অন্য সহস্র সহস্র লোক নিহত হইয়া পড়িয়া গেল এবং বহুতর হস্তী ও অশ্ব ভূতলে শয়ন করিল; তাহাতে শিবিরভূমি ভীষণমূর্ত্তি হইয়া পড়িল ॥১১৪॥

যক্ষ, রাক্ষস, হস্তী, অশ্ব ও রথ বিনষ্ট হইতে থাকায় শিবিরভূমি ভীষণাকার ধারণ করিল; তাহাতে আবার অশ্বত্থামা যাহাদিগকে ছেদন করিতে লাগিলেন, তাহারাও পতিত হইতে থাকিল ॥১১৫॥

অনেকে ভ্রাতাদিগকে, বহুলোক পিতৃগণকে এবং কতকগুলি লোক পুত্রদিগকে ডাকিতে লাগিল; আর বহুলোক বলিতে থাকিল—'এইরূপ হত্যাকাণ্ড ধার্ত্তরাষ্ট্রেরা যুদ্ধে করিতে পারে নাই ॥১১৬॥

নৃশংসকার্য্যকারী রাক্ষসেরা নিদ্রিত অবস্থায় আমাদের যে হত্যাকাণ্ড করে নাই, পাণ্ডবগণ নিকটে না থাকায় অশ্বত্থামা আমাদের সেই হত্যাকাণ্ড করিল ॥১১৭॥

(১১৭)···ইদং বঃ কদনং কৃতম্—বা নি।

ব্রহ্মণ্যঃ সত্যবাগ্‌দান্তঃ সর্ব্বভূতানুকম্পকঃ।
ন চ সুপ্তং প্রমত্তং বা ন্যস্তশস্ত্রং কৃতাঞ্জলিম্।
ধাবন্তং মুক্তকেশং বা হন্তি পার্থো ধনঞ্জয়ঃ ॥১১৯॥
তদিদং নঃ কৃতং ঘোরং রক্ষোভিঃ ক্রূরকর্ম্মভিঃ।
ইতি লালপ্যমানাঃ স্ম শেরতে বহবো জনাঃ ॥১২০॥
স্তনতাঞ্চ মনুষ্যাণামপরেষাঞ্চ কূজতাম্।
ততো মুহূর্ত্তাৎ প্রাশাম্যৎ স শব্দস্তুমুলো মহান্ ॥১২১॥
শোণিতব্যতিষিক্তায়াং বসুধায়াঞ্চ ভূমিপ!।
তদ্রজস্তুমুলং ঘোরং ক্ষণেনান্তরধীয়ত ॥১২২॥
সঞ্চেষ্টমানানুদ্বিগ্নান্ নিরুৎসাহান্ সহস্রশঃ।
ন্যপাতয়ৎ নরান্ ক্রুদ্ধঃ পশূন্ পশুপতির্যথা ॥১২৩॥

ভারতকৌমুদী

ব্রহ্মণ্য ইতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতৈষী, দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ, প্রমত্তমনবহিতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৯॥

তদিতি। লালপ্যমানাঃ পুনঃ পুনর্লপন্তো বদন্তঃ, শেরতে স্ম ভূমৌ ॥১২০॥

স্তনতামিতি। স্তনতামার্ত্তনাদং কুর্ব্বতাম্, কূজতামব্যক্তং রুবতাম্ ॥১২১॥

শোণিতেতি। শোণিতব্যতিষিক্তায়াং রক্তাপ্লুতায়াম্। রজো ধূলিঃ ॥১২২॥

কৃষ্ণ যাঁহাকে রক্ষা করেন, সেই অর্জ্জুনকে দেবগণ, অসুরগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ ও রাক্ষসগণও জয় করিতে সমর্থ হন না ॥১১৮॥

ব্রাহ্মণহিতৈষী, সত্যবাদী, ইন্দ্রিয়দমনশীল এবং সর্ব্বভূতের প্রতি দয়াকারী পৃথানন্দন অর্জ্জুন, অসাবধান, নিদ্রিত, নিরস্ত্র, কৃতাঞ্জলি, পলায়মান ও মুক্তকেশ লোককে বধ করেন না ॥১১৯॥

নৃশংসকার্য্যকারী রাক্ষসেরাই সম্ভবতঃ আমাদের এই হত্যাকাণ্ড করিল'। এইরূপ বার বার বলিতে থাকিয়া, বহুলোক ভূতলে শয়ন করিতে লাগিল ॥১২০॥

অনেক লোক আর্ত্তনাদ করিতেছিল এবং বহুলোক কাতরকণ্ঠে অব্যক্ত রব করিতেছিল; কিন্তু মুহূর্ত্ত পরে সেই তুমুল ও বিশাল শব্দ নিবৃত্তি পাইল ॥১২১॥

রাজা! ক্রমে শিবিরভূমি রক্তপ্লাবিত হইয়া উঠিলে, পূর্ব্বোত্থিত সেই ভীষণ ও তুমুল ধূলিরাশি ক্ষণকালমধ্যেই তিরোহিত হইল ॥১২২॥

রুদ্র যেমন পশু সংহার করেন, সেইরূপ অশ্বত্থামা পলায়নোদ্যত, ভীত ও নিরুৎসাহ সহস্র সহস্র লোককে সংহার করিতে লাগিলেন ॥১২৩॥

CENTRAL LIBRARY

অন্যোন্যং সংপরিষ্বজ্য শয়ানান্ দ্রবতোঽপরান্।
সংলীনান্ যুধ্যমানাংশ্চ সর্ব্বান্ দ্রৌণিরপোথয়ৎ ॥১২৪॥
দহ্যমানা হুতাশেন বধ্যমানাশ্চ তেন তে।
পরস্পরং তদা যোধাননয়ন্ যমসাদনম্ ॥১২৫॥
তস্যা রজন্যাস্ত্বর্দ্ধেন পাণ্ডবানাং মহদ্বলম্।
গময়ামাস রাজেন্দ্র! দ্রৌণির্যমনিবেশনম্ ॥১২৬॥
নিশাচরাণাং সত্ত্বানাং রাত্রিঃ সা হর্ষবর্দ্ধিনী।
আসীৎ নরগজাশ্বানাং রৌদ্রী ক্ষয়করী ভৃশম্ ॥১২৭॥
তত্রাদৃশ্যন্ত রক্ষাংসি পিশাচাশ্চ পৃথগ্‌বিধাঃ।
খাদন্তো নরমাংসানি পিবন্তঃ শোণিতানি চ ॥১২৮॥

ভারতকৌমুদী

সমিতি। সঙ্কেষ্টমানাং পলায়িতুমিতি শেষঃ। হুপাতয়দশ্বত্থামেতি শেষঃ ॥১২৩॥

অন্যোন্যমিতি। সংপরিষ্বজ্য আলিঙ্গ্য, দ্রবতো দ্রুতং পলায়মানান্। সংলীনান্ লুক্কায়িতান্ ॥১২৪॥

দহ্যেতি। হুতাশেন শিবিরং দহতাগ্নিনা, তেন অশ্বত্থাম্না। তে ত্রয়ঃ ॥১২৫॥

তস্যা ইতি। দ্রৌণিরশ্বত্থামা, যমস্য নিবেশনং ভবনম্ ॥১২৬॥

নিশেতি। সত্ত্বানাং প্রাণিনাম্। রৌদ্রী ভীষণা ॥১২৭॥

যাহারা পরস্পর আলিঙ্গন করিয়া শয়ন করিয়াছিল, যাহারা বেগে পলায়ন করিতেছিল, যাহারা লুক্কায়িত হইয়াছিল এবং যাহারা যুদ্ধ করিতেছিল, তাহাদের সকলকেই অশ্বত্থামা বিনাশ করিলেন ॥১২৪॥

শিবিরের অগ্নি কতকগুলিকে দগ্ধ করিতেছিল এবং অশ্বত্থামা কতকগুলিকে বধ করিতেছিলেন (আর দ্বারদেশে কৃপ ও কৃতবর্ম্মা অনেককে সংহার করিতেছিলেন), এইভাবে তাঁহারা পরস্পর যোদ্ধাদিগকে যমালয়ে পাঠাইতে লাগিলেন ॥১২৫॥

রাজশ্রেষ্ঠ! এইভাবে অশ্বত্থামা সেই রাত্রির অর্দ্ধকালমধ্যেই পাণ্ডবগণের বিশাল সৈন্যকে যমালয়ে প্রেরণ করিলেন ॥১২৬॥

সেই রাত্রিটা নিশাচর প্রাণিগণের আনন্দবর্দ্ধন করিতে লাগিল এবং হস্তী, অশ্ব ও মনুষ্যগণের গুরুতর ক্ষয় জন্মাইতে থাকিয়া ভীষণ হইয়া পড়িল ॥১২৭॥

তখন দেখা গেল—নানাবিধ রাক্ষস ও পিশাচ সকল নরমাংস ভক্ষণ ও নররক্ত পান করিতেছে ॥১২৮॥

(১২৫) দহ্যমানান্ হুতাশেন বধ্যমানাংশ্চ তেন তে। পরস্পরং তদা যোধাননয়দ্যমসাদনম্॥ বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

করালাঃ পিঙ্গলা রৌদ্রাঃ শৈলদন্তা রজস্বলাঃ।
জটিলা দীর্ঘসক্থাশ্চ পঞ্চপাদা মহোদরাঃ ॥১২৯॥
পশ্চাদঙ্গুলয়ো রূক্ষা বিরূপা ভৈরবস্বনাঃ।
ঘণ্টাজালাববদ্ধাশ্চ নীলকণ্ঠা বিভীষণাঃ ॥১৩০॥
সপুত্রদারাঃ সুক্রূরাঃ সুদুর্দ্দর্শাঃ সুনির্ঘৃণাঃ।
বিবিধানি চ রূপাণি তত্রাদৃশ্যন্ত রক্ষসাম্ ॥১৩১॥ (বিশেষকম্)
পীত্বা চ শোণিতং হৃষ্টাঃ প্রানৃত্যন্ গণশঃ পরে।
ইদং পরমিদং মেধ্যমিদং স্বাদ্বিতি চাব্রুবন্ ॥১৩২॥
মেদোমজ্জাস্থিরক্তানাং বসানাঞ্চ ভৃশাশিতাঃ।
পরে মাংসানি খাদন্তঃ ক্রব্যাদা মাংসজীবিনঃ ॥১৩৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। অদৃশ্যন্ত তত্রত্যৈর্জনৈঃ ॥১২৮॥

করালা ইতি। করালা বিকটাঃ, শৈলাঃ পর্ব্বতা ইব দন্তা যেষাং তে, রজস্বলা ধূলিধূসরাঙ্গাঃ। দীর্ঘানি সক্থিনী উরবো যেষাং তে। পশ্চাৎ পশ্চান্মুখ্যঃ অঙ্গুলয়ো যেষাং তে। ঘণ্টানাং কিঙ্কিণীনাং জালেন অববদ্ধা বেষ্টিতাঙ্গাঃ। সুনির্ঘৃণা অতীবনির্দ্দয়াঃ ॥১২৯—১৩১॥

পীত্বেতি। পরমুৎকৃষ্টম্, মেধ্যং পবিত্রম্, স্বাদু মধুরম্ ॥১৩২॥

আবার দেখা গেল—রাক্ষসগণের মধ্যে অনেকের বিকটমূর্ত্তি, অনেকের পিঙ্গলবর্ণ, অনেকের ভীষণ আকার, অনেকের দন্ত সকল পর্ব্বতের ন্যায় বৃহৎ বৃহৎ, অনেকের অঙ্গ ধূলিধূসর, অনেকের মস্তকে জটা, অনেকের উরুযুগল দীর্ঘ, কতকগুলির পাঁচখানা করিয়া পা, কতকগুলির উদর বৃহৎ, কতকগুলির অঙ্গুলি সকল পশ্চান্মুখ, কতকগুলির আকৃতি রূক্ষ, কতকগুলির আকার বিকৃত, কতকগুলির কণ্ঠস্বর ভীষণ, কতকগুলির কটিদেশে কিঙ্কিণীর মালা, কতকগুলির কণ্ঠদেশ নীলবর্ণ এবং কতকগুলি পুত্র ও কলত্রদের সহিত মিলিত, সকলেই অতিভীষণ, অতিনৃশংস, অতিদুর্দৃশ্য ও অতিনির্দ্দয় ছিল; এতদ্ভিন্ন রাক্ষসগণের অন্য প্রকারও অনেক দেখা যাইতেছিল ॥১২৯—১৩১॥

সেই রাক্ষসেরা রক্তপান করিয়া আনন্দিত হইয়া দলে দলে বিকট নৃত্য করিতে লাগিল এবং অন্য রাক্ষসেরা বলিতে থাকিল—'ইহা উৎকৃষ্ট, ইহা পবিত্র, এবং ইহা সুস্বাদু' ॥১৩২॥

(১৩০)···গজাননাশ্চ হ্রস্বাশ্চ নীলবর্ণা···বা নি। (১৩৩)···পরমাংসানি—পি বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

বসাশ্চৈবাপরে পীত্বা পর্য্যধাবন্ বিকুক্ষিকাঃ।
নানাবক্ত্রাস্তথা রৌদ্রাঃ ক্রব্যাদাঃ পিশিতাশিনঃ ॥১৩৪॥
অযুতানি চ তত্রাসন্ প্রযুতান্যর্ব্বুদানি চ।
রক্ষসাং ঘোররূপাণাং মহতাং ক্রূরকর্ম্মণাম্ ॥১৩৫॥
মুদিতানাং বিতৃপ্তানাং তস্মিন্ মহতি বৈশসে।
সমেতানি বহূন্যাসন্ ভূতানি চ জনাধিপ! ॥১৩৬॥
প্রত্যূষকালে শিবিরাৎ প্রতিগন্তুমিয়েষ সঃ।
নৃশোণিতাবসিক্তস্য দ্রৌণেরাসীদসিৎসরুঃ।
পাণিনা সহ সংশ্লিষ্ট একীভূত ইব প্রভো! ॥১৩৭॥

ভারতকৌমুদী

মেদ ইতি। ভৃশম্ অশিতং ভোজনং যেষাং তে। খাদন্ত আসন্ ॥১৩৩॥
বসা ইতি। বিকুক্ষিকা বিকৃতোদরাঃ। নানাবক্ত্রা বহুবিধমুখাঃ ॥১৩৪॥
অযুতানীতি। প্রযুতানি নিযুতানি। সংখ্যানির্দ্দেশো বহুত্বমাত্রজ্ঞাপনার্থঃ ॥১৩৫॥
মুদিতানামিতি। অনাদরে ষষ্ঠীয়ম্। বৈশসে হিংসাব্যাপারে ॥১৩৬॥
প্রত্যূষেতি। স দ্রৌণিঃ। অসেঃ খড়্গস্য ৎসরুর্মুষ্টিদেশঃ। একীভূতো ঘনরক্তলেপেন সমীকরণাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩৭॥

ভারতভাবদীপঃ

তান্ বা ॥৭৪—৯২॥ অভঞ্জন্ গাত্রাণ্যনময়ন্, অমৃদ্নন্ পরস্পরং মর্দ্দিতবন্তঃ ॥৯৩॥ অপিষন্ অপিংষন্ ॥৯৪—৯৫॥ কান্দিশীকাঃ ভয়দ্রুতাঃ ॥৯৬—১৩২॥ ভৃশাশিতাঃ ভৃশং সন্তর্পিতাঃ। দন্ত্যপাঠে অসগতিদীপ্ত্যাদানেষ্বিত্যস্য বা রূপম্, ভৃশমুদ্দীপিতা ইত্যর্থঃ ॥১৩৩॥ বিকুক্ষিকা বিপুলকুক্ষয়ঃ ॥১৩৪—১৫২॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

মাংসভোজনে জীবনধারী এবং মেদ, মজ্জা, অস্থি ও রক্তভোজী রাক্ষসেরা মাংস খাইতে লাগিল ॥১৩৩॥

বিকৃতোদর, নানাবিধ মুখ, ভীষণমূর্ত্তি ও মাংসভোজী বহু রাক্ষস বসা পান করিয়া, নানাদিকে ছুটাছুটি করিতে থাকিল ॥১৩৪॥

ভীষণমূর্ত্তি, দীর্ঘাকৃতি ও নিষ্ঠুরকার্য্যকারী বহুতর রাক্ষস সেখানে আসিয়াছিল ॥১৩৫॥

নরনাথ! সেই ভীষণ হত্যাকাণ্ড হইয়া গেলে, রক্তপানে পরিতৃপ্ত ও আনন্দিত রাক্ষসগণকে অবজ্ঞা করিয়া, অন্যান্য বহুতর ভূতও সেখানে আসিয়া সমবেত হইল ॥১৩৬॥

দুর্গমাং পদবীং গত্বা বিররাজ জনক্ষয়ে।
যুগান্তে সর্ব্বভূতানি ভস্ম কৃত্বেব পাবকঃ ॥১৩৮॥
যথাপ্রতিজ্ঞং তৎ কর্ম্ম কৃত্বা দ্রৌণায়নিঃ প্রভো!।
দুর্গমাং পদবীং গচ্ছন্ পিতুরাসীদ্গতজ্বরঃ ॥১৩৯॥
যথৈব সংসুপ্তজনে শিবিরে প্রাবিশন্ নিশি।
তথৈব হত্বা নিঃশব্দে নিশ্চক্রাম নরর্ষভ! ॥১৪০॥
নিষ্ক্রম্য শিবিরাত্তস্মাত্তাভ্যাং সঙ্গম্য বীর্য্যবান্।
আচখ্যৌ কর্ম্ম তৎ সর্ব্বং হৃষ্টঃ সংহর্ষয়ন্ বিভো! ॥১৪১॥
তাবপ্যাচখ্যতুস্তস্মৈ প্রিয়ং প্রিয়করৌ তদা।
পাঞ্চালান্ সৃঞ্জয়াংশ্চৈব বিনিকৃত্তান্ সহস্রশঃ।
প্রীত্যা চোচ্চৈরুদক্রোশংস্তথাবাস্ফোটয়ংস্তলান্ ॥১৪২॥

ভারতকৌমুদী

দুর্গমামিতি। পদবীং কার্য্যপ্রকারম্, বিররাজ দ্রৌণিরিত্যনুবৃত্তিঃ ॥১৩৮॥
যথেতি। দ্রৌণায়নিরশ্বত্থামা। পিতুঃ সম্বন্ধে গতজ্বরস্তিরোহিতসন্তাপঃ ॥১৩৯॥
যথেতি। সংসুপ্তা সম্যঙ্ নিদ্রিতা জনা যত্র তস্মিন্। নিঃশব্দে মৃতপ্রাণিপূর্ণত্বাৎ ॥১৪০॥
নিষ্ক্রম্যেতি। তাভ্যাং কৃতবর্ম্মকৃপাভ্যাম্, সঙ্গম্য মিলিত্বা। আচখ্যৌ দ্রৌণিঃ ॥১৪১॥

রাজা! ওদিকে অশ্বত্থামা প্রভাতকালে সেই পাণ্ডবশিবির হইতে বাহির হইয়া যাইবার ইচ্ছা করিলেন। তৎকালে তাঁহার সমস্ত অঙ্গই রক্তে লিপ্ত হইয়াছিল; তাহাতে তাঁহার তরবারির মুষ্টিদেশ যেন হাতের সহিত এক হইয়া গিয়াছিল ॥১৩৭॥

প্রলয়কালে সমস্ত ভূত দগ্ধ করিয়া অগ্নি যেমন দীপ্তি পাইতে থাকে, সেইরূপ অশ্বত্থামা দুষ্কর কার্য্য করিয়া সেই লোকক্ষয়ের সময়ে দীপ্তি পাইতে লাগিলেন ॥১৩৮॥

রাজা! অশ্বত্থামা নিজের প্রতিজ্ঞা অনুসারে সেই কার্য্য শেষ করিয়া, দুর্গম পথে বাহির হইতে থাকিয়া পিতার সম্বন্ধে সেই শোকসন্তাপশূন্য হইলেন ॥১৩৯॥

নরশ্রেষ্ঠ! রাত্রিতে সমস্ত লোকই নিদ্রিত থাকায় সেই শিবিরটীতে কোন শব্দ ছিল না, তৎকালে অশ্বত্থামা তাহার ভিতরে প্রবেশ করিয়াছিলেন, আবার তৎকালে সমস্ত লোককে নিহত করায় কোন শব্দই ছিল না, সেই অবস্থায় অশ্বত্থামা তথা হইতে নির্গত হইলেন ॥১৪০॥

রাজা! বলবান্ অশ্বত্থামা শিবির হইতে নির্গত হইয়া আসিয়া কৃপাচার্য্য ও কৃতবর্ম্মার সহিত মিলিত হইয়া, আনন্দের সহিত সেই সমস্ত কার্য্য তাঁহাদের নিকট বলিলেন, তাহাতে তাঁহারাও আনন্দিত হইলেন ॥১৪১॥

CENTRAL LIBRARY

এবংবিধা হি সা রাত্রিঃ সোমকানাং জনক্ষয়ে।
প্রসুপ্তানাং প্রমত্তানামাসীৎ সুভৃশদারুণা ॥১৪৩॥
অসংশয়ং হি কালস্য পর্য্যায়ো দুরতিক্রমঃ।
তাদৃশা নিহতা যত্র কৃত্বাস্মাকং জনক্ষয়ম্ ॥১৪৪॥

ধৃতরাষ্ট্র উবাচ।

প্রাগেব সুমহৎ কর্ম্ম দ্রৌণিরেতন্মহারথঃ।
নাকরোদীদৃশং কস্মান্মৎপুত্রবিজয়ে ধৃতঃ ॥১৪৫॥
অথ কস্মাদ্ধতে ক্ষত্রে কর্ম্মেদং কৃতবানসৌ।
দ্রোণপুত্রো মহেষ্বাসস্তন্মে সংশিতুমর্হসি ॥১৪৬॥

ভারতকৌমুদী

তাবিতি। বিনিকৃত্তান্ ছিন্নান্। উদক্রোশন্ আনন্দনাদমকুর্ব্বন্, তলান্ করতলানি, অবাস্ফোটয়ন্ পরস্পরতাড়নেন শব্দমকুর্ব্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪২॥

এবমিতি। প্রসুপ্তানাং গাঢ়নিদ্রাপন্নানাম্, প্রমত্তানাং যুদ্ধে অনবহিতানাম্ ॥১৪৩॥

অসংশয়মিতি। পর্য্যায়ঃ পরিবৃত্তিঃ। যত্র যেন হেতুনেত্যর্থঃ, অস্মাকং কৌরবাণাম্ ॥১৪৪॥

প্রাগিতি। মৎপুত্রস্য দুর্য্যোধনস্য বিজয়ে ধৃতো ব্যাপৃতঃ ॥১৪৫॥

অথেতি। ক্ষত্রে ভীষ্মাদৌ। ভীষ্মাদিপতনাৎ পূর্ব্বমেব কথমীদৃশং ন কৃতমিতি প্রশ্নার্থঃ ॥১৪৬॥

অশ্বত্থামার প্রিয়কার্য্যকারী কৃপ এবং কৃতবর্ম্মাও তখন অশ্বত্থামার নিকটে সহস্র সহস্র পাঞ্চাল ও সৃঞ্জয়গণের সেই প্রীতিকর নিধনবৃত্তান্ত বলিলেন এবং তাঁহারা তিন জনই হর্ষধ্বনি করিলেন ও আনন্দে করতাল দিতে লাগিলেন ॥১৪২॥

এইভাবে লোকক্ষয় হইয়া যাওয়ায় গাঢ়নিদ্রিত ও অসাবধান সোমকদিগের পক্ষে সেই রাত্রিটা অত্যন্ত দারুণই হইয়াছিল ॥১৪৩॥

কালের পরিবর্ত্তননিবন্ধন অবস্থার পরিবর্ত্তনকে অতিক্রম করা দুষ্কর, এ বিষয়ে কোন সন্দেহ নাই। যেহেতু, সেইরূপ বীরেরা আমাদের পক্ষের লোকক্ষয় করিয়া, পরে নিজেরাও নিহত হইয়াছেন' ॥১৪৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার পুত্রের জয়সম্পাদনে ব্যাপৃত মহারথ অশ্বত্থামা পূর্ব্বেই এইরূপ গুরুতর কার্য্য সাধন করেন নাই কেন? ॥১৪৫॥

মহাধনুর্দ্ধর অশ্বত্থামা আমার পক্ষের ক্ষত্রিয়েরা নিহত হইলে পর, এরূপ কার্য্য করিলেন কেন, তাহা তুমি আমার নিকট বল' ॥১৪৬॥

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

তেষাং নূনং ভয়ান্নাসৌ কৃতবান্ কুরুনন্দন!।
অসান্নিধ্যাদ্ধি পার্থানাং কেশবস্য চ ধীমতঃ।
সাত্যকেশ্চাপি কর্ম্মেদং দ্রোণপুত্রেণ সাধিতম্ ॥১৪৭॥
কো হি তেষাং সমক্ষং তান্ হন্যাদেব মরুৎপতিঃ।
এতদীদৃশকং বৃত্তং রাজন্! সুপ্তজনে বিভো! ॥১৪৮॥
ততো জনক্ষয়ং কৃত্বা পাণ্ডবানাং মহাত্যয়ম্।
দিষ্ট্যা দিষ্ট্যেতি চান্যোন্যং সমেত্যোচুর্মহারথাঃ ॥১৪৯॥
পর্য্যস্বজত তৌ দ্রৌণিস্তাভ্যাং সংপ্রতিনন্দিতঃ।
ইদং হর্ষাত্তু সুমহদাদদে বাক্যমুত্তমম্ ॥১৫০॥
পাঞ্চালা নিহতাঃ সর্ব্বে দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ।
সোমকা মৎস্যশেষাশ্চ সর্ব্বে বিনিহতা ময়া ॥১৫১॥

ভারতকৌমুদী

তেষামিতি। নূনং নিশ্চিতম্। পার্থানাং পাণ্ডবানাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪৭॥

ক ইতি। মরুৎপতির্দেবরাজোঽপি নেত্যর্থঃ। বৃত্তং জাতম্ ॥১৪৮॥

তত ইতি। মহান্ অত্যয়ঃ কৃচ্ছ্রং যস্মাৎ তম্। দিষ্ট্যা ভাগ্যেন, এতৎকৃতমিতি শেষঃ ॥১৪৯॥

পরীতি। পর্য্যস্বজত আলিঙ্গৎ, তাভ্যাং কৃপকৃতবর্ম্মভ্যাম্। আদদে উবাচ ॥১৫০॥

সঞ্জয় বলিলেন—'কৌরবনন্দন! অশ্বত্থামা পূর্ব্বে পাণ্ডবগণের ভয়ে এরূপ কার্য্য করিতে প্রবৃত্ত হন নাই; কিন্তু সেই দিনে পাণ্ডবগণ, বুদ্ধিমান্ কৃষ্ণ এবং সাত্যকি নিকটে না থাকায় এইরূপ কার্য্যে প্রবৃত্ত হইয়া, তাহা সাধন করিতে পারিয়াছেন ॥১৪৭॥

নরনাথ রাজা! কোন্ ব্যক্তি পাণ্ডবগণের সমক্ষে সেই যোদ্ধাদিগকে বধ করিতে পারে? স্বয়ং দেবরাজ ইন্দ্রও পারেন না; এই জন্যই নিদ্রিত লোকদিগের উপরে এইরূপ ব্যাপার ঘটিয়াছে ॥১৪৮॥

তাহার পর মহারথ অশ্বত্থামা, কৃপাচার্য্য ও কৃতবর্ম্মা মহাকষ্টকর পাণ্ডবপক্ষের লোকক্ষয় করিয়া শিবিরের বাহিরে মিলিত হইয়া, পরস্পর বলিলেন—'ভাগ্যবশতই ইহা করিতে পারিয়াছি' ॥১৪৯॥

পরে অশ্বত্থামা কৃপ ও কৃতবর্ম্মাকে আলিঙ্গন করিলেন, তাঁহারাও অশ্বত্থামাকে অভিনন্দিত করিলেন। তৎপরে অশ্বত্থামা আনন্দের সহিত এই গুরুতর ও উত্তম বাক্য বলিলেন—॥১৫০॥

CENTRAL LIBRARY

ইদানীং কৃতকৃত্যাঃ স্ম যাম তত্রৈব মা চিরম্ ।
যদি জীবতি নো রাজা তস্মৈ সংশামহে প্রিয়ম্ ॥১৫২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি সুপ্তবধে পাঞ্চালাদিবধে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দশমোঽধ্যায়ঃ ।

——:০*০:——

সঞ্জয় উবাচ ।

তে হত্বা সর্ব্বপাঞ্চালান্ দ্রৌপদেয়াংশ্চ সর্ব্বশঃ ।
আগচ্ছন্ সহিতাস্তত্র যত্র দুর্য্যোধনো হতঃ ॥১॥

ভারতকৌমুদী

পাঞ্চালা ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। মৎস্যশেষা মৎস্যদেশীয়াবশিষ্ট-যোধাঃ ॥১৫১॥

ইদানীমিতি। মা চিরং বিলম্বং ন কুর্ম্মহে। নঃ অস্মাকম, রাজা দুর্য্যোধনঃ ॥১৫২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি সুপ্তবধে নবমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ত ইতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সহিতা মিলিতাঃ, হত আহতঃ ॥১॥

'আমি—সমস্ত পাঞ্চাল, দ্রৌপদীর সকল পুত্র, সমগ্র সোমক এবং অবশিষ্ট মৎস্যদেশীয় সৈন্যগণকে বিনাশ করিয়াছি ॥১৫১॥

আমরা এখন কৃতকার্য্য হইয়াছি ; সুতরাং আর বিলম্ব করিব না, চলুন যাই, আমাদের রাজা দুর্য্যোধন যদি জীবিত থাকেন, তবে তাঁহার নিকটে যাইয়া এই প্রিয়সংবাদ বলি' ॥১৫২॥

——:০:——

সঞ্জয় বলিলেন—'তাঁহারা সমস্ত পাঞ্চাল এবং দ্রৌপদীর সমস্ত পুত্রকে নিহত করিয়া সম্মিলিত হইয়া—যেখানে দুর্য্যোধন আহত অবস্থায় রহিয়াছিলেন, সেই-খানে আগমন করিলেন ॥১॥

* '...অষ্টমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো নি।

গত্বা চৈনমপশ্যন্ত কিঞ্চিৎপ্রাণং জনাধিপম্।
ততো রথেভ্যঃ প্রস্কন্দ্য পরিবব্রুস্তবাত্মজম্ ॥২॥
তং ভগ্নসক্থং রাজেন্দ্র! কৃচ্ছ্রপ্রাণমচেতনম্।
বমন্তং রুধিরং বক্ত্রাদপশ্যন্ বসুধাতলে ॥৩॥
বৃতং সমন্তাদ্বহুভিঃ শ্বাপদৈর্ঘোরদর্শনৈঃ।
শালাবৃকগণৈশ্চৈব ভক্ষয়িষ্যদ্ভিরন্তিকাৎ ॥৪॥
নিবারয়ন্তং কৃচ্ছ্রাত্তান্ শ্বাপদাংশ্চ চিখাদিষূন্।
বিচেষ্টমানং মহ্যঞ্চ সুভৃশং গাঢ়বেদনম্ ॥৫॥ (যুগ্মকম্)
তং শয়ানং তথা দৃষ্ট্বা ভূমৌ স্বরুধিরোক্ষিতম্।
হতশিষ্টাস্ত্রয়ো বীরাঃ শোকার্ত্তাঃ পর্য্যবারয়ন্।
অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্ম্মা চ সাত্বতঃ ॥৬॥

ভারতকৌমুদী

গত্বেতি। কিঞ্চিৎপ্রাণং কিয়ৎস্থিতজীবনম্। প্রস্কন্দ্য অবতীর্য্য ॥২॥

তমিতি। ভগ্নে সক্থিনী উরূ যস্য তম্, কৃচ্ছ্রাঃ কষ্টকরাঃ প্রাণা যস্য তম্, অচেতনমিতি ঈষদর্থে নঞ্ ॥৩॥

বৃতমিতি। শ্বাপদৈর্হিংস্রজন্তুভিঃ, শালাবৃকৈর্কুক্কুরৈঃ। চিখাদিষূন্ আত্মমাংসং খাদিতুমিচ্ছূন্। বিচেষ্টমানং বেদনয়াঙ্গানি চালয়ন্তম্ ॥৪—৫॥

তাঁহারা যাইয়া দেখিলেন—তখনও দুর্য্যোধনের জীবন কিছু অবশিষ্ট আছে। পরে তাঁহারা রথ হইতে অবতীর্ণ হইয়া, দুর্য্যোধনকে পরিবেষ্টন করিলেন ॥২॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে তাঁহারা দেখিলেন—দুর্য্যোধনের ঊরুযুগল ভগ্ন হইয়াছিল, প্রাণ থাকাতেই তাঁহার কষ্ট হইতেছিল, অল্পমাত্র চৈতন্য ছিল, তিনি মুখ হইতে রক্তবমন করিতেছিলেন এবং ভূতলে শয়িত ছিলেন ॥৩॥

ঘোরদর্শন হিংস্রজন্তুগণ ও কুক্কুরগণ মাংস ভক্ষণ করিবে বলিয়া নিকটে আসিয়া সকল দিকে তাঁহাকে পরিবেষ্টন করিয়াছিল, তিনি অতিকষ্টে সেই মাংসভক্ষণার্থী জন্তুগণকে বারণ করিতেছিলেন, ভূতলে ছট্‌ফট্ করিতেছিলেন এবং দারুণ বেদনা অনুভব করিতেছিলেন ॥৪—৫॥

তখন অশ্বত্থামা, কৃপাচার্য্য ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা হতাবশিষ্ট এই তিন মহাবীর, ভূতলে শয়িত ও আপন রক্তেই সংসিক্ত দুর্য্যোধনকে দেখিয়া শোকার্ত্ত হইয়া যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৬॥

(৫)···বিচেষ্টমানমুরুভ্যাং সুভৃশং··· বা নি। (৬)··· সুরুধিরোক্ষিতম্—বা নি।

CENTRAL LIBRARY

তৈস্ত্রিভিঃ শোণিতাদিগ্ধৈর্নিশ্বসদ্ভির্মহারথৈঃ।
শুশুভে সংবৃতো রাজা বেদী ত্রিভিরিবাগ্নিভিঃ ॥৭॥
তে তং শয়ানং সংপ্রেক্ষ্য রাজানমতথোচিতম্।
অবিষহ্যেণ দুঃখেন ততস্তে রুরুদুস্ত্রয়ঃ ॥৮॥
ততস্তু রুধিরং হস্তৈর্মুখান্নির্মৃজ্য তস্য হি।
রণে রাজ্ঞঃ শয়ানস্য কৃপণং পর্য্যদেবয়ন্ ॥৯॥

কৃপ উবাচ।

ন দৈবস্যাতিভারোঽস্তি যদয়ং রুধিরোক্ষিতঃ।
একাদশচমূভর্ত্তা শেতে দুর্য্যোধনো হতঃ ॥১০॥
পশ্য চামীকরাভস্য চামীকরবিভূষিতাম্।
গদাং গদাপ্রিয়স্যেমাং সমীপে পতিতাং ভুবি ॥১১॥

ভারতকৌমুদী

তমিতি। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত। সাত্বতস্তদ্বংশীয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
তৈরিতি। শোণিতাদিগ্ধৈ রক্তলিপ্তাঙ্গৈঃ। বেদী অগ্নিপ্রণয়নভূমিঃ ॥৭॥
ত ইতি। অতথোচিতং সার্ব্বভৌমত্বাৎ তাদৃক্ শয়নে অযোগ্যম্ ॥৮॥
তত ইতি। কৃপণং দীনং যথা স্যাত্তথা, পর্য্যদেবয়ন্ ব্যলপন্ ॥৯॥
নেতি। অতিভারো দুষ্করত্বম্, একাদশচমূভর্ত্তা একাদশাক্ষৌহিণীসৈন্যপতিঃ ॥১০॥

তিনটী অগ্নিতে পরিবেষ্টিত যজ্ঞবেদী যেমন শোভা পায়, তেমন রক্তলিপ্ত সেই মহারথ তিন জনে পরিবেষ্টিত হইয়া, রাজা দুর্য্যোধন তৎকালোচিত শোভা পাইতে লাগিলেন ॥৭॥

সেইভাবে শয়ন করিবার অযোগ্য হইয়াও রাজা দুর্য্যোধন সেইভাবেই শয়ন করিয়া রহিয়াছেন ইহা দেখিয়া, তাঁহারা তিন জনই অসহ্য দুঃখে রোদন করিতে লাগিলেন ॥৮॥

তাহার পর তাঁহারা হস্তদ্বারা ভূতলে শয়িত রাজা দুর্য্যোধনের মুখ হইতে রক্ত মুছিয়া দিয়া কাতরভাবে বিলাপ করিতে লাগিলেন' ॥৯॥

কৃপাচার্য্য বলিলেন—'জগতে দৈবের পক্ষে দুষ্কর কোন কার্য্যই নাই। যেহেতু এই একাদশাক্ষৌহিণী সৈন্যের অধিপতি রাজা দুর্য্যোধন আহত হইয়া রক্তসিক্তগাত্রে ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১০॥

(৭)···সত্বতো রাজা···বা নি। (৯) · কৃপঃ সংপর্য্যদেবয়ৎ···বা নি।

ইয়মেনং গদা শূরং ন জহাতি রণে রণে।
স্বর্গায়াপি ব্রজন্তং হি ন জহাতি যশস্বিনম্ ॥১২॥
পশ্যেমাং সহ বীরেণ জাম্বূনদবিভূষিতাম্।
শয়ানাং শয়নে হর্ম্ম্যে ভার্য্যাং প্রীতিমতীমিব ॥১৩॥
যোঽয়ং মূর্দ্ধাভিষিক্তানামগ্রে যাতঃ পরন্তপঃ।
স হতো গ্রসতে পাংশূন্ পশ্য কালস্য পর্য্যয়ম্ ॥১৪॥
যেনাজৌ নিহতা ভূমাবশেরত হতদ্বিষঃ।
স ভূমৌ নিহতঃ শেতে কুরুরাজঃ পরৈরয়ম্ ॥১৫॥
ভয়ান্নমন্তি রাজানো যস্য স্ম শতসংঘশঃ।
সবীরশয়নে শেতে ক্রব্যাদ্ভিঃ পরিবারিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

পশ্যেতি। চামীকরাভস্য স্বর্ণবর্ণস্য দুর্য্যোধনস্য ॥১১॥
ইয়মিতি। ন জহাতি আত্মনোঽপি প্রিয়ত্বাৎ ন পরিত্যজতি ॥১২॥
পশ্যেতি। জাম্বূনদবিভূষিতাং স্বর্ণালঙ্কৃতাম্। শয়নে শয্যায়াম্। পূর্ণোপমেয়ম্ ॥১৩॥
য ইতি। মূর্দ্ধাভিষিক্তানাং রাজ্ঞাম্। পাংশূন্ ধূলীঃ, পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥১৪॥
যেনেতি। হতদ্বিষো বীরাঃ। পরৈর্নিহত ইতি সম্বন্ধঃ ॥১৫॥

তোমরা দেখ—স্বর্ণবর্ণ দেহ ও গদাপ্রিয় রাজা দুর্য্যোধনের নিকটে স্বর্ণালঙ্কৃত এই গদাটীও ভূতলে পতিত রহিয়াছে ॥১১॥

এই গদা—প্রত্যেক যুদ্ধেই এই বীরকে পরিত্যাগ করে না, সেই জন্যই ইনি স্বর্গলোকে গমন করিতেছেন, এ সময়েও ইহাকে পরিত্যাগ করিতেছে না ॥১২॥

দেখ—অট্টালিকার মধ্যে শয্যার উপরে স্বর্ণালঙ্কৃত প্রিয়তমা ভার্য্যার ন্যায় এই গদাটীও এখানে ইহার সহিত শয়ন করিয়া রহিয়াছে ॥১৩॥

যিনি শত্রুগণের সন্তাপ জন্মাইতে থাকিয়া সমস্ত রাজার অগ্রে গমন করিতেন, তিনি আজ আহত হইয়া ধূলি ভক্ষণ করিতেছেন; কালের পরিবর্ত্তনটা দেখ ॥১৪॥

যিনি যুদ্ধে নিহত করিলে শত্রুহন্তা বীরেরা ভূতলে শয়ন করিতেন, আজ সেই কুরুরাজ দুর্য্যোধনই শত্রুকর্ত্তৃক আহত হইয়া, এই ভূতলে শয়ন করিয়াছেন ॥১৫॥

শত শত রাজা ভয়ে যাঁহার নিকটে অবনত হইতেন, তিনিই আজ মাংসভোজী জন্তুগণে পরিবেষ্টিত হইয়া বীরশয্যায় শয়ন করিয়াছেন ॥১৬॥

(১৫)···ভূমৌ শেরতে ক্ষত্রিয়র্ষভাঃ—বা নি।

CENTRAL LIBRARY

উপাসত দ্বিজাঃ পূর্ব্বমর্থহেতোর্যমীশ্বরম্ ।
উপাসতে চ তং হ্যদ্য ক্রব্যাদা মাংসহেতবঃ ॥১৭॥

সঞ্জয় উবাচ ।

তং শয়ানং কুরুশ্রেষ্ঠং ততো ভরতসত্তম ! ।
অশ্বত্থামা সমালোক্য করুণং পর্য্যদেবয়ৎ ॥১৮॥
আহুস্ত্বাং রাজশার্দূল ! মুখ্যং সর্ব্বধনুষ্মতাম্ ।
ধনাধ্যক্ষোপমং যুদ্ধে শিষ্যং সঙ্কর্ষণস্য চ ॥১৯॥
কথং বিবরমদ্রাক্ষীদ্ভীমসেনস্তবানঘ ! ।
বলিনং কৃতিনং নিত্যং স চ পাপাত্মবান্ নৃপ ! ॥২০॥
কালো নূনং মহারাজ ! লোকেঽস্মিন্ বলবত্তরঃ ।
পশ্যামো নিহতং ত্বাঞ্চ ভীমসেনেন সংযুগে ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভয়াদিতি। বীরশয়নে বীরশয্যায়াং ভুবি, ক্রব্যাদ্ভির্মাংসভোজিভিঃ প্রাণিভিঃ ॥১৬॥

উপেতি। অর্থহেতোর্ধনলাভার্থম্, ঈশ্বরং ভূস্বামিনম্। মাংসান্যেব হেতুঃ উপাসনা-কারণং যেষাং তে ॥১৭॥

তমিতি। পর্য্যদেবয়ৎ ব্যলপৎ ॥১৮॥

আহুরিতি। মুখ্যং প্রধানম্। ধনাধ্যক্ষোপমং কুবেরতুল্যম্, সঙ্কর্ষণস্য বলদেবস্য ॥১৯॥

কথমিতি। বিবরং প্রহারচ্ছিদ্রম্। কৃতিনং গদাযুদ্ধনিপুণং তামিতি পরেণ সম্বন্ধঃ ॥২০-২১॥

পূর্ব্বে ব্রাহ্মণেরা ধনলাভের জন্য যে রাজার উপাসনা করিতেন, আজ মাংস-ভোজী জন্তুরা মাংসলাভের জন্য তাঁহার উপাসনা (পরিবেষ্টন) করিতেছে' ॥১৭॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! তাহার পর অশ্বত্থামা সেই কৌরবপ্রধান দুর্য্যোধনকে ভূতলে শয়িত দেখিয়া, করুণ বিলাপ করিতে লাগিলেন—॥১৮॥

'মহারাজ ! সকল লোকই বলে—'আপনি সমস্ত ধনুর্দ্ধরের মধ্যে শ্রেষ্ঠ, যুদ্ধে কুবেরের তুল্য এবং গদাযুদ্ধে বলরামের শিষ্য' ॥১৯॥

নিষ্পাপ রাজা ! পাপাত্মা ভীম যুদ্ধে কি করিয়া আপনার ছিদ্র (প্রহারের ফাঁক) দেখিতে পাইয়াছিল ; আপনি বলবান্ এবং সর্ব্বদাই যুদ্ধে সুনিপুণ ছিলেন ; তথাপি ভীমসেন আপনাকে নিহত করিয়াছে। অতএব মহারাজ ! কালকেই সর্ব্বাপেক্ষা প্রবল দেখিতেছি ॥২০—২১॥

(১৭) যমুপাসন্ত পা…মহীপতিম্—নি।

কথং ত্বাং সর্ব্বধর্ম্মজ্ঞং ক্ষুদ্রঃ পাপো বৃকোদরঃ।
নিকৃত্যা হতবান্ মন্দো নূনং কালো দুরত্যয়ঃ ॥২২॥
ধর্ম্মযুদ্ধে হ্যধর্ম্মেণ সমাহূয়ৌজসা মৃধে।
গদয়া ভীমসেনেন নির্ভগ্নে সক্থিনী তব ॥২৩॥
অধর্ম্মেণ হতস্যাজৌ মৃদ্নমানং পদা শিরঃ।
য উপেক্ষিতবান্ ক্ষুদ্রং ধিক্ তমস্তু যুধিষ্ঠিরম্ ॥২৪॥
যুদ্ধেষ্বপবদিষ্যন্তি যোধা নূনং বৃকোদরম্।
যাবৎ স্থাস্যন্তি ভূতানি নিকৃত্যা হ্যসি পাতিতঃ ॥২৫॥
ননু রামোঽব্রবীদ্রাজন্! ত্বাং সদা যদুনন্দনঃ।
দুর্য্যোধনসমো নাস্তি গদায়ামিতি বীর্য্যবান্ ॥২৬॥

ভারতকৌমুদী

কথমিতি। নিকৃত্যা শাঠ্যেন, মন্দো মূঢ়ঃ ॥২২॥
ধর্ম্মেতি। ওজসা বলেন, মৃধে যুদ্ধে। সক্থিনী উরূ ॥২৩॥
অধর্ম্মেণেতি। মৃদ্নমানং ভূমৌ মথ্যমানং ভীমেন। ক্ষুদ্রং ক্ষুদ্রহৃদয়ম্ ॥২৪॥
যুদ্ধেষ্বিতি। অপবদিষ্যন্তি নিন্দিষ্যন্তি। ভূতানি ক্ষিত্যাদীনি ॥২৫॥
নন্বিতি। গদাযুদ্ধবিশারদস্য রামস্য বচনং সর্ব্বথৈব প্রমাণমিতি ভাবঃ ॥২৬॥

মহারাজ! আপনি যুদ্ধের সর্ব্ব ধর্ম্মে অভিজ্ঞ ছিলেন, তথাপি কি করিয়া পাপাত্মা, ক্ষুদ্রাশয় ও মন্দবুদ্ধি ভীম যুদ্ধে শঠতাচরণপূর্ব্বক আপনাকে নিহত করিল! নিশ্চয়ই প্রতিকূল কালকে অতিক্রম করা দুষ্কর ॥২২॥

কুরুরাজ! ভীম আপনাকে ধর্ম্মযুদ্ধে আহ্বান করিয়া অধর্ম্ম অনুসারে বলপূর্ব্বক গদাদ্বারা আপনার উরুযুগল ভগ্ন করিল! ॥২৩॥

তা'র পর ভীম যুদ্ধে অধর্ম্ম অনুসারে আপনাকে আহত করিয়া চরণদ্বারা আপনার মস্তকটী মথিত করিতে লাগিলে, যে ক্ষুদ্রাশয় তাহা উপেক্ষা করিয়াছিল, সেই যুধিষ্ঠিরকে ধিক্ ॥২৪॥

ভীম আপনাকে শঠতাপূর্ব্বকই নিপাতিত করিয়াছে; অতএব যতকাল পৃথিবী-প্রভৃতি থাকিবে, নিশ্চয়ই ততকাল যাবৎ যোদ্ধারা নীচাশয় ভীমের নিন্দা করিবেন ॥২৫॥

মহারাজ! বলবান্ যদুনন্দন রাম বলিয়াছেন—'গদাযুদ্ধে পৃথিবীতে দুর্য্যোধনের সমান আর কেহ নাই' ॥২৬॥

(২৩) দ্বন্দ্বযুদ্ধে হ্যধর্ম্মেণ—বা নি। (২৬)…গদয়া ইতি বীর্য্যবান্—পি বঙ্গ বর্দ্ধ সো।

শ্লাঘতে ত্বাং হি বার্ষ্ণেয়ো রাজন্ ! সংসৎসু ভারত ! ।
স শিষ্যো মম কৌরব্যো গদাযুদ্ধ ইতি প্রভো ! ॥২৭॥
যাং গতিং ক্ষত্রিয়স্যাহুঃ প্রশস্তাং পরমর্ষয়ঃ ।
হতস্যাভিমুখস্যাজৌ প্রাপ্তস্ত্বমসি তাং গতিম্ ॥২৮॥
দুর্য্যোধন ! ন শোচামি ত্বামহং পুরুষর্ষভ ! ।
হতপুত্রৌ তু শোচামি গান্ধারীং পিতরঞ্চ তে ।
ভিক্ষুকৌ বিচরিষ্যেতে শোচন্তৌ পৃথিবীমিমাম্ ॥২৯॥
ধিগস্তু কৃষ্ণং বার্ষ্ণেয়মর্জ্জুনঞ্চাপি দুর্ম্মতিম্ ।
ধর্ম্মজ্ঞমানিনৌ যৌ ত্বাং বধ্যমানমুপেক্ষতাম্ ॥৩০॥
পাণ্ডবাশ্চাপি তে সর্ব্বে কিং বক্ষ্যন্তি নরাধিপ ! ।
কথং দুর্য্যোধনোঽস্মাভির্হত ইত্যনপত্রপাঃ ॥৩১॥

ভারতকৌমুদী

শ্লাঘত ইতি। শ্লাঘতে প্রশংসতি, বার্ষ্ণেয়ঃ স রামঃ ॥২৭॥

যামিতি। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ ॥" ইত্যুক্তের্গতিমুত্তমলোকমিতি ভাবঃ ॥২৮॥

দুর্য্যোধনেতি। ন শোচামি সদ্যঃ স্বর্গলাভাৎ। শোচামি যাবজ্জীবং তয়োঃ শোকাৎ। ভিক্ষুকৌ ধনজনাদিহীনত্বাৎ, বিচরিষ্যেতে গান্ধারীধৃতরাষ্ট্রৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

ধিগিতি। উপেক্ষতাম্ উপেক্ষিতবন্তৌ ॥৩০॥

পাণ্ডবা ইতি। কথমিতি গর্হিতপ্রকারেণেত্যর্থঃ। অনপত্রপা নির্লজ্জাঃ ॥৩১॥

প্রভু ভরতনন্দন রাজা ! বলরাম বীরসভায় সর্ব্বদা আপনার প্রশংসা করেন এবং বলেন—'সেই দুর্য্যোধন গদাশিক্ষায় আমার শিষ্য' ॥২৭॥

মহারাজ ! মহর্ষিরা সম্মুখযুদ্ধে নিহত ক্ষত্রিয়ের যে উত্তম গতির বিষয় বলিয়া থাকেন, আপনি সেই গতিই লাভ করিবেন ॥২৮॥

পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন ! আমি আপনার জন্য শোক করি না, কিন্তু হতপুত্র গান্ধারী ও ধৃতরাষ্ট্রের জন্যই শোক করিতেছি। কারণ, তাঁহারা ভিক্ষুক হইয়া শোক করিতে থাকিয়া এই পৃথিবীতে বিচরণ করিবেন ॥২৯॥

অতএব বৃষ্ণিবংশীয় কৃষ্ণকে এবং দুর্ম্মতি অর্জ্জুনকে ধিক্। যাঁহারা ধর্ম্মজ্ঞাভিমানী হইয়াও বধ করিবার সময়ে আপনাকে উপেক্ষা করিয়াছে ॥৩০॥

নরনাথ ! নির্লজ্জ পাণ্ডবেরা এই কথাই বলিবে কি যে, আমরা অন্যায় ভাবে দুর্য্যোধনকে বধ করিয়াছি ॥৩১॥

(২৭)···সুশিষ্যো—পি বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

ধন্যস্ত্বমসি গান্ধারে! যস্ত্বমায়োধনে হতঃ।
প্রয়াতোঽভিমুখঃ শত্রূন্ ধর্ম্মেণ পুরুষর্ষভ! ॥৩২॥
হতপুত্রা হি গান্ধারী নিহতজ্ঞাতিবান্ধবা।
প্রজ্ঞাচক্ষুশ্চ দুর্দ্ধর্ষঃ কাং গতিং প্রতিপৎস্যতে ॥৩৩॥
ধিগস্তু কৃতবর্ম্মাণং মাং কৃপঞ্চ মহারথম্।
যে বয়ং ন গতাঃ স্বর্গং ত্বাং পুরস্কৃত্য পার্থিবম্ ॥৩৪॥
দাতারং সর্ব্বকামানাং রক্ষিতারং প্রজাহিতম্।
যদ্বয়ং নানুগচ্ছামস্ত্বাং ধিগস্মান্ নরাধমান্ ॥৩৫॥
কৃপস্য তব বীর্য্যেণ মম চৈব পিতুশ্চ মে।
সভৃত্যানাং নরব্যাঘ্র! রত্নবন্তি গৃহাণি চ ॥৩৬॥
ভবৎপ্রসাদাদস্মাভিঃ সমিত্রৈঃ সহবান্ধবৈঃ।
অবাপ্তাঃ ক্রতবো মুখ্যা বহবো ভূরিদক্ষিণাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

ধন্য ইতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতীণ্, তৎসম্বোধনম্। আয়োধনে যুদ্ধে ॥৩২॥

হতেতি। প্রজ্ঞাচক্ষুর্ধৃতরাষ্ট্রঃ, প্রতিপৎস্যতে লপ্স্যতে ॥৩৩॥

ধিগিতি। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য। চিরানুচরাণাং তথৈবৌচিত্যাৎ ॥৩৪॥

দাতারমিতি। সর্ব্বকামানাং সর্ব্বাভীষ্টানাম্। অকৃতজ্ঞত্বাদেব নরাধমত্বমিতি ভাবঃ ॥৩৫॥

কৃপস্যেতি। বীর্য্যেণ দানশক্ত্যা। সভৃত্যানাং নিজপোষ্যাণামস্মাকম্ ॥৩৬॥

পুরুষশ্রেষ্ঠ গান্ধারীনন্দন! আপনি ধন্য হইয়াছেন। কারণ, আপনি শত্রুর অভিমুখে যাইয়া সম্মুখযুদ্ধে নিহত হইয়াছেন ॥৩২॥

যাঁহাদের পুত্র, জ্ঞাতি ও বন্ধুগণ নিহত হইয়াছে, সেই গান্ধারী ও দুর্দ্ধর্ষ ধৃতরাষ্ট্রের কি অবস্থা হইবে ॥৩৩॥

রাজা! কৃতবর্ম্মাকে, আমাকে ও মহারথ কৃপাচার্য্যকে ধিক্, যে আমরা আপনাকে অগ্রবর্ত্তী করিয়া স্বর্গে যাই নাই ॥৩৪॥

আপনি সকলেরই অভীষ্ট দান করিতেন এবং প্রজাদের হিতসাধন করিতেন। অতএব আমরা যে আপনার অনুসরণ করি নাই, তাহাতেই আমরা নরাধম হইয়াছি; সুতরাং আমাদিগকে ধিক্ ॥৩৫॥

নরশ্রেষ্ঠ মহারাজ! আমরা আপনার পোষ্য ছিলাম; সুতরাং আপনার দানের প্রভাবে আমার, আমার পিতার ও কৃপাচার্য্যের গৃহ রত্নে পরিপূর্ণ হইয়া রহিয়াছে ॥৩৬॥

CENTRAL LIBRARY

কুতশ্চাপীদৃশং পাপাঃ প্রবর্ত্তিষ্যামহে বয়ম্ ।
যাদৃশেন পুরস্কৃত্য ত্বং গতঃ সর্ব্বপার্থিবান্ ॥৩৮॥
বয়মেব ত্রয়ো রাজন্ ! গচ্ছন্তং পরমাং গতিম্ ।
যদ্বৈ ত্বাং নানুগচ্ছামস্তেন তপ্স্যামহে বয়ম্ ॥৩৯॥
ত্বৎসঙ্গহীনা হীনার্থাঃ স্মরন্তঃ সুকৃতস্য তে ।
কিং নাম তদ্ভবেৎ কর্ম্ম যেন ত্বাং ন ব্রজাম বৈ ॥৪০॥
দুঃখং নূনং কুরুশ্রেষ্ঠ ! চরিষ্যামি মহীমিমাম্ ।
হীনানাং নত্বয়া রাজন্ ! কুতঃ শান্তিঃ কুতঃ সুখম্ ॥৪১॥

ভারতকৌমুদী

ভবদিতি। অবাপ্তা অনুষ্ঠিতাঃ, ক্রতবো যজ্ঞাঃ, মুখ্যাঃ শ্রেষ্ঠাঃ ॥৩৭॥

কুত ইতি। প্রবর্ত্তিষ্যামহে স্থাস্যামঃ। যাদৃশেন ভাবেন পুরস্কৃত্য প্রাধান্যেন প্রতিপাল্য ॥৩৮॥

বয়মিতি। তপ্স্যামহে শোচিষ্যামঃ ॥৩৯॥

ত্বদিতি। সুকৃতস্য উপকারস্য। স্মৃত্যর্থকর্ম্মণীতি কর্ম্মণি ষষ্ঠী ॥৪০॥

দুঃখমিতি। দুঃখং যথা স্যাৎ তথা। হীনানাং ত্যক্তানাম্ ॥৪১॥

মিত্র ও বন্ধুগণের সহিত আমরা আপনার অনুগ্রহে বহুতর প্রধান যজ্ঞের অনুষ্ঠান করিয়াছি এবং তাহাতে প্রচুর দক্ষিণাও দিয়াছি ॥৩৭॥

মহারাজ ! আপনি যেভাবে আমাদিগকে প্রতিপালন করিয়া, স্বর্গে সমস্ত রাজার সহিত মিলিত হইতে চলিলেন, আমরা পাপাত্মারা এখন হইতে কিপ্রকারে সেইভাবে থাকিব ॥৩৮॥

রাজা ! আপনি পরলোকে গমন করিয়াছেন, কেবল আমরা তিন জনই আপনার অনুগমন করিতেছি না ; তাহাতে আমরা চিরকালই শোক অনুভব করিব ॥৩৯॥

মহারাজ ! এখন আমরা আপনার সংসর্গবিহীন হইলাম, আপনার প্রদত্ত অর্থ আর পাইব না এবং চিরকালই আপনার কৃত উপকার স্মরণ করিব ; আপনার এমন কোন্ ব্যবহার থাকিতে পারে, যাহাতে আমরা আপনার অনুসরণ করিতেছি না ॥৪০॥

কৌরবশ্রেষ্ঠ ! নিশ্চয়ই আমি এখন হইতে এই পৃথিবীতে অতিদুঃখে বিচরণ করিব। কারণ, আপনি না থাকায়, আমাদের সুখ বা শান্তি আসিবে কোথা হইতে ॥৪১॥

(৩৯)···বক্ষ্যামহে বয়ম্—বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

গত্বেতস্ত মহারাজ ! সমেত্য চ মহারথান্।
যথাশ্রেষ্ঠং যথাজ্যেষ্ঠং পূজয়েরবচনান্মম ॥৪২॥
আচার্য্যং পূজয়িত্বা চ কেতুং সর্ব্বধনুষ্মতাম্।
হতং ময়াদ্য শংসেথা ধৃষ্টদ্যুম্নং নরাধিপ ! ॥৪৩॥
পরিষ্বজেথা রাজানং বাহ্লীকং সুমহারথম্।
সৈন্ধবং সোমদত্তঞ্চ ভূরিশ্রবসমেব চ ॥৪৪॥
তথা পূর্ব্বগতানন্যান্ স্বর্গে পার্থিবসত্তমান্।
অস্মদ্বাক্যাৎ পরিষ্বজ্য পৃচ্ছেথাস্ত্বমনাময়ম্ ॥৪৫॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

ইত্যেবমুক্ত্বা রাজানং ভগ্নসক্থমচেতনম্।
অশ্বত্থামা সমুদ্বীক্ষ্য পুনর্বচনমব্রবীৎ ॥৪৬॥
দুর্য্যোধন ! জীবসি ত্বং বাক্যং শ্রোত্রসুখং শৃণু।
সপ্ত পাণ্ডবতঃ শেষা ধার্ত্তরাষ্ট্রাস্ত্রয়ো বয়ম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

গত্বেতি। ইতো মর্ত্ত্যলোকাৎ, গত্বা স্বর্গমিতি শেষঃ, সমেত্য প্রাপ্য ॥৪২॥
আচার্য্যমিতি। আচার্য্যং দ্রোণম্, কেতুং ধ্বজং শ্রেষ্ঠমিত্যর্থঃ। শংসেথা ব্রূয়াঃ ॥৪৩॥
পরীতি। পরিষ্বজেথাস্ত্বমালিঙ্গেঃ। সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্। পার্থিবসত্তমান্ ভগদত্তাদীন্। অনাময়ং পৃচ্ছেথাঃ "ক্ষত্রং পৃচ্ছেদনাময়ম্" ইতি স্মৃতেরিতি ভাবঃ ॥৪৪-৪৫॥
ইতীতি। ভগ্নসক্থং ভগ্নোরুম্। সমুদ্বীক্ষণং স্ববচনশ্রবণে অবধানদানার্থম্ ॥৪৬॥

মহারাজ ! আপনি এই মর্ত্ত্যলোক হইতে স্বর্গে যাইয়া, মহারথ দ্রোণপ্রভৃতির নিকট উপস্থিত হইয়া, আমার অনুরোধ অনুসারে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠক্রমে আপনি তাঁহাদের সম্মান করিবেন ॥৪২॥

রাজা ! আপনি যাইয়া সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ আচার্য্যকে (দ্রোণকে) অভিবাদন করিয়া বলিবেন—'আজ আমি ধৃষ্টদ্যুম্নকে বধ করিয়াছি' ॥৪৩॥

আপনি—মহারথ রাজা বাহ্লীককে, সিন্ধুরাজ জয়দ্রথকে, সোমদত্তকে ও ভূরিশ্রবাকে আলিঙ্গন করিবেন এবং পূর্ব্বে স্বর্গগত রাজশ্রেষ্ঠ ভগদত্তপ্রভৃতিকে আমার বাক্য অনুসারে আলিঙ্গন করিয়া তাঁহাদের কুশল জিজ্ঞাসা করিবেন' ॥৪৪-৪৫॥

সঞ্জয় বলিলেন—'অশ্বত্থামা ভগ্নোরু ও অচেতন দুর্য্যোধনকে এইরূপ বলিয়া, পুনরায় তাঁহার দিকে চাহিয়া কহিলেন—॥৪৬॥

---

(৪৬)···অশ্বত্থামা লঘুপ্রাণং—বা নি।

CENTRAL LIBRARY

তে চৈব ভ্রাতরঃ পঞ্চ বাসুদেবোঽথ সাত্যকিঃ।
অহঞ্চ কৃতবর্ম্মা চ কৃপঃ শারদ্বতস্তথা ॥৪৮॥
দ্রৌপদেয়া হতাঃ সর্ব্বে ধৃষ্টদ্যুম্নস্য চাত্মজাঃ।
পাঞ্চালা নিহতাঃ সর্ব্বে মৎস্যশেষঞ্চ ভারত! ॥৪৯॥
কৃতে প্রতিকৃতং পশ্য হতপুত্রা হি পাণ্ডবাঃ।
সৌপ্তিকে শিবিরং তেষাং হতং সনরবাহনম্ ॥৫০॥
ময়া চ পাপকর্ম্মাসৌ ধৃষ্টদ্যুম্নো মহীপতে!।
প্রবিশ্য শিবিরং রাত্রৌ পশুমারেণ মারিতঃ ॥৫১॥
দুর্য্যোধনস্তু তাং বাচং নিশম্য মনসঃ প্রিয়াম্।
প্রতিলভ্য পুনশ্চেত ইদং বচনমব্রবীৎ ॥৫২॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। পাণ্ডবতঃ পাণ্ডবপক্ষে, ধার্ত্তরাষ্ট্রাঃ কৌরবপক্ষীয়াঃ ॥৪৭॥
উভয়েষাং শেষাণাং পরিচয়মাহ ত ইতি। তে পাণ্ডবাঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥৪৮॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। মৎস্যানাং মৎস্যদেশীয়সৈন্যানাং শেষম্ ॥৪৯॥
কৃত ইতি। কৃতে অস্মাকমপকারে, প্রতিকৃতমস্মাভিরপি তেষাং প্রত্যপকারং কৃতং পশ্য। সৌপ্তিকে সুপ্তভাবে নিদ্রিতাবস্থায়ামিত্যর্থঃ, নরৈর্বাহনৈর্গজাদিভিশ্চ সহেতি তৎ ॥৫০॥
ময়েতি। পাপকর্ম্মা আচার্য্যঘাতিত্বাৎ। পশুমারেণ পশুমারণপ্রকারেণ ॥৫১॥
দুর্য্যোধন ইতি। চেতশ্চেতনাং পুনঃ প্রতিলভ্য প্রীত্যুদয়াৎ ॥৫২॥

'দুর্য্যোধন! আপনি জীবিত আছেন; অতএব কর্ণের সুখজনক বাক্য শ্রবণ করুন—পাণ্ডবপক্ষে সাত জন অবশিষ্ট আছেন এবং কৌরবপক্ষে আমরা তিন জন অবশিষ্ট আছি ॥৪৭॥

পাণ্ডবেরা পঞ্চ ভ্রাতা, কৃষ্ণ ও সাত্যকি এই সাত জন পাণ্ডবপক্ষে অবশিষ্ট রহিয়াছেন; আর আমি, কৃতবর্ম্মা ও শরদ্বানের পুত্র কৃপাচার্য্য—এই তিন জন কৌরবপক্ষে অবশিষ্ট রহিয়াছি ॥৪৮॥

ভরতনন্দন! দ্রৌপদীর সকল পুত্র, ধৃষ্টদ্যুম্নের সমস্ত পুত্র, সমস্ত পাঞ্চাল এবং মৎস্যদেশীয় অবশিষ্ট যোদ্ধারা সকলেই নিহত হইয়াছেন ॥৪৯॥

মহারাজ! দেখুন—পাণ্ডবেরা যে অপকার করিয়াছে, আমরা তাহার প্রতিশোধ দিয়াছি। কারণ, পাণ্ডবগণের পুত্রেরাও নিহত হইয়াছে এবং নিদ্রিত অবস্থায় মানুষ ও হস্তিপ্রভৃতির সহিত পাণ্ডবগণের শিবিরও বিনষ্ট হইয়াছে ॥৫০॥

রাজা! আমি গত রাত্রিতে পাণ্ডবশিবিরে প্রবেশ করিয়া, পশুর ন্যায় সেই পাপাত্মা ধৃষ্টদ্যুম্নকে মারিয়া ফেলিয়াছি' ॥৫১॥

ন মেঽকরোত্তদ্গাঙ্গেয়ো ন কর্ণো ন চ তে পিতা।
যত্ত্বয়া কৃপভোজাভ্যাং সহিতেনাদ্য মে কৃতম্ ॥৫৩॥
স চ সেনাপতিঃ ক্ষুদ্রো হতঃ সার্দ্ধং শিখণ্ডিনা।
তেন মন্যে মঘবতা সমমাত্মানমদ্য বৈ ॥৫৪॥
স্বস্তি প্রাপ্নুত ভদ্রং বঃ স্বর্গে নঃ সঙ্গমঃ পুনঃ।
ইত্যেবমুক্ত্বা তূষ্ণীং স কুরুরাজো মহামনাঃ ॥৫৫॥
প্রাণানুদসৃজদ্বীরঃ সুহৃদাং দুঃখমুৎসৃজন্।
আক্রামত দিবং পুণ্যাং শরীরং ক্ষিতিমাবিশৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

নেতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। ভোজঃ কৃতবর্ম্মা ॥৫৩॥
স ইতি। স ধৃষ্টদ্যুম্নঃ, সেনাপতিঃ পাণ্ডবানাম্। মঘবতা ইন্দ্রেণ ॥৫৪॥
স্বস্তীতি। স্বস্তি ধর্ম্মমস্তু, প্রাপ্নুত যথেষ্টং গচ্ছত, ভদ্রং মঙ্গলম্ ॥৫৫॥
প্রাণানিতি। সুহৃদাং দুঃখং শোকরূপম্। দিবং স্বর্গম্, আবিশদাশ্রয়ৎ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

তে হত্বেতি ॥১—৪॥ চিখাদিষূন্ ভক্ষিতুমিচ্ছূন্ ॥৫—১৬॥ মাংসহেতবঃ মাংসার্থিনঃ ॥১৭—৩৮॥ ধক্ষ্যামহে ভস্মীভবেম ॥৩৯—৫২॥ ন মেঽকরোদিতি। পাপঃ কণ্ঠগতপ্রাণোঽপ্যভিনন্দতি পাপিনম্। দ্রৌণিং প্রসুপ্তবালঘ্নং পাংসুভুক্ কুক্কুরাড়িব ॥৫৩—৬২॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

দুর্য্যোধন মনের প্রীতিজনক সেই বাক্য শুনিয়া পুনরায় চৈতন্য লাভ করিয়া, এই কথা বলিলেন—॥৫২॥

'আচার্য্যপুত্র! আজ আপনি কৃপাচার্য্য ও কৃতবর্ম্মার সহিত মিলিত হইয়া আমার যাহা করিয়াছেন, তাহা ভীষ্ম, দ্রোণ এবং কর্ণও করিতে পারেন নাই ॥৫৩॥

সেই ক্ষুদ্রাশয় পাণ্ডবসেনাপতি ধৃষ্টদ্যুম্ন শিখণ্ডীর সহিত নিহত হইয়াছে; অতএব আজ আমি আপনাকে ইন্দ্রের সমান মনে করিতেছি ॥৫৪॥

আপনাদের ধর্ম্মলাভ হউক, আপনারা যাইতে পারেন, আপনাদের মঙ্গল হউক, পুনরায় স্বর্গলোকে আমাদের সম্মেলন হইবে।' এই কথা বলিয়া মহামনা দুর্য্যোধন নীরব হইলেন ॥৫৫॥

ক্রমে মহাবীর দুর্য্যোধন বন্ধুবর্গের শোক পরিত্যাগপূর্ব্বক প্রাণত্যাগ করিলেন এবং তিনি পুণ্যময় স্বর্গলোকে চলিয়া গেলেন; আর তাঁহার শরীরটী ভূতলেই পড়িয়া রহিল ॥৫৬॥

(৫৫) ইত্যেবমুক্ত্বা পুত্রস্তে···বা নি। (৫৬) প্রাণানুপাসৃজদ্বীরঃ। অপাক্রামৎ—বা নি।

CENTRAL LIBRARY

এবং তে নিধনং যাতঃ পুত্রো দুর্য্যোধনো নৃপ ! ।
অগ্রে যাত্বা রণে শূরঃ পশ্চাদ্বিনিহতঃ পরৈঃ ॥৫৭॥
তথৈব তে পরিষ্বক্তাঃ পরিষ্বজ্য চ তে নৃপম্ ।
পুনঃ পুনঃ প্রেক্ষমাণাঃ স্বকানারুরুহু রথান্ ॥৫৮॥
ইত্যহং দ্রোণপুত্রস্য নিশম্য করুণাং গিরম্ ।
প্রত্যূষকালে শোকার্ত্তঃ প্রাদ্রবন্ নগরং প্রতি ॥৫৯॥
এবমেষ ক্ষয়ো বৃত্তঃ কুরুপাণ্ডবসেনয়োঃ ।
ঘোরো বিশসনো রৌদ্রো রাজন্ ! দুর্মন্ত্রিতে তব ॥৬০॥
তব পুত্রে গতে স্বর্গং শোকার্ত্তস্য মমানঘ ! ।
ঋষিদত্তং প্রনষ্টং তদ্দিব্যদর্শিত্বমদ্য বৈ ॥৬১॥

ভারতকৌমুদী

এবমিতি। যাত্বা শূরত্বাদেব গত্বা। পরৈঃ শত্রুভিঃ ॥৫৭॥
তথেতি। পরিষ্বক্তাঃ পূর্ব্বমালিঙ্গিতাঃ, নৃপং নৃপশরীরম্। স্বকান্ স্বকীয়ান্ ॥৫৮॥
ইতীতি। অহং সঞ্জয়ঃ। নগরং হস্তিনাম্ ॥৫৯॥
এবমিতি। বৃত্তো জাতঃ। ঘোরো মহান্, বিশসনো হিংসানিষ্পন্নঃ, রৌদ্রো ভীষণঃ ॥৬০॥
তবেতি। ঋষিণা বেদব্যাসেন দত্তম্, দিব্যদর্শিত্বং সর্ব্বজ্ঞত্বম্ ॥৬১॥

রাজা ! এইভাবে আপনার পুত্র দুর্য্যোধন স্বর্গে গমন করিয়াছেন ; তিনি বীর বলিয়া সমস্ত সৈন্যের অগ্রে যাইয়া, পরে শত্রুহস্তে নিহত হইয়াছেন ॥৫৭॥

দুর্য্যোধন পূর্ব্বে অশ্বত্থামা, কৃপাচার্য্য ও কৃতবর্ম্মাকে আলিঙ্গন করিতেন ; সুতরাং তৎকালে তাঁহারাও তাঁহার দেহটীকে আলিঙ্গন করিয়া এবং বার বার সেই দিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া, আপন আপন রথে আরোহণ করিলেন ॥৫৮॥

আমি অশ্বত্থামার এইরূপ করুণ বাক্য শ্রবণ করিয়া, শোকার্ত্ত হইয়া, প্রভাতকালে হস্তিনানগরে আগমন করিয়াছি ॥৫৯॥

রাজা ! আপনার কুমন্ত্রণার ফলে কৌরবসৈন্য ও পাণ্ডবসৈন্যের এইরূপ পরস্পর-হিংসাপ্রযুক্ত ভীষণ মহাক্ষয় হইয়াছে ॥৬০॥

নিষ্পাপ মহারাজ ! আপনার পুত্র দুর্য্যোধন স্বর্গে গমন করিলে, আমি শোকার্ত্ত হইয়া পড়িলাম ; তখন বেদব্যাসপ্রদত্ত আমার সেই দিব্যদৃষ্টি আজ বিনষ্ট হইয়া গেল' ॥৬১॥

(৫৯) ইত্যেবং···শোকার্ত্তাঃ—বা নি।

বৈশম্পায়ন উবাচ।

ইতি শ্রুত্বা স নৃপতিঃ পুত্রস্য নিধনং তদা।
নিশ্বস্য দীর্ঘমুষ্ণঞ্চ ততশ্চিন্তাপরোঽভবৎ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি সুপ্তবধে দুর্য্যোধনপ্রাণত্যাগে দশমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

(২। ঐষীকপর্ব্ব।)

একাদশোঽধ্যায়ঃ।

———:০*০:———

বৈশম্পায়ন উবাচ।

তস্যাং রাত্র্যাং ব্যতীতায়াং ধৃষ্টদ্যুম্নস্য সারথিঃ।
শশংস ধর্ম্মরাজায় সৌপ্তিকে কদনং কৃতম্ ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। নৃপতির্ধৃতরাষ্ট্রঃ। চিন্তাপরো ভাবিকর্ত্তব্যালোচনাশক্তঃ ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি সুপ্তবধে দশমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

তস্যামিতি। শশংস উবাচ। সৌপ্তিকে সর্ব্বেষামেব সুপ্তাবস্থায়াম্, কদনং মহামারীম্ ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা ধৃতরাষ্ট্র তখন পুত্র দুর্য্যোধনের এইরূপ নিধন-বৃত্তান্ত শ্রবণ করিয়া দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া, পরে চিন্তান্বিত হইলেন ॥৬২॥

——:*:——

বৈশম্পায়ন বলিলেন—সেই রাত্রি অতীত হইলে, ধৃষ্টদ্যুম্নের সারথি যাইয়া—অশ্বত্থামা নিদ্রিত অবস্থায় সৈন্যগণের যে মহামারী ঘটাইয়াছিলেন, তাহা যুধিষ্ঠিরের নিকট বলিল ॥১॥

---

(৬২)…জ্ঞাতিপুত্রবধং তদা—বা নি। * '…নবমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো নি।
(১)…গত্বা শশংস পাণ্ডুভ্যঃ—বা নি।

CENTRAL LIBRARY

সূত উবাচ। *

দ্রৌপদেয়া হতা রাজন্! দ্রুপদস্যাত্মজৈঃ সহ।
প্রমত্তা নিশি বিশ্বস্তাঃ স্বপন্তঃ শিবিরে স্বকে ॥২॥
গৌতমেন নৃশংসেন ভোজেন কৃতবর্ম্মণা।
অশ্বত্থাম্না চ পাপেন হতং বঃ শিবিরং নিশি ॥৩॥
এতৈর্নরগজাশ্বানাং প্রাসশক্তিপরশ্বধৈঃ।
সহস্রাণি নিকৃন্তদ্ভির্নিঃশেষং তে বলং কৃতম্ ॥৪॥
ছিদ্যমানস্য মহতো বনস্যেব পরশ্বধৈঃ।
শুশ্রুবে স মহান্ শব্দো বলস্য তব ভারত! ॥৫॥
অহমেকোঽবশিষ্টস্তু তস্মাৎ সৈন্যান্মহীপতে!।
মুক্তঃ কথঞ্চিদ্ধর্ম্মাত্মন্! ব্যগ্রস্য কৃতবর্ম্মণঃ ॥৬॥

ভারতকৌমুদী

* সূত ইতি। সূতো ধৃষ্টদ্যুম্নস্য স্বসারথিঃ। "সূতঃ ক্ষত্তা চ সারথিঃ" ইত্যমরঃ।
দ্রৌপেতি। আত্মজৈর্ধৃষ্টদ্যুম্নশিখণ্ড্যাদিভিঃ। প্রমত্তা আত্মরক্ষায়ামনবহিতাঃ ॥২॥
গৌতমেনেতি। গৌতমেন গৌতমগোত্রেণ কৃপেণ, ভোজেন তদ্বংশীয়েন ॥৩॥
এতৈরিতি। নিকৃন্তদ্ভিশ্ছিন্দদ্ভিঃ, বলং সৈন্যম্ ॥৪॥
ছিদ্যেতি। শব্দ আর্ত্তনাদঃ ঠক্‌ঠকাদিধ্বনিশ্চ ॥৫॥
অহমিতি। ব্যগ্রস্য অন্যবধে ব্যাসক্তস্য কৃতবর্ম্মণঃ সকাশাৎ ॥৬॥

সেই সারথি বলিল—'রাজা! দ্রৌপদীর পুত্রেরা দ্রুপদের পুত্রগণের সহিত রাত্রিতে স্বকীয় শিবিরে অসাবধান অবস্থায় ও নিরুদ্বেগভাবে নিদ্রা যাইতেছিলেন; তখন অশ্বত্থামা যাইয়া তাঁহাদের সকলকেই নিহত করিয়াছেন ॥২॥

নৃশংস ও পাপাত্মা কৃপ, কৃতবর্ম্মা এবং অশ্বত্থামা রাত্রিতে আপনাদের শিবিরটাই বিধ্বস্ত করিয়াছেন ॥৩॥

ইহারা প্রাস, শক্তি ও পরশুদ্বারা সহস্র সহস্র হস্তী, অশ্ব ও মনুষ্যকে ছেদন করিয়া করিয়া আপনার সৈন্যকে একেবারে নিঃশেষ করিয়াছেন ॥৪॥

ভরতনন্দন! পরশুদ্বারা বন ছেদন করিতে লাগিলে, তাহার যেমন ঠক্‌ঠক্-প্রভৃতি শব্দ শুনা যায়, তেমন সৈন্যগণকে ছেদন করিতে লাগিলে, তাহাদের তখন বিশাল আর্ত্তনাদ শুনা যাইতেছিল ॥৫॥

(৩) কৃতবর্ম্মণা নৃশংসেন গৌতমেন কৃপেণ চ—পি বঙ্গ বর্দ্ধ সো। (৬)…ব্যগ্রাচ্চ কৃতবর্ম্মণঃ—বা নি।

তচ্ছ্রুত্বা বাক্যমশিবং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
পপাত মহ্যাং দুর্দ্ধর্ষঃ পুত্রশোকসমন্বিতঃ ॥৭॥
তং পতন্তমভিক্রম্য পরিজগ্রাহ সাত্যকিঃ।
ভীমসেনোঽর্জ্জুনশ্চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৮॥
লব্ধচেতাস্তু কৌন্তেয়ঃ শোকবিহ্বলয়া গিরা।
জিত্বা শত্রূন্ জিতঃ পশ্চাৎ পর্য্যদেবয়দার্ত্তবৎ ॥৯॥
দুর্বিদা গতিরর্থানামপি যে দিব্যচক্ষুষঃ।
জীয়মানা জয়ন্ত্যন্যে জয়মানা বয়ং জিতাঃ ॥১০॥

ভারতকৌমুদী

তদিতি। অশিবম্ অমঙ্গলময়ম্। দুর্দ্ধর্ষত্বেঽপি পুত্রশোকসমন্বিতত্বাদেব পপাতেতি ভাবঃ ॥৭॥

তমিতি। অভিক্রম্য উৎপত্য গত্বা ॥৮॥

লব্ধেতি। লব্ধচেতাঃ প্রাপ্তচৈতন্যঃ, কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ। পর্য্যদেবয়ৎ ব্যলপৎ ॥৯॥

দুরিতি। দুর্বিদা দুর্বেদা। গুণাভাব আর্ষঃ। উক্তার্থে প্রমাণমাহ জীয়েতি ॥১০॥

ভারতভাবদীপঃ

জয়েন হর্ষতামনুপদমেব শোকভয়ে প্রবর্ত্তেতে ইতি দর্শয়ন্নৈষীকমারভতে তস্যামিতি ॥১—৭॥ অতিক্রম্য ধৈর্য্যমর্য্যাদাং ত্যক্ত্বা পতন্তম্ ॥৮—৯॥ অন্যে শত্রবঃ, জয়মানাঃ

ধর্ম্মাত্মা রাজা! কৃতবর্ম্মা যখন অন্যান্য সৈন্যসংহারে ব্যাপৃত ছিলেন, সেই সময়ে আমি তাঁহার নিকট দিয়া কোন প্রকারে আপনার সৈন্য হইতে মুক্ত হইয়া আসিয়াছি' ॥৬॥

কুন্তীপুত্র যুধিষ্ঠির দুর্দ্ধর্ষ হইলেও সেই অমঙ্গলময় বাক্য শুনিয়া, পুত্রশোকে আকুল হইয়া, ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৭॥

তিনি পতিত হইতে লাগিলে সাত্যকি, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব লাফ দিয়া যাইয়া তাঁহাকে ধরিলেন ॥৮॥

পরে যুধিষ্ঠির কিঞ্চিৎ চিত্তস্থির হইয়া পূর্ব্বে জয় করিয়া পরে পরাজিত হওয়ায় আকুলের ন্যায় শোকবিহ্বলবাক্যে বিলাপ করিতে লাগিলেন—॥৯॥

'যাঁহারা দিব্য চক্ষু, তাঁহাদের পক্ষেও পদার্থের গতি বুঝা দুষ্কর। হায়! অন্য লোকেরা পরাজিত হইতে থাকিয়া জয়লাভ করে, আর আমরা জয় করিতে থাকিয়া পরাজিত হইলাম ॥১০॥

(৭)···পপাত মহ্যাং মহাত্মা···বা নি। (৮) তং পতন্তমতিক্রম্য—পি বঙ্গ সো।

CENTRAL LIBRARY

হত্বা ভ্রাতৄন্ বয়স্যাংশ্চ পিতৄন্ পুত্রান্ সুহৃদ্গণান্।
বন্ধূনমাত্যান্ পৌত্রাংশ্চ জিত্বা সর্ব্বান্ জিতা বয়ম্ ॥১১॥
অনর্থো হ্যর্থসঙ্কাশস্তথানর্থোঽর্থদর্শনঃ।
জয়োঽয়মজয়াকারো জয়স্তস্মাৎ পরাজয়ঃ ॥১২॥
যজ্জিত্বা তপ্যতে পশ্চাদাপন্ন ইব দুর্ম্মতিঃ।
কথং মন্যেত বিজয়ং ততো জিততরঃ পরৈঃ ॥১৩॥
যেষামর্থায় পাপং স্যাদ্বিজয়স্য সুহৃদ্বধৈঃ।
নির্জ্জিতৈরপ্রমত্তৈর্হি বিজিতা জিতকাশিনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

হত্বেতি। অহো দৈবগতির্বিচিত্রেতি ভাবঃ ॥১১॥

অনর্থ ইতি। দৈবাৎ প্রাণিনামনর্থোঽপি অর্থসঙ্কাশো ভবতি, কদাচিদনর্থশ্চ অর্থ ইব দৃশ্যত ইত্যর্থঃ, দর্শনো জায়তে। অর্থশব্দোঽত্র ইষ্টবিষয়পরঃ। অয়মস্মাকং জয়ঃ অজয়াকারঃ সর্ব্বসৈন্যনাশাৎ। অস্মাৎ অতএব এষ জয়ঃ পরাজয় এব ॥১২॥

যদিতি। আপন্ন আপৎপ্রাপ্তঃ। ততো জয়লাভাৎ পরম্। মমাপ্যেষৈবাবস্থেতি ভাবঃ ॥১৩॥

যেষামিতি। যেষাং বিজয়স্যার্থায় সুহৃদ্বধৈঃ পাপং স্যাৎ, তে জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি জিতকাশিনো জনাঃ, নির্জ্জিতৈরপি অপ্রমত্তৈঃ শত্রুজয়ে সাবধানৈর্জনৈর্বিজিতাঃ স্যুঃ। তথা চ বিজয়ার্থং কৃতৈঃ সুহৃদ্বধৈরস্মাকং পাপং জাতম্, তস্মাৎ পাপাদেব চ বয়ং জিতকাশিনঃ সন্তোঽপি নির্জ্জিতৈরস্মৎসৈন্যসংহারে সাবধানৈশ্চাশ্বত্থামাদিভিরিদানীং বিজিতা ইতি ভাবঃ ॥১৪॥

আমরা ভ্রাতৃগণ, বয়স্যগণ, পিতৃগণ, পুত্রগণ, সুহৃদ্গণ, বন্ধুগণ, অমাত্যগণ ও পৌত্রগণকে বধ করিয়া এবং অন্যান্য সকলকে জয় করিয়া, পরিশেষে পরাজিত হইলাম ॥১১॥

দৈববশতঃ প্রাণিগণের পক্ষে কোন সময়ে অনিষ্টও বাস্তবিকই ইষ্টস্বরূপ হইয়া থাকে; আবার কোন সময়ে অনিষ্টকে ইষ্টের ন্যায় দেখা যায় (বাস্তবিকপক্ষে সেটা ইষ্ট নহে)। আমাদেরও এই জয়টা অজয়ের সদৃশই হইয়াছে; সুতরাং আমাদের এই জয় পরাজয়ই বটে ॥১২॥

দুর্বুদ্ধি মানুষ যে জয়লাভ করিয়া পরে বিপদাপন্নের ন্যায় অনুতপ্ত হয়; সে, সে জয়কে কি করিয়া জয় বলিয়া মনে করে। কারণ, তাহার পর শত্রুরা তাহাকে গুরুতরভাবে জয় করে ॥১৩॥

CENTRAL LIBRARY

কর্ণিনালীকদংষ্ট্রস্য খড়্গজিহ্বস্য সংযুগে।
চাপব্যাত্তাস্যরৌদ্রস্য জ্যাতলস্বননাদিনঃ ॥১৫॥
ক্রুদ্ধস্য নরসিংহস্য সংগ্রামেষ্বপলায়িনঃ।
যে ব্যমুঞ্চন্ত কর্ণস্য প্রমাদাত্ত ইমে হতাঃ ॥১৬॥ (যুগ্মকম্)
রথহ্রদং শরবর্ষোর্ম্মিমন্তং রত্নাচিতং বাহনবাজিযুক্তম্।
শক্ত্যৃষ্টিমীনধ্বজনাগনক্রং শরাসনাবর্ত্তমহেষুফেনম্ ॥১৭॥
সংগ্রামচন্দ্রোদয়বেগবেলং দ্রোণার্ণবং জ্যাতলনেমিঘোষম্।
যে তেরুরুচ্চাবচশস্ত্রনৌভিস্তে রাজপুত্রা নিহতাঃ প্রমাদাৎ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কর্ণীতি। কর্ণিনো নালীকাশ্চ বাণবিশেষা দংষ্ট্রা দন্তপঙ্‌ক্তিরিব যস্য তস্য, খড়্গো জিহ্বেব যস্য তস্য। চাপং ধনুঃ ব্যাত্তাস্যং বিবৃতবদনমিব তেন রৌদ্রস্য ভীষণস্য, জ্যাতলস্বনো ধনুর্গুণশব্দো নাদো গর্জনমিবাস্যাস্তীতি তস্য। নরঃ সিংহ ইব তস্য। কর্ণস্য সকাশাদিতি শেষঃ, প্রমাদাৎ অনবধানতাবশাৎ ॥১৫—১৬॥

রথেতি। রথা এব হ্রদা গর্ত্তা যস্য তম্, শরবর্ষমেব উর্ম্মিস্তরঙ্গোঽস্যাস্তীতি তম্, রত্নৈরাচিতং ব্যাপ্তম্, বাহনানি রথাশ্বা এব বাজিনো জলাশ্বাস্তৈর্যুক্তম্। শক্তয় ঋষ্টয়শ্চৈব মীনা ধ্বজা এব নাগাঃ সর্পাঃ, নক্রা জলজন্তবশ্চ যস্য তম্, শরাসনং ধনুরেব আবর্ত্তো জলভ্রমির্যস্য স চাসৌ মহেষবো মহাবাণা এব ফেনা যস্য স চেতি তম্। সংগ্রাম এব চন্দ্রস্তস্য উদয়েন বেগো যস্যাঃ সা তাদৃশী বেলা অম্বুবিকৃতিঃ পূরো যস্য তম, দ্রোণ এব অর্ণবস্তম্, জ্যাতলনেমীনাং গুণহস্তাবরণচক্রপ্রান্তানাং ঘোষঃ শব্দ এব ঘোষো গর্জ্জনং যস্য তঞ্চ উচ্চাবচানি নানাবিধানি শস্ত্রাণ্যেব নাবস্তাভিঃ, প্রমাদাৎ অনবধানাৎ ॥১৭—১৮॥

জয়লাভের জন্য সুহৃদ্ বধ করায় যাহাদের পাপ হয়, তাহারা জয়লক্ষ্মী লাভ করিয়াও পরাজিত ও অবহিত শত্রুগণকর্ত্তৃক পুনরায় পরাজিত হয় ॥১৪॥

কর্ণি ও নালীকপ্রভৃতি বাণসমূহ যাহার দন্তশ্রেণিতুল্য, খড়্গ যাহার জিহ্বার ন্যায়, আকৃষ্ট ধনু যাহার প্রকটিতমুখের সদৃশ এবং ধনুর গুণ ও হস্তাবরণের শব্দ যাহার গর্জ্জনের সমান ছিল, সেই সিংহসদৃশ ক্রুদ্ধ ও ভীষণ, যুদ্ধে অপলায়ী কর্ণের নিকট হইতে যাহারা মুক্তিলাভ করিয়াছিল, আজ তাহারা অনবধানতাবশতঃ নিহত হইয়াছে ॥১৫—১৬॥

রথ—যাহার গর্ত্ত, বাণবর্ষণ—যাহার তরঙ্গ, বাহনগুলি—যাহার জলাশ্ব, শক্তি ও ঋষ্টি—যাহার মৎস্য, ধ্বজ—যাহার সর্প ও জলজন্তু, ধনু—যাহার আবর্ত্ত (জলভ্রমি—ঘোলা), বিশাল বাণ—যাহার ফেন, যুদ্ধরূপ চন্দ্রের উদয়ে বেগ—যাহার পূর (জোয়ার) এবং ধনুর গুণ, হস্তাবরণ ও রথচক্রের শব্দই যাহার গর্জ্জনস্বরূপ ছিল, সেই রত্ন-

CENTRAL LIBRARY

ন হি প্রমাদাৎ পরমোঽস্তি কশ্চিদ্বধো নরাণামিহ জীবলোকে।
প্রমত্তমর্থা হি নরং সমন্তাৎ ত্যজন্ত্যনর্থাশ্চ সমাবিশন্তি ॥১৯॥
ধ্বজোত্তমাগ্রোচ্ছ্রিতধূমকেতুং শরার্চ্চিষং কোপমহাসমীরম্।
মহাধনুর্জ্যাতলনেমিঘোষং তনুত্রনানাবিধশস্ত্রহোমম্ ॥২০॥
মহাচমূকক্ষদবাভিপন্নং মহাহবে ভীষ্মমহাদবাগ্নিম্।
যে তেরুরুচ্চাবচশস্ত্রবেগৈস্তে রাজপুত্রা নিহতাঃ প্রমাদাৎ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ন হীতি। বধো বধহেতুঃ। প্রমত্তমনবহিতম্, অর্থা অভীষ্টবিষয়াঃ, অনর্থা অনভীষ্টবিষয়াঃ, সমাবিশন্তি আশ্রয়ন্তি ॥১৯॥

ধ্বজেতি। ধ্বজোত্তমস্য অগ্রে উচ্ছ্রিত উত্থিতো ধূমঃ কেতুঃ পতাকারূপো যস্য তম্, শরা বাণা এব অর্চ্চিষঃ শিখা যস্য তম্, কোপঃ ক্রোধ এব মহান্ সমীরো বর্দ্ধকো বায়ুর্যস্য তম্। মহাধনুর্জ্যাতলনেমীনাং ঘোষ এব ঘোষঃ শব্দো যস্য তম্, তনুত্রাণি বর্ম্মাণি নানাবিধানি শস্ত্রাণি চ তেষাং হোমো হবিস্ত্যাগো যস্মিন্ তম্। মহাচমূরেব কক্ষদবঃ শুষ্কতৃণবনং তত্র অভিপন্নং লগ্নম্, ভীষ্ম এব মহান্ দবাগ্নির্দাবানলস্তম্। উচ্চাবচানি নানাবিধানি শস্ত্রাণি তেষাং বেগৈঃ ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

জয়ন্তঃ, জিতানাং জয়ো জয়তাং পরাজয়ঃ ফলতোঽভূদিতি মহদাশ্চর্য্যমিত্যর্থঃ ॥১০—১৫॥ ব্যমুক্তন্ত মুক্তাঃ, কর্ণন্ত কর্ণাৎ, প্রমাদাদস্মৎকৃতাদসান্নিধ্যাৎ ॥১৬—১৯॥ তনুত্রাণি নানাবিধানি শস্ত্রাণি চ তেষাং হোমঃ প্রক্ষেপো যত্র তং তনুত্রনানাবিধশস্ত্রহোমম্ ॥২০॥ ভীষ্মময়ং ভীষ্মপ্রধানমগ্নিদাহং ভীষ্মরূপেণাগ্নিনা দাহমিত্যর্থঃ। তে সেহিরে সোঢ়বন্তঃ ॥২১—৩১॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

পরিপূর্ণ দ্রোণরূপ সমুদ্রকে যাঁহারা নানাবিধ অস্ত্ররূপ নৌকাদ্বারা অতিক্রম করিয়াছিলেন, সেই রাজপুত্রেরা অনবধানতাবশতঃ আজ নিহত হইয়াছেন ॥১৭-১৮॥

এই জীবলোকে অনবধানতাব্যতীত মানুষের বিনাশের অন্য কোন প্রধান কারণ নাই। কারণ, সমস্ত অভীষ্ট বিষয়ই অসাবধান লোককে পরিত্যাগ করে এবং সমস্ত অনর্থ আসিয়া তাহাকে আশ্রয় করে ॥১৯॥

উত্তম ধ্বজের উপরে পতাকারূপ যাহার ধূম, বাণ যাহার শিখা, ক্রোধ যাহার প্রবল বায়ু, বিশাল ধনুর গুণ, হস্তাবরণ ও চক্রপ্রান্তের শব্দ যাহার রব, বর্ম্ম ও নানাবিধ অস্ত্র যাহার আহুতি এবং যাহা বিশাল সৈন্যরূপ শুষ্কতৃণবনে লগ্ন হইত, সেই ভীষ্মস্বরূপ মহাদাবানলকে যাঁহারা মহাযুদ্ধে নানাবিধ অস্ত্রবেগদ্বারা অতিক্রম করিয়াছিলেন, সেই রাজপুত্রেরাই অনবধানতাবশতঃ নিহত হইয়াছেন ॥২০—২১॥

(২০) ইতঃপ্রভৃতি পুস্তকভেদাদেব পাঠভেদো দ্রষ্টব্যঃ।

CENTRAL LIBRARY

ন হি প্রমত্তেন নরেণ শক্যমাপ্তুং বসু শ্রীর্বিপুলং যশো বা।
পশ্যাপ্রমাদেন নিহত্য শত্রূন্ সর্ব্বান্ মহেন্দ্রঃ সুখমেধমানম্ ॥২২॥
ইন্দ্রোপমান্ পার্থিবপুত্রপৌত্রান্ পশ্যাবিশেষেণ হতান্ প্রমাদাৎ।
তীর্ত্বা সমুদ্রং বণিজঃ সমৃদ্ধা মগ্নাঃ কুনদ্যামিব সীদমানাঃ ॥২৩॥
অমর্ষিতৈর্যে নিহতাঃ শয়ানা নিঃসংশয়ং তেঽপি দিবং প্রপন্নাঃ।
কৃষ্ণান্তু শোচামি কথং নু সাধ্বী শোকার্ণবং সাদ্য বিশক্ষ্যতীতি ॥২৪॥
ভ্রাতৄংশ্চ পুত্রাংশ্চ হতান্ নিশম্য পাঞ্চালরাজং পিতরঞ্চ বৃদ্ধম্।
ধ্রুবং বিসংজ্ঞা পতিতা পৃথিব্যাং সা শেষ্যতে শোককৃশাঙ্গযষ্টিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ন হীতি। প্রমত্তেন অনবহিতেন। আপ্তুং লব্ধুম্, বসু ধনম্, শ্রীর্ভবনাদিশোভা। অপ্রমাদেন সাবধানতয়া, এধমানং বর্দ্ধমানং স্বর্গাধিপতিভূতমিত্যর্থঃ ॥২২॥

ইন্দ্রেতি। পার্থিবানাং রাজ্ঞাং পুত্রপৌত্রান্, হতান্ অস্মাকং শিবিরেষু, প্রমাদাৎ অনবধানতাবশাৎ। উক্তার্থে সাদৃশ্যমাহ তীর্ত্বেতি। সমৃদ্ধা ধনলাভেন সম্পন্নাঃ সন্তঃ, সীদমানা অবসন্না অনবহিতাঃ সন্ত ইত্যর্থঃ। তথা চ ভীষ্মাদিবধেন বিজয়িনী মৎসেনা অনবধানতাবশাদেব কেনচিৎ ক্ষুদ্রেণ ব্রাহ্মণেন হতেতি ভাবঃ ॥২৩॥

অমর্ষিতৈরিতি। অমর্ষিতৈঃ ক্রুদ্ধৈরশ্বত্থামাদিভিঃ। দিবং স্বর্গম্, প্রপন্নাঃ কুরুক্ষেত্র-মাহাত্ম্যাৎ প্রাপ্তাঃ, অতস্তেষামর্থে শোকো নাস্তীতি ভাবঃ। কৃষ্ণাং দ্রৌপদীম্ ॥২৪॥

ভ্রাতৄনিতি। বিসংজ্ঞা অচেতনা। শেষ্যতে শয়নং করিষ্যতি ॥২৫॥

অসাবধান মানুষ ধন, শোভা কিংবা বিপুল যশ লাভ করিতে সমর্থ হয় না। দেখ—ইন্দ্র সাবধানতাবশতই সমস্ত শত্রুকে সংহার করিয়া, অনায়াসে সমৃদ্ধি লাভ করিয়াছেন ॥২২॥

আরও দেখ—ইন্দ্রের তুল্য রাজপুত্র ও রাজপৌত্রেরা অনবধানতাবশতই অ-বিশেষভাবে আমাদের শিবিরে নিহত হইয়াছেন। অতএব সমৃদ্ধিসম্পন্ন বণিকেরা সমুদ্র অতিক্রম করিয়া আসিয়া অসাবধানতাবশতঃ যেমন ক্ষুদ্র নদীতে মগ্ন হয়, সেইরূপ আমাদের সেই যোদ্ধারা ভীষ্মপ্রভৃতির হস্ত হইতে মুক্ত হইয়া আজ ক্ষুদ্র অশ্বত্থামার হস্তে নিহত হইয়াছেন ॥২৩॥

ক্রুদ্ধ শত্রুরা যে সকল নিদ্রিত ব্যক্তিকে নিহত করিয়াছে, তাঁহারাও স্বর্গেই গিয়াছেন (সুতরাং তাঁহাদের জন্য শোক করা উচিত নহে)। কিন্তু দ্রৌপদীর জন্যই শোক করিতেছি। কেন না, সেই সাধ্বী আজ কি করিয়া এই শোকসাগর সহ্য করিবেন ॥২৪॥

(২৪) অমর্ষিতৈর্যে নিহতা নরেন্দ্রা…বা নি, সা বিবহিষ্যতীতি…বা নি।

CENTRAL LIBRARY

তচ্ছোকজং দুঃখমপারয়ন্তী কথং ভবিষ্যত্যুচিতা সুখানাম্ ।
পুত্রক্ষয়ভ্রাতৃবধপ্রণুন্না প্রদহ্যমানেব হুতাশনেন ॥২৬॥
ইত্যেবমার্ত্তঃ পরিদেবয়ন্ স রাজা কুরূণাং নকুলং বভাষে ।
গচ্ছানয়ৈনামিহ মন্দভাগ্যাং সমাতৃপক্ষামিতি রাজপুত্রীম্ ॥২৭॥
মাদ্রীসুতস্তৎ পরিগৃহ্য বাক্যং ধর্ম্মেণ ধর্ম্মপ্রতিমস্য রাজ্ঞঃ ।
যযৌ রথেনালয়মাশু দেব্যাঃ পাঞ্চালরাজস্য চ যত্র দারাঃ ॥২৮॥
প্রস্থাপ্য মাদ্রীসুতমাজমীঢ়ঃ শোকার্দ্দিতস্তৈ সহিতঃ সুহৃদ্ভিঃ ।
রোরূয়মাণঃ প্রযযৌ সুতানামায়োধনং ভূতগণানুকীর্ণম্ ॥২৯॥

ভারতকৌমুদী

তদিতি। অপারয়ন্তী সোঢ়ুমশক্নুবতী, কথং কীদৃশী, সুখানামুচিতা ভোগে অভ্যস্তা। পুত্রাণাং ক্ষয়েণ ভ্রাতৃণাং বধেন চ প্রণুন্না বিহ্বলীকৃতা ॥২৬॥

ইতীতি। পরিদেবয়ন্ বিলপন্। এনাং কৃষ্ণাম্, মাতৃপক্ষেণ নিহতানাং মাতৃগণেন সহেতি সা তাম্ ॥২৭॥

মাদ্রীতি। ধর্ম্মপ্রতিমস্য ধর্ম্মসমানস্য। দেব্যা দ্রৌপদ্যাঃ ॥২৮॥

প্রস্থাপ্যেতি। আজমীঢ় অজমীঢ়বংশোৎপন্নো যুধিষ্ঠিরঃ। রোরূয়মাণঃ পুনরার্ত্তনাদং কুর্ব্বন্, আয়োধনং রণস্থলম্, ভূতগণৈর্মাংসভোজিপ্রাণিগণৈঃ অনুকীর্ণং ব্যাপ্তম্ ॥২৯॥

ভ্রাতৃগণ, পুত্রগণ এবং বৃদ্ধ দ্রুপদরাজাকে নিহত শুনিয়া শোকে ক্ষীণ ও অচেতন হইয়া দ্রৌপদী নিশ্চয়ই আজ ভূতলে পতিত হইয়া শয়ন করিবেন ॥২৫॥

সুখভোগে অভ্যস্তা দ্রৌপদী অগ্নির ন্যায় পুত্র ও ভ্রাতৃগণের বিনাশশোকে দহ্যমান ও আকুল হইয়া, সেই শোকদুঃখ সহ্য করিতে না পারিয়া দ্রৌপদী আজ কিরূপ হইয়া পড়িবেন' ॥২৬॥

কুরুরাজ যুধিষ্ঠির শোকার্ত্ত হইয়া এরূপ বিলাপ করিতে থাকিয়া নকুলকে বলিলেন—'নকুল! তুমি যাও, মাতৃগণের সহিত মন্দভাগ্যা দ্রৌপদীকে এইখানে আনয়ন কর' ॥২৭॥

ধর্ম্মের গুণে ধর্ম্মদেবের তুল্য যুধিষ্ঠিরের এই আদেশ গ্রহণ করিয়া নকুল—যে স্থানে দ্রুপদরাজার ভার্য্যারা অবস্থান করিতেছিলেন, সেই দ্রৌপদীর ভবনে গমন করিলেন ॥২৮॥

যুধিষ্ঠির নকুলকে প্রেরণ করিয়া, বন্ধুগণের সহিত মিলিত ও শোকার্ত্ত হইয়া, গুরুতর আর্ত্তনাদ করিতে থাকিয়া, জন্তুগণে পরিপূর্ণ পুত্রদিগের সংহারস্থানে গমন করিলেন ॥২৯॥

(২৬)··· রোরূয়তে জ্ঞাতিবধাভিতপ্তা···বা নি।

স তৎ প্রবিশ্যাশিবমুগ্ররূপং দদর্শ পুত্রান্ সুহৃদঃ সখীংশ্চ।
ভূমৌ শয়ানান্ রুধিরার্দ্রগাত্রান্ বিভিন্নদেহান্ প্রহৃতোত্তমাঙ্গান্ ॥৩০॥
স তাংস্তু দৃষ্ট্বা ভৃশমার্ত্তরূপো যুধিষ্ঠিরো ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
উচ্চৈঃ প্রচুক্রোশ চ কৌরবাগ্র্যঃ পপাত চোর্ব্ব্যাং সগণো বিসংজ্ঞঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি ঐষীকে যুধিষ্ঠিরানুতাপে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

দ্বাদশোঽধ্যায়ঃ।

——:০*০:——

বৈশম্পায়ন উবাচ।

স দৃষ্ট্বা নিহতান্ সংখ্যে পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
মহাদুঃখপরীতাত্মা বভূব জনমেজয়! ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। অশিবম্ অমঙ্গলময়ম্। বিভিন্নগাত্রান্ বিদীর্ণদেহান্, প্রহৃতানি জন্তুভিরাকৃষ্যাপনীতানি উত্তমাঙ্গানি শিরাংসি যেষাং তান্ ॥৩০॥

স ইতি। প্রচুক্রোশ পুত্রাদীনাজুহাব, সগণঃ সপরিজনঃ, বিসংজ্ঞঃ অচেতনঃ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি ঐষীকে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

স ইতি। সংখ্যে রণস্থল ইব শিবিরে। মহাদুঃখেন পরীতাত্মা ব্যাপ্তচিত্তঃ ॥১॥

যুধিষ্ঠির সেই অমঙ্গলময় ও ভীষণ শিবিরে প্রবেশ করিয়া দেখিলেন—পুত্রগণ, সুহৃদ্‌গণ ও সখিগণ ভূতলে শয়ন করিয়া রহিয়াছে, তাহাদের সকলেরই দেহ অস্ত্রাঘাতে ছিন্ন-ভিন্ন ও রক্তাক্ত হইয়া গিয়াছে এবং জন্তুগণ অনেকেরই মস্তক অপহরণ করিয়া নিয়াছে ॥৩০॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ ও কৌরবপ্রধান যুধিষ্ঠির তাহাদিগকে দেখিয়া অত্যন্ত শোকার্ত্ত হইয়া তাহাদিগকে উচ্চস্বরে ডাকিতে থাকিয়া অচেতন হইয়া, পরিজনগণের সহিত ভূতলে পতিত হইলেন ॥৩১॥

* '...দশমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো নি।

CENTRAL LIBRARY

ততস্তস্য মহান্ শোকঃ প্রাদুরাসীন্মহাত্মনঃ।
স্মরতঃ পুত্রপৌত্রাণাং ভ্রাতৄণাং স্বজনস্য চ ॥২॥
তমশ্রুপরিপূর্ণাক্ষং বেপমানমচেতনম্।
সুহৃদো ভৃশসংবিগ্নাঃ সান্ত্বয়াঞ্চক্রিরে তদা ॥৩॥
তস্মিন্ মুহূর্ত্তে জবনৈর্বাজিভির্হেমমালিভিঃ।
নকুলঃ কৃষ্ণয়া সার্দ্ধমুপায়াৎ পরমার্ত্তয়া ॥৪॥
উপপ্লব্যং গতা সা তু শ্রুত্বা সুমহদপ্রিয়ম্।
তদা বিনাশং পুত্রাণাং সর্ব্বেষাং ব্যথিতাভবৎ ॥৫॥
কম্পমানেব কদলী বাতেনাভিসমীরিতা।
কৃষ্ণা রাজানমাসাদ্য শোকার্ত্তা ন্যপতদ্ভুবি ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পুত্রপৌত্রাণামিত্যাদৌ "স্মৃত্যর্থকর্ম্মণি" ইতি কর্ম্মণি ষষ্ঠী ॥২॥
তমিতি। অচেতনং প্রায়েণাসংজ্ঞম্। ভৃশসংবিগ্না অতীবাস্থিরাঃ ॥৩॥
তস্মিন্নিতি। জবনৈর্বেগবদ্ভিঃ। কৃষ্ণয়া দ্রৌপদ্যা, উপায়াৎ যুধিষ্ঠিরসমীপমাগচ্ছৎ ॥৪॥
উপেতি। উপপ্লব্যং তদাখ্যং বিরাটনগরম্, গতা যুদ্ধকালে অধিষ্ঠিতা, সা কৃষ্ণা ॥৫॥
কম্পেতি। অভিসমীরিতা সর্ব্বতঃ সঞ্চালিতা। রাজানং যুধিষ্ঠিরম্ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! যুধিষ্ঠির পুত্র, পৌত্র ও সখাদিগকে নিহত দেখিয়া গুরুতর দুঃখে আকুল হইয়া পড়িলেন ॥১॥

মহাত্মা যুধিষ্ঠির তৎকালে পুত্র, পৌত্র, ভ্রাতা ও স্বজনদিগকে স্মরণ করিতে থাকায় তাঁহার গুরুতর শোক উপস্থিত হইল ॥২॥

তখন যুধিষ্ঠির অশ্রুজলে পরিপূর্ণ ও কম্পিতকলেবর হইয়া অচেতনপ্রায় হইলে, সুহৃদ্‌গণ অত্যন্ত অস্থির হইয়া তাঁহাকে সান্ত্বনা করিতে লাগিলেন ॥৩॥

সেই সময়েই নকুল বেগবান্ ও স্বর্ণমালালঙ্কৃত অশ্বগণের গুণে অত্যন্তদুঃখিতা দ্রৌপদীর সহিত সত্বর সে স্থানে আগমন করিলেন ॥৪॥

দ্রৌপদী সেই যুদ্ধের সময়ে বিরাটরাজের উপপ্লব্যনগরে ছিলেন; তৎকালে তিনি নকুলের নিকট গুরুতর অপ্রিয় সমস্ত পুত্রেরই নিধনবৃত্তান্ত শ্রবণ করিয়া শোকে আকুল হইয়াছিলেন ॥৫॥

ক্রমে শোকার্ত্তা দ্রৌপদী বায়ুসঞ্চালিত কদলীস্তম্ভের ন্যায় কাঁপিতে কাঁপিতে যুধিষ্ঠিরের নিকটে আসিয়া ভূতলে পতিত হইলেন ॥৬॥

(৪) ততস্তস্মিন্ ক্ষণে কল্যো রথেনাদিত্যবর্চ্চসা—পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

বভূব বদনং তস্যাঃ সহসা শোককর্ষিতম্।
ফুল্লপদ্মপলাশাক্ষ্যাস্তমোগ্রস্ত ইবাংশুমান্ ॥৭॥
ততস্তাং পতিতাং দৃষ্ট্বা সংরম্ভী সত্যবিক্রমঃ।
বাহুভ্যাং পরিজগ্রাহ সমুৎপত্য বৃকোদরঃ ॥৮॥
সা সমাশ্বাসিতা তেন ভীমসেনেন ভাবিনী।
রুদতী পাণ্ডবং কৃষ্ণা সহভ্রাতরমব্রবীৎ ॥৯॥
দিষ্ট্যা রাজন্! অবাপ্যেমামখিলাং ভোক্ষ্যসে মহীম্।
আত্মজান্ ক্ষত্রধর্ম্মেণ সম্প্রদায় যমায় বৈ ॥১০॥
দিষ্ট্যা ত্বং পার্থ! কুশলী মত্তমাতঙ্গগামিনম্।
অবাপ্য পৃথিবীং কৃৎস্নাং সৌভদ্রং ন স্মরিষ্যসি ॥১১॥
আত্মজান্ ক্ষত্রধর্ম্মেণ শ্রুত্বা শূরান্ নিপাতিতান্।
উপপ্লব্যে ময়া সার্দ্ধং দিষ্ট্যা ত্বং ন স্মরিষ্যসি ॥১২॥

ভারতকৌমুদী

বভূবেতি। শোকেন কর্ষিতং ম্লানম্। তমসা রাহুণা গ্রস্ততমোগ্রস্তঃ, অংশুমান্ চন্দ্রঃ ॥৭॥

তত ইতি। সংরম্ভী ক্রোধী। সমুৎপত্য উৎপ্লুত্য গত্বা ॥৮॥

সেতি। ভাবিনী অভিপ্রায়বিশেষবতী। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, ভ্রাতৃভিঃ সহেতি সহভ্রাতরম্ ॥৯॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। রাজ্যলাভেন ত্বমাশ্বস্তো ভবিষ্যসি, ন ত্বহমিতি ভাবঃ ॥১০॥

দিষ্ট্যেতি। কুশলী অক্ষতদেহঃ। সৌভদ্রমভিমন্যুম্ ॥১১॥

প্রস্ফুটিতপদ্মপলাশনয়না দ্রৌপদীর মুখখানি শোকে রাহুগ্রস্ত চন্দ্রের ন্যায় মলিন হইয়া গেল ॥৭॥

তাহার পর দ্রৌপদীকে পতিত দেখিয়া, কোপনস্বভাব ও যথার্থবিক্রমশালী ভীমসেন লাফ দিয়া যাইয়া বাহুযুগলদ্বারা তাঁহাকে ধারণ করিলেন ॥৮॥

ক্রমে ভীমসেন আশ্বস্ত করিলে, দ্রৌপদী রোদন করিতে থাকিয়া বিশেষ অভিপ্রায়ে ভ্রাতৃগণের সহিত যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন—।৯॥

'রাজা! আপনি ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে পুত্রদিগকে যমকে দান করিয়া, ভাগ্যবশতঃ সমগ্র পৃথিবী লাভ করিয়া ভোগ করিতে থাকিবেন ॥১০॥

পৃথানন্দন! আপনি ভাগ্যবশতঃ অক্ষতদেহ থাকিয়া সমগ্র পৃথিবী লাভ করিয়া মত্তমাতঙ্গগামী অভিমন্যুকে আর স্মরণ করিবেন না ॥১১॥

(৯) ··ভীমসেনেন ভামিনী—বা সো নি। (১০) ··শ্রুত্বা শূরান্ নিপাতিতান্—পি বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

প্রসুপ্তানাং বধং শ্রুত্বা দ্রৌণিনা পাপকর্ম্মণা।
শোকস্তপতি মাং পার্থ! হুতাশন ইবাশ্রয়ম্ ॥১৩॥
তস্য পাপকৃতো দ্রৌণের্ন চেদদ্য ত্বয়া মৃধে।
হ্রিয়তে সানুবন্ধস্য যুধি বিক্রম্য জীবিতম্ ॥১৪॥
ইহৈব প্রায়মাসিষ্যে তন্নিবোধত পাণ্ডবাঃ।
ন চেৎ ফলমবাপ্নোতি দ্রৌণিঃ পাপস্য কর্ম্মণঃ ॥১৫॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা ততঃ কৃষ্ণা পাণ্ডবং প্রত্যুপাবিশৎ।
যুধিষ্ঠিরং যাজ্ঞসেনী ধর্ম্মরাজং তপস্বিনী ॥১৬॥
দৃষ্ট্বোপবিষ্টাং রাজর্ষিঃ পাণ্ডবো মহিষীং প্রিয়াম্।
প্রত্যুবাচ স ধর্ম্মাত্মা দ্রৌপদীং চারুদর্শনাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

আত্মজানিতি। উপপ্লব্যে প্রাগুক্তে তদাখ্যে বিরাটনগরে ॥১২॥

প্রেতি। প্রসুপ্তানাং নিদ্রিতানাম্, দ্রৌণিনা অশ্বত্থাম্না। তপতি দহতি ॥১৩॥

তস্যেতি। মৃধে যুদ্ধে। সানুবন্ধস্য অনুচরসহিতস্য। প্রায়ম্ অন্তগমনং যাবৎ, আসিষ্যে স্থাস্যামি ॥১৪—১৫॥

এবমিতি। তপস্বিনী শোচ্যা, "দীনশোচ্যৌ তপস্বিনৌ" ইত্যমরঃ ॥১৬॥

আপনি পুত্রগণকে ক্ষত্রিয়ধর্ম্মানুসারে নিপাতিত শুনিয়াও ভাগ্যবশতই উপপ্লব্যনগরে আমার সহিত তাহাদিগকে আর স্মরণ করিবেন না ॥১২॥

পৃথানন্দন! পাপকারী অশ্বত্থামা নিদ্রিত ব্যক্তিগণকে বধ করিয়াছে ইহা শ্রবণ করায় অগ্নি যেমন আপন আশ্রয়কে দগ্ধ করে, সেইরূপ শোক আমাকে দগ্ধ করিতেছে ॥১৩॥

অতএব অদ্য আপনি যদি বিক্রম প্রকাশ করিয়া যুদ্ধে সেই পাপকারী অশ্বত্থামার জীবন হরণ না করেন এবং অশ্বত্থামা যদি সেই পাপকার্য্যের ফল-ভোগ না করে, তাহা হইলে আমি এই স্থানেই প্রায়োপবেশন করিব; হে পাণ্ডবগণ! আপনারা আমার এই প্রতিজ্ঞা অবগত হইয়া থাকুন' ॥১৪—১৫॥

তাহার পর পাণ্ডুনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে এই কথা বলিয়া শোচনীয়া দ্রুপদ-নন্দিনী কৃষ্ণা সেই স্থানেই প্রায়োপবেশন করিলেন ॥১৬॥

তখন চারুদর্শনা প্রিয়মহিষী দ্রৌপদীকে প্রায়োপবিষ্টা দেখিয়া, ধর্ম্মাত্মা রাজর্ষি যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন—॥১৭॥

(১৬)···যশস্বিনী—বা সো নি।

ধর্ম্ম্যং ধর্ম্মেণ ধর্ম্মজ্ঞে! প্রাপ্তাস্তে নিধনং শুভে!।
পুত্রাস্তে ভ্রাতরশ্চৈব তান্ন শোচিতুমর্হসি ॥১৮॥
স কল্যাণি! বনং দুর্গং দূরং দ্রৌণিরিতো গতঃ।
তস্য ত্বং পাতনং সংখ্যে কথং জ্ঞাস্যসি শোভনে! ॥১৯॥

দ্রৌপদ্যুবাচ।

দ্রোণপুত্রস্য সহজো মণিঃ শিরসি মে শ্রুতঃ।
নিহত্য সংখ্যে তং পাপং পশ্যেয়ং মণিমাহৃতম্।
রাজন্! শিরসি তে কৃত্বা জীবেয়মিতি মে মতিঃ ॥২০॥
ইত্যুক্ত্বা পাণ্ডবং কৃষ্ণা রাজানং চারুদর্শনা।
ভীমসেনমথাভ্যেত্য পরমং বাক্যমব্রবীৎ ॥২১॥
ত্রাতুমর্হসি মাং ভীম! ক্ষত্রধর্ম্মমনুস্মরন্।
জহি তং পাপকর্ম্মাণং শম্বরং মঘবানিব ॥২২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। উপবিষ্টামন্তগমনায়েতি শেষঃ ॥১৭॥
ধর্ম্ম্যমিতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম, ধর্ম্মেণ ক্ষত্রিয়াচারেণ ॥১৮॥
স ইতি। দুর্গং দুর্গমম্। কথং জ্ঞাস্যসি কথমপি নেত্যর্থঃ, দূরস্থত্বাৎ ॥১৯॥
দ্রোণেতি। মে ময়া। জীবেয়ং তৎপাতনাবগমাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
ইতীতি। পরমমুত্তমম্, সর্ব্বথা যুক্তিযুক্তত্বাদিত্যর্থঃ ॥২১॥

'শুভে ধর্ম্মজ্ঞে! তোমার সেই পুত্রেরা ও ভ্রাতারা ক্ষত্রিয়নিয়মানুসারে ধর্ম্মসঙ্গত নিধন প্রাপ্ত হইয়াছেন; সুতরাং তুমি আর তাঁহাদের জন্য শোক করিতে পার না ॥১৮॥

কল্যাণি! সেই অশ্বত্থামা এ স্থান হইতে দূরবর্ত্তী ও দুর্গম বনমধ্যে যাইয়া প্রবেশ করিয়াছে; অতএব শোভনে! তুমি এ স্থানে থাকিয়া তাহাকে নিপাত করা কি করিয়া দেখিবে' ॥১৯॥

দ্রৌপদী বলিলেন—'রাজা! আমি শুনিয়াছি—জন্মাবধি অশ্বত্থামার মস্তকে একটী মণি রহিয়াছে; আপনি সেই পাপাত্মা অশ্বত্থামাকে বধ করিয়া সেই মণিটী মস্তকে ধারণপূর্ব্বক আনয়ন করিবেন, তাহা আমি দেখিব, তাহা হইলে জীবন-ধারণ করিতে পারিব, ইহাই আমার ধারণা' ॥২০॥

চারুদর্শনা দ্রৌপদী যুধিষ্ঠিরকে এই কথা বলিয়া ভীমসেনের নিকটে যাইয়া এই উত্তম বাক্য বলিলেন—॥২১॥

CENTRAL LIBRARY

ন হি তে বিক্রমে তুল্যঃ পুমানস্তীহ কশ্চন।
শ্রুতং তৎ সর্ব্বলোকেষু পরমব্যসনে তথা ॥২৩॥
দ্বীপোঽভূস্ত্বং হি পার্থানাং নগরে বারণাবতে।
হিড়িম্বদর্শনে চৈব তথা ত্বমভবো গতিঃ ॥২৪॥
তথা বিরাটনগরে কীচকেন ভৃশার্দ্দিতাম্।
মামপ্যুদ্ধৃতবান্ কৃচ্ছ্রাৎ পৌলোমীং মঘবানিব ॥২৫॥
যথৈতান্যকৃথাঃ পার্থ! মহাকর্ম্মাণি বৈ পুরা।
তথা দ্রৌণিমমিত্রঘ্ন! বিনিহত্য সুখী ভব ॥২৬॥
তস্যা বহুবিধং দুঃখং নিশম্য পরিদেবিতম্।
ন চামর্ষত কৌন্তেয়ো ভীমসেনো মহাবলঃ ॥২৭॥

ভারতকৌমুদী

ত্রাতুমিতি। পাপকর্ম্মাণমশ্বত্থামানম্, শম্বরং নামাসুরম্, মঘবানিন্দ্রঃ ॥২২॥
নেতি। পরমব্যসনে মহাবিপদি, তথা বিক্রমে তত্তুল্যঃ কশ্চিন্নাস্তীতি সম্বন্ধঃ ॥২৩॥
দ্বীপ ইতি। বারণাবতে নগরে জতুগৃহদাহসময় ইত্যর্থঃ, দ্বীপঃ সমুদ্রে দ্বীপ ইবাশ্রয়ঃ ॥২৪॥
তথেতি। পৌলোমীং শচীম্ অসুরব্যসনাদিত্যাশয়ঃ ॥২৫॥
যথেতি। এতানি হিড়িম্ববধাদীনি। হে অমিত্রঘ্ন! শত্রুহন্তঃ! ॥২৬॥
তস্যা ইতি। দুঃখং দুঃখসূচকম্, পরিদেবিতং বিলাপম্। অমর্ষত অসহত ॥২৭॥

'মধ্যমপাণ্ডব! আপনি ক্ষত্রিয়ধর্ম্ম স্মরণ করিয়া, আমাকে রক্ষা করুন। ইন্দ্র যেমন শম্বরাসুরকে বধ করিয়াছিলেন, আপনি সেইরূপ পাপকর্ম্মা অশ্বত্থামাকে বধ করুন ॥২২॥

এই জগতে সাধারণ অবস্থায় কিংবা মহাবিপদের সময় বিক্রমপ্রকাশ করিবার পক্ষে আপনার তুল্য কোন পুরুষই নাই, ইহা সমস্ত লোকে প্রসিদ্ধ রহিয়াছে ॥২৩॥

বারণাবতনগরে জতুগৃহদাহের সময়ে আপনি পাণ্ডবগণের আশ্রয় হইয়াছিলেন এবং হিড়িম্বরাক্ষসের আক্রমণের কালেও আপনিই পাণ্ডবগণকে রক্ষা করিয়াছিলেন ॥২৪॥

আর ইন্দ্র যেমন শচীদেবীকে অসুরসঙ্কট হইতে রক্ষা করেন, আপনিও তেমন বিরাটনগরে কীচকের হস্ত হইতে আমাকে রক্ষা করিয়াছিলেন ॥২৫॥

শত্রুহন্তা পৃথানন্দন! আপনি পূর্ব্বে যেমন এই সকল অসাধারণ কার্য্য করিয়াছিলেন, সেইরূপ এখনও অশ্বত্থামাকে বধ করিয়া সুখী হউন' ॥২৬॥

(২৬) ইতঃ পরং 'বৈশম্পায়ন উবাচ' বা নি। (২৭)…পরমব্যসনে যথা—পি বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

স কাঞ্চনবিচিত্রাঙ্গমারুরোহ মহারথম্।
আদায় রুচিরং চিত্রং সমার্গণগুণং ধনুঃ ॥২৮॥
নকুলং সারথিং কৃত্বা দ্রোণপুত্রবধে ধৃতঃ।
বিস্ফার্য্য সশরং চাপং তূর্ণমশ্বানচোদয়ৎ ॥২৯॥
তে হয়াঃ পুরুষব্যাঘ্র! চোদিতা বাতরংহসঃ।
বেগেন ত্বরিতা জগ্মুর্হরয়ঃ শীঘ্রগামিনঃ ॥৩০॥
শিবিরাৎ স্বাদ্‌গৃহীত্বা স রথস্য পদমচ্যুতঃ।
দ্রোণপুত্রগতেনাশু যযৌ মার্গেণ ভারত! ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি ঐষীকে দ্রৌণিবধার্থং ভীমগমনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। কাঞ্চনেন বিচিত্রাণি অঙ্গানি অবয়বা যস্য তম্। মার্গণৈঃ শরৈর্গুণেন চ সহেতি তৎ ॥২৮॥

নকুলমিতি। ধৃতঃ সযত্নঃ সন্। অচোদয়ৎ চালয়িতুমাদিশৎ ॥২৯॥

ত ইতি। বাতরংহসো বায়ুবেগাঃ। হরয়ঃ কপিলবর্ণাঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

স দৃষ্ট্বেতি ॥১—৯॥ দিষ্ট্যেতি পুত্রনাশাপেক্ষয়া রাজ্যপ্রাপ্তিসুখং তব মহদিত্যধিক্ষেপঃ ॥১০—৩০॥ পদং গমনমার্গচিহ্নম, গৃহীত্বালক্ষ্য ॥৩১॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

তখন মহাবল কুন্তীনন্দন ভীমসেন দ্রৌপদীর বহুবিধ দুঃখসূচক সেই সকল বিলাপ শুনিয়া আর সহ্য করিতে পারিলেন না ॥২৭॥

ক্রমে ভীমসেন বাণ ও গুণযুক্ত এবং সুন্দর ও বিচিত্র ধনু ধারণ করিয়া স্বর্ণখচিত বিশাল রথে আরোহণ করিলেন ॥২৮॥

পরে ভীমসেন অশ্বত্থামার বধে উৎসাহী হইয়া নকুলকে সারথি করিয়া, বাণযুক্ত ধনু বিস্ফারণপূর্ব্বক অশ্বগুলিকে সত্বর চালাইবার আদেশ করিলেন ॥২৯॥

পুরুষশ্রেষ্ঠ! বায়ুর ন্যায় বেগবান্, শীঘ্রগামী, পিঙ্গলবর্ণ ও ত্বরান্বিত সেই অশ্বগুলি নকুলকর্ত্তৃক সঞ্চালিত হইয়া মহাবেগে গমন করিতে লাগিল ॥৩০॥

---

(৩১)…দ্রোণপুত্ররথস্যাশু যযৌ বেগেন বীর্য্যবান্—পি বঙ্গ বর্দ্ধ সো। * '…একাদশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো নি।

CENTRAL LIBRARY

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্ প্রয়াতে দুর্দ্ধর্ষে যদূনামৃষভস্ততঃ।
অব্রবীৎ পুণ্ডরীকাক্ষঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১॥
এষ পাণ্ডব! তে ভ্রাতা পুত্রশোকপরায়ণঃ।
জিঘাংসুর্দ্রৌণিমাক্রন্দে এক এবাভিধাবতি ॥২॥
ভীমঃ প্রিয়স্তে সর্ব্বেভ্যো ভ্রাতৃভ্যো ভরতর্ষভ!।
তং কৃচ্ছ্রগতমন্য ত্বং কস্মান্নাভ্যুপপদ্যসে ॥৩॥
যত্তদাচষ্ট পুত্রায় দ্রোণঃ পরপুরঞ্জয়ঃ।
অস্ত্রং ব্রহ্মশিরো নাম দহেত পৃথিবীমপি ॥৪॥

ভারতকৌমুদী

শিবিরাদিতি। রথস্য অশ্বত্থাম্নঃ স্যন্দনস্য, পদং গমনচিহ্নম্। অচ্যুতো বীরধর্ম্মাদভ্রষ্টঃ ॥৩১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি ঐষীকে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তস্মিন্নিতি। যদূনামৃষভো যাদবানাং শ্রেষ্ঠঃ। পুণ্ডরীকাক্ষঃ কৃষ্ণঃ ॥১॥
এষ ইতি। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ, আক্রন্দে দারুণযুদ্ধে ॥২॥
ভীম ইতি। কৃচ্ছ্রগতং সম্ভাব্যমানকষ্টশ্রিতম্, নাভ্যুপপদ্যসে সাহায্যেন ন বর্দ্ধয়সি ॥৩॥

ভরতনন্দন! মহাবীর ভীমসেন রথচক্রের চিহ্ন ধরিয়া অশ্বত্থামার পথ অনুসরণ করিয়া, আপন শিবির হইতে গমন করিতে লাগিলেন ॥৩১॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—দুর্দ্ধর্ষ ভীমসেন প্রস্থান করিলে, যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে বলিলেন—॥১॥

'পাণ্ডুনন্দন! আপনার এই ভ্রাতা ভীমসেন একাকীই মহাযুদ্ধে অশ্বত্থামাকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার দিকে ধাবিত হইয়াছেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! ভীমসেন অন্য সকল ভ্রাতা হইতেই আপনার অধিক প্রিয়; অথচ তিনি বিপন্ন হইতে চলিয়াছেন; সুতরাং আপনি উঁহার সাহায্য করিতেছেন না কেন ॥৩॥

CENTRAL LIBRARY

তন্মহাত্মা মহাভাগঃ কেতুঃ সর্ব্বধনুষ্মতাম্।
প্রত্যপাদয়দাচার্য্যঃ প্রীয়মাণো ধনঞ্জয়ম্ ॥৫॥
তং পুত্রোঽপ্যেক এবৈনমন্বযাচদমর্ষণঃ।
ততঃ প্রোবাচ পুত্রায় নাতিহৃষ্টমনা ইব ॥৬॥
বিদিতং চাপলং হ্যাসীদাত্মজস্য মহাত্মনঃ।
সর্ব্বধর্ম্মবিদাচার্য্যঃ সোঽন্বশাৎ স্বসুতং ততঃ ॥৭॥
পরমাপদ্গতেনাপি ন স্ম তাত! ত্বয়া রণে।
ইদমস্ত্রং প্রয়োক্তব্যং মানুষেষু বিশেষতঃ ॥৮॥
ইত্যুক্তবান্ গুরুঃ পুত্রং দ্রোণঃ পশ্চাদথোক্তবান্।
ন ত্বং জাতু সতাং মার্গে স্থাতেতি পুরুষর্ষভ! ॥৯॥

ভারতকৌমুদী

যদিতি। আচষ্ট উপাদিশৎ। অস্ত্রং কর্ত্তৃ ॥৪॥
তদিতি। কেতুর্ধ্বজঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। প্রত্যপাদয়দশিক্ষয়ৎ ॥৫॥
তমিতি। একঃ পুত্রোঽশ্বত্থামা অন্বযাচৎ তদস্ত্রমযাচত, অমর্ষণঃ কোপনঃ ॥৬॥
বিদিতমিতি। চাপলং চঞ্চলঃ স্বভাবঃ। অন্বশাৎ উপাবিশৎ ॥৭॥
কিমন্বশাদিত্যাহ পরমেতি। প্রয়োক্তব্যং নিক্ষেপ্তব্যম্ ॥৮॥
ইতীতি। জাতু কদাচিৎ, স্থাতা স্থাস্যসি। অতএবেথমুপদিষ্টমিতি ভাবঃ ॥৯॥

বিপক্ষনগরবিজয়ী দ্রোণাচার্য্য পুত্র অশ্বত্থামাকে যে অস্ত্র শিক্ষা দিয়াছিলেন, 'ব্রহ্মশির'নামক সেই অস্ত্র পৃথিবীও দগ্ধ করিতে পারে ॥৪॥

এবং মহাত্মা, মহাভাগ ও সমস্ত ধনুর্দ্ধরশ্রেষ্ঠ দ্রোণাচার্য্য সন্তুষ্ট হইয়া সেই 'ব্রহ্মশির' অস্ত্র অর্জ্জুনকেও শিখাইয়া ছিলেন ॥৫॥

একমাত্র পুত্র অশ্বত্থামাও দ্রোণাচার্য্যের নিকট সেই অস্ত্র প্রার্থনা করিয়াছিলেন; তাহার পর দ্রোণাচার্য্য অনতিহৃষ্টচিত্ত হইয়াই যেন সেই ব্রহ্মশির অস্ত্র অশ্বত্থামাকেও শিক্ষা দিয়াছিলেন ॥৬॥

অশ্বত্থামার চঞ্চলস্বভাব মহাত্মা দ্রোণাচার্য্যের বিদিত ছিল; সুতরাং সর্ব্বধর্ম্মজ্ঞ দ্রোণাচার্য্য 'ব্রহ্মশির' অস্ত্র শিক্ষা দেওয়ার পরে, অশ্বত্থামাকে এই উপদেশ দিয়াছিলেন—॥৭॥

'বৎস! তুমি যুদ্ধে অত্যন্ত বিপন্ন হইয়াও এই অস্ত্র প্রয়োগ করিও না; বিশেষতঃ মানুষের উপরে কখনও না' ॥৮॥

পুরুষশ্রেষ্ঠ! দ্রোণাচার্য্য অশ্বত্থামাকে প্রথমে এই কথা বলিয়া পরে বলিলেন—'তুমি কখনও সৎপথে থাকিবে না' ॥৯॥

স তদাজ্ঞায় দুষ্টাত্মা পিতুর্বচনমপ্রিয়ম্ ।
নিরাশঃ সর্ব্বকল্যাণৈঃ শোকাৎ পর্য্যচরন্ মহীম্ ॥১০॥
ততস্তদা কুরুশ্রেষ্ঠ ! বনস্থে ত্বয়ি ভারত ! ।
অবসদ্দ্বারকামেত্য বৃষ্ণিভিঃ পরমার্চ্চিতঃ ॥১১॥
স কদাচিৎ সমুদ্রান্তে বসন্ দ্বারবতীমনু ।
এক একং সমাগম্য মামুবাচ হসন্নিব ॥১২॥
যত্তদুগ্রং তপঃ কৃষ্ণ ! চরন্ সত্যপরাক্রমঃ ।
অগস্ত্যাদ্ভারতাচার্য্যঃ প্রত্যপদ্যত মে পিতা ॥১৩॥
অস্ত্রং ব্রহ্মশিরো নাম দেবগন্ধর্ব্বপূজিতম্ ।
তদদ্য ময়ি দাশার্হ ! যথা পিতরি মে তথা ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। দুষ্টাত্মা খলস্বভাবঃ। সর্ব্বকল্যাণৈঃ সর্ব্ববিধাভীষ্টৈঃ ॥১০॥
তত ইতি। বৃষ্ণিভিরস্মদ্বংশীয়ৈঃ, পরমার্চ্চিতো বিশেষাদরেণ শুশ্রূষিতঃ ॥১১॥
স ইতি। অনু লক্ষীকৃত্য আশ্রিত্যেত্যর্থঃ ॥১২॥
যদিতি। ভারতাচার্য্যো ভরতবংশীয়ানামস্ত্রগুরুঃ, প্রত্যপদ্যত অলভত। অদ্যেদানীম্ ॥১৩—১৪॥

খলস্বভাব অশ্বত্থামা পিতার এই অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া, নিজের সর্ব্ববিধ অভীষ্ট সম্পাদনে নিরাশ হইয়া শোকে পৃথিবী বিচরণ করিতে লাগিল ॥১০॥

ভরতনন্দন কুরুশ্রেষ্ঠ ! তাহার পর আপনি বনবাসী হইলে, অশ্বত্থামা দ্বারকানগরে যাইয়া বৃষ্ণিবংশীয়গণের বিশেষ আদর-যত্ন পাইতে থাকিয়া, বাস করিতে লাগিল ॥১১॥

তাহার পর কোন সময়ে সমুদ্রের নিকটে দ্বারকানগরীর ভিতরে একাকী একক আমার নিকটে যাইয়া হাসিতে হাসিতেই যেন বলিল—॥১২॥

'কৃষ্ণ ! ভরতবংশীয়গণের গুরু আমার পিতৃদেব গুরুতর তপস্যা করিতে থাকিয়া মহর্ষি অগস্ত্যের নিকট হইতে সেই যে অস্ত্র লাভ করিয়াছিলেন, দেবগন্ধর্ব্বপূজিত সেই ব্রহ্মশির অস্ত্র এখন আমার নিকট আসিয়াছে। অতএব কৃষ্ণ ! ব্রহ্মশির অস্ত্র পিতার যেমন বিদিত আছে, আমারও তেমনই বিদিত হইয়াছে ॥১৩—১৪॥

(১৩)···চরন্নমিতবিক্রমঃ—বা নি ।

অস্মত্তস্তদুপাদায় দিব্যমস্ত্রং যদূত্তম ! ।
মমাপ্যস্ত্রং প্রয়চ্ছ ত্বং চক্রং রিপুহণং রণে ॥১৫॥
স রাজন্ ! প্রীয়মাণেন ময়াপ্যুক্তঃ কৃতাঞ্জলিঃ ।
যাচমানঃ প্রযত্নেন মত্তোঽস্ত্রং ভরতর্ষভ ! ॥১৬॥
দেবদানবগন্ধর্ব্বমনুষ্যপতগোরগাঃ ।
ন সমা মম বীর্য্যস্য শতাংশেনাপি পিণ্ডিতাঃ ॥১৭॥
ইদং ধনুরিয়ং শক্তিরিদং চক্রমিয়ং গদা ।
যদ্যদিচ্ছসি চেদস্ত্রং মত্তস্তত্তদ্দদানি তে ॥১৮॥
যচ্ছক্নোষি সমুদ্যন্তুং প্রয়োক্তুমপি বা রণে ।
তদ্গৃহাণ বিনাস্ত্রেণ যন্মে দাতুমভীপ্সসি ॥১৯॥

ভারতকৌমুদী

অস্মদিতি। মমাপি মহ্যমপি। রিপূন্ হন্তীতি রিপুহণম্। হন্তেঃ পচাদিত্বাদচ্ ॥১৫॥
স ইতি। মত্তো মম সকাশাৎ, অস্ত্রং মদীয়ং চক্রম্ ॥১৬॥
দেবেতি। পতগাঃ পক্ষিণঃ, উরগাঃ সর্পাঃ। পিণ্ডিতা একীভূতাঃ সন্তোঽপি ॥১৭॥
ইদমিতি। শক্তিরপ্যস্ত্রবিশেষঃ। মত্তশ্চেদস্ত্রং গ্রহীতুমিচ্ছসি তদা যদ্যদিচ্ছসীতি সম্বন্ধঃ ॥১৮॥
যদিতি। উদ্যন্তমুত্তোলয়িতুম্। অস্ত্রেণ স্বকীয়াস্ত্রদানেন, যৎ স্বকীয়মস্ত্রম্ ॥১৯॥

যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ ! আপনি আমার নিকট হইতে সেই ব্রহ্মশির অস্ত্র গ্রহণ করিয়া, আমাকে শত্রুনাশক স্বকীয় সুদর্শনচক্রটী দান করুন ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ ! অশ্বত্থামা কৃতাঞ্জলি হইয়া বিশেষ যত্নপূর্ব্বক আমার নিকট এইরূপ প্রার্থনা করিলে, আমি সন্তুষ্ট হইয়া তাঁহাকে বলিলাম—॥১৬॥

'দেব, দানব, গন্ধর্ব্ব, মনুষ্য, পক্ষী ও সর্পগণ একত্র হইয়াও আমার বলের শতাংশের একাংশের তুল্যও হয় না ॥১৭॥

আচার্য্যপুত্র ! আপনি যদি আমার নিকট অস্ত্রগ্রহণ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে, আমার এই ধনু, এই শক্তি, এই চক্র এবং এই গদা রহিয়াছে, ইহার মধ্যে যাহা যাহা আপনি গ্রহণ করিতে ইচ্ছা করেন, তাহা তাহাই আমি আপনাকে দান করিব ॥১৮॥

আপনি যাহা উত্তোলন করিতে কিংবা যুদ্ধে প্রয়োগ করিতে সমর্থ হন, তাহাই গ্রহণ করিতে পারেন ; কিন্তু আপনি যে ব্রহ্মশির অস্ত্র আমাকে দান করিবার ইচ্ছা করিতেছেন, তাহা দান করিবার প্রয়োজন নাই' ॥১৯॥

(১৫)···স চাপ্যস্ত্রং—পি বঙ্গ বর্দ্ধ সো। (১৮)···মত্তস্তত্তদ্দদামি তে—বা নি।

CENTRAL LIBRARY

স সুনাভং সহস্রারং বজ্রনাভময়ন্ময়ম্ ।
বব্রে চক্রং মহাভাগো মত্তঃ স্পর্দ্ধন্ময়া সহ ॥২০॥
গৃহাণ চক্রমিত্যুক্তো ময়া তু তদনন্তরম্ ।
জগ্রাহোৎপত্য সহসা চক্রং সব্যেন পাণিনা ॥২১॥
ন চৈনমশকৎ স্থানাৎ সঞ্চালয়িতুমপ্যুত ।
অথৈনং দক্ষিণেনাপি গ্রহীতুমুপচক্রমে ।
সর্ব্বযত্নেন তেনাপি গৃহ্ণন্নেবমিদং ততঃ ॥২২॥
ততঃ সর্ব্ববলেনাপি যদৈনং ন শশাক হ ।
উদ্যন্তুং বা চালয়িতুং দ্রৌণিঃ পরমদুর্ম্মনাঃ ।
কৃত্বা যত্নং পরিশ্রান্তঃ সংন্যবর্ত্তত ভারত ! ॥২৩॥
নিবৃত্তমনসং তস্মাদভিপ্রায়াদ্বিচেতসম্ ।
অহমামন্ত্র্য সংবিগ্নমশ্বত্থামানমব্রুবম্ ॥২৪॥

ভারতকৌমুদী

স ইতি। শোভনা নাভির্মধ্যদেশো যস্য তৎ, সহস্রম্ অরাস্তির্য্যগ্‌দণ্ডা যস্য তৎ, বজ্রমিব দৃঢ়া নাভির্মধ্যদেশো যস্য তৎ, অয়ন্ময়ং লৌহময়ম্। বব্রে গ্রহীতুমিয়েষ, স্পর্দ্ধন্ স্পর্দ্ধমানঃ ॥২০॥
গৃহাণেতি। সব্যেন বামেন। অবজ্ঞাসূচনায়েতি ভাবঃ ॥২১॥
নেতি। দক্ষিণেনাপি পাণিনা। অপিশব্দাদ্বামেন চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
তত ইতি। উদ্যন্তম্ উত্তোলয়িতুম্। সংন্যবর্ত্তত উষ্মমাচ্চালনাচ্চ। ষট্‌পাদঃ ॥২৩॥

আমার সহিত স্পর্দ্ধাকারী সেই মহাবল অশ্বত্থামা তখন সুন্দর নাভিযুক্ত, বহুসংখ্যক তির্য্যগ্‌দণ্ডসমন্বিত, বজ্রের ন্যায় দৃঢ়, মধ্যদেশশালী এবং লৌহময় আমার সুদর্শনচক্রটী গ্রহণ করিতে চাহিল ॥২০॥

তাহার পর আমি বলিলাম—'আপনি চক্রটী গ্রহণ করুন'; তখন অশ্বত্থামা বেগে উঠিয়া যাইয়া বামহস্তদ্বারা সেই চক্রটী ধরিল ॥২১॥

সেই অবস্থায় চক্রটীকে স্বস্থান হইতে সঞ্চালিত করিতেও পারিল না; তাহার পর দক্ষিণহস্তদ্বারাও ধরিবার উপক্রম করিল; তৎপরে দুই হস্তে ধারণ করিয়া সমস্ত বলপ্রয়োগ করিয়াও তাহা সঞ্চালিত করিতে পারিল না ॥২২॥

ভরতনন্দন! তদনন্তর অশ্বত্থামা সমস্ত বলপ্রয়োগ এবং যত্ন করিয়াও যখন ঐ চক্রটীকে উত্তোলন বা সঞ্চালন করিতে পারিল না, তখন অত্যন্তদুঃখিত চিত্ত ও পরিশ্রান্ত হইয়া নিবৃত্তি পাইল ॥২৩॥

(২৩)···স ন্যবর্ত্তত—বা নি।

যঃ স দেবমনুষ্যেষু প্রমাণং পরমং গতঃ।
গাণ্ডীবধন্বা শ্বেতাশ্বঃ কপিপ্রবরকেতনঃ ॥২৫॥
যঃ সাক্ষাদ্দেবদেবেশং শিতিকণ্ঠমুমাপতিম্।
দ্বন্দ্বযুদ্ধে পরাজিষ্ণুস্তোষয়ামাস শঙ্করম্ ॥২৬॥
যস্মাৎ প্রিয়তরো নাস্তি মমান্যঃ পুরুষো ভুবি।
নাদেয়ং যস্য মে কিঞ্চিদপি দারাঃ সুতাস্তথা ॥২৭॥
তেনাপি সুহৃদা ব্রহ্মন্! পার্থেনাক্লিষ্টকর্ম্মণা।
নোক্তপূর্ব্বমিদং বাক্যং যত্ত্বং মামভিভাষসে ॥২৮॥ (কলাপকম্)
ব্রহ্মচর্য্যং মহদ্‌ঘোরং চীর্ত্বা দ্বাদশবার্ষিকম্।
হিমবৎপার্শ্বমভ্যেত্য যো ময়া তপসার্জ্জিতঃ ॥২৯॥
সমানব্রতচারিণ্যাং রুক্মিণ্যাং যোঽন্বজায়ত।
সনৎকুমারস্তেজস্বী প্রদ্যুম্নো নাম মে সুতঃ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নিবৃত্তেতি। বিচেতসং বিষণ্ণচিত্তম্। সংবিগ্নং ক্ষুব্ধহৃদয়ম্ ॥২৪॥

য ইতি। প্রমাণং বীরত্বেন বিশ্বাসম্। পরাজিষ্ণুঃ পরাজেতা। দারাঃ সুতা অপি চ নাদেয়া ইত্যর্থঃ। পার্থেন অর্জ্জুনেন ॥২৫—২৮॥

ব্রহ্মেতি। চীর্ত্বা চরিত্বা। অর্জ্জিতো লব্ধঃ। সনৎকুমার ইব ॥২৯—৩০॥

পরে সেই অভিপ্রায় হইতে নিবৃত্ত, বিষণ্ণ ও অস্থিরচিত্ত অশ্বত্থামাকে সম্বোধন করিয়া আমি বলিলাম—॥২৪॥

'সেই যিনি দেবলোক ও মনুষ্যলোকে মহাবীর বলিয়া সকলেরই বিশেষ বিশ্বাসের পাত্র হইয়াছেন এবং যাঁহার ধনুর নাম গাণ্ডীব, অশ্বগুলি শ্বেতবর্ণ ও ধ্বজের উপরে বিশাল একটা বানর রহিয়াছে; যিনি—সাক্ষাৎ দেবদেব, ঈশ্বর, শিতিকণ্ঠ, উমাপতি শঙ্করকে দ্বন্দ্বযুদ্ধে পরাজয় করিয়া সন্তুষ্ট করিয়াছিলেন; জগতে অন্য পুরুষ যাঁহা অপেক্ষা আমার প্রিয়তম নাই এবং যাঁহাকে কোন বস্তু এমন কি স্ত্রীপুত্র পর্য্যন্তও আমার অদেয় নহে; ব্রাহ্মণ! অনায়াসে কার্য্যকারী পরমসুহৃৎ সেই অর্জ্জুনও পূর্ব্বে এরূপ বাক্য বলেন নাই, যাহা আপনি আমাকে বলিতেছেন ॥২৫—২৮॥

আমি হিমালয়ের পার্শ্বে যাইয়া দ্বাদশবর্ষপর্য্যন্ত ভয়ঙ্কর মহাব্রহ্মচর্য্যব্রতাচরণ করিয়া এবং গুরুতর তপস্যার অনুষ্ঠান করিয়া যাহাকে লাভ করিয়াছি এবং যিনি

(২৭)···কিঞ্চিদপি প্রাণান্ মহাত্মনঃ—বা নি।

CENTRAL LIBRARY

তেনাপ্যেতন্মহদ্দিব্যং চক্রমপ্রতিমং মম।
ন প্রার্থিতমভূন্মূঢ়! যদিদং প্রার্থিতং ত্বয়া ॥৩১॥
রামেণাতিবলেনৈতন্নোক্তপূর্ব্বং কদাচন।
ন গদেন ন শাম্বেন যদিদং প্রার্থিতং ত্বয়া ॥৩২॥
দ্বারকাবাসিভিশ্চান্যৈর্বৃষ্ণ্যন্ধকমহারথৈঃ।
নোক্তপূর্ব্বমিদং জাতু যদিদং প্রার্থিতং ত্বয়া ॥৩৩॥
ভারতাচার্য্যপুত্রস্ত্বং মানিতঃ সর্ব্বযাদবৈঃ।
চক্রেণ রথিনাং শ্রেষ্ঠ! কং নু তাত! যুযুৎসসে ॥৩৪॥
এবমুক্তো ময়া দ্রৌণির্মামিদং প্রত্যুবাচ হ।
প্রযুজ্য ভবতে পূজাং যোৎস্যে কৃষ্ণ! ত্বয়া সহ ॥৩৫॥

ভারতকৌমুদী

তেনেতি। দিব্যমলৌকিকম্, অপ্রতিমং তুলনারহিতম্। এতৎপ্রার্থনয়ৈব তে মূঢ়ত্বমিতি ভাবঃ ॥৩১॥

রামেণেতি। অতিবলত্বেঽপি প্রয়োক্তুমশক্যত্বাৎ ন প্রার্থিতমিত্যাশয়ঃ। গদেন তদাখ্যেন যাদবেন ॥৩২॥

দ্বারকেতি। বৃষ্ণ্যন্ধকেষু তত্তদ্বংশীয়েষু মহারথৈঃ। জাতু কদাচিৎ ॥৩৩॥

ভারতেতি। ভারতানাং ভরতবংশীয়ানাম্ আচার্য্যোঽস্ত্রগুরুর্দ্রোণস্তস্য পুত্রঃ। যুযুৎসসে যোদ্ধুমিচ্ছসি ॥৩৪॥

আমারই তুল্য ব্রতচারিণী রুক্মিণীদেবীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছেন; সনৎকুমারের ন্যায় তেজস্বী আমার সেই পুত্রের নাম প্রদ্যুম্ন ॥২৯—৩০॥

মূঢ় ব্রাহ্মণ! আমার সেই পুত্র প্রদ্যুম্নও বিশাল, অলৌকিক ও অতুলনীয় এই চক্র প্রার্থনা করেন নাই; তুমি এই যাহা প্রার্থনা করিলে ॥৩১॥

তুমি এই যাহা প্রার্থনা করিলে, মহাবল রাম, শাম্ব এবং গদও ইহা কখনও প্রার্থনা করেন নাই ॥৩২॥

এবং তুমি এই যাহা প্রার্থনা করিলে, দ্বারকাবাসী, বৃষ্ণিবংশীয় ও অন্ধকবংশীয় মহারথেরাও এরূপ প্রার্থনা পূর্ব্বে কখনও করেন নাই ॥৩৩॥

রথিশ্রেষ্ঠ বৎস! তুমি ভারতাচার্য্য দ্রোণের পুত্র; সুতরাং যদুবংশীয়েরা সকলেই তোমার সম্মান করিয়া থাকেন; কিন্তু তোমাকে জিজ্ঞাসা করি—তুমি এই চক্রদ্বারা কাহার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা কর' ॥৩৪॥

(৩৩)···নোক্তপূর্ব্বমিদং ক্ষুদ্রং তদিদং—বা সো নি। (৩৫)···যোৎস্যে কৃষ্ণ! ত্বয়েত্যুত—পি বঙ্গ বর্দ্ধ সো।

CENTRAL LIBRARY

প্রার্থিতং তে ময়া চক্রং দেবদানবপূজিতম্।
অজেয়ঃ স্যামিতি বিভো! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৩৬॥
ত্বত্তোঽহং দুর্লভং কামমনবাপ্যৈব কেশব!।
প্রতিযাস্যামি গোবিন্দ! শিবেনাভিবদস্ব মাম্ ॥৩৭॥
এতৎ সুভীমং ভীমানামৃষভেণ ত্বয়া ধৃতম্।
চক্রমপ্রতিচক্রেণ ভুবি নান্যোঽভিপদ্যতে ॥৩৮॥
এতাবদুক্ত্বা দ্রৌণির্মাং যুগ্যানশ্বান্ ধনানি চ।
আদায়োপযযৌ কালে রত্নানি বিবিধানি চ ॥৩৯॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রযুজ্য দাতৃত্বেন মহাবীরত্বেন চ বিধায়। ভবতে তুভ্যম্ ॥৩৫॥

প্রার্থিতমিতি। অজেয়ঃ সর্ব্বেষামেবেতি শেষঃ। অতএব প্রার্থিতমিতি ভাবঃ ॥৩৬॥

ত্বত্ত ইতি। কামমভীষ্টং চক্রম্। শিবেন মঙ্গলেন প্রসন্নচিত্তেনেত্যর্থঃ ॥৩৭॥

এতদিতি। কেশব! ভীমানাং ভীষণানাং বীরাণাম্ ঋষভেণ শ্রেষ্ঠেন ন বিদ্যতে প্রতিচক্রম্ ঈদৃশচক্রং যস্য তেন তাদৃশেন ত্বয়া ধৃতং সুভীমম্ এতচ্চক্রং অন্যো জনঃ নাভিপদ্যতে ধর্ত্তুং ন শক্নোতি ॥৩৮॥

এতাবদিতি। যুগ্যান্ বাহনীভূতান্। বিবিধানি রত্নানি চাদায়েতি সম্বন্ধঃ ॥৩৯॥

আমি এইরূপ বলিলে, অশ্বত্থামা প্রত্যুত্তর করিয়াছিল যে, 'কৃষ্ণ! আমি আপনার প্রতি সম্মান দেখাইয়া, এই চক্রদ্বারা আপনারই সহিত যুদ্ধ করিব ॥৩৫॥

প্রভু কৃষ্ণ! আমি আপনার নিকট সত্য কথা বলিতেছি—দেবদানবপূজিত আপনার এই চক্রটী আমি প্রার্থনা করিয়াছি এই জন্য যে—আমি ইহা ধারণ করিয়া সকলেরই অজেয় হইব ॥৩৬॥

কেশব! এখন আপনার নিকট আমি সেই দুর্লভ অভীষ্ট বিষয় লাভ না করিয়াই ফিরিয়া যাইব; অতএব গোবিন্দ! আপনি প্রসন্নচিত্তে আমাকে অনুমতি করুন ॥৩৭॥

কৃষ্ণ! মহাভয়ঙ্কর বীর ও প্রতিচক্রশূন্য বলিয়াই আপনি এই চক্র ধারণ করিতে সমর্থ হইতেছেন; কিন্তু এই পৃথিবীতে আপনি ভিন্ন অন্য কোন পুরুষই এই চক্র ধারণ করিতে সমর্থ হয় না' ॥৩৮॥

অশ্বত্থামা আমাকে এই পর্য্যন্ত বলিয়া যথাসময়ে আরোহণোপযোগী অশ্ব, ধন এবং নানাবিধ রত্ন লইয়া গন্তব্যস্থানে গমন করিয়াছিল ॥৩৯॥

CENTRAL LIBRARY

স সংরম্ভী দুরাত্মা চ চপলঃ ক্রূর এব চ।
বেদ চাস্ত্রং ব্রহ্মশিরস্তস্মাদ্রক্ষ্যো বৃকোদরঃ ॥৪০॥
এবমুক্ত্বা যুধাং শ্রেষ্ঠঃ সর্ব্বযাদবনন্দনঃ।
সর্ব্বায়ুধবরোপেতমারুরোহ রথোত্তমম্ ॥৪১॥
যুক্তং পরমকাম্বোজৈস্তুরগৈর্হেমমালিভিঃ।
আদিত্যোদয়বর্ণস্য ধুরং রথবরস্য তু ॥৪২॥
দক্ষিণামবহচ্ছৈব্যঃ সুগ্রীবঃ সব্যতোঽভবৎ।
পার্ষ্ণিবাহৌ তু তস্যাস্তাং মেঘপুষ্পবলাহকৌ ॥৪৩॥ (বিশেষকম্)
বিশ্বকর্ম্মকৃতা দিব্যা রত্নধাতুবিভূষিতা।
উচ্ছ্রিতেব রথে মায়া ধ্বজযষ্টিরদৃশ্যত ॥৪৪॥

ভারতকৌমুদী

ইদানীং স্বমতমাহ স ইতি। সংরম্ভী ক্রোধী, ক্রূরো নিষ্ঠুরঃ। বেদ জানাতি ॥৪০॥

এবমিতি। যুধাং যোধানাম্। পরমাশ্চ তে কাম্বোজাস্তদ্দেশীয়াশ্চেতি তৈঃ। আদিত্যোদয়বর্ণস্য অরুণবর্ণস্য, ধুরং ভারম্। দক্ষিণাং দক্ষিণপার্শ্বীয়াং ধুরম্। শৈব্যো নাম তুরগঃ। সব্যতো বামপার্শ্বে সুগ্রীবো নাম তুরগঃ। পার্ষ্ণিং তদগ্রং বহত ইতি তৌ, মেঘপুষ্পবলাহকৌ নাম তুরগৌ ॥৪১—৪৩॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১॥ আক্রন্দে সংগ্রামে ॥২—৮॥ স্থাতা স্থাস্যসি ॥৯—১৮॥ মে মহ্যং দাতুমিচ্ছসি তেন বিনাপি গৃহাণ, স্বীয়েঽস্ত্রে মমেচ্ছা নাস্তীতি ভাবঃ ॥১৯—৪০॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

সেই অশ্বত্থামা ক্রোধী, দুষ্টচিত্ত, চঞ্চলস্বভাব ও নিষ্ঠুরহৃদয় এবং সে ব্রহ্মশির অস্ত্রও জানে; সুতরাং তাহার হস্ত হইতে ভীমসেনকে রক্ষা করিতে হইবে' ॥৪০॥

এইরূপ বলিয়া যোদ্ধৃশ্রেষ্ঠ ও যদুবংশের আনন্দজনক কৃষ্ণ—সমস্ত উত্তম অস্ত্রযুক্ত উত্তম রথে আরোহণ করিলেন। সেই উত্তম রথে স্বর্ণমালাধারী কাম্বোজদেশীয় উত্তম চারিটী অশ্ব সংযোজিত ছিল এবং সেই অরুণবর্ণ উত্তম রথের দক্ষিণপার্শ্বের ভার শৈব্যনামক অশ্ব বহন করিতে লাগিল, সুগ্রীব বামদিকে থাকিল; আর মেঘপুষ্প ও বলাহক তাহার সম্মুখভাগ বহন করিতে লাগিল ॥৪১—৪৩॥

এবং সেই রথে বিশ্বকর্ম্মনির্ম্মিত রত্ন ও ধাতুবিভূষিত একটী ধ্বজদণ্ড উত্তোলন করা হইল; তাহা যেন কৃষ্ণেরই মায়ার ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৪৪॥

(৪০) ইতঃ পরং '...দ্বাদশোঽধ্যায়ঃ। বৈশম্পায়ন উবাচ' পি বঙ্গ বর্দ্ধ বা সো নি। (৪১)...কুরুশ্রেষ্ঠং—বা নি। (৪২)...উদিতাদিত্যসঙ্কাশং...বা নি।

বৈনতেয়ঃ স্থিতস্তস্যাং প্রভামণ্ডলরশ্মিবান্।
তস্য সত্যবতঃ কেতুর্ভুজগারিরদৃশ্যত ॥৪৫॥
অন্বারোহদ্ধৃষীকেশঃ কেতুঃ সর্ব্বধনুষ্মতাম্।
অর্জ্জুনঃ সত্যকর্ম্মা চ কুরুরাজো যুধিষ্ঠিরঃ ॥৪৬॥
অশোভেতাং মহাত্মানৌ দাশার্হমভিতঃ স্থিতৌ।
রথস্থং শার্ঙ্গধন্বানমশ্বিনাবিব বাসবম্ ॥৪৭॥
তাবুপারোপ্য দাশার্হঃ স্যন্দনং লোকপূজিতম্।
প্রতোদেন জবোপেতান্ পরমাশ্বানচোদয়ৎ ॥৪৮॥
তে হয়াঃ সহসোৎপেতুর্গৃহীত্বা স্যন্দনোত্তমম্।
আস্থিতং পাণ্ডবেয়াভ্যাং যদূনামৃষভেণ চ ॥৪৯॥
বহতাং শার্ঙ্গধন্বানমশ্বানাং শীঘ্রগামিনাম্।
প্রাদুরাসীন্মহান্ শব্দঃ পক্ষিণাং পততামিব ॥৫০॥

ভারতকৌমুদী

বিশ্বেতি। উচ্ছ্রিতা উত্তোলিতা মায়েব, ধ্বজযষ্টিঃ কেতুদণ্ডঃ ॥৪৪॥

বৈনেতি। মোপধস্থাবস্থঃ। কেতুর্ধ্বজো ধ্বজচিহ্নমিত্যর্থঃ ॥৪৫॥

অন্বিতি। কেতুঃ শ্রেষ্ঠঃ। অর্জ্জুনরথস্য দগ্ধত্বাদেষাং কৃষ্ণরথারোহণম্ ॥৪৬॥

অশোভেতামিতি। দাশার্হং কৃষ্ণম্, অভিতঃ পার্শ্বয়োঃ। "তসোভয়াভিপরিসর্ব্বৈ"রিতি দ্বিতীয়া। অশ্বিনৌ অশ্বিনীকুমারৌ ॥৪৭॥

তাবিতি। স্যন্দনং রথম্। প্রতোদেন কশয়া। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৪৮॥

ত ইতি। উৎপেতুঃ উৎপত্যোৎপত্যেব জগ্মুঃ। আস্থিতমারূঢ়ম্ ॥৪৯॥

প্রভামণ্ডল ও কিরণসঞ্চয়শালী গরুড় আসিয়া সেই ধ্বজের উপরে অবস্থান করিলেন। তখন কৃষ্ণের সেই ধ্বজটীকে গরুড়ধ্বজরূপে দেখা যাইতে লাগিল ॥৪৫॥

ক্রমে কৃষ্ণ, সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ অর্জ্জুন ও সত্যকর্ম্মা যুধিষ্ঠির সেই রথে আরোহণ করিলেন ॥৪৬॥

তখন কৃষ্ণের উভয়পার্শ্বস্থিত মহাত্মা যুধিষ্ঠির ও অর্জ্জুন ইন্দ্রের উভয়পার্শ্বস্থিত অশ্বিনীকুমারদ্বয়ের ন্যায় শোভা পাইতে থাকিলেন ॥৪৭॥

কৃষ্ণ তাঁহাদিগকে রথে আরোহণ করাইয়া কষাঘাত করিয়া, বেগবান্ অশ্বগুলিকে সত্বর চালাইয়া দিলেন ॥৪৮॥

যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ, যুধিষ্ঠির ও অর্জ্জুন আরোহণ করিলে, সেই অশ্বগণ উড়িতে থাকিয়াই যেন উত্তম রথখানাকে বহন করিতে লাগিল ॥৪৯॥

(৪৬)···অর্জ্জুনঃ স চ ধর্ম্মাত্মা···নি।

তে সমার্চ্ছন্ নরব্যাঘ্রাঃ ক্ষণেন ভরতর্ষভ ! ।
ভীমসেনং মহেষ্বাসং সমনুদ্রুত্য বেগিতাঃ ॥৫১॥
ক্রোধদীপ্তন্তু কৌন্তেয়ং দ্বিষদর্থে সমুদ্যতম্ ।
নাশক্নুবন্ বারয়িতুং সমেত্যাপি মহারথাঃ ॥৫২॥
স তেষাং প্রেক্ষতামেব শ্রীমতাং দৃঢ়ধন্বিনাম্ ।
যযৌ ভাগীরথীকচ্ছং হরিভির্ভৃশবেগিতঃ ।
যত্র স্ম শ্রূয়তে দ্রৌণিঃ পুত্রহন্তা মহাত্মনাম্ ॥৫৩॥
স দদর্শ মহাত্মানমুদকান্তে যশস্বিনম্ ।
কৃষ্ণদ্বৈপায়নং ব্যাসমাসীনমৃষিভিঃ সহ ॥৫৪॥
তঞ্চৈব ক্রূরকর্ম্মাণং ঘৃতাক্তং কুশচীরিণম্ ।
রজসা ধ্বস্তমাসীনং দদর্শ দ্রৌণিমন্তিকে ॥৫৫॥

ভারতকৌমুদী

বহতামিতি। শার্ঙ্গধন্বানং কৃষ্ণম্। পততাং পর্ব্বতাদাববতরতাম্ ॥৫০॥

ত ইতি। সমার্চ্ছন্ প্রাপ্নুবন্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। সমনুদ্রুত্য অনুসৃত্য ॥৫১॥

ক্রোধেতি। কৌন্তেয়ং ভীমসেনম্, দ্বিষদর্থে অশ্বত্থামবিনাশে ॥৫২॥

স ইতি। তেষামিত্যনাদরে ষষ্ঠী। কচ্ছং জলপ্রায়দেশম্। হরিভিরশ্বৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥

স ইতি। উদকান্তে জলসমীপদেশে। আসীনমুপবিষ্টম্ ॥৫৪॥

সেই অশ্বগণ কৃষ্ণকে লইয়া দ্রুত গমন করিতে লাগিলে, পর্ব্বতের উপরে পতনশীল পক্ষিগণের ন্যায় সেগুলির গুরুতর শব্দ হইতে থাকিল ॥৫০॥

ভরতশ্রেষ্ঠ ! সেই নরশ্রেষ্ঠেরা বেগে অনুসরণ করিয়া ক্ষণকাল মধ্যেই যাইয়া মহাধনুর্দ্ধর ভীমসেনকে প্রাপ্ত হইলেন ॥৫১॥

মহারথ কৃষ্ণ, যুধিষ্ঠির ও অর্জ্জুন উপস্থিত হইয়াও ক্রোধে উত্তেজিত এবং শত্রুবিনাশের জন্য উদ্যত ভীমসেনকে নিবারণ করিতে সমর্থ হইলেন না ॥৫২॥

দৃঢ়ধনুর্দ্ধারী ও বীরশোভাশালী সেই কৃষ্ণপ্রভৃতি দর্শন করিতেছিলেন, এমন সময়ে ভীমসেন বেগবান্ অশ্বগণের গুণে গঙ্গাতীরে যাইয়া উপস্থিত হইলেন—মহাত্মাদের পুত্রহন্তা অশ্বত্থামা যে গঙ্গাতীরে অবস্থান করিতেছেন বলিয়া লোকমুখে শুনা গিয়াছিল ॥৫৩॥

ক্রমে ভীমসেন দেখিলেন—মহাত্মা ও যশস্বী বেদব্যাস অন্যান্য ঋষিগণের সহিত গঙ্গাতীরে উপবেশন করিয়া রহিয়াছেন ॥৫৪॥

(৫১) তে সমর্থা মহাবাহুঃ…নি। (৫৩) স তেষামগ্রতঃ শূরঃ…হরিভির্ভৃশবেগিতৈঃ—নি।

তমভ্যধাবৎ কৌন্তেয়ঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
ভীমসেনো মহাবাহুস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৫৬॥
স দৃষ্ট্বা ভীমধন্বানং প্রগৃহীতশরাসনম্।
ভ্রাতরৌ পৃষ্ঠতশ্চাস্য জনার্দ্দনরথে স্থিতৌ।
ব্যথিতাত্মাভবদ্দ্রৌণিঃ প্রাপ্তঞ্চেদমমন্যত ॥৫৭॥
স তদ্দিব্যমদীনাত্মা পরমাস্ত্রমচিন্তয়ৎ।
জগ্রাহ চ স চেষীকাং দ্রৌণিঃ সব্যেন পাণিনা ॥৫৮॥
স তামাপদমাসাদ্য দিব্যমস্ত্রমুদৈরয়ৎ।
অমৃষ্যমাণস্তান্ শূরান্ দিব্যায়ুধধরান্ স্থিতান্।
অপাণ্ডবায়েতি রুষা ব্যসৃজদ্দারুণং বচঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

তমিতি। ঘৃতাক্তং শস্ত্রক্ষতবেদনানিবারণায় ঘৃতলিপ্তগাত্রম্, কুশচীরিণং কুশময়কৌপীন-ধারিণম্। রজসা ধূল্যা, ধ্বস্তমাবৃতম্ ॥৫৫॥

তমিতি। তং দ্রৌণিম্ ॥৫৬॥

স ইতি। ব্যথিতাত্মা ভয়েন পীড়িতচিত্তঃ। প্রাপ্তমুচিতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥

স ইতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ। ইষীকাং তৃণবিশেষম্। সব্যেন বামেন ॥৫৮॥

স ইতি। উদৈরয়ৎ নিক্ষেপুমৈচ্ছৎ। অমৃষ্যমাণঃ অসহমানঃ। ব্যসৃজদব্রবীৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

তিনি সেস্থানে অশ্বত্থামাকেও দেখিতে পাইলেন। সে সময় নিষ্ঠুরকার্য্যকারী অশ্বত্থামা কুশময় কৌপীন ধারণ করিয়া, গাত্রে ঘৃত লেপনপূর্ব্বক ধূলিধূসরদেহে তাঁহাদের মধ্যে উপবিষ্ট ছিলেন ॥৫৫॥

তখন মহাবাহু ভীমসেন ধনু ও বাণ গ্রহণ করিয়া অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৫৬॥

ভীষণধনুর্দ্ধর ভীমসেন ধনু ধারণ করিয়াছেন এবং তাঁহার পৃষ্ঠভাগে যুধিষ্ঠির ও অর্জ্জুন কৃষ্ণের রথে রহিয়াছেন, ইহা দেখিয়া অশ্বত্থামার মনে গুরুতর ভয় জন্মিল; সুতরাং তিনি ইহাই মনে করিলেন যে, 'এই সময়ে এইরূপ করাই উচিত' ॥৫৭॥

অকাতরচিত্ত অশ্বত্থামা তখন সেই অলৌকিক মহাস্ত্র স্মরণ করিলেন এবং তিনি বামহস্তদ্বারা একটী ইষীকা (নলখাগড়া) গ্রহণ করিলেন ॥৫৮॥

অলৌকিক অস্ত্রধারী সেই বীরগণকে উপস্থিত দেখিয়া, তাঁহাদিগকে সহ্য

(৫৯)···বাচমুৎসৃজ্য দারুণম্—নি।

ইত্যুক্ত্বা রাজশার্দ্দূল! দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
সর্ব্বলোকপ্রমোহার্থং তদস্ত্রং প্রমুমোচ হ ॥৬০॥
ততস্তস্যামিষীকায়াং পাবকঃ সমজায়ত।
প্রধক্ষ্যন্নিব লোকাংস্ত্রীন্ কালান্তকযমোপমঃ ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি ঐষীকে ব্রহ্মশিরোঽস্ত্রত্যাগে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

———:০*০:———

বৈশম্পায়ন উবাচ।

ইঙ্গিতেনৈব দাশার্হস্তমভিপ্রায়মাদিতঃ।
দ্রৌণের্বুদ্ধ্বা মহাবাহুরর্জ্জুনং প্রত্যভাষত ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। তদ্ব্রহ্মশিরো নাম ॥৬০॥

তত ইতি। ইষীকায়াং তৃণবিশেষে। অজায়ত মন্ত্রপ্রভাবাৎ ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি ঐষীকে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

ইঙ্গিতেনেতি। ইঙ্গিতেন মুখভঙ্গ্যাদিমাত্রেণ, দাশার্হঃ কৃষ্ণঃ, আদিতঃ প্রথম এব ॥১॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—১৮॥ অপাণ্ডবায় পাণ্ডবানামভাবায় ॥২০—২১॥

ইতি সৌপ্তিকপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

করিতে পারিবেন না ভাবিয়া, বিপদাপন্ন হইয়া অশ্বত্থামা অলৌকিক ব্রহ্মশির অস্ত্র নিক্ষেপ করিবার ইচ্ছা করিলেন। তৎপরে তিনি ক্রোধবশতঃ 'পাণ্ডবগণের ধ্বংস হউক' এইরূপ দারুণ বাক্য বলিলেন ॥৫৯॥

রাজশ্রেষ্ঠ! প্রতাপশালী অশ্বত্থামা এই কথা বলিয়া সমগ্র জগৎকে মুগ্ধ করিবার জন্য সেই ব্রহ্মশির অস্ত্র নিক্ষেপ করিলেন ॥৬০॥

তদনন্তর ত্রিভুবন দগ্ধ করিবে বলিয়াই যেন সেই ইষীকাতে (নলখাগড়ায়) প্রলয়কালের যমের ন্যায় ভীষণ অগ্নিরাশি উৎপন্ন হইল ॥৬১॥

অর্জ্জুনার্জ্জুন! যদ্দিব্যমস্ত্রং তে হৃদি বর্ত্ততে।
দ্রোণোপদিষ্টং তস্যায়ং কালঃ সংপ্রতি পাণ্ডব! ॥২॥
ভ্রাতৄণামাত্মনশ্চৈব পরিত্রাণায় ভারত!।
বিসৃজৈতত্ত্বমপ্যাজাবস্ত্রমস্ত্রনিবারণম্ ॥৩॥
কেশবেনৈবমুক্তস্তু পাণ্ডবঃ পরবীরহা।
অবাতরদ্রথাত্তূর্ণং প্রগৃহ্য সশরং ধনুঃ ॥৪॥
পূর্ব্বমাচার্য্যপুত্রায় ততোঽনন্তরমাত্মনে।
ভ্রাতৃভ্যশ্চৈব সর্বেভ্যঃ স্বস্তীত্যুক্ত্বা পরন্তপঃ ॥৫॥
দেবতাভ্যো নমস্কৃত্য গুরুভ্যশ্চৈব সর্বশঃ।
উৎসসর্জ শিবং ধ্যায়ন্নস্ত্রমস্ত্রেণ শাম্যতাম্ ॥৬॥ (যুগ্মকম্)
ততস্তদস্ত্রং সহসা সৃষ্টং গাণ্ডীবধন্বনা।
প্রজজ্বাল মহার্চ্চিষ্মদ্যুগান্তানলসন্নিভম্ ॥৭॥

ভারতকৌমুদী

অর্জ্জুনেতি। সম্ভ্রমে দ্বিরুক্তিঃ। তস্য তৎপ্রয়োগস্য ॥২॥

ভ্রাতৄণামিতি। বিসৃজ নিক্ষিপ, অস্ত্রং ব্রহ্মশিরো নাম। অস্ত্রনিবারণং দ্রৌণ্যস্ত্রনিবর্ত্তকম্ ॥৩॥

কেশবেনেতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ, পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৪॥

পূর্ব্বমিতি। স্বস্তি মঙ্গলমস্তু। আচার্য্যপুত্রবধো ব্রহ্মবধশ্চ মা ভবতু ইত্যভিপ্রায়েণাচার্য্য-পুত্রায়েত্যুক্তম্। শিবং সর্ব্বেষাং মঙ্গলম্। শাম্যতাং শাম্যতু ইতি চ ধ্যায়ন্নিত্যর্থঃ ॥৫—৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহাবাহু কৃষ্ণ প্রথমেই অশ্বত্থামার মুখভঙ্গীপ্রভৃতি দেখিয়া তাঁহার অভিপ্রায় বুঝিয়া অর্জ্জুনকে বলিলেন—॥১॥

'পাণ্ডুনন্দন অর্জ্জুন! অর্জ্জুন! দ্রোণোপদিষ্ট যে অলৌকিক অস্ত্র তোমার মনে রহিয়াছে; এই সেই অস্ত্র নিক্ষেপ করিবারই সময় উপস্থিত হইয়াছে ॥২॥

ভরতনন্দন! নিজেকে এবং ভ্রাতৃগণকে রক্ষা করিবার জন্য অশ্বত্থামার অস্ত্র-নিবারক তোমার সেই অস্ত্র এখন নিক্ষেপ কর' ॥৩॥

কৃষ্ণ এই কথা বলিলে, বিপক্ষবীরহন্তা অর্জ্জুন ধনু ও বাণ ধারণ করিয়া সত্বর রথ হইতে অবতরণ করিলেন ॥৪॥

'প্রথমে অশ্বত্থামার, পরে নিজের, ভ্রাতৃগণের ও অন্যান্য সমস্ত লোকের মঙ্গল হউক' এই কথা বলিয়া এবং সমস্ত দেবতা ও গুরুজনকে নমস্কার করিয়া, জগতের মঙ্গল চিন্তা করিতে থাকিয়া 'আমার অস্ত্রদ্বারা অশ্বত্থামার অস্ত্র নিবৃত্ত হউক' এইরূপ বলিয়া বিপক্ষসন্তাপকারী অর্জ্জুনও ব্রহ্মশির অস্ত্র নিক্ষেপ করিলেন ॥৫—৬॥

CENTRAL LIBRARY

তথৈব দ্রোণপুত্রস্য তদস্ত্রং তিগ্মতেজসঃ।
প্রজজ্বাল মহাজ্বালং তেজোমণ্ডলসংবৃতম্ ॥৮॥
নির্ঘাতা বহবশ্চাসন্ পেতুরুল্কাঃ সহস্রশঃ।
মহদ্ভয়ঞ্চ ভূতানাং সর্ব্বেষাং সমজায়ত ॥৯॥
সশব্দমভবদ্ব্যোম জ্বালামালাকুলং ভৃশম্।
চচাল চ মহী কৃৎস্না সপর্ব্বতবনদ্রুমা ॥১০॥
তাবস্ত্রতেজসা লোকাংস্ত্রাসয়ন্তৌ ততঃ স্থিতৌ।
মহর্ষী সহিতৌ তত্র দর্শয়ামাসতুস্তদা ॥১১॥
নারদঃ সর্বভূতাত্মা ভারতানাং পিতামহঃ।
উভৌ শময়িতুং বীরৌ ভারদ্বাজধনঞ্জয়ৌ ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। স্বষ্টং ক্ষিপ্তম্, গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন। মহাচ্চিয়দ্ বিশালশিখাশালি ॥৭॥
তথেতি। মহতী জ্বালা শিখা যস্য তৎ ॥৮॥
নিরিতি। নির্ঘাতা বাতাহতবাতপাতাঃ। এতৎপ্রমাণস্ত বহুশ এব পূর্ব্বমুক্তম্ ॥৯॥
সেতি। জ্বালামালয়া অগ্নিশিখাসমূহেন আকুলং ব্যাপ্তম্ ॥১০॥
তাবিতি। তৌ অর্জ্জুনাশ্বত্থামানৌ। মহর্ষী নারদকৃষ্ণদ্বৈপায়নৌ, দর্শয়ামাসতুর্দদৃশতুঃ, দৃশেঃ স্বার্থে ইন্ আর্ষঃ ॥১১॥

তদনন্তর অর্জ্জুন নিক্ষিপ্ত মহাশিখাশালী সেই ব্রহ্মশির অস্ত্র প্রলয়কালের অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিল ॥৭॥

সেইরূপই তীক্ষ্ণতেজা অশ্বত্থামার ব্রহ্মশির অস্ত্রও বিশালশিখা ও তেজোমণ্ডলে ব্যাপ্ত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৮॥

তখন বহুতর নির্ঘাত হইতে থাকিল, সহস্র সহস্র উল্কাপাত হইতে লাগিল এবং তত্রত্য সমস্ত প্রাণীরই মহাভয় উপস্থিত হইল ॥৯॥

আকাশে বিশাল শব্দ হইতে থাকিল, অগ্নিশিখা ব্যাপ্ত হইয়া পড়িল এবং পর্ব্বত ও বনবৃক্ষের সহিত সমগ্র পৃথিবী কাঁপিতে লাগিল ॥১০॥

তৎকালে অর্জ্জুন ও অশ্বত্থামা আপন আপন অস্ত্রের তেজে সকলেরই ত্রাস জন্মাইতে লাগিলেন এবং মহর্ষি নারদ ও বেদব্যাস সম্মিলিতভাবে তাহা দেখিতে থাকিলেন ॥১১॥

(১১)…তে স্বস্ত্রতেজসী লোকাংস্তাপয়ন্তী ব্যবস্থিতে—পি বঙ্গ বর্দ্ধ সো। (১২)…নারদঃ সর্ব্বধর্ম্মাত্মা ভরতানাং পিতামহঃ—বঙ্গ নি।

তৌ মুনী সর্বধর্ম্মজ্ঞৌ সর্বভূতহিতৈষিণৌ।
দীপ্তয়োরস্ত্রয়োর্মধ্যে স্থিতৌ পরমতেজসৌ ॥১৩॥ (যুগ্মকম্)
তদন্তরমথাধৃষ্যাবুপাগম্য যশস্বিনৌ।
আস্তামৃষিবরৌ তত্র জ্বলিতাবিব পাবকৌ ॥১৪॥
প্রাণভৃদ্ভিরনাধৃষ্যৌ দেবদানবসম্মতৌ।
অস্ত্রতেজঃ শময়িতুং লোকানাং হিতকাম্যয়া ॥১৫॥ (যুগ্মকম্)

ঋষী ঊচতুঃ।

নানাশস্ত্রবিদঃ পূর্ব্বে যেঽপ্যতীতা মহারথাঃ।
নৈতদস্ত্রং মনুষ্যেষু তৈঃ প্রমুক্তং কথঞ্চন।
কিমিদং সাহসং বীরৌ! কৃতবন্তৌ মহাত্যয়ম্ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সৌপ্তিক-পর্ব্বণি ঐষীকে অর্জ্জুনাস্ত্রত্যাগে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

নারদ ইতি। সর্ব্বেষাং ভূতানামাত্মা হিতসাধনযত্নো যস্মিন্ সঃ, ভারতানাং পিতামহো দ্বৈপায়নশ্চ। দীপ্তয়োর্জ্বলিতয়োঃ ॥১২—১৩॥

তদিতি। তয়োরগ্নিরাশ্যোঃ অন্তরং মধ্যদেশম্, অধৃষ্যৌ অদাহ্যৌ, তপঃপ্রভাবাদেবেতি ভাবঃ। প্রাণভৃদ্ভিরনাধৃষ্যৌ, অতএব দ্রৌণ্যর্জ্জুনাভ্যামপ্যজেয়াবিত্যাশয়ঃ ॥১৪—১৫॥

নানেতি। হে বীরৌ! মহাত্যয়ং জগত এব মহাবিপজ্জনকম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সৌপ্তিকপর্ব্বণি ঐষীকে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

পরে সর্ব্বভূতহিতৈষী নারদ ও বেদব্যাস অর্জ্জুন ও অশ্বত্থামাকে শান্ত করিবার ইচ্ছা করিলেন। ক্রমে সর্ব্বধর্ম্মজ্ঞ, সর্বভূতহিতৈষী ও মহাতেজস্বী নারদ এবং বেদব্যাস উভয় অস্ত্রের মধ্যে যাইয়া দাঁড়াইলেন ॥১২—১৩॥

তাহার পর তপস্যার প্রভাবে অতিদুর্দ্ধর্ষ ও যশস্বী নারদ এবং বেদব্যাস সেই অগ্নিরাশি দুইটার মধ্যস্থানে যাইয়া অপর দুইটা প্রজ্বলিত অগ্নিরাশির ন্যায় দাঁড়াইলেন। তাঁহারা সকল প্রাণীরই অজেয় এবং দেব ও দানবগণের প্রিয় ছিলেন; আর জগতের হিতের জন্য সেই অস্ত্রতেজ নিবারণ করার তাঁহাদের ইচ্ছা ছিল ॥১৪—১৫॥

---

(১৬) মহাস্ত্রবিদ্ভিঃ পূর্ব্বে…নি।

CENTRAL LIBRARY

পঞ্চদশোঽধ্যায়ঃ।

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

দৃষ্ট্বৈব নরশার্দ্দূল! তাবগ্নিসমতেজসৌ।
সংজহার শরং দিব্যং ত্বরমাণো ধনঞ্জয়ঃ ॥১॥
উবাচ ভরতশ্রেষ্ঠ! তাবৃষী প্রাঞ্জলিস্তদা।
প্রযুক্তমস্ত্রমস্ত্রেণ শাম্যতামিতি বৈ ময়া ॥২॥
সংহৃতে পরমাস্ত্রেঽস্মিন্ সর্বানস্মানশেষতঃ।
পাপকর্ম্মা ধ্রুবং দ্রৌণিঃ প্রধক্ষ্যত্যস্ত্রতেজসা ॥৩॥
যদত্র হিতমস্মাকং লোকানাঞ্চৈব সর্বথা।
ভবন্তৌ দেবসঙ্কাশৌ তথা সংমন্তুমর্হথঃ ॥৪॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। দৃষ্ট্বৈব নিজাস্ত্রসম্মুখ ইতি শেষঃ। সংজহার নিবর্ত্তয়ামাস ॥১॥
উবাচেতি। উবাচ অর্জ্জুন ইতি শেষঃ। অস্ত্রমশ্বত্থাম্নঃ, অস্ত্রেণ মদীয়েন ॥২॥
সমিতি। পাপকর্ম্মত্বাদেব প্রধক্ষ্যতীতি ভাবঃ ॥৩॥

পরে নারদ ও বেদব্যাস বলিলেন—'নানাশাস্ত্রজ্ঞ প্রাচীন বহু মহারথ অতীত হইয়া গিয়াছেন; তাঁহারা কোন কারণেই এই অস্ত্র মনুষ্যের উপরে প্রয়োগ করেন নাই। অতএব হে বীরদ্বয়! তোমরা জগতের মহাবিপত্তিজনক এই সাহস করিলে কেন?' ॥১৬॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ! আপন অস্ত্রের সম্মুখভাগে অগ্নির ন্যায় তেজস্বী সেই ঋষি দুইজনকে দেখিয়াই অর্জ্জুন ত্বরান্বিত হইয়া আপন অস্ত্রের কিঞ্চিদুপসংহার করিলেন ॥১॥

ভরতশ্রেষ্ঠ! এবং তিনি কৃতাঞ্জলি হইয়া সেই ঋষিদিগকে বলিলেন—'আমার অস্ত্রে অশ্বত্থামার অস্ত্র নিবারিত হউক, এইরূপ ইচ্ছা করিয়াই আমি এই অস্ত্র প্রয়োগ করিয়াছিলাম ॥২॥

আমি এই উত্তম অস্ত্র উপসংহার করিলে, পাপকর্ম্মা অশ্বত্থামা নিশ্চয়ই নিজের অস্ত্রের প্রভাবে আমাদের সকলকেই দগ্ধ করিবে ॥৩॥

CENTRAL LIBRARY

ইত্যুক্ত্বা সংজহারাস্ত্রং পুনরেব ধনঞ্জয়ঃ।
সংহারো দুষ্করস্তস্য দেবৈরপি হি সংযুগে ॥৫॥
বিসৃষ্টস্য রণে তস্য পরমাস্ত্রস্য সংগ্রহে।
অশক্তঃ পাণ্ডবাদন্যঃ সাক্ষাদপি শতক্রতুঃ ॥৬॥
ব্রহ্মতেজোদ্ভবং তদ্ধি বিসৃষ্টমকৃতাত্মনা।
ন শক্যমাবর্ত্তয়িতুং ব্রহ্মচারিব্রতাদৃতে ॥৭॥
অচীর্ণব্রহ্মচর্য্যো যঃ সৃষ্ট্বাবর্ত্তয়তে পুনঃ।
তদস্ত্রং সানুবন্ধস্য মূর্দ্ধানং তস্য কৃন্ততি ॥৮॥
ব্রহ্মচারী ব্রতী চাপি দুরাচারমবাপ্য তৎ।
পরমব্যসনার্ত্তোঽপি নার্জ্জুনোঽস্ত্রং ব্যমুঞ্চত ॥৯॥

ভারতকৌমুদী

যদিতি। সংমন্তমবধারয়িতুম্। যুবাং দ্রৌণ্যস্ত্রনিবারণমপি কুরুতমিতি ভাবঃ ॥৪॥
ইতীতি। সংজহার সাকল্যেনেত্যর্থঃ। সংযুগে যুদ্ধে ॥৫॥
বিসৃষ্টস্যেতি। সংগ্রহে সংহারে। শতক্রতুরিন্দ্রোঽপ্যশক্ত ইত্যর্থঃ ॥৬॥
ব্রহ্মেতি। ব্রহ্মতেজোদ্ভবমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। ঋতে বিনা ॥৭॥
অস্ত্রস্বভাবমাহ অচীর্ণেতি। সৃষ্ট্বা নিক্ষিপ্য। সানুবন্ধস্য অনুচরসহিতস্য ॥৮॥

এখন আমাদের এবং সমস্ত লোকের যাহাতে সর্ব্বপ্রকারে মঙ্গল হয়, দেবতার তুল্য প্রভাবশালী আপনারা সেইরূপ অবধারণ করুন' ॥৪॥

এই কথা বলিয়া অর্জ্জুন পুনরায় নিজের অস্ত্রের সম্পূর্ণ উপসংহার করিলেন; কিন্তু যুদ্ধে দেবতাদের পক্ষেও সেই ব্রহ্মশির অস্ত্রের উপসংহার করা দুষ্কর হইয়া থাকে ॥৫॥

ব্রহ্মশির অস্ত্র একবার নিক্ষেপ করিলে, পুনরায় তাহার উপসংহার করার পক্ষে অর্জ্জুন ব্যতীত অন্য সকলেই অসমর্থ হইয়া থাকে; এমন কি সাক্ষাৎ ইন্দ্রও সে বিষয়ে অসমর্থ হন ॥৬॥

কারণ, সেই ব্রহ্মশির অস্ত্র ব্রহ্মতেজ হইতে উৎপন্ন; সুতরাং ব্রহ্মচর্য্য ব্যতীত অসংশোধিতচিত্ত লোক যদি একবার প্রয়োগ করে, তবে পুনরায় তাহার উপসংহার করা তাহার পক্ষে অসম্ভব হয় ॥৭॥

যে লোক ব্রহ্মচর্য্যব্রত না করিয়া এই অস্ত্র নিক্ষেপপূর্ব্বক আবার ফিরাইবার চেষ্টা করে, এই অস্ত্র অনুচরগণের সহিত সেই লোকের মস্তক ছেদন করে ॥৮॥

(৭) ব্রহ্মতেজো ভবেত্তদ্ধি···সৃষ্ট্বাবর্ত্তয়তে পুনঃ—পি।

সত্যব্রতধরঃ শূরো ব্রহ্মচারী চ পাণ্ডবঃ।
গুরুবর্ত্তী চ তেনাস্ত্রং সংজহারার্জ্জুনঃ পুনঃ ॥১০॥
দ্রৌণিরপ্যথ সংপ্রেক্ষ্য তাবৃষী পুরতঃ স্থিতৌ।
ন শশাক পুনর্ঘোরমস্ত্রং সংহর্ত্তুমোজসা ॥১১॥
অশক্তঃ প্রতিসংহারে পরমাস্ত্রস্য সংযুগে।
দ্রৌণির্দীনমনা রাজন্! দ্বৈপায়নমভাষত ॥১২॥
উত্তমব্যসনার্ত্তেন প্রাণত্রাণমভীপ্সুনা।
ময়ৈতদস্ত্রমুৎসৃষ্টং ভীমসেনভয়াম্মুনে! ॥১৩॥
অধর্ম্মশ্চ কৃতোঽনেন ধার্ত্তরাষ্ট্রং জিঘাংসতা।
মিথ্যাচারেণ ভগবন্! ভীমসেনেন সংযুগে ॥১৪॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। দুরাচারং দুর্য্যোধনাদীনাং দুর্ব্যবহারম্। ব্যসনং বিপৎ ॥৯॥
সত্যেতি। গুরূন্ বর্ত্তত ইতি গুরুবর্ত্তী গুরূণামনুকূল ইত্যর্থঃ ॥১০॥
দ্রৌণিরিতি। পুরতঃ অস্ত্রসম্মুখে। ওজসা আত্মনঃ শক্ত্যা ॥১১॥
অশক্ত ইতি। দীনমনা অকার্য্যসম্ভবাদ্বিষণ্ণচিত্তঃ ॥১২॥
উত্তমেতি। উত্তমব্যসনার্ত্তেন অতীববিপৎপীড়িতেন। অভীপ্সুনা কর্ত্তুমিচ্ছুনা ॥১৩॥
অধর্ম্ম ইতি। ধার্ত্তরাষ্ট্রং দুর্য্যোধনম্। মিথ্যাচারেণ নাভেরধো গদাপ্রহারাৎ ॥১৪॥

এদিকে অর্জ্জুন পূর্ব্বে ব্রহ্মচর্য্য ও অন্যান্য ব্রত করিয়াছিলেন; পরে দুর্য্যোধন-প্রভৃতির সেই সকল দুর্ব্যবহারে অত্যন্ত বিপন্ন হইয়াও এই অস্ত্র নিক্ষেপ করেন নাই ॥৯॥

অর্জ্জুন সত্যবাদী, বীর ও পূর্ব্বে ব্রহ্মচর্য্যব্রতকারী এবং সর্ব্বদাই গুরুজনের প্রতি অনুকূল ছিলেন। সেই জন্যই অর্জ্জুন ব্রহ্মশির অস্ত্র নিক্ষেপ করিয়াও আবার তাহার উপসংহার করিয়াছিলেন ॥১০॥

কিন্তু অশ্বত্থামা নিজের অস্ত্রের সম্মুখে সেই ঋষি দুইজনকে দেখিয়াও আপন শক্তিতে সেই অস্ত্রের উপসংহার করিতে সমর্থ হন নাই ॥১১॥

রাজা! অশ্বত্থামা নিজের দারুণ ব্রহ্মশির অস্ত্র উপসংহার করিতে সমর্থ না হওয়ায় বিষণ্ণ চিত্ত হইয়া বেদব্যাসকে বলিলেন—॥১২॥

যে ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এই সত্যবাক্য শ্রবণ করিয়া, এই অনিত্য জীবলোকে জন্মাবধি ধর্ম্ম পালন করিতে থাকিয়া চলিতে থাকে, সেই ব্যক্তি উত্তম গতি লাভ করে ॥১৮॥

নরনাথ! যে ব্যক্তি এইভাবে সমস্ত জানিয়া তত্ত্বের অনুসরণ করে, সেই ব্যক্তি নিজের পক্ষে সমস্ত পথই মুক্ত করিয়া রাখে' ॥১৯॥

——:০:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'বিদুর! কেবল বুদ্ধিদ্বারাই এই যে দুর্গম ধর্ম্ম অবগত

---

(১৯)…স প্রমোক্ষয়তে চৈব পন্থানং মনুজেশ্বর! ·· নি।

বিদুর উবাচ।

অত্র তে বর্ত্তয়িষ্যামি নমস্কৃত্বা স্বয়ম্ভুবে।
যথা সংসারগহনং বদন্তি পরমর্ষয়ঃ ॥২॥
কশ্চিন্মহতি সংসারে বর্ত্তমানো দ্বিজঃ কিল।
বনং দুর্গমনুপ্রাপ্তো মহৎ ক্রব্যাদসঙ্কুলম্ ॥৩॥
সিংহব্যাঘ্রগজর্ক্ষৌঘৈরতিঘোরং মহাস্বনৈঃ।
সমন্তাৎ সংপরিক্ষিপ্তং যৎ স্ম দৃষ্ট্বা ত্রসেদ্যমঃ ॥৪॥
তদস্য দৃষ্ট্বা হৃদয়মুদ্বেগমগমৎ পরম্।
অত্যুচ্ছ্রয়শ্চ রোম্ণাং বৈ বিক্রিয়াশ্চ পরন্তপ! ॥৫॥

ভারতকৌমুদী

অত্রেতি। বর্ত্তয়িষ্যামি বাচা মনসি প্রবেশয়িষ্যামি বক্ষ্যামীত্যর্থঃ। স্বয়ম্ভুবে ব্রহ্মণে। অত্র নমস্কারকরণং প্রস্তাবান্তরে মঙ্গলার্থম্। সংসারো গহনং নিবিড়ং বনমিব তৎ ॥২॥

কশ্চিদিতি। দ্বিজো ব্রাহ্মণঃ। দুর্গং দুর্গমম্, ক্রব্যাদৈর্মাংসভোজিভির্জন্তুভিঃ সঙ্কুলম্ ॥৩॥

সিংহেতি। ঋক্ষা ভল্লূকাঃ। সংপরিক্ষিপ্তং সম্যক্ পরিব্যাপ্তম্ ॥৪॥

তদিতি। হৃদয়ং কর্ত্তৃ। অত্যুচ্ছ্রয়ঃ অতিশয়েনোদ্গমঃ, বিক্রিয়া নানাচিত্তবিকারাঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

যদিদং ধর্ম্মগহনমিত্যধ্যায়স্য বিবরণম্ উত্তরাধ্যায়েন ক্রিয়তে—অহো খলু মহদ্দুঃখমিত্যাদিনা ॥১—২॥ দ্বাভ্যামবিদ্যাকর্ম্মভ্যাং জায়ত ইতি দ্বিজঃ জন্তুঃ, বনং সংসারঃ, ক্রব্যাদা

হওয়া যায়, ইহাতে প্রবেশ করিবার বিষয়ে বুদ্ধির সমস্ত পথ তুমি আমার নিকট বিস্তরক্রমে বল' ॥১॥

বিদুর বলিলেন—'মহারাজ! মহর্ষিরা যেভাবে নিবিড় সংসারধর্ম্মের বর্ণনা করিয়া থাকেন, আমি ব্রহ্মাকে নমস্কার করিয়া, সেইভাবে এখন আপনার নিকট তাহার বর্ণনা করিব ॥২॥

বিশাল সংসারে অবস্থিত কোন ব্রাহ্মণ কোন সময়ে মাংসভোজী হিংস্র জন্তুগণে পরিপূর্ণ একটা দুর্গম বনে যাইয়া উপস্থিত হইয়াছিলেন ॥৩॥

ভীষণ ও বিশাল গর্জ্জনকারী সিংহ, ব্যাঘ্র, হস্তী ও ভল্লূকসমূহে পরিপূর্ণ থাকায় যে বনটা দেখিয়া স্বয়ং যমও ভীত হন ॥৪॥

শত্রুসন্তাপক রাজা! সেই বনটা দেখিয়া ব্রাহ্মণের হৃদয় অত্যন্ত উদ্বিগ্ন হইয়া পড়িল, গুরুতর রোমাঞ্চ জন্মিল এবং নানাবিধ চিত্তবিকার উপস্থিত হইল ॥৫॥

(৮) সিংহব্যাঘ্রগজাকারৈরতিঘোরং···পি বঙ্গ বর্দ্ধ।···যস্মাদ্দ্রষ্টুর্মহদ্ভয়ম্—নি।

স তদ্বনং ব্যনুসরন্ সংপ্রধাবন্নিতস্ততঃ।
বীক্ষমাণো দিশঃ সর্ব্বাঃ শরণং ক ভবেদিতি ॥৬॥
স তেষাং ছিদ্রমন্বিচ্ছন্ প্রদ্রুতো ভয়পীড়িতঃ।
ন চ নির্যাতি বৈ দূরং ন চ তৈর্বিপ্রযুজ্যতে ॥৭॥
অথাপশ্যদ্বনং ঘোরং সমন্তাদ্বাগুরাবৃতম্।
বাহুভ্যাং সংপরিক্ষিপ্তং স্ত্রিয়া পরমঘোরয়া ॥৮॥
পঞ্চশীর্ষধরৈর্নাগৈঃ শৈলৈরিব সমুন্নতৈঃ।
নভঃস্পৃশৈর্মহাঘোরৈঃ পরিক্ষিপ্তং মহাবনম্ ॥৯॥
বনমধ্যে চ তত্রাভূদুদপানঃ সমাবৃতঃ।
বল্লীভিস্তৃণছন্নাভির্দৃঢ়াভিরভিসংবৃতঃ ॥১০॥
পপাত স দ্বিজস্তত্র নিগূঢ়ে সলিলাশয়ে।
বিলগ্নশ্চাভবত্তস্মিন্ লতাসন্তানসঙ্কুলে ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। ব্যনুসরন্ কার্য্যার্থং প্রবিশন্। বীক্ষমাণো ভবতি। শরণং রক্ষকঃ ॥৬॥
স ইতি। তেষাং সিংহাদীনাম, অন্বিচ্ছন্ অন্বিষ্যন্। প্রদ্রুতো দ্রুতং বিচরিতঃ ॥৭॥
অথেতি। বনং তদ্বনস্যৈকদেশম, বাগুরাবৃতং মৃগবন্ধনজালবেষ্টিতম্ ॥৮॥
পঞ্চেতি। নভঃ স্পৃশন্তীতি তৈঃ। নাম্যুপধত্বাৎ কঃ। পরিক্ষিপ্তং পরিবেষ্টিতম্ ॥৯॥
বনেতি। উদকানি পীয়ন্তে অস্মিন্নিতি উদপানঃ কূপঃ। সমাবৃতঃ বৃক্ষচ্ছায়াচ্ছন্নঃ ॥১০॥

সেই ব্রাহ্মণ কার্য্যবিশেষের জন্য সেই বনমধ্যে প্রবেশ করিয়া, নানাদিকে বিচরণ করিতে থাকিয়া, কে আমাকে রক্ষা করিবে, ইহা ভাবিয়া সকল দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥৬॥

ক্রমে ব্রাহ্মণ সেই হিংস্রজন্তুগণের ছিদ্র অন্বেষণ করিতে থাকিয়া ভয়ে আকুল হইয়া, বেগে নানা দিকে বিচরণ করিয়াও দূরে নির্গত হইতে পারিলেন না, কিংবা সেগুলির সঙ্গ পরিত্যাগ করিতেও সমর্থ হইলেন না ॥৭॥

তদনন্তর ব্রাহ্মণ দেখিলেন—সেই বনের একদেশে মৃগবন্ধনের একটা জাল সকল দিকে বিস্তৃত রহিয়াছে এবং ভীষণমূর্ত্তি একটা স্ত্রীলোক বাহুযুগলদ্বারা তাহা বেষ্টন করিয়া রাখিয়াছে ॥৮॥

তৎকালে পর্ব্বতের ন্যায় উচ্চ, গগনস্পর্শী ও পঞ্চ মস্তকধারী বিশাল সর্পগণ সেই বৃহৎ বনটাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল ॥৯॥

সেই বনমধ্যে একটা আবৃত কূপ ছিল এবং তৃণাচ্ছন্ন ও দৃঢ় বহুতর লতায় সে কূপটা আবৃত হইয়া রহিয়াছিল ॥১০॥

CENTRAL LIBRARY

পনসস্য যথা জাতং বৃন্তবদ্ধং মহাফলম্ ।
স তথা লম্বতে তত্র হ্যূর্দ্ধপাদো হ্যধঃশিরাঃ ॥১২॥
অথ তত্রাপি চান্যোঽস্য ভূয়ো জাত উপদ্রবঃ ।
কূপমধ্যে মহানাগমপশ্যত মহাবলম্ ॥১৩॥
কূপবিনাহবেলায়ামপশ্যত মহাগজম্ ।
ষড়্বক্ত্রং কৃষ্ণবর্ণঞ্চ দ্বিষট্কপদচারিণম্ ।
ক্রমেণ পরিসর্পন্তং বল্লীবৃক্ষসমাবৃতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

পপাতেতি। নিগূঢ়ে লতাদ্যাবৃতত্বাৎ গুপ্তে। বিলগ্নঃ সংসক্তঃ ॥১১॥

পনসস্যেতি। উর্দ্ধে পাদৌ যস্য সঃ, অধঃ শিরো যস্য সঃ ॥১২॥

অথেতি। কূপমধ্যে অবস্তাৎ, মহানাগং কঞ্চিদ্বিশালসর্পম ॥১৩॥

কূপেতি। কূপস্য যো বীনাহ ইষ্টকাদিবদ্ধপরিবেষ্টনং তদ্রূপা যা বেলা তীরং তত্র। দ্বিষট্কৈর্দ্বাদশভিঃ পদৈশ্চরণৈশ্চরতীতি তম্। ক্রমেণ পাদবিক্ষেপেণ পরিসর্পন্তং কূপং পরিতশ্চরন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

ব্যাধয়ঃ ॥৩॥ মহান্ স্বনো দুঃখশব্দো যৈস্তৈঃ সিংহাদিভির্ব্যাধিভিঃ ॥৪—৭॥ বাণ্ডরাঃ বিষয়তৃষ্ণাদিবাসনাঃ ॥৮—১০॥ বিলগ্নঃ তত্রৈবাভিমানবান্ ॥১১॥ উর্দ্ধপাদো হ্যধঃশিরাঃ স্বর্গচ্যুতঃ সংসারমনুস্মৃতঃ ॥১২॥ নাগং কালসর্পম, বীনাহো মুখবন্ধনঃ তস্য স্বদেহকূপপ্রচ্ছাদকস্য মরণকারণস্য ক্রোধলোভাদের্বেলায়াং সংবৎসরাখ্যঃ কালগজঃ পরিবর্ত্ততে, তং তিরোধাতুং সহায়ো ভবতি ॥১৩॥ ষট্ ঋতবঃ বক্ত্রাণি যস্য তম্, কৃষ্ণশুক্লং কৃষ্ণশুক্লপক্ষময়ম, দ্বিষট্কাঃ

তৃণলতায় আবৃত থাকায় সেই কূপটা গুপ্ত ছিল ; সুতরাং ব্রাহ্মণ যাইয়া তাহার ভিতরে পতিত হইলেন এবং লতাসমূহে সংলগ্ন হইয়া পড়িলেন ॥১১॥

কাঁঠাল যেমন বোঁটায় ঝুলিতে থাকে, সেইরূপ ব্রাহ্মণ এখন লতাবদ্ধ হইয়া ঝুলিতেছেন ; আর তাঁহার পা দু'খানা উপরের দিকে এবং মাথাটা নীচের দিকে রহিয়াছে ॥১২॥

ক্রমে তাঁহার আরও একটা উৎপাত উপস্থিত হইয়াছে। কারণ, তিনি কূপের ভিতরে একটা বিশাল ভীষণ সর্প দেখিতেছেন ॥১৩॥

তিনি আরও দেখিতেছেন, সেই কূপের তীরে ইষ্টকবেষ্টনের উপর দিয়া একটা কৃষ্ণবর্ণ ভীষণ হস্তী বিচরণ করিতেছে। তাহার ছ'খানা মুখ ও বার খানা পা রহিয়াছে এবং সে সকল দিকে তরুলতার ভিতর দিয়া পায়চারী করিয়া বেড়াইতেছে ॥১৪॥

CENTRAL LIBRARY

তস্য চাপি প্রশাখাসু বৃক্ষশাখাবলম্বিনঃ।
নানারূপা মধুকরা ঘোররূপা ভয়াবহাঃ।
আসতে মধু সংবৃত্য পূর্ব্বমেব নিকেতজাঃ ॥১৫॥
ভূয়ো ভূয়ঃ সমীহন্তে মধূনি ভরতর্ষভ!।
স্বাদনীয়ানি ভূতানাং যৈর্বালো বিপ্রকৃষ্যতে ॥১৬॥
তেষাং মধূনাং বহুধা ধারাঃ প্রস্রবতাং তদা।
আলম্বমানঃ স পুমান্ ধারাং পিবতি সর্ব্বদা ॥১৭॥
ন চাস্য তৃষ্ণা বিরতা পিবমানস্য সঙ্কটে।
অভীপ্সতি তদা নিত্যমতৃপ্তঃ স পুনঃ পুনঃ ॥১৮॥
ন চাস্য জীবিতে রাজন্! নির্ব্বেদঃ সমজায়ত।
তত্রৈব চ মনুষ্যস্য জীবিতাশা প্রতিষ্ঠিতা।
কৃষ্ণাঃ শ্বেতাশ্চ তং বৃক্ষং কুট্টয়ন্তি চ মূষিকাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য বৃক্ষসমূহস্য। আসতে অবতিষ্ঠন্তে, সংবৃত্য সঞ্চিত্য, নিকেতজাঃ তচ্চক্রজাতাঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

ভূয় ইতি। সমীহন্তে সংগ্রহীতুং চেষ্টন্তে। যৈর্মধুভিঃ ॥১৬॥

তেষামিতি। প্রস্রবতাং চক্রান্নিঃসরতাম্। পুমান্ ব্রাহ্মণঃ ॥১৭॥

নেতি। পিবমানস্য মধূনি পিবতঃ। অভীপ্সতি তন্মধ্বেব পাতুমিচ্ছতি ॥১৮॥

ভারতভাবদীপঃ

দ্বাদশ পাদা মাসা যস্য, বল্লী জীবিতাশা বৃক্ষ আয়ুর্জীবিতকালঃ ॥১৪॥ প্রশাখাসু বাল্য-যৌবনাদ্যবস্থাসু, মধুকরাঃ কামরসার্থিন ইন্দ্রিয়গণাঃ। মধু কামান্ সংবৃত্য সংগৃহ্য, নিকেতাঃ সন্ধিগৃহান্তস্থাঃ ॥১৫॥ সমীহন্তে ইন্দ্রিয়মধুকরাঃ ॥১৬॥ ইন্দ্রিয়তৃষ্ণয়া জীবোঽপি ন দুষ্য-

পূর্ব্ব হইতেই সেই বৃক্ষসমূহের শাখা-প্রশাখায় মধুচক্রজাত ভীষণ বহুতর মধুকর মধু সঞ্চয় করিয়া অবস্থান করিতেছে ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ! যে মধু বালকদিগকে আকর্ষণ করিয়া থাকে, মধুকরেরা প্রাণিগণের সুপেয় সেই মধু সকল বার বার সংগ্রহ করিবার চেষ্টা করিতেছিল ॥১৬॥

সেই মধুচক্র হইতে বহুতর মধুধারা নিঃসৃত হইতেছিল এবং সেই ব্রাহ্মণ কূপের ভিতরে ঝুলিতে থাকিয়া সেই মধুধারা সকল পান করিতেছিলেন ॥১৭॥

সেই বিপদের সময় ব্রাহ্মণ মধুধারা পান করিতে থাকিলেও তাঁহার তৃষ্ণা নিবৃত্তি পাইতেছে না; সুতরাং তিনি বার বারই তাহা পান করিবার ইচ্ছা করিতেছেন ॥১৮॥

(১৯)…তং বৃক্ষং ঘট্টয়ন্তি তনুর্গজাঃ…পি,…নিকৃন্তন্তি স্ম মূষিকাঃ…নি।

CENTRAL LIBRARY

ব্যালৈশ্চ বনদুর্গান্তে স্ত্রিয়া পরমচোগ্রয়া।
কূপাধস্তাচ্চ নাগেন বীনাহে কুঞ্জরেণ চ ॥২০॥
বৃক্ষপ্রপাতাচ্চ ভয়ং মূষিকেভ্যশ্চ পঞ্চমম্।
মধুলোভান্মধুকরৈঃ ষষ্ঠমাহুর্মহদ্ভয়ম্ ॥২১॥ (যুগ্মকম্)
এবং স বসতে তত্র ক্ষিপ্তঃ সংসারসাগরে।
ন চৈব জীবিতাশায়াং নির্ব্বেদমুপগচ্ছতি ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে ধৃতরাষ্ট্রশোকাপনোদনে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

নেতি। নির্ব্বেদো গ্লানিঃ। কুট্টয়ন্তি দন্তৈর্দশন্তি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

ব্যালৈরিতি। ব্যালৈঃ প্রাগুক্তৈঃ শৈলপ্রমাণৈর্নাগৈঃ, বনমেব দুর্গং বনদুর্গং তদন্তে স্থিতৈরিতি শেষঃ। বীনাহে কূপোপরিস্থেষ্টকবেষ্টনে স্থিতেন কুঞ্জরেণ হস্তিনা। মূষিকেভ্যঃ মূষিককর্ত্তৃককর্ত্তনে হেতুভ্যঃ, বৃক্ষাণাং প্রপাতাৎ পতনাৎ। মধুলোভাদ্বিচরদ্ভিরিতি শেষঃ, মধুকরৈর্দশনাৎ ॥২০—২১॥

এবমিতি। সংসারসাগরে সাগরবদ্‌গভীরকূপরূপসংসারে। ক্ষিপ্তঃ প্রাক্তনকর্ম্মণা বনাৎ

ভারতভাবদীপঃ

তীত্যাহ—তেষামিতি ॥১৭—১৮॥ তত্রৈব কামসুখে কৃষ্ণাঃ শ্বেতাশ্চ মূষিকাঃ রাত্র্যহানি বৃক্ষং কুট্টয়ন্তি আহুঃ ক্ষিপন্তি ॥১৯॥ ব্যালৈঃ দুষ্টমতঙ্গজাদিতুল্যৈর্ব্যাধিভিঃ, স্ত্রিয়া জরয়া, নাগেন মৃত্যুসর্পেণ, কুঞ্জরেণ সংবৎসরাখ্যেন কালেন ॥২০॥ বৃক্ষপ্রপাতো মরণম্, মধুলোভাদ্বিষয়সুখাসক্তেঃ ॥২১—২২॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

কিন্তু এইরূপ বিপদের সময়েও ব্রাহ্মণের জীবনে ধিক্কার উপস্থিত হইতেছে না। কারণ, সেইরূপ বিপদের সময়েও মানুষের জীবনের আশা অব্যাহতই থাকে। অথচ ওদিকে কৃষ্ণবর্ণ ও শ্বেতবর্ণ মূষিকগণ দন্তদ্বারা সেই বৃক্ষটাকে দংশন করিতেছে ॥১৯॥

তৎপ্রত্যক্ষকারী লোকেরা বলিতেছে—'দুর্গম বনপ্রান্তবর্ত্তী পর্ব্বতপ্রমাণ সর্পগণ হইতে এক, অতিভীষণমূর্ত্তি সেই স্ত্রীলোক হইতে দ্বিতীয়, কূপের তলদেশবর্ত্তী সর্প হইতে তৃতীয়, কূপের মুখবেষ্টনস্থিত হস্তী হইতে চতুর্থ, মূষিকেরা দংশন করিয়া করিয়া বৃক্ষগুলিকে কর্ত্তন করিতেছিল বলিয়া সেগুলির পতন হইতে পঞ্চম এবং মধুলোভে বিচরণকারী মধুকরগণের দংশন হইতে ষষ্ঠ; এই ছয় প্রকার গুরুতর ভয়ই ব্রাহ্মণের পক্ষে উপস্থিত হইয়াছে ॥২০—২১॥

CENTRAL LIBRARY

ষষ্ঠোঽধ্যায়ঃ।

——:•:——

ধৃতরাষ্ট্র উবাচ।

অহো! খলু মহদ্দুঃখং কৃচ্ছ্রবাসশ্চ তস্য হ।
কথং তস্য রতিস্তত্র তুষ্টির্বা বদতাং বর! ॥১॥
স দেশঃ ক নু যত্রাসৌ বসতে সর্ব্বসঙ্কটে।
কথং বা স বিমুচ্যেত নরস্তস্মান্মহাভয়াৎ ॥২॥
এতন্মে সর্ব্বমাচক্ষ্ব সাধু চেষ্টামহে তদা।
কৃপা মে মহতী জাতা তস্যাভ্যুদ্ধরণেন হি ॥৩॥

ভারতকৌমুদী

পাতিতঃ। নির্ব্বেদং সর্ব্বথা কষ্টাপাতাদপি গ্লানিম্। এতদুপকঞ্চ এতৎপরাধ্যায়ে স্বয়মেব স্ফুটীকরিষ্যতি ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে পঞ্চমোঽধ্যায়ঃ ॥•॥

——:•:——

অহো ইতি। কৃচ্ছ্রেণ বাসঃ কষ্টেনাবস্থিতিঃ, তস্য ব্রাহ্মণস্য। রতিরনুরাগঃ ॥১॥
স ইতি। সর্ব্বসঙ্কটে সর্ব্বপ্রকারবিপদি। নরো ব্রাহ্মণঃ ॥২॥
এতদিতি। সাধু সম্যক্, চেষ্টামহে তমুদ্ধর্ত্তুমিতি শেষঃ ॥৩॥

সমুদ্রের ন্যায় গভীর এইরূপ সেই সংসারকূপে আপন অদৃষ্টকর্ত্তৃক নিক্ষিপ্ত হইয়া সেই ব্রাহ্মণ বাস করিতেছেন; অথচ তিনি সেই সকল বিপদের মধ্যেও জীবনের আশা করিতেছেন বলিয়া তাহাতে ধিক্কার দিতেছেন না' ॥২২॥

——:•:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'হায়! বাগ্মিশ্রেষ্ঠ বিদুর! সেই ব্রাহ্মণের ত গুরুতর দুঃখ ও অতিকষ্টে বাস করা হইতেছে। কি করিয়াই বা সেই প্রকার বাস করার পক্ষে সেই ব্রাহ্মণের রুচি বা সন্তোষ জন্মিতেছে? ॥১॥

সেই দেশটাই বা কোথায়? যেখানে থাকিয়া সেই ব্রাহ্মণ সর্ব্বপ্রকার বিপদে অবস্থান করিতেছেন। কি করিয়াই বা সেই ব্রাহ্মণ সেই মহাভয় হইতে মুক্তিলাভ করিতে পারেন? ॥২॥

(১) ··কৃচ্ছ্রবাসং বসত্যসৌ ··নি। (২) ··বসতে ধর্ম্মসঙ্কটে···বঙ্গ বর্দ্ধ নি।

বিদুর উবাচ।

উপমানমিদং রাজন্! মোক্ষবিদ্ভিরুদাহৃতম্।
সুকৃতং বিন্দতে যেন পরলোকেষু মানবঃ ॥৪॥
উচ্যতে যত্তু কান্তারং মহাসংসার এব সঃ।
বনং দুর্গং হি যদ্ধেতৎ সংসারগহনং হি তৎ ॥৫॥
যে চ তে কথিতা ব্যালা ব্যাধয়স্তে প্রকীর্ত্তিতাঃ।
যা সা নারী বৃহৎকায়া অধিতিষ্ঠতি তত্র বৈ ॥৬॥
তামাহুস্তু জরাং প্রাজ্ঞা বর্ণরূপবিনাশিনীম্।
যস্তত্র কূপো নৃপতে! স তু দেহঃ শরীরিণাম্ ॥৭॥ (যুগ্মকম্)
যস্তত্র বসতেঽধস্তান্মহাহিঃ কাল এব সঃ।
অন্তকঃ সর্ব্বভূতানাং দেহিনাং সর্ব্বহার্য্যসৌ ॥৮॥

ভারতকৌমুদী

তদুদ্ধরণে চেষ্টা ন সম্ভবতীত্যাহ উপেতি। সুকৃতং পুণ্যরূপং সদুপায়ম্, বিন্দতে লভতে ॥৪॥

পূর্ব্বাধ্যায়োক্তং রূপকমিদানীং স্ফুটীকরোতি উচ্যত ইতি। কান্তারং মহাবনম্। অথ তর্হি তস্য গহনত্বং কুত ইত্যাহ বনমিতি। দুর্গং দুর্গমম্ ॥৫॥

য ইতি। ব্যালাঃ সমন্তাৎ শৈলপ্রমাণা নাগাঃ, অবসরোপসর্পিত্বাৎ ব্যাধিরূপাঃ। জরাং প্রাহুঃ দুর্নিবারাক্রমণকারিত্বাৎ। কূপো দেহঃ অধঃপাতস্থানত্বাৎ ॥৬—৭॥

এই সমস্ত বিষয় তুমি আমার নিকট বল। তাহার পর আমি তাঁহাকে উদ্ধার করিবার জন্য বিশেষভাবে চেষ্টা করিব। কারণ, তাঁহাকে উদ্ধার করিবার জন্য আমার গুরুতর দয়া জন্মিয়াছে' ॥৩॥

বিদুর বলিলেন—'রাজা! মোক্ষোপায়জ্ঞ লোকেরা এটাকে একটা উপমানরূপে উল্লেখ করিয়াছেন। মানুষ যাহা শুনিয়া পরলোকের পক্ষে পুণ্যরূপ সদুপায় লাভ করে ॥৪॥

যেটাকে মহাবন বলা হইয়াছে, তাহা মহাসংসার; যেহেতুক এটা দুর্গম বনস্বরূপ, সেই জন্য ইহাকে সংসারগহন বলে ॥৫॥

মহারাজ! পূর্ব্বে যেগুলিকে সর্ব্বদিগ্‌ব্যাপী বিশাল সর্প বলা হইয়াছে, সেগুলি নানাবিধ রোগ। সেখানে বিশালমূর্ত্তি ভীষণ একটা স্ত্রী অবস্থান করে, প্রাজ্ঞেরা সেটাকে বর্ণ ও রূপনাশিনী জরা বলেন এবং পূর্ব্বে যেটাকে কূপ বলা হইয়াছে, সেটা প্রাণিগণের দেহ ॥৬—৭॥

(৪) উপাখ্যানমিদম্…নি।

কূপমধ্যে তু যা জাতা বল্লী যত্র স মানবঃ।
প্রতানে লম্বতে লগ্নো জীবিতাশা শরীরিণাম্ ॥৯॥
স যস্তু কূপবীনাহে তং বৃক্ষং পরিসর্পতি।
ষড়্বক্ত্রঃ কুঞ্জরো রাজন্! স তু সংবৎসরঃ স্মৃতঃ।
ষণ্মুখা ঋতবো মাসাঃ পাদা দ্বাদশ কীর্ত্তিতাঃ ॥১০॥
যে তু বৃক্ষং নিকৃন্তন্তি মূষিকাঃ পন্নগাস্তথা।
রাত্র্যহানি তু তান্যাহুর্ভূতানাং পরিচিন্তকাঃ।
যে তে মধুকরাস্তত্র কামাস্তে পরিকীর্ত্তিতাঃ ॥১১॥
যাস্তু তা বহুশো ধারাঃ স্রবন্তি মধুনিস্রবাঃ।
তাংস্তু কামরসান্ বিদ্যাদ্যত্র মজ্জন্তি মানবাঃ ॥১২॥

ভারতকৌমুদী

য ইতি। মহাহির্বিশালসর্পঃ, কালো যমঃ, বর্ণসাম্যাৎ সংহারকত্বাচ্চ ॥৮॥

কূপেতি। বল্লী লতা। প্রতানে তল্লতাশাখাপ্রশাখাসমূহে। সা বল্লী জীবিতাশা জীবনলালসা বন্ধকত্বসাম্যাৎ ॥৯॥

স ইতি। কূপস্য বীনাহে তীরস্থিতেষ্টকবেষ্টনে। সংবৎসরঃ স্মৃতঃ পরিসর্পণসাধর্ম্ম্যাৎ। ষণ্মুখাঃ ষট্ ঋতবঃ, দ্বাদশ পাদা দ্বাদশ মাসাঃ, উভয়ত্রাপি সংখ্যাসাম্যাৎ। ষট্পাদঃ শ্লোকঃ॥১০॥

য ইতি। নিকৃন্তন্তি দন্তৈশ্ছিন্দন্তি, পন্নগা ইব শ্বেতাঃ কৃষ্ণাশ্চেত্যর্থঃ। সর্পাণাং পূর্ব্বমনুক্তত্বাৎ। ভূতানাং প্রাণিনাম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥

যা ইতি। মধুনামেব নিস্রবাঃ সংস্রবাঃ সংসর্গা যাসু তাঃ। বিদ্যাৎ জানীয়াৎ। আপাতমধুরত্বসাম্যাৎ ॥১২॥

সেই কূপের ভিতরে নীচের দিকে যে বিশাল সর্প আছে, তাহা কাল। কারণ, সে—সর্ব্বভূতের ও সর্ব্বপ্রাণীর অন্তকারী ও সর্ব্বসংহারী ॥৮॥

কূপের ভিতরে যে লতা জন্মিয়াছে এবং যাহার শাখা প্রশাখায় বদ্ধ থাকিয়া সেই ব্রাহ্মণ ঝুলিতেছেন, তাহা প্রাণিগণের জীবনের আশা ॥৯॥

রাজা! সেই কূপের মুখের ইষ্টকবেষ্টনের উপর দিয়া বৃক্ষমধ্যে যে ঘুরিতেছে, সেই হস্তী—সংবৎসর, তাহার ছ'খানি মুখ—ছয়টী ঋতু এবং বারখানি চরণ—বারটী মাস ॥১০॥

সর্পের ন্যায় কৃষ্ণ ও শ্বেতবর্ণ যে সকল মূষিক দন্তদ্বারা সেই বৃক্ষটাকে কর্ত্তন করিতেছে, চিন্তাশীল লোকেরা সেগুলিকে প্রাণিগণের রাত্রি ও দিন বলেন এবং যে মধুকরগুলির বিষয় বলা হইয়াছে; সেগুলিকে কাম (বিষয়াভিলাষ) বলেন ॥১১॥

(৯)…প্রীতো যথাভবল্লয়ঃ…নি।

এবং সংসারচক্রস্য পরিবৃত্তং বিদুর্বুধাঃ।
যেন সংসারচক্রস্য পাশাংশ্ছিন্দন্তি বৈ বুধাঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে ধৃতরাষ্ট্রশোকাপনোদনে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

সপ্তমোঽধ্যায়ঃ।

——:০*০:——

ধৃতরাষ্ট্র উবাচ।

অহোঽভিহিতমাখ্যানং ভবতা তত্ত্বদর্শিনা।
ভূয় এব তু মে হর্ষঃ শ্রুত্বা বাগমৃতং তব ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। "সাদৃষ্টোপনিবদ্ধশরীরপরিগ্রহঃ সংসারঃ" ইতি কাতন্ত্রপরিশিষ্টটীকায়াং গোপীনাথঃ। "সংসারশ্চ মিথ্যাধীপ্রভবা বাসনা" ইতি প্রামাণ্যবাদে গদাধরঃ। পরিবৃত্তং পরিবর্ত্তনম্। বুধা জ্ঞানিনঃ ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

অহো ইতি। অহোঽভিহিতমিতি প্রকৃতিস্থিতিসম্ভবেঽপি সন্ধিরার্ষঃ। হর্ষো জাতঃ ॥১॥

ভারতভাবদীপঃ

অহো খল্বিতি স্পষ্টার্থঃ ॥১—১২॥ যেনেতি। যেন নির্ব্বেদেন পাশাংশ্ছিন্দন্তি ॥১৩॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

আর সেই যে সকল মধুধারার বিষয় বলা হইয়াছে, সেগুলিকে কামরস বলিয়া জানিবে, মানুষেরা যাহাতে মগ্ন হইয়া যায় ॥১২॥

পণ্ডিতেরা এইরূপে সংসারচক্রের পরিবর্ত্তনের কথা বলিয়া থাকেন। যাহা শুনিয়া জ্ঞানীরা সংসারচক্রের পাশ ছেদন করেন' ॥১৩॥

——:০:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'বিদুর! তুমি তত্ত্বদর্শী বলিয়া তোমার উক্ত উপাখ্যান এবং অমৃততুল্য বাক্য শ্রবণ করিয়া আমার গুরুতর আনন্দ জন্মিয়াছে' ॥১॥

---

(১)···শ্রোতুং বাগমৃতং তব—নি।

CENTRAL LIBRARY

বিদুর উবাচ।

শৃণু ভূয়ঃ প্রবক্ষ্যামি মার্গস্যৈতস্য বিস্তরম্।
যচ্ছ্রুত্বা বিপ্রমুচ্যন্তে সংসারেভ্যো বিচক্ষণাঃ ॥২॥
যথা তু পুরুষো রাজন্! দীর্ঘমধ্বানমাস্থিতঃ।
ক্বচিৎ ক্বচিচ্ছ্রমাচ্ছ্রান্তঃ কুরুতে বাসমেব চ ॥৩॥
এবং সংসারপর্য্যায়ে গর্ভবাসেষু ভারত!।
কুর্ব্বন্তি দুর্বুধা বাসং মুচ্যন্তে তত্র পণ্ডিতাঃ ॥৪॥ (যুগ্মকম্)
তস্মাদধ্বানমেবৈতমাহুঃ শাস্ত্রবিদো জনাঃ।
যত্তৎ সংসারগহনং বনমাহুর্মনীষিণঃ ॥৫॥
সোঽয়ং লোকে সমাবর্ত্তো মর্ত্ত্যানাং ভরতর্ষভ!।
চরাণাং স্থাবরাণাঞ্চ ন গৃধ্যেত্তত্র পণ্ডিতঃ ॥৬॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। মার্গস্য মুক্তিপথস্য ॥২॥

যথেতি। আস্থিতো গমনকালে আশ্রিতঃ। সংসারস্য অদৃষ্টজনিতশরীরপরিগ্রহস্য, পর্য্যায়ে পরম্পরায়াম্, গর্ভা বসন্ত্যেষ্বিতি গর্ভবাসা গর্ভাশয়াস্তেষু ॥৩—৪॥

তস্মাদিতি। এতং জ্ঞানোপায়ভূতম্। সংসার এব গহনং নানাবিপৎপূর্ণতয়া নিবিড়ং স্থানম্ ॥৫॥

স ইতি। সমাবর্ত্ত আবৃত্তিঃ পুনঃ পুনরাগমনমিতি যাবৎ। গৃধ্যেৎ আকাঙ্ক্ষয়া আসজ্জেৎ ॥৬॥

বিদুর বলিলেন—'মহারাজ! আমি পুনরায় এই পথের বিস্তৃত বিষয় বলিব, বিচক্ষণ লোকেরা যাহা শ্রবণ করিয়া মুক্তিলাভ করেন। আপনি তাহা শ্রবণ করুন ॥২॥

ভরতনন্দন! মানুষ যেমন দীর্ঘপথে চলিতে থাকিয়া পরিশ্রান্ত হইয়া, কোন কোন স্থানে বিশ্রাম করে; এইরূপই মূর্খেরা বার বার যাতায়াত করিতে থাকিয়া বার বার মাতার গর্ভে আসিয়া বাস করে; আর পণ্ডিতেরা মুক্তিলাভ করিয়া থাকেন ॥৩—৪॥

অতএব শাস্ত্রজ্ঞ লোকেরা এই পথটাকেই প্রশস্ত বলিয়া থাকেন; আর সেই যে সংসারগহন, জ্ঞানীরা তাহাকে বন বলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! এই জগতে স্থাবর ও জঙ্গম প্রাণিগণের এইভাবে বার বার আগমন হয়; অতএব জ্ঞানীলোকেরা সে বিষয় আসক্ত হইবেন না ॥৬॥

(৩)···ক্বচিচ্ছ্রমস্থানং···নি।

CENTRAL LIBRARY

শারীরা মানসাশ্চৈব মর্ত্ত্যানাং যে তু ব্যাধয়ঃ।
প্রত্যক্ষাশ্চ পরোক্ষাশ্চ তে ব্যালাঃ কথিতা বুধৈঃ ॥৭॥
ক্লিশ্যমানাশ্চ তৈর্নিত্যং বার্য্যমাণাশ্চ ভারত!।
স্বকর্ম্মভির্মহাব্যালৈর্নোদ্বিজন্ত্যল্পবুদ্ধয়ঃ ॥৮॥
তথাপি তৈর্বিমুচ্যেত ব্যাধিভিঃ পুরুষো নৃপ!।
আবৃণোত্যেব তং পশ্চাজ্জরা রূপবিনাশিনী ॥৯॥
শব্দরূপরসস্পর্শৈর্গন্ধৈশ্চ বিবিধৈরপি।
মজ্জমানং মহাপঙ্কে নিরালম্বে সমন্ততঃ ॥১০॥ (যুগ্মকম্)
সংবৎসরর্ত্তবো মাসাঃ পক্ষাহোরাত্রপঙ্‌ক্তয়ঃ।
ক্রমেণাস্যোপযুঞ্জন্তি রূপমায়ুস্তথৈব চ ॥১১॥
এতে কালস্য নিধয়ো নৈতান্ জানন্তি দুর্বুধাঃ।
ধাত্রাভিলিখিতান্যাহুঃ সর্ব্বভূতানি কর্ম্মণা ॥১২॥

ভারতকৌমুদী

শারীরা ইতি। শারীরা জ্বরাদয়ঃ, মানসা উন্মাদাদয়ঃ। ব্যালাঃ সর্পাঃ ॥৭॥

ক্লিশ্যেতি। বার্য্যমাণা সংসারোপযোগিকর্ম্মানুষ্ঠানদর্শিভির্হিতৈষিভিঃ। মহাব্যালৈর্মহাসর্পরূপৈঃ ॥৮॥

তথেতি। তথাপীতি স্থিতের্যদ্যপীতি পূরণীয়ম্। মহাপঙ্কে মহাপঙ্করূপভোগে ॥৯—১০॥

সংবৎসরেতি। পক্ষাহোরাত্রাণাং পঙ্‌ক্তয়ঃ শ্রেণয়ঃ। উপযুঞ্জন্তি ভক্ষয়ন্তি ক্ষপয়ন্তীত্যর্থঃ ॥১১॥

জ্ঞানীরা বলেন—'প্রত্যক্ষ ও পরোক্ষ, শারীরিক ও মানসিক রোগ সকল—সর্প' ॥৭॥

মানুষ সেই সকল ব্যাধির আক্রমণে কষ্ট পাইতে থাকে এবং হিতৈষী লোকেরা তাহাকে নিবারণ করে; তথাপি যাহারা অল্পবুদ্ধি, তাহারা মহাসর্পস্বরূপ কর্ম্ম দেখিয়াও ভয় করে না ॥৮॥

রাজা! যদিও সেই সকল ব্যাধি মানুষকে পরিত্যাগ করে, তথাপি পরে জরা আসিয়া তাহাকে আক্রমণ করিয়া থাকে। কেন না, সেই মানুষ সকল দিকে নানাবিধ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধের প্রভাবে মহাকর্দ্দমস্বরূপ বিষয়ভোগে মগ্ন হইয়া যায় ॥৯—১০॥

বৎসর, ঋতু, মাস, পক্ষ, দিন ও রাত্রির শ্রেণী ক্রমশঃ মানুষের রূপ ও আয়ুকে ভক্ষণ করিতে থাকে ॥১১॥

(৮)···মার্য্যমাণাশ্চ···নি। (১১)···প্রবৃদ্ধন্তি···নি।

রথঃ শরীরং ভূতানাং সত্ত্বমাহুস্তু সারথিম্।
ইন্দ্রিয়াণি হয়ানাহুঃ কর্ম্মবুদ্ধিশ্চ রশ্ময়ঃ ॥১৩॥
তেষাং হয়ানাং যো বেগং ধাবতামনুধাবতি।
স তু সংসারচক্রেঽস্মিন্ চক্রবৎ পরিবর্ত্ততে ॥১৪॥
যস্তান্ সংযমতে বুদ্ধ্যা সংযতো ন নিবর্ত্ততে।
স তু সংসারচক্রেঽস্মিন্ চক্রবৎ পরিবর্ত্ততে ॥১৫॥
যে তু সংসারচক্রেঽস্মিন্ চক্রবৎ পরিবর্ত্ততে।
ভ্রমমাণা ন মুহ্যন্তি সংসারে ন ভ্রমন্তি তে।
সংসারে ভ্রমতাং রাজন্! দুঃখমেতদ্ধি জায়তে ॥১৬॥

ভারতকৌমুদী

এত ইতি। কালস্য কালকৃতস্তদবস্থায়াঃ, নিধয় আশ্রয়াঃ। অভিলিখিতানি লেখাশ্রয়ীকৃতানি ॥১২॥

রথ ইতি। সত্ত্বমধ্যবসায়ং সাধারণবুদ্ধিমিত্যর্থঃ। কর্ম্মবুদ্ধিঃ কার্য্যচিকীর্ষা ॥১৩॥

তেষামিতি। তেষামিন্দ্রিয়রূপাণাম্। পরিবর্ত্ততে ঘূর্ণতে ॥১৪॥

য ইতি। তান্ ইন্দ্রিয়হয়ান্। বুদ্ধ্যা রশ্মিরূপয়া, সংযমতে আবধ্নাতি; অথ চ স্বয়ং সংযতোঽপি মোহেন বিষয়ভোগান্ন নিবর্ত্ততে ॥১৫॥

ভারতভাবদীপঃ

অহোঽভিহিতমিতি ॥১—১১॥ নিধয়ঃ কালস্য কর্ত্তব্যার্থসাধকাঃ, অভিলিখিতানি সর্ব্বতো বয়সা আয়ুষা সুখদুঃখজরাব্যাধিভিঃ কর্ম্মণা অদৃষ্টরূপেণ ন্যস্তানি ॥১২॥ সত্ত্বং বুদ্ধিঃ, কর্ম্মবুদ্ধির্মনঃ; "মনঃ প্রগ্রহমেব চে"তি শ্রুতেঃ ॥১৩॥ যঃ সঙ্ঘাতাভিমানী ভোক্তা বেগমনুধাবতি। কর্ম্মমার্গপ্রবৃত্তিমনুসরতি, পরিবর্ত্ততে ভ্রমতি ॥১৪॥ যঃ সংযতঃ সংযমী তানিন্দ্রিয়াণ্যান্ সংযমতে সংযচ্ছতে স ন নিবর্ত্ততে সংসারে মৃতঃ সন্ ন পুনরাবর্ত্ততে ॥১৫॥

এইগুলি কালকৃত অবস্থার আশ্রয়, মূর্খেরা এইগুলির বিষয় জানে না। তাহারা বলে—'বিধাতা কর্ম্ম অনুসারে প্রাণিগণের অবস্থা পূর্ব্বেই লিখিয়া রাখিয়াছেন' ॥১২॥

পণ্ডিতেরা বলেন—'শরীরটী—রথ, বুদ্ধি—সারথি, ইন্দ্রিয় সকল—অশ্ব এবং কর্ম্ম করিবার ইচ্ছা—রশ্মি (লাগাম) ॥১৩॥

সেই ইন্দ্রিয়রূপ অশ্বগণ ধাবিত হইতে থাকিলে, যে মানুষ সেগুলির অনুসরণ করে, সেই মানুষই এই সংসারচক্রে পতিত হইয়া চক্রের ন্যায় ঘুরিতে থাকে ॥১৪॥

যে ব্যক্তি বুদ্ধিরূপ রশ্মিদ্বারা সেই ইন্দ্রিয়রূপ অশ্বগণকে আবদ্ধ করে; অথ চ নিজে সংযত থাকিয়াও কোন কোন সময়ে মোহবশতঃ বিষয়ভোগ হইতে নিবৃত্ত হয় না; সেই ব্যক্তি এই সংসারচক্রে পতিত হইয়া চক্রের ন্যায় ঘুরিতে থাকে ॥১৫॥

CENTRAL LIBRARY

তস্মাদস্য নিবৃত্ত্যর্থং যত্নমেব চরেদ্বুধঃ।
উপেক্ষা নাত্র কর্ত্তব্যা শতশাখঃ প্রবর্ত্ততে ॥১৭॥
যতেন্দ্রিয়ো নরো রাজন্! ক্রোধলোভনিরাকৃতঃ।
সন্তুষ্টঃ সত্যবাদী যঃ স শান্তিমধিগচ্ছতি ॥১৮॥
যাম্যমাহু রথং হ্যেনং মুহ্যন্তে যেন দুর্বুধাঃ।
স চৈতৎ প্রাপ্নুয়াদ্রাজন্! যত্ত্বং প্রাপ্তো নরাধিপ! ॥১৯॥
অনুতর্বুলমেবৈতদ্দুঃখং ভবতি মারিষ!।
রাজ্যনাশঃ সুহৃন্নাশঃ সুতনাশশ্চ ভারত! ॥২০॥

ভারতকৌমুদী

য ইতি। ন মুহ্যন্তি অপি তু জ্ঞানমার্গ এব ধাবন্তি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তস্মাদিতি। অস্য সংসারস্য। উপেক্ষাকরণে দোষমাহ শতেতি। শতং শাখাঃ প্রকারাঃ যস্য স তাদৃশঃ সন্ সংসারঃ প্রবর্ত্ততে ॥১৭॥

নন্থ সংসারনিবৃত্তৌ কোঽভ্যুপায় ইত্যাহ যতেতি। শান্তিং সংসারনিবৃত্তিম্ ॥১৮॥

যাম্যমিতি। যাম্যং যমসম্বন্ধিনম্, এনং বিষয়ভোগম্। এতদীদৃশং দুঃখম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

জীবন্তোঽপি তাদৃশা ন মুহ্যন্তি ন ভ্রমন্তি যোনিচক্রে ॥১৬॥ শতশাখঃ সংসারবৃক্ষঃ ॥১৭॥ ক্রোধলোভৌ নিরাকৃতৌ যেন সঃ ॥১৮॥ যাম্যং যমলোকপ্রাপকং সংসারগহনম্ ॥১৯॥

আর রাজা! যে সকল লোক চক্রের ন্যায় পরিবর্ত্তনশীল এই সংসারচক্রে পতিত হইয়া ঘুরিতে থাকিয়াও মোহাবিষ্ট না হয়, তাহারা পুনরায় সংসারচক্রে পড়িয়া ঘোরে না। সংসারচক্রে যাহারা ঘুরিতে থাকে, তাহাদেরই এইরূপ দুঃখ হয় ॥১৬॥

অতএব পণ্ডিতলোক এই সংসারের নিবৃত্তির জন্য বিশেষ যত্ন করিবেন। এবিষয়ে উপেক্ষা করিবেন না। কারণ, উপেক্ষা করিলে, এই সংসার শতপ্রকারে বিস্তৃত হইয়া পড়ে ॥১৭॥

রাজা! যে লোকের ইন্দ্রিয়গুলি সংযত থাকে, ক্রোধ ও লোভ থাকে না এবং চিত্তে সন্তোষ ও মুখে সত্যবাক্য স্ফুরিত হয়; সেই লোকই শান্তিলাভ করে ॥১৮॥

নরনাথ! রাজা! জ্ঞানীরা বলেন—'এই সংসারটাই যমের রথ; যে সংসার-দ্বারা মূর্খেরা মুগ্ধ হইয়া থাকে' এবং আপনি যেরূপ দুঃখভোগ করিতেছেন, সেই মূর্খগণ এইরূপ দুঃখই ভোগ করে ॥১৯॥

(২০)···অনুতর্বুলমেবৈতৎ···পি, রাজ্যনাশং সুহৃন্নাশং সুতনাশঞ্চ ভারত!—বঙ্গ বর্দ্ধ।

সাধুঃ পরমদুঃখানাং বুদ্ধিভৈষজ্যমাচরেৎ।
জ্ঞানৌষধমবাপ্যেহ দূরপারং মহৌষধম্।
ছিন্দ্যাদ্দুঃখমহাব্যাধিং নরঃ সংযতমানসঃ ॥২১॥
ন বিক্রমো ন চাপ্যর্থো ন মিত্রং ন সুহৃজ্জনঃ।
তথোন্মোচয়তে দুঃখাদ্যথাত্মা স্থিরসংযমঃ।
তস্মান্মৈত্রং সমাস্থায় শীলমাপদ্য ভারত! ॥২২॥
দমস্ত্যাগোঽপ্রমাদশ্চ তে ত্রয়ো ব্রহ্মণো হয়াঃ।
শীলরশ্মিসমাযুক্তঃ স্থিতো যো মানসে রথে।
ত্যক্ত্বা মৃত্যুভয়ং রাজন্! ব্রহ্মলোকং স গচ্ছতি ॥২৩॥

ভারতকৌমুদী

অন্বিতি। তর্দুলং বিষয়ভোগে তৃষ্ণাশীলং জনম্, অনু লক্ষ্যীকৃত্য, এতদীদৃশম্ ॥২০॥

সাধুরিতি। বুদ্ধিরেব ভৈষজ্যমৌষধং তৎ, আচরেৎ বিদধ্যাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২১॥

নেতি। স্থিরঃ সংযম ইন্দ্রিয়নিরোধো যস্য সঃ। মৈত্রমাত্মন এব মিত্রভাবম্, আস্থায় আশ্রিত্য শীলং সাধুস্বভাবম্, আপদ্য আপদ্যস্ব, ইন্দ্রিয়সংযমেন প্রাপ্নুহীত্যর্থঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২২॥

দম ইতি। দম ইন্দ্রিয়দমনম্, ত্যাগো দানম্, অপ্রমাদঃ ধর্ম্মানুষ্ঠানে সাবধানতা। ব্রহ্মণঃ পিতামহস্য লোকঃ প্রাপ্তাবিত্যর্থঃ। হয়া অশ্বাঃ। শীলং সাধুস্বভাব এব রশ্মিঃ অশ্বমুখরজ্জুর্যস্য সঃ, মানসং মন এব রথস্তস্মিন্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

অনুতর্দুলং তৃষ্ণাশীলং লক্ষ্যীকৃত্য ॥২০॥ দূরপারং ব্রহ্মজ্ঞানম্ ॥২১॥ স্থিরঃ পুনর্নিবর্ত্তিতুমসমর্থঃ সংযমস্তদ্বিষয়েভ্যঃ ইন্দ্রিয়পরাবৃত্তির্যস্য তাদৃশঃ আত্মা স্বয়ম্ ॥২২॥ ব্রহ্মণঃ ব্রহ্মলোকস্য প্রাপকা ইতি শেষঃ ॥২৩—২৭॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

মাননীয় ভরতনন্দন! সংসারে তৃষ্ণাশীল লোকেরই এইরূপ দুঃখ হইয়া থাকে এবং রাজ্যনাশ, বন্ধুনাশ ও পুত্রনাশ হয় ॥২০॥

সংযতচিত্ত সাধুলোক গুরুতর দুঃখনিবৃত্তির জন্য আপন বুদ্ধিকে ঔষধস্বরূপ করিবেন। পরে তিনি অতিবৃহৎ জ্ঞানমহৌষধ সেবন করিয়া দুঃখরূপ মহাব্যাধির উপশম করিবেন ॥২১॥

ভরতনন্দন! স্থিরসংযমী পুরুষ যেমন আপনাকে দুঃখ হইতে মোচন করিতে পারেন; তেমন তাহার বিক্রম, ধনসম্পত্তি, বন্ধু বা আত্মীয়জন তাঁহাকে দুঃখ হইতে মোচন করিতে পারে না। অতএব আপনি মিত্রভাব অবলম্বন করিয়া সংযমস্বভাব অবলম্বন করুন ॥২২॥

CENTRAL LIBRARY

অভয়ং সর্ব্বভূতেভ্যো যো দদাতি মহীপতে ! ।
স গচ্ছতি পরং স্থানং বিষ্ণোঃ পদমনাময়ম্ ॥২৪॥
ন তৎ ক্রতুসহস্রেণ নোপবাসৈশ্চ নিত্যশঃ ।
অভয়স্য হি দানেন যৎ ফলং প্রাপ্নুয়ান্নরঃ ॥২৫॥
নহ্যাত্মনঃ প্রিয়তরং কিঞ্চিৎ ভূতেষু নিশ্চিতম্
অনিষ্টং সর্ব্বভূতানাং মরণং নাম ভারত ! ।
তস্মাৎ সর্ব্বেষু ভূতেষু দয়া কার্য্যা বিপশ্চিতা ॥২৬॥
নানামোহসমাযুক্তা বুদ্ধিজালেন সংবৃতাঃ ।
অসূক্ষ্মদৃষ্টয়ো মন্দা ভ্রাম্যন্তে তত্র তত্র হ ।
সুসূক্ষ্মদৃষ্টয়ো ধীরা ব্রজন্তি ব্রহ্মসাত্মতাম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে ধৃতরাষ্ট্রশোকাপনোদনে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

অভয়মিতি। অভয়ং হিংসাত্যাগেনেতি ভাবঃ। অনাময়ং সর্ব্বোপদ্রবহীনম্ ॥২৪॥
নেতি। তৎ ফলং প্রাপ্নুয়াদিত্যর্থঃ। তৎ ফলং ন প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥২৫॥
নহীতি। ভূতেষু প্রাণিষু। দয়া কার্য্যা হিংসাত্যাগেনাভয়দানাৎ। ষট্‌পাদঃ ॥২৬॥
নানেতি। তত্র তত্র বিভিন্নযোনৌ। ব্রহ্মণঃ সাত্মতাং সাযুজ্যম্। ষট্‌পাদঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা ! ইন্দ্রিয়দমন, দান ও ধর্ম্মানুষ্ঠানে সাবধানতা—এই তিনটী ব্রহ্মলোক-প্রাপ্তির পক্ষে অশ্বস্বরূপ। অতএব স্বভাবরূপ রশ্মি ধারণ করিয়া যিনি চিত্তরূপ রথে অবস্থান করেন, তিনি মৃত্যুভয় পরিত্যাগ করিয়া ব্রহ্মলোকে গমন করেন ॥২৩॥

মহারাজ ! যিনি হিংসা ত্যাগ করিয়া সমস্ত প্রাণীকেই অভয় দান করেন, তিনি সর্ব্বপ্রকার উপদ্রব শূন্য উত্তম বিষ্ণুলোকে গমন করেন ॥২৪॥

মানুষ সমস্ত প্রাণীকে অভয় দান করায় যে ফল লাভ করে, সহস্র যজ্ঞ বা প্রত্যহ উপবাস করিয়াও সে ফল লাভ করিতে পারে না ॥২৫॥

ভরতনন্দন ! সমস্ত প্রাণীরই নিজের আত্মা হইতে অধিক প্রিয়তম বস্তু আর নাই। সেই জন্যই মরণটা সমস্ত প্রাণীরই অনভীষ্ট ; অতএব বুদ্ধিমান্ লোক হিংসা ত্যাগ করিয়া সমস্ত প্রাণীর প্রতিই দয়া করিবেন ॥২৬॥

নানাবিধ মোহে আকুল, বুদ্ধিজালে আবৃত এবং স্থূলদৃষ্টি মূর্খ লোকেরা নানা-

CENTRAL LIBRARY

অষ্টমোঽধ্যায়ঃ।

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

বিদুরস্য তু তদ্বাক্যং নিশম্য কুরুসত্তমঃ।
পুত্রশোকাভিসন্তপ্তঃ পপাত ভুবি মূর্চ্ছিতঃ ॥১॥
তং তথা পতিতং ভূমৌ নিঃসংজ্ঞং প্রেক্ষ্য বান্ধবাঃ।
কৃষ্ণদ্বৈপায়নশ্চৈব ক্ষত্তা চ বিদুরস্তথা ॥২॥
সঞ্জয়ঃ সুহৃদশ্চান্যে দ্বাঃস্থা যে চাস্য সম্মতাঃ।
জলেন সুখশীতেন তালবৃন্তৈশ্চ ভারত! ॥৩॥
পস্পর্শুশ্চ করৈর্গাত্রং বীজমানাশ্চ যত্নতঃ।
অন্বাস্যত চিরং কালং ধৃতরাষ্ট্রং তথাগতম্ ॥৪॥ (বিশেষকম্)
অথ দীর্ঘস্য কালস্য লব্ধসংজ্ঞো মহীপতিঃ।
বিললাপ চিরং কালং পুত্রাধিভিরভিপ্লুতঃ ॥৫॥

ভারতকৌমুদী

বিদুরস্যেতি। কুরুসত্তমো ধৃতরাষ্ট্রঃ। রাজ্যনাশাদিশ্রবণেন পুনঃ শোকোদয়াৎ ॥১॥

তমিতি। নিঃসংজ্ঞমচেতনম্। ক্ষত্তা শূদ্রাপুত্রঃ। দ্বাঃস্থা দ্বৌবারিকাঃ। সম্মতাঃ প্রিয়াঃ। সুখং সুখকরঞ্চ তৎ শীতং শীতলঞ্চেতি তেন। বীজমানা বায়ুং চালয়ন্তঃ অনু লক্ষ্যীকৃত্য আসত অবাতিষ্ঠন্ত ॥২—৪॥

যোনিতে ভ্রমণ করে। আর অতিসূক্ষ্মদৃষ্টি জ্ঞানী লোকেরা ব্রহ্মসাযুজ্য লাভ করেন' ॥২৭॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—কৌরবশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র বিদুরের সেই সকল বাক্য শ্রবণ করিয়া পুত্রশোকে সন্তপ্ত ও মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥১॥

ভরতনন্দন! ধৃতরাষ্ট্র অচৈতন্য হইয়া সেইভাবে ভূতলে পতিত হইয়াছেন দেখিয়া, বন্ধুগণ, বেদব্যাস, শূদ্রাপুত্র বিদুর, সঞ্জয়, অন্যান্য সুহৃদ্‌গণ ও ধৃতরাষ্ট্রের প্রিয় দ্বৌবারিকগণ শীতল জল সেচন, হস্তামর্ষণ ও তালবৃন্তদ্বারা বায়ুসঞ্চালন করিতে থাকিয়া তাঁহার নিকটে অবস্থান করিতে লাগিলেন ॥২—৪॥

(৪)···আশ্বাস্য তু চিরং কালং···বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

ধিগস্তু খলু মানুষ্যং মানুষ্যে চ পরিগ্রহম্ ।
যতো মূলানি দুঃখানি সংভবন্তি মুহুর্মুহুঃ ॥৬॥
পুত্রনাশেঽর্থনাশে চ জ্ঞাতিসম্বন্ধিনামথ ।
প্রাপ্যতে সুমহদ্দুঃখং বিষাগ্নিপ্রতিমং বিভো ! ॥৭॥
যেন দহ্যন্তি গাত্রাণি যেন প্রজ্ঞা বিনশ্যতি ।
যেনাভিভূতঃ পুরুষো মরণং বহু মন্যতে ॥৮॥
তদিদং ব্যসনং প্রাপ্তং ময়া ভাগ্যবিপর্য্যয়াৎ ।
যস্যান্তং নাধিগচ্ছামি ঋতে প্রাণবিপর্য্যয়াৎ ।
তচ্চৈবাহং করিষ্যামি অদ্যৈব দ্বিজসত্তম ! ॥৯॥
ইত্যুক্ত্বা তু মহাত্মানং পিতরং ব্রহ্মবিত্তমম্ ।
ধৃতরাষ্ট্রোঽভবন্মূঢ়ঃ শোকঞ্চ পরমং গতঃ ।
অভূচ্চ তূষ্ণীং রাজাসৌ ধ্যায়মানো মহীপতে ! ॥১০॥

ভারতকৌমুদী

অথেতি। দীর্ঘস্য কালস্য অনন্তরমিতি শেষঃ। পুত্রাণামাধিভিঃ শোকৈঃ ॥৫॥
ধিগিতি। মানুষ্যং মনুষ্যত্বম্। পরিগ্রহং পুত্রাদিপ্রাপ্তিম্। মূলানি মহান্তি ॥৬॥
পুত্রেতি। জ্ঞাতিসম্বন্ধিনাং নাশে ইত্যর্থঃ। বিষাগ্নিপ্রতিমং তয়োস্তুল্যং তীক্ষ্ণম ॥৭॥
যেনেতি। দহ্যন্তি দহ্যন্তে, প্রজ্ঞা বুদ্ধিঃ। বহু মন্যতে আদ্রিয়তে ॥৮॥
তদিতি। ব্যসনং বিপৎ। ঋতে বিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥
ইতীতি। ব্রহ্মবিত্তমং বেদজ্ঞশ্রেষ্ঠম্। মূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১০॥

তদনন্তর পুত্রশোকে সন্তপ্ত ধৃতরাষ্ট্র দীর্ঘকাল অতীত হইলে পর, চৈতন্য লাভ করিয়া বহু সময় বিলাপ করিলেন—॥৫॥

'হায়! মনুষ্যজন্মকে আমি ধিক্কার করি, তাহাতে আবার পুত্রাদি প্রাপ্তিকে আরও ধিক্কার করি। যেহেতু গুরুতর দুঃখ সকল মুহুর্মুহু উপস্থিত হইতে থাকে ॥৬॥

প্রভাবশালী মহর্ষি! পুত্রনাশ, অর্থনাশ এবং জ্ঞাতি ও সম্বন্ধিগণের নাশ উপস্থিত হইলে, বিষ ও অগ্নির তুল্য তীক্ষ্ণ এবং গুরুতর দুঃখ সকল উপস্থিত হয় ॥৭॥

যে দুঃখানলে গাত্র দগ্ধ হইতে থাকে, যে দুঃখে বুদ্ধি বিনষ্ট হইয়া যায় এবং মানুষ যে দুঃখে অভিভূত হইয়া মৃত্যু হওয়াকে ভাল মনে করে ॥৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! ভাগ্যবিপর্য্যয়বশতঃ আমি এই বিপদে পতিত হইয়াছি; প্রাণত্যাগ ব্যতীত যাহার পারে যাইতে পারিব না। অতএব অদ্যই আমি সেই প্রাণত্যাগ করিব' ॥৯॥

CENTRAL LIBRARY

তস্য তদ্বচনং শ্রুত্বা কৃষ্ণদ্বৈপায়নঃ প্রভুঃ।
পুত্রশোকাভিসন্তপ্তং পুত্রং বচনমব্রবীৎ ॥১১॥

ব্যাস উবাচ।

ধৃতরাষ্ট্র! মহাবাহো! যত্ত্বাং বক্ষ্যামি তচ্ছৃণু।
শ্রুতবানসি মেধাবী ধর্ম্মার্থকুশলঃ প্রভো! ॥১২॥
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদ্বেদিতব্যং পরন্তপ!।
অনিত্যতাং হি মর্ত্ত্যানাং বিজানাসি ন সংশয়ঃ ॥১৩॥
অধ্রুবে জীবলোকে চ স্থানে চাশাশ্বতে সতি।
জীবিতে মরণান্তে চ কস্মাচ্ছোচসি ভারত! ॥১৪॥
প্রত্যক্ষং তব রাজেন্দ্র! বৈরস্যাস্য সমুদ্ভবঃ।
পুত্রং তে কারণং কৃত্বা কালযোগেন কারিতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। প্রভুঃ তপঃপ্রভাবশালী। পুত্রং ধৃতরাষ্ট্রম্ ॥১১॥
ধৃতেতি। শ্রুতবান্ শাস্ত্রাণি, ধর্ম্মার্থয়োঃ কুশলো নির্ণয়নিপুণঃ ॥১২॥
নেতি। মর্ত্ত্যানাং মর্ত্ত্যবাসিনাং মরণধর্ম্মণাং প্রাণিনাম্ ॥১৩॥
অধ্রুব ইতি। স্থানে বিষয়ে, অশাশ্বতে অনিত্যে ॥১৪॥
প্রত্যক্ষমিতি। কালযোগেন এতৎক্ষয়জনকীভূতসময়োপস্থিত্যা ॥১৫॥

রাজা! মহারাজ ধৃতরাষ্ট্র বেদজ্ঞশ্রেষ্ঠ পিতা বেদব্যাসকে এই কথা বলিয়া, অত্যন্তশোকার্ত্ত হইয়া কর্ত্তব্যবিমূঢ় হইলেন এবং নীরব হইয়া রহিলেন ॥১০॥

তাঁহার সেই কথা শুনিয়া তপঃপ্রভাবশালী বেদব্যাস পুত্রশোকসন্তপ্ত ধৃতরাষ্ট্রকে এই সকল কথা বলিলেন ॥১১॥

বেদব্যাস বলিলেন—'মহাবাহু রাজা ধৃতরাষ্ট্র! তোমাকে যাহা বলিব, তাহা শ্রবণ কর। তুমি মেধাবী, সমস্ত শাস্ত্র অধ্যয়ন করিয়াছ এবং ধর্ম্ম ও অর্থ নির্ণয়ে নিপুণ ॥১২॥

শত্রুসন্তাপী রাজা! কোন জ্ঞাতব্যবিষয়ই তোমার অজ্ঞাত নাই। সুতরাং তুমি মর্ত্ত্যলোকবাসী প্রাণিগণের অনিত্যতাও জান, এবিষয় কোন সন্দেহ নাই ॥১৩॥

ভরতনন্দন! এই মর্ত্ত্যলোক অনিত্য এবং ইহার বিষয়ও অনিত্য। অতএব জীবনের অন্তে যে মরণ হয়, তাহাতে তুমি শোক করিতেছ কেন? ॥১৪॥

রাজশ্রেষ্ঠ! তোমার সমক্ষেই তোমার পুত্রকে নিমিত্ত করিয়া এই শত্রুতার উৎপত্তি হইয়াছিল এবং তাহা কালই করাইয়াছিল ॥১৫॥

CENTRAL LIBRARY

অবশ্যং ভবিতব্যে চ কুরূণাং বৈশসে নৃপ ! ।
কস্মাৎ শোচসি তান্ শূরান্ গতান্ পরমিকাং গতিম্ ॥১৬॥
জানতা চ মহাবাহো ! বিদুরেণ মহাত্মনা ।
যতিতং সর্ব্বযত্নেন শমং প্রতি জনেশ্বর ! ॥১৭॥
ন চ দৈবকৃতো মার্গঃ শক্যো ভূতেন কেনচিৎ ।
ঘটতাপি চিরং কালং নিয়ন্তুমিতি মে মতিঃ ॥১৮॥
দেবতানাং হি যৎ কার্য্যং ময়া প্রত্যক্ষতঃ শ্রুতম্ ।
তত্তেঽহং সংপ্রবক্ষ্যামি যথা স্থৈর্য্যং ভবেত্তব ॥১৯॥
পুরাহং ত্বরিতো যাতঃ সভামৈন্দ্রীং জিতক্লমঃ ।
অপশ্যং তত্র চ তদা সমবেতান্ দিবৌকসঃ ॥২০॥
নারদপ্রমুখাশ্চাপি সর্ব্বে দেবর্ষয়োঽনঘ ! ।
তত্র চাপি ময়া দৃষ্টা পৃথিবী পৃথিবীপতে ! ॥২১॥

ভারতকৌমুদী

অবশ্যমিতি। বৈশসে হিংসাবশাদ্ধ্বংসে। গতান্ প্রাপ্তান্ ॥১৬॥
জানতেতি। জানতা ঈদৃশং ক্ষয়ং প্রাগেবাবগচ্ছতা। শমং সন্ধিনিবন্ধনাং শান্তিম্ ॥১৭॥
নেতি। মার্গোঽবস্থা, ভূতেন প্রাণিনা। ঘটতা চেষ্টমানেন, নিয়ন্তুং নিরোদ্ধুম্ ॥১৮॥
দেবতানামিতি। স্থৈর্য্যং শোকাপগমাদিতি ভাবঃ ॥১৯॥
পুরেতি। ইন্দ্রস্যেয়মিত্যৈন্দ্রী তাম্। দিবৌকসো দেবান্ ॥২০॥
নারদেতি। পৃথিবী সমুপস্থিতেতি শেষঃ ॥২১॥

রাজা ! কৌরবগণের ক্ষয় অবশ্যম্ভাবীই ছিল এবং বীরগণও উত্তমগতি লাভ করিয়াছেন। অতএব তুমি সে বিষয়ে শোক করিতেছ কেন ? ॥১৬॥

মহাবাহু নরনাথ ! মহাত্মা বিদুর পূর্ব্বেই এই সর্ব্বনাশের বিষয় বুঝিতে পারিয়া সর্ব্বপ্রযত্নে শান্তির জন্য চেষ্টা করিয়াছিলেন ॥১৭॥

আমার ধারণা এই যে, কোন প্রাণীই দীর্ঘকাল চেষ্টা করিয়াও দৈবকৃত পথ নিরোধ করিতে সমর্থ হয় না ॥১৮॥

রাজা ! আমি পূর্ব্বে দেবগণের যে কার্য্য প্রত্যক্ষ শুনিয়াছিলাম এবং যাহা শুনিলে তোমার স্থৈর্য্য আসিবে, তাহা আমি তোমার নিকট বলিব ॥১৯॥

আমি পূর্ব্বে কোন সময়ে বিনা পরিশ্রমে ত্বরান্বিত হইয়া ইন্দ্রের সভায় গিয়াছিলাম এবং সেখানে তখন সমবেত দেবগণকে দেখিয়াছিলাম ॥২০॥

(১৯)···কথং স্থৈর্য্যং ভবেত্তব—পি বঙ্গ বর্দ্ধ। (২১) নারদপ্রমুখাংশ্চাপি সর্ব্বান্ দেবর্ষিসত্তমান্···নি।

কার্য্যার্থমুপসংপ্রাপ্তা দেবতানাং সমীপতঃ।
উপগম্য তদা ধাত্রী দেবানাহ সমাগতান্ ॥২২॥
যৎ কার্য্যং মম যুষ্মাভির্ব্রহ্মণঃ সদনে তদা।
প্রতিজ্ঞাতং মহাভাগাস্তচ্ছীঘ্রং সংবিধীয়তাম্ ॥২৩॥
তস্যাস্তদ্বচনং শ্রুত্বা বিষ্ণুর্লোকনমস্কৃতঃ।
উবাচ বাক্যং প্রহসন্ পৃথিবীং দেবসংসদি ॥২৪॥
ধৃতরাষ্ট্রস্য পুত্রাণাং যস্তু জ্যেষ্ঠঃ শতস্য বৈ।
দুর্য্যোধন ইতি খ্যাতঃ স তে কার্য্যং করিষ্যতি।
তঞ্চ প্রাপ্য মহীপালং কৃতকৃত্যা ভবিষ্যসি ॥২৫॥
তস্যার্থে পৃথিবীপালাঃ কুরুক্ষেত্রে সমাগতাঃ।
অন্যোন্যং ঘাতয়িষ্যন্তি দৃঢ়ৈঃ শস্ত্রৈঃ প্রহারিণঃ ॥২৬॥

ভারতকৌমুদী

কার্য্যেতি। কার্য্যার্থং স্বপ্রয়োজনসিদ্ধ্যর্থম্। ধাত্রী পৃথিবী ॥২২॥

যদিতি। কার্য্যং বীরগণবিনাশেন মন্ত্রারাপহরণরূপং কর্ম্ম ॥২৩॥

তস্যা ইতি। প্রহসন্ তৎকার্য্যনিষ্পত্তেঃ প্রায়েণোপস্থিততয়া কৌতুকোদয়াদিতি ভাবঃ ॥২৪॥

ধৃতেতি। কার্য্যং যুদ্ধঘটনেন বীরবিনাশরূপং কর্ম্ম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

নিষ্পাপ রাজা! আমি সেখানে নারদপ্রভৃতি দেবর্ষিগণকে এবং পৃথিবীদেবীকে উপস্থিত দেখিয়াছিলাম ॥২১॥

পৃথিবীদেবী কোন প্রয়োজন সাধনার্থ দেবগণের নিকটে উপস্থিত হইয়াছিলেন; তিনি তখন সন্নিহিত হইয়া দেবগণকে বলিয়াছিলেন—॥২২॥

'মহাভাগ দেবগণ! আপনারা সেই সময়ে ব্রহ্মার ভবনে আমার যে কার্য্য করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন, এখন সত্বর সেই কার্য্য সম্পাদন করুন' ॥২৩॥

পৃথিবীদেবীর সেই কথা শুনিয়া লোকনমস্কৃত বিষ্ণু হাস্য করিয়া দেবসভায় পৃথিবীকে এই কথা বলিলেন—॥২৪॥

'দেবি! ধৃতরাষ্ট্রের একশত পুত্রের মধ্যে যিনি জ্যেষ্ঠ এবং দুর্য্যোধননামে প্রসিদ্ধ, তিনি তোমার কার্য্য সম্পাদন করিবেন; সুতরাং তুমি সেই রাজাকে পাইয়াই কৃতকার্য্য হইবে ॥২৫॥

(২৪)···প্রভুস্তাং দেবসংসদি—নি।

ততস্তে বিদিতাং দেবি ! ভারস্য যুধি নাশনম্ ।
গচ্ছ শীঘ্রং স্বকং স্থানং লোকং ধারয় শোভনে ! ॥২৭॥
য এষ তে সুতো রাজন্ ! লোকসংহারকারণাৎ ।
কলেরংশঃ সমুৎপন্নো গান্ধার্য্যা জঠরে নৃপ ! ॥২৮॥
অমর্ষী চপলশ্চাপি ক্রোধনো দুষ্প্রসাদনঃ ।
দৈবযোগাৎ সমুৎপন্না ভ্রাতরশ্চাস্য তাদৃশাঃ ॥২৯॥ (যুগ্মকম্)
শকুনির্মাতুলশ্চৈব কর্ণশ্চ পরমঃ সখা ।
সমুৎপন্না বিনাশার্থং পৃথিব্যাং সহিতা নৃপাঃ ॥৩০॥
যাদৃশো জায়তে রাজা তাদৃশোঽস্য জনো ভবেৎ ।
অধর্ম্মো ধর্ম্মতাং যাতি স্বামী চেদ্ধার্ম্মিকো ভবেৎ ॥৩১॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য দুর্য্যোধনস্য, অর্থে রাজ্যলাভার্থে। প্রহারিণঃ প্রহারনিপুণাঃ ॥২৬॥

তত ইতি। যুধি সর্ব্ববীরবিনাশেনেতি শেষঃ ॥২৭॥

য ইতি। লোকসংহারকারণাৎ সমস্তবীরবিনাশহেতোঃ। অমর্ষী অসহিষ্ণুঃ। দুঃখেন প্রসাদ্যতে প্রসন্নঃ ক্রিয়ত ইতি সঃ ॥২৮—২৯॥

শকুনিরিতি। বিনাশার্থং বীরাণামিতি শেষঃ। সহিতা মিলিতাঃ সন্তঃ ॥৩০॥

যাদৃশ ইতি। ধর্ম্মতাং যাতি ধর্ম্মরূপেণ পরিবর্ত্ততে, লোকানাং প্রধানানুযায়িত্ব-নিয়মাৎ ॥৩১॥

তাঁহার জন্যই প্রহারনিপুণ রাজারা কুরুক্ষেত্রে আসিয়া দৃঢ় শস্ত্রাঘাতে পরস্পরকে সংহার করিবেন ॥২৬॥

শোভনে ! দেবি ! পৃথিবি ! তাহাতেই তুমি বুঝিতে পারিয়াছ যে, যুদ্ধে বীরগণের বিনাশ হওয়ায় তোমার ভারের অনেক লাঘব হইবে। অতএব তুমি সত্বর স্বস্থানে গমন কর এবং যাইয়া লোকদিগকে ধারণ কর' ॥২৭॥

রাজা ! এই যিনি তোমার পুত্র হইয়া জন্মিয়াছিলেন, ইনি লোকসংহারের জন্যই কলির অংশে গান্ধারীর উদরে উৎপন্ন হইয়াছিলেন এবং ইনি অসহিষ্ণু, চঞ্চল-প্রকৃতি ও কোপনস্বভাব ছিলেন; আর উঁহাকে প্রসন্ন করাও দুষ্কর ছিল। তা'র পর দৈববশতঃ উঁহার ভ্রাতারাও সেইরূপই ছিলেন ॥২৮—২৯॥

উঁহার মাতুল শকুনি এবং পরম সখা কর্ণ; আর অন্যান্য রাজারাও বীর বিনাশের জন্যই সম্মিলিত হইয়া পৃথিবীতে জন্মিয়াছিলেন ॥৩০॥

রাজা যেরূপ হন, তাঁহার প্রজারাও সেইরূপই হয়; সুতরাং রাজা যদি ধার্ম্মিক হন, তাহা হইলে অধর্ম্মও ধর্ম্মরূপে পরিবর্ত্তিত হইয়া যায় ॥৩১॥

CENTRAL LIBRARY

স্বামিনো গুণদোষাভ্যাং ভৃত্যাঃ স্যুর্নাত্র সংশয়ঃ।
দুষ্টং রাজানমাসাদ্য গতাস্তে তনয়াঃ নৃপ! ॥৩২॥
এতমর্থং মহাবাহো! নারদো বেদ তত্ত্ববিৎ।
আত্মাপরাধাৎ পুত্রাস্তে বিনষ্টাঃ পৃথিবীপতে!।
মা তান্ শোচস্ব রাজেন্দ্র! ন হি শোকেঽস্তি কারণম্ ॥৩৩॥
ন হি তে পাণ্ডবাঃ স্বল্পমপরাধ্যন্তি ভারত!।
পুত্রাস্তব দুরাত্মানো যৈরিয়ং ঘাতিতা মহী ॥৩৪॥
নারদেন চ ভদ্রং তে পূর্ব্বমেব ন সংশয়ঃ।
যুধিষ্ঠিরস্য সমিতৌ রাজসূয়ে নিবেদিতম্ ॥৩৫॥
পাণ্ডবাঃ কৌরবাশ্চৈব সমাসাদ্য পরস্পরম্।
ন ভবিষ্যন্তি কৌন্তেয়! যত্তে কৃত্যং তদাচর ॥৩৬॥
নারদস্য বচঃ শ্রুত্বা তদাশোচন্ত পাণ্ডবাঃ।
এবং তে সর্ব্বমাখ্যাতং দেবগুহ্যং সনাতনম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

স্বামিন ইতি। গুণদোষাভ্যাং বিশিষ্টা ইতি শেষঃ। তৎফলমাহ দুষ্টমিতি ॥৩২॥
এতমিতি। নারদো বেদ জানাতি, তদানীং তৎসভায়ামুপস্থিতত্বাৎ। ষট্পাদঃ ॥৩৩॥
ন হীতি। অতএব তব পুত্রা এবাপরাধিন ইত্যাশয়ঃ ॥৩৪॥
নারদেনেতি। সমিতৌ সভায়াম্, তন্নিবেদনস্যানুক্তাবপি এতদুক্তৈব প্রত্যেতব্যম্ ॥৩৫॥
তন্নিবেদনমাহ পাণ্ডবা ইতি। ন ভবিষ্যন্তি যুদ্ধে নিহতত্বাৎ ন স্থাস্যন্তি ॥৩৬॥

ভৃত্যেরা প্রভুর গুণে গুণবান্ এবং প্রভুর দোষে দুষ্ট হইয়া থাকে। অতএব রাজা! তোমার পুত্রেরা দুষ্ট রাজাকে পাইয়া পরলোকে গমন করিয়াছে ॥৩২॥

মহাবাহু! তত্ত্বজ্ঞ নারদ এবিষয় জানেন। রাজা! তোমার পুত্রেরা নিজেদের অপরাধেই বিনষ্ট হইয়াছে। অতএব রাজশ্রেষ্ঠ! তুমি তাহাদের জন্য শোক করিও না; শোকের কোন কারণ নাই ॥৩৩॥

ভরতনন্দন! সে পাণ্ডবেরা স্বল্পমাত্রও অপরাধ করেন নাই। তোমার পুত্রেরাই দুরাত্মা ছিল; যাহারা এই পৃথিবীটাকেই বিধ্বস্ত করিয়াছে ॥৩৪॥

এবিষয় কোন সন্দেহ নাই যে, রাজসূয়যজ্ঞের সময় যুধিষ্ঠিরের সভায় নারদ তোমার মঙ্গলের কথাই বলিয়াছিলেন ॥৩৫॥

'কুন্তীনন্দন! পাণ্ডবগণ ও কৌরবগণ যুদ্ধক্ষেত্রে পরস্পরকে পাইয়া আর জীবিত থাকিবেন না। অতএব তোমার যাহা কর্ত্তব্য, তাহা কর' ॥৩৬॥

CENTRAL LIBRARY

কথং তে শোকনাশঃ স্যাৎ প্রাণেষু চ দয়া প্রভো ! ।
স্নেহশ্চ পাণ্ডুপুত্রেষু জ্ঞাত্বা দৈবকৃতং বিধিম্ ॥৩৮॥
এষ চার্থো মহাবাহো ! পূর্ব্বমেব ময়া শ্রুতঃ ।
কথিতো ধর্ম্মরাজস্য রাজসূয়ে ক্রতূত্তমে ॥৩৯॥
যতিতং ধর্ম্মপুত্রেণ ময়া গুহ্যে নিবেদিতে ।
অবিগ্রহে কৌরবাণাং দৈবস্তু বলবত্তরম্ ॥৪০॥
অনতিক্রমণীয়ো হি বিধী রাজন্ ! কথঞ্চন ।
কৃতান্তস্য তু ভূতেন স্থাবরেণ চরেণ চ ॥৪১॥
ভবান্ ধর্ম্মপরো যত্র বুদ্ধিশ্রেষ্ঠশ্চ ভারত ! ।
মুহ্যতে প্রাণিনাং জ্ঞাত্বা গতিঞ্চাগতিমেব চ ॥৪২॥

ভারতকৌমুদী

নারদস্যেতি। দেবেষু তদানীং দূরবর্ত্তিষু অনেষ্বপি শূরেষু গুহ্যং গোপনীয়ং বৃত্তম্ ॥৩৭॥
কথমিতি। এতৎ সমুদয়ার্থমেব ময়ৈতদুক্তমিতি শেষঃ ॥৩৮॥
এষ ইতি। কথিতো নারদেন, ধর্ম্মরাজস্য সমীপে ॥৩৯॥
যতিতমিতি। গুহ্যে অস্মিন্ গুপ্তবৃত্তান্তে। অবিগ্রহে যুদ্ধাভাববিষয়ে ॥৪০॥
অনতীতি। কৃতান্তস্য দৈবস্য, ভূতেন প্রাণিনা ॥৪১॥
ভবানিতি। গতিং সদবস্থাম্, অগতিমসদবস্থাম্ ॥৪২॥

নারদের বাক্য শুনিয়া পাণ্ডবেরা তখন শোক করিতে লাগিলেন। এই আমি তোমার নিকট দেবগণের মধ্যেও গোপনীয় সেই প্রাচীন বৃত্তান্ত সমস্তই বলিলাম ॥৩৭॥

রাজা ! এই সমস্ত ঘটনা দৈবকৃত ইহা জানিয়া কি প্রকারে তোমার শোক নিবৃত্তি পায়, কি করিয়া তোমার প্রাণের প্রতি দয়া হয় এবং কি প্রকারেই বা পাণ্ডবগণের প্রতি তোমার স্নেহ জন্মে, ইহার জন্য আমি এই সমস্ত বলিলাম ॥৩৮॥

মহাবাহু রাজা ! এই বিষয় আমি পূর্ব্বেই শুনিয়াছিলাম এবং যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ের সময়ে যুধিষ্ঠিরের নিকটে নারদও বলিয়াছিলেন ॥৩৯॥

তা'র পর আমি এই গুপ্ত বৃত্তান্ত জানাইলে, যাহাতে কৌরবগণের যুদ্ধ না হয়, তাহার জন্য যুধিষ্ঠির বিশেষ চেষ্টা করিয়াছিলেন ; কিন্তু দৈব অত্যন্ত প্রবল (বলিয়া যুদ্ধ ঘটিলই) ॥৪০॥

রাজা ! স্থাবরই হউক বা জঙ্গমই হউক, কোন প্রাণীই কোন প্রকারেও দৈবের বিধানকে অতিক্রম করিতে পারে না ॥৪১॥

(৩৮)···স্নেহং মা কুরুপুত্রেষু···পি।

ত্বান্তু শোকেন সন্তপ্তং মুহ্যমানং মুহুর্মুহুঃ।
জ্ঞাত্বা যুধিষ্ঠিরো রাজা প্রাণানপি পরিত্যজেৎ ॥৪৩॥
কৃপালুর্নিত্যশো ধীরস্তির্য্যগ্‌যোনিগতেষ্বপি।
স কথং ত্বয়ি রাজেন্দ্র! কৃপাং বৈ ন করিষ্যতি ॥৪৪॥
মম চৈব নিয়োগেন বিধেশ্চাপ্যনিবর্ত্তনাৎ।
পাণ্ডবানাঞ্চ কারুণ্যাৎ প্রাণান্ ধারয় ভারত! ॥৪৫॥
এবং তে বর্ত্তমানস্য লোকে কীর্ত্তির্ভবিষ্যতি।
ধর্ম্মার্থঃ সুমহাংস্তাত! তপ্তং স্যাচ্চ তপশ্চিরাৎ ॥৪৬॥
পুত্রশোকং সমুৎপন্নং হুতাশং জ্বলিতং যথা।
প্রজ্ঞাম্ভসা মহারাজ! নির্ব্বাপয় সদাসদা ॥৪৭॥

ভারতকৌমুদী

তবেদৃশশোকে মহানেবানর্থো ভবেদিত্যাহ ত্বামিতি। পরিত্যজেৎ আত্মন এবৈতৎ কারণত্বাৎ ॥৪৩॥

কৃপালুরিতি। তির্য্যগ্‌যোনিগতেষ্বপি মনুষ্যেতরপ্রাণিষ্বপি ॥৪৪॥

মমেতি। বিধের্দৈবস্য দৈবকৃতসর্ব্বনাশস্যেত্যর্থঃ, অনিবর্ত্তনাৎ ত্বৎপ্রাণত্যাগেঽপীতি শেষঃ ॥৪৫॥

এবমিতি। বর্ত্তমানস্য জীবতঃ। ধর্ম্ম এবার্থো ধর্ম্মার্থঃ ॥৪৬॥

ভরতনন্দন! তুমি একে ধর্ম্মপরায়ণ, তাহাতে আবার বুদ্ধিতে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ; সুতরাং তুমি প্রাণিগণের সুগতি ও দুর্গতির বিষয় জানিয়াও যে দৈবের প্রভাবে মোহিত হইয়াছিলে ॥৪২॥

তুমি শোকে সন্তপ্ত হইয়া মুহুর্মুহু মূর্চ্ছিত হইতেছ, ইহা জানিয়া হয় ত রাজা যুধিষ্ঠির প্রাণও পরিত্যাগ করিতে পারেন ॥৪৩॥

রাজশ্রেষ্ঠ! যুধিষ্ঠির মনুষ্যভিন্ন অপর প্রাণিগণের উপরেও সর্ব্বদা দয়া করিয়া থাকেন; সুতরাং তিনি তোমার উপরে কেন দয়া করিবেন না ॥৪৪॥

ভরতনন্দন! আমার আদেশে, প্রাণত্যাগ করিলেও দৈবকৃত সর্ব্বনাশের নিবৃত্তি হইবে না; এই কারণে এবং পাণ্ডবগণের করুণ বিলাপবশতঃ তুমি প্রাণ ধারণ কর ॥৪৫॥

বৎস! তুমি এইভাবে জীবন ধারণ করিলে, তোমার কীর্ত্তি হইবে, ধর্ম্ম হইবে এবং দীর্ঘকাল তপস্যাও হইবে ॥৪৬॥

(৪৭)···সদা মুদা—পি,·· সদা মম—বঙ্গ সো,···সদা সতা—নি।

CENTRAL LIBRARY

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা তস্য বচনং ব্যাসস্যামিততেজসঃ।
মুহূর্ত্তং সমনুধ্যায় ধৃতরাষ্ট্রোঽভ্যভাষত ॥৪৮॥
মহতা শোকজালেন প্রণুন্নোঽস্মি দ্বিজোত্তম!।
নাত্মানমববুধ্যামি মুহ্যমানো মুহুর্মুহুঃ ॥৪৯॥
ইদন্তু বচনং শ্রুত্বা তব দৈবনিয়োগজম্।
ধারয়িষ্যাম্যহং প্রাণান্ ঘটিষ্যে ন তু শোচিতুম্ ॥৫০॥
এতচ্ছ্রুত্বা তু বচনং ব্যাসঃ সত্যবতীসুতঃ।
ধৃতরাষ্ট্রস্য রাজেন্দ্র! তত্রৈবান্তরধীয়ত ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে ধৃতরাষ্ট্রশোকাপনোদনে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পুত্রেতি। প্রজ্ঞা বুদ্ধিঃ অম্ভো জলমিব তেন, সদা আসীদতি আসন্নমেব তিষ্ঠতীতি তেন ॥৪৭॥

তদিতি। অমিততেজসঃ অতুলতপঃপ্রভাবস্য। সমনুধ্যায় বিচিন্ত্য ॥৪৮॥

মহতেতি। প্রণুন্নঃ সংক্ষুব্ধঃ। আত্মানম্ আত্মহিতম্ ॥৪৯॥

ইদমিতি। দৈবনিয়োগজং দৈবকৃতসর্ব্বনাশবিষয়মিত্যর্থঃ। ঘটিষ্যে চেষ্টিষ্যে ॥৫০॥

মহারাজ! প্রজ্বলিত অগ্নির ন্যায় তোমার হৃদয়ে পুত্রশোক প্রকাশ পাইতেছে বটে; কিন্তু তুমি সর্ব্বদা সন্নিহিত জলতুল্য বুদ্ধিদ্বারা তাহা নির্ব্বাপণ করিতে থাক' ॥৪৭॥

বৈশম্পায়ন বলিলেন—অমিততেজা বেদব্যাসের সেই কথা শুনিয়া ধৃতরাষ্ট্র কিছুকাল চিন্তা করিয়া বলিলেন—॥৪৮॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ! বিশাল শোকজালে অনবরত উদ্বেলিত হইতেছি এবং মুহুর্মুহু মোহ আসিতেছে; সুতরাং নিজের হিত কি তাহা বুঝিতেছি না ॥৪৯॥

দৈববশতই আমার এই সর্ব্বনাশ ঘটিয়াছে, আপনার এইরূপ বাক্য শুনিয়া আমি প্রাণ ধারণ করিব এবং শোক না করিবার পক্ষেও চেষ্টা করিব' ॥৫০॥

* ইতঃ পরং পুনরুক্ত্যাদিদোষদুষ্ট একোঽধ্যায়ো বঙ্গদেশীয়পুস্তকেষ্বেবাধিকো দৃশ্যতে। তৎপরাধ্যায়প্রাথমিকশ্লোকদ্বয়ঞ্চাসমঞ্জসতয়াধিকমিব লক্ষ্যতে। স চাধ্যায়ঃ তচ্ছ্লোকদ্বয়ঞ্চ যথা পি বঙ্গ বর্দ্ধ—

জনমেজয় উবাচ।

গতে ভগবতি ব্যাসে ধৃতরাষ্ট্রো মহীপতিঃ। কিমচেষ্টত বিপ্রর্ষে! তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥১॥

তথৈব কৌরবো রাজা ধর্ম্মপুত্রো মহামনাঃ। কৃপপ্রভৃতয়শ্চৈব কিমকুর্ব্বত তে ত্রয়ঃ ॥২॥
অশ্বত্থাম্নঃ শ্রুতং কর্ম্ম শাপশ্চান্যোন্যকারিতঃ। বৃত্তান্তমুত্তরং ব্রূহি যদভাষত সঞ্জয়ঃ ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

হতে দুর্য্যোধনে চৈব হতে সৈন্যে চ সর্ব্বশঃ। সঞ্জয়ো বিগতপ্রজ্ঞো ধৃতরাষ্ট্রমুপস্থিতঃ ॥৪॥

সঞ্জয় উবাচ।

আগম্য নানাদেশেভ্যো নানাজনপদেশ্বরাঃ। পিতৃলোকং গতা রাজন্! সর্ব্বে তব সুতৈঃ সহ ॥৫॥
যাচ্যমানেন সততং তব পুত্রেণ ভারত!। ঘাতিতা পৃথিবী সর্ব্বা বৈরস্যান্তং বিধিৎসতা ॥৬॥
পুত্রাণামথ পৌত্রাণাং পিতৄণাঞ্চ মহীপতে!। আনুপূর্ব্ব্যেণ সর্ব্বেষাং প্রেতকার্য্যাণি কারয় ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা বচনং ঘোরং সঞ্জয়স্য মহীপতিঃ। গতাসুরিব নিশ্চেষ্টো ন্যপতৎ পৃথিবীতলে ॥৮॥
তং শয়ানমুপাগম্য পৃথিব্যাং পৃথিবীপতিম্। বিদুরঃ সর্ব্বধর্ম্মজ্ঞ ইদং বচনমব্রবীৎ ॥৯॥
উত্তিষ্ঠ রাজন্ কিং শেষে মা শুচো ভরতর্ষভ। এষা বৈ সর্ব্বসত্ত্বানাং লোকেশ্বর পরা গতিঃ ॥১০॥
অভাবাদীনি ভূতানি ভাবমধ্যানি ভারত!। অভাবনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥১১॥
ন শোচন্মৃতমন্বেতি ন শোচন্ ম্রিয়তে নরঃ। এবং সাংসিদ্ধিকে লোকে কিমর্থমনুশোচসি ॥১২॥
অযুধ্যমানো ম্রিয়তে যুধ্যমানশ্চ জীবতি। কালং প্রাপ্য মহারাজ! ন কশ্চিদতিবর্ত্ততে ॥১৩॥
কালঃ কর্ষতি ভূতানি সর্ব্বাণি বিবিধান্যুত। ন কালস্য প্রিয়ঃ কশ্চিন্ন দ্বেষ্যঃ কুরুসত্তম! ॥১৪॥
যথা বায়ুস্তৃণাগ্রাণি সংবর্ত্তয়তি সর্ব্বশঃ। তথা কালবশং যান্তি ভূতানি ভরতর্ষভ! ॥১৫॥
একসার্থপ্রয়াতানাং সর্ব্বেষাং তত্রগামিনাম্। যস্য কালঃ প্রয়াত্যগ্রে তত্র কা পরিদেবনা ॥১৬॥
যাংশ্চাপি নিহতান্ যুদ্ধে রাজংস্তমনুশোচসি।
অশোচ্যাস্তে মহাত্মানঃ সর্ব্বে তে ত্রিদিবং গতাঃ ॥১৭॥
ন যজ্ঞৈর্দক্ষিণাবদ্ভির্ন তপোভির্ন বিদ্যয়া। তথা স্বর্গমুপায়ান্তি যথা শূরাস্তনুত্যজঃ ॥১৮॥
সর্ব্বে বেদবিদঃ শূরা সর্ব্বে চ চরিতব্রতাঃ। সর্ব্বে চাভিমুখাঃ ক্ষীণাস্তত্র কা পরিদেবনা ॥১৯॥
শরীরাগ্নিষু শূরাণাং জুহ্বতস্তে শরাহুতীঃ। হূয়মানাস্তুরাংশ্চৈব সেহুরুত্তমপুরুষাঃ ॥২০॥
এবং রাজংস্তবাচক্ষে স্বর্গ্যং পন্থানমুত্তমম্। ন যুদ্ধাদধিকং কিঞ্চিৎ ক্ষত্রিয়স্যেহ বিদ্যতে ॥২১॥
ক্ষত্রিয়াস্তে মহাত্মানঃ শূরাঃ সমিতিশোভনাঃ।
আশিষং পরমাং প্রাপ্তা ন শোচ্যাঃ সর্ব্ব এব হি ॥২২॥
আত্মনাত্মানমাশ্বাস্য মা শুচঃ পুরুষর্ষভ!। নাস্য শোকাভিভূতস্য কার্য্যমুৎসৃষ্টুমর্হসি ॥২৩॥
ইতি বিদুরবাক্যে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

———:০:———

বৈশম্পায়ন উবাচ।

বিদুরস্য তু তদ্বাক্যং শ্রুত্বা তু ভরতর্ষভঃ। যুজ্যতাং যানমিত্যুক্ত্বা পুনর্ব্বচনমব্রবীৎ ॥১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

ক্ষিপ্রমানয় গান্ধারীং সর্ব্বাশ্চ ভরতস্ত্রিয়ঃ। বধূং কুন্তীমুপাদায় যাশ্চান্যাস্তত্র যোষিতঃ ॥২॥

CENTRAL LIBRARY

নবমোঽধ্যায়ঃ।

——:*:——

জনমেজয় উবাচ।

গতে ব্যাসে তু ধর্ম্মাত্মা ধৃতরাষ্ট্রো মহীপতিঃ।
কিমচেষ্টত বিপ্রর্ষে! তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা নরশ্রেষ্ঠশ্চিরং ধ্যাত্বা ত্বচেতনঃ।
সঞ্জয়ং যোজয়েত্যুক্ত্বা বিদুরং প্রত্যভাষত ॥২॥
ক্ষিপ্রমানয় গান্ধারীং সর্ব্বাশ্চ ভরতস্ত্রিয়ঃ।
কুন্তীং চৈব তথা ক্ষত্তঃ! সমানয় মমান্তিকম্ ॥৩॥

ভারতকৌমুদী

এতদিতি। অন্তরধীয়ত ধৃতরাষ্ট্রস্য শোকাপনোদনরূপোদ্দেশ্যনিষ্পত্তেরিতি ভাবঃ ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

গত ইতি। অচেষ্টত অকরোৎ, ব্যাখ্যাতুং বক্তুম্ ॥১॥
এতদিতি। এতদ্ব্যাসবচনম্। অচেতনঃ সংজ্ঞাশূন্য ইব। যোজয় যানমিতি শেষঃ ॥২॥
ক্ষিপ্রমিতি। ভরতানাং ভরতবংশীয়ানাং স্ত্রিয়ো বিধবাঃ। হে ক্ষত্তঃ! বিদুর! ॥৩॥

রাজশ্রেষ্ঠ! সত্যবতীনন্দন বেদব্যাস ধৃতরাষ্ট্রের এই কথা শুনিয়া সেইস্থানেই অন্তর্হিত হইলেন ॥৫১॥

——:০:——

জনমেজয় বলিলেন—'ব্রহ্মর্ষি! বেদব্যাস চলিয়া গেলে, ধর্ম্মাত্মা রাজা ধৃতরাষ্ট্র কি করিলেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র বেদব্যাসের সেই সকল কথা শুনিয়া শোকে অচেতনের ন্যায় থাকিয়াও দীর্ঘকাল চিন্তা করিয়া 'সঞ্জয়! রথ ও শিবিকা-প্রভৃতি আনয়ন কর' সঞ্জয়কে এইরূপ বলিয়া বিদুরকে বলিলেন—॥২॥

'বিদুর! গান্ধারীকে, ভরতবংশীয়গণের বিধবাস্ত্রীদিগকে এবং কুন্তীদেবীকে সত্বর আমার নিকটে আনয়ন কর' ॥৩॥

(৩)…বধূং কুন্তীমুপাদায় যাশ্চান্যাস্তত্র যোষিতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

এবমুক্ত্বা স ধর্ম্মাত্মা বিদুরং ধর্ম্মবিত্তমম্।
শোকবিপ্রহতজ্ঞানো যানমেবান্বরোহত ॥৪॥
গান্ধারী পুত্রশোকার্ত্তা ভর্ত্তুর্বচনচোদিতা।
সহ কুন্ত্যা যতো রাজা সহ স্ত্রীভিরুপাদ্রবৎ ॥৫॥
তাঃ সমাসাদ্য রাজানং ভৃশং শোকসমন্বিতাঃ।
আমন্ত্র্যান্যোন্যমায়স্তা ভৃশমুচ্চুক্রুশুস্ততঃ ॥৬॥
তাঃ সমাশ্বাসয়ৎ ক্ষত্তা তাভ্যশ্চার্ত্ততরঃ স্বয়ম্।
অশ্রুকণ্ঠঃ সমারোপ্য ততোঽসৌ নির্যযৌ পুরাৎ ॥৭॥
ততঃ প্রণাদঃ সংজজ্ঞে সর্ব্বেষু কুরুবেশ্মসু।
আকুমারং পুরং সর্ব্বমভবচ্ছোককর্ষিতম্ ॥৮॥

ভারতকৌমুদী

এবমিতি। শোকেন বিপ্রহতং বিশেষেণ প্রকর্ষেণ চ নাশিতং জ্ঞানং স্থিরবুদ্ধির্যস্য সঃ ॥৪॥
গান্ধারীতি। ভর্ত্তুর্বচনেন চোদিতা প্রেরিতা। যতো যত্র, উপাদ্রবত্তত্রাগচ্ছৎ ॥৫॥
তা ইতি। আয়স্তাঃ শোকেন ক্লান্তাঃ। উচ্চুক্রুশুঃ উচ্চৈ রুরুদুঃ ॥৬॥
তা ইতি। ক্ষত্তা বিদুরঃ। সমারোপ্য যানেষু ॥৭॥

ভারতভাবদীপঃ

(পাঠান্তরে) গতে ইতি। বিগতা প্রজ্ঞা ব্যাসদত্তং দিব্যজ্ঞানং যস্য স বিগতপ্রজ্ঞঃ ॥৪—১০॥ শোকস্যাতিগাঢ়ত্বাৎ পুনর্বিদুরেণোক্তম্—অভাবাদীনীত্যাদি ॥১১—১৪॥ সংবর্ত্তয়তি বর্ত্তুলয়তি কম্পয়তি বা ॥১৫—২০॥ আচক্ষে কথয়ামি ॥২১—২২॥ কার্য্যম্ অবশ্যকর্ত্তব্যমুদকদানাদি ॥২৩॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

তৎকালে শোকে ধৃতরাষ্ট্রের স্থিরবুদ্ধিকে বিকল করিয়াছিল; তথাপি সেই ধর্ম্মাত্মা ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ বিদুরকে এই কথা বলিয়া রথে আরোহণ করিলেন ॥৪॥

ওদিকে পুত্রশোকার্ত্তা গান্ধারীদেবী স্বামীর আদেশে কুন্তী ও ভরতবংশীয়গণের অপর স্ত্রীদিগের সহিত ধৃতরাষ্ট্রের নিকটে আগমন করিলেন ॥৫॥

অত্যন্তশোকান্বিত সেই স্ত্রীগণ রাজা ধৃতরাষ্ট্রের নিকট আসিয়া পরস্পরকে ডাকিয়া শোকে ক্লান্ত থাকিয়া উচ্চস্বরে রোদন করিতে লাগিলেন ॥৬॥

তখন বিদুর সেই স্ত্রীলোকগণ হইতে অধিক শোকার্ত্ত থাকিয়াও অশ্রুকণ্ঠী সেই স্ত্রীদিগকে আশ্বস্ত করিলেন এবং তাহাদিগকে বিভিন্ন যানে আরোহণ করাইয়া পরে হস্তিনানগর হইতে নির্গত হইলেন ॥৭॥

(৪)···যানমেবাপ্যপদ্যত—পি বঙ্গ বর্দ্ধ। (৬)···আমন্ত্র্যান্যোন্যমীয়ুঃ স্ব—পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

অদৃষ্টপূর্ব্বা যা নার্য্যঃ পুরা দেবগণৈরপি।
পৃথগ্‌জনেন দৃশ্যন্তে তাস্তদা নিহতেশ্বরাঃ ॥৯॥
প্রকীর্য্য কেশান্ সুশুভান্ ভূষণান্যবমুচ্য চ।
একবস্ত্রধরা নার্য্যঃ পরিপেতুরনাথবৎ ॥১০॥
শ্বেতপর্ব্বতরূপেভ্যো গৃহেভ্যস্তাস্ত্বপাক্রমন্।
গুহাভ্য ইব শৈলানাং পৃষত্যো হতযূথপাঃ ॥১১॥
তান্যুদীর্ণানি নারীণাং তদা বৃন্দান্যনেকশঃ।
শোকার্ত্তান্যদ্রবন্ রাজন্! কিশোরীণামিবাঙ্গনে ॥১২॥
প্রগৃহ্য বাহূন্ ক্রোশন্ত্যঃ পুত্রান্ ভ্রাতৄন্ পিতৄনপি।
দর্শয়ন্তীব তা হ স্ম যুগান্তে লোকসংক্ষয়ম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রণাদো রোদনকোলাহলঃ। আকুমারং বালকাবধিকম্, পুরং পুরোবাসী ॥৮॥

অদৃষ্টেতি। পৃথগ্‌জনেন নীচলোকেনাপি। নিহতা ঈশ্বরাঃ স্বামিনো যাসাং তাঃ ॥৯॥

প্রকীর্য্যেতি। সুশুভান্ সাধব্যসূচকান্ দীর্ঘান্। অনাথবৎ রক্ষকশূন্যা ইব ॥১০॥

শ্বেতেতি। অপাক্রমন্ নিরগচ্ছন্। পৃষত্যঃ হরিণীবিশেষাঃ ॥১১॥

তানীতি। উদীর্ণানি চত্বরে আবির্ভূতানি। কিশোরীণামশ্বপোতানাম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

বিদুরস্যেতি ॥১—৫॥ সমারোপ্য বাহনেষ্বিতি শেষঃ ॥৬—১০॥ পৃষত্যশ্চিত্রহরিণ্যঃ ॥১১॥ কিশোরীণাম্ অশ্বশাবকীনাম্। "কিশোরোঽশ্বস্য শাবক" ইতি মেদিনী। অঙ্গনে নৃত্যশিক্ষাভূমৌ ॥১২—২১॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

তাহার পর নগরের সমস্ত গৃহেই বিশাল রোদন-কোলাহল হইতে লাগিল এবং বালকপ্রভৃতি সমস্ত পুরোবাসীই শোকে আকুল হইয়া পড়িল ॥৮॥

পূর্ব্বে দেবতারাও যে সকল নারীকে দেখিতে পাইতেন না; তখন ইতর লোকেরাও সেই সকল বিধবা নারীকে দেখিতে লাগিল ॥৯॥

ক্রমে একবস্ত্রধারিণী রমণীরা সুন্দর কেশগুলিকে বিক্ষিপ্ত করিয়া এবং সমস্ত অলঙ্কার খুলিয়া ফেলিয়া অনাথার ন্যায় বাহিরে আসিতে লাগিল ॥১০॥

যূথপতিগণ নিহত হইলে, হরিণীগণ যেমন পর্ব্বতের গুহা হইতে নির্গত হয়, সেইরূপ বিধবা রমণীরা শ্বেতপর্ব্বততুল্য গৃহ হইতে নির্গত হইতে লাগিল ॥১১॥

রাজা! অশ্বশাবকগণ যেমন মাঠে ছুটাছুটী করে, তেমন শোকার্ত্ত নারী সকল রাজগৃহের উঠানে ছুটাছুটী করিতে লাগিল ॥১২॥

CENTRAL LIBRARY

বিলপন্ত্যো রুদন্ত্যশ্চ ধাবমানাস্ততস্ততঃ।
শোকেনাভ্যাহতজ্ঞানাঃ কর্ত্তব্যং ন প্রজজ্ঞিরে ॥১৪॥
ব্রীড়াং জগ্মুঃ পুরা যঃ স্ম সখীনামপি যোষিতঃ।
একবস্ত্রাশ্চ নির্লজ্জাঃ শ্বশ্রূণাং পুরতোঽভবন্ ॥১৫॥
পরস্পরং সুসূক্ষ্মেষু শোকেষ্বাশ্বাসয়ন্তি যাঃ।
তাঃ শোকবিহ্বলা রাজন্! অবৈক্ষন্ত পরস্পরম্ ॥১৬॥
তাভিঃ পরিবৃতো রাজা রুদতীভিঃ সহস্রশঃ।
নির্যযৌ নগরাদ্দীনস্তূর্ণমায়োধনং প্রতি ॥১৭॥
শিল্পিনো বণিজো বৈশ্যাঃ সর্ব্বে কর্ম্মোপজীবিনঃ।
তে পার্থিবং পুরস্কৃত্য নির্যযুর্নগরাদ্বহিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

প্রগৃহ্যেতি। বাহূন্ সখ্যাদীনাম্, ক্রোশন্ত্য আহ্বয়ন্ত্যঃ। হ স্মেত্যুভয়মপি পাদপূরণে ॥১৩॥
বিলপন্ত্য ইতি। বিলপন্ত্যো বিবিধং বদন্ত্যঃ। প্রজজ্ঞিরে বুবুধিরে ॥১৪॥
ব্রীড়ামিতি। ব্রীড়াং লজ্জাম, সখীনাং সমীপে। পুরতঃ স্থিতা ইতি শেষঃ ॥১৫॥
পরস্পরমিতি। সুসূক্ষ্মেষু অত্যল্পেষ্বপি, অবৈক্ষন্ত নিবৃত্তা পায়াভাবাৎ ॥১৬॥
তাভিরিতি। দীনঃ শোককাতরঃ, আয়োধনং রণস্থলম্ ॥১৭॥

তৎকালে রমণীরা সখীপ্রভৃতির বাহু ধারণ করিয়া পুত্র, ভ্রাতা ও পিতৃগণকে ডাকিতে থাকিয়া, প্রলয়কালীন লোকক্ষয়ই যেন দেখাইতে লাগিল ॥১৩॥

তাহারা নানাবিধ করুণ বাক্য বলিতে থাকিয়া, রোদনপরায়ণ হইয়া ইতস্ততঃ ছুটাছুটী করিয়া শোকাকুলতা নিবন্ধন তৎকালকর্ত্তব্য বুঝিতে পারিল না ॥১৪॥

যে সকল নারী পূর্ব্বে সখীদের নিকটেও এক কাপড়ে যাইতে লজ্জাবোধ করিত; সেই সকল নারীই তখন এক কাপড়েই শাশুরীদিগের সম্মুখেও উপস্থিত হইতে লাগিল ॥১৫॥

রাজা! যে সকল নারী পূর্ব্বে অত্যল্প শোকেও পরস্পরকে আশ্বস্ত করিত; সেই সকল নারীই তখন শোকে আকুল হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিল ॥১৬॥

ক্রমে শোকাকুল রাজা ধৃতরাষ্ট্র রোদনপরায়ণা সহস্র সহস্র নারীতে পরিবেষ্টিত হইয়া হস্তিনানগর হইতে নির্গত হইলেন ॥১৭॥

তৎকালে শিল্পীরা, বণিকেরা, বৈশ্যেরা এবং অন্যান্য সর্ব্বপ্রকার কর্ম্মজীবীরা রাজা ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী করিয়া হস্তিনানগর হইতে বাহিরে নির্গত হইল ॥১৮॥

(১৬)···শোকেষ্বাশ্বাসয়ংস্তদা···পি বঙ্গ বর্দ্ধ।

CENTRAL LIBRARY

তাসাং বিক্রোশমানানামার্ত্তানাং কুরুসংক্ষয়ে।
প্রাদুরাসীন্মহান্ শব্দো ব্যথয়ন্ ভুবনান্যুত ॥১৯॥
যুগান্তকালে সংপ্রাপ্তে ভূতানাং দহ্যতামিব।
অভাবস্যোদয়ঃ প্রাপ্ত ইতি ভূতানি মেনিরে ॥২০॥
ভৃশমুদ্বিগ্নমনসস্তে পৌরাঃ কুরুসংক্ষয়ে।
প্রাক্রোশন্ত মহারাজ! স্বনুরক্তাস্তদা ভৃশম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে সস্ত্রীকধৃতরাষ্ট্রস্য পুরান্নির্যাণে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দশমোঽধ্যায়ঃ।

——:০*০:——

বৈশম্পায়ন উবাচ।

ক্রোশমাত্রং ততো গত্বা দদৃশুস্তান্ মহারথান্।
শারদ্বতং কৃপং দ্রৌণিং কৃতবর্ম্মাণমেব চ ॥১॥

ভারতকৌমুদী

শিল্পিন ইতি। কর্ম্মোপজীবিনো রজকাদয়ঃ। নির্যুস্তেষামপি বান্ধবানাং হতত্বাৎ ॥১৮॥

তাসামিতি। বিক্রোশমানানামুচ্চৈ রুদতাম্। শব্দঃ কোলাহলঃ ॥১৯॥

যুগান্তেতি। দহ্যতাং প্রলয়াগ্নিনা দহ্যমানানাম্। অভাবস্য জগৎক্ষয়স্য উদয় আবির্ভাবঃ ॥২০॥

ভৃশমিতি। প্রাক্রোশন্ত উচ্চৈররুদন্, অনুরক্তা নিহতান্ স্বজনান্ প্রতি ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে নবমোঽধ্যায়ঃ ॥০॥

সেই সময়ে কৌরবক্ষয়নিবন্ধন আর্ত্ত ও রোরুদ্যমান রমণীগণের মধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল; তাহাতে জগৎটাই যেন ব্যথিত হইতে থাকিল ॥১৯॥

তৎকালে প্রাণীরা মনে করিতে লাগিল যে—প্রলয়কাল উপস্থিত হইলে, তৎকালীন অগ্নিতে দহ্যমান প্রাণিগণের ন্যায় তদানীন্তন প্রাণিগণেরও যেন বিশাল ক্ষয় উপস্থিত হইয়াছে ॥২০॥

মহারাজ! কৌরবগণের ক্ষয় হইয়া গেলে, অনুরক্ত পুরোবাসীরা অস্থির চিত্ত হইয়া নিহত বন্ধুগণের জন্য উচ্চস্বরে রোদন করিতে লাগিল ॥২১॥

(২০)··· অভাবঃ স্থাদয়ং প্রাপ্তঃ···পি বঙ্গ বর্দ্ধ। * '···দশমোঽধ্যায়ঃ···' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

তে তু দৃষ্ট্বৈব রাজানং প্রজ্ঞাচক্ষুষমীশ্বরম্।
অশ্রুকণ্ঠা বিনিশ্বস্য রুদন্তমিদমব্রুবন্ ॥২॥
সুতস্তব মহারাজ! কৃত্বা কর্ম্ম সুদারুণম্।
গতঃ সানুচরো রাজন্! শক্রলোকং মহীপতিঃ ॥৩॥
দুর্য্যোধনবলান্মুক্তা বয়মেব ত্রয়ো রথাঃ।
সর্ব্বমন্যৎ পরিক্ষীণং সৈন্যং তে ভরতর্ষভ! ॥৪॥
ইত্যেবমুক্ত্বা রাজানং কৃপঃ শারদ্বতস্ততঃ।
গান্ধারীং পুত্রশোকার্ত্তামিদং বচনমব্রবীৎ ॥৫॥
অভীতা যুধ্যমানাস্তে ঘ্নন্তঃ শক্রগণান্ বহূন্।
বীরকর্ম্মাণি কুর্ব্বাণাঃ পুত্রাস্তে নিধনং গতাঃ ॥৬॥

ভারতকৌমুদী

ক্রোশেতি। শারদ্বতং শরদ্বতঃ পুত্রম্, দ্রৌণিং দ্রোণপুত্রমশ্বত্থামানম্ ॥১॥

ত ইতি। প্রজ্ঞাচক্ষুষমন্ধম, ঈশ্বরং স্বপ্রভুম্ ॥২॥

সুত ইতি। সুতো দুর্য্যোধনঃ। কর্ম্ম যুদ্ধম্। শক্রলোকমিন্দ্রলোকম্ ॥৩॥

অথাপরে ক গতা ইত্যাহ দুর্য্যোধনেতি। দুর্য্যোধনস্য বলাৎ সৈন্যাৎ, মুক্তা যুদ্ধে অব্যাহতিং প্রাপ্তাঃ ॥৪॥

ইতীতি। রাজানং ধৃতরাষ্ট্রম্। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সেই সকল নর ও নারী ক্রোশমাত্র পথ অতিক্রম করিয়া, শরদ্বানের পুত্র কৃপাচার্য্য, দ্রোণের পুত্র অশ্বত্থামা ও কৃতবর্ম্মা এই তিনজন মহারথকে দেখিতে পাইল ॥১॥

তাঁহারা অন্ধ ও নিজেদের প্রভু রোদনপরায়ণ ধৃতরাষ্ট্রকে দেখিয়াই নিশ্বাস ত্যাগ করিয়া এবং বাষ্পরুদ্ধকণ্ঠ হইয়া এই কথা বলিলেন—॥২॥

'মহারাজ! আপনার পুত্র রাজা দুর্য্যোধন অতিদারুণ কার্য্য করিয়া, অনুচর-বর্গের সহিত ইন্দ্রলোকে গমন করিয়াছেন ॥৩॥

ভরতশ্রেষ্ঠ! দুর্য্যোধনের সৈন্যের মধ্যে আমরা তিনজনই যুদ্ধে অব্যাহতি লাভ করিয়াছি; আর সকল সৈন্যই ক্ষয় প্রাপ্ত হইয়াছে' ॥৪॥

ধৃতরাষ্ট্রকে এইরূপ বলিয়া, শরদ্বানের পুত্র কৃপাচার্য্য পুত্রশোকার্ত্তা গান্ধারী-দেবীকে এই কথা বলিলেন—॥৫॥

'দেবি! আপনার পুত্রেরা ভীত না হইয়া যুদ্ধ করিতে থাকিয়া বহুতর সৈন্য সংহার করিতে করিতে এবং বীরের কার্য্য দেখাইতে দেখাইতে নিহত হইয়াছেন ॥৬॥

(৩)···শক্রলোকং মহীপতে!—পি

CENTRAL LIBRARY

ধ্রুবং সংপ্রাপ্য লোকাংস্তে নির্ম্মলান্ শস্ত্রনির্জ্জিতান্।
ভাস্বরং দেহমাস্থায় বিচরন্ত্যমরা ইব ॥৭॥
ন হি কশ্চিদ্ধি শূরাণাং যুধ্যমানঃ পরাঙ্মুখঃ।
শস্ত্রেণ নিধনং প্রাপ্তো ন চ কশ্চিৎ কৃতাঞ্জলিঃ ॥৮॥
এতাং তাং ক্ষত্রিয়স্যাহুঃ পুরাণাঃ পরমাং গতিম্।
শস্ত্রেণ নিধনং সংখ্যে তন্ন শোচিতুমর্হসি ॥৯॥
ন চাপি শত্রবস্তেষাং মুচ্যন্তে রাজ্ঞি! পাণ্ডবাঃ।
শৃণু যৎ কৃতমস্মাভিরশ্বত্থামপুরোগমৈঃ ॥১০॥
অধর্ম্মেণ হতং শ্রুত্বা ভীমসেনেন তে সুতম্।
সুপ্তং শিবিরমাবিশ্য পাণ্ডূনাং কদনং কৃতম্ ॥১১॥
পাঞ্চালা নিহতাঃ সর্ব্বে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
দ্রুপদস্যাত্মজাশ্চৈব দ্রৌপদেয়াশ্চ পাতিতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

অতীতা ইতি। ঘ্নন্তো নাশয়ন্তঃ। বীরকর্ম্মাণি যুদ্ধানি ॥৬॥
ধ্রুবমিতি। লোকান্ স্বর্গান্, শস্ত্রৈঃ শস্ত্রাঘাতেন মরণৈঃ, নির্জ্জিতানায়ত্তীকৃতান্ ॥৭॥
তেষাং বীরত্বং ব্যনক্তি ন হীতি। কৃতাঞ্জলিঃ শরণাগতশ্চ নাভবদিত্যর্থঃ ॥৮॥
এতামিতি। পুরাণাঃ প্রাচীনা ঋষয়ঃ। সংখ্যে যুদ্ধে ॥৯॥
নেতি। মুচ্যন্তে স্ম ক্ষয়ান্নিবৃত্তাঃ। কথং ন মুচ্যন্ত ইত্যাহ শৃণ্বিতি ॥১০॥
অধর্ম্মেণেতি। সুতং দুর্য্যোধনম্। সুপ্তং নিদ্রিতজনপূর্ণম, কদনং মহামারী ॥১১॥

নিশ্চয়ই তাহারা এখন অস্ত্রনির্জ্জিত নির্ম্মল স্বর্গ লাভ করিয়া উজ্জ্বল দেহ পাইয়া দেবগণের ন্যায় বিচরণ করিতেছেন ॥৭॥

আপনার পুত্রগণের মধ্যে কেহই বীরগণের সহিত যুদ্ধ করিতে থাকিয়া পরাঙ্মুখ হন নাই, কিংবা কেহই কৃতাঞ্জলি হইয়া অস্ত্রদ্বারা নিহত হন নাই ॥৮॥

প্রাচীন ঋষিরা বলেন—যুদ্ধে অস্ত্রদ্বারা যে ক্ষত্রিয়ের নিধন, তাহাই তাঁহার পক্ষে উত্তম গতি লাভের উপায়; সুতরাং আপনি তাঁহাদের জন্য শোক করিতে পারেন না ॥৯॥

রাণি! আপনার পুত্রগণের শত্রু পাণ্ডবেরাও ক্ষয় হইতে মুক্ত হয় নাই। কারণ, অশ্বত্থামপ্রভৃতি আমরাও তাহাদের যাহা করিয়াছি, তাহা শ্রবণ করুন—॥১০॥

'ভীম অন্যায়ভাবে আপনার পুত্র দুর্য্যোধনকে নিহত করিয়াছে শুনিয়া, আমরা নিদ্রিত জনপূর্ণ পাণ্ডবশিবিরে প্রবেশ করিয়া পাণ্ডবপক্ষের মহামারী ঘটাইয়াছি ॥১১॥

তথা বিশসনং কৃত্বা পুত্রশত্রুগণস্য তে।
প্রাদ্রবাম রণে স্থাতুং ন হি শক্যামহে ত্রয়ঃ ॥১৩॥
তে হি শূরা মহেষ্বাসাঃ ক্ষিপ্রমেষ্যন্তি পাণ্ডবাঃ।
অমর্ষবশমাপন্না বৈরং প্রতিচিকীর্ষবঃ ॥১৪॥
তে হতানাত্মজান্ শ্রুত্বা প্রমত্তাঃ পুরুষর্ষভাঃ।
অন্বিষ্যন্তঃ পদং শূরাঃ ক্ষিপ্রমেষ্যন্তি পাণ্ডবাঃ ॥১৫॥
তেষান্তু কদনং কৃত্বা সংস্থাতুং নোৎসহামহে।
অনুজানীহি নো রাজ্ঞি! মা চ শোকে মনঃ কৃথাঃ ॥১৬॥
রাজংস্ত্বমনুজানীহি ধৈর্য্যমাতিষ্ঠ চোত্তমম্।
নিষ্ঠান্তং পশ্য চাপি ত্বং ক্ষাত্রং ধর্ম্মঞ্চ কেবলম্ ॥১৭॥

ভারতকৌমুদী

পাঞ্চালা ইতি। আত্মজা শিখণ্ড্যাদয়ঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥১২॥

তথেতি। বিশসনং হিংসাম্। প্রাদ্রবাম শিবিরাৎ নিরগচ্ছাম ॥১৩॥

ত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। প্রতিচিকীর্ষবঃ প্রতীকারং কর্ত্তুমিচ্ছবঃ। ইত্যস্মাভিঃ সম্ভাবিতমিতি শেষঃ। অতএব প্রাদ্রবামেতি ভাবঃ ॥১৪॥

ত ইতি। প্রমত্তাঃ ক্রোধোন্মত্তাঃ সন্তঃ। পদম্ অস্মাকমবস্থিতিস্থানম্ ॥১৫॥

তেষামিতি। কদনং সৈন্যানাং মহামারীম্। নোৎসহামহে ন শক্নুমঃ ॥১৬॥

ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি সমস্ত পাঞ্চালকে আমরা নিহত করিয়াছি; আর দ্রুপদের সমস্ত পুত্রকে এবং দ্রৌপদীর সকল পুত্রকেও আমরা নিপাত করিয়াছি' ॥১২॥

রাণি! আপনার পুত্রের শত্রুগণকে সেইভাবে সংহার করিয়া আমরা পাণ্ডবশিবির হইতে নির্গত হইয়া আসিয়াছি। কারণ, কেবল আমরা তিনজন পাণ্ডবগণের সহিত সম্মুখযুদ্ধে অবস্থান করিতে সমর্থ হইতাম না ॥১৩॥

বীর ও মহাধনুর্দ্ধর সেই পাণ্ডবেরা ক্রুদ্ধ হইয়া শত্রুতার প্রতিশোধ লইবার ইচ্ছা করিয়া সত্বরই আসিবে (ইহা আমরা ভাবিয়াছিলাম) ॥১৪॥

বীর ও পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবেরা পুত্রগণকে নিহত শুনিয়া ক্রোধে উন্মত্ত হইয়া, আমাদিগকে অন্বেষণ করিতে করিতে সত্বরই আগমন করিবে ॥১৫॥

তাহাদের সৈন্যদের মধ্যে মহামারী ঘটাইয়া আমরা কোন একস্থানে থাকিতে পারি না। অতএব রাণি! আপনি আমাদিগকে চলিয়া যাইবার অনুমতি করুন এবং আপনিও শোকে মনোনিবেশ করিবেন না ॥১৬॥

(১৪)···বৈরং প্রতিজিহীর্ষবঃ—বঙ্গ বর্দ্ধ নি। (১৫)··নিনীষন্তঃ পদং শূরাং ক্ষিপ্রমেব যশস্বিনি!—পি বর্দ্ধ।

CENTRAL LIBRARY

ইত্যেবমুক্ত্বা রাজানং কৃত্বা চাভিপ্রদক্ষিণম্ ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রোণপুত্রশ্চ ভারত ! ॥১৮॥
অবেক্ষমাণা রাজানং ধৃতরাষ্ট্রং মনীষিণম্ ।
গঙ্গামনু মহাত্মানস্তূর্ণমশ্বানচোদয়ন্ ॥১৯॥ (যুগ্মকম্)
অপক্রম্য তু তে রাজন্ ! সর্ব্ব এব মহারথাঃ ।
আমন্ত্র্যান্যোন্যমুদ্বিগ্নাস্ত্রিধা তে প্রযযুস্তদা ॥২০॥
জগাম হাস্তিনপুরং কৃপঃ শারদ্বতস্তদা ।
স্বমেব রাষ্ট্রং হার্দ্দিক্যো দ্রৌণির্ব্যাসাশ্রমং যযৌ ॥২১॥
এবং তে প্রযযুর্বীরা বীক্ষমাণাঃ পরস্পরম্ ।
ভয়ার্ত্তাঃ পাণ্ডুপুত্রাণামাগস্কৃত্বা মহাত্মনাম্ ॥২২॥
সমেত্য বীরা রাজানং তদা ত্বনুদিতে রবৌ ।
বিপ্রজগ্মুর্মহারাজ ! যথেচ্ছকমরিন্দমাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

রাজন্নিতি । আতিষ্ঠ অবলম্বস্ব । নিষ্ঠা যুদ্ধে বিনাশ এব অন্তো যস্য তম্ ॥১৭॥
ইতীতি । রাজানং ধৃতরাষ্ট্রম্ । অনু লক্ষ্যীকৃত্য, অচোদয়ন্ প্রৈরয়ন্ ॥১৮—১৯॥
অপেতি । অপক্রম্য তস্মাদ্দেশাদপসৃত্য । তে কৃপাশ্বত্থামকৃতবর্ম্মাণঃ ॥২০॥
অথ তেষাং কঃ কতমং দেশং যযাবিত্যাহ জগামেতি । হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥২১॥
এবমিতি । আগঃ সুপ্তসৈন্যবিনাশেনাপরাধম্ ॥২২॥

রাজা ! আপনিও আমাদিগকে যাইবার অনুমতি করুন এবং বিশেষরূপ ধৈর্য্য অবলম্বন করুন । কারণ, যুদ্ধে মৃত্যু হওয়াই ক্ষত্রিয়ের অন্তিম ধর্ম্ম' ॥১৭॥

ভরতনন্দন ! ধৃতরাষ্ট্রকে এইরূপ বলিয়া এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া মহাত্মা কৃপাচার্য্য, অশ্বত্থামা ও কৃতবর্ম্মা বুদ্ধিমান্ রাজা ধৃতরাষ্ট্রের প্রতি দৃষ্টিপাত করিতে থাকিয়া সত্বর গঙ্গার দিকে অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥১৮—১৯॥

সেই মহারথেরা তিনজনই সেইস্থান হইতে অপসৃত হইয়া পরস্পরকে সম্ভাষণ করিয়া তিন দিকে চলিয়া গেলেন ॥২০॥

তখন শরদ্বানের পুত্র কৃপাচার্য্য হস্তিনানগরে গমন করিলেন, কৃতবর্ম্মা নিজের আনর্ত্ত দেশে চলিয়া গেলেন এবং অশ্বত্থামা বেদব্যাসের আশ্রমে যাইয়া উপস্থিত হইলেন ॥২১॥

এইভাবে সেই বীরেরা তিনজন মহাত্মা পাণ্ডবগণের নিকটে অপরাধ করিয়া, ভয়ার্ত্ত হইয়া, পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে থাকিয়া, বিভিন্ন দেশে চলিয়া গিয়াছিলেন ॥২২॥

সমাসাদ্যাথ বৈ দ্রৌণিং পাণ্ডুপুত্রা মহারথাঃ।
ব্যজয়ন্ত রণে রাজন্! বিক্রম্য তদনন্তরম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে কৃপদ্রৌণিকৃতবর্ম্মদর্শনে দশমোঽধ্যায়ঃ ॥০॥ *

একাদশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

হতেষু সর্ব্বসৈন্যেষু ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
শুশ্রুবে পিতরং বৃদ্ধং নির্যান্তং গজসাহ্বয়াৎ ॥১॥
সোঽভ্যয়াৎ পুত্রশোকার্ত্তং পুত্রশোকপরিপ্লুতঃ।
শোচমানো মহারাজ! ভ্রাতৃভিঃ সহিতস্তদা ॥২॥

ভারতকৌমুদী

সমিতি। রাজানং ধৃতরাষ্ট্রম। যথেচ্ছকম ইচ্ছানুসারেণ বিভিন্নদেশান্ ॥২৩॥
পূর্ব্বোক্তমেবানুবদতি জনমেজয় শ্রবণায় সমিতি। এতদ্বিস্তরোঽপি পূর্ব্বমুক্তঃ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে দশমোঽধ্যায়ঃ ॥০॥

হতেষ্বিতি। পিতরং জ্যেষ্ঠতাতং ধৃতরাষ্ট্রম, গজসাহ্বয়াৎ হস্তিনানগরাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

ক্রোশমাত্রমিতি ॥১—১৬॥ দিষ্টান্তং মরণম্ ॥১৭—২৩॥ তদনন্তরং কৃপাচার্য্য-কৃতবর্ম্মভ্যাং বিয়োগানন্তরম্ ॥২৪॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

মহারাজ! তৎকালে সেই বীরেরা সূর্য্যোদয়ের পূর্ব্বেই ধৃতরাষ্ট্রের নিকটে আসিয়া ইচ্ছানুসারে বিভিন্ন স্থানে গমন করিয়াছিলেন ॥২৩॥

রাজা! তাহার পর মহারথ পাণ্ডবেরা ব্যাসের আশ্রমে যাইয়া বিক্রমপ্রকাশ করিয়া যুদ্ধে অশ্বত্থামাকে জয় করিয়াছিলেন ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—সমস্ত সৈন্য নিহত হইলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির শুনিতে পাইলেন যে, তাঁহার জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্র হস্তিনানগর হইতে নির্গত হইতেছেন ॥১॥

---

* '...একাদশোঽধ্যায়ঃ...' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

CENTRAL LIBRARY

অন্বীয়মানো বীরেণ দাশার্হেণ মহাত্মনা।
যুযুধানেন চ তথা তথৈব চ যুযুৎসুনা ॥৩॥ (যুগ্মকম্)
তমন্বগাৎ সুদুঃখার্ত্তা দ্রৌপদী শোককর্ষিতা।
সহ পাঞ্চালযোষিদ্ভির্যাস্তত্রাসন্ সমাগতাঃ ॥৪॥
স গঙ্গামনু বৃন্দানি স্ত্রীণাং ভরতসত্তম।।
কুররীণামিবার্ত্তানাং ক্রোশন্তীনাং দদর্শ চ ॥৫॥
তাভিঃ পরিবৃতো রাজা ক্রোশন্তীভিঃ সহস্রশঃ।
ঊর্দ্ধবাহুভিরার্ত্তাভী রুদতীভিঃ প্রিয়াপ্রিয়ৈঃ ॥৬॥
ক্ব নু ধর্ম্মজ্ঞতা রাজ্ঞঃ ক্ব নু সত্যানৃশংসতা।
যচ্চাবধীৎ পিতৄন্ ভ্রাতৄন্ গুরূন্ পুত্রান্ সখীনপি ॥৭॥

ভারতকৌমুদী

স ইতি। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ, পুত্রশোকার্ত্তং ধৃতরাষ্ট্রম্। অন্বীয়মানঃ অনুগম্যমানঃ, দাশার্হেণ তদ্বংশীয়েন কৃষ্ণেন ॥২—৩॥

তমিতি। পাঞ্চালযোষিদ্ভিঃ ধৃষ্টদ্যুম্নাদিভার্য্যাভিঃ ॥৪॥

স ইতি। স যুধিষ্ঠিরঃ, অনু লক্ষ্যীকৃত্য গচ্ছন্তীতি শেষঃ। কুররীণাং পক্ষিণী-বিশেষাণাম্ ॥৫॥

তাভিরিতি। রাজা ধৃতরাষ্ট্রো যযাবিতি শেষঃ। ক্রোশন্তীভিঃ উচ্চৈর্বদন্তীভিঃ। প্রিয়াপ্রিয়ৈর্বাক্যৈঃ ॥৬॥

কানি তানি বাক্যানীত্যাহ ক্বেতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। এষাং বাক্যানাং সত্যরূপতয়া প্রিয়তা নিন্দাপ্রকাশকতয়া চাপ্রিয়তেতি বোধ্যম্। এবং পরত্রাপি ॥৭॥

মহারাজ! তখন পুত্রশোকার্ত্ত যুধিষ্ঠিরও ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া পুত্রশোকার্ত্ত ধৃতরাষ্ট্রের অভিমুখে গমন করিলেন। তৎকালে মহাত্মা কৃষ্ণ, সাত্যকি ও যুযুৎসু তাঁহার অনুগমন করিতে লাগিলেন ॥২—৩॥

সেই সময় পুত্রশোকে আকুলা ও অত্যন্তদুঃখিতা দ্রৌপদীও যুধিষ্ঠিরের অনুগমন করিতে থাকিলেন এবং যাঁহারা সেইখানে আসিয়াছিলেন, সেই সকল পাঞ্চালবীর-পত্নীগণও দ্রৌপদীর সঙ্গে সঙ্গে যাইতে লাগিলেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে যুধিষ্ঠির দেখিতে পাইলেন—শোকার্ত্ত বিধবা স্ত্রীগণ কুররী-(কুরুল) পক্ষিণীগণের ন্যায় উচ্চস্বরে রোদন করিতে থাকিয়া গঙ্গার দিকে গমন করিতেছে ॥৫॥

সেই বিধবা স্ত্রীগণ ঊর্দ্ধবাহু হইয়া রোদন করিতে থাকিয়া প্রিয় ও অপ্রিয় বাক্য সকল উচ্চারণ করতঃ, রাজা ধৃতরাষ্ট্রকে পরিবেষ্টন করিয়া যাইতেছিল ॥৬॥

ঘাতয়িত্বা কথং দ্রোণং ভীষ্মঞ্চাপি পিতামহম্।
মনস্তেঽভূন্মহাবাহো! হত্বা চাপি জয়দ্রথম্ ॥৮॥
কিং নু রাজ্যেন তে কার্য্যং পিতৄন্ ভ্রাতৄনপশ্যতঃ।
অভিমন্যুঞ্চ দুর্দ্ধর্ষং দ্রৌপদেয়াংশ্চ ভারত! ॥৯॥
অতীত্য তা মহাবাহুঃ ক্রোশন্তীঃ কুররীরিব।
ববন্দে পিতরং জ্যেষ্ঠং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥১০॥
ততোঽভিবাদ্য পিতরং ধর্ম্মেণামিত্রকর্ষণাঃ।
ন্যবেদয়ন্ত নামানি পাণ্ডবাস্তেঽপি সর্ব্বশঃ ॥১১॥
তদাত্মজান্তকরণং পিতা পুত্রবধার্দ্দিতঃ।
অপ্রীয়মাণঃ শোকার্ত্তঃ পাণ্ডবং পরিষস্বজে ॥১২॥

ভারতকৌমুদী

ঘাতয়িত্বেতি। দ্রোণং গুরুং ব্রাহ্মণঞ্চেতি ভাবঃ। কথং কীদৃশভাবাপন্নং মনোঽভূদিতি সম্বন্ধঃ ॥৮॥

কিমিতি। কিং নু কার্য্যম্, অপি তু কিমপি নেত্যর্থঃ, সর্ব্বদা শোকোদ্দীপকত্বাদিত্যাশয়ঃ ॥৯॥

অতীত্যেতি। অতীত্য অতিক্রম্য। ক্রোশন্তীঃ উচ্চৈঃ রুদতীঃ। কুররীঃ পক্ষিণীবিশেষান্ ॥১০॥

তত ইতি। ধর্ম্মেণ ন্যায়েন, অমিত্রকর্ষণাঃ শত্রুদমনাঃ ॥১১॥

'ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের ধর্ম্মজ্ঞতা কোথায় এবং সত্যপরায়ণতা ও অনৃশংসতাই বা কোথায়?। যেহেতু তিনি পিতৃগণ, ভ্রাতৃগণ, গুরুগণ, পুত্রগণ এবং সখিগণকেও বধ করিয়াছেন ॥৭॥

মহাবাহু ধর্ম্মরাজ! গুরু ও ব্রাহ্মণ দ্রোণকে এবং পিতামহ ভীষ্মকে বধ করাইয়া বিশেষতঃ ভগিনীপতি জয়দ্রথকে বধ করিয়া, আপনার মনের অবস্থা কিরূপ হইয়াছিল ॥৮॥

ভরতনন্দন! পিতৃগণ, ভ্রাতৃগণ, দুর্দ্ধর্ষ অভিমন্যু ও দ্রৌপদীর পুত্রগণকে আপনি আর দেখিতে পাইতেছেন না; এ অবস্থায় আপনার রাজ্য দিয়া কি হইবে' ॥৯॥

কুররী-(কুরুল) পক্ষিণীগণের ন্যায় সেই বিধবারা এইরূপ উচ্চস্বরে রোদন করিতেছিল; সেই অবস্থায় ধর্ম্মরাজ যুধিষ্ঠির তাহাদিগকে অতিক্রম করিয়া যাইয়া জ্যেষ্ঠ ধৃতরাষ্ট্রকে নমস্কার করিলেন ॥১০॥

পরে ন্যায় অনুসারে শত্রুদমনকারী অন্যান্য পাণ্ডবেরাও জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্রকে অভিবাদন করিয়া, আপনাদের সকলেরই নাম বলিলেন ॥১১॥

ধর্ম্মরাজং পরিষ্বজ্য সান্ত্বয়িত্বা চ ভারত ! ।
দুষ্টাত্মা ভীমমন্বিচ্ছন্ দিধক্ষুরিব পাবকঃ ॥১৩॥
স কোপপাবকস্তস্য শোকবায়ুসমীরিতঃ ।
ভীমসেনময়ং দাবং দিধক্ষুরিব দৃশ্যতে ॥১৪॥
তস্য সঙ্কল্পমাজ্ঞায় ভীমং প্রত্যশুভং হরিঃ ।
ভীমমাক্ষিপ্য পাণিভ্যাং প্রদদৌ ভীমমায়সম্ ॥১৫॥
প্রাগেব তু মহাবুদ্ধির্বুদ্ধা তস্যেঙ্গিতং হরিঃ ।
সংবিধানং মহাপ্রাজ্ঞস্তত্র চক্রে জনার্দ্দনঃ ॥১৬॥
তং গৃহীত্বৈব পাণিভ্যাং ভীমসেনময়স্ময়ম্ ।
বভঞ্জ বলবান্ রাজা মন্যমানো বৃকোদরম্ ॥১৭॥

ভারতকৌমুদী

তদেতি। আত্মজানাং পুত্রাণামন্তকরণং নিঃশেষতাজনকম্। পিতা জ্যেষ্ঠতাতঃ ॥১২॥
ধর্ম্মেতি। দুষ্টাত্মা ভীমজিঘাংসাপূর্ণত্বাৎ দুরভিসন্ধিকহৃদয়ঃ। দিধক্ষুর্দগ্ধুমিচ্ছুঃ ॥১৩॥
স ইতি। শোক এব বায়ুস্তেন সমীরিতঃ সঞ্চালনেন সন্ধুক্ষিতঃ। দাবং বনম্ ॥১৪॥
তস্যেতি। সঙ্কল্পমভিপ্রায়ম্। অশুভং বধবিষয়কতয়া অমঙ্গলকরম, হরিঃ কৃষ্ণঃ। আক্ষিপ্য আকৃষ্যাপসার্য্য, প্রদদৌ ধৃতরাষ্ট্রায়ার্পয়ামাস, আয়সং লৌহময়ম ॥১৫॥
প্রাগিতি। ইঙ্গিতমভিপ্রায়ম্। সংবিধানং প্রতীকারম ॥১৬॥

ভারতভাবদীপঃ

হতেষ্বিতি ॥১—৫॥ প্রিয়াপ্রিয়ৈঃ পাণ্ডবানাং প্রিয়াঃ অভিমন্যুপ্রভৃতয়ঃ, অপ্রিয়াঃ দুর্য্যোধনাদয়ঃ তৈর্হেতুভিঃ ক্রোশন্তীভিরিতি সম্বন্ধঃ ॥৬—১৪॥ আক্ষিপ্য নিবার্য্য, আয়সং

তখন পুত্রবধে পীড়িত ও শোকার্ত্ত ধৃতরাষ্ট্র অপ্রীতিসহকারেই পুত্রহন্তা যুধিষ্ঠিরকে আলিঙ্গন করিলেন ॥১২॥

ভরতনন্দন ! এইভাবে যুধিষ্ঠিরকে আলিঙ্গন করিয়া এবং সান্ত্বনা দিয়া ধৃতরাষ্ট্র দগ্ধ করিবার অভিলাষী অগ্নির ন্যায় দুরভিসন্ধিপূর্ণ হৃদয়ে ভীমসেনকে অন্বেষণ করিতে লাগিলেন ॥১৩॥

তখন বুঝা গেল—ধৃতরাষ্ট্রের সেই ক্রোধানল শোকবায়ুতে সন্ধুক্ষিত হইয়া ভীমসেনরূপ বনকে যেন দগ্ধ করিবার ইচ্ছা করিতে লাগিল ॥১৪॥

ভীমের প্রতি ধৃতরাষ্ট্রের দুরভিসন্ধি জন্মিয়াছে, ইহা বুঝিতে পারিয়া কৃষ্ণ হস্তযুগলদ্বারা ভীমসেনকে টানিয়া সরাইয়া দিয়া একটা লৌহময় ভীমকে ধৃতরাষ্ট্রের সম্মুখে ঠেলিয়া দিলেন ॥১৫॥

মহাবুদ্ধিশালী ও অত্যন্তবিচক্ষণ কৃষ্ণ পূর্ব্বেই ধৃতরাষ্ট্রের অভিপ্রায় বুঝিতে পারিয়া তৎকালের উপযুক্ত ব্যবস্থাই করিলেন ॥১৬॥

নাগাযুতবলপ্রাণঃ স রাজা ভীমমায়সম্।
ভঙ্ক্ত্বা বিমথিতোরস্কঃ সুস্রাব রুধিরং মুখাৎ ॥১৮॥
ততঃ পপাত মেদিন্যাং তথৈব রুধিরোক্ষিতঃ।
প্রপুষ্পিতাগ্রশিখরঃ পারিজাত ইব দ্রুমঃ ॥১৯॥
প্রত্যগৃহ্ণাচ্চ তং বিদ্বান্ সূতো গাবল্গণিস্তদা।
মৈবমিত্যব্রবীচ্চৈনং শময়ন্ সান্ত্বয়ন্নিব ॥২০॥
স তু কোপং সমুৎসৃজ্য গতমন্যুর্মহামনাঃ।
হা হা ভীমেতি চুক্রোশ নৃপঃ শোকসমন্বিতঃ ॥২১॥

ভারতকৌমুদী

তমিতি। অয়স্ময়ং লৌহময়ম্। রাজা ধৃতরাষ্ট্রঃ ॥১৭॥

নাগেতি। নাগাযুতস্য দশসহস্রহস্তিনাং প্রাণ ইব প্রাণো বলং যস্য সঃ। বিমথিতং লৌহেনালোড়িতম্ উরো বক্ষো যস্য সঃ। সুস্রাব নিঃসারয়ামাস ॥১৮॥

তত ইতি। প্রপুষ্পিতানি প্রচুরপুষ্পান্বিতানি অগ্রাণি শিখরাণি পার্শ্বপল্লবাশ্চ যস্য সঃ ॥১৯॥

প্রতীতি। বিদ্বান্ তদবস্থাং জানন্, সূতঃ সূতবংশীয়ঃ। গাবল্গণির্গবল্গণপুত্রঃ সঞ্জয়ঃ। মৈবম্ এবং পুনঃ কর্ত্তুং ন চেষ্টস্ব, শময়ন্ ক্রোধহীনীকুর্ব্বন্ ॥২০॥

স ইতি। সমুৎসৃজ্য ভীমস্য হতত্বসম্ভাবনাৎ, গতমন্যুস্তিরোহিতদৈন্যঃ, চুক্রোশ উচ্চৈরুরোদ ॥২১॥

তখন বলবান্ ধৃতরাষ্ট্র বাস্তবিক ভীমই মনে করিয়া হস্তযুগলদ্বারা বক্ষে ধারণ করিয়াই সেই লৌহময় ভীমটাকে ভাঙ্গিয়া ফেলিলেন ॥১৭॥

ধৃতরাষ্ট্রের দশসহস্র হস্তীর তুল্য বল ছিল; সুতরাং তিনি বাহুযুগলদ্বারা লৌহময় ভীমটাকে আলিঙ্গন করিয়া সেটাকে ভাঙ্গিয়া ফেলিতে সমর্থ হইলেন বটে, কিন্তু তাহাতে তাঁহার বক্ষে গুরুতর চাপ লাগিল, তাই তাঁহার মুখ হইতে রক্ত নিঃসৃত হইতে থাকিল ॥১৮॥

তৎকালে তিনি সেইরূপ রক্তসিক্ত হইয়া পুষ্পিতমস্তক পারিজাতবৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিলেন ॥১৯॥

তৎক্ষণাৎ সঞ্জয় তাঁহার অবস্থা বুঝিয়া তাঁহাকে ধরিয়া ফেলিলেন এবং শান্ত ও আশ্বস্ত করিতে থাকিয়াই যেন বলিলেন—'মহারাজ! এরূপ আর করিবার চেষ্টা করিবেন না' ॥২০॥

তখন প্রশস্তচিত্ত ধৃতরাষ্ট্র ক্রোধ পরিত্যাগ করিয়া অবসাদশূন্য হইয়া নূতন শোকাকুলভাবে 'হা হা ভীম' বলিয়া উচ্চস্বরে রোদন করিয়া উঠিলেন ॥২১॥

(২১) হতো ভীমং ততো জ্ঞাত্বা···নি।

তং বিদিত্বা গতক্রোধং ভীমসেনবধার্দ্দিতম্।
বাসুদেবো বরঃ পুংসামিদং বচনমব্রবীৎ ॥২২॥
মা শুচো ধৃতরাষ্ট্র! ত্বং নৈষ ভীমস্ত্বয়া হতঃ।
আয়সী প্রতিমা হ্যেষা ত্বয়া রাজন্! নিপাতিতা ॥২৩॥
ত্বাং ক্রোধবশমাপন্নং বিদিত্বা ভরতর্ষভ!।
ময়াপকৃষ্টঃ কৌন্তেয়ো মৃত্যোর্দ্দংষ্ট্রান্তরং গতঃ ॥২৪॥
ন হি তে রাজশার্দ্দূল! বলে তুল্যোঽস্তি কশ্চন।
কঃ সহেত মহাবাহো! বাহ্বোর্বিগ্রহণং নরঃ ॥২৫॥
যথান্তকমনুপ্রাপ্য জীবন্ কশ্চিন্ন মুচ্যতে।
এবং বাহ্বন্তরং প্রাপ্য তব জীবেন্ন কশ্চন ॥২৬॥
তস্মাৎ পুত্রেণ যা তেঽসৌ প্রতিমা কারিতায়সী।
ভীমস্য সেয়ং কৌরব্য! তবৈবোপহৃতা ময়া ॥২৭॥

ভারতকৌমুদী

তমিতি। ভীমসেনবধেন তজ্জ্ঞানেন অর্দ্দিতং পীড়িতম্, পুংসাং বরঃ শ্রেষ্ঠঃ ॥২২॥
মেতি। মা শুচঃ ভীমার্থং শোকং ন কুরু। আয়সী লৌহময়ী ॥২৩॥
ত্বামিতি। কৌন্তেয়ো ভীমঃ। দংষ্ট্রান্তরং দন্তশ্রেণ্যভ্যন্তরং গত ইব ॥২৪॥
অথ কথমীদৃশং কৃতমিত্যাহ ন হীতি। বিগ্রহণং বিশেষেণ ধারণম্ ॥২৫॥
যথেতি। তব নিরতিশয়বলত্বাদিত্যাশয়ঃ ॥২৬॥

ধৃতরাষ্ট্রের ক্রোধ তিরোহিত হইয়াছে এবং তিনি ভীমসেনকে বধ করিয়াছেন, ইহা ভাবিয়া শোকে আকুল হইয়াছেন জানিয়া, পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ এই কথা বলিলেন—॥২২॥

'রাজা! আপনি ভীমের জন্য শোক করিবেন না। কারণ, আপনি এ ভীমকে বধ করেন নাই; কিন্তু আপনি ভীমসেনের লৌহময়ী প্রতিমূর্ত্তি ভগ্ন করিয়াছেন ॥২৩॥

ভরতশ্রেষ্ঠ! আপনি ক্রুদ্ধ হইয়াছেন, তাহাতে ভীম যেন মৃত্যুর দন্তশ্রেণীর অভ্যন্তরে প্রবেশ করিয়াছেন ইহা জানিয়া, আমি কুন্তীনন্দন ভীমকে আকর্ষণ করিয়া আনিয়াছিলাম ॥২৪॥

রাজশ্রেষ্ঠ! জগতে কোন ব্যক্তিই বলে আপনার সমান নাই। অতএব মহাবাহু! কোন্ মানুষ আপনার সুদৃঢ় বাহুবেষ্টন সহ্য করিতে সমর্থ হয় ॥২৫॥

যেমন কোন লোকই যমের নিকটে যাইয়া জীবিত অবস্থায় মুক্ত হইতে পারে না; সেইরূপ কোন লোকই আপনার বাহুযুগলের ভিতরে যাইয়া জীবিত অবস্থায় মুক্ত হইতে পারে না ॥২৬॥

পুত্রশোকাভিসন্তাপাদ্ধর্ম্মাদপহৃতং মনঃ।
তব রাজেন্দ্র! তেন ত্বং ভীমসেনং জিঘাংসসি ॥২৮॥
ন ত্বেতত্তে ক্ষমং রাজন্! হন্যাস্ত্বং যদ্বৃকোদরম্।
ন হি পুত্রা মহারাজ! জীবেয়ুস্তে কথঞ্চন ॥২৯॥
তস্মাদ্যৎ কৃতমস্মাভির্মন্যমানৈঃ শমং প্রতি।
অনুমন্যস্ব তৎ সর্ব্বং মা চ শোকে মনঃ কৃথাঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে আয়সভীমভঙ্গে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নন্থ কথং ত্বয়াকস্মাদেব ভীমপ্রতিমা লব্ধেত্যাহ তস্মাদিতি। পুত্রেণ দুর্য্যোধনেন, প্রতিমা প্রতিমূর্ত্তিঃ, কারিতা প্রহারকৌশলশিক্ষার্থং শিল্পিভির্নির্ম্মাপিতা, আয়সী লৌহময়ী। এতত্তু গদাযুদ্ধপর্ব্বণ্যপি দ্রষ্টব্যম্ ॥২৭॥

পুত্রেতি। অপহৃতং পুত্রশোকেনৈব। জিঘাংসসি হন্তুমিচ্ছসি ॥২৮॥

নেতি। ক্ষমমুচিতম্। নহি জীবেয়ুঃ ভীমসেনহননেঽপীতি ভাবঃ ॥২৯॥

তস্মাদিতি। মন্যমানৈঃ ন্যায্যতয়েতি শেষঃ, শমং শান্তিম্ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

লৌহময়ম্ ॥১৫॥ সংবিধানমায়স্তভীমস্য নির্ম্মাণম্ ॥১৬—২৭॥ পুত্রেতি। ধর্ম্মাদপকৃত-মালিঙ্গনচ্ছলেন ভীমবধঃ কর্ত্তব্য ইত্যাশয়ঃ ॥২৮॥ বৃকোদরেণ আহতা অপি ন জীবেয়ুঃ, গতায়ুষাং তেষাং নিমিত্তান্তরেণাপি নাশাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥২৯—৩০॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

অতএব কৌরবনন্দন! আপনার পুত্র দুর্য্যোধন যে লৌহময়ী ভীমের প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করাইয়াছিলেন, সেই প্রতিমূর্ত্তিটীকেই আমি আপনার সম্মুখে রাখিয়াছিলাম ॥২৭॥

মহারাজ! পুত্রশোকানলের সন্তাপে আপনার মন ধর্ম্ম হইতে পরিভ্রষ্ট হইয়াছে; সেই জন্যই আপনি ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিতেছেন ॥২৮॥

রাজা! আপনি যে ভীমসেনকে বধ করিবেন এটা আপনার পক্ষে উচিত নহে। কারণ, আপনি ভীমসেনকে বধ করিলেও আপনার পুত্রেরা কোন প্রকারেই আবার বাঁচিয়া উঠিবেন না ॥২৯॥

---

(২৯)···তদা রাজেন্দ্র!···পি বর্দ্ধ। * '···দশোঽধ্যায়ঃ···' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

CENTRAL LIBRARY

দ্বাদশোঽধ্যায়ঃ।

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

তত এনমুপাতিষ্ঠন্ শৌচার্থং পরিচারিকাঃ।
কৃতশৌচং পুনশ্চৈনং প্রোবাচ মধুসূদনঃ ॥১॥
রাজন্! অধীতা বেদাস্তে শাস্ত্রাণি বিবিধানি চ।
শ্রুতানি চ পুরাণানি রাজধর্ম্মাশ্চ কেবলাঃ ॥২॥
এবং বিদ্বান্ মহাপ্রাজ্ঞঃ সমর্থঃ সন্ বলাবলে।
আত্মাপরাধাৎ কস্মাত্ত্বং কুরুষে কোপমীদৃশম্ ॥৩॥
উক্তবাংস্ত্বাং তদৈবাহং ভীষ্মদ্রোণৌ চ ভারত!।
বিদুরঃ সঞ্জয়শ্চৈব ত্বন্তু রাজন্! ন তৎ কৃথাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। শৌচার্থং মূত্রপুরীষত্যাগানন্তরমুখাদিপ্রক্ষালনস্নানাদিসম্পাদনার্থম্ ॥১॥
রাজন্নিতি। তে ত্বয়া। কেবলা মুখ্যাঃ ॥২॥
এবমিতি। বলং বলপ্রকাশঃ অবলং বলাপ্রকাশশ্চ তস্মিন্ ॥৩॥
উক্তবানিতি। তদা যুদ্ধারম্ভাৎ পূর্ব্বকালে। কৃথাঃ অকৃথাঃ। অড়াগমাভাব আর্ষঃ ॥৪॥

অতএব আমরা শান্তির বিষয়ে ন্যায়সঙ্গত মনে করিয়া যাহা করিয়াছি, আপনি তাহার অনুমোদন করুন; শোকের দিকে মন দিবেন না' ॥৩০॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর শৌচাদি সম্পাদন করাইবার জন্য পরিচারিকারা ধৃতরাষ্ট্রের নিকটে উপস্থিত হইল; পরে ধৃতরাষ্ট্রের শৌচ হইয়া গেলে, কৃষ্ণ তাঁহাকে বলিলেন—॥১॥

'রাজা! আপনি সমস্ত বেদ ও অন্যান্য বিবিধ শাস্ত্র অধ্যয়ন করিয়াছেন এবং সমস্ত পুরাণ ও প্রধান রাজধর্ম্ম শুনিয়াছেন ॥২॥

এইভাবে বিদ্বান্ হইয়া এবং বলপ্রকাশ ও বলের অপ্রকাশে সমর্থ থাকিয়া, পরে নিজেই অপরাধ করিয়া শেষে এইরূপ ক্রোধ করেন কেন? ॥৩॥

ভরতনন্দন রাজা! ভীষ্ম, দ্রোণ, বিদুর, সঞ্জয় এবং আমি সেই সময়ই আপনাকে বলিয়াছিলাম; কিন্তু আপনি তাহা করেন নাই ॥৪॥

CENTRAL LIBRARY

স বার্য্যমাণো নাস্মাকমকার্ষীর্বচনং তদা।
পাণ্ডবানধিকং জানন্ বলে শৌর্য্যে চ কৌরব! ॥৫॥
রাজা হি যঃ স্থিরপ্রজ্ঞঃ স্বয়ং দোষানবেক্ষতে।
দেশকালবিভাগঞ্চ পরং শ্রেয়ঃ স বিন্দতি ॥৬॥
উচ্যমানস্তু যঃ শ্রেয়ো গৃহ্লীতে ন হিতাহিতে।
আপদঃ সমনুপ্রাপ্য স শোচত্যনয়ে স্থিতঃ ॥৭॥
ততোঽন্যবৃত্তমাত্মানং সমবেক্ষস্ব ভারত!।
রাজংস্ত্বং হ্যবিধেয়াত্মা দুর্য্যোধনবশে স্থিতঃ ॥৮॥
আত্মাপরাধাদাপন্নস্তৎ কিং ভীমং জিঘাংসসি।
তস্মাৎ সংযচ্ছ কোপং ত্বং সমনুস্মৃত্য দুষ্কৃতম্ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। বার্য্যমাণো যুদ্ধান্নিষিধ্যমানঃ ॥৫॥

রাজেতি। দোষান্ স্বপরয়োঃ। পরমুত্তমম্, শ্রেয়ো মঙ্গলম্, বিন্দতি লভতে ॥৬॥

উচ্যমান ইতি। গৃহ্লীতে অববুধ্যতে। অনয়ে দুর্নীত্যাম্ ॥৭॥

তত ইতি। অন্যবৃত্তম্ অন্যৎ হিতবিপরীতং বৃত্তং ব্যবহারো যস্য তম্। অবিধেয়াত্মা অস্বাধীনঃ স্বভাবঃ ॥৮॥

আত্মেতি। আপন্ন আপদং প্রাপ্তোঽসি। সংযচ্ছ নিরুন্ধি, দুষ্কৃতমাত্মনো দুর্ব্যবহারম্ ॥৯॥

কৌরবনন্দন! তখন আমরা আপনাকে যুদ্ধ করিতে নিষেধ করিয়াছিলাম; কিন্তু শক্তি ও যুদ্ধকৌশলে পাণ্ডবগণকে অধিক জানিয়াও আপনি আমাদের কথা রক্ষা করেন নাই ॥৫॥

স্থিরবুদ্ধি যে রাজা নিজের স্বপক্ষ ও পরপক্ষের দোষ এবং দেশ ও কালের বিভাগ বুঝিতে পারেন; তিনি বিশেষ মঙ্গল লাভ করেন ॥৬॥

হিতবাক্য বলিলেও যে ব্যক্তি হিত বা অহিত বোঝে না; সেই দুর্নীতিপরায়ণ ব্যক্তি বিপদে পতিত হইয়া শোক করিতে থাকে ॥৭॥

ভরতনন্দন রাজা! সুতরাং আপনি যে অহিত কার্য্য করিতেন, তাহা পর্য্যালোচনা করিয়া দেখুন। তৎকালে আপনি দুর্য্যোধনেরই অধীন ছিলেন; আপনার মন স্বাধীন ছিল না ॥৮॥

অতএব আপনি আপনার নিজের অপরাধেই বিপন্ন হইয়াছেন; সুতরাং ভীমকে বধ করিবার ইচ্ছা করিতেছেন কেন?। সেই জন্য আপনি আপনার নিজের দুষ্কার্য্য স্মরণ করিয়া ক্রোধ সংবরণ করুন ॥৯॥

(৮) ততো নিবৃত্তমাত্মানং···পি।

CENTRAL LIBRARY

যস্তু তাং স্পর্দ্ধয়া ক্ষুদ্রঃ পাঞ্চালীমানয়ৎ সভাম্।
স হতো ভীমসেনেন বৈরং প্রতিজিহীর্ষতা ॥১০॥
আত্মনোঽতিক্রমং পশ্য পুত্রস্য চ দুরাত্মনঃ।
যদনাগসি পাণ্ডূনাং পরিত্যাগঃ পরন্তপ! ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স কৃষ্ণেন সর্ব্বং সত্যং জনাধিপ!।
উবাচ দেবকীপুত্রং ধৃতরাষ্ট্রো মহীপতিঃ ॥১২॥
এবমেতন্মহাবাহো! যথা বদসি মাধব!।
পুত্রস্নেহশ্চ ধর্ম্মাত্মন্! ধৈর্য্যান্মাং সমচালয়ৎ ॥১৩॥
দিষ্ট্যা তু পুরুষব্যাঘ্রো বলবান্ সত্যবিক্রমঃ।
ত্বদ্গুপ্তো নাগমৎ কৃষ্ণ! ভীমো বাহ্বন্তরং মম ॥১৪॥

ভারতকৌমুদী

য ইতি। ক্ষুদ্রো নীচাশয়ঃ, পাঞ্চালীং দ্রৌপদীম্, প্রতিজিহীর্ষতা প্রতিশোধয়িতুমিচ্ছতা ॥১০॥

আত্মন ইতি। অতিক্রমং সুনীতিবর্জনম্। পুত্রস্য দুর্য্যোধনস্য। অনাগসি অপরাধাভাবে ॥১১॥

এবমিতি। সর্ব্বং সত্যং প্রকৃতবিষয়ত্বাদিত্যাশয়ঃ ॥১২॥

এবমিতি। পুত্রস্নেহাদেবাহং পরাধীনো জাতঃ, ন পুনঃ স্ববুদ্ধ্যেতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ ন তৎ কৃথাঃ তন্ন কৃতবানসি, অড়ভাব আর্ষঃ ॥৪—৬॥ শ্রেয়ো হিতাহিতে উচ্যমানো ন গৃহ্নীত ইত্যন্বয়ঃ ॥৭—১০॥ অনাগসি অপরাধাভাবে, পরিত্যাগো রাজ্যাপ্রদানেন তিরস্কারঃ ॥১১—১৭॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

তৎকালে যে নীচাশয় দ্রৌপদীকে সভায় আনয়ন করিয়াছিল; ভীমসেন সেই শত্রুতার প্রতিশোধ দিবার ইচ্ছা করিয়া তাহাকে বধ করিয়াছেন ॥১০॥

শত্রুসন্তাপক রাজা! আপনি আপনার নিজের এবং দুরাত্মা পুত্রের নীতিলঙ্ঘনটা পর্য্যালোচনা করিয়া দেখুন। যে হেতু আপনারা বিনা অপরাধে পাণ্ডবগণকে পরিত্যাগ করিয়াছিলেন' ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ! কৃষ্ণ এইরূপ সমস্ত সত্যকথা বলিলে, রাজা ধৃতরাষ্ট্র তাঁহাকে কহিলেন—॥১২॥

'মহাবাহু কৃষ্ণ! তুমি যাহা বলিলে, তাহা সত্য। কিন্তু ধর্ম্মাত্মা! তৎকালে পুত্রস্নেহই আমাকে ধৈর্য্যচ্যুত করিয়াছিল ॥১৩॥

ইদানীং ত্বহমেকাগ্রো গতমন্যুর্গতজ্বরঃ।
মধ্যমং পাণ্ডবং বীরং স্প্রষ্টুমিচ্ছামি মাধব! ॥১৫॥
হতেষু পার্থিবেন্দ্রেষু পুত্রেষু নিহতেষু বৈ।
পাণ্ডুপুত্রেষু বৈ শর্ম্ম প্রীতিশ্চাপ্যবতিষ্ঠতে ॥১৬॥
ততঃ স ভীমঞ্চ ধনঞ্জয়ঞ্চ মাদ্র্যাশ্চ পুত্রৌ পুরুষপ্রবীরৌ।
পস্পর্শ গাত্রৈঃ প্ররুদন্ সুগাত্রানাশ্বাস্য কল্যাণমুবাচ চৈনান্ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানিকে ধৃতরাষ্ট্রকোপবিমোচনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। ত্বয়া গুপ্তো রক্ষিতঃ ॥১৪॥

ইদানীমিতি। একাগ্রঃ ভীমালিঙ্গনে অভিনিবিষ্টঃ, গতমন্যুস্তিরোহিতক্রোধঃ, গতজ্বরঃ ভীমবিষয়ে নষ্টশোকসন্তাপঃ ॥১৫॥

হতেষ্বিতি। শর্ম্ম মম সুখম্, প্রীতিঃ স্নেহঃ ॥১৬॥

তত ইতি। সুগাত্রান্ সুখস্পর্শাঙ্গান্। উবাচ পপ্রচ্ছ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানিকে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

কৃষ্ণ! বলবান্ ও যথার্থবিক্রমশালী তোমার রক্ষিত পুরুষশ্রেষ্ঠ ভীমসেন ভাগ্যবশতই আমার বাহুযুগলের অভ্যন্তরে পতিত হন নাই ॥১৪॥

মাধব! এখন আমার ক্রোধ তিরোহিত হইয়াছে এবং ভীমের বিষয়ে শোক-সন্তাপও অপসৃত হইয়া গিয়াছে; বিশেষতঃ আমি একাগ্রচিত্ত হইয়াছি। অতএব আমি মধ্যমপাণ্ডবকে স্পর্শ করিবার ইচ্ছা করিতেছি ॥১৫॥

কারণ, আমার পক্ষের রাজশ্রেষ্ঠগণ ও পুত্রগণ নিহত হওয়ায় এখন আমার সমস্ত সুখই পাণ্ডবগণের উপর নির্ভর করিতেছে এবং আমার স্নেহও একমাত্র উহাদের উপরই গিয়া পড়িয়াছে' ॥১৬॥

তদনন্তর ধৃতরাষ্ট্র—শোভনাঙ্গ ভীম, অর্জ্জুন এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেবকে আলিঙ্গন করিয়া ও আশ্বাস দিয়া তাঁহাদের মঙ্গলপ্রশ্ন করিলেন ॥১৭॥

(১৫) ইদানীং ত্বহমব্যগ্রঃ…নি। (১৬)…পাণ্ডুপুত্রেষু মে ধর্ম্মঃ…নি। * '…ত্রয়োদশোঽধ্যায়ঃ…'পিণ্ডিবঙ্গ বর্দ্ধ বা সো।

CENTRAL LIBRARY

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ধৃতরাষ্ট্রাভ্যনুজ্ঞাতাস্ততস্তে কুরুপুঙ্গবাঃ।
অভ্যয়ুর্ভ্রাতরঃ সর্ব্বে গান্ধারীং সহকেশবাঃ ॥১॥
ততো জ্ঞাত্বা হতামিত্রং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
গান্ধারী পুত্রশোকার্ত্তা শপ্তুমৈচ্ছদনিন্দিতা ॥২॥
তস্যাঃ পাপমভিপ্রায়ং বিদিত্বা পাণ্ডবান্ প্রতি।
ঋষিঃ সত্যবতীপুত্রঃ প্রাগেব সমবুধ্যত ॥৩॥
স গঙ্গায়ামুপস্পৃশ্য পুণ্যগন্ধি পয়ঃ শুচিঃ।
তং দেশমুপসংপেদে পরমর্ষির্মনোজবঃ ॥৪॥
দিব্যেন চক্ষুষা পশ্যন্ মনসানুকৃতেন চ।
সর্ব্বপ্রাণভৃতাং ভাবং স তত্র সমবুধ্যত ॥৫॥

ভারতকৌমুদী

ধৃতেতি। কুরুপুঙ্গবাঃ কুরুবংশীয়শ্রেষ্ঠাঃ পাণ্ডবাঃ। কেশবেন সহেতি তে ॥১॥

তত ইতি। হতা অমিত্রাঃ শত্রবো যেন তম্। অনিন্দিতা ব্যভিচারাদিদোষাভাবাৎ ॥২॥

তস্যা ইতি। সত্যবতীপুত্রো ব্যাসঃ। সমবুধ্যত তন্নিবারণে সতর্কোঽভবৎ ॥৩॥

স ইতি। উপস্পৃশ্য স্নাত্বা, পুণ্যগন্ধিনা পয়সা জলেন শুচিঃ পবিত্রঃ। উপসংপেদে জগাম। মনস ইব জবো যোগপ্রভাবাদ্বেগো যস্য সঃ। অতএব দ্রুতগতিরিত্যাশয়ঃ ॥৪॥

দিব্যেনেতি। অনুকৃতেন যোগপ্রভাবিতেন ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর ধৃতরাষ্ট্র অনুমতি করিলে, সেই কৌরবশ্রেষ্ঠ পাণ্ডবেরা পঞ্চ ভ্রাতাই কৃষ্ণের সহিত মিলিত হইয়া গান্ধারীর নিকটে গমন করিলেন ॥১॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির সমস্ত শত্রুকেই নিহত করিয়াছেন জানিয়া পুত্রশোকার্ত্তা ও অনিন্দিতা গান্ধারী তাঁহার উপরে অভিসম্পাত করিবার ইচ্ছা করিলেন ॥২॥

পাণ্ডবগণের উপরে গান্ধারীর দুষ্ট অভিপ্রায় জন্মিয়াছে জানিয়া বেদব্যাস পূর্ব্বেই সে বিষয়ে সতর্ক হইলেন ॥৩॥

মহর্ষি ও মনের ন্যায় বেগগামী বেদব্যাস গঙ্গাস্নান করিয়া তাহার পবিত্র জলে পবিত্র হইয়া সেইস্থানে যাইয়া উপস্থিত হইলেন ॥৪॥

CENTRAL LIBRARY

স স্নুষামব্রবীৎ কালে কল্যবাদী মহাতপাঃ।
শাপকালমবাক্ষিপ্য ক্ষমাকালমুদীরয়ন্ ॥৬॥
ন কোপঃ পাণ্ডবে কার্য্যো গান্ধারি! শমমাপ্নুহি।
রজো নিগৃহ্যতামেতৎ শৃণু চেদং বচো মম ॥৭॥
উক্তাস্যষ্টাদশাহানি পুত্রেণ জয়মিচ্ছতা।
শিবমাশংস মে মাতর্যুধ্যমানস্য শত্রুভিঃ ॥৮॥
সা তথা যাচ্যমানা ত্বং যুদ্ধকালে জয়ৈষিণা।
উক্তবত্যসি কল্যাণি! যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥৯॥
ন চাপ্যতীতাং গান্ধারি! বাচং তে বিতথামহম্।
স্মরামি ভাষমাণাং হি ত্বামহং সত্যবাদিনীম্ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। স্নুষাং পুত্রবধূং গান্ধারীম্। কালে তস্মিন্নেব সময়ে, কল্যবাদী অনাময়-প্রশ্নকারী সন্। অবাক্ষিপ্য নিরস্য। উদীরয়ন্ ব্রুবন্ ॥৬॥

নেতি। শমং কোপনিবৃত্ত্যা সৌম্যতাম্। রজঃ ক্রোধমূলীভূতো রজোগুণঃ ॥৭॥

উক্তেতি। শিবং মঙ্গলং জয়মিত্যর্থঃ, আশংস আশীর্বিষয়ং কুরু ॥৮॥

সেতি। জয়ৈষিণা পুত্রেণ দুর্য্যোধনেন ॥৯॥

নেতি। বিতথাং মিথ্যাভূতাম্। স্মরামি চিরমেবেত্যাশয়ঃ ॥১০॥

মহর্ষি বেদব্যাস দিব্য চক্ষু ও যোগপ্রভাবিত মনদ্বারা সমস্ত প্রাণীর মনের অভিপ্রায়ই দেখিতে পাইতেন বলিয়া পূর্ব্বেই সে বিষয় বুঝিয়াছিলেন ॥৫॥

সুতরাং মহাতপা বেদব্যাস সেখানে উপস্থিত হইয়াই অনাময়প্রশ্ন করিয়া এবং 'এটা শাপের সময় নহে, ক্ষমা করিবারই সময়' এই কথা বলিয়া পুত্রবধূ গান্ধারীকে বলিলেন—॥৬॥

'গান্ধারি! তুমি পাণ্ডবগণের উপরে ক্রোধ করিও না; শান্ত হও, ক্রোধের মূল এই রজোগুণকে দমন কর। আমার এই কথাগুলি শোন—॥৭॥

তোমার পুত্র দুর্য্যোধন জয়াভিলাষী হইয়া এই আঠার দিনের প্রত্যেক দিনই তোমার নিকট যাইয়া বলিত যে, 'মা! আমি শত্রুগণের সহিত যুদ্ধ করিতেছি; আপনি আমার জয় হউক বলিয়া আশীর্ব্বাদ করুন' ॥৮॥

কল্যাণি! জয়াভিলাষী দুর্য্যোধন তোমার নিকট সেইরূপ প্রার্থনা করিলেও তুমিও প্রত্যহই বলিতে যে, 'যে পক্ষে ধর্ম্ম আছেন, সেই পক্ষেই জয় হইবে' ॥৯॥

(৭)···বচো নিগৃহ্যতাং···বঙ্গ বর্দ্ধ। (৮) পুরোক্তা যুদ্ধকালে ত্বং···নি।
(১০) বাচাপ্যতীতে মা ক্রোধে মনঃ কুরু···নি।

CENTRAL LIBRARY

বিগ্রহে তুমুলে রাজ্ঞাং গত্বা পরমসংশয়ম্।
জিতং পাণ্ডুসুতৈর্যুদ্ধে নূনং ধর্ম্মস্ততোঽধিকঃ ॥১১॥
ক্ষমাশীলা পুরা ভূত্বা সাম্প্রতং ন ক্ষমসে কথম্।
অধর্ম্মং জহি ধর্ম্মজ্ঞে! যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥১২॥
সা ত্বং ধর্ম্মং পরিস্মৃত্য বাচঞ্চোক্তাং মনস্বিনি!।
কোপং সংযচ্ছ গান্ধারি! পাণ্ডবেষু সুতেষু তে ॥১৩॥

গান্ধার্যুবাচ।

ভগবন্নাভ্যসূয়ামি নৈতানিচ্ছামি নশ্যতঃ।
পুত্রশোকেন তু বলান্মনো বিহ্বলতীব মে ॥১৪॥

ভারতকৌমুদী

বিগ্রহ ইতি। বিগ্রহে যুদ্ধে। ততস্তস্মিন্ পক্ষে ॥১১॥

ক্ষমেতি। যতো যত্র, ততস্তত্র, জয়োঽভবদেবেতি ভাবঃ ॥১২॥

সেতি। বাচং যতো ধর্ম্মস্ততো জয় ইত্যেবংরূপাং প্রাগুক্তাম্। সংযচ্ছ নিরুন্ধি ॥১৩॥

ভগবন্নিতি। অভ্যসূয়ামি দোষারোপপাত্রীকরোমি। বিহ্বলতীব তেন শপ্তুমিচ্ছা জাতেতি ভাবঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

ধৃতরাষ্ট্রেতি ॥১—৫॥ কল্যবাদী হিতবাদী ॥৬॥ এতদ্বচঃ পাণ্ডবান্ শপ্তুমুদ্যতং বাক্যম্ ॥৭—৯॥ ন চাস্ত তাং তামিতি পাঠে অস্ত এনং দুর্য্যোধনং তোষমাণায়া আশীর্ব্বচনেন

গান্ধারি! তুমি চিরদিনই সত্যকথা বলিয়া আসিতেছ; সুতরাং তুমি পূর্ব্বে কখনও যে মিথ্যা কথা বলিয়াছ, এরূপ আমার স্মরণ হয় না ॥১০॥

পাণ্ডবেরা রাজাদের তুমুল যুদ্ধে গুরুতর সংশয়াপন্ন হইয়া শেষে জয়লাভ করিয়াছেন। অতএব নিশ্চয়ই বুঝিতে হইবে যে, সেই দিকেই ধর্ম্ম অধিক রহিয়াছে ॥১১॥

ধর্ম্মজ্ঞে! তুমি পূর্ব্বে ক্ষমাশীলা হইয়া এখন ক্ষমা করিতেছ না কেন; অতএব অধর্ম্ম পরিত্যাগ কর। যে দিকে ধর্ম্ম ছিল, সেদিকে ত জয় হইয়াছেই ॥১২॥

প্রশস্তহৃদয়ে! গান্ধারি! তুমি ধর্ম্ম এবং পূর্ব্বের কথা স্মরণ করিয়া তোমার পুত্রস্থানীয় পাণ্ডবগণের উপরের ক্রোধ সংবরণ কর' ॥১৩॥

গান্ধারী বলিলেন—'ভগবন্! আমি পাণ্ডবগণের উপরে দোষারোপ করি না এবং ইহাদের বিনাশও ইচ্ছা করি না; তবে পুত্রশোকে আমার মন যেন বিহ্বল হইয়া গিয়াছে ॥১৪॥

CENTRAL LIBRARY

যথৈব কুন্ত্যা কৌন্তেয়া রক্ষিতব্যস্তথা ময়া।
তথৈব ধৃতরাষ্ট্রেণ রক্ষিতব্যা যথা ময়া ॥১৫॥
দুর্য্যোধনাপরাধেন শকুনেঃ সৌবলস্য চ।
কর্ণদুঃশাসনাভ্যাঞ্চ বৃত্তোঽয়ং কুরুসংক্ষয়ঃ ॥১৬॥
নাপরাধ্যতি বীভৎসুর্ন চ পার্থো বৃকোদরঃ।
নকুলঃ সহদেবো বা নৈব জাতু যুধিষ্ঠিরঃ ॥১৭॥
যুধ্যমানা হি কৌরব্যাঃ কৃন্তমানাঃ পরস্পরম্।
নিহতাঃ সহিতাশ্চান্যেস্তত্র নাস্ত্যপ্রিয়ং মম ॥১৮॥
কিন্তু কর্ম্মাকরোদ্ভীমো বাসুদেবস্য পশ্যতঃ।
দুর্য্যোধনং সমাহূয় গদাযুদ্ধে মহামনাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

যথেতি। কৌন্তেয়ানাং কুন্তীবদাবয়োরপি পুত্রত্বাদিত্যাশয়ঃ ॥১৫॥
দুর্য্যোধনেতি। কর্ণদুঃশাসনাভ্যাং কর্ণদুঃশাসনয়োঃ, বৃত্তো জাতঃ ॥১৬॥
নেতি। বীভৎসুরর্জ্জুনঃ। জাতু কদাচিৎ ॥১৭॥
যুধ্যেতি। কৃন্তমানাশ্ছিন্দন্তঃ। অপ্রিয়ং নাস্তি যুদ্ধে হননস্য স্বাভাবিকত্বাৎ ॥১৮॥

ভারতভাবদীপঃ

তোষয়ন্ত্যাস্তে তব তাং তাং বাচং বিতথাং ন স্মরামীত্যন্বয়ঃ ॥১০—১৭॥ কৃতমানাঃ কৃতাহঙ্কারাঃ ॥১৮—২১॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

কুন্তীপুত্রগণকে কুন্তীর যেমন রক্ষা করা উচিত; তেমন আমারও উহাদিগকে রক্ষা করা উচিত এবং আমার যেমন রক্ষা করা উচিত; তেমন ধৃতরাষ্ট্রেরও রক্ষা করা উচিত ॥১৫॥

দুর্য্যোধন, সুবলনন্দন শকুনি, কর্ণ এবং দুঃশাসনের অপরাধেই এই কৌরবক্ষয় হইয়াছে ॥১৬॥

কিন্তু অর্জ্জুন, ভীমসেন, নকুল বা সহদেব কোন অপরাধ করেন নাই। যুধিষ্ঠিরত কখনই না ॥১৭॥

কৌরবেরা পরস্পর যুদ্ধ ও বিনাশ করিতে থাকিয়া সম্মিলিত ভাবে নিহত হইয়াছেন; সুতরাং উহাতে আমার অপ্রীতিকর কিছুই হয় নাই ॥১৮॥

কিন্তু প্রশস্তহৃদয় ভীমসেন গদাযুদ্ধে দুর্য্যোধনকে আহ্বান করিয়া, কৃষ্ণের সাক্ষাতেই একটা কার্য্য করিয়াছেন ॥১৯॥

(১৮)···কৃতমনাঃ পরস্পরম্—বঙ্গ।

CENTRAL LIBRARY

শিক্ষয়াভ্যধিকং জ্ঞাত্বা চরন্তং বহুধা রণে।
অধো নাভ্যাঃ প্রহৃতবান্ তন্মে কোপমবর্দ্ধয়ৎ ॥২০॥
কথং নু ধর্ম্মং ধর্ম্মজ্ঞৈঃ সমুদ্দিষ্টং মহাত্মভিঃ।
ত্যজেয়ুরাহবে শূরাঃ প্রাণহেতোঃ কথঞ্চন ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানিকে গান্ধারীসান্ত্বনায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা বচনং তস্যা ভীমসেনোঽথ ভীতবৎ।
গান্ধারীং প্রত্যুবাচেদং বচঃ সানুনয়ং তদা ॥১॥

ভারতকৌমুদী

কিম্বিতি। অত্র বাসুদেবস্য নিবারণমুচিতমাসীদিত্যাশয়ঃ ॥১৯॥

কিং তৎ কর্ম্মেত্যাহ শিক্ষয়েতি। অভ্যধিকং দুর্য্যোধনমিতি শেষঃ। নাভেরধো গদাপ্রহারস্তাস্যাযাত্বাৎ ॥২০॥

কথমিতি। সমুদ্দিষ্টং সর্ব্বহিতোদ্দেশেন নির্দ্দিষ্টম্। ভীমেন তত্ত্যাগাৎ মে ক্রোধ ইতি ভাবঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানিকে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

তদিতি। ভীতবৎ শাপাদ্ভীত ইব, অথ চ তস্যা দয়ালুত্বাদাশ্বস্তোঽপীত্যাশয়ঃ ॥১॥

দুর্য্যোধন গদাযুদ্ধশিক্ষায় অধিক নিপুণ এবং তিনি রণস্থলে বিবিধ মার্গে বিচরণ করিতেছিলেন; সেই অবস্থায় ভীমসেন তাহার নাভির অধোদেশে গদাপ্রহার করিয়াছিলেন। এই ব্যাপারটাই আমার ক্রোধ বৃদ্ধি করিয়াছে ॥২০॥

মহাত্মা ধর্ম্মজ্ঞেরা সকলেরই হিতোদ্দেশে ধর্ম্ম নির্দ্দিষ্ট করিয়া গিয়াছেন; কিন্তু বীরেরা প্রাণ রক্ষার জন্য কি করিয়া সে ধর্ম্মকে কোন প্রকারে ত্যাগ করিতে পারেন' ॥২১॥

---

* '...চতুর্দ্দশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

অধর্ম্মো যদি বা ধর্ম্মস্ত্রাসাত্তত্র ময়া কৃতঃ।
আত্মানং ত্রাতুকামেন তন্মে ত্বং ক্ষন্তুমর্হসি ॥২॥
ন হি ধর্ম্মেণ পুত্রস্তে পাতিতোঽসৌ মহাবলঃ।
ন শক্যঃ কেনচিদ্ধন্তুমতো বিষমমাচরম্ ॥৩॥
অধর্ম্মেণ জিতঃ পূর্ব্বং তেন চাপি যুধিষ্ঠিরঃ।
নিকৃতাশ্চ সদৈব স্ম ততো বিষমমাচরম্ ॥৪॥
সৈন্যস্যৈকোঽবশিষ্টোঽয়ং গদাযুদ্ধে চ বীর্য্যবান্।
ন ত্যক্ষতি হৃতং রাজ্যমিতি বৈ তৎ কৃতং ময়া ॥৫॥
রাজপুত্রীঞ্চ পাঞ্চালীমেকবস্ত্রাং রজস্বলাম্।
ভবত্যা বিদিতং সর্ব্বমুক্তবান্ যৎ সুতস্তব ॥৬॥

ভারতকৌমুদী

অধর্ম্ম ইতি। ত্রাসাৎ প্রাণভয়াৎ, কৃতো দুর্য্যোধনস্য নাভেরধো গদাপ্রহারঃ ॥২॥
আত্মাপরাধমঙ্গীকুর্ব্বন্নাহ ন হীতি। বিষমমন্যায্যম্ ॥৩॥
অধর্ম্মেণেতি। জিতো দ্যূতক্রীড়ায়াম্। নিকৃতা নির্ব্বাসনাদিনা প্রতারিতাঃ ॥৪॥
সৈন্যস্যেতি। বীর্য্যবান্ নিপুণঃ। তদন্যায্যম্ ॥৫॥
রাজপুত্রীমিতি। পাঞ্চালীং দ্রৌপদীম্। সুতো দুর্য্যোধনঃ ॥৬॥

বৈশম্পায়ন কহিলেন—তখন ভীমসেন গান্ধারীর সেই সকল কথা শুনিয়া ভীতের ন্যায় হইয়া অনুনয়ের সহিত তাঁহাকে এই কথা বলিলেন—॥১॥

'দেবি! অধর্ম্মই হউক বা ধর্ম্মই হউক, আমি ভয়বশতঃ আত্মরক্ষার ইচ্ছা করিয়া সেই কার্য্য করিয়াছি; অতএব আপনি আমার সেই অপরাধ ক্ষমা করুন ॥২॥

আমি ধর্ম্ম অনুসারে আপনার ঐ মহাবল পুত্রকে নিপাতিত করি নাই। আমি কেন, কোন ব্যক্তিই ধর্ম্ম অনুসারে তাঁহাকে বধ করিতে পারিত না; এই জন্যই আমি অন্যায্য আচরণ করিয়াছি ॥৩॥

তিনিও অধর্ম্ম অনুসারেই যুধিষ্ঠিরকে জয় করিয়াছিলেন এবং সর্ব্বদাই তিনি আমাদিগকে প্রতারণা করিতেন; সেই জন্যই আমি অন্যায় কার্য্য করিয়াছি ॥৪॥

বিপক্ষ সৈন্যের মধ্যে একমাত্র তিনিই অবশিষ্ট ছিলেন এবং গদাযুদ্ধেও তিনি বিশেষ নিপুণ ছিলেন; বিশেষতঃ তিনি জীবিত থাকিলে, অপহৃত রাজ্য ত্যাগ করিবেন না; এই জন্যই আমি সেই কার্য্য করিয়াছি ॥৫॥

(৪)···মাং হত্বা ন হরেদ্রাজ্যমিতি বৈ · পি বঙ্গ বর্দ্ধ। (৫) দুর্য্যোধনমসংগৃহ··· পি বঙ্গ বর্দ্ধ।

দুর্য্যোধনং ত্বসংহৃত্য ন শক্যা ভূঃ সসাগরা।
কেবলা ভোক্তুমস্মাভিরতশ্চৈতৎ কৃতং ময়া ॥৭॥
তথাপ্যপ্রিয়মস্মাকং পুত্রস্তে সমুদাচরৎ।
দ্রৌপদ্যা যৎ সভামধ্যে সব্যমূরুমদর্শয়ৎ ॥৮॥
তদৈব বধ্যঃ সোঽস্মাকং দুরাচারোঽম্ব! তে সুতঃ।
ধর্ম্মরাজাজ্ঞয়া চৈব স্থিতাঃ স্ম সময়ে তদা ॥৯॥
বৈরমুদ্দীপিতং রাজ্ঞি! পুত্রেণ তব তন্মহৎ।
ক্লেশিতাশ্চ বনে নিত্যং তত এতৎ কৃতং ময়া ॥১০॥
বৈরস্যাস্য গতঃ পারং হত্বা দুর্য্যোধনং রণে।
রাজ্যং যুধিষ্ঠিরঃ প্রাপ্তো বয়ঞ্চ গতমন্যবঃ ॥১১॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনমিতি। অসংহৃত্য অহত্বা। এতদন্যায্যাচরণম্ ॥৭॥
তথেতি। তথাপি তেষ্বপ্রিয়েষু মধ্যেঽপি, অপ্রিয়মধিকম্। সব্যং বামম্ ॥৮॥
তদেতি। হে অম্ব! মাতঃ! স্থিতাস্তদ্বধান্নিবৃত্তা অভবাম ॥৯॥
বৈরমিতি। তৎ কিমিত্যাহ ক্লেশিতা ইতি। এতদন্যায়েন হননম্ ॥১০॥
বৈরস্যেতি। গতমন্যবস্তিরোহিতক্রোধা জাতাঃ ॥১১॥

তা'র পর আপনার পুত্র দুর্য্যোধন সেই দ্যূতসভায় একবস্ত্রা ও রজস্বলা দ্রৌপদীকে যে সকল কথা বলিয়াছিলেন, তাহাও আপনার জানা আছে ॥৬॥

দুর্য্যোধনকে বধ না করিয়া আমরা সসাগরা পৃথিবী ভোগ করিতে পারিব না, ইহা ভাবিয়াও আমি সেই কার্য্য করিয়াছি ॥৭॥

রাণি! আপনার পুত্র সেই অপ্রিয়গুলির মধ্যেও আমাদের এই অধিক অপ্রিয় কার্য্য করিয়াছিল যে, সভামধ্যে দ্রৌপদীকে বাম উরু দেখাইয়াছিল ॥৮॥

জননি! তখনই আপনার সেই পুত্রকে আমাদের বধ করা উচিত ছিল; কিন্তু সে সময়ে আমরা ধর্ম্মরাজের আদেশে সে বিষয়ে নিবৃত্ত রহিয়াছিলাম ॥৯॥

রাণি! আপনার পুত্র গুরুতর বৈরানল প্রজ্বলিত করিয়াছিল; যেহেতু সে সর্ব্বদাই আমাদিগকে বনবাসের কষ্ট ভোগ করাইয়াছিল; সেই জন্যই আমি এই অন্যায় কার্য্য করিয়াছি ॥১০॥

আমরা যুদ্ধে দুর্য্যোধনকে বধ করিয়া বৈরসাগরের পারে গিয়াছি, যুধিষ্ঠির রাজ্যলাভ করিয়াছেন এবং আমাদের ক্রোধও তিরোহিত হইয়াছে' ॥১১॥

(১১)···দুরাচারশ্চ তে সুতঃ···বঙ্গ।

CENTRAL LIBRARY

গান্ধার্য্যুবাচ।

ন তস্যৈষ বধস্তাত! যৎ প্রশংসসি মে সুতম্।
কৃতবাংশ্চাপি তৎ সর্ব্বং যদিদং ভাষসে ময়ি ॥১২॥
হতাশ্বে নকুলে যত্তু বৃষসেনেন ভারত!।
অপিবঃ শোণিতং সংখ্যে দুঃশাসনশরীরজম্ ॥১৩॥
সদ্ভির্বিগর্হিতং ঘোরমনার্য্যজনসেবিতম্।
ক্রূরং কর্ম্মাকরোত্তস্মাত্তদযুক্তং বৃকোদর! ॥১৪॥ (যুগ্মকম্)

ভীম উবাচ।

অন্যস্যাপি ন পাতব্যং রুধিরং কিং পুনঃ স্বকম্।
যথৈবাত্মা তথা ভ্রাতা বিশেষো নাস্তি কশ্চন ॥১৫॥
রুধিরং ন ব্যতিক্রামদ্দন্তোষ্ঠাদম্ব! মা শুচঃ।
বৈবস্বতস্তু তদ্বেদ হস্তৌ মে রুধিরোক্ষিতৌ ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। প্রশংসসি "গদাযুদ্ধে চ বীর্য্যবান্ মহাবল" ইত্যাদিনা ॥১২॥

হতেতি। হতা অশ্বা যস্য তস্মিন্ সতি। অনার্য্যজনসেবিতং রাক্ষসাদিনীচলোক-ব্যবহৃতম্ ॥১৩—১৪॥

অন্যস্যেতি। স্বকং স্বকীয়ম্। স্বকত্বং দুঃশাসনে যোজয়তি যথেতি ॥১৫॥

রুধিরমিতি। ব্যতিক্রামৎ অধোঽগচ্ছৎ। বৈবস্বতস্তৎকালসন্নিহিতো যমঃ ॥১৬॥

গান্ধারী বলিলেন—'বৎস! এটা দুর্য্যোধনের বধ নহে; যেহেতু তুমি তাহাকে প্রশংসা করিতেছ এবং তুমি আমার নিকট যে সকল বিষয় বলিলে, সে সমস্তই সে করিয়াছিল ॥১২॥

কিন্তু ভরতনন্দন! বৃষসেন নকুলের অশ্বগুলিকে বিনাশ করিলে, তুমি যে দুঃশাসনের বক্ষের রক্তপান করিয়াছ, সজ্জনেরা সেই কার্য্যের নিন্দা করেন, নীচ লোকেরাই তাহা করিয়া থাকে এবং তাহা অত্যন্ত নিষ্ঠুর কার্য্য; অতএব বৃকোদর! তুমি যখন তাহা করিয়াছ, তখন নিশ্চয়ই তাহা অসঙ্গত হইয়াছে' ॥১৩—১৪॥

ভীম বলিলেন—'অন্য মানুষের রক্তও পান করা উচিত নহে, তাহাতে আর নিজের রক্তপান করা যায় কি করিয়া। নিজেও যেমন, ভ্রাতাও তেমন, এই দু'য়ের মধ্যে কোন ভেদ নাই ॥১৫॥

সেই রক্ত আমার দন্ত ও ওষ্ঠের নীচে যায় নাই, তাহা তৎকাল সন্নিহিত (দুঃশাসনকে লইয়া যাইবার জন্য আগত) যম জানেন। তবে আমার হাত দুইখানা

CENTRAL LIBRARY

হতাশ্বং নকুলং দৃষ্ট্বা বৃষসেনেন সংযুগে।
ভ্রাতৄণাং সংপ্রহৃষ্টানাং ত্রাসঃ সংজনিতো ময়া ॥১৭॥
কেশপক্ষপরামর্শে দ্রৌপদ্যা দ্যূতকারিতে।
ক্রোধাদ্‌যদব্রুবং চাহং তচ্চ মে হৃদি বর্ত্ততে ॥১৮॥
ক্ষত্রধর্ম্মচ্যুতো রাজ্ঞি! ভবেয়ং শাশ্বতীঃ সমাঃ।
প্রতিজ্ঞাং তামনিস্তীর্য্য ততস্তৎ কৃতবানহম্ ॥১৯॥
অনিগৃহ্য পুরা পুত্রানস্মাস্বনপকারিষু।
ন মামর্হসি কল্যাণি! দোষেণ পরিশঙ্কিতুম্ ॥২০॥

ভারতকৌমুদী

হতেতি। ভ্রাতৄণাং ধার্ত্তরাষ্ট্রাণাম্ ॥১৭॥
কেশেতি। কেশপক্ষপরামর্শে দুঃশাসনেন কেশকলাপাকর্ষণে কৃতে ॥১৮॥
ক্ষত্রেতি। শাশ্বতীশ্চিরন্তনীঃ, সমা বৎসরান্। তৎ দুঃশাসনরুধিরপাণিম্ ॥১৯॥
অনীতি। অনিগৃহ্য অনিবার্য্য, পুত্রান্ অপকারকরণপ্রবৃত্তান্ ॥২০॥

ভারতভাবদীপঃ

তদিতি ॥১—৫॥ উক্তবান্ "ন হি তে পতয়ঃ সন্তী"ত্যাদি ॥৬॥ অসংগৃহ্যানুপসংহৃত্য ॥৭—১৫॥ অন্তোষ্ঠাদধরোষ্ঠাৎ উপরি ন গতমিত্যর্থঃ। দন্তোষ্ঠাদিত্যপপাঠঃ ॥১৬॥ বৃষ-

দুঃশাসনের রক্তে নিষিক্ত হইয়াছিল; সুতরাং জননি! আপনি শোক করিবেন না ॥১৬॥

বৃষসেন নকুলের অশ্বগুলিকে বধ করিলে, আমার কৌরবভ্রাতারা অত্যন্ত আনন্দিত হইয়াছিলেন; সুতরাং আমি দুঃশাসনকে বধ করিয়া তাঁহাদের ভয় জন্মাইয়াছিলাম ॥১৭॥

দুঃশাসন সেই দ্যূতসভায় দ্রৌপদীর কেশাকর্ষণ করিলে, আমি যাহা বলিয়াছিলাম (যে প্রতিজ্ঞা করিয়াছিলাম), তাহা আমার তৎকালে মনে ছিল ॥১৮॥

রাণি! আমি সেই প্রতিজ্ঞা উত্তীর্ণ হইতে না পারিলে, চিরকালের জন্যই ক্ষত্রধর্ম্মচ্যুত হইব ইহা ভাবিয়াই দুঃশাসনের রক্তপান করিয়াছি ॥১৯॥

কল্যাণি! পূর্ব্বে আমরা কোন অপকার করিতাম না; তথাপি আপনার পুত্রেরা আমাদের অপকার করিতেই থাকিত; সেই অবস্থায় আপনি তাহাদিগকে বারণ না করিয়া এখন আমাকে দোষী বলিয়া মনে করিতে পারেন না' ॥২০॥

(২০) ন মামর্হসি গান্ধারি! দোষেণ পরিশঙ্কিতুম্। অনিগৃহ্য পুরা পুত্রানস্মাস্বনপরাধিষু। অধুনা কিং নু দোষেণ পরিশঙ্কিতুমর্হসি ॥ বঙ্গ বর্দ্ধ।

গান্ধার্য্যুবাচ।

বৃদ্ধস্যাস্য শতং পুত্রান্ নিঘ্নংস্ত্বমপরাজিতঃ।
কস্মান্নাশেষয়ঃ কঞ্চিদ্‌যেনাল্পমপরাধিতম্ ॥২১॥
সন্তানমাবয়োস্তাত! বৃদ্ধয়োর্হৃতরাজ্যয়োঃ।
নাশেষয়ঃ কথং যষ্টিমেকাং বৃদ্ধযুগস্য বৈ ॥২২॥
শেষে হ্যবস্থিতে তাত! পুত্রাণামন্তকে ত্বয়ি।
ন মে দুঃখং ভবেদেতৎ যদি ত্বং ধর্ম্মমাচরেঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানিকে গান্ধারীবাকে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

বৃদ্ধস্যেতি। নাশেষয়ঃ শেষং নারক্ষঃ। অপরাধিতম্ অপরাধঃ স্যাৎ ॥২১॥

সন্তানমিতি। যষ্টিং যষ্টিবদবলম্বনীয়ম্ ॥২২॥

শেষ ইতি। শেষে একস্মিন্নপি পুত্রে। এতদীদৃশম্। দুঃখং দুঃখকর আক্ষেপঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং স্ত্রীপর্ব্বণি জলপ্রদানিকে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

সেনেন কর্ণপুত্রেণ ॥১৭—২০॥ কিঞ্চিৎ কমপি ন শেষয়েঃ শেষমেকমপি ন রক্ষিতবানসি ॥২১॥ ন বর্জ্জিতা বধকালে ন ত্যক্তা ॥২২—২৩॥

ইতি স্ত্রীপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪॥

——:*:——

গান্ধারী বলিলেন—'ভীম! তুমি অপরাজিত থাকিয়া এই বৃদ্ধের একশত পুত্রই বধ করিতে প্রবৃত্ত হইয়া, একটী মাত্রকেও অবশিষ্ট রাখিলে না কেন? যাহাতে তোমার অপেক্ষাকৃত অল্প অপরাধ হইত ॥২১॥

বৎস! আমাদের রাজ্য অপহরণ করিয়া লইয়াছ, এই অবস্থায় আমাদের বৃদ্ধযুগলের যষ্টিস্বরূপ একটী সন্তানকেও অবশিষ্ট রাখিলে না কেন? ॥২২॥

বৎস! একটী পুত্রও যদি অবশিষ্ট থাকিত এবং তুমি যদি ধর্ম্মাচরণ করিতে, তবে তুমি পুত্রহন্তা হইলেও তোমার উপরে আমাদের এরূপ আক্ষেপ হইত না' ॥২৩॥

(২১)…কস্মান্ন শেষয়েঃ…পি বঙ্গ বর্দ্ধ। (২২)…যষ্টিরেকো ন বর্জ্জিতা—বঙ্গ। (২৩)…মন্দদুঃখং ভবেদস্য…নি। * অত্র অধ্যায়সমাপ্তির্নাস্তি পি বঙ্গ বর্দ্ধ বা সো।

CENTRAL LIBRARY

পঞ্চদশোঽধ্যায়ঃ।

———:০:———

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা তু গান্ধারী যুধিষ্ঠিরমপৃচ্ছত।
ক স রাজেতি সক্রোধা পুত্রপৌত্রবধার্দ্দিতা ॥১॥
তামভ্যগচ্ছদ্রাজেন্দ্রো বেপমানঃ কৃতাঞ্জলিঃ।
যুধিষ্ঠির ইদঞ্চৈনাং মধুরং বাক্যমব্রবীৎ ॥২॥
পুত্রহন্তা নৃশংসোঽহং তব দেবি! যুধিষ্ঠিরঃ।
শাপার্হঃ পৃথিবীনাশে হেতুভূতঃ শপস্ব মাম্ ॥৩॥
ন হি মে জীবিতেনার্থো ন রাজ্যেন ধনেন বা॥
তাদৃশান্ সুহৃদো হত্বা মূঢ়স্যাস্য সুহৃদ্দ্রুহঃ ॥৪॥
তমেবংবাদিনং ভীতং সন্নিকর্ষগতং তদা।
নোবাচ কিঞ্চিদ্গান্ধারী নিশ্বাসপরমা ভৃশম্ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। অপৃচ্ছত নয়নয়োর্বসনাবৃততয়া দর্শনাভাবাদিতি ভাবঃ। রাজা যুধিষ্ঠিরঃ, সক্রোধা যুধিষ্ঠিরং প্রত্যেব সর্ব্বপুত্রহননাৎ ॥১॥

তামিতি। বেপমানঃ শাপভয়াৎ কম্পমানঃ। এনাং গান্ধারীম্ ॥২॥

পুত্রেতি। শাপার্হঃ শাপদানযোগ্যঃ; পৃথিবীনাশে পৃথিবীস্থবীরবিনাশে ॥৩॥

ন হীতি। অর্থঃ প্রয়োজনম্। মূঢ়স্য হিতাহিতবিবেকশূন্যস্য ॥৪॥

তমিতি। নিশ্বাসঃ পরম অতিরিক্তো যস্যাঃ সা ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া পুত্রপৌত্রশোকাকুলা গান্ধারী যুধিষ্ঠিরের প্রতি ক্রুদ্ধ হইয়া জিজ্ঞাসা করিলেন—'সে রাজা কোথায়?' ॥১॥

তখন রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির শাপের ভয়ে কাঁপিতে থাকিয়া কৃতাঞ্জলি হইয়া গান্ধারীর নিকট গমন করিলেন এবং গান্ধারীকে এইরূপ মধুর বাক্য বলিলেন—॥২॥

'দেবি! আমি আপনার পুত্রহন্তা ও পৃথিবীর বীরনাশের একমাত্র কারণ; সুতরাং আপনার শাপদানের যোগ্য পাত্র এই সেই নৃশংস যুধিষ্ঠির, আমাকে অভিশাপ দিন ॥৩॥

আমি সেইরূপ সুহৃদ্গণকে বধ করিয়া সুহৃদ্দ্রোহী হইয়া মহাশাপী হইয়াছি; সুতরাং আমার জীবনে, রাজ্যে বা ধনে প্রয়োজন নাই' ॥৪॥

তস্যাবনতদেহস্য পাদয়োর্নিপতিষ্যতঃ।
যুধিষ্ঠিরস্য নৃপতের্ধর্ম্মজ্ঞা দীর্ঘদর্শিনী ॥৬॥
অঙ্গুল্যগ্রাণি দদৃশে দেবী পট্টান্তরেণ সা।
ততঃ স কুনখীভূতো দর্শনীয়নখো নৃপঃ ॥৭॥ (যুগ্মকম্)
তদ্দৃষ্ট্বা চার্জুনোঽগচ্ছদ্বাসুদেবস্য পৃষ্ঠতঃ।
এবং সংচেষ্টমানাংস্তান্নিতশ্চেতশ্চ ভারত!।
গান্ধারী বিগতক্রোধা সান্ত্বয়ামাস মাতৃবৎ ॥৮॥
তে পাণ্ডবা অনুজ্ঞাতা মাতরং বীতমৎসরাঃ।
অভ্যগচ্ছন্ত সহিতাঃ পৃথাং পৃথুলবক্ষসঃ ॥৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। দীর্ঘদর্শিনী দূরদর্শিনী। অতএব সা শাপেন যুধিষ্ঠিরং নানাশয়দিত্যাশয়ঃ। অঙ্গুল্যগ্রাণি দক্ষিণপাদস্য, দদৃশে দদর্শ। পট্টান্তরেণ নয়নাবরণবস্ত্রাপসারণাৎ তন্মধ্যেন। পতিব্রতায়া হি পত্যনুসারিত্বনিয়মাৎ মহাপতিব্রতা গান্ধারী দৃষ্টিশক্তিহীনস্য ধৃতরাষ্ট্রস্য দৃষ্টাবনুসরণাবশ্যকতয়া সর্ব্বদৈব বসনেন নয়নযুগলমাবৃণোতি স্মেতি প্রসিদ্ধিঃ। অতএব হি তস্যাঃ পরমতপস্বিরূপতয়া শাপদানযোগ্যতেতি বোধ্যম্। অকুনখঃ কুনখো গান্ধারী নয়নানলেন দাহাৎ কুৎসিতনখো ভূত ইতি কুনখীভূতঃ। দর্শনীয়া সৌন্দর্য্যাৎ সুদৃশ্যা নখা যস্য সঃ ॥৬—৭॥

তদিতি। সংচেষ্টমানান্ গান্ধার্য্যাঃ ক্রোধাপনোদনায়েতি শেষঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

ত ইতি। অনুজ্ঞাতা গান্ধার্য্যা, বীতমৎসরা গান্ধারীং প্রতি ত্যক্তবিদ্বেষাঃ। পৃথাং কুন্তীম্, পৃথুলবক্ষসো বিশালবক্ষসঃ ॥৯॥

তিনি এইরূপ বলিতে বলিতে ভীত ভীত অবস্থায় নিকটবর্ত্তী হইলে, গান্ধারী-দেবী অত্যন্ত নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন; কিন্তু কোন কথাই বলিলেন না ॥৫॥

ক্রমে যুধিষ্ঠির গান্ধারীদেবীর চরণযুগলে পতিত হইবেন বলিয়া দেহ অবনত করিলে, দূরদর্শিনী গান্ধারী নয়নযুগলের বস্ত্র অপসারিত করিয়া, যুধিষ্ঠিরের দক্ষিণ-চরণের অঙ্গুলীসমূহের অগ্রদেশে দৃষ্টি নিক্ষেপ করিলেন; তাহাতে যুধিষ্ঠিরের সেই চরণের নখগুলি দগ্ধ হইয়া যাওয়ায় তিনি কুনখীভূত হইয়া গেলেন। পূর্ব্বে কিন্তু তাঁহার নখগুলি সুদৃশ্যই ছিল ॥৬—৭॥

ভরতনন্দন! তাহার পর অর্জ্জুন কৃষ্ণের পিছনের দিকে গমন করিলেন। এইভাবে তাঁহারা নানাপ্রকারে গান্ধারীর ক্রোধ নিবৃত্তি করিবার জন্য চেষ্টা করিতে লাগিলে, গান্ধারী ক্রোধশূন্য হইয়া জননীর ন্যায় পাণ্ডবগণকে আশ্বস্ত করিলেন ॥৮॥

(৯)···ত্বয়া তে সমনুজ্ঞাত···বঙ্গ।

চিরস্য দৃষ্ট্বা পুত্রান্ সা পুত্রাধিভিরভিপ্লুতা।
বাষ্পমাহারয়দ্দেবী বস্ত্রেণাবৃত্য বৈ মুখম্ ॥১০॥
ততো বাষ্পং সমুৎসৃজ্য সহ পুত্রৈস্তদা পৃথা।
অপশ্যদেতান্ শস্ত্রৌঘৈর্বহুধা পরিবিক্ষতান্ ॥১১॥
সা তানেকৈকশঃ পুত্রান্ সংস্পৃশন্তী পুনঃ পুনঃ।
অন্বশোচত দুঃখার্ত্তা দ্রৌপদীঞ্চ হতাত্মজাম্।
রুদতীমথ পাঞ্চালীং দদর্শ পতিতাং ভুবি ॥১২॥

দ্রৌপদ্যুবাচ।

আর্য্যে! পৌত্রাঃ ক তে সর্ব্বে সৌভদ্রসহিতা গতাঃ।
ন ত্বাং তেঽদ্যাভিগচ্ছন্তি চিরং দৃষ্ট্বা তপস্বিনীম্।
কিং নু রাজ্যেন মে কার্য্যং বিহীনায়াঃ সুতৈর্মম ॥১৩॥

ভারতকৌমুদী

চিরস্যেতি। চিরস্য দীর্ঘকালাৎ পরম্। পুত্রাধিভিঃ পুত্রবিষয়কমনোব্যথাভিঃ। আহারয়দমুঞ্চৎ ॥১০॥

তত ইতি। পুত্রৈঃ সহেতানেন পুত্রাণামপি চিরকালানন্তরং মাতৃদর্শনেন বাষ্পমোচনং সূচিতম্। এতান্ পুত্রান্, শস্ত্রৌঘৈর্বিপক্ষাণাম্ ॥১১॥

সেতি। হতা আত্মজাঃ পুত্রা যস্যাস্তাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

ক্রমে গান্ধারী অনুমতি করিলে, বিশালবক্ষা পাণ্ডবেরা গান্ধারীর প্রতি বিদ্বেষশূন্য হইয়া সম্মিলিত ভাবে কুন্তীর নিকট গমন করিলেন ॥৯॥

কুন্তীদেবী এযাবৎ পুত্রগণের বিচ্ছেদে মনঃকষ্টে কালযাপন করিতেছিলেন; সুতরাং তৎকালে সেই পুত্রগণকে দেখিয়া বস্ত্রদ্বারা নয়নযুগল আবৃত করিয়া অশ্রু মোচন করিতে লাগিলেন ॥১০॥

ক্রমে কুন্তীদেবী পুত্রগণের সহিতই অশ্রু মোচন করিয়া বিপক্ষগণের অস্ত্রে ক্ষত-বিক্ষত দেহ সেই পুত্রগণকে দর্শন করিলেন ॥১১॥

ক্রমে কুন্তীদেবী হস্তদ্বারা বার বার একটা পুত্রকে স্পর্শ করিতে থাকিয়া শোক করিতে লাগিলেন এবং দেখিলেন—হতপুত্রা দ্রৌপদী ভূতলে পতিত হইয়া রোদন করিতেছেন ॥১২॥

দ্রৌপদী বলিলেন—'মাননীয়ে! দেবি! অভিমন্যুর সহিত আপনার সেই পৌত্রেরা কোথায় গেল? তাহারা যে বহু পূর্ব্বে এই দীনাকে (আমাকে) দেখিয়া এখন আপনার নিকট আসিল না। হায়! আমি পুত্রহীনা হইয়াছি, আমার রাজ্য দিয়া কি হইবে' ॥১৩॥

CENTRAL LIBRARY

তাং সমাশ্বাসয়ামাস পৃথা পৃথুললোচনাম্।
উত্থাপ্য যাজ্ঞসেনীন্তু রুদতীং শোককর্ষিতাম্ ॥১৪॥
তয়ৈব সহিতা চাপি পুত্রৈরনুগতা নৃপ!।
অভ্যগচ্ছত গান্ধারীমার্ত্তামার্ত্ততরা স্বয়ম্ ॥১৫॥
তামুবাচাথ গান্ধারী সহ বধ্বা যশস্বিনীম্।
মৈবং পুত্রীতি দুঃখার্ত্তা পশ্য মামপি দুঃখিতাম্ ॥১৬॥
মন্যে লোকবিনাশোঽয়ং কালপর্য্যায়চোদিতঃ।
অবশ্যম্ভাবী সংপ্রাপ্তঃ স্বভাবাল্লোমহর্ষণঃ ॥১৭॥
ইদং তৎ সমনুপ্রাপ্তং বিদুরস্য বচো মহৎ।
অসিদ্ধার্থে গতে কৃষ্ণে যদুবাচ মহামতিঃ ॥১৮॥
তস্মিন্নপরিহার্য্যেঽর্থে ব্যতীতে চ বিশেষতঃ।
মা শুচো ন হি শোচ্যাস্তে সংগ্রামে নিধনং গতাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

আর্য্য ইতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। তপস্বিনীং দীনাং মাম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৩॥
তামিতি। পৃথুললোচনাং দীর্ঘনয়নাম্। যাজ্ঞসেনীং দ্রৌপদীম্ ॥১৪॥
তয়েতি। পুত্রৈর্যুধিষ্ঠিরাদিভিঃ। আর্ত্তাং পুত্রশোকেন, আর্ত্ততরা পৌত্রাদিশোকেন ॥১৫॥
তামিতি। বধ্বা দ্রৌপদ্যা। হে পুত্রি! তনয়াতুল্যে!। কানিষ্ঠ্যাতৃত্বাদেবং সম্বোধনম্। "ভার্য্যাস্তু ভ্রাতৃবর্গস্য যাতরঃ স্যুঃ পরস্পর"মিত্যমরঃ ॥১৬॥
মন্য ইতি। কালস্য পর্য্যায়েণ পরিবর্ত্তনেন চোদিতঃ প্রেরিতঃ সম্পাদিত ইত্যর্থঃ ॥১৭॥
ইদমিতি। ন সিদ্ধো নিষ্পন্নঃ অর্থঃ সন্ধিরূপং প্রয়োজনং যস্য তস্মিন্ ॥১৮॥

তখন কুন্তী দীর্ঘনয়না, শোকার্ত্তা ও রোদনপরায়ণা সেই দ্রৌপদীকে উঠাইয়া আশ্বস্ত করিলেন ॥১৪॥

রাজা! পরে অত্যন্তশোকার্ত্তা কুন্তীদেবী দ্রৌপদীর সহিতই পুত্রশোকার্ত্তা গান্ধারীর নিকট গমন করিলেন; তখন যুধিষ্ঠিরপ্রভৃতিও তাঁহার অনুসরণ করিলেন ॥১৫॥

